# স্চিপতা।

বিষয়।	লেখক।	পত্ৰাছ।
ব্দবতার স্তুতি	শ্রীনগিনীকুমার চক্রবর্ণী	<b>₹</b> ₹
আগমনী	শ্রীললিভমোহন বন্যোপাধ্যায়, বি,	
আত্ম প্রসাদ	ঞ্জীবিতনাথ দাস	98€
আত্ম-সমর্পণ	শ্ৰীকিতীশচন্দ্ৰ বোষ ১১৩,১৩৬,১৯	6,290, <b>069</b>
আত্ম-সমাধি	"ভক্তকিশ্বরী"	202
আদুর্শচরিত্র	"কাঞ্চাল"	200
আধ্যাত্মিকতার বিকাশ	শ্ৰীঅমূল্যচন্ত্ৰ বিশ্বাস	902
আনুদ্রে ভাসাও	শ্ৰীমতী প্ৰভাৰতী দ্ৰ-1	989
আশা	শ্ৰীৰতী প্ৰভাবুশী দেবী	>8€
উত্তরাথতে ভ্রমণ ও স্থিতি	"ভক্তকিঙ্করী ঁ৪৯,৭৮,১৪১,২৫	७,२७८,७३२
এই ভিক্ষা চাই	,শ্রীমতী গোলাপবাসিনী দেবী	৩৭৮
একটা কথা	শ্ৰীললিতমোহন বন্দ্যোপাধ্যায় বি,	@ 8'9
একটা স্বপ্ন	শ্ৰীললিভমোহন ৰন্যোপাধ্যায় বি,	এ ৭•
এস মা	*কাকাল	२२६
এস	শ্ৰীমৃতী প্ৰভাবতী দেবী	৩৬৬
লাঙ্গালের কথা	"কাঙ্গাল"	209
কবে দিবে দিন	সেবক জীবিজয়নাথ মঞ্মদার	>#8
গাঁত	শ্ৰীকৃষ্ণধন পাল	२৮१
গুরু ক্বপাহি কেবলম্	"কাঙ্গাল"	¢ ¢
গুরু শিষ্মের কথোপকথন		७,३७७,२७८
শুপু মহারাজ	শ্ৰীজীবিতনাথ দাস	40
ক্তম রামক্তফ নাম	শ্ৰীৰিরাজক্বষ্ণ চৌধুরী	৩৮৩
জীবন সমস্থা	শ্রীমতী প্রভাবতী দেবী	>>8
ভাক্তার আনুল ওয়াজীজ	শ্রীবিজয়নাথ মজুমদার	२१३
<b>मीननाथ</b>	"কাৰাল"	२৫५
নববৰ্ষ ু	স্বামী যোগবিনোদ	>
নব বর্ষের সম্ভাষণ	জীক্বঞ্চন্দ্র সেন গুপ্ত বি, এ	97
ন্তন মানুষ	"কাজাল"	99
নৃতন ও পুরাতন	শ্ৰীৰীবিজনাথ দাস	२७४
निर्वतन	শ্ৰীক্ষিতীশচন্দ্ৰ ঘোষ	७२ •
প্রমার্থ কাথ্যান্মানা		११,२०৫,७०७
পাগলিনী	শ্রীমতী প্রভাবতী দেবী	264
গ্রাণের কথা	<b>শ্ৰীক্ষমূল্যর</b> মূকাব্যতীর্থ	<b>৩</b> ২১
প্রার্থনা	"কালাল"	ં
তোম্ময়ের আহ্বান	"কালাগ"	66

विषत्र ।	(লুখক্ )	পতাৰ।
ফকীর	"কালাব"	>00
উজ্জন সৃষ্ঠীত ,	শীরাধিকানাথ রাং	5.
ভাবের ঘরে চুরি	*কাঙ্গাল"	₹>€
মন <b>ম</b> ন্ত্ন	"ভক্তকিষয়ী"	৩৮০
মনসাদ্বীপে শ্ৰীরামকৃষ্ণ তপোবন	স্বামী যোগবিনোদ	90 0
মা	জনৈক হতভাগ্য অধম	۶۵
মানবের শ্রেষ্ঠত্ব	শ্রীঅমূলাচন্দ্র বিশাস	55 <b>6,5</b> 95
<b>ামন</b> িড	"কাঙ্গাল"	১৯৩
সুগাবভার ও হি <b>লুশান্ত্র</b>	শ্রীহরিপদ নন্দী ১১,১০২.১৩	۵,२२०,२8 <b>8,</b> २৮৯
শোগোভানে শ্রীরামচক্র	শ্রীবিজয়নাথ মজুমদার	२२१,०२४,०१७
রক্ষ প্রমেশ	শ্ৰীমতী প্ৰভাবতী দেবী	٥٠.
রামকুশ্র নাম	"কাজাল" ঃ	25%
শক্যা কি	'ক্সাল"	240
বিষ্জন	জনৈক পাষত্ত	₹••
বেদান্তে পাপবাদ	শ্রীঅমূল্যরত্ন কাব্যতীর্থ	**
শান্তি	যোগীন-	હ્ય
শারদীয়া	শ্ৰীঅদ্ৰীশনাথ বন্দ্যোপাধ্যায়	>>.
🚉 শ্রীরামক্লফোৎসব	শ্রীবিজয়নাথ মজুমদার	>92
শ্রীপ্রামকুষ্ণোৎসব	শ্বামী যোগবিনোদ	>62,525,246
শ্রীশ্রীরামক্ষণেব	জনৈক অধম	२ १ ७
শ্রীশ্রীরানক্বঞ্চদেবের প্রতি	खीरमरवजनाथ रमन अम, अ,	বি, এল ২৪৩
শ্রীশ্রীরামকৃষ্ণ পার্ব্বণাবলী	স্বামী যোগবিনোদ	२৮
শ্রীশ্রীরামকৃষ্ণ সঙ্গীত	শ্ৰীঅমূল্যচন্দ্ৰ কাব্যতীৰ্থ	40
শ্রীপ্রানক্ষণ স্তব	শ্ৰীমতী প্ৰভাৰতী দেবী	29
শ্রী শ্রীবামকক-সমাধি-মন্দির ফাও	স্বামী যোগবিনোদ	७७,३६२,२৮৮
শ্রী শ্রীয়াশুরাষ্ট্রের উপদেশপ্রসঙ্গ	একিকচন্দ্র দেন শুপ্ত, বি, এ	७१৫
🖹 🖹 রানক্ষণ জন্মোৎসব	স্বামী যোগবিনোদ	9880
	শ্ৰীমন্তী প্ৰভাবতী দেবী	ပန္ခ
সমালোচনা	স্বামী যোগবিনোদ	754
<b>ख</b> द	শ্রীমতী গোলাপবাসিনী দেবী	293
শ্ব নিত্ত	"কাঙ্গাল"	63
স্বামী বিবেকানন্দের পত্তের প্রতিবাদ		<b>२२२,</b> ५८७,२४७
স্বামী বিবেকানন্দের সরগতা	''কাঙ্গাল''	৩৪৪

লম বশতঃ ৩০ন হইতে ৩৫৪ পৃষ্ঠার স্থানে ৪০০ হইতে ৪৪২ পৃষ্ঠা ছালা স্ইন্যাছে।

# শ্রীশ্রীরামকৃষ্ণ শ্রীচরণ ভরগা।

क्षय श्रुक्टात्व !!

# তত্ত্ব-মঞ্জরী

উনবিংশ বর্ষ, প্রথম সংখ্যা ! বৈশাথ, সন ১৩২২ সাল।

# नवमर्घ ।

ভর্ত্ত-মঞ্জরী অষ্টানশ বর্ষ অতিক্রম করিয়া এই বৈশাথে উনবিংশে পদার্পণ করিল। এতাবংকাল তত্ত্ব-মঞ্জরী আপন কর্ম নীরবে করিয়া যাইতেছে, ইহার উদ্দেশ্য কত্ত্বর সফল হইরাছে, তাহা পাঠকগণের বিবেচা। ঠাকুর শ্রীরামক্ষের অভ্যাদয়বার্জা, তাঁহার অমৃতোপম উপদেশ প্রচার, তাঁহার ভক্তগণের সহিছে তাঁহার প্রয়ণ প্রিরামক্ষের অভ্যাদয়বার্জা, তাঁহার অমৃতোপম উপদেশ প্রচার, তাঁহার ভক্তগণের সহিছে তাঁহার প্রাণ প্রিরামক্ষের অভ্ত বিশ্বাস, ত্যাগ ও বৈরাগ্য ও যিনি তত্ত্ব-মঞ্জরীর জন্মদাতা ও ঠাকুর শ্রীরামক্ষক্ষের মহিমা ও কুপা জগতের সমক্ষে সর্ব্বপ্রথম প্রচার করিয়া জনসাধারণের শ্রুরা ও ভক্তির ভাজন হইরাছেন, তাঁহার বিষয় পাঠকগণের নিকট নিবেদন করাই তত্ত্ব-মঞ্জরীর প্রধান উদ্দেশ্য। নববর্ষের প্রারম্ভে নবোৎসাহে তত্ত্ব-মঞ্জরী আপন কর্ম হুচাক্ষরপে সম্পন্ন করিতে কৃতস্কর হুইয়া সাধারণের নিকট মহোলাসে দঙায়নান হুইরাছে। যথন দেখিব, দিনু দিন ইহার উদ্দেশ্য গুলারক্ষ্ম করিবার জন্ম জনসাধারণ উৎকৃত্তিত হুইয়াছেন, তথনই বুঝিব ইহার উদ্দেশ্য গুলাবন্দ ছুইডেছে। যথন দেখিব, ঘরে ঘরে ঠাকুর শ্রীরামক্ষক্ষর উপদেশ্য গুলাবন্দ

কাহিনী লইদা আন্দোলন হইতেছে, যথন দেখিব ঠাকুর প্রীরামক্কষ্ণের উপযুক্ত শিয় ও ভক্তগণের উপর জনসাধারণ দিন দিন আকর্ষিত হইতেছেন, যথন দেখিব জগতবাদীর জন্ম প্রভুর প্রেম-ভাণ্ডার উন্মোচনকারী মহাত্মা রামচন্দ্রের প্রতি ভক্তগণ স্কৃতজ্ঞতাপাশে বন্ধ জানিয়া মহাত্মার হৃদয়ের প্রকৃত মহন্ধ ও উদারতা দেখিয়া স্তন্তিত ও শ্রদ্ধাবিত হইয়া ক্রতাঞ্জলীপুটে নহাত্মার ক্রপা দৃষ্টির জন্ধ প্রার্থনা করিতেছেন, তথনই জানিব তন্ধ-মঞ্জরীর কার্য্য প্রকৃতই স্কচার্করপে সম্পন্ন হইয়াছে। জানি না কর্দেনে ইহা কৃতকার্য্য হইবে। প্রেমময়ের প্রেমে বিভার হইয়া মধুমাথা প্রীরামক্রফ নামে জগত প্লাবিত হইতে আরও কত বংসর লাগিবে, তাহা ঠাকুরই জানেন! কবে দেখিব, জগত সংগার রামক্রফময় হইয়া জানন্দে মাতোয়ারা হইয়া উঠিয়াছে! তন্ধ-মঞ্জরী! ইহাই তোমার কার্য্য, ঠাকুর প্রীরামক্রফের ও তোমার জন্মদাতা মহাত্মা রামচন্দ্রের আশীর্কাদ মন্তব্দে লইয়া আপন কার্য্য ক্রিয়া যাও।

# ভৰন-সৰীত।

সাহানা-ধামার।

জয়তে জীরামক্ষণেব-দরবারা,
অন্থত অপূর্ব্ধ জগ মে প্রচারা !

নূরথ পণ্ডিত হোর প্রেমিক গঁওয়ারা,
পা'য়ে পরশ অয়দ্, কণক উজারা ॥
জ্ঞান-ভক্তি-যোগ-দেবানন্দ-ভার্ডারা,
যো চাহি সো পাই, ধন্ত অবতারা !—

হংস জপ রামকৃষ্ণ নাম সারাৎসারা,
কলি-কল্ম-জীব-তরী-ভব-পারাবারা ॥

চরণ-ভিথারী প্রণতঃ শ্রীরাধিকানাথ রায় সারস্বত হংস। ৮বারাণসী।

# প্রাণের কথা !

# "স্থাপকায় চ ধর্মস্য সর্ববধর্ম স্বরূপিনে। অবতার বরিষ্ঠায় রামকুফায় তে নমঃ॥"

বর্ধাকাল; জগতের একটা নৃতন প্রাণময় দৃশ্য, মানব-মনে একটা নৃতন ভাবের প্রেরণা জানাইয়া তুলিয়াছে। বসস্তের চঞ্চাতা ও গ্রীমের ওদাত আত্মদাৎ করিয়া, প্রকৃতির গান্তীর্ঘ্য সর্বত্তই বেশু ধূটিয়া উঠিয়াছে। নদীকৃল তুদ্দাম-তরঙ্গ-ব্যাকুলা হইয়া, পূর্ণ-যৌবনা যুবতীয় ভাগ আপন পূর্ণতায় আপনি উছলিয়া পড়িতেছে। সদ্যঃ প্রস্ফুটিত যুথিকা-স্থনারী নবামুরাগপ্রায় বর্ষার প্রথম বারি-ধারাটি বক্ষে ধারণ করিয়া, হাসি রাশি ছড়াইয়া দিয়া, বর্ধাসার-সম্পাত-সিক্ত প্রনের তালে তালে নৃত্য করিতেছে। দেখিতে দেখিতে ঘনক্বফ মেঘদাম আসিয়া, সান্ধ্য গগন ছাইয়া ফেলিল। বৃষ্টি হয় হয়; পৃথিবী যেন "নিবাতনিক্ষণ মিব প্রদীপম্"। আমি দেই গভীরান্ধকারের নিশ্বতায় উৎফুল হইয়া, একটি ভগ্নগৃহের বারাভায় বসিয়া, অনস্তাকাশের দিকে চাহিয়া, কি এক শূন্য ভাবনা ভাবিতেছি। একটা বিরাট নিস্তর্নতা, একটা নিথির নিঝুমতা, আমার মনে অনত্তের ভাব আনিয়া দিল। চাঞ্চল্যের পরিবর্ত্তে সংযম, ভোগের পরিবর্ত্তে আকাঞ্জা, মিলনের পরিবর্তে বিরহ স্থৃতি উদ্দীপিত হইয়া, আমাকে কোথায় কোন অজানা প্রদেশে লইয়া চলিল। অনত্তের আভাদ চিত্তাবরণের মধ্য দিয়া অম্পষ্ট প্রতিফলিত হইয়া, আমার অন্তরে ভগবৎ প্রেমানন্দের কণামাত্র যেন ঢালিয়া দিল। আমি আত্মহারা হইয়া কত কি ভাবিতে লাগিলাম। সহসা সেই নীরবৃতা ভেদ করিয়া, প্রস্থপ্র ছুদয় তন্ত্রী আলোড়িত করিয়া, ত্যিতায়ার বিপুল মর্মবেদনা জীবজগতে ব্যক্ত করিয়া, মধুর গীত ধ্বনি আমার কর্ণরন্ধে প্রবেশ করিল। গায়ক গাহিতেছিল:-

> জীবনের ভ্ষা, মরমের আশা, প্রাণের পিরাসা মিটিল কৈ। नम्र-मिन, रेक मा भूहिन, वामना-अनन निज्नि रेक ॥

ভক্তের এই অস্তর-নি:স্ত, উচ্চাসপূর্ণ অমিয়-প্রবাহে আমি ভাসিয়া গেলাম, যেন এক নৃতন রাজ্যের সন্ধান পাইলাম; নবু-জীবন লাভ করিলাম। ভাবিতে লাগিলাম---"স্তাইত জীবনের ত্যা মিটিলনা, আশার বন্ধন ছিঁড়িল না, মনের আছোধার ঘুটিল না, নায়ার আবরণ থদিল ল।। বুঝি মানবেব অন্ত পিপাদা এই ক্ষুদ সংসাব-নশাতে মিটেনা; বুঝ উহার জন্য কোথাও লোক-চক্র অন্তরালে ক্ষীর সমুদ্র লুকায়িত আছে। যতদিন না মহুষা সেই অপার সমুদ্রের সন্ধান পায়, ভাহাতে ঝাণাইয়া পড়িতে, না পারে, ভাহাতে একেবারে ডুবিয়া না যায়, ভভদিন বুঝি তাহাব প্রাণের অদমা পিপাদাব শাস্তি হয় না। জীবের ভূষিতায়া কি দেই সাগরারেষণেই অবিশ্রাস্ক গতিতে ছুটিতেছে ? কেমন করিয়া বলিব ? কথন ড জীবন-দমস্থার মীমাংদা কবৈতে চেষ্টা পাই নাই। তবে মহাজনদিগেব মতে তাহাই বটে। তাঁহারা বলেন শুণুই সংসারোভানে বিকশিত মানব-জীবন-পুষ্প যদি ভক্তি-চন্দনামূলিপ্ত হইয়া, প্রীভগবানের শ্রীপাদপদ্মে উৎসর্গীকত না হয়, তবে তাহা দৌরভ-সম্পদ-গর্বি হইলেও অকিঞ্চিৎকর। হায়। একদিনের জনাও কি আমার এই কুদ্র জীবন-যৃথিকাটী প্রেম-সমীরণের মৃত্ল-স্পর্শে ফুটাইবার প্রয়াস পাইয়াছি ? স্বপ্লেও কি কথন এই ফুলট প্রেমময়ের শ্রীচরণে প্রেমো-পুহার দিবার মানস করিয়াছি ? কেবলমাত্র স্ত্রীপুত্ররূপ কাচের পুতৃলগুলিকে জীবনের সর্বস্বজ্ঞান করিয়াছি ; ক্ষণেকের তরেও ভারি নাই—ঐগুলি অতীব্ ক্ণভমুর; স্বলাঘাতেই ভাঙ্গিয়া যার্। 'সংসার' 'সংমার' ক্রিয়া উদ্ভান্ত হুইয়াছি, উহার চরণে আত্মবলি দিয়াছি, উহার উন্নতি-সাধনার্থ স্থদয়ের শোণিত তিল তিল্ম করিয়া ক্ষয় করিয়াছি; কিন্তু কৈ আকাজ্জা ত পুঞ্জি না ় প্রাণের জ্বালা ত জুড়াইল, না ? শান্তির বাতাস ত বহিল না ? না বুঝিয়া—মোহের ছলনে ভূলিয়া—আশার্ কুহকে মজিয়া, ভোগের বিষের পিয়ালা আকণ্ঠ পান করিয়াছি; কিন্তু তাহাতে ভৃষ্ঠি হওয়া দূরে থাকু, বাদনার জ্বালাময়ী শিখা উত্তরোত্তর বর্দ্ধিত হইলা, আমার মন প্রাণ ছারথার করিয়া দিতেছে; হাদয়ের পরতে পরতে বিষের প্রবলাঘি জ্বলিতেছে। নিভাইব কিনে? সংসার-মরুভূমিঠে যে জ্বল নাই! হায় হায়! সংসাবের মোহিনী মায়ায় কেন মুগ্ধ হইয়াছিলাম ? আপাতর্মা, প্রিণাম্গরল্ ইন্দ্রিয় স্থাথে কেন মজিরাছিলাম ? স্থা ত্রমে হলাহল কেন পান করিয়াছিলাম ? ব্ৰহ্নার ভ্রমে কালদর্প কেন কণ্ঠে ধারণ করিয়াছিলাম ় আবার 'হা অর্থ ' যো অ্থ া করিয়া দেহপাত করিলাম, আয়ুংক্য করিলাম, কত অসাধ্যপাধন করিলাম, কত দাসন্থের বোঝা বহিলাম, কত ছুটাছুটি করিলাম, কিন্তু হইল কি 🏞 স্ক্রীচিকান্ত্ররণে মুগের ন্যায় হাত পা আকিয়া পড়িয়া রহিলাম মাত । নাম যক্ষ

বিদ্যা লাভেব জম্ম কি না করিলান? কিন্তু তাহাতে কেবল যন্ত্রণাই সাব হইল; বুঝিলাম "প্রাণ হীন ধ'রেছি ছানার।" তাহার পর মাতা, পিও।, ভাই, ভগ্নী প্রভৃতি আত্মীয়বর্ণের মনস্তাষ্টিব জক্স না করিলাম এমন কার্যাই নাই; কিন্তু তথন জানি নাই—তাহাবা আমার কে ? তাহাদের সহিত আমার কি সম্বত্ত তথন বুঝি নাই.—

> "তারা আলে, তারা চু'লে যায় দূরে, ফেলে যাুদ মরু মাঝারে। কে আছে তথন, মুছাতে নয়ন, ডেকে ডেকে মরি কাহারে॥"

এখন ব্ৰিয়াছি - সৰই নশ্ব, সৰই ল্ৰান্ডি, সৰই স্বপ্ন, সৰই ছালাঝাল চ এখন জানিয়াছি -- সংসারে স্থেব লেশ নাই; উহা ছঃথের ক্রেক্সশান। এখন শিথিয়াছি—ভোগে তৃপ্তি নাই, শান্তি নাই; আছে কেবল বাসনার তীক্ত প্রদাহ। এখন প্রাণে প্রাণে অনুভব করিতেছি—এই শোক-মোহমঙ্গ অসার সংসাক্ষে 🕮 ভগৰানই সাব: তাঁহার 🏝 চরণাশ্রয় ব্যতীত শান্তিলাভ অসম্ভব। ডিনিই আমাদের প্রাবের প্রাণ, জীবনের জীবন, আত্মার আত্মা; তিনি আপনার, হইতেও আপনার: তিনি আছেন বলিয়াই আমরা আছি। তিনি অনাদিকাল হইতে আমাদিগকে করুণার অমৃতধারা-নিষেকে চির-দঞ্জীবিত রাথিয়াছেন। কিন্তু আমনা এমি আত্মপ্রতারক, এমি মোহাচ্ছন্ন যে, তাঁহার এই অসীম অহৈতৃক षयात्र विषय একবারও ভাবিয়া দেখি না; জাঁহার দিকে ফাইতে চাহি না; তাঁহার মন্ধলাহ্বানে কর্ণপাত করি না , তিনি অ্যাচিতভাবে কোলে টানিয়া বাইতে চাহিলেও ছুটিয়া পলাইয়া যাই ৷ ভবে ধখন সংসার-সমূক্তে পড়িয়া উহার প্রবল্ধ তরঙ্গাঘাতে হাবুড়ুবু থাই, কোন দিকে কুলকিনারা না পাইয়া চতুর্দ্দিক অদ্ধকার দেখি, আঘাতের পর আঘাত আসিয়া স্থাশার সকল স্বপ্ন ভাঙ্গিয়া শেষ: তথন দৈই বিপৎপাতের হন্ত ইইতে আশু মুক্ত হইবার জন্য কিন্ধা কোনদ্ধপ মার্থদিদ্বির আশার ধার্মিক সাজিয়া, লোকের চক্ষে ধূলি নিক্ষেপ কম্বিবার নিনিস্ত খ্রীভ্রমবানের নামোচ্চারণ কবি এবং আপনাকে আপনি ৰঞ্চনা করিন্না. এপ্রেমিক **ছ**ইয়া বৃদ্ধি! ভক্ত সাধক আবেগোচ্ছু সিত প্রাণে যথার্থই গাহিয়াছেন ;—

> হরি ভোমায় ভালবাসি কৈ। ( আমার প্রেম কৈ। )

স্কামার লোক দেখান ভালনাদা, মুথৈ হরি হরি কই ॥

যে ঘাহারে ভালবাসে, সে বাঁধা তার প্রেম পাশে,

"" আমি যদি বাস্তাম ভাল, জান্তাম না আর ভোমা বই ॥

নয়নের অশ্বিন্দু, প্রেম নাই তার এক বিন্দু,

আমি সংসার পীড়নে কাঁদি, লোকের কাছে প্রেমিক হই ॥

তবে কি প্রভো। আমি জনমুত্ররূপ সংসারচক্র হইতে নিম্নতি পাইব না ? আমার প্রাণের আশা মিটিবে না ? হৃদয়ের আ্থান নিভাইবে না ? তবে কি নাখ। তোমার তরঙ্গারিত, প্রেমসমুদ্রের স্থশীতল নীরে চিরনিমজ্জিত থাকিতে পাইব না ? ভূমি কি মঙ্গল করে আমার মোহ-কালিমা মুছাইয়া দিয়া চক্ষের আবরণ টানিয়া লইবে না? তোমার মানসুমোহন বিনোদরূপ মাধুবী কি এ হুদরে বিকশিত করিবে না ? করিবে বৈ কি ! তুমি যে অনাথের নাথ, অশরণের শরণ, পতিতের বন্ধু; তুমি অহেতুক ক্লপাসিদ্ধু মঞ্জনময় বিভূ় অতএব হে ভবনস্থলর ৷ তোমার অনস্তরপের পদরা লইয়া একবার হুদয়মলিরে আদিয়া দাঁড়াও; আমি সকল ভূলিয়া, আপনা হারাইয়া, তোমার ঐ অপরূপ রূপরাশি ষ্মনিমেষনয়নে দেখিতে দেখিতে অনস্তে ডুবিয়া যাই। কিন্তু কি করিয়া ভোমায় হুদয়াসনে আনিয়া বসাইব। তাহা ত জানিনা; বলিয়া দিবে কি প্রভো । কি করিলে—কোন পথে যাইলে—তোমায় পাইব ? শুনিয়াছি—কেহ বলে তুমি দর্শনবিচার বা জ্ঞান দারা লভা; কেহ বলে—তুমি যোগগমা; কেহ বলে— তুমি কন্মীর প্রাপা; আবার কেহ বলে—একমাত্র ভক্তিই তোমার প্রিয়। আমি এখন কাহার আত্রয় লই ? জ্ঞানের ? না, না, উহার আলো বড় প্রদাহী—চক্ষু প্রতিহত করে, ঝলসিয়া দেয়; শেষে হয় ত আলোর পরিবর্ত্তে গাঢ় অন্ধকার আসিয়া উপস্থিত হয়! যথন দেহ বৃদ্ধি সম্পূর্ণ বিদ্যমান, যথন ইন্দ্রিয় তাড়নায় আকুল, যথন কুধা, তৃষ্ণা, স্থুথ, হুংথ দকলি রহিল্লাচ্ছে. যথন ভিতরে বাসনা 'গজ্গজ্' করিতেছে, তথন ভধু মুখে 'দোছছং' উচ্চারণ করিয়া, "ভাবের ঘরে চুরি" করিয়া কি ফল ? আবার জ্ঞানে নাকি তুমি নিরাকার চৈত্র স্বরূপ—'অন্তি' মাত্র ? যদি তাহাই হয়, তবে তাহাতে আমার লাভ কি ? উহাতে আমার সাধ মিটিবে না। কীরনিধির অন্তিৰ মাত্ৰে আমি সম্ভষ্ট হইতে চাহি না; চাই তাহাতে ঝাঁপাইয়া পড়িতে; , চাই তাহাতে ডুবিয়া থাকিতে—সম্ভবণ করিয়া কেড়াইতে; চাই

প্রাণ ভরিষা পান করিতে। জ্ঞানে যদি দে আশা পূর্ণ না হয়, তাহা হইলে জ্ঞানের আমার আবশুকতা নাই। দর্শন বিচারও তদ্রপ। উহা মাতুষকে অন্ধকার হইতে অন্ধকারে লইয়া যায়,—ভ্রান্তির গভীর কুপে নিক্ষেপ করে। তবে কি যোগাবলম্বন করিব ? তাহাও আমার অসাধ্য। কেননা, বাসনা-বায়্-তাড়নে চিত্ত-হ্রদ প্রতিনিয়ত আলোড়িত হইতেছে, সংস্বারের অনস্ত বুদ্বুদ্ উহাতে ভাসিয়া বেড়াইতেছে। এমতাবস্থার কি যোগসাধন হইতে পারে ? বিশ্ববিপদহস্তা ভূমি ভীমমূর্ত্তিধারণ করিয়া, লক্ষ্যহীন বাসনা পরস্পরার গতিরোধ করিয়া না দাঁড়াইলে, কাহার সাধ্য চিত্তনিরোধ করে ? আর কর্মেও আমার প্রয়োজন নাই। উহার সদসৎ সকল অবস্থাই বিপজ্জনক। যদি কেছ অত্যে তোমায় না পাইয়া, তোমার বিশ্বরূপ দর্শন না ক্রিয়া, কর্ম্মণোগে প্রবৃত্ত হয়, তাহার বন্ধন অনিবার্য। এরূপ কর্মবোগীর কর্তৃত্বাভিমান ফুলিয়া উঠিয়া, অহংছ জাগাইরা তুলে। যে অহংটা দর্কানিষ্টের মূল, যে অহংজ্ঞানে মত হইগাই তোমান্ন ছারাইয়াছি, যাহা ব্যবধান থাকাতেই নিকটে থাকিলেও তোমায় দেখিতে পাইতেছি না, তাহাকে আবার জানিয়া শুনিয়া প্রশ্রম দিব ? সাধ করিয়া নিজের পায়ে নিজে কুঠারাঘাত করিব ? অহং জ্ঞান ত একটা ভ্রম; উহা কিছুই নহে, মিথ্যা। সবই তুমি; তুমিই জীবকে ইচ্ছামত ঘুরাইতে ফিরাইতেছ। জীব কেবল মন্ত্র মাত্র; তাহার 'নিজত্ব' বলিখা কিছু নাই। অতএব আর আমি অহং কথা শুনিতে চাহি না। আমি শুনিতে চাই;---

"ঈশবঃ সর্বভৃতানাং হদ্দেশেহজুন তিষ্ঠতি। ভ্রাময়ন্ সর্বভৃতানি যন্ত্রারঢ়ানি মায়য়।।"

আমি ভোজনে-বিহরণে, ক্রনে-উপবেশনে, স্বপনে-জাগরণে ধ্যান করিতে চাই ;—

> "সর্বধর্মান পরিভাজা মামেকং শরণং ব্রজ। অহং ত্বাং দর্ঝপাপেক্যো মোক্ষয়িয়ামি মা শুচ॥"

আমি চাই শরণাগত হইয়া পড়িয়া থাকিতে, প্রাণারাধ্যে আত্মনিবেদন ক্ষরিতে, প্রিয়তমের চরণে জীবন বলি দিতে। আমি যথেষ্ট জ্ঞানালোচনা করিয়াছি, দর্শনশাস্তাদি প্রভৃত পরিমাণে অধ্যয়ন করিয়াছি, বছল সং কর্মের অমুষ্ঠানে ব্রতী হইয়াছি, কিন্তু প্রাণের অভাব তাহাতে ঘুচে নাই;

'বেন একটা অপূর্ণতা অফুটভাবে হৃদ্যাতান্তরে রহিয়া গিয়াছে। একংং আমি হৃদয়-মনভাবিণী, সর্বসন্তাপনাশিনী, জগদাহলাদিনী ভদ্ধাভিভিদ্ধ প্রাথী। ভক্তিবড়মধুর —বড়মিষ্ট —বড় ফুলর ! ভক্তিতে ভূমি নিরাকার নহ, সাকার; নির্প্ত নহ, স্তুণ; অনস্ত নহ, সাস্ত; অবান্ধানসোলোচর নহ, নিতা প্রত্যক্ষ । আমি যথন সাকার, তথন নিবাকারে আমার আশা পূরিবে কেন " আমি বে ভোমার জগন্মোহণরপের জিখারী। নির্গুণে সঁগুণের জ্বি ইইবে কিসে? আমি যথন অনত নহি, তথন তুমি সাস্ত না হইলে তোমায় পাইব কি করিয়া ? ভূমি বাক্যমনাতীত ইইয়া থাকিলে, আমার বিশহ বেদনা জুড়াইব কোণার ? অঙএব তোমার শ্রীপাদপন্মে অচলা, অহৈতৃকী ভক্তি দাও প্রভা !" ইত্যাকার বিবিধ চিম্বা করিয়া, দেই অন্ধকারময়ী নিস্তব্ধ রক্তনীতে লোক লোচনের অলফো, ষ্পকপটভাবে বিশ্ববিধাভার চরণে উক্তি গ্রার্থনা ক'রলাম। একটী প্রতপ্ত স্থদীর্থ নিষাস বেগে বহির্গত হইয়া গোল; আবেগ-কম্পিত-কণ্ঠে বলিয়া উঠিলাম, ভক্তি ভরুণতা শ্রেণী বিধুনিত করিয়া, নিবিড়কাদস্বিনী-অঙ্গে প্রতিবাত তুলিয়া, বিশাল নীরবভামথিত করিয়া, অনস্তাকাশে প্রতিথ্যমিত হইল ভক্তি। আহা কি মধুর! ভক্ষ জ্ঞানীরা ভক্তিকে 'অন্ধ-আঁধার' বলিয়া উপহাস করে করুক, আমি কিন্তু ঐ আঁধারেই ডুবিয়া থাকিব। হে ব্যর্থ জ্ঞানী। তোমার জ্ঞানের প্রোজ্জ্বলালোক আমি চাহিনা; তোমার দর্শনবিজ্ঞানের, প্রদাহীজ্যোতিতে আমি মুদ্ধ নহি; ভূমি তোমার বিফল পাতিত্যের ক্ষণস্থায়িনী দীপ-প্রভা সরাইয়া লও; আমি একবার অন্ধকারে গা ঢালিয়া দিয়া, বিশ্বাদের স্থকোমল শ্যায় শয়ন করি। এ আঁধার বড় দিন্ধ, বড় শীতল ! ইহা যেমন গভীর, ডেমি স্থির ; কোন প্রকার চাঞ্চল্য নাই. বিক্ষেপ নাই। ইহাতে অহংবের কুরণ নাই, সংকী-তার গভী নাই, ভেদ জ্ঞানের ৰিকাশ নাই। এ আঁধারে আলো আছে, প্রথরতা নাই; স্থ আছে, প্রদাই নাই; পূৰ্ণতা আছে, অভাব নাই; মিলন আছে, বিরহ নাই; শান্তি আছে, জড়তা নাই; প্রীতি আছে, স্থার্থ নাই। এ আঁধারে বিশ্বপতির "কোটী-শনী-বিনিন্দিত", রূপছবি, সাধকের হাদয়-পটে অতি প্রন্দরভাবে সহজেই ফুটিয়া উঠে। আঁবর-দাধক তাই প্রেম-বিহ্বল-কঠে জগৎ মাতাইয়া গাহিয়াছেন ;—

> নিবিড জাঁধারে মা তোর চমকে অরূপরাশি। তাই বোগী ব্যান করে হ'রে গিরিগুহাবাসী।।

অনন্ত আঁগার-কোনে, মহানির্বাণ-হিলোনে, চিরশান্তি-পরিমল, অবিরত যায় ভাসি ॥ মহাকালরূপ ধরি, আধার বসন পরি, সমাধি-মন্দিরে ওমা. কে তুমিগো একা বিস।। অভয়-পুদ কমলে, প্রেমের বিজলী ছলে. চিন্মান-মুখমওলে, শোভে অট্ট অট্ট হ্যাস ।

ষাহা হউক, রা এ ক্রমশঃ অধিক হইল। গুনীভূত তামিশ্র-জাল উদ্ভিন্ন করিয়া, সহদা বিত্রাৎ চনকাইরা গেল; মেবগর্জনের গভীরারবে নভোমওল বিকম্পিত হইতে লাগেল। আমি গৃহঁমধ্যে প্রারেশ ক রয়া, ঘার অর্গলরুদ্ধ করি-লাম। দেখিতে শেখিতে মুদ্রধারে বৃষ্টপাত আরম্ভ হইল। আনেও আভগ-বানের অভ্যপদে আত্মদমর্পণ করিরা, ভাক্তকেই জাবনের দার জানিয়া, আইস্ত-ক্ষায়ে মুনাইরা পর্ভিনাম। পরাধন বৈকালে প্রামন্ত পুত্তকাপারে (Library) ঘাইয়া, "এ শীরামক্তফনেবের জাবনা ও উপদেশ" নামক একথানি পুতিকা দেখিতে পাইনাম। আমি ঔৎস্থক্যের সহিত উহা নটরা আছোপান্ত পাঠ কবিলাম। পাঠান্তে আমার জাবন-নাটকের এক নূতন অঙ্ক আরস্ত ইইল। যেন এক আনন্দরাজ্যের দ্বার নরন-সমক্ষে উন্নাটিত হইল। কি এক আনব্যচনীর শক্তি-প্রভাবে জ্রীরামক্ক আমার শ্র-ধনম অধকরে কার্যা বানগেন। আমি আঅহারা ইলান; "রূপ না দেখে, নাম ভবে কালে, মন সিরে তায় লিপ্ত হ'ল" দিদ মহাপুক্র-ক্ষিত এই মহাবাকোর দর্যেকতা দত্য দতাই অনুভূত হইল। আন ভগবনুবোধে তাহার শ্রীচরণে ভাক্ত-পুস্পাঞ্জলি প্রদান করিলান; অজ্ঞাত-সারে তাঁহাকে সর্বন্ধ দিয়া, ওৎপদ্ধ প্রণত হরতাম; হুদর-।সংহাসনে তাঁহাকে টিরনিনের মত স্থান দিয়া কৃতকৃতার্থ হংনান, নিশ্চন্ত ২ইলাম, শান্ত পাইলাম, অভাব মিটাইলাম। এইরূপে নিন কাটতে লাগেল। অনন্তর এক নন প্রথম হৈত্রে পুণভূমি 'শ্রীযোগোন্তানে' উপনাত হইনাম। প্রকূত্র-বাস্থানাৰ স্কাকে জ্যোৎসা নাথেয়া, যেন বিশ্বপতির বাসর শব্যা রচনা ক রডেছিল; উদ্যানস্থ ভরুরাজির কৌমুনী-স্বাত নবকিশ্বয়গুলি দক্ষিণ-প্রন-হিল্লোলে হিলোপিত হইতে ছিল ; নক্ষত্রপতি নক্ষত্রগণদহ 'রামক্বককুণ্ডে'র স্বচ্ছ পূত দলিলে অবগাংনু করিয়া, বেন অনম্ভ-পুণ্য-দঞ্চয়ে তরল হাদি হাদিতেছিল; শান্তি যেন মুর্ত্তিমতী ছইরা

প্রতিশ্ভামগুপে, প্রতিবৃক্ষচূড়ায়, প্রতি কুস্থম-স্তবকে, প্রতি সরসী-কল্লোকে, এক কথার, প্রতি পদার্থে বিরাজ করিতেছিল। সেই শাস্তরসপুর্ব, তৃষ্ণীম্বত, গভীর-মুহুর্ত্তে, দেই শুভ্যোগে, দেই মাহেক্রকণে, আমি এমন্দিরে প্রভুর এমৃষ্টি দর্শন করিলাম। ভূমানন্দে হুদয় আগ্রত হইয়া উঠিল; সকল বাসনা যেন শুদ্ধ হইয়া গেল; ত্যিতা আবাঞ্তি কার সমুদ্রের দশন পাইরা, ভাষাতে ডুব দিল; চিত্ত-চকোর প্রাণ ভারিয়া দে রূপ-ছুধা পান করিয়া পরিতৃপ্ত ২টনা, মর্মের বন্ধন ছি'ড়িয়া পড়িল; অভাধ-জ্ঞান তিরোহিত হইল; পুর্বভায় ভ'রপুর হইয়া রছি-লাম। মন আকুল প্রচোদনায় বলিয়া উঠিল;---

> "তোমারেই করিয়াছি জীবনের ধ্রুবভারা। এ সমুদ্রে আর কভু হ'বনাকো পগধারা॥"

বলা বাছল্য, দেইদিন হইতে আমি সকল থেলা সায় করিয়াছি, সকল বাসনা বিদায় দিয়াছি, মারার শৃঙ্খল ছি ভিয়া ফেলিমাছি, প্রেমানন্দে বিভার হইয়া কাল্যাপন করিতেছি ৷ কোন অভাব নাই, তুঃখ নাই, ইন্দ্রিং-তাড়না নাই, ভোগ প্রদাহ নাই; কেবল পূর্ণশাত্তি সারা জাবনটাকে মধুময় করিয়া রাথিয়াছে। ধক্ত প্রভাগ বি আমি ৷ হে অখণ প্রেম-স্করণ ৷ হে হনয়নাথ ৷ হে স্ক্র-धमा-मथा त्रामकृष्णः । आज এर नवीन वर्षः, नवीन व्यार्गः, नवीन-उरमारः, भूजा পাত্র হুস্তে তোমার বিশ্বনিধে তনের দারদেশে দণ্ডারমান হইয়াছি। কুজ হুদয়ের কুদ্র পূজা গ্রহণ করিয়া, দাদের মন-ফামনা দিদ্ধ কর প্রভাে প্রকৃতির এই নতন উৎপবের পিনে আশাব্দাদ কর,—বেন তোমার সক্ষধ্ম-সমন্বয়রূপ নব-ধম্মভাব-তরঙ্গে ভাদমান হইরা জগৎ চিরশান্তির অধিকারী হয়; মর্ত্তাভূমি যেন স্বর্গীয় সম্পূৎ-শোভায় বিভূবিত হইয়া অপূর্বাকার গুলা করে; বিষেষের মর্কভূমি যেন প্রীতির নন্দনকানন হইয়া উঠে! আর তোমার ভববন্ধনছেদি স্কথামাথা নামগুণ গান করিতে করিতে, যেন আমার অবশিষ্ট দিনগুলি ধীরে ধীরে চলিয়া যায় এবং সংসারের রুথা গওগোল ভেদ করিয়া, কাম-কাঞ্চনের শুন্ত কোলাহল স্তব্ধ করিয়া, যেন দিবারাত্র আমার জীবন-কুঞ্জে শুলিত রাগিণীতে অনস্তের স্থরে বাজিতে থাকে ;—

> "স্থলর হাদিরঞ্জন তুমি নন্দন-ফুল-হার। তুমি অনন্ত নব বসন্ত অন্তরে আমার॥" ওঁ শান্তি:— শ্রীঅমূল্যরত্ন কাব্যতীর্থ।

# মু পাৰতাৰ

# প্রীরামকৃষ্ণ পরমহংসদেব ও হিন্দুশাস্ত্র। পঞ্চম উপদেশ।

### অবভার-তত্ত্ব।

ঠাকুর শ্রীশ্রীরামক্ষণদেব বলিয়াছেন, "অবতার যথন আসে, সাধারণ লোকে জান্তে পারে না, গোপনে আসে। তুই চার জন অন্তরপ ভক্ত জান্তে পারে। সকলে কি সেই অথও সচিদানন্দকে ধরতে পারে? রাম পূর্ণ-ব্রহ্ম, পূর্ণ-অবতার, এ কথা বারো জন ঋষি কেবল জান্তে পেরেছিল। সকলে ধরতে পারে না।" কেউ সাধারণ মান্ত্রম ভাবে;—কেউ সাধু ভাবে;—হ চারজন অবতার বলে। শ্রীতৈতন্য-চরিতামুতে উক্ত আছে,—

অবতার নাহি কহে আমি অবতার। মূনি সব জানি করে লক্ষ্ণ বিচার॥

শ্রীমন্তাগবতে উক্ত আছে.—

ৰস্থাবতারা জ্ঞায়ন্তে শরীরিম্ব শরীরিণঃ। তৈক্তৈরতুল্যাতিশরৈ বীর্ব্যে র্দেহিম্ব সম্পুর্তে:॥

(ভা: ১০।১০।৩ঃ)

হৈ তগবন্! আপনার শরীর নাই, কিন্তু যে সকল অতুল আতিশন্ত-, সম্পন্ন বীর্যা দেহীর পক্ষে অসম্ভব, সেই সকল বীর্যা দর্শন করিয়া দেহীদিগের মধ্যে আপনার অবতার জ্ঞানীগণ জ্ঞানিতে পারেন।

ইহা দারা স্বতঃপ্রমাণিত হইতৈছে নে, যে দেহী, তৎসদৃশ অন্যান্ত দেহী অপেক্ষা অতুননীর, অসম্ভাবিত, অত্যাশ্চর্য্য ক্ষমতা প্রদর্শন করেন, সেই দেহীকেই প্রীভগবানের অবতার বলা ঘাইতে পারে।

আবার,

**অন্ধ গ্রহার ভক্তানাং মামুষং দেহমাগ্রিতঃ।** ভদতে তাদৃশীক্ষীড়া যা: শ্রুছা তৎপরোভবেৎ॥

( 31: > 100109)

শ্রীভগবান তক্তগণের অনুগ্রহের নিমিত্ত অর্থাৎ জীবের মঙ্গল সাধন করিবার নিমিত্ত অনুযা দেহ আশ্রর করিয়া তাদৃশ বিবিধ ক্রীড়া সম্পাদন ক্রিয়া থাকেন। জীবগণ সে সকল ক্রীড়া শ্রবণ করিবামাত্রই অর্থাৎ ভক্ত ও ভক্তাভিরিক্ত জনগণও তাঁহার প্রতি ভক্তিমান হয়।

কোন সময় ভগবান অবতীর্ণ হটয়া থাকেন, তদ্সম্বন্ধে বলিতেছেন ;—
যদা যদা হি ধর্মক মানির্ভবতি ভারত।
অভ্যুত্থানমধর্মক তদামানং স্কাম্যহম্॥

( গীতা, ৪ আ:, ৭ শোঃ )

'হে ভারত, যখন যখনই ধর্মের নিন্দা এবং অধ্যাের আধিক্য হয়, তথনই জ্ঞামি আবিত্তি হট।'

এক্ষণে ঠাকুরের উক্তি এবং গীতা ও ভাগবতাদি হিন্দু-শান্ত-মধ্যাত উপরোক্ত উক্তি সমূহ হইতে অবতারগণকে জাত হওয়ার নিমিত্ত আমরা স্থূলতঃ এই দিবিধ সিদ্ধান্তে উপনীত হইতে পারি যে (১) যথন ধর্মের নিন্দা এবং অধর্মের প্রাহ্রভাব হয়, তথন প্রীত্তগবান মানব দেহে অবতীর্ণ হইয়া জীবের মঙ্গল সাধন জন্ম যে সকল অনৌকিক শক্তির পরিচয় দান করেন, তাহা মানবের পক্ষে অসম্ভব জানিয়া ও লক্ষণাদি দ্বারা শাস্তক সাধকগণ তাঁহাকে অবতার বলিয়া জানিতে পারেন। (২) অবতারগণের উক্তরূপ অনৌকিক কার্যাদি দর্শন । শ্রবণাদি দ্বারা মানবগণ অর্থাৎ বিষয়ী, মুমূক্ষ্ক, এমন কি জড়বাদী, নান্তিক ও মেছে প্রভৃতি জনপণও তাঁহার প্রতি ভক্তিমান হয়।

অজ্ঞান তমদাছের ভ্রাস্ত অবিশ্বস্ত চিত্ত কলির জীবের প্রতি করণা-বশতঃ
প্রীভগবান পুনঃ প্রাধানে অবহার্থ হইরা, ছর্বাল চিত্ত মানবগণকে মুক্তির
সহজ পথ দেবাইয়া যাইতেছেন, কিন্ত অজ্ঞান-মানবগণ তৎ-প্রদর্শিত সহজ পথ
(উপার) ত্যাগ করিয়া নিয়ত বিপথে পরিচালিত হইতেছে। এমন কি,
আমাদের সনাতন হিন্দু শাস্তের প্রকৃত মন্মার্থ অবগত না হইয়া, অবতার
প্রক্ষবগণকে সাধারণ মন্তব্য জ্ঞান করিভেও সন্তুচিত হইতেছে না। এই বিংশ
শতান্দিতে ঠাকুর প্রীশ্রীরামক্রক্ষদেবকে অনেকে অবতার বলিয়া স্বীকার করেন না।
কিন্তু তাঁহারা যদি হিন্দু শাস্ত্রের সহিত কোন প্রাণার সম্বন্ধ রাথেন, তাঁহারা
যদি প্রকৃত প্রেমিক ভক্ত হইয়া থাকেন, তাঁহারা যদি শাস্ত্রালারিক গোঁড়া

না হন এবং সর্কোপরি তাঁহারা যদি পতিতপাবন পরম দয়াল প্রীভগবানের যথার্থ রূপার পাত্র হন, ত'হা হটলে তাঁহাদিগকে ঠাকুরের প্রিয় ভক্ত মহাত্মা রামচন্দ্র-রুত প্রভুব জীবনী এবং শ্রীমং স্বামী সারদানন্দ স্বামিজী প্রণীত শ্রীশ্রীরামক্কক লীলা-প্রসঙ্গ গুরু ভাব ও সাধক ভাব, তিন থও পাঠ করিতে অন্ধ্রেধ কর।

তাহাতে ঠাকুরের অন্যোকিক দেবনানব চরিত্র বদি হিন্দু শান্ত্রের সহিত সামঞ্জন্ত থাকে, যদি তাঁহার চরিত্র পূর্ব অবতারগণের চরিত্রর সহিত সমতুল হব, বদি তৎকালীন শাস্ত্রজ্ঞ সাধক মহাত্মাগণ তাঁহাকে শ্রীভগবানের অবতার জ্ঞানে হদরের শ্রনা ও পূজা অর্পণ করিয়া থাকেন এবং জগতে তাদৃশী ক্রীড়া যাঃ শ্রন্থা তৎপরো তবেৎ, বাক্যানী তাঁহার সম্বন্ধে যদি বর্ণে বর্ণে প্রয়োজিত হইয়া থাকে, তাহা হইলে তাঁহাদিগকে অবনত মন্তকে স্বাকার করিতে হইবে যে, যথার্থ শ্রীক্রীরাসক্রম্বন্ধনে তগবদাবতার।

পুর্বোলিণিত শাস্ত্রমন্মার্থ ২ইতে আমরা অবতারগণের যে প্রধানত: বিবিধ লক্ষণ প্রাপ্ত ইইয়াছি, ভবিষয় লইয়া ঠাকুরের সৌদাদুশু সম্বন্ধে আলোচনা করিতে হইলে সর্বাত্রে আমাদিগকে ঠাকুরের অন্তরঙ্গ সাধক ভক্তগণের রচিত উপরোক্ত পুস্তকাবলীর আশ্রম গ্রহণ করিতে হইবে। কারণ, বর্তমান কালে। ঠাকুর মানব-দেহাবলম্বনে ধরাধানে বর্ত্তমান নাই—অথবা ঠাকুরের ঐচরণ দর্শন আমাদের অনুষ্টে ঘটেও নাই—স্কুত্রাং ঠাকুরের প্রিয় অভ্যন্ত সাদক ভক্তগণ দে সকল দীলা-গুণাবলী লিাপবন্ধ ক্ষিয়াছেন, তাহাকেই শাস্ত্ৰ বলিয়া গ্ৰহণ করা ভিন্ন আমাদের উপায়ান্তর নাই। যে হেতু মহাপ্রভু শ্রীশ্রীগোরাঙ্গদেব চারি শত বর্ষ পুর্বে লীলা করিয়া গিয়াছেন, তদ্বির তাঁচার অন্তরঙ্গ সাধক মহাত্মাগণ কর্ত্তক লিপিবদ্ধ ইইয়া জন-স্নাজে প্রচারিত হওয়ার আমরা অকাট্য ভক্তি বিশ্বাস বলে তাহাকেই শাস্ত্র বলিয়া গ্রহণ করিতেছি। দ্বাপর যুগে **এক্লফ লীলা করিয়া গিগাছেন, তাহাও মহামুনি ধেদব্যাস কর্ত্তক নিথিত** হুইয়া আমাদের পৌরাণিক শান্ত্র বিন্যা গৃহীত হইতেছে। সত্য, ত্রেতা যুগোর ও ইতিহাস আমরা এইরপে অবগত ২ইতেছি। অতএব একণে ঠাকুরের লীলাসমন্বিত পূর্ব্বোক্ত পুক্তকাবলীর অন্তর্গত প্রধান প্রধান হুই চারিটী ৰটনা লইয়া আলোচনা করিলে বুঝিতে শারা ঘাইবে যে, পুর্বোলিঞিত শালোক ° বাক্যের সহিত সুম্পূর্ণ সাম্প্রশু রহিয়াছে। এথানে গ্রই চারিটী ঘটনা বলিবার তাৎপর্য্য এই যে, ঐ লোকোন্তর পূরুষের অলৌকিক ঘটনা সমূহ মৎ-সদৃশ অজ্ঞ, মূর্থ, লাস্ত, দেবক দাসায়দাসের দ্বারা আলোচিত হওয়া পঙ্গুর গিরিক্রিন্তবনের অথবা বামনের চাঁদ ধরিবার আশার ন্যায় হইবে। অথবা পূর্ব্বোক্ত
পুস্তকাবলীর অবিকল অফুকরণ করা ভিন্ন কিছুই হইবে না। এথানেও যে
ছই চারিটী ঘটনা লইয়া লোলোচিত হইবে, তাহাও পূর্ব্বোক্ত পুস্তকাবলীর অন্তর্গত ঘটনা সমূহের স্থুল মুল্ মর্ত্বার্থ মাত্র। যদি অক্ত সমূহ পাঠে
অবগত হইবেন।

ঠাকুর অন্তান্তাবের ন্যার বর্ত্তমান অবতারেও নিজ প্রচ্ছের ভাব হেতু
মানব স্বভাবস্থলত বালা-থেলা, বিষাহ, সংসার নির্কাহার্থ বেতনভোগী পুরুক্তর
পদ গ্রহণ, ক্বতাঞ্জলিবদ্ধ ইইয়া সরোদনে 'মা আমায় দয়া কর মা, মা আমি
শাক্ত জানি না—আমি পণ্ডিত নই, মা আমি মন্ত্র কছুই জানি না, মা,
আমি ভোর ছেলে, তোর দাস, ইত্যাকার প্রার্থনাদি মানব-স্বভাব-স্থলত ধাবতীয়
কার্য্য করিতেন বটে, কিন্তু সাধু মহাত্মাদের দিব্য চক্ষের নিকট প্রচ্ছের
আকিতে পারিতেন না। কামারপুকুরে লাহা বাব্দের অভিথিশালাতে বে সকল
সাধু শান্ত আগমন করিতেন, তাঁহাদের কেহু কেহু ফ্রীড়া-রত বালককে
ভিলক চন্দনাদি ঘারা সাজাইরা স্বহন্তে দাল কটা প্রন্তুত করিয়া ভোজন
করাইরা সানন্দে বালকের প্রসাদ, দেব-প্রসাদ বলিয়া প্রাপ্ত ইইতেন। কথন
ঠাকুর বাটীতে আসিয়া জ্যেন্ত ভ্রান্তা ও জননীকে বলিছেন 'ভোমরা দেখ,
আমি কেমন সাধু সেজেছি।' কথনও বলিতেন, 'মা, জ্য়ন্ত আমি কিছুই থাব
না, একটা সাধু আমার ধুব থাইরেছে।' ইত্যাদি বাল-স্বভাব-স্থলত প্রচ্ছের ভাব
ছারা সাধারণ লোক চন্দ্র অন্তর্যানে থাকিলেও, মহাত্মা সাধু জন্তগণের চক্ষে
ধূলি দিতে পারিতেম না।

আপনা প্কাইতে প্রস্কু নামা বন্ধ করে।
তথাপি তাঁহার ভক্ত জানহে তাঁহারে॥
অহর বভাবে ক্লকে কভু নাহি জানে।
প্কাইতে নারে কৃষ্ণ ভক্তজন হানে॥ ( চৈঃ চঃ)

ইহা ৰারা প্রমাণিত হইতেছে যে, ঠাকুর মানব দ্বাধারণেক কার্য বি সকল লোকিক কার্য করিতেন, তাহা কেবল নিজ প্রজ্বেতার হেতু। আর ও আমরা পৌরাণিক শাল্লাদি পাঠে বেশ বৃরিতে পারি বে, প্রাক্তরভাব হেতু প্রীগৌরাদদেব সমবরত্ব শিশুগণের সহিত বাল্যথেলা, ঔদ্ধৃত্য, বিবাহ আদি গৌকিক কার্য্য করিরাছিলেন। যে প্রাক্তর্য-ভাব হেতু পূর্ণবিতার পূর্ণব্রদ্ধ প্রকৃত্ব, ননী-চুরি, গোচারণ, নন্দরাণী প্রীমতী যশোদামাতা কর্ত্বক বিদ্ধন-স্বীকার এবং বন্ধুদেব ও দেবকীর কারা-বন্ধন হেতু মিথ্যা শোক মোহে আচ্চর হইরা সাধারণ মানবের অমুক্রন করিতেন, যে প্রচ্ছরভাব হেতু পূর্ণব্রদ্ধ প্রীরামচন্দ্র মানব সাধারণের আর বৃথ্য শোক মোহে মুগ্র হইতেন, সেই প্রচ্ছেরভাব হেতু ঠাকুর, মানব সাধারণের ন্যার যে সকল গৌকিক কার্য্য করিয়া গিরাছেন, কেবল মাত্র তদ্ধিই ঘোর অবিশ্বাসী, এক-দেশী ধর্ম সম্প্রদারের মধ্যে কোন কোন লোক তাহাকে সাধারণ মহন্য জ্ঞান করিতে কুন্তিত হইতেছে না। ইহাণেকা ত্র্বল, অবিশ্বভাচিত, লান্ত কলির মানবের হুরদৃষ্ট আর কি হইতে পারে।

গ্রী গ্রীগোরাঙ্গদেবের জন্মকালীন ব্রাহ্মণবেশী এক সাধু মহাপ্রভূকে দেখিয়া ব্রাহ্মাছিলেন,—

বিপ্র বলে এ শিশু সাক্ষাৎ নারারণ।
ইহা হৈতে সর্ব্ব-ধর্ম হইবে স্থাপন ॥
ইহা হৈতে হইবেক অপূর্ব্ব প্রচার।
এ শিশু করিবে সর্ব্ব জগৎ উদ্ধার॥
এক্ষা শিব শুক যাহা বাঞ্চে অফুক্রণ।
ইহা ই্তুতে তাহা পাইবেক সর্ব্বজন॥
সর্ব্বভূত দয়ালু নির্বেদ দয়শনে।
সর্ব্বভূত দয়ালু বিক্রুদ্রোহী যে যবন।
তাহারাও এ শিশুর ভাজিবে চরন॥
অনস্ত এক্ষাও কীর্ত্তি গাইব ইহান।
আনস্ত এক্ষাও কীর্ত্তি গাইব ইহান।
আদি বিপ্র এ শিশুরে করিবে প্রশাম॥
ভাবগত ধর্ম্ময় ইহান শরীর।

দেব বিজ গুরু পিছ নাত ভক্ত-বার ॥ বিষ্ণু বেন অবতরি লওয়ারেন ধর্ম। সেই মত এ শিশু করিবে সর্ব্ব কর্মা।

( চৈ: ভা: )

ব্রাহ্মণ, মহাপ্রভুকে নারারণ নির্দেশে যে সকল ভবিদা স্চনা করিয়া গিয়াছিনেন, তাহা মহাপ্রভূষাতীত ঠাকুর রামক্রফদোবেও বর্ণে প্রতিফালত ছইয়াছিল। ইহা দ্বারা আরও বিশেব প্রমাণিত ২ইডেছে যে, উক্ত সকল প্রকার গুণ ও কার্যা, এক প্রীভগবান ব্যতীত জীবে কথনও সম্ভাবিত নহে। कार्त्र क्रेश्रद्धत्र ७० ७ कार्या प्रेश्रद्धरे म्हरतः , ७ दि दर्थन ७ जाहा म्हानिज नरह । অতএব, এক্ষণে স্বাকার করিতে ধইবে যে, ঠাকুর জ্রীরামক্লঞ্চদেবেও বাদি এই সকল গুণ ও কার্য্য থাকে, তবে তিনি এগৌরান্দদেব অথবা পূর্ণাকার পূর্ণত্রন্ধ 🛎 ক্রন্ত । তিনি কথনও সাধারণ মান্ব প্রধ্বাচ্য ২ইতে পারেন না।

অলৌ कक ठाकुरवर अलोकिक घটना मुन्ह युक्ते आलाहना कहा गाहरत, ততই আনাদিগকে আত্মহারা হইতে হইবে।

ঠাকুর যথন চতুথ কিম্বা পঞ্ম মাদে উপনীত হইরাছেন, এক দিন তীহার মাতা গৃহে প্রবেশ করিয়া দেখিলেন যে, তাঁহার শিশু সন্তান নাই। একটী জাট দশ বৎসরের বালক শয়ন করিয়া ব্লহিরাছে। তিনি চীৎকার করিয়া বাহিরে আশিয়া এব্যথি ঘটনা ঠাকুরের পিতার নিকট ব্যক্ত করিলে, তিনি বলিলেন, "এ দক্ত ইইবে তাহা আমি জানি, তুমি গোলমান ক্ষিত না।" বলিয়া ঠাকুরের মাতাকে যে কোন প্রকারে সাম্বনা করিলেন।

কোন সময়ে একটা কুষ্ঠ রোগাক্রান্ত ব্যক্তি অধুনিয়া, ঠাকুরকে কাতর হইয়া বলে যে, তিনি একবার হাত বুলাইয়া দিলেই তাহার ঐ রোগ ২ইতে নিছ্কতি হয়। ঠাকুর তাহার প্রতি কুপা পরবশ হইনা বলেন, "আমি তো কিছু জানিনা বাব, তবে তুমি বলছ, আচ্ছা হাত বুলিয়ে দিচ্ছিঃ মার ইচ্ছা হঃ তো সেরে যাবে।" এই বলিয়া হাত বুলাইয়া দেন। ভাহাতে সে ব্লোগনুক হইয়া, ঠাকুরের শ্রীপাদপলে আশ্রন্ন গ্রহণ করিয়া আপনাকে ধন্ত মনে করে।

ঠাকুরের বিবাহের জন্য যথন চতুর্দিকে পাত্রীর অন্তেষণ হইয়া কোনটিই স্থিরতর হইতেছিল না, তথন ঠাকুর নিজের ভাগিনের হৃদ্য ও বাটীর অক্তাক্ত

সকলকে বলিরাছিলেন যে, জররামবাটীর রামচক্র মুখোপাধ্যারের কুঞ্চার সহিজ তাঁহার বিবাহ হইবে। এই কথা তথন বাটীর আত্মীয়দের মধ্যে সম্যক্রপে গৃহীত না হইলেও ভবিষ্যতে উক্ত স্থানে উক্ত কন্তার সহিতই যে ঠাকুরের বিবাহ হইয়াছিল, তাহা নিশ্চিত।

দক্ষিণেশ্বরের কালী বাটীর প্রতিষ্ঠাত্রী রাণী রাসমণির তৃতীয় জামাতা 🗸 মথুরামে।হন বিশ্বাস ধনী, ইংরাজী-বিছাভিজ্ঞ ও তর্মকঁক ছিলেন। একদিন দক্ষিণেশ্বরে ঠাকুরের সহিত তাঁহার কথোপকথনকালে, মথুরবাবু বলিয়াছিলেন, 'ঈশরকেও আইন মেনে চল্তে হয়। তিনি যা নিয়ম একবার করে নিয়েছেন, ভারদ করবার তাঁরও ক্ষমতা নেই।' ঠাকুর বলিশেন, 'ভা হতে পারে না। ষাব আইন, ইচ্ছা কল্লে, সে তথনি তা রদ করতে পারে, বা তার জায়গায় আর একটা আইন করতে পারে।' এই কথা তার্কিক মথুর বাবু কিছুতেই মানিলেন না। বলিলেন, 'লাল ফুলের গাছে লাল ফুলই হয়, সাদা ফুল কথনও হয় না। কারণ তিনি নিয়ম ক'রে দিয়েছেন। কৈ, লাল ফুলের গাছে সাদা ফুল তিনি এখন করুন দেখি ?' ঠাকুর বলিলেন, 'তিনি ইচ্ছা কর্লে সব করতে পারেন, তাও করতে পারেন।' মথুর বাবু কিছুতেই এ কথা বিশ্বাস করিলেন না। তৎপর দিন কালীবাড়ীর বাগানে ঠাকুর মথুর বাবুকে ভাকিয়া দেখাইলেন বে, একটা লাল ধ্ববা ফুলের গাছে একই ডালের হুটী ফেঁকড়িতে হুটী ফুল ফুটিয়াছে। একটা লাল, আর একটা ধপ্ধপে সাদা, তাতে এমন কি, লাল দাগের লেশ भाज नारे। भथूत वात् वित्मव भतीकारिक व्याम्हधाविक श्रेश विल्लान, 'शं वावा, আমার হার হয়েছে।'

দক্ষিণেশ্বরে যে ঘরটিকত ঠাকুর থাকিতেন, তাহারই উত্তর পশ্চিম কোণে যে লখা বারাখাটী রহিয়াছে, সেথানে একদিন ঠাকুর আপন মনে পাদচারণ করিতেছিলেন। উক্ত স্থানের উত্তর দিকে বার্দের যে কুঠী রহিয়াছে, সেথানে মথুর বাবু বিসিয়া আপন মনে বিষয় চিস্তা করিতেছিলেন। ফলতঃ যেথানে মথুর বাবু বিসিয়াছিলেন, তথা হইতে যেথানে ঠাকুর পায়চারি কুরিতেছিলেন, উক্ত স্থানটী বেশ দেখা যায়। শক্তিমন্ত্রে দীক্ষিত মথুর বাবু হঠাৎ যাস্তমন্ত হইয়া দৌড়িয়া আসিয়া ঠাকুরের পদবয় ধারণপূর্ব্বক কাদিতে লাগিলেন। ঠাকুর বলিলেন, 'আহা। একি করচ. তুমি রাণীর জামাই. লোকে এমন

করতে দেখলে তোমায় কি বলবে। শ্বির হও, উঠ।' কিছুকাণ পরে উঠিয়া বলিতে লাগিলেন, 'বাবা, আজ আমার সকল গর্ব চুর্ণ হ'লেছে। স্পষ্ট বুঝেছি, তুমি কে? বাবা, তুমি বেড়াচ্চ আর আমি স্পষ্ট দেবলুম, যথন এদিকে এগিয়ে আসছ, যেন তুমি নও, আমার ইষ্টদেবী ঐ মন্দিরের মা! আর যাই পেছন ফিরে ওদিকে যাচচ, দেখি কি যে সাক্ষাৎ মহাদেব! প্রথম ভাবলুম চথের ভ্রম হ'লেছে, কিন্তু কি আশ্চর্য্য! যতবার ভাল ক'রে চোধ পুঁছে দেখলুম, দেখি তাই!' এই বলিয়া মথুর বাবু পুনরায় ঠাকুরের পদবয় ধারণ করিয়া কাঁদিতে লাগিলেন। ঠাকুর তাঁহাকে নানারূপে দান্থনা করিলেন। এই সময় হইতে মথুর বাবুর পাকা বিশ্বাস হয় যে, ঠাকুর বাস্তবিক সামান্য মানব মাত্র নহেন। তাঁছার ইষ্টদেবী জগদম্বাই রামক্বফ বিগ্রহাবলম্বনে তাঁহার প্রতি রূপার জন্য সঙ্গে সধ্যে ফিরিতেছেন।

অঘোরমণি দেবী নামী 'গোপাল' মন্ত্রে দীক্ষিতা এক বৈষণ্ বাধিকা রমণী সর্বাদা শ্রীশ্রীবালগোপাল মৃত্তির ভজন পূজনে অতিবাহিত করিতেন। তিনি বাত্তি ২টার সময় উঠিয়া শৌচাদি সারিয়। ৩টার সময় হইতে জপে বাসয় তৎপর দিন ৮টা ৯টার সময় জপ সাঙ্গ করিয়া স্থান ও শ্রীশ্রীরাধাঞ্চকজীয় দর্শন ও দেবা কার্য্যে যোগদান করিতেন। পরে আহারান্তে পুনরায় জ্ঞপে বসিতেন ও সন্ধ্যায় আরতি দর্শন করিবার পর পুনরায় অনেক রাত্রি পর্যাস্ত জপে কাটাইতেন। তারপর একটু হুধ পান করিয়া কয়েক ঘণ্টা মাত্র নিদ্রা ঘাইতেন। আবার রাত্রি ২টার সময় উঠিয়া ক্রমান্বয়ে পূর্বাহুরূপ কার্য্য করিতেন। এইরূপ তাঁহার বছকালের (ত্রিশ বংসরেরও অধিককাল) অভ্যাস ছিল। ঠাকুরের কথা লোক মুথে শ্রুত হইয়া ভক্তিমত্নী অর্থোরমণি কয়েকবার দক্ষিণে-খরে আদিয়া ঠাকুরকে দর্শন করিয়া যাইতেন। কামারহাটিতে একদিন ঐক্লপ রাত্তি তিনটার সময় অপে বসিয়াছেন, এমন সময় দেখেন, আইীরামকুঞ্চদেব তাঁহার নিকটে বাম দিকে বদিয়া রহিয়াছেন এবং ঠাকুরের দক্ষিণ হস্তটী मूटी क्तात यक तथा याहेटक्ट । पिक्लिश्यदा ठीक्तरक त्यम पर्नन करतन, এখনও সেইরূপ স্পষ্ট জীবস্ত! ভাবিলেন একি, এমন সময় ইনি কোথা থেকে, কেমন ক'রে হেথায় এলেন ?" এই ভাবিয়া ব্রাহ্মণী বাঁ হাত দিয়া যেমন ঠাকুরের বা হাতথানি ধরিলেন, অমনি সে মূর্ত্তিথানি অন্তর্ভিত হটুরা সত্যকার গোপাল হামা দিরা, এক হাত তুলিরা ব্রাহ্মণীর মুখের ট্রিকে চাহিরা বলিলেন, "মা, আমার ননী দাও!" ব্রাহ্মণী দেখিয়া আনন্দিত হইয়া তথনিই সেই অবস্থায় দক্ষিণেশ্বরে ঠাকুরের নিকট আসিয়া ঠাকুরকে কোলে বসাইয়া মা যেমন ছেলেকে খাওয়ায় সেইরূপ ভাবে ক্ষীয়, সর, ননী খাওয়াইতে লাগিলেন। সেই দিবস হইতে ব্রাহ্মণী ঠাকুরকে ভাহার ইষ্টমূর্ত্তি বালগোপাল জ্ঞানে সেবা করিতেন।

ঠাকুর তীর্থ পর্য্যটন কালে, বুন্দাবনে যাইয়া একদিন নিধুবনে ভ্রমণ করিতে গিয়াছিলেন। তথায় সিদ্ধপ্রেমিকা বর্ষিরসী তপস্থিনী গঙ্গা মাতার সহিত তাঁহার সাক্ষাৎ হয়। তঞ্চন তাঁহার বয়স প্রায় যাট বৎসর হইবে। ঠাকুরকে দর্শন করিবামাত্র গঙ্গামাতার আনন্দসিন্ধ উথলিয়া উঠিল। তিনি <sup>\*</sup>আরে! হুলালী (শ্রীমতির নামবিশেষ) ছুলালী!<sup>\*</sup> বলিরা প্রেমালিঙ্গন করিলেন। ঠাকুর তথন বাহ্ন-চৈতক্ত হারাইয়াছিলেন। গঙ্গামাতার নয়নধুগল হইতে প্রেমাশ্র বিগলিত হইতে লাগিল। বোধ হইল যেন কি বলিবেন, কিন্তু অপবিমিত আনন্দ হইলে যেমন ৰাক্রোধ হইয়া যায়, তাঁহার তদবস্থা উপস্থিত হইয়াছিল। এইরূপে কিয়ৎকাল অতিবাহিত হইলে পর ঠাকুর পূর্ব্ব প্রকৃতিস্থ হইলেন এবং উভয়ে ঠারে ঠোরে নানাপ্রকার কথা কহিলেন। দে সকল কথার ভাব কেহ বুঝিতে পারে নাই। বছকাল ধরিয়া শ্রীশ্রীরাধাক্বফের প্রতি গঙ্গামাতার প্রেম-বিহ্বল ব্যবহার দেখিয়া এখানকার লোকে. শ্রীরাধিকার প্রধানা সঙ্গিনী ললিতা সধী, জীবকে প্রেম শিক্ষা দিবার জন্ম অবতীর্ণা বলিয়া শনে করিত। ইনি ঠাকুরকে দর্শন মাত্রেই ঠাকুরের শরীরে শ্রীমতি রাধিকার স্তায় মহাভাবের প্রকাশ দৈথিয়া, ঠাকুরকে শ্রীমতি রাধিকাই স্বয়ং অবতীর্ণা ভাবিয়া 'তুলালী' বলিয়া সম্বোধন করিয়াছিলেন। ঠাকুর যতদিন সেথানে ছিলেন, গলামাতা স্বহন্তে আহারাদি প্রস্তুত করিয়া ঠাকুরকে ভোজন করাইতেন এবং সর্বাদাই তব্ব প্রসাক্ত দিন যাপন করিতেন। এখাম वुन्तावन रहेर्ड यथन श्रेकृत প্রত্যাগমনের অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন, গ্ৰদামাতা বিষাদিত হুইয়া নানাবিধ প্ৰতিবন্ধক জন্মাইয়াছিলেন। কিন্তু ঠাকুর নানাবিধ প্রবোধ বচনে সান্তনা করিয়া কলিকাতাভিমধে বাতা করিলেন।

ক্লিকাতার অন্ত:পাতী কলুটোলা নামক পল্লীতে একটা চৈত্র সভা ছিল r

তথায় ঠাকুর একদিন প্রীমন্তাগবত পাঠ গুনিতে গিয়াছিলেন। পাঠ গুনিতে ভুনিতে হঠাৎ প্রভু ভাবাবেশে শ্রীচৈতগ্রদেবের আসনে দাঁড়াইয়া একেবারে সমাধিস্থ হইয়া পড়িলেন। এই বিষয় লোকমুথে ক্রমশঃ কাল্নায় এটিচতন্ত পদাশ্রিত সিদ্ধ ভগবান দাস বাবাঞ্জীর কর্ণগোচর হইল। তিনি এই ব্যাপারে অর্থাৎ তাঁহার ইষ্ট্রদেবতার আদন একজন অজ্ঞাত নামা মানবের দারা গৃহীত হইয়াছে ভনিয়া যারপর, নাই রাগান্বিত হইয়া অষ্থা কটু কাটব্য বলিয়াছিলেন। একদিন ঠাকুর স্বতঃ প্রেরিত ছইয়া কাল্নায় যান এবং লোক মুথে ঠিকানা জানিয়া ক্রমে ভগবান দাদ বাবাজীর আশ্রম সন্নিধানে উপস্থিত হইলেন। বাবাজীকে কেন্ন কথা বলিবার প্রবেষ্টি সিদ্ধ বাবাজী স্বতঃই বলিয়া ছিলেন, "আশ্রমে যেন কোনও মহাপুরুষের আগমন হইয়াছে, বোধ হইতেছে।" পরে ঠাকুরের মুভূমুভ ভাবাবেশে ও উন্দাম আনন্দে বাবান্ধী মোহিত হইয়া দেখিলেন যে, যে মহাভাবের শাস্ত্রীয় আলোচনা ও ধারণায় তিনি এতকাল কাটাইয়াছেন, তাহাই ঠাকুরের শরীরে নিত্য প্রকাশিত! পরে যথন বাবাজী ভনিলেন, ইনিই কলুটোলার হরি সভায় ভাবাবেশে আত্মহারা হইয়া ঐীচৈতভাসন অধিকার করিয়াছিলেন, তথন, তিনি যে ঠাকুরকে অযথা কটুকাটবা বলিয়া-ছিলেন, তজ্জন্য ওাঁহার মনে ক্ষোভ ও পরিতাপের অবধি রহিল না। তিনি ঠাকুরকে বিনীত ভাবে প্রণাম করিয়া তজ্জন্য ক্ষমা প্রার্থনা করিলেন।

যে সময় ঠাকুরের অদৃষ্ঠ পূর্ব্ব ঈশ্বরাম্বরাগ ও ব্যাকুলতা, উন্মন্ততা ও শারীরিক ব্যাধি বলিয়াই অনেকটা গণা হইয়া আসিতেছিল, সেই সময় ভৈরবী বেশ ধারিণী একটা উচ্চদরের সাধিকা ব্রাহ্মণী হঠাৎ দক্ষিণেশরে আসিয়া উপস্থিত হন। তিনি ঠাকুরকে দেখিয়া, সকলের সমক্ষে প্রকাশ্রে বলেন যে, "ইহার মহাভাবের অবস্থা। উন্মন্ততা অথবা শারীরিক ব্যাধি নহে। যে মহাভাব শ্রীরতি রাধারাণী ও শ্রীচৈতক্ত মহাপ্রভুর হইয়াছিল, ইহা সেই মহাভাব।" এই বলিয়া তাঁহার নিকট প্রীচৈতক্ত চরিতামূত ও শ্রীচৈতক্ত ভাগবতাদি যে সকল ভক্তিশাক্ষ ছিল, তাহাতে অবতার পুরুষদের দেহমনে ঈশ্বরপ্রেমের প্রবলবেগ কিরুপ লক্ষণ সকলের আবির্ভাব করে, ভদ্বিয়্য শাস্ত্রবচন হইতে ঠাকুরের লক্ষণ সমূহের সহিত যথা সাধ্য মিলাইয়া নিজ বাক্য প্রমাণিত করিতে লাগিলেন। আরও রাসমণির জামাতা প্রভৃতি কালীবাটীর সকলকে বলিলেন, "শাস্ত্রজ স্থপণ্ডিত সকলকে

আন, আমি তাঁহাদের নিকট আমার একথা প্রমাণিত করিতে প্রস্তুত আছি।"
এই কথায় সকলে বিশ্বাস স্থাপন করিতে না পারিলেও কৌতৃহলের বশবর্ত্তী
হইয়া দক্ষিণেশ্বর কালীবাটীতে শাস্ত্রক্ত পণ্ডিতদিগকে আনাইয়া এ বিষয়ের স্থির
সিদ্ধান্ত করিবার উদ্যোগ হইল।

কলিকাতার বৈষ্ণৰ মহলে তথন বৈষ্ণবচরণের খুব প্রতিপত্তি, তিনি 🕮 মন্তাগবতগ্রন্থ স্থন্দর ভাবে ব্যাখা। করিয়া পাঠ কঁরিতে পারিতেন। 🗓 🗗 যে কেবল মাত্র পণ্ডিত ছিলেন, ত'হা নহে; তিনি একজন ভক্ত সাধক বলিয়াও সাধারণে পরিচিত ছিলেন। তাঁহাকে আনাইবার জন্য মনোনীত করা হইল। বীবভূম অঞ্চলের ইনেশের গৌরীপণ্ডিতের অসাধারণ ক্ষমতা ও পাণ্ডিত্যের কথা শুনিয়া তাঁহাকেও আনাইবার সম্বন্ধ করা হইল। বৈষ্ণবচরণ আহুত হুইয়া কতকগুলি ভক্ত সাধক ও পণ্ডিত সহ দক্ষিণেশ্বরে আগমন করিলেন। বৈক্ষবচরণ সাধন প্রস্তুত স্ক্রদৃষ্টি সহায়ে ঠাকুরকে মহাপুরুষ বলিয়া চিনিতে পারিয়াছিলেন। এবং ব্রাহ্মণীর সকল কথাই হৃদয়ের সহিত অনুমোদন করিয়া বলিয়াছিলেন, "যে প্রধান প্রধান উনবিংশ প্রকার ভাব বা অবস্থার সন্মিলনকে ভক্তিশাস্ত্র 'মহাভাব' বলিয়া নির্দেশ করিয়াছেন এবং যাহা কেবলমাত্র ভাবময়ী শ্রীরাধিকা ও ভগবান শ্রীচৈতক্যদেবের জীবনেই এ পর্যান্ত লক্ষিত হইয়াছে, কি আশ্রুষ্যা, তাহার সকল লক্ষণগুলিই ইহাতে প্রকাশিত বলিয়া বোধ হইতেছে ! জীবের ভাগ্যক্রমে যদি কথন জীবনে মহাভাবের আভাস উপস্থিত হয়, তবে ঐ উনিশ প্রকারের অবস্থার ভিতর বড়জোর গুই পাচটা অবস্থাই প্রকাশ পায়। জীবের শরীর ঐ উনিশ প্রকার ভাবের উদ্দাম বেগ কথনই ধারণ করিতে সমর্থ रुव नारे, এবং माख बरलन. शारत अधारण कथन ममर्थ रहेरत ना।" **এই विना**री সাধক বৈষ্ণবচরণ চিরজীবনের মত ঠাকুরের শ্রীপাদ পল্মে আশ্রম গ্রহণ করেন।

ইংর কিছুদিন পরে নিমন্ত্রিত হইর। ইদেশের একজন বিশিষ্ঠ তান্ত্রিক সাধক গৌরীপণ্ডিত দক্ষিণেখরে আসিয়া উপন্থিত হইলেন। গৌরী দক্ষিণেখরে করেক-দিন থাকিয়া,—ঠাকুরের আকৃতি প্রকৃতি ও চালচলন দেখিয়া যথন শুনিলেন যে, পণ্ডিত বৈষ্ণবচরণ ঠাকুরকে অবতার বলেন, তথন তিনি বলিয়াছিলেন, "বৈষ্ণবচরণ ঠাকুরকে অবতার বলে ? তবে ত ছোট কথা বলে। আমার ধারণা, যাহার অংশ হইন্ডে বুগে যুগে অবতারেরা লোক কল্যাণ সাধনে জগতে

অবতীর্ণ হইরা থাকেন, যাঁহার শক্তিতে তাঁহারা ঐ কার্য্য সাধন করেন, ইনি তিনিই। এ বিষয়ে যদি কেছ বিরুদ্ধ পক্ষাবলম্বনে আমার সহিত বাদে প্রবৃত্ত হয়, তাহা হইলে আমি আমার ধারণা প্রমাণ করিতেও প্রস্তুত আছি।" ঠাকুর বালকের ন্যায় বলিলেন, "তোমরা সব এত কথা বল, কিন্তু কে জানে বাবু, আমি ত কিছু জানিনা।" গৌরী বলিলেন, "ঠিক কথা। শাস্ত্রও ঐ কথা বলেন— আপনিও আপনাকে জানেদ না। অতএব অন্যে আর. ফি ক'রে আপনাকে জানবে বলুন! যদি কাহাকেও কুপা ক'রে জানান, তবেই সে জানতে পারে।" গৌরী দিন দিন ঠাকুরের প্রতি আকৃষ্ট হইয়া, ঠাকুরের দিবা সঙ্গুণে সংসারে তীব্র বৈরাগ্য লাভ করিয়াছিলেন। পাছে ক্রী, পুত্র, পরিজনেরা দক্ষিণেখরে আসিয়া তাঁহাকে টানাটানি করিয়া সংসারে পুনরায় লিপ্ত করে. এই ভাবিয়া পণ্ডিতজী ঠাকুরের শ্রীপদে প্রণাম করিয়া সজল-নয়নে বিদায় প্রার্থনা করিলেন। ঠাকুর বলিলেন, "সেকি গৌরী, সহসা বিদায় কেন? কোথায় যাবে?" গৌরী করযোড়ে উত্তর করিলেন—'আশীর্কাদ করুন, যেন অভীষ্ট সিদ্ধি হয়। ঈশরু বন্ধ লাভ না করিয়া আরু সংসারে ফিরিব না।' ভাষবধি সংসারে আরু কথনও কেই বহু অমুসন্ধানেও গৌরী পশুতের দেখা পাইলেন না।

> (ক্রমশঃ) ত্রীহরিপদ নন্দী।

# অৰতার-স্ত্ৰতি ।

প্রলম্ন-সলিলে যেই দিন এই পৃথিবী ছিল গো মশ্ম, উদ্ধারিলে বেদ জলরাশি হ'তে, স্তব্ধতা করিলে ভগ্ন। ওকারের মহাত্ত্বার উঠিয়া ছাইল গগনময়, জন্ন বিশ্বপতি মৎস্য মূরতি, জন্ন হে তোমার জন্ম।

বুরাত রূপেতে বজ্র-দ্রংট্টে করিলে উদ্ধার বিশ্ব; সমুদ্র মথনে কৃষ্ম রূপ ধরি হইলে স্বার নমস্ত। পৃষ্ঠে ধরিলে মন্দর তুমি, বিশ্মিত দেবতাচয়; জয় হে বরাহ-কৃষ্ম মুরতি, জয় হে তোমার জয়।

### ( 10 )

দৈত্যপতি হিরণাকশিপু জিনিয়া স্বর্গ—অমরাবতী, গর্ম-ক্ষীত মন্ত দানব লোহিত রক্তে ভাসাল ক্ষিতি। দানবপতির তনয় প্রহুলাদ ছিল গো তোমার ভক্ত, অনলে, সলিলে বধিতে তাহারে হলোনা তাহারা শব্দ। ভক্তেরে রক্ষিলে হিরণ্য বধিয়া, ওহে ভক্তপ্রাণা রাম্-জয় হে নুসিংহ ম্রতিধারী গাইব তোমার নাম।

### (8)

প্রহলাদ-পৌত্র বলির নিকটে আনত হইল স্বর্গ, ঘশো গানে তার পূরিল ভুবন — অসীম শৃক্তমার্গ। ভীত অতি দেবতা নিচয়, হেরি অদম্য প্রস্থাব তার, শরণ লইল তোমারে দবে—তুমি দেবের কর্ণধার। বামন রূপেতে লইলা জনম পরিদ্র ব্রাহ্মণ ঘরে, ত্রিপাদ ভূমি ভিক্ষা ভূমি যাচিলা বলির ছারে। ছই পদে তোমার স্বরগ-মর্ত্য—তৃতীয় চরণে বলি, "জয় হে বামন" দেবতা গন্ধৰ্ব গায় হ'য়ে কুতৃহলী।

ক্ষত্রিয় দর্প করিতে থবা আদিলে তুমি দর্শহারী ! জমদ্যি ঘরে--ঋষিপুত্র হ'য়ে জনম নিলেন হরি। পরগু আঘাতে একবিংশবার করিলে ক্ষল্রিয় ধ্বংশ, পরশুরাম নাম খনিরা কম্পিত হ'ল ক্ষান্ত্র বংশ।

জিমালে পুনঃ অযোধ্যা নগরে লইয়া অপার প্রতিভারাশি, পিতৃ আজ্ঞায় স্বেচ্ছায় তুমি হইলে ঘোর অরণ্যবাদী। ভার্য্যারে হরণ করি নিয়ে গেল রাবণ লঙ্কাধিপতি, নাশিলে তাহারে সবংশেতে তুমি স্থগ্রীবে করিয়া সাথী। বনবাস দিলে প্রিয় বনিতায়, প্রজারঞ্জনের তরে, আদর্শ রাজা—আদর্শ পুরুষ দেখালে ব্লাম অবতারে।

দ্বাপরে নাশিতে ধরিত্রীর ভার ক্ষজিয় ঘরে জিমালা, পালিত হইলা গোপরাজ গৃহে—কত না থেলিলা থেলা। কুরুক্ষেত্র রণে নাশি ক্ষিতি ভার—অর্জুনে দিলেক শিক্ষা, জ্ঞান-কর্মধোগ, ভক্তিযোগ আদি কত না করিলে ব্যাখ্যা। "মা ক্লৈব্য গচ্ছ" বলিয়া অজ্জুনে শিখালে ক্ষত্ৰিয় ধৰ্ম, কুষ্ট অবতারে দেখালে সবারে আদর্শ নিষ্কাম কর্ম।

( b

শান্ত প্রকৃতি বুদ্ধ ম্রতি ধরিয়ে এলে পৃথিবী'পরে, তাজিয়া ঐশ্বর্যা সাজিলা সন্ন্যাসী ধরার হিতের তরে। পিতা-মাতা-পত্নী-পুল-পরিজন নারিল করিতে বন্ধ, জীবের হৃঃথ করিবারে দূর চলিলে হইতে বুদ্ধ। "অহিংসা পরম ধঝ" প্রচার করিলা এ নিখিল ভবে, 'জন্ম বুদ্ধ' বলি এ মহামন্ত্র গ্রহণ করিল সবে।

জেরুজালেমে খ্রীষ্ট রূপে জিনালে 'মেরী'র গর্ভে, অদ্ধি পৃথিবী গৌরব ভরে নমিছে তোমায় সর্বে। কিন্তু হে তথন অবিশ্বাদীগণ কত না দিলেক কষ্ট, ক্ষমার আধার তুমি হে যীগু। তাহাতে হ'লে না রুষ্ট। 'কুশ' কাঠে জীবন তোমার নাশিল হঠ ইহুদিচয়, (ভাই) কুশ চিহ্ন পবিত্র মানিয়া গ্রীষ্টান গায় তোমার জয়। ( > )

ভূলি সত্যধর্ম আরণে যখন প্রস্তর পূজিত সবে, বিতরিতে সবে সত্য----আলোক আসিলে তুমি এ ভবে। লইলে জন্ম মদিনানগরে মহস্মাদ ধরিয়া নাম, 'একেশ্বর বাুদ' করিয়া প্রচার সিদ্ধ করিলে মনস্কাম।

( >> )

বাণীর আবাদ নবদ্বীপ ধবে ভূলেছিল ভব্জিতন্ব,
ভদ্মজানের তর্কলযে সবে দদাই থাকিত মন্ত;
ভক্তিযোগ ভূমি শিথাইতে সবে জনমিলে নবদ্বীপে,
জ্ঞানযোগী পণ্ডিত সকলে বিশ্ব ঘটাল অশেষরূপে।
ভেদজ্ঞান ভূমি করিলে নির্বাণ, প্রেমে ভাদিল ভারতবর্ষ—
প্রেমের ভোড়ে ভেসে পেল সব, খুচিল সবার অমর্ষ।
নাম গুণ গানে জগাই মাধাই—কত পাপী গেল তরে,
প্রেমের আদর্শ মূরতি দেখালে ব্রিচ্তুক্ত অবভারে:

( >2 )

উপারে কারো নাইকে। বিশ্বাস—ধর্ম ল'রে করে তর্ক,
আসিলে তাই এ ভব মাঝারে লরে 'সমন্বন্ধ' বালার্ক।
'কুদিরাম'\* ঘরে লইলা জনম, কামারপুকুর প্রামে,
'দক্ষিণেষরে' দিবানিশি ভূমি বিভোর "মা ঋ" নামে।
"বে ভাবে তাঁহারে ডাকনা কেনরে সবাই হবে তার প্রায়ে,
কেনরে সদাই ধর্ম লইরা বিবাদে থাকিস্ মন্ত ?"
যেদিন এ বাণী শুনিল সবে হইল ধর্ম সমন্বর,
গগন ভেদিয়া উচ্চ রোলে উঠিল "শ্রীরাম্বুক্ষ জ্বর্ম"।
বোবিল ভোমার মহিমাবিশ্বে, ''রাম" "বিবেকানন্দ" বীর,
ভণ্ডিত হ'লো বিশ্ববাসী—সম্বামে নত করিল শির।

' ( 50 )

বধন ধর্ম্মের হয় হে গ্লানি অধর্মের প্রভাব বাড়ে, বুগে বুগে ধর্মা করিতে স্থাপন আদ তুমি নরাকারে। জনতের হিতে মতি থাকে যেন, না ভূলি ধর্মা-মার্গ, বেখো হে দদাই ও পদনলিনে— চাহিবনা কভূ স্বর্গ।

শীনলিনীকুমার চক্রবর্তী।

### काकारमञ्ज कथा।

কথায় বলে, "কাঙ্গালের কথা বাদি হইলে মিষ্ট লাগিবে", এ কথা অতি সত্য, ব্যাপার লইয়াই হউক, আর রূপ, রুস, গন্ধ বা শব্দের ফাঁদে পড়িয়াই হউক। ঠেকিয়া শিক্ষা করা অপেকা, কথা শুনিয়া কিয়া দেখিয়া শিক্ষা করা সম্ধিক প্রশংসনীয়, কারণ জালা সহিতে হয় না। কিন্তু কাঙ্গালের "ঠেকিয়া শেখা-নয় কথা শোনা," অনেক ঠেকিয়া, বিস্তন্ন দাগা পাইয়া, জালায় কর্জনীভূত হুইয়া তবে ভগবান শিখাইয়াছেন—কাঙ্গাল দাজাইগছেন। দেকি একবার ঠেকা. পুনঃ পুনঃ ঠেকিয়া – তবু পিয়াসা মেটেনা—িক নেশা—নেশা কি সহজে যাইতে চাহে, अप्यत्मक कांनिया-कांनियां ज्या ज्या न्यामय- मकन ब्यामा नृत कतिया कांकान নাজাইয়াছেন-এমন কাঙ্গালের কথা শুনিবে কি? এরপ মার্কামারা কাঙ্গালের কথা শুনিতে হয়, কেননা তাহার প্রাণে বড় ভয়, পাছে কেউ তাহার মত দিশে-হারা হইয়া,—ছনিয়ার দ্বণিনের মজায় বেজায় দাগা বাইয়া বুকে শেল বিদ্ধ হইয়া. জ্লিয়া পুড়িয়া মরে! ঐ যে দেখিতেছ, আপাতমধুর নম্ন ঝলসান, আহামরি ব্যাপার-মনে বুঝি হইতেছে-উহাতে বড় সুণ, বড় আনন্দ, স্ব ভুলিয়া উহাতে ডুবিয়া থাকি, কিন্তু ভাই, উহা বড় ভয়ঙ্কর –প্রাফুটিত পুশের নিমে কাল ফণিনী লুকাইত বহিয়াছে, এখনি দংশাইবে – সাবধান, উহাতে অনেক বাবু—অনেক হোমরা চোমরা কাবু হইয়া বিষের আলায় হা হুতাশ করিতে-ছেন! বাছিরে বেশ লৈফাফা দোরন্ত যেন প্রফটিত গোলাপটী, কিন্ত ভিতরে কালি পড়িয়া গিয়াছে ! কেমন "ভাবের ঘরে চুরি" চলিতেছে— ইহাই ছনিয়াদারী। যদি তুমি ছনিয়াদারীর বাহির হইতে চাও, মাটির যাত্রৰ হইতে চাও, তোমার একজন আছে—তাহাকে চিনিতে চাও, তাহা হইলে সকলে, তোমাকে পাগল বলিবে, সকলে তোমার পূর্ব্বের অবস্থার ন্যায় দিন-কতক ভাবিবে "বোকা"। **এমন "বোকা**" হওয়া ধন্য। শ্ৰী**শ্ৰীভক্ষাল গ্ৰাছ** উল্লেখ আছে, করমেতি বাই পরমা ভক্ত-ক্লফপ্রেমে পাগলিনী, বীর গিরিশ বাবু তাঁহাব উক্ত গ্রন্থে করমেতির আফটী উক্তি দিয়াছেন, তাহা অতি প্রন্দর :--

"নয়তো মিছে আমার কে আছে, শুন্য মনে বেড়াই ধখন, সে বেড়ায় পাছে সাছে ! কোথায় যেন তারে দেখেছি---

দেদিন থেকে মনের ভিতর লুকিরে বেখেছি। দে বলেছে, তাইতে এসেছি, মন রেথে তার সদাই চলি, অভিমান করে পাছে। লুকিয়ে থেকে আমায় দেখে, দেখলে সরে যায়, ভূলে যাই কত কথা বলে সে আমায়; বলবো কি আর, ফুরার না কথায়। বুঝুতে নারি সে ফেরে কি, আমি ফিরি-ভার পাছে॥

এমন পাগল হইলে বুঝিতে পারিবে না-সে তোমার পাছু ফিরিতেছে, কি তুমি তাহার পিছে ফিরিতেছ।

**এই এটাকুর— এ**মূথে বলিয়াছেন, কলিযুগে "সতাই" একমাত্র তপন্তা, **অন্ন**গত প্রাণ জীন-অন্য সাধন ভজন হন্নহ, সত্যে আঁট থাকিলেই হইল। সতা কি না 'দং,' একমাত্র এ জগতে "ঈশ্বরই সং, আর সব অসং" তাঁহাকে ধরিরা থাকিলেই, তাঁহার এচরণে আত্ম সমর্পণ করিতে পারিলেই—্থা সো করিয়া একবার বুড়ী ছুঁইতে পারিলেই নিশ্চিত্ত; আর চোর হইয়া ভব কারাগারের করেদী হইতে না।

> কণমিহ সজ্জন সঙ্গতি রেকা ভবতি ভুৱার্ণব তরণে নৌকা॥

"সব শেরানের এক রা" ঐ দেখ, শঙ্করাচার্য্য মহারাজ বলিয়াছেন-এক কণমাত্র সজ্জন সঙ্গতি—'সৎসঙ্গ' ভবসমূদ্র পার হইবার নৌকা স্বরূপ। ভাই "সংসক্ষই" একমাত্র উপায়, সংসঙ্গ লাভ হইলে সকল দিক আপনিই বজার হইবে। ঠাকুৰ বলিয়াছেন, "এলে গেলেই হয়"। তাই বলিতেছি দিন পাকিতে একটু সংসঙ্গের নেশা করিলে হয় না ? এ ভারি মৌতাতী নেশা –বড় জমারেৎ ধৌরারি আদৌ নাই, এ নেশায় তোমার সকল নেশা কাটিনে। একটু করিরা ধাইয়া দেখিলে হর না ? জন্ম প্রভু রামক্ষক। কালাল।"

# यारगाष्ट्रारन के मोतामक्ष्य-भावनावनी।

### ১৩২২ माल, ৮১ वश्यकृष्णीय ।

- ১। ১লা বৈশাধ, বৎসরের প্রথম দিনে বিশেষ পূজা ও প্রর্থনা, প্রাভূত্র থেচরায় ও নানাবিধ ফলমূল ও মিষ্টায় ভোগ হয়।
- ২। ১৪ই জ্যৈষ্ঠ, '২৮শে মে, শুক্রবার ফুলদোল। এই দিন শ্রীশ্রীঠাকুর ভাঁহার শ্রীচরণাশ্রিত সেবক মহাত্মা রামচন্দ্রকে বিশেষ ক্লপা করিয়া ভক্তগণ সমিভিব্যাহারে তাঁহার ২৬ নং মধুরার লেনস্থিত আবাদে প্রথম শ্রীচরণধূলি প্রদান করেন ও তাঁহার আঙ্গিনার প্রেমের উজান বহিয়া যায়। ইহা বিশেষ শ্বরণীক্ল দিন। সেই জন্ত সেবকমণ্ডলী প্রতিবৎসর এই দিন উপবাসী থাকিয়া, রাজ্র ৮ ঘটিকার সময় শ্রীশ্রীঠাকুরকে পুশ্মালা প্রভৃতি দ্বারা সাজাইয়া বিশেষ পূজা করেন ও ভোগরাগ দেন, তৎপরে শ্রীচরণামৃত ধারণ ও মহাপ্রসাদ গ্রহণ করেন।
- ৩। ২৯শে আবাঢ়, ১৪ই জুলাই, বুধবার রথঘাতা। এই দিবস অপরাক্ষে

  শীর্মীঠাকুরের ভক্ত ও শিল্প ৮মনোমোহন ফিত্র মহাশরের পুত্র শীমান গৌরীমোহন মিত্র, তাঁহার আবাসবাটী হইতে ঠাকুরের শীম্রি রথে করিয়া যোপোঞ্চানে
  সংকীর্ত্তন করিতে করিতে লইয়া আইসেন; এখানে ঠাকুরের রথ ৭ দিন থাকে।

  ই শাবণ, ২১শে জুলাই, বুধবার পুন্বাত্রার দিবস বৈকালে মহানন্দে ভক্তপশ

  রথে শীম্রিসহ প্রভাবর্ত্তন করেন।
- ৪। ১৫ই ভাদে, >লা সেপ্টেম্বর, ব্ধবার জন্মান্টিমীর দিন, জগতের
  জয় শীলীঠাকুরের নিত্য-আবির্ভাবের দিন সমাধির দিন। মহাম্মা রামচক্র ইহাকে
  শীলীরামকুষ্ণমহোৎসব বা নিত্য-আবির্ভাব উৎসব বলিতেন। ৭ই ভাদ্র
  ২৪শে আগষ্ট, মজলবার রাত্র ৩২৩৯ সেকেও সমরে প্রতিপদ সম্পরে প্রভূত্র
  আরতি করিয়া পর্বারম্ভ করা হয়। মজলবার দিবারাত্র সেবকমওলী উপবাসীর
  থাকিয়া আরতি ও ভোগের পর শীচয়ণামৃত ও মহাপ্রসাদ ধারণ করিবেন।
  প্রতিপদ হুইতে সপ্রমী পর্যান্ত নিত্য হাঁড়ি হাঁড়ি দাল ও ভাত ভোগ হয় এবং
  জন্মান্টমীর দিন, প্রভূব সমাধির দিনে, তাহার ইচ্ছাকুরপ কার্য্য হইয়া থাকে।
  সমাধির বৎসর হুইতে উনবিংশ কর্ষকাল অতীত হইল, প্রতিবৎসর যোগোজানে
  নানা দেশ হুইতে সম্প্রদায় সকল রামকৃক্ষ শুণগান করিতে আসিয়া থাকেক

এবং তাঁহাদের ভক্তিতে যোগোভানের এক অপূর্ব্ব শোভা সম্প্রাদিত হইরা থাকে। তাঁহাদের বিরহস্চক হৃদরভেদী রামক্তফ-গুণ-গানে অতি পাষপ্তেরঞ হাদয় ভক্তিরসে আর্ড হইয়া যার। এই আট দিন প্রভুর মঙ্গল আর্ডি ও ভোগ আরতি হয়। তিথির দিন ও মহোৎসবের দিন ঠাকুরের নবৰম্ব। মহোৎসবের দিন মহাত্মা রামচক্রের নববন্ত।

- ে। ২৮শে আখিন, ১৫ই অক্টোবর শুক্রবার, প্রীঞ্র্রাপুলা, তিন দ্বিন খেচরান্ন ভোগ, মহাষ্টমীর দিন ভোগারতি, বিজয়ার দিন পূজার পর জলপানির স্থিত দধিকড্মা। পঞ্চবাঞ্জন সহিত অন্নভোগ ও ক্ষীর থালো। তিন দিন বক্তচন্দন ও বিৰপত্ৰ পূজা। মহাষ্ট্ৰী ও বিজয়ার দিন ভক্ত সমাগম। ৫ই কাৰ্ত্তিক, শুক্রবার, কোজাগরী লক্ষীপুজার দিন রাত্রে চিড়া নারিকেল ভোগ।
- ७। २०শে কার্ত্তিক, ৬ই নবেম্বর—শনিবার শ্রীশ্রীকালীপুরা, রাজ ৮টার সময় ঠাকুর যেরূপে ভামপুকুর বাটীতে পূজা করাইয়াছিলেন ও পূজা কইয়াছিলেন, সেইরূপ রক্তচন্দন-বিষপত্তে পূজা ও সঙ্কীর্ত্তন। সকলে সচন্দন বিষপত্তে অঞ্চলী প্রদান। তৎপরে লুচি তরকারী ও অজীর পায়স ভোগ। দিবসে থেচরায় ভোগ।
- १। २७८म कार्छिक, >२हे नत्वम्त्र, एकवात्र-- एक्रास्कीत मिन महाचा वाम-চক্তের জনাতিথি পূজা, নব বস্ত্র। ঠাকুরের থেচরায় ও পায়দার ভোগ, পূজার সময় মাথন মিছরি প্রভৃতি। পরে ২৯শে কার্ত্তিক, ১৫ই নবেম্বর, সোমবার **এতিজগদ্ধাতী পূজার দিন এতীগ্রামককোৎসব, কাঙ্গালী-ভোজন** ইত্যাদি।
- ৮। वह शोष, २६८म फिरमबर, मनिवात वक्ति—यो ७ औष्टित समानिन। বিশেষ পূজা, ভোগরাগ প্রার্থনা।
- ১৬ই পৌষ, ১লা জাতুয়ারী, শনিবার প্রীপ্রীকরতক উৎসব। বিশেষ পুৰা ও প্রার্থনা, সন্ধীর্ত্তন, খেচরায় ভোগ, ভক্ত সমাগম ও প্রদাদ বিভরণ। ঠাকুর এই বিশেষ দিনে কর্মভক্ষভাবে জগতের সকলকে "হৈডভা হউক" বলিয়া অশীর্কাদ कविवाहित्वन । भराषा त्रामहत्त त्मरे स्रायात्म याशास्त्र मण्डल পारेबाहित्वन, ঠাকুরের সমূবে টানিয়া লইয়া গিয়াছিলেন; ঠাকুর সকলের বক্ষে শ্রীহন্তার্পণ कतिश देहज्जमान कतिशक्तिना । वित्नव मिन ।

- ১০। ২০শে পৌর, ১৪ই জামুরারী, গুক্রবার—পৌব-সংক্রান্তির দিন নানা রকম পিঠা, বড়া প্রভৃতি ভোগ হয়।
- ১১। ২৫শে যাথ, ৮ই কেব্রুয়ারী, মঙ্গলবার—শ্রীপঞ্চমী বা সরস্বতী পূজা।
  মহাত্মা রামচন্দ্রের সমাধির দিন। খেচরার ভোগ, ঠাকুরের সন্মুখে ও পার্কে
  পুস্তক, লেখনী, বাজ্যক্ষ প্রভৃতি শ্রীপঞ্চমীপুজার সমস্ত আয়োজন, যথা—শর,
  কলম, যবের শীষ, আন্তমুকুল, আবীর, অত্র প্রভৃতি। এই দিবস মহাত্মা রামচন্দ্রের
  সমাধি যোগোদ্যানে দেওয়া হইয়াছিল। বিশেষ দিন।
- ১২। ২২শে কান্তন, ৫ই মার্চ্চ রবিবার—শ্রীশ্রীঠাকুরের ৮২ বাৎসরিক জনতিথি। ঐ দিন প্রাতে ৮।০৮।২১ সেকেওে শুরা দিতীয়া পড়িবে—সেবকগণ সমস্ত দিবস উপবাসী থাকিয়া সন্ধার পর ঠাকুরের জন্মতিথি পূজা করিবেন, ঠাকুরের নববন্ধ, আন্ধনুহর্তে মঙ্গল আরতি। ৮২ রামক্বঞান আরম্ভ। তৎপক্ষ দিসব ২৩শে ফান্তন সোমবার ঠাকুরের রাজভোগ।
- ১৩। ৬ই চৈত্র, ১৯শে মার্চ্চ, রবিবার—দোলোৎসব। পূর্ব্বদিন শনিবার ট্রাচরের দিন উপবাস, ঠাকুরের নববন্ধ, আতর, গোলাপ, পূশা প্রভৃতি স্থাগদ্ধি দবা দেওরা হয়; রাত্র ৮টার সময় বিশেষ পূজা ও আরতি, সরবৎ, ফল, মালপো ও মিটারাদি ভোগ হয়। পূজার সময় বিশেষ পূজা ও আরতি, সরবৎ, ফল, মালপো ও মিটারাদি ভোগ হয়। পূজার সময় প্রতিত্বদে আবীর দেওরা হয়। অতঃপর সেবক্মওলী ঠাকুরের চরণামৃত ও প্রসাদ ধারণ করেন। ব্রাহ্মমৃত্র্ব্বে মহল আরতি, দেবদোল, আরতির পর প্রচরণে আবির দেওরা হয়। পরে প্রাতে বিশেষ পূজা, থেচরার ভোগ, অপরাক্তে দোলোৎসব, সত্তীর্ত্তন, সেবক্মওলীর ঠাকুরকে লইরা হোলী থেলা, আবীর কুরুষ, গোলাপজন দেওয়া হয়। ফুট্কলাই, মৃড়কী, মঠ জ্ব মালপো ভোগ। চৈত্রসংক্রান্তির দিন রাত্রে গুড়-ছাড় ভোগ।

মঙ্গল আরতি —কার্ত্তিক ও নাম নাস্বর, পৌবের সংক্রান্তি হইতে আরস্ত। রাজভোগের পূর্ব্বে তিথিপূজার রাত্রে, দোলোৎসবে দেবদোলের সময় মহোৎসবেরও ৮ দিন প্রতিপদ হইতে জন্মান্তমী। মঙ্গল আরতির পক ঠাকুরকে মাথন, মিছরী ছানা, চিনি কিখা মোহনভোগ, ভোগ দেওয়া হয়।

নববন্ধ—ঠাকুরের; মছোৎসবে ২ থানি, রাজভোগে ১ থানি ও দোলে ১ থানি। মহাত্মা রামচন্দ্রের ঠাকুরের উৎসবে ১ থানি ও ত্বীয় জন্মতিথিতে ১ থানি। ইতি —বারোমানে তের পার্বাণ সমাপ্ত। যোগবিদাস্য

# नव वर्षत्र मखायन।.

এ পরিবর্ত্তনশীল নৃতনত্বপূর্ণ সংসারে বেমন সকল বিষরের পরিবর্ত্তন হইতেছে এবং সকল बच्च खमन नव कालवत्र धात्रण क्तिएउছ, जिन-माम-वरमत्राणि ५ एउमनि ন্ব নব রূপ ধারণ করিয়। মানবের নিকট সমুপদ্বিত হইতেছে। এই নৃতন্ত किस मत्त । मत्त द्वान कम-ना देश्याक्त न्डन मिन वमन कार्यायी मारगद >লার পড়িরা তাহাকে সমস্ত বংশরের ভাবি-চিত্রে আশাবিত এবং মুগ্ন করের, হিলুর তেমনি বৈশাথ মাদের ১লাটা বড়ই আনন্দের দিন। সেদিন সে পূর্ণ একটা বংসরের সমস্ত ছবিথানি বেন সম্মুখে দেখিতে পার—তার প্রাণে নব বলের সঞ্চার হয়। সে অতীতের ক্রটী এবং ভবিশ্বতের সংশোধন করনার প্রাণকে উদ্বন্ধ করে। মহামহিমামর ভগবানের অশেষ করুণা এবং অপার্থিব প্রেমকে জীবনের এক্মাত্র সম্বল জানিয়া সে সেই ছুইটীর প্রার্থনা করে। আহা ! তথন সে জানেনা রে অসাধুসক, অসংচিন্তা, পরনিন্দা, পরচর্কার আবার ভার নৃতন মন্থানি পুরাতন হইয়া ঘাইবে; আবার কামিনী কাঞ্চনের বোঝা লইয়া তাহাকে সংসারের কণ্টকময় পথে চলিতে হইবে। মানব করিবে কি ? সে যে স্বভাবত:ই বিশ্বরণশীল। সে একণে যাহা করিবে বলিয়া প্রতিজ্ঞাবদ্ধ হয়, পরক্ষণে ভাহা মনে থাকেনা---সে কাল বাহা করিবে স্থির করিয়াছে, কাল কাল বলিয়া কত কাল গত হট্যা যায়—দে এই মাসে যে সদাস্তান আচরণ করিবে ভাবিয়াছে, হায়রে ! কত মাস গত হয়, কিছ অফুষ্ঠান আর তার ভাগ্যে ঘটেনা ৷ এমন বিশ্বরণশীল মানবের উপায় কি ৷ উপার এই य क्ह यमि अत्र क्त्राहेश मिवात वक्क थारक, जरवहे क खाना मत्नत कथ्किः माराया रुप्त ।

এখন ব্ৰিলাম। এই ভোলা মনকে প্ৰতি মাসে একবার করিয়া জাগাইরা
দিবার জন্ম বৃঝি পরমপ্জাপাদ প্রেমিক সেবক রামচক্র তাঁহার প্রিয়তমা কন্মা
তব্মধানকৈ আমাদের বন্ধরূপে নিযুক্ত করিয়াছেন। তব্মধারী অন্টা ছিলেন,
কিন্তু এখন বিবাহ করিয়াছেন। জগবানে অটল বিশাসিই তাঁহার প্রামী, জ্ঞান
ভক্তি তাঁহার প্রক্তা। তব্মধারী বহু বৎসর বাবৎ পিতাকে হারাইরাও হারাণ
নাই। পিতার মুমার মুর্ত্তি ভূলিয়া গিয়া এখন চিমার মুর্ত্তি দর্শন করেন এবং
পিতাকেশ শিরোধার্য করিয়া শ্রীরামরুক্ত প্রচার-কার্ব্য চিরনিযুক্তা রহিয়াছেন।
শ্রীক্রীয়ামরুক্ত তব্মধারীর পিতামহ। পিতামহের মিক্ট পৌর্জীর শুর একেবারেই

খাকেন্য— দু পিতামছের কান্ধে পিঠে উঠিয়া আবদার করে। তাই তন্ত্বনঞ্জরী আজ এই নব বর্ষের দিন পিতৃপ্রদন্ত প্রচার কার্য্যে নিবিষ্টা থাকিয়াও ঠাকুরের কান্ধে উঠিয়া এই অধম পতিত মানবকুলের জন্য ভগবানকে আকুল কারতেছেন। তন্ত্বমঞ্জরী আজ উনবিংশ বর্ষ বয়স্কা। কিন্তু সে ছেলেমি—সে আবদার তাঁর যায় নাই—যাবার ও নয়।

কি বলিয়া তত্ত্বমঞ্জরীকে আজ অভিবাদন করিব। প্রেমমন্ত্রী ভগিনী বলিয়া সম্ভাষণ কার। ভগিনী! এই আঠারো বৎসর ধরিয়া অন্তর্ভাবনে যে এতগ্রহণ কাররাছ, তাহাতে মানবের কল্যাণ সাধিত হইরাছে ও হইবে। ভাগনী, সাধুগণ আপন গুণে এ ভবসাগর পার হহন। যাইবেন; কিন্তু পতিত কাছাল-शर्म अर्थ कि छेनाम विधान कविमाह । मारम मारम नव नव ब्राह्म नव नव আকে উপস্থিত হইয়া শ্রীশ্রীরামক্তফের নব নিব শীলা-প্রসঙ্গে নত পাকিয়া সঙ্গে সালে অমিতে থাক। কথনো অপথে চলিয়া গেলে পথে টানিয়া লইয়া এস। কখনে। সন্দেহ রাক্ষসার হত্তে পাড়লে তোমার আমত বীর্যোর সূহায়ে— আমাদিগকে উল্পুর কর। ভাগনী যাহার। তোমার চেয়ে বয়সে বড়, তারা ক্তি প্রেম ধনে বড় নয়। দেবী ! পিতা পিতামছের – গুরু ইষ্টের – চিরুদ্দ শাভ করিয়া তুমি দেবত্ব প্রাপ্ত হইয়াছ। দেবী। প্রভুর নামে পুথিবীময় কত অন্তান রাহ্যাছে। তুমি সে সকলের উপর ওড়দৃষ্টি রাখিয়া সে সকলের জ্বন্ত ভঙাশীৰ্কাদ প্ৰাৰ্থনা কয়। মানবপ্ৰাণে যাহাতে বেষানল বা ক্ৰোধানল জ্বলিতে না পারে, সেজত তুমি তোমার বাক্য স্থা বর্ষণ কর। প্রভুর সর্বধর্ম সমন্বরের ধ্বজা লইয়া মানবকে মানবের সঙ্গে মিলাইয়া দাও-প্রাণের অশান্তি অস্বান্তি দুর কর। দেবী! যদি সেই হিন্দুয্বন—ত্রাহ্মণ চণ্ডাল—সাকার নিরাকার বাদীর স্থায় ধন রামক্তফের চরণপ্রান্তে বসিয়া কেই ভেদমত্তে দীক্ষিত হর-কেহ বিবাদ বিসম্বাদে প্রবৃত্ত হয় কিম্ব। মনোমালিন্যে কর্জেরিত হয়, তবে তাহা-দিপ্তে প্রভূষ ধ্বজা দেখাহয়া, প্রভূর কথা তনাইয়া, প্রভূর মঙ্গলময় নাম করিয়া মিলনের পথে লছয়। আইম। ভাগনা, মানবকে বলিয়া দাও বে রামফুঞের মন্দির মিলন-মন্দির। দেখানে অমেলের ভাব থ্যুকিতে দেওয়া কোনো মতেই উচিত নর। তবে সে মন্দিরের অপমান হয়।

দেবী! আর কি বলিব ? সতাপথে, নিতাপথে, ধর্মণথে যাহাতে আমরা বিচরণ করিতে পারি—বাহাতে ভগবান্ শ্রীশ্রীরামক্বক্টের প্রেমমর স্থামাথা নামে আপান মাতিয়া ভাই বন্ধকে মাতাইতে পারি—বাহাতে পতিব্রতা, সরস্তা, সত্যবাদিতা হাদয়কে অধিকার করিতে পারে—বাহাতে শ্রীশ্রীশুক্দদেবের শ্রীচরণ শ্বরণ করিয়া প্রাণকে সার্থক করিতে পারি, যাহাতে "জর শুক্ষ জর রামক্রক" বলে প্রাণ সদাই নাচিতে পারে—প্রভুর নিকট আমাদের জন্য এইটুকু প্রার্থনা কর। নববর্ষে নববলে বলীয়ান হইয়া বেন শুকুইট্ট এবং তোমারও সেবা করিতে পারি। ইতি শক্ষেঃ শান্ধিঃ শান্ধিঃ।

## ত্রী ত্রী দ্বামকুষ্ণ ত্রীচরণ ভদ্মনা।



উনবিংশ বর্ষ, দ্বিতীয় সংখ্যা। জ্যৈষ্ঠ, সন ১৩২২ সাল।

# প্রার্থ।

হে কাঙ্গালের ঠাকুর পতিতপাবন প্রাণেশর! আজ বড় আশা, বড় সাধ
শইরা তোমার দীন সন্তান তোমার ত্রারে কর্যোড়ে তোমার মৃথ চাহিরা কাতর
ভাবে দণ্ডায়মান! তুমি না প্রভু করতক? তোমার প্রাণাধিক প্রিয়তম সন্তান
মহান্মা রামচন্দ্রের রূপায় তোমার করতক বলিয়া জানিয়াছি, ব্রিয়াছি প্রভু,
তুমি ভক্তের জন্ম সদাই আকুল, ভক্তের জন্ম তুমি সব করিতে পার, ভক্তের জন্ম
জোমার সনাতন নিয়ম থণ্ডন করিতেও কুন্তিত নও, নচেৎ প্রভু, আমার ন্যায়
অক্বতি অধম সন্তান কোন গুণে ভ্রেমার অভর ক্রোড়ে হান পাইয়াছে? নাথ!
এ জীবনে ত তোমার কখন প্রাণ ভরিয়া চাহি নাই, মোহ মদিরা পানে উন্মন্ত
হইয়া অক্রদিন অসার বাসনা চরিতার্থের জন্মই তোমার ধারস্থ হই, তুমিই ত
প্রেভু নিজগুণে সন্তানের সকল কালিমা নিজ অন্দে আদরে লেপন করিয়া
ভাহাকে ধুইয়া মুছিয়া নিজ অক্বে টানিয়া লও, ভোমার অভর করপন্ম ভাহার
আলাপুর্ব হলমে স্থাপন করিয়া সকল জালার নির্ভি কর। প্রভু!
প্রাণ ভরিয়া কালকুট পান করিয়া তোমার নিকট হইতে ছুটিয়া পলাইতে চাই,

ভুমিইত ঠাকুর, উর্দ্ধবাদে ছুটিয়া, পলা ফটোইয়া ডাকিতে ডাকিতে আগে বাইয়া পথ আঞ্বিনিয়া ধর। এত প্রভু প্রতিক্ষণেই প্রাণে প্রাণে প্রত্যক অমুভব ক্রিতেছি, ভূমিই ত নাথ তোমার অধ্ম সম্ভানের হুদ্যাসনে জাের ক্রিয়া চিরদিনের জন্ম বসিয়াছ। আমি তোমায় প্রাণপণে ভূলিতে চেষ্টা করিতেছি, তুমিইত প্রভূ যুরিরা ফিরিয়া আবার আমার সমূথে অভরামৃত্তিতে দণ্যায়মান আছে। কি মোহন হাসিই হাসিতেছ নাও! এস প্রভু, এস তোমায় পলকশু**ন্ত** নেত্রে নয়ন ভরিষা দেখি। ভূমি না প্রেমমর, তোমার বড় আদরের বড় আব্দারে প্রাণারাধ্য রামচক্রকে ছলনা করিয়া ধ্যান করিতে বলিয়াছিলে? তিনি 🗷 প্রাণপণ চেষ্টা করিয়াও তোমার বাক্য পালন করিতে পারেন নাই, পঞ্চবটীতে বুথা প্রয়াস পাইয়া পুনরায় তোমার ঐচরণ-সরোজ-প্রান্তে উপস্থিত হইয়া বলিয়াছিলেন, "প্রভু, আপনাকে দেখিতেই আমার সাধ, আমার জন্য কোন ধ্যান ধারণার আবশ্রক নাই, আপনার শ্রীচরণযুগলই আমার একমাত্র সম্পদ, অন্য কোনও ঐশ্বেয় প্রয়োজন নাই, কোনও সাধ নাই, আপনার রূপসাগরে ডুবাইয়া রাখুন, জীবনে মরণে আপনার শ্রীচরণ সেবার অধিকারী করুন।" ভাই ন। তিনি বলিতেন, যথন সাক্ষাৎ ভগবানকে সন্মুখে পাইয়াছি, তাঁহাকে দুর্শন স্পর্শন করিয়াছি, আবার অন্য সাধন ভজন কেন ? পুণোর ত আর আব#ক নাই এমন কি যে মেথর তাঁহাকে দর্শন করিয়াছে, তাহার পদধ্লায় জীবের লক্ষ লক্ষ জন্ম উদ্ধার হইয়া যাইবে। প্রশম্পি স্পর্শেত লৌহময় দেহ কাঞ্চন হইয়াছে, আর কোন বস্তরই প্রয়োজন নাই। বীর বিশ্বাসী ভক্তরাজ গিরিশচক্র তাঁহার রামদালার কথা শুনিয়া বলিয়াছেন, "বাঁহাকে পলকশুন্য দৃষ্টিতে দেথিয়াও সাধ মিটে না, তাঁহাকে ছাড়িয়া চকু বুজিয়া আবার কাহার ধ্যান করিব ? তাই না রাধারাণীর উক্তি, এদ এদ বঁধু এদ, আধ আঁচরে ব'দ, নম্ন ভরিমা তোমায় হেরি" "জনম অব্যাধ হাম রূপ নেহারণু, নয়ন না তির্নাপত ভেল, লাথ লাথ যুগ হিয়ে হিয়া রাথম, তবু হিয়া জুড়ান ন গেল" কৈ আশাত মিটেনা, প্রাণে প্রাণে বাঁধা ধাকিয়াও ত আশা নিটেনা, ইহাতে ত অবসাদ নাই; অনন্ত, অনন্ত আশা টন্তরেক্তর বর্দ্ধিত হইয়া প্রেমময়ের অনন্ত প্রেমসাগরে নিমজ্জিত করে। এস প্রথমময়, এস আমার অনন্ত কুন্দ্র । এস হান্যাসনে বস, নয়ন ভরিরা ভো<mark>মার</mark> ছেরি, ভোমার রূপ-ছুধা পান করিরা, রূপদাগরে ঝাঁপ দিরা অনতে মিশিরা বাই।

"বঁধু কি আর বলিব আদি, জনমে জনমে জীবনে মরণে প্রাণনাথ হৈও তুমি।" এস প্রাণেশ্বর, চিরমঙ্গলময় এস. এস অনাথশরণ, প্রিয়দরশন, এস নিজ্ঞানে হুদাসনে চির-অধিষ্ঠিত হও, ইহাই তোমার কাঙ্গাল সন্তানের প্রাথনা-

"(মোরে) কালাল বলিয়া করিও না ছেলা,

আমি পথের ভিথারী নহিপো।

তথু তোমারি চুয়ারে অন্ধের মত, অঞ্চল পাতি রহি গো 🕪 ভধু তোমাধন করি আশ, মোরে ( তুমি ) পরায়েছ দীনবাস,

ভধু তোমারি লাগিরা করিয়া আশ.

মন্মের কথা কহিগো॥

মম সঞ্চিত পাপ-পূণ্য, আমি সকলি করেছি শূন্য, জুমি পূর্ণ করিয়া ভরি দিবে তাই বিক্ত হাণম বহি গো॥"

কালাল 🗈

### र्तमार्छ भाभवाम।

(পূর্ব্ব প্রকাশিত ১৩২১ সালের ২০০ পৃষ্ঠার পর)

পূর্ব্ব প্রবন্ধে আমরা 'পাপবাদ' সহস্কে বেদান্তী বা জ্ঞানীর অভিমত ও শিক্ষা, শান্ত্রীয় ও লৌকিক বুক্তিতে আলোচনা করিরাছি। এক্সণে দেখা বাউক, পৌরাণিক বা ভত্তের দৃষ্টিতে উহা কিরূপাকার ধারণ করে ? পরিশেষে এডীয় মভের যথাসাধ্য বিচার করিয়া, পাপের 'অনস্তিত্ব' প্রদর্শন করতঃ প্রবন্ধের উপসংহার করিব। ভক্তি শাস্ত্রামূশীলন করিয়া যতদূর বুঝিতে পারা বার,.. ভাহাতে মাহুষকে 'পাপী' ৰলিবান্ন ভক্তের কোন কারণই নাই; বরং মহুষ্য বে অপাপবিদ্ধ, ভক্তিশাস্ত্র তাহাই প্রমাণিত করে। প্রথমতঃ শাস্ত্র-সহাত্ত্বে উহার পর্য্যালোচনার প্রবৃত্ত হইব ; পরে লোক ন্যান্তেরও অনুসরণ করা ষাইবে। रेंड:शृर्ट्सरे व्यामक्रा भार्रकरक विवास द्राधिशाहि—कि छानी, कि एक, कि বোগী, সকলেই সভাৰত: আত্মবাদী। স্বভরাং ভক্ত যদি আত্মবাদী হন, ভকে কেন্দ্র অনুশাসনে আত্মান নিশাপত ও নিতাভত্তৰ সীকার করিয়া, মহায়কে **्रीकृत्कत्र मकान' दिनाश**्मद्रचाधन क्षाहादक क्षित्रक्ते हरेदि। बाद यनि डिनि 'আয়বাদ অস্বীকার করেন, তাহা হটলে তাহার ভগবদ ভক্তির কোন মৃশ্যা নাই; তাঁহার ধর্মাফুটানের কোন ভিত্তি নাই; তাঁহার শাস্ত্রেমণ্ড কোণাও দাঁড়াইবার হল নাই; হিন্দুর চক্ষে তিনি নান্তিক বলিয়া গণা। জগৎ পূজা আচার্যাপাদ শ্রীবিবেকানন্দ বলিয়াছেন—"He who does not believe in himself is an Atheist." অধিক কি তিনি হিন্দুই নহেন। পৌরাণিক এই হুলে আপত্তি করিতে পারেন—"আমি আয়বাদী হইলেও, শ্রীভগবানই যে মানবের আয়া অথবা জীবালা ও পরমান্তায় যে কোঁনরূপ পার্থকা নাই, একথা বেদবেদান্তে উক্ত হইয়া থাকিলেও পুরাণ শাস্ত্রের নিদেশ ব্যতীত, তোমার অবৈত্রবাদ সম্মত 'পাপবাদ' ব্যাথ্যায় আমি অমুমোদন করিতে পারি না।" তছত্তরে আমরা বলি,—পুরাণ শাস্ত্র ভ্রেছ্রঃ ঐরপ নিদেশ করিয়াছেন। বিশেষতঃ ভক্তিতত্বের চরমমীমাংসক, ভক্তের পরমধন, পুরাণ নিবহের মুকুটমনি শ্রীমন্ডাগবত কি বলিতেছেন, একবার শ্রণ করুন;—

"মনসৈতানি ভূতানি প্রণমেদ্ বহুমানয়ন্। ঈশ্বরো জীবক্ষয়া প্রবিষ্টো ভগবানিতি ॥" ৩।৯।২৯।

"এই সকল ভূতকে বহুমান সহকারে মনের সহিত প্রণাম করিবে; তগবান দ্বীরহ অংশের দারা জীবরপে অবস্থিত রহিয়াছেন।" ভাগবতকার কি এই শ্লোকটীতে জীবের ব্রহ্মন্থ নির্দেশ করিতেছেন না ? অভএব জীবকে পাণী" বলিবার ভক্তের স্থান কোথায় ? আরও ভগবান যে সর্বব্যাপী, সর্ব্রভূত্ত্যু, জীবসমূহের হানমন্তিত অন্তর্গামী, মানবাত্মার অন্তরান্ধা, এ কথা তাঁহার অস্বীকার ক্রিবার উপার নাই। "সর্বাং বিষ্ণুময়ং জগণ" "সর্বাভূতময়ো হরিঃ" ইত্যাদি মহাবাক্য কোন ভক্তের মানস-তন্ত্রীতে আঘাত না করে? কোন্ মানবপ্রাণ পবিত্রতার স্থান্থদে ভূবিয়া না বায় ? কোন্ প্রেমিকের প্রেম-মন্নাকিনী সহস্রধারায় উছলিয়া না পড়ে? যদি তাহার্স হয়, তবে নিভাত্তর শ্রীভগবান ব্যবান মানবের হ্নয়াকাশে বিরাজ্যান রহিয়াছেন, তথন মাত্র্য পাপী কিলে? দ্বীর্বার, পরিচায়ক নহে? ভর্ম্চুতা কেন, যদি পাপ' বলিয়া কিছু থাকে, তবে উহাই পাপ! উহাতে কি ভগবন্মহিমা থর্ম করা হয় না ? তাঁহার ভূবন পাবন্ত্রের অপ্রাণ হয় না ? সহজ্ঞ-রিমা সহস্ত্র কিরণ ধারাক্ষ জ্বাহ্রাসিত করিয়া

গগনপথে সমুদিত রহিয়াছেন, অথচ পৃথিবী ঘোরাক্ষকারময়ী; প্রোজ্জল-দীর্প-শিখা প্রভা-বিস্তারে ব্যাপৃত, অথচ পুঞ্জীভূত তিমির-রাশি গৃহাভাূম্বরে ক্রীড়া করিয়া বেড়াইডেছে, একথা বাতুল ভিন্ন আর কে বলিতে সক্ষম 📍 স্থতরাং দেখা याहेरलह रा, जेलम ७ मधामाधिकांनी ज्व कतानि मासूबरक 'नानी' नारम आशाज করিতে সম্মত নহেন; ঐরপ করাই বরং তাঁহাদের চক্ষে প্রকাভ পাপ ও ভীষণাপরাধ ।

আরু বাঁহারা 🖺 ভগবানের উচ্চতর ভাব বা আদর্শের কোনরূপ তোরাকা না রাধিয়া, তাঁহার নাম গুণ গানকেই ভব-পারাবারের একমাত্র তরণী বলিয়া ভাবিয়া লইয়াছেন, উহাকেই জীবন-সমুদ্রের প্রবতারা করিয়াছেন, মুক্তি পথের অবিতীয় সম্বলরূপে নির্দ্ধারিত করিয়াছেন; বাঁহারা প্রমাত্মাকে স্থানবিশেষে আৰম্ভ মহান ব্যক্তিমাত্ৰ মনে করেন, নিম্নন্তরের দ্বৈতভাবনাই বাঁহাদের সর্ব্বোচ্চ লক্ষ্য, সেই অধনভক্তেরাও মাতুষকে 'পাপী' বলিতে পারেন না। কেননা, তাঁহারা বলিয়া থাকেন—"ভগবন্নামকীর্তনাদেব সর্ব্বপাপং প্রণশুতি" ব্দর্থাৎ ভগকানের নামোচ্চারণ করিবার মাত্র জীহবর সকল পাপ প্রবৃষ্ট হয়। अथन यनि मुक्ट्रार्खेत कछा अध्यामत्रा काशनीयात्रत्र नाम शान कतिका थाकि, यनि একবারও ছুর্না, শিব, ছরি, রাম কি ক্লফ বলিয়া ডাকিয়া থাকি, তাছা হুইলে মামরা 'পাপী' কি করিরা ? যাহারা ঐভগবানের নাম কীর্ত্তন করে, অথচ ৰলিয়া থাকে—আমরা পাপী, তাহারা বোরতর মিথ্যাবাদী; নাম-মাহাত্মে ভাহাদের বিশ্বাদ নাই; ভাহারা জুয়াচোর ও আত্মবঞ্চক; ভাবের হরে চুরি করা'ই তাহাদের ব্যবসায় ৷ কথিত আছে, মহর্ষি বলিষ্ঠের পুত্র, অপরাধ বিশেষের কালনার্থ কোন বাক্তিকে তিনবার রামনাম করিতে বলায়, মহর্বি তাঁহার প্রক্তি ষ্ষতীব ক্রন্ধ হইরা অভিশাপ দিয়াছিলেন। তিনি বলিয়াছিলেন—"একবার 'রাম' নাম করিকেই দর্কপাপ হইতে পরিনিমুক্ত হওমা যাম; ভাহাতে যথন তিনবাক নামোক্তারণের ব্যবস্থা করিয়া, শ্রীভগবানের অনন্ত মাহাত্ম্যের হ্রাস করিয়াছ, তথন ভূমি চণ্ডান্স বোনিতে জন্ম-পরিগ্রাহ করিয়া চণ্ডানত্ব প্রাপ্ত হও।" বৈষ্ণের শান্ত্রও বলেন ;---

> "একৰাৰ হবিনামে যত <del>গাণ</del> হবে। ं জীৰ হ'বে তত পাপ করিতে না পারে ॥"

এই সকল শাস্ত্রবাকো নামবাদীরা কি বিশ্বাস করেন ? যদি করেন, তক্তের মন্থ্রতকে 'পাপ্দী' বলিবার আর তাঁহাদের অধিকার নাই। এই ড গেল ভক্তের দিক হইতে শাস্ত্রীয় বিচার। একণে একবার দৌকিক দৃষ্টাস্তে উহা ব্রিডে চেষ্টা করি।

সংসাবে দেখা যার, প্রায় মাবতীয় চুষ্কৃতিই হীনকুলোডব এবং হীনাভিমানী ব্যক্তিদিগের দ্বারাই বিহিত হইয়া থাকে; সদ্বংশজাত, উচ্চাভিমানী জনসমূহ কর্তৃক কথনও ত্মবিতকার্য্যের অফুষ্ঠান সম্ভবপর নহে<sup>®</sup>। ধাহাবা পবিক্র ৰংশ-সমৃত্ত বলিয়া একটা যথাৰ্থ মহত্বপূৰ্ণ গৰ্কামূভৰ কৰিয়া থাকে, তজ্জনিত আত্মর্যাদার ভাশ্বর-ছবি বাহাদের মানসপটে চিরান্ধিত থাকিয়া যায়, যাহারা জ্ঞাতঃশ্বরণীয় পূর্বপুরুষদিগের নামে গৌরব প্রক্রাণের অবসব পার্ বাহাদের প্রতি পদবিক্ষেপে 'আমি অমুক মহাত্মার সন্তান' 'অমুক বিশুর বংশে আমার ভুদ্ম' ইত্যাকার সদভিমানের ভাব ফুটিয়া উঠে, তাহাদের কদাপি নীচজনোচিত ব্দাংকার্যো প্রবৃত্তি হইতে পারে না। কেননা, তাহাদের মনে অসং বা হীনভাক স্থানই পায়না। কিন্তু যাহারা নীচকুলে উত্তত হইমাছে, নীচত্ব ভাবনাই কাছাদের সমগ্র জীবনকে অধিকার করিয়াছে, বাছাদের পূর্ব্বপুরুষগত কোন গৌরব-গাথা বিজ্ঞমান নাই, যাহারা পৃথিবীতে জন্মিয়া অবধি ভাবিরা লইয়াছে বে তাহারা নীচের সন্তান নীচ: একমাত্র নীচকর্মাই তাহাদের অবলম্বন: ভাহা-**(मत** मिंड चन कर्पांत्र मिरकरे धाविक रुप्त— छारा एन हो कि री नाम एर्च हो नाम एर्च পরিপূর্ণ থাকে। আমার এই কথায় কেহ যেন ভাবিয়া না বসেন ষে, যিনি উচ্চবংশীর, তিনিই স্কর্মের অফুঠাতা। স্বামার বক্তব্য এই বে, ওধু উচ্চবংশীর ছইলেই চলিবে না: 'আমি মহান' এই বিপুল আত্মগরিমা হৃদয়ে প্রতিনিয়ন্ত ল্লাগন্ধক থাকা চাই। নতুবা তুর্ভাগাবশতঃ যে এন্দ্রপ পাত্মজানটুকু ছারাইরা কেলিরাছে, দে সদবংশন্ধ হইলেও ভ্রমে পড়িয়া কুঁকার্য্য করিতে পারে। চাই সদবংশ ও সদ্বংশে জন্মগাভজনিত আত্মসম্মান জ্ঞানের সন্মিলন। ভাছা ছইলেই কাহার ও হীনবৃদ্ধির শুরুগ হইবে না। ধর্ম বা আধাান্মিক জসতেও সেই কঞা।

যিনি জ্বানেন—মামি খ্রীভগরানের ভক্ত, অংশ, দাস, সম্বান বা স্থা এবং তরিমিত্ত একটা স্বর্গীয় গৌরব প্রতিক্ষণ অফুভব করেন, তিনি কি স্বপ্নেও নিজেকে 'পাপী' ভাবিতে পারেন ? না কোনস্কাণ পাণাভিনয় তাঁহাক্ক মায়া অভিনীত

**ब्हेट शादि ? क्थनहें ना । फ्रावान यथन व्यशाशिक श्रूक्य, उथन डांहाक्र** ভক্তও যে তাহাই, সে বিষয়ে আর সংশয় কি ? যে কেই নিজ্যগুদ্ধ ঈশরের সহিত সংশ্লিষ্ট, বাঁহার। তাঁহার ভক্ত, তাঁহারাই পবিতা। জীবমাত্রেই সেই পরম পিতার সম্ভান; স্থতরাং সকলেই নিস্পাপ, আজন্ম পবিত্র ও অনম্ভশক্তির আধার। যদি কেহ ভগবদভক্ত হইয়াও বলেন—আমি পাপী ও ছুর্বল, তাহা হইলে নিশ্চিত জানিও—তিনি হয় মিথ্যাবাদী, নয় ভগবানের প্রকৃত ভক্ত, দাস वा जनव नरहन। वित्नरक हेशांख विनाज भारतन, बारूष यनि निष्पांभ ७ कवा ভদ্ধ, তবে তাহাকে অসৎ কর্ম করিতে দেখা যায় কেন ? ইহার উত্তর আমরা পুর্বেই দিয়াছি। তথাপি পুনরায় বলিতেছি, ইহার কারণ একমাত্র আত্ম-বিশ্বতি। যথনই আমরা ভূলিয়া যাই যে, আমরা অমৃতের সম্ভান, আমরা শ্রীভগবানের দাদ, আমরা নিত্যগুদ্ধ অমরাত্মা, তথনই আমাদের পতনারম্ভ হয়, অসৎ প্রবৃত্তি জাগ্রত হইয়া উঠে। অতএব আমাদের কর্ত্তব্য, বুথা ক্রন্সনে শক্তিকর না করিয়া, শ্বরূপ-চিন্তায় তন্ময় হইরা যাওয়া এবং আমাদের বালক বালিকাগণকে তাহাদের জীবনের প্রথমোন্মেষেই শ্বরণ করাইয়া দেওয়া যে, তাহারা ভদ্ধাত্ম। কদাপি তাহাদিগের মন্তিকে নানাবিধ কুসংস্থার প্রবেশ করাইয়া দিয়া, তাহাদিগকে তুর্বল করিয়া ফেলিও না; তাহাদের জন্মগত স্বন্ধ কাড়িয়া লইও না ; অমৃতফলপ্রস্কু তাহাদের জীবন-তরু পল্লবিত হইতে না হইতে তাহার মূলে কুঠারাঘাত করিও না; ঐরপ করিবার কাহারও অধিকার নাই। স্থুতরাং অনবরত তাহাদিগকে শোনাইতে থাক—"তোমরা আনন্দের তনয়; তোমরা জড় নহ, চৈত্রস্বরূপ; তোমরা অনন্তশক্তির আধার, নিত্য পবিত্ত, অপাপ বিদ্ধ চিদাত্মা; তথ্মসি।" 'মানব, প্রকৃতির দাস; তাহার জীবন সম্পূর্ণ-ন্ধপে বাহ্য বস্তুর উপর •নির্ভর করে' ইত্যাদি ভয়ানক কুশিকান্ত যেন তাছাদের बीयन-गर्रत्नत्र क्रिंडो क्रेन्ना ना रह है क्यानज्ञ पूर्विग्जा एवन जारात्रत्र इत्याधिकान না করে। সম্ভান-সম্ভতি সমূহের অভ্যম্ভরম্ব অকশক্তির উলোধন করাই মাতা পিডার একমাত্র করণীয় কার্য্য।

নবাজারতের মন্ত্রপ্তর স্বামীবিবেকানক বড় ছংথেই বলিয়াছিলেন—''বছি আমার একটা পুত্র থাকিড, তাহা হইলে সে ভূমিষ্ঠ হইবার মাত্র ভাহাকে বলি-ভাষ, 'ছমসি নিরঞ্জনঃ' ৷" প্রের উঠিতে পারে—মহন্তমাত্রেই কি অম্ভত্তের যোগ্য ?

কলেই কি মহাপুরুষ হইতে পারে ? উত্তরে আম্রাবলি—হাঁ পারে: **অমৃত্**য জীবমাত্রেরই লুভা। 'মহাপুরুষ' বলিয়া কোন টিহ্নিত পৃথক সম্প্রদায় পৃথিবীতে নাই। প্রত্যেক মার্মের ভিতরই মহাপুরুষত্ব অব্যক্তভাবে অর্থাৎ বীলাকারে রুহিয়াছে। বে উহাকে ব্যক্তাবস্থায় আনিতে পারে, বিকলিত করিয়া ভুলিতে পারে, রক্ষরূপে পরিণত করিতে পারে, তাহাকেই জগৎ 'মহাপুরুষ' **আখ্যায়** আথাত করে। বুদ্ধ, শঙ্কর, চৈতন্ত, যান্ত, মোহমদ প্রভৃতির ভিতর যে মহা-পুরুষত বিজ্ঞান ছিল, জোমার আমারও ভিতর—সকল মন্ত্রোর ভিতর সেই মহাপুক্ষবই নিহিত রহিয়াছে। তাহারা উহাকে জাগাইয়া তুলিয়াছিলেন, আমানরা তাহা করি নাই, এই মাত্র প্রভেদ! কিন্ত একণে আমাদিগকে উহা खाशाहर इहेरव--- छेरात छेरवाधन कतिराज्ये बहेरव। रारहजू महत्त्वे आमारमन প্রকৃত স্বভাব; উহাই আমাদের জন্মগত অধিকার (Birth right)। শৃষ্ণ হইতে কথন মহাপুরুষত্বের উত্তব হইতে পারে না। উহা মানবের ভিতরই রহিরাছে; কেবলমাত্র উহাকে প্রকাশিত করিতে হইবে। ইহা যদি সভা না হয়, তবে কেহই কথন মহাপুরুষ হইতে পারেনা পারিবেওনা; পুথিবা হইতে 'महाशुक्रव' कथाठा একেবারে উঠाইরা দিতে হয়। বীজ্ঞাধ্যে যদি বৃক্ষত্ব अपूर्विकार ना थारक, उर्द वीक इहेर्ड कमार्ड वृक्ष उर्शन हहेर्ड भारत ना । তিলে তৈল অব্যক্তাবস্থায় থাকে বলিয়াই, তিল ক্ছইতে তৈল নিৰ্গত হয়: নতুবা बानुका-(भवत विसूत्राज देशन-निर्माय अमन्तर। अञ्चर वृथी मत्सन्हात्सानान আন্দোলত না হইয়া, অবথা প্রশ্নোপাপন না করিয়া, মানবকে তাহার অন্তর্নিহিত দেবত্বের বিকাশ-সাধনে শিক্ষিত কর, তাহাতে অমুপ্রাণিত কর।

বর্তুমান মুগে সর্বাত্র এই অমুপম বৈদিক শিক্ষা অতিমাত্রায় আবশুক ছইয়াছে; বিশেষতঃ ভারতবর্ষ। বহু শতাকী যাবৎ ভারতভূমি এই জীবনসঞ্চারিশী
মহতী শিক্ষায় বঞ্চিতা হইয়াছে; স্থানীর্ঘ সহস্র বংসরকাল ধরিয়া, বৈতবাদ-সভ্তা
ফুর্বালতাবিধায়িনী বহুবিধ কুশিক্ষায় তাহার প্রাণস্পন্দন স্থানিত হইয়া গিয়াছে,
ভাহার আধ্যাত্মিকতা বিলুপ্তপ্রায় হইয়াছে; সে আত্মশক্তি, আত্মগারব,
আত্মমহিমায় অবিশ্বাসী হইয়া, জড়ের দাসত্বে সর্বাত্র নিয়োগ করিয়াছে।
সম্প্রতি আর একবার উহাকে উহার জীমৃতনিনাদি, বলবীধ্যপ্রসবি, প্রাচীন বেদ
মন্ত্র ভনাইতে হইবে; নচেৎ আসয় মৃত্যু হইতে উহাকে বাঁচাইবার কোন উপার

নাই ং যাহা হউক, বুঝিলাম, ভক্তেরও মাতৃধকে 'পাপী' বলিবার যুক্তিযুক্ত ও শাস্ত্র-সঙ্গত কোন কারণ নাই। এইবার গ্রীষ্টীয় মতের একটু আলোচনা করা যুউক।

প্রীষ্টপর্ম যাজকেরা যে মাত্রযকে আজন্মপাপী, স্বভাব কুর্বল ও চির-অপবিত্র বলিয়া কীর্ত্তন করেন, তাহা তাঁথাদের ভ্রম বা কুসংস্কারমাত্র, সন্দেহ नारे। छारात्रा रेश वृत्सन ना त्य, यान मारूय चलावजः भाभी वा व्यभविक रहा, ভাহা হইলে সে কখনও পবিত্র বা মুক্ত হইতে পারিবে না। কারণ ইহা এব মত্য যে. কোন বস্তু স্বীয় প্রকৃতি পরিত্যাগ করিতে পারেনা; কেহই স্বরূপকে অতিক্রম করিতে সমর্থ নহে; আপনাকে ডিঙ্গাইয়া ঘাইতে সকলেই অপারক। মহয় যদি স্বরূপতঃ অপবিত হয়, তবে তাহার মুক্তিলাভের আশা কোথায় ? क्यभाशी - आद ध्याञ्छीन, नगाळाभावन, शिड्लाय याहेया উপापना, প्रार्थना প্রভৃতি করিয়া কি করিবে ? অতএব খ্রীষ্টধর্ম প্রচারকদের মানবকে স্বভাব পাপী না বৰিয়া রবং ইহাই বলা উচিত যে, মহুত্য নৈতা মুক্ত ও বভাব শুদ্ধ; কোন এক অঞ্চাতকারণে ভাষাতে মলিনতা আ।সয়া পাড়য়াছে। এই মালিয় টুকু মুছিয়া ফেলিতে পারিলেই, পুনরায় দে স্বরূপাবস্থা প্রাপ্ত হইয়া আপন মহিমায় আপনি দীপ্তি পাইবে। মহাত্মা যাগুরও ইহাই শিক্ষা। তিনি মানবের অমৃতত্বই প্রচার করিয়াছিলেন; তাহাকে 'পাপী' বলিয়া কদাচ ঘোষণা করেন নাই। "Ye are the temples of god." "The kingdom of heaven is within you." ইত্যাদি মহাবাকাই উহার স্বস্পষ্ট নিদর্শন্ এটিখন্মোপ-দেষ্ট্রগণ ঐ সকল দূরবগাহ মহত্তত্বের অভ্যন্তরে প্রবেশ করিতে না পারিয়া, নিজেদের মনোমত একটা যা' তা' বলিয়া দিয়া, মহাপুরুষের পবিত্রোপদেশ-সমূহের অবমাননা করিয়া থাকেন। নতুবা খ্রীষ্টধশ্মের মূলকথাটা বেদাস্ত ভিন্ন আর কিছুই নহে।

পৃথিবীস্থ সকল ধর্মাই মানবৈর ব্রহ্মন্ত উদ্বোধিত করিয়াছে; কোন ধর্মেই তাহার হেয়ত্ব ও জ্যুপাপিত স্থাকৃত হয় নাই। বিশেষতঃ বেদাস্ত মন্বর্বে পাপের অন্তিত্ব পর্যান্ত অস্বাকার করিয়াছে। "সে বলে—"পাপ বথন আদিতে ছিল না, অন্তেও থাকিবে না, কেবলমাত্র মধ্যে কিছুক্রণের জ্মু মরী-ফিকাবং প্রতিভাত হইতেছে, তখন ভাহার অন্তিত্ব আছে, কিরাপে বলা যাইতে পারে? যাহা কালতম্ভেই সভ্য, অপরিবর্তনীয়; যাহা শাখত, নিভা; যাহার ক্ষমিনকালে কোথাও অভাব হয় না, তাহাই একমাত্র সং; তাহারই কেবন অন্তিত্ব আছে। পাপ সেরপ নহে। উহা ধখন ক্যানের বিনাপ্ত, সদস্ভানে উহার ধখন পূর্ণাভাব পরিশক্ষিত হয়, মৃক্ত পুরুষের নিকট উহা ধখন সম্যুক্তরপ অক্তর্হিত হইরা যায়, তখন পাপ কোন কালে সংখনহে; উহার অক্তিম্ব।কোন ক্রমেই সিক্ত হয় না।

मुगङ्गिका পतिपृष्ठमान स्टेलिए यमन উहारक मचामण्यत्र बना गाईरड পারে না, তজ্ঞপ পাপরূপ মলিনতা কোনরূপে মানবাছার পবিত্রতাকে কিছুদিনের নিমিত্ত আরুত করিয়া রাখিলেও, তাহাকে পাপ স্বভাব বলা সর্বংথা অসমীচীন। বিপুলবীর্য্য পশুরাজ মুগেক্স একবার পিঞ্চরাবদ্ধ হইলেই উপপন্ন হয় না যে, দিংহের পিঞ্জরাবদ্ধ হওয়াই অভাব। দৈহবনে তাহার এক প তুরবস্থা ঘটিলেও, একদিন না একদিন সে পিঞ্চর ভেদ করিয়া বাহির হইবে এবং পগনব্যাপী ভীমগর্জনে বনভূমি সন্ত্রাসিত করিয়া ভূলিবে। অনস্ত-প্রস্থত নীলাকাশ কণেকের জন্ম নীরদ-দাম-সমাচ্ছন্ন হইলেই কি বলিতে হুইবে বে, আকাশ চিরমেধারত ? অথবা ভগবান সহস্রবাম কালপ্রভাবে একবার রাহ্থত হইলেই কি তিনি উহার করাল-কবলে চিন্ন-কবলিত থাকিয়া যাইবেন 📍 क्श्नेंट ना। यथा नमरत स्मयमांना काश्रीत चतुनी हरेश वाहरत, बाहशाम তিরোহিত হইবে; স্থনীল গগন পূর্ব্বং ্রন্থনির্মণ পাকিবে; তপনদেবঙ व्यन बिक तर्गान् का निक हरेगा नरकावरक विज्ञाक कृतिरवन। विश्वज्ञवस्, स्मावज्ञव বা রাভ্ঞাদ কণভাষী, সন্ধাশুক ভ্রমাত। মানবও দেইরূপ সমরে সমরে **শণবিত্রতার স্থা** দেখিলেও, কালে সে মোহনিদ্রা হইতে জাগরিত হইরা উঠিবে, মহিমময় স্বস্থরূপ প্লাকাশকরতঃ অমৃতত্বলাভে ধয়ু হইবে, স্বীয় মেষত্বের পরিহার করিয়া সিংহত্ব প্রকটিত করিবে এবং প্রাণে প্রাণে বৃদ্ধিবে, তাহার পূর্ব্ব নিজাবেশ মনের করনামাত। স্থতরাং মহন্তাকে কদাচিৎ 'পাপী' বলিওনা: নে অনুতের তনমু—অনুভুপ্নরুপ।

দেখিতেছ না—মানব প্রাণ কি চাহিতেছে? সে চার আমর্জ—চার আমর্জ জীবন; মৃত্যু তাহার অভিপ্রেড নহে; সে চার জ্ঞান বা পবিত্রতা; আজ্ঞান বা অপবিত্রতা তাহার প্রকৃতি-বিরুদ্ধ। সে বভাবতঃ স্থব ও আমনক্ষপ্রির; হঃথ বা নিরানক তাহার প্রতিকৃল। ইহাতে বুঝা বাইতেছে

যে, মানুষ বস্তুতঃ সচ্চিদানন্দ। কোন এক অজ্ঞাত শক্তিবলৈ অপবিত্ৰতার একটা ছাল্লা আসিলা, ভাষার সচ্চিনাননত্তকে ঢাকিলা রাধিলাছে, এবং সে ঐ ছান্ন অপসারিত করিয়া, পুনরার নিজত লাডের জক্ত অবিশ্রান্ত সংগ্রাম করিতেছে। কেননা, পুর্কেই বলিয়াছি, কেছই আপনার স্বরূপকে লভ্যন করিতে পারে না। মামুবের প্রকৃতিই যে সজিদানন্দ; সে উহাকে পরিত্যাগ করিবে কিরূপে ? সে বে স্বরং শুদ্ধি; পাপ তাহাকে কথনও স্পর্শ করিতে পারে না এবং পাপ নিজেও অস্তিত্বীন।"

গীতায় শ্রীভগবানও বলিয়াছেন—"না সতোবিস্থতেভাবো না ভাবো বিশ্বতে সতঃ।" (অনিত্য বন্ধর সম্ভা নাই; নিত্য বন্ধরও বিনাশ নাই।) পাপ যদি ভাব পদার্থ হর, তবে তাহার কদাচ অভাব হইতে পারে না; পক্ষান্তরে, উহা অভাব পদার্থ হইলে, উহার ভাব বা অন্তিদ্ধ অসম্ভব। कि ७अ:-अमितनी, मःमात-भाग-ছिनिनी, जुमानन्विधाविनी, आगमा निका १ জীবেব এই সর্বমঙ্গলকরী, মহীয়সী শিক্ষা বছকাল যাবৎ প্রচন্তর ছিল: ৰমুন্য-সমাজ উহাকে বিশ্বতির অতলগর্ভে চিবনিমজ্জিত করিবার উপক্রেৰ করিয়াছিল। তাই <u>শ্রীভগবান উক্ত সনাতনী শিক্ষাব পুনরুদ্ধার</u> করিবার জন্ত —মানবকে তাছার দেবত্বের কথা স্মরণ করাইয়া দিবার জন্ত, বর্জন মান যুগে জীবামকুষ্ণুকুপে অৰভীৰ্ণ হইয়া, বেদমন্ত্ৰে সমগ্ৰ জগৎ প্ৰতিধ্বনিত করিরাছেন। তাঁহার শ্রীমূথ হইতে ললিত-গছীর-নির্ঘোষে উচ্চান্ধিত হইয়াছে---পাপ কি ? পাপ দেখা বা ৰাত্মককে পাপী বলাই পাপ; বে শালা 'পাপ' "পাপ' করে, সেই শালাই পাপী।" হে মানব । এই অপুর্ব শিক্ষার অভিমত্ত্রে দীক্ষিত হও; এই বিশ্বজনীন মহাভাবে অহুপ্রাণিক্ষ হইরা উঠ; মানবজাতিক এই মাহেন্দ্ৰ মুহুৰ্ত্তে এই শুভক্ষণে তোমাৰ প্ৰস্নপ্ত, অলস হৃদয়-তন্ত্ৰীকে একটু উচ্চস্থরে বাঁধিয়া লও; ভোমার নিম্পন্দ, অবশ প্রাণকে এই মহামন্ত্রে উদ্বোধিত ক্ত্ৰ-জাগাইয়া ভূল: ভোমার জীবন-কুঞ্চ এই মহা নুলীতের ভৈত্র-রাগিণীতে কুখরিত হউক। ভূমি মোহ নিজা হইতে জাগরিত হইয়া, ফুর্মলতা-মদিনতা **ঝা**ড়িয়া ফেলিয়া, **মায়ার শৃত্খল** ভালিয়া দিয়া, কুসংস্কারের দৃঢ়গ্রন্থি ছিল্ল করিয়া, আপনাকে চিনিয়া লও; হৃত গৌরবের পুনরাধন কর; আত্মাননে ডুবিয়া কাও। দেশ, নবাৰতারের নবভাবে জগৎ সঞ্জীবিত হইয়া উঠিতেছে; বেদাভেক

মঙ্গলমন্ত্ৰীবান্তা প্ৰতিগৃহে সমূল্যোধিত হউতেছে। ঐ ভন, প্ৰাচীন বেদ-গাথা পুনকজীনিত হইবা, বহুদিন স্থা সুখস্তির সার মধ্র ভাবে সর্বজনকণ্ঠে সমূচানিত হউতেছে—"উতিগ্রত জাগ্রত প্রাপ্য বরান্নিবােণত।" ঐ ভন, ঠাকুরের প্রিন্ন সন্থান, বিশ্বজন্ত্রী ধর্মবীন বিবেকানন্দ, স্বকীন প্রাক্তন্ত্র প্রান্তন্ত্র জাগ্রত মহাবাকা, জীমূত-মন্ত্রে জগৎবাসীকে প্রবণ করাইতেছেন;—
"Ye are the children of God, the sharers of immortal bliss, holy and perfect being, yea, divinities on Earth. Sinners! It is a sin to call a man so. Come up, oh lions! and shake off the delusion that you are sheep!"

এই মহাদর্শে জীবন গঠিত করিরা, স্বীয় দেবছের—ব্রহ্মছের অনুধ্যান কর। শারীবিক, মানসিক, নৈতিক, আধ্যাত্মিক সর্ববিধ গুর্বালতার সহিত সংস্রব পরিত্যাগ কর। গুর্বালতাই পাপ; গুর্বালতাই সকল গুংথের—সকল অশান্তির জননী। উহা ধর্মা নহে; ধর্মের সহিত উহার কোন সম্বন্ধ নাই। ধর্মা রু সভ্য বলপ্রদ, বীর্যাপ্রদ, প্রাণপ্রদ! যদি তুমি ধর্ম্মানুষ্ঠান করিয়া গুর্বাল হইয়া পড়, তবে বুঝিবে, তাহা ধর্ম্ম নহে—তুমি ধ্যামিক নহ। যাহাতে গুর্বালতার লেশমাত্র বিশ্বমান, তাহার সহিত কোন প্রকার সম্পর্ক রাঝিও না। চাই ওজঃ—চাই বীর্যা; চাই শ্রম্ম—চাই মহন্ব। বর্ত্তমান সময়ে আমরা সকলদিকেই অত্যন্ত গুর্বাল হইয়া পড়িয়াছি এবং তল্পিমিন্তই আমাদের আধ্যাত্মিক চরিত্রের শোচনীয় অবনতি ঘটয়াছে। এখন অসম্যা মহাশক্তির আবশ্রত শিক্ষা বিশ্বমাছেম;—

"Let me tell you, strength, strength, is what we want-And the first step in getting strength is to uphold the upanishads, and believe that I am the Atman." ইহাই জীবন-সমতার একমাত সমাধান। স্থপ্নেও নিজেকে হীন ভাবিওনা। দৃঢ়তার সহিত দঙ্গাম্মান হইয়া, বজ্ঞ ভৈরব-রবে পুম: পুন: বলিতে থাক;—

"ন পুণাংন পাপংন সৌধাংন জংখং ন মহংন ভীৰ্থংন বেদান মজাঃ। অহং ভোজনং নৈব ভোজ্ঞা ন ভোক্তা চিদানন্দরূপঃ শিবোহহং শিবোহহ্ম॥"

আহারে-বিহারে, শন্ননে-স্থপনে, গমনে উপবেশনে, তোমার অকম্পিত কঙে নভোমণ্ডল বিকম্পিত করিয়া ধ্বনিত হউক ;—

> "নমে দ্বেষরাগৌ নমে লোভনোহৌ মন্ত্রোটনৰ মে নৈব মাৎস্যা ভাবঃ। ন ধর্ম্মো ন চার্থো ন কামো ন মোক শিচদানন্দরূপঃ শিবোহহং শিবোহহুম॥"

সম্পদে বিপদে, স্থার ছাথে, গৃহে অরণ্যে, শাশানে প্রাপ্তরে, রোগে মৃত্যুতে অন্তরের অন্তন্তলে চিন্তা কর ;—

> "ন মৃত্যুৰ্ণ শক্ষা নমে জ্বাতিভেদাঃ পিতা নৈব মে নৈব মাতা ন জন্ম। ন বন্ধু ৰ্ণ মিত্ৰং গুৰুইৰ্ণৰ শিশু শিচদানন্দক্ষপঃ শিবোহহং শিবোহহম ॥

দেখিবে, সকল হর্জনতা—সকল অপবিত্রতার স্বশ্ন ভালিরা বাইবে; হানশ্রে
আনস্তশক্তির সঞ্চার হইবে; তোমার স্বরূপাথা সহসা সিংহ গর্জন করিরা
উঠিবেন। ইহাই ধর্ম এবং বলা বাহুল্য, হর্জন ব্যক্তি কলাচ এই ধর্মলাভ করিতে পারে না। বেদ উপদেশ করিতেছেন—"নামমাথাবলহীনেন লভ্য:।" (হর্জন ব্যক্তি আত্মসাক্ষাৎকার করিতে পারে না।) "বীরানামের করতলগতা মুক্তির্প পুন: কাপুরুষাণাম্।" (মুক্তি বীর পুরুষদিগেরই করতলগত; কাপুরুষদিগের নহে।) অভ্যক্ষ ক্ষনভ বলিওনা—আমি হর্জন, আমি পানী, আমি
অপবিত্র, আমি অধম। ক্রিরপ বলা মিথ্যা কুসংস্কার মাত্র; উহা ভ্রান্তি; উহা
সত্যের অপলাণ ; উহা আ্বাত্য-প্রভারণা! ওঁতৎ সংওঁ।

শ্ৰী অম্লারত্ব কাবাতীর্থ।

# "একতী কথা"

যেমন আলো আছে বলিয়াই অন্ধকার বেশ বুঝিতে পারা যায়, যেমন সুধ থাকে বলিয়াই তঃথ হাদয়সম হয়, সেইরূপ স্থর্গ আছে বলিয়াই নরক বুঝিতে কষ্ট হয় না আলু পাপ বর্ত্তমানে পুণ্যের মহিমা প্রকটিত হয়।

প্রত্যেক মানবহাদয়ে · একটা হিতাহিত বিবেচনা করিবার \*ক্তি আছে। সেই শক্তি ভগবানের পরিচয়। উহা ভগবানের বাক্য। যথন মানব সংকর্ম্ম ৰূৱে, তথন স্বত:ই উহার অন্ত:করণ আনব্দে মাতোয়ারা হয়, আৰার দেখিতে পাওয়া যায় যে, যথন সে অসংকর্ম করে, তথন মনে মনে শত বুশ্চিকের জ্ঞালা স্ফু করে। যথন কোন লোক কোন একটা বিপন্নকে যথাসাধ্য সাহায্য করিবার চেষ্টা পাইতেছে, যথন সে ত্যাগের জলম্ভ চিত্র সন্মুথে দেথাইবার আয়াস করিতেছে, নিজের হথের দিকে সম্পূর্ণরূপে উদাসীন হইয়া অপরকে স্বর্থী ক্রিবার চেষ্টা পাইডেছে, তথনই তাহার চিত্তপ্রদাদ উপস্থিত হয়, তথনই দে মনে ভাবে যে তাহার ভায় স্থী এ ভূভাবতে পাওয়া স্থকটিন, একণ ম্বুখভোগ করা পুতি পুণোর কার্যা। আবার যথন কোন লোক নিজের স্থুথকে সর্বাস্থ চিন্তা করিয়া অপরকে কষ্ট দেয়, নিজের স্বার্থের প্রতি লক্ষ্য রাথিয়া এরপ কার্য্য করে, যাহাতে অপরে মরমে মরিয়া যায়, ফখন স্বার্থই তাহার मचार रेष्ट्रेरिमरवत्र नाम निष्ठा विज्ञांक करत्, छथन स्म मरन मरन स्य क्रिक অমুভব করে, তাহা এ সামান্ত লেখনীতে বর্ণন করা অসাধ্য, সে জগতের সামনে বুক ফুলিয়ে, হাস্তবদনে থাকিলেও হৃদয়ের অন্তঃস্থলে যে জালা নীরবে দহ করে, ভাচা স্বপনে ভাবিশেও শরীর শিহরিয়া উঠে। সে মনে মনে ভাবে যে সামাঞ্চ আত্মত্বথ লাভ করিতে গিষ্কা কি অশান্তি ক্রেয় করিলাম।

এ জগতে প্রত্যেকেই স্থাপের আশায় নিয়ত ছুটিতেছে। কাহারও ভাগ্যে
অমৃত উঠে, আর কেহ বা গয়ল পান করে। লোকে স্থপ লাভ আশায় কিনা
করিতেছে ? কেহবা কামিনীর জন্য কেহবা কাঞ্চনের জন্য, আর কেহবা
মানের জন্য ঘুরিয়া বেড়াইতেছে। বাহার যাহাই লক্ষ্য হউক না কেন, দে
ভিহা সিদ্ধ করিবার জন্য প্রাণপণ চেষ্টা করিতেছে। শয়নে, স্বণনে, জাগরণে,

ভমণে. বিহারে দর্মদময়ে উহাই তাহার একমাত্র দক্ষ্যন্তল। লোকনিন্দা আত্মমানি, সহস্র বিপদ, অর্থকষ্ট বাধাবিদ্ন প্রাভৃতি কিছুতেই উহাকে দমন করিতে পারে না। সে তথন মনে মনে ভাবে যে কিলে ঐ কামনা সিদ্ধ হইয়। স্থা ছইবে। কিছ হতভাগ্য মানৰ দেখিয়াও দেখে না, বুঝিয়াও বুঝেনা, ভুনিয়া ও শোনে না বে, উহা প্রাকৃত স্থুও নয়। স্থুখ স্বতন্ত্র জিনিষ, উহা বড় তপস্তার ফল। সামান্য শাকান্ধভোজী দিবারাত্র পরিশ্রমকারী দরিজ ব্যক্তি যে স্থথ ভোগ করে, তাহা বছ জন দৈবিত বছ মাননীয় ক্ষমতাবলম্বী নুপতির ভাগ্যে ঘটেনা।

তবে কি আমাদের বুঝিতে হইবে যে স্থপ নাই ? উহা কি কেবলই একটা অপ্লাসার জিনিষ ? উহা পাইবার আশা করাও কেবলি কি মূর্বতার পরিচয় শেওয়া হয় ?

ভগবান রামকৃষ্ণদেব ইহার একটা স্থব্যবস্থা করিয়া দিয়াছেন। যে কেহই তাঁহার মধুময়ী উপদেশবাণী শ্রবণ করিয়া চরিতার্থ হইয়াছে বা পাঠ করিয়া ধনা ছইয়াছে, সেই ইহার সত্যতা উপলব্ধি করিবার স্থযোগ পাইয়াছে। যে কেছ ঠাকুরের সম্বন্ধে অতি প্রিয় বিশ্ববিজয়ী কর্মবীর বিবেকানন্দের পুস্তকাবলী পাঠ ক্রিরাছেন, পুণ্যশ্লোক ক্লিকালের জনকরাজা রামচন্দ্রের বক্ততাবলী স্বদয়শ্ব ক্রিতে সক্ষ হইলাছেন, গৃহী মহাত্মা মাষ্টার মহাশয় বর্ণিত ক্থামৃত পান **জ্বিতে পারিয়া ধন্য হইয়াছেন, ত্যাপী সাধুপুরুষ সারদানন্দের লীলাপ্রসঙ্গ পাঠ** ক্রিরা ক্রতার্থ হইরাছেন, তিনিই বুনিরাছেন যে, "রামকুষ্ণ দীনের ঠাকুর, অনাথের নাথ, অগতির গতি, মূর্থের দেবতা, পতিতের অবতার। দাহারা নিরুপার, সংসার কলে প্রতিনিয়ত বুরিয়া ক্লান্ত হইয়াছে, দশদিক শুনাবোধ ক্রিতেছে কেবল তাহাদের জন্যই রামকৃষ্ণ অবতার-ভাবাবেশে মুক্তকণ্ঠে बल्बन, य क्ट जगवानक जानियांत्र जना, जगवानक भारेयांत्र जना जायांत्र কাছে আদিবে তাহারই মনোরথ পূর্ণ হইবে।" আয়ু এক স্থানে তিনি বলিভেছেন, 'রূপ। বাতাস বইছে, পাল তুলে দিলে হয়। আবার কোথাও তিনি সংসারীদের আঁশচুবুড়ি ত্যাগ করিতে বলিয়া কহিতেছেন—'কামিনীকাঞ্চনের লেশমাত্র চিহ্ন থাকিলে তাঁকে পাওয়া বায় না। আবার কোথাও কোন এক্ট্র গর্ধিত মানবকে লক্ষ্য করিরা বলিতেছেন, "অহকারের দামান্য মাত্র চিত্র খাকিলে তাঁর কাছে যাওয়া যার না।"

এইরপে কত শত শাল্রীর কটিল দম্ভা গ্রাম্যভাষার ব্যাখ্যা করা হইরাছে, তাছা একমূপে বলিরা শেষ করা যার না। এই জন্যই কর্মবীর, ধর্মপ্রাণ ত্যাগী সাধু 'সোনার নরেন' বলিরা গিরাছেন—অনস্তভাবময় ঠাকুরের অনস্তলীলা, আমরা সামান্য মানবে বুঝিতে পারি না। তিনি রূপাবশত: যাহা দেখাইরা দেন, তাহাই বুঝি। আমরা তো সামান্য সংসার ছদে পতিত মানব। আমরা বিদি সহজ বংসর ধরিয়া বাজ্কির ন্যায় সহজ্র মুখ লইয়া চেষ্টা করি তা'হইলে শীলামরের ক্রিকাময় ব্ঝিতে পারিব কি না সন্দেহ।

কল কথা মন লইরাই সংসার। তিনি এখন এই ভাবে মন্টাকে নিয়োগ করিরাছেন, আবার তিনি থখন দরা করিয়া মনকে জন্যভাবে চালিত করিবেন, তথন দেইরূপই হইবে। তিনি প্রতিনিয়ত আখাদিগকে সৎপথে জানিবার জন্য চেষ্টা করিতেছেন। কিন্তু মায়ার প্রভাবে ক্রান্ত মানব তাহা বুঝিয়াও বুঝিবেনা। রোগ-শোক-তাপ-বন্ধন-ব্যসন-পীড়িত ও ক্লান্ত মানবদিগকে তিনি পর্বশারের বিষয় শারণ করিয়া দিতে কুপণতা করেন না। তিনি তাঁহার সন্তানদের ছাথে কাতর হইয়া মধ্যে মধ্যে চিৎকার করে বলেন, 'ওরে তোরা কে কোথায় আছিস হেথা আয় রে।' সেই কাতর ক্রন্দন শ্রবণ ক'রে, বাঁহারা সর্বন্ধ ত্যাগ ক'রে তাঁহার নিকট অশ্রম গ্রহণ করেন, তিনিও তাহাদের সহল্র পাপ সন্তেও শ্রীচরণে স্থান দিয়া ক্রতার্থ ও স্থা করেন। আর বারা সংসার ধুলাখেলার মন্ত হয়ে ঐ অমৃত্যারী বাণী গ্রান্থ করে না, তাদের কি তিনি ত্যাগ করেন? না—ক্ষমই নয়। কুপুত্র ব্যাপি হয় কুমাতা কথনও সন্তব নয়।

তাই তিনি তাঁর প্রিয় সস্তান অমরকবির মুথে বলিয়াছেন—

"মহাসিত্মর ওপার থেকে কি সঙ্গীত ভেসে আসে।

কে বেন কাতর প্রাণে, ডেকে বলে আরু চলে আর আমার পালে।

বলে স্থায়রে যাত্ আরুরে ত্রা,"

হেথা নাইক মৃত্যু নাইক জ্বা;

হেথা বাতাস গীতি গন্ধ ভ্রা চির নিশ্ব মধু মাসে।"

গীন সেবক—

শ্রীললিতমোহন বন্দ্যোপাধ্যার বি, এ।

# উত্তরাখতে ভ্রমণ ও স্থিতি।

( > 0 )

তরা বৈশাথ ভোরে সেই মঙ্গলময়ের নাম শ্বরণপূর্বক শ্যাত্যাগ করির।
বৃষ্টিবন্ধর সাহায্যে শ্রীনগর মানসে— রওনা হইলাম। পথটি বড়ই স্থানর,
একেবারে দোজা। ইধারে বাগান। বনের মধ্যে থেকে পাথী ডেকে বলছে
বদরীবিশাল বদরীবিশালকি জয়।"

"অং হঃ সং হর দ্থিলং সক্তত্ত্দয়াদেব সকল লোকস্ত। তরনীরিব তিমির জলধের্জম্বতি জগন্মজল হরের্নামঃ॥"

একবার মাত্র যে নাম উদয় হইলে সকল লোকের অথিল পাপ দুর হয়, পাপ তিমির জলধির ভার সেই যে জগক্ষণল হরির নাম তাহা জয়যুক্ত হইতেছে। ভাই বুঝি পাথী ডেকে ঐ নাম বলে। নদী হুর হুর ধ্বনি করে। মহান হিমালর ধ্যানময়। যাত্রীসমূহের মুখেও নামের জয়ধ্বনি, পথিমধ্যে ঘাহার সঙ্গে দর্শন ঘটিল, ছজনের মুথেই "বদরীবিশাল কি জয়, কেদারনাথ স্বামী কি জয়" এই বুলি। আন্দান্ত ।।টা রাত্রে আমরা চটি হইতে বাহির হইয়া শ্রীনগর অভিমূপে অগ্রসর হই। বেলা ৮টার সময় বিধকেদার চটি নামে এক স্থানে আসিয়া আ 🗸 বিৰকেশ্বর শিবালয়ে শিবলিক্স্টি দর্শন করিলাম। এ চটিতে ২।৩ খানি ঘর, থাক্ষদ্রব্য ও দোকান আছে। এথানে থান্য দ্রব্যের বিষয় বলা হয় নাই। আছে স্বধু চাউল আর দাউল। মৃত, আটা, শবণ। তরকারির মধ্যে এক এক চটিতে আলু মেলে। ১ই এক চটিতে বিলাতি কুমড়াও দেখা গিয়া ছিল। আর কিছু নয়। দাল এধারের চটিতে সিদ্ধ হুইতেছে। পথ ইাটার কুধা হইত, কাজেই নুন ঘি ভাত খাওয়াও ঘাইত। চাল ছয় আনা, সাত আনা সের। দাল অভ্হর পাঁচ আনা, ছোলা, মূগ ঐ প্রকার। মৃত হুআনা ছটাক। সব চটিতে দর সমান নয়। হুধ সব চটিতে মেলে না। যাহা হউক, আমরা বিৰকেদার বর্ণনাস্তে ১৩ মাইল হাঁটিয়া খ্রীনগরে কালী কমলী বাবার ধরমশালার আসিলাম। মক্ত ধরমশালা। খ্রীনগরটি বেশ সহর। খ্রীনগর প্রাচীন গড়-বানের রাজধানী ছিল। এখানে অনেক প্রাচীন কীর্ত্তি আছে। ১৮৯৪

খুষ্টান্দে বিরহী নদীর বাঢ় ভান্দিয়া এই মগবটি ভাসাইয়া লইয়া যায়। বর্তমান প্রীনগর ইংরাজ গভর্ণনেন্টের স্থাপিত স্থন্দর প্রীসম্পন্ন সহরট। কিছু দূরণত ধীরে ধীরে বহিয়া বাইতেছে, অসংখ্য প্রস্তরখণ্ড সাদা গোলাপী নীল কত রকম বর্ণের তটোপরি এবং নদীর মধ্যে দেখা যাইতেছে। জল অরই. বেশ স্বচ্ছ শীতল। শ্রীনগরে সরকারী ডাক বাংলা, পোষ্ট ও টেলিগ্রাফ অফিস, দাতব্য চিকিৎসালয়, হাঁসপাতাল, সবই আছে। অনেকগুলি দেবমন্দির আছে। তার মধ্যে শ্রী৺শঙ্করনাথ, শ্রী৺কমলেশ্বর শিবের মঠ দর্বব প্রসিদ্ধ। আমরা ধরমশালার দ্বিতলে নিরিবিলি একটী ঘর পাইলাম। সাধুছেলের। সন্মুথের বারেণ্ডায় রহিলেন। এখানে অত্যন্ত জলকষ্ট ঠেকিল। তবে পাণ্ডাজীর লোকে-দের জন্ম বিশেষ অভাব হইল না। স্থান করিতে গিয়া রৌদ্রেও বিশেষ চড়াই উৎরাই করিতে বড়ই কট্ট হইয়াছিল। দেদিন বৃড়িয়া জলের জ্ঞা বিষম রকম চীংকার করিয়াছিল, সঙ্গে পাশ্চাজী নাই, কে শাস্ত করিবে, আমরাই শেষে তাহাকে ঠাণ্ডা করিলাম। হরি মা অত্যন্ত বিরক্ত হন। মধ্যাহে বিশ্রাম অত্তে বৈকালে সহর ভ্রমণে বাহির হওয়া গেল। বেশ সহর। আমরা তিন ভোড়া "রবার স্ব" তুসঙ্গিনীতে কিনিলাম, পুঁজি করিয়া রাথিলাম। মোজা ও अक्टो (मारब्रिटावर किनिवा नहेगाम। किছू नवक हेगामिश नहेगाम।

আমরা বৈকালে যথন কেনাকাট। করিতেছি, সেই সময় মহানন্দলী আসিয়া উপস্থিত হইলেন। তিনি তই দিনত সঙ্গে ছিলেন না। দেবপ্রায়াও থেকে বাড়ী গিয়েছিলেন। তাঁকে দেখিয়া যাত্রীরা থ্ব সম্ভষ্ট হইল। আমাকে জিপ্তাসা করিলেন ''মাকে কোন কষ্ট 'মিল্নাত ?" আমরাও বলিলাম ''না বাবা।" তিনিও সম্ভষ্ট হইলেন ও বলিলেন, "মা হুর্যাপ্রসাদ যেমন ছেলে আছে, আমিও তেমনি আপনার সকলকার ছেলে আছি হা।" আমরা রাত্রে ধরমশালার ঘরে আসিলাম। ভোরের ঠাওও লাগিয়া সেদিন আমার অভ্যস্ত গলা ব্যথা ও গা ব্যথা হয়। রাত্রে সঙ্গিনী ব্রন্ধচারিণীর একান্ত অভ্রোধে গ্রম্ম হুর্য ও কিছু গ্রম জিলিপি মিলিল, থাওয়াইয়া উপ্তমরূপে গলার টুক্র ক্ল্যানেল জড়াইয়া চারিদিক বন্ধ করিয়া শয়ন করিলাম। মধ্যাহ্রে ছ্থানি চিঠি বিধে বরদানন্দের নিকট পোষ্ট করিতে দিয়াছিলাম। রাত্রে স্থনিক্রার পর ভোরের সময় যীত্রীরা জয়ধ্বনি দিয়া বাহির হুইল দেখে আমরাও উঠিলাম। শন্ধর

এসে লঠন নিলে, শ্রীনন্দ ব্যাগ বিছানা নিলে, তাড়াতাড়ি । ইকীন জুতা পরিষা আলোয়ান হাতে লইরাই যৃষ্টিবন্ধর সাহাযো "জ্বর বদ্রিবিশাললাক কি জর্ম" দিরা উপর হইতে নামিতে গিরা দেখি, সিঁড়েই তাজিতে পারি না, সর্বনাশ, দারণ গাঁতি-বেদনা, দেহ যে অচল। নিংশদে নামিলাম। শু আমার গতিক দেখিয়া পূর্বাদিন বৈকালে কেলারের পাণ্ডাজী কাশীরাম বাবা আমাকে ঝাম্পান করিতে বলেন। সঙ্গিনীরাও কেহ কেহ বুলেন। কারণ শ্রীনগরে ঝাম্পান মেলে। স্পরে জঙ্গলের চটিতে মেলে না, আমি রাজি হই নাই। টু ভোরের সময় অতি কপ্তে বিতলের সিঁড়ে তাজিলাম। রাজা সোজা বেশ ভাল। যিষ্টিবন্ধর সাহায্যে থ্বই আতে আতে চলিলাম। যাত্রীরা সব বলিল, স্থালি মা আজ সবার পিছনেইপড়িয়াছে। সঙ্গিনী ব্রহ্মচারিণী বলিল, তুমি কেন ঝাম্পান করিলে না প এ চটিতে মেলেত গিয়াই করিতে হইবে। সজিনীর সহিত গল করিতে করিতে চলিলাম। এগার মাইল হাঁটিরা গায়ে ঘাম্ ছুটিয়া গেল।

শব্দর ছাতা লইয়া যাইতেছিল, রৌদ্র দেখিয়া ছুটাছুট আসিয়া দিয়া গেল, কন্দর্টার আলোয়ান মোটা সোয়েটার সব নিরে গেল। এদের যত্ন ও না বল্তেও নিজেদের এ প্রকার হুঁ সিয়ারী দেখে দেখে আমি মুশ্ধ হইতাম। দীনা আমি স্থাই কাঁদিতাম, "হে ঠাকুর এদের রাজা কোরে দাও" এই প্রার্থনা করিতাম। ব্রহ্মচারিণীও খুবই প্রার্থনা করিত ও প্রত্যেক পাহাজী ব্রাহ্মণকে দেখলেই বল্ত, স্থানীলা এরা দেবতা। পাঙাজীকে বলিত, স্বরং নারায়ণ। গাণ্ডিওলার, শ্রীনন্দের যশোদা মা হোয়েছিল, সে নিজে আমার নিকট থেকে যা যা কিছু নিয়ে গেল, জলথাবার, মেওয়া, তার অর্দ্ধেক শ্রীনন্দকে দিয়ে দিলে। যদি আমি বলিতাম কি কছিল, হাসিয়া উঠিত, কিছু না কিছু না, ও ভাই খাক, আমার পেটভরা আছে। ব্লান্তবিক তার অচলা ভক্তি ও দয়া শেথে দেখে আমি মুগ্ধ হইতাম। তেমনি কণ্ঠ সহিষ্ণু গির্মিসত হোয়েছিল। আমাদের ক্লেরে সকলে আমার চেয়েও এই ব্রহ্মচারিণীকে ভালবাসিতেন। মাথাটিতে লহা চুল নাই ছুতা মোজা পরিয়া পায়ে ঢাকা দিয়া যথন চলিত, ঠিক একটি ছোটা ছেলেই দেখাত, ভাই আম্বা ব্রহ্মচারিণী না বলিয়া ব্রহ্মচারী বলিতাম।

আমরা এগার মাইল হাঁটিয়া রৌদ্রে হাঁপাইয়া কিছু উৎরাইপূর্ব্বক "থাকরা' চটি নামে একটি চটিতে আসিলাম। দেখি, বড় সাধু ছেলেটি স্থান ঠিব করিয়া আনাদের অপেকার বোনে আছেন। আমরা আসিতেই আহ্নন মা, আহ্নন মা করিয়া সেই স্থানে লইয়া গেলেন। তাঁর কণ ছিল বতগুলি যাত্রীর তব লওয়ার, সকলেই তাঁকে খুব ভালবাসিতেন ছেলের মত। কে এল, কার আসিতে দেরি হোলো, কার কি অহ্বও হোল, ঔষধ দেওয়া, এই সমস্ত তাঁর কার্যা। দেদিন আর স্নান করিলাম না। মহানক্ষী বলিলেন থিচুড়ী থাইতে। হোলোও তাই, খুব নিকটে একটা স্থলর ঝরণা মিলিল, এক সঙ্গিনী ও আমি গিয়া খুব কতক্ষণ বোসে রইলাম। সঙ্গিনী আপন বহু সাংসারিক অগ্রিকাও মহামারি সংবাদগুলি জানাইলেন। একটু কাঁদিলাম, উদাস হইয়াই গেলাম। বলিলাম, মা, সংসার "ওল ও কচুবন। বিচুটীর বোন।" আমার অকটি হোরে গিয়েছে, আমি মনধুলবুলে একস্থলে লিখেছি—

"তারা গো নিম্তেতো সংসার
এই কি মা তোর লীলাকানন ?
মাগো এবে বিচুটি বোন
ছট্ফট্রে মলাম আমি থাক্ব নাক আর''।
( >> )

সন্ধিনীকে কলিকাতার এসে একথানি মনবুলবুল দিব প্রতিশ্রুতা হইরা ধরণার জল কিছু মুখে দিয়া উঠিতেই একজন ব্রাহ্মণ বদ্বীনাথের মাহাত্ম্য কথা শোনাতে চাহিলেন। তাঁহাকে প্রণামপূর্কক চটিতে যাইতে বলিলাম।, তিনি বলিলেন—সেই ঝর্ণার উপরই প্রস্তর থণ্ডে দাঁড়াইয়া, মায়ী বিফুভক্তির উৎপত্তি স্থান স্বরূপ বদরীক্ষেত্রের মাহাত্মা অধিক কি বলিব, এথানে অতি ভক্তি সহকারে বাস করিলে ও কঙ্গণাসাগর ভগবান পদ্মনাভের চরণে ভক্তি বাহা করিলে, তাহা অনায়াসে লাভ হয় ও মানব বিষ্ণুপদ খ্যান করিতে করিতে পবিত্র হয়। ব্রাহ্মণের কথাটি স্থান, কাল ও মনের উপযুক্ত ভাবাপার সময়ে বড় ভাল লাগিল। আমরা চটিতে আসিলাম। এসে দেখি ব্রহ্মচারী একেবারে উত্তমরূপ থিচুড়ি আলু ভাজি, কুমড় ভাজি তৈরি কোরেছে। ঝি থানিকটা ক্ষীর এনেছে বুড়দিদির জন্ত। ব্রাহ্মণটি বলিলেন, মায়ী পয়ে ঠাঙা হোরে সকলেই বস্বে, সকলে এক সঙ্গে ভন্তে। থেলাঙ তাই। শ্রীনগরে আহারের অস্ক্রিধা হওয়ার বন্ধচারী মধ্যাছে

মোটেই বায় নাই, রাত্রে জলযোগ কোরেছিল, ঠাকুরের মূর্তিটি বাহির করিয়া।

হজনে প্রশামান্তে ঠাকুরকে উৎসর্গপূর্বক বসিয়া গেলাম। বৃড়িদিদিও বসিলেন।

আশ্চর্যা রক্ষম বাওয়া হইল। কলিকাতা গৃহের তিনবারের আহার বোদে
বোদে একবার থাওয়া গেল। জ্বর হোলে ত মামুষ মোটেই থেতে পারে না,
ভবে এত থাওয়া গেল কেন ? ব্রন্ধচারী বলে, দেখ ভাই, আজ যেন যোগোডান
ও সেই প্রসাদ, না ভাই ? চেয়ে দেখি ঠিক ভাই। চারিদিকে জনতা
(সে চটিতে অতান্তই ভীড় ছিল) সেই রক্ম স্থানটিও, প্রসাদও ঠাকুর কোরে
দিলেন সেই প্রকার। পরমানন্দ উদয় হোলো, সেই আসনেই বহু গ্রু হুসন্ধিনীতে

আরক্ত হইল। বৃড়ীদিদি ত বাপোর দেখে পালিয়ে কম্বলে গিয়ে লয়ন কল্পেন।

বড় ছেলে নাক্ষি পিছনে বোসে আমাদের গ্রু দেখে চোকে দেখছি ঠিক যোগোতান।

বদ্রিকা পথে থেকে থেকে আমাদের অভুত রকমই আনন্দ ইইভ, ঠিক ৬। ক ৰংসর বয়সে হজনে যেমন থেলিতাম, বুড়ো বয়সের মধ্যে সেই বাল্য জীবন উদয় হইত। আমি বল্ছি ব্রহ্মচারি! দেখ, ঠাকুর সব সাধ মেটাচেছন ভাই, ৰুলবুলে যে "সাধ" কবিতা আছে—

নীরব নিরুম কাননের কোলে তটিনী বছিবে ধীরে
ত্রীম লভিকায় কূটীর বাঁধিণ,
বার মাস তথা একাকী থাকিব,
ক্ষারের গাথা গাহিব একাকী
বসিরা তটিনী তীরে।
তক্ন হাদরে নব হুণরাশি
আকার আসিবে ফিরে
শাথী সথি হবে কিহুগের কুল
শাথী সথি হবে কুহুম মুকুল
ভ্রমর মৌমাছি প্রজাপতি আদি
মিগনে এ হিয়া ফুটিকে
বিরাদা হাদর বেদনা
বীরে ধীরে টুটিকে।

প্রথমে একজন ছুটে এলেন, আর জনকতক এল, "ওমা কি বলি বল মা, ভানি মা।". বল্ছি দাড়াও বলিয়া যষ্টিবন্ধুকে আনিয়া ঠিক স্থানে রাখিতে যেই উঠেছি—ভোঁ করিয়া এক রাক্ষণের মত মৌমাছি নাকের ডগার ভীষণ রকম কাম্ডে পালাল। বোসে পোড়ে যত হাসি তত কাদি। ছুসের জল অনবরত হু চোক দিয়ে বেরিয়ে গেল। সন্ধিনী ছুটে একটু ঘি মাথিয়ে দিলে। সে স্থান পরিত্যাগপুর্বক আর এক ঘরে ইষ্টক নির্মিত মন্ত্ নাট্মন্দিরের মতন পুহে হুজনে পালাইয়া গেলাম। সেখানে করল পেতে বসা গেল। সেই বাক্ষণাট বদুরী কেদার মাহাল্কা শোনাইতে লাগিলেন।

সেখানেও খুব মাছি ও মৌমাছি, কিন্তু আর কাম্ডালে না! দলের অনেককেই ৯
মৌমাছি কাম্ডাইল সে দিন। আমার বেশী কেই হইল না। পরে সেরে গেল,
নাক রাঙা হোলে রইল। অদ্যাবধি একটি স্থন্দর হল ফুটানর ক্ষত—আমার
নাসিকার চিহ্নিত আছে, বোধ হর আজন্মই থাকিবে।

বৈকালে ব্রহ্মচারী ও আমি তৃত্বনে ঝর্ণার ধারে গিরেছি, পূর্ব্বোক্ত সঞ্জিনী ছুটে এসে "ওমা ওরে" বোলে আমায় হহাতে জড়াইয়া ধোরে মিনিট- পাঁচ কিছুই বল্তে পারে না। ব্যাপার কি জানিবার জন্য হুসঙ্গিনীই উৎক্ষক হোলাম। সঙ্গিনী পরে ৰল্লেন, "সূর্য্য বাৰা এসেছেন।" আমি ত হেসে উঠ্লাম, মা উন্নাদ হোরেছে গো, কাকে দেখেছে গো। অসম্ভব পাণ্ডাজীর এখন আসা। তিনি লাল সাঙ্গায় যাবেন ১৮ দিন পরে। সঙ্গিনী বলেন "চ দেখ্বি চ।" ব্ৰহ্মচারি বলে, ও ভাই তা হবে, যে কালা সব কেঁদেছে, ঠাকুর হয় ত এসেছে, আহা নারায়ণ যে রে।" সন্দেহ হইল ছুটিলাম চটিতে। গিয়ে দেখি টক্টোকে রাঙা সিদ্ধ মত মুখ---পাণ্ডাজী বোসেছেন চারিদিকে সৰ পাথা কোছে। দেথৈ আশ্চর্যা। মহানন্দ-कीरक विल्लाम, "वावा प्रया वावा अरमहिन रेप (मध् हि।" महानक्की वरक হাঁ মা—৩৯ মাইল হেঁটেছে; এসেছে, এই লোকটা কাপড় নিমে এসেছে থাকুতে পারেনি। শঙ্কর কদিন পাঞাজীর জন্ম বিষয়ই ছিল, সে ভরঙ্কর রক্ষ আননে হিন্দিতে আমায় জানালে, "পাণ্ডাজী এপেছে।" আমার ত বড় ভক্ হোলো বে, ছেলেমাতুৰ পাণ্ডালী সৰ কালাকাটিতে চোলে এলেন, কত লোকমান হবে, ওঁর ভাই কত রাগ কোর্বেন, চুপ কোরে ভাব্ছি।

পাণ্ডাকী স্ব্যবাৰা জামা খুলে স্থপু গালে স্বধু পালে এসে আমান দৈখে এমন স্থন্দর রকম হাদলেন, ঠিক যেন আমার সেই বালক বন্ধু "ঝুণ্টুবাব্।" কি রক্ষ অপত্যক্ষেত্রে স্কুদর ভরিষা গেল, নারায়ণ রামক্রফট জানেন। বসাই-লাম, বাতাস দিতে গেলাম, কিছুতেই বাতাস নিলেন না। "বোস্ মা বোস্ গো, কেমন আছে দব, ভালত ৭ ভূমি এমন হাঁট্লে কেন ৭ ১৩ মাইল এক বেলা হেঁটেছ, রাম রাম কিলো দব।" মহানন্দজীকে একটু বক্লেন। পরে বল্লেন, মাগো আপন সব চোলে এলে কি হোলো আমি ঘরে যেতে পারিনা। এমন লাগলো দেকি আছে গো, আমি থাইনা কেবল "বাবা বাবা ডাক্ছে তুনি, কেবল কাঁদছি। রাত্রে খুদ কতে গিয়ে শ্বপ্ন হোচ্ছে "বাবা বাবা" ডাক্ছে সকল। কি করিগো, আমি দাদাকে আর্জেটে টেলিগ্রাফ করি। যে বাত্রী সব কেদার যেতে কাঁল। কোছে, আমি কি করি ?" দাদা পাঠালে "তোমার যা ইচ্ছা বুঝে কর।" আমি নারায়ণকে কোটা কোটা প্রণাম কোরে স্বাদ্ছে। এমন চল্ছে পাথীর মত গো। সব চটিতে আমি দেখছে।" আমরা সব হাসিতেছি, বালকের মত মিষ্ট বোল, বড়ই মধুর। পাণ্ডান্ধীর লোক শিশি হইতে কি তৈল লইয়া পাণ্ডাজীর পায়ে মাথাইতে লাগল। অনেককণ পরে মুখ হাত ধুরে জামা পরিলেন। থানিকটা গরম চা থেয়ে শরন করিলেন। শহর গা টিপে দিতে লাগল। যাত্রীদের আনন্দ কোলাহলে চটি মুধরিত, পাণ্ডাজী এসেছেন। বুড় বুড়ু মা সহ আছুরে খুকী মত হইয়া উঠিল। পাঙাজীকে যে যার তিন দিনের কথা বলিল। আমিও গিয়া "নাক" দেখাইয়া আসিলাম। পাঞ্চাজী টপ কোরে উঠে "মাকে কষ্ট আছে।" আমিত দেখে অবাক "না বাবা কিছু নয় ভাল হোয়ে গেছে।" শোনে কে? পাণ্ডাজী পাথরে লাটী ঘষিরা ঔষধ করিয়া নাকে দিতে বল্লেন। দিলাম। সত্য কিন্তু প্রদিন ব্যথাই দ্বইল না। সে রাজ্র সেই চটিতে শব রহিলাম। "ভক্ত কিন্তরী।"

# গুরু রূপাহি কেবলম্।

১ শুরু বিনা ন'হি জ্ঞান, শুরু বিনা নাহি ধ্যান

থক বিনা কিছু নাই এই তিন ভুবনে—

শুরু বিনা কোখা যাই ? ু তিয়া না স্থান পাই মরমে মরিয়া থাকি, প্রাণে স্থার বাঁচিনে।

- হ। গুরু বিনা এ সংসার সকলি যে অন্ধকার
  গুরু মোর জ্রুবতারা এ সংসার মাঝারে।
  গুরু মোর প্রাণপাথী এ দেহ পিঞ্জরে থাকি
  আবারামে রক্ত সদা, কাল ভয় নিবারে।
- ৪। শুরু বিনা কিছু নাই নিশ্চয় বুঝিয়ু ভাই
  জয় জয় গুরু বল, গুরু বল রসনা।
  তোমার তুমিজ যাবে, মরিয়া অয়য় হবে
  শ্রীগুরু-চরণ ছাড়া, অয় ধন চাবে না।
- ৩ ওফ মোর জপ তপ, হুদি মক, ওফ অপ,
   শ্রী গুকুই নারাৎনার, প্রাণে কর ধারণা।
   গুকুমুর্তি ধ্যান জ্ঞান, গুরু বিনা নাহি জ্ঞান
   গুকুমুর্বি ব্যার জ্ঞান।

"কান্সাল।"

## তক্ত শিষ্যের কথোপকথন।

শিক্স শুক্তকে জিজ্ঞাসা করিল, "প্রভু, আজ আমার মনে ভ্রমানক সন্দেহ উপস্থিত হইয়াছে, অনুগ্রহ করিয়া যদি এ সন্দেহ ভ্রমন করিয়া দেন, তাহা হইলে ফ্লাপনার নিকট মনোগত ভাব ব্যক্ত করি"——

শুরু বলিলেন, "বংদ! কি সন্দেহ তোমায় চিত্তে উদ্রেক হইয়াছে, তাহা এইকণেই ব্যক্ত কর"— শিষ্ণ বলিল, "প্রাভূ, আপনি বলেন ৰে ইমারের নিকট পক্ষপাতিত্ব নাই, ভিনি সকলকে সমান চক্ষতে দেখেন, কিন্তু আমি দেখিতে পাই কেহ কেহ নিজের উদরায়ের জন্ম করিছেন করিয়া শরীরপাত করিয়া কেলিতেছে, ভব্ও হথে দিনপাত করিতে পারে না, আবার কেহ কেহ বিনা পরিশ্রমে বা স্বর্গরিশ্রমে অতুল ঐমার্যের অধিকারী হইয়া আনন্দে দিন যাপন করিতেছে। এই সব দেখিয়া আমার মনের মধ্যে সন্দেহের উদ্রেক হইয়াছে"—

শুক শিশ্যের বাক্য শ্রবণ মাত্র ঈষৎ হাস্ত করিয়া বলিলেন, "বংস, ভগবান পক্ষণাতী নন, তাঁর করুণা অপার, অচিন্তনীয় ও বাক্যাতীত। তিনি মনুষ্য, জীব, জন্তু, এমন কি কুল কীটপতলাদি সকল প্রাণীকে সমান চক্ষুতে দেখেন, তাঁর করুণার বিষয় ক্ষণেক চিন্তা করিয়া দেখদেখি—শিশু ভূমিষ্ট হইবার পূর্বেষিনি তার জীবন রক্ষার্থে মাভ্স্থনে হুদ্ধ দেন, তিনি কি কথনও পক্ষপাতী হইতে পারেন! আবার দেখ, যদি কেহ ঐ স্তনে ছুরিকাঘাত করে সে হুদ্ধ শায় না, কিন্তু শিশু যখন কুধায় কাতর হইয়া স্তনে নিজ মুখ দিয়া হুদ্ধ নিঃসরণ করিবার চেষ্টা করে, সে স্থমিষ্ট হুদ্ধ পায়! বংস, ঈশ্বরের কৌশল অতীৰ অন্তুত, সে রহস্তময়, কুল মান্ব তাহার কুল বৃদ্ধিতে হুদ্রক্ষম করিতে পারে না। তবে যে বৃদ্ধিতে চেষ্টা করে, তিনি তাকে ক্রমশঃ বৃঝান। যথার্থ অভাব তিনি কথনও কাহারও রাখেন না, বরং সদাই তাহা মোচন করেন। এ বিষয় আমি তোমায় একটী কুল গল্প বলিতেছি, শ্রবণ কর:—

কোন দমর একটা বৃদ্ধ সন্ত্যাদী এক প্রাম হইতে অপরপ্রামে ঐঐ পরাম বর্মনী
মাতার মন্দির দর্শনার্থে যাইতেছিলেন, কিছুদ্র অগ্রসর হইবার পর সমুধে
একটা সুরহৎ প্রান্তর দেখিতে পাইলেন। তথন চৈত্র মাস, বেলা দ্বিপ্রহর,
সুর্ব্যের উত্তাপ অত্যন্ত প্রথমতের বলিয়া বোধ হইতেছিল—পথে ঘাটে জনপ্রান্তী
ছিল না, এমন কি পক্ষা সকলও নিজ নিজ বাসা ত্যাগ করিয়া ইতন্ততঃ
বিচরণ করিতে সাহস করিতে ছিল না। চতুর্দ্দিকে লোকালয়ের চিহ্নমাত্রও নাই,
কেবল বড় বড় মাঠ, এমন কি তথার একটা বৃক্ষও দেখিতে পাওয়া যাইতে ছিল
না। প্রায় অর্দ্ধ ক্রোল পথ অভিক্রম করিবাব পর সন্ত্যাসীর অত্যন্ত পিগাসা
পাইল। অনেক অনুসন্ধানের পর কোন জলাশ্য বা প্রোত্থিনী দেখিতে
পাইলেন না, অধিকত্ব দেখিলেন বে মাঠের পার্থবর্তী করে সুত্র বল প্রধানী

পর্যান্তও শুদ্ধ হইয়া গিয়াছে। তথন তিনি সত্তর মাঠ অতিক্রম করিয়া প্রামে পৌছিবার জন্ম দ্রুতপদে অগ্রসর হইতে লাগিলেন। কিন্তু বৃদ্ধ সয়াসী জল পিপাসায় এবং প্রথয়তর রবির কিরণে পথ ভ্রমণ করতঃ এতদ্র রাক্ত হইয়া পড়িলেন য়ে, আর তাঁহার নজিবার শক্তি রহিল না এবং কিয়ণ্র অগ্রসর হইবার পর অচেতন হইয়া ভূমিতে পড়িলেন। পূর্কেই বলিয়াছি, দে স্থানে তথন কোন জন প্রাণীর সমাগম ছিল না, ফতরাং সয়াসী ঐ অবস্থায় পড়িয়া রহিলেন। কিন্তু ভগবানের কি অপার করুণা! তৎক্রণাৎ আকাশ মেঘাছয়ে হইয়া গেল। অয়িফুলিঙ্গের ন্যায় বায়ু তুয়ার কণার ন্যায় শীতল রূপ ধারণ করিয়া তাহার চিরসঙ্গী বৃষ্টিকে আহ্বান করিল। সেই মুবলধারা শীত্রই সয়্যাসীয় হৈততা সম্পাদন করিয়া অন্তর্ধিত হইল।

সন্ন্যাসী দণ্ডায়মান হইয়া উদ্ধপানে দৃষ্টি করতঃ করজোড়ে কহিলেন, "মা! তোমার লীলা বুঝা ভার, আমি এই নির্জ্জন প্রাস্তবের অচেতন হইয়া পড়িয়া রহিলাম দেখিয়া তুমি বারিরূপে আমার চৈত্র সম্পাদন করিলে। তুমি ত বিনা কারণে কোন কার্য্য কর না, আজ আমায় যথন এত কণ্ঠ দিতেছ, তথন নিশ্চয়ই তোমান্ন কোন মহৎ উদ্দেশ্য আছে। কিন্তু আমি যে কুধা ও ভূষণায় অত্যন্ত কাত্র হইয়া পড়িয়াছি মা।"

সন্ন্যাদীব মুথ দিয়া এই করটী কথা বাহির হইবামাত্র তিনি শুনিতে পাইলেন, কে একজন উচ্চৈ: ব্যুরে গাহিছেছে :---

> শিস্তান মঙ্গল তরে, বেজাই আমি ঘুরে ঘুরে, কিবা স্থপে কিবা হঃথে ছাড়িনা কভু তাহারে॥

উক্ত সঙ্গীতটা সন্ন্যাসীর কর্ণকুহরে প্রবেশ করিবামাত্র তিনি গদ্গদ্ চিত্তে সম্পূটশ্বরে বলিলেন, "কে এ গান গাহিতেছে, এ যে আমার হৃদয়ের লুকায়িত উচ্ছ্বাস প্রকাশ করিতেছে!" এইরূপ ভাবিতে ভাবিতে তিনি ভখন সেই স্বর্ম লক্ষা করিয়া অগ্রসর হইতে লাগিলেন এবং অনতিবিলম্বে দেখিলেন, একটা বৃদ্ধ কৃষক উক্ত গানটা গাহিতেছে। সন্ন্যাসী তখন সেই কৃষকের নিকট গিরা বলিলেন "বংস! আমি অভিশয় ভৃষ্ণার্ত্ত হইরাছি, আমাকে এক ঘটা জল দিতে পার ?" কৃষক সন্ন্যাসীর আজাত্মলম্বিত বাহু, দীর্ঘ জটা ও তপ্তকাঞ্চনের ন্যার্ম দেহ দেখিয়া ভক্তিভরে তাঁহার চরণধূলি শীম মন্তকে স্থাপনপূর্মক অতি বিনীত-

ভাবে বিশিল, শুভু, এ বছর রৃষ্টি না হওয়াতে এথানকার থাল বিল সব ভাকিরে গেছে, আর আমার কাছেও ভাল থাবার জল নেই। তবে বস্তুন, আমি একপাছা আক মেড়ে আন্ছি, এতেই আগনার পিণাসা কতকটা মিটিডে পারে—আর গ্রামও এথান থেকে বেশী দূর নম্ম, এক গোয়া পথ বড়চ জোর— এই টুকুন কট করে গেলেই আপনি কোন ভদ্র লোকের আশ্রয় পাবেন," এই বলিয়া সেই ক্লমক একগাছা পরিপক ইক্ষু নিস্পেষণ করিতে লাগিল এবং মনে মনে ভাবিতে লাগিল, "আমার কি পৌভাগ্য, এই জনমানবহীন প্রাপ্তরে আদ্য আমি অতিথি সংকার করিতে পাইলাম এবং অতিথি ত যে সে নয়, একজন কামিনীকাঞ্চনত্যাগী বৃদ্ধ সহ্যাসী!"

বড়ই আশ্চর্যেশ্ব বিষদ্ধ, একগাছি ইক্ষুরসে দেড়সের পরিমাণ পাত্রটী পরিপূর্ণ হইয়া গেল! ক্ষকও এই আশ্চর্য্য বাপার দেণিয়া কিংকর্ত্তব্য বিমৃত্ হইয়া সন্মানীর নিকট পিয়া সাষ্ট্রাস্কে প্রণিপাতপূর্ব্ধক মূল্লন্থ পাত্রটী প্রদান করিল। সন্মানীও পাত্রটী গ্রহণ করিয়া মনে মনে ভাবিদেন, "মা! তোমার কাছে চাহিবার আমাদের কিছুই নাই। আমি পিপাসার্ত্ত হইয়া তোমার কাছে চাহিবার আমাদের কিছুই নাই। আমি পিপাসার্ত্ত হইয়া তোমার কাছে চাহিবাম জল, তুমি আমায় দিলে স্থমিষ্ট ইক্ষুরস; যদ্ধারা আমার ক্ষ্যা ও তৃষ্ণা হই নিবারণ হইবে। এইরূপ ভাবিতে ভাবিতে সন্মানী দেই ইক্ষুরস জগজ্জননীকে নিবেদন করিয়া নিজ্বে প্রসাদ পান করিলেন এবং ক্ষযককে বলিলেন, "বংস, আমি অক্তিশন্ত সন্ধ্যাসীকে অভিশন্ন সন্তুষ্ট দেখিয়া কাকুতিমিনতি করিয়া বলিল, "ঠাকুর আপনার পায়ে পড়ি একটু দাঁড়ান, আর একগাছা আক মেড়ে আনি।" ক্র্যাসী পূর্ব্ধ হইতেই ক্রযকের অভিথি সংকারে বিশেষ প্রীতি লাভ করিয়া—ছিলেন এবং ভাহার অম্বরোধ অবহেলা করিতে না পারিয়া অম্ব্যুভি দিলেন।

তথন ক্বৰক আনন্দচিত্তে তুই গাছি সর্বোৎক্বন্ত ইক্ হইতে রস নির্গত করিতে সাধ্যমত চেষ্টা করিতে লাগিল, কিন্তু ত্রভাগ্যের বিষয় তুই গাছি ইক্ষ্রসে পূর্বোক্ত পাত্রচীর চতুর্থাংশের এক অংশও পরিপূর্ণ হইল না। ক্বাক এই ব্যাপার দেখিয়া ভীতচিত্তে সাধ্র সমীপথভা হইয়া করজোড়ে বলিল, "দেবতা, আপনি অন্তর্থ্যামী, দয়া করে এ দাসের দোষ নেবেন না। আমি অজ্ঞান, না ক্রুডে পেরে অন্যায় কাজ করেছি, তার জন্ম কমন নং

সন্মাসী কিছুই বুঝিতে না পারিয়া তাহাকে বলিলেন, "বৎস, আমি ভোমার উপর ভিলমাত্র অসম্ভষ্ট হই নাই, বরং ভোমার আভিথ্যে অভিশন্ধ প্রীতিশাভ করিয়াছি, তুমি কি বলিতেছ কিছুই বৃঝিতে পারিতেছি না। ক্বক সয়াসীয় ৰাক্য শুনিয়া বলিল, "প্ৰভু, আপনি অন্তৰ্গামী, কেন আমার সহিত ছলনা করিতেছেন। এক গাছা আকের রসে এ ভাড়টীর সব পুরে গেল, আর এবার তার চেয়েও ভাল ছগাছার রদে সিকিও পুরলো না।" এই বলতে বলিতে ক্রমকের কণ্ঠকৃদ্ধ হুইয়া গেল এবং তাহার মুখে আর বীকা সরিল না। তথন সন্ন্যাসী বলিলেন, "বংস তোমার কোন দোষ নাই, ইহার ভিতর এক নিগুঢ় রুহস্ত আছে বলিতেছি শ্রবণ কর—আমি ভৃষণায় কাতর হইয়া জলের জন্ত অবেষণ করিতেছিলাম, ভগবান আমাকে এমন জিনিষ মিলাইয়া দিলেন, যাহার দারা আমার কুধা ও তৃষ্ণা হুইই দূর হুইল এবং আমার বৃত্টুকুন দরকার তার চেয়েও ঢের বেশী দিয়াছিলেন, তাই একগাছি ইকু হইতে অসম্ভব ব্লস নির্গত হুইয়াছিল। কিন্তু আমি লোভ সংবরণ করিতে পারিলাম না দেখিয়া আবার সেই মঙ্গলময় জগদীখন আমান মঙ্গলের জন্ম, অর্থাৎ নিজ ধর্ম হইতে ধাহাতে চ্যুত না হই, দেই জন্য পুনরায় আর এক অভুত ব্যাপার দেথাইয়া আমায় জ্ঞানচকু কুটাইয়া দিলেন। একগাছি নিরুষ্ট ইকু হইতে যে পরিমাণে রদ আশা कदा यात्र, जारा इरेगाहि मर्स्याएक्ट रेक्क इरेटि मिर्गेज इरेन ना! बना জগদীখর, ধন্য তোমার লীলা ! তোমার লীলা কে বুঝে—তুমি যাকে বুঝাও, সেইই বুঝিতে পারে!

ক্রথক এই সমস্ত শুনিয়া বিশ্বিতনেতে সয়্নাসীর মুখের দিকে চাহিবামাত্র দেখিল যে, তাঁহার সর্বাঙ্গ পুলকে রোমাঞ্চিত হইয়া উঠিয়াছে এবং হই রও বহিয়া দরদর বেগে আনন্দাশু বহিয়া পড়িতেছে। সয়্নাসী কিয়ৎ কাল পরে আঅসংবরণ করিয়া কহিলেন, "বৎস, এ জন্য তুমি কিছুমাত্র হংখিত হইও না, আমি তোমার অতিথি সৎকারে যারপর নাই হুখী হইয়াছি এবং আশীর্বাদ করি, ধর্মে তোমার মতি থাকুক। আরও একটা কথা বলে যাচ্ছি মনে রেখো—যথার্থ অভাবে চাহিলে জগদীশ্বর আমাদের সেই অভাব তৎক্রণাৎ মোচন করেন, কেবল বিলাসিতা ও লোভের বশীভূত হইয়াই আময়া এত ছঃখ ভোগ্ধ করি। এই বলিয়া সয়াসী গছব্য হানে চলিয়া গেলেন।"

শিশ্ব—প্রভু, আপনার গল শুনির। বেশ ব্ঝিতে পারিলাম যে, তিনি যথার্থ অভাব মোচন করেন, কিন্তু আমার প্রেলের উত্তর ত আমি এখনও পাই নাই। (ক্রমশঃ)

ঐকিতীশ্বর ঘোষ।

### স্মৃতি।

<del>--</del>:•:--

5

শত যাতনার বুশ্চিক দংশণে কলোয়া পুড়িয়া হায়।
পেরেছি শরণ অনাথ শরণ
দিয়াছ চরণাশ্রম ॥

₹

কত বে বন্ধণা সহিয়াছি প্রভূ আসিয়া অবনীতলে। সে সব কবিলে পরাণ শিহরে ভাসি শুধু আঁথি জ্বলে॥

9

এই ক্ষিভিডপে লভিয়া জনম

হ:থ ছিল মোর সাথী।

পলে পলে শুধু পাইয়াছি দাগা

সংসারের ঝাঁটা লাথি॥

8

সংসার আমৃত্য আকণ্ঠ থাইরা দেখিরাছি নানা মতে। নাহি স্থা লেশ জলে হার শেষ শুলের বেদনা তাতে॥ æ

আপাত মধুর মারার মোহন
সাজান বাগান দেখে।
ভূলেছিত্ব নাথ ভূলেছিত্ব **তোমা**এখন শিখেছি ঠেকে॥

8

ছায়াবাজী প্রায় সুক্লি শুকার এই আছে আর নাই। চপলার মত আলেয়ার আলো আঁধারের নাহি থাই।

4

পুনঃ পুনঃ প্রভু তাহাতে ভুলিয়া
ছুটিয়াছি তারি পানে।
কাঞ্চন কিনিতে কাচে দিছি গেরে।
প্রাণপণে স্যতনে ॥

ъ

ক্ষম ধরচের নিকাশ করিছে প্রাণে হল মহাভর। ভরে কাঁপে প্রাণ কারে বা গুধাই ক্ষগতে নাহি আগ্রহ ॥ 2

মহা বিজীয়িকা , দেখি চারিভিডে চরণ ধরিয়া সাধি। সকলেই বলে কি হ'বে উপায় শিবের অসাধ্য ব্যাধি॥

20

এ হেন সময়ে কেহ কা'র নহে

নিজ লয়ে মত সবে।

আমার যাতনা কেহত বুঝে না

কেবা মোর এই ভবে ?

>>

বিনিদ্র রজনী কত যে কাটা'নু 'পলে পলে জলে মরি। শুক্ত প্রাণ হার যেতে নাহি চার কি উপায় বল করি?

32

ভাৰিম তথন এ জগত মাঝে
কভু কার কেহ নয়।
ভাঁহারই প্রেম অপাত্রে সঁপেছি
ভিনি মাত্র দয়াময়॥

30

এতেক যথন বুঝালেন প্রভূ
ক্বপা তবে হ'ল তাঁর।
ধীরে ধীরে ধীরে সব গেল্ল ভূলে
প্রেম সূর্ণ পালাবার॥

>8

তক তক হার মুশ্বরি উঠিল পাষাণে করিল বারি। আবার জগৎ ন্তন দেখিছ ভক্রপদ হাদে ধরি— (আহা গুরুকুপা লাভ করি॥)

>€

প্রত্যক বুঝির আমার মতন ছিল না অভাগা কেই। প্রেমময় তিনি নিশ্চয় কহিছ নহিলে আমারে স্লেই ?

25

শ্রীচরণে তব কাতর মিনতি শুন ওহে দয়াময়। আর ভূলা'ওনা দোহাই তোমার ভূবাও হে রাঙ্গা শায়॥

"কান্ধাব।"

# এ এরামক্ষ-সমাধি-মন্দির ফাও.।

#### প্রাপ্তি স্বীকার।

আমরা কৃতজ্ঞতার সহিত জানাইতেছি যে, বিগত ১লা মার্চ হইতে ৩০শে, এপ্রেল অবধি নিম্নলিখিত সহৃদয় ভদ্র মহোদমগণের নিক্ট হইতে, কাঁকুড়গাছী যোগোদ্যানে জীপ্রীরাশকৃষ্ণদেবের সমাধি স্থানে যে নৃতন মন্দির নির্মিত হইবে, তাহার জন্ম সাহায্য প্রাপ্ত হইয়াছি।

ভাহার জন্ম সাহায্য প্রাপ্ত হইয়াছি।			
মিষ্টার বি, এল, চ্যাটার্জ্জি, বোম্বাই	•••	•••	2
ব্ৰীযুক্ত বাবু বিভৃতিভূষণ মৈত্ৰ, পুঁটিয়া রাজবাট	া, বেনারস	•••	>/
🎍 🍃 হরপ্রসন্ম মজুমদার, ঢাকা	•••	***	4
🗬 মতী সুষমা বাণী বসু, কলিকাতা	•••	•••	>/
<b>শ্রীশ্ক</b> বাবু শিরীশচন্দ্র ঘটক, রাঁচি	***	•••	>
তত্ত্ব-মঞ্জরীর জানৈক গ্রাহক, ময়মনসিংহ	***	•••	3/
ডাক্তার প্রকাশনাথ হালদার, বেনারস সিটি	•••	•••	30/0
বীযুক্ত বাবু জীবিতনাথ দাস, দিনাজপুর	•••	•••	>0/
এমতী শরৎকুমারী মিত্র, কলিকাতা	• • •	•••	>/
মারফৎ তত্ত্ব-মঞ্জরীর জনৈক গ্রাহক, সাক্চি, সি	ং <b>হভূম</b>	***	3/
মারদৎ শ্রীবুক্ত বাৰু শরৎচক্স চক্রবর্ত্তী, দন্তপাড়	া, নোয়াখা	n	orn.
🔊 বুকু বাবু তুর্গামোহন গুহ রায় \cdots	>./		
" " কালীনাথ 🖜 রায় 🚥	4		
🎍 🥠 যত্নাথ গুহ বায় 🚥	8		
🏻 ,, শরৎচন্দ্র চক্রবন্তী 🍨 ···	2		
" 🥠 😎 ধাংশুকু মার বহু 🚥	>#•		
🍃 🥠 সীতানাথ গুহ রার 🚥	>		
🍙 " জানকীনাথ শুহ রায় 💀	3/		
🎍 🔑 প্রিয়নাথ গুহ রায় · · ·	>/		
" ,, যতীন্দ্রনাথ শুহ রায় ···	>		
শ্রীষতী হলতা হলরী চৌধুরাণী	3/		

				خس	
			করা হ	ইরাছে	228¢UJ.
205	(5 P	ালের তত্ব-মঞ্জরীতে প্র	ান্তি স্বীক	<b>া</b> র	
		<b>ৰো</b> ট			<b>७२५०</b> ०
খুচর	া আ	नात्र	•••	>/	
বান্যত	ন হা	ই স্থলের শ্ব 🖷 ৮ম ও	শ্ণীর ছাত	199 6/0	
	P3	স্বরাজ বস্থ	•••	11 •	
	37	গিরীশচন্দ্র বহু	•••	11 -	
	,,	যোগেজনারারণ স্থর	•••	¥•	
	,,	নগেন্দ্ৰনাথ চক্ৰবৰ্ত্তী		<b>{</b> } •	
	,,	দেবেক্সকুমার শুহ	***	H.	
3 <b>, 39</b> 1	33	কৈশাসচন্ত্ৰ ভরম্বাজ	•••	11•	
	ás	কৈশাসচন্দ্ৰ দে		₩•	
	22	স্মোতিশচন্দ্র রার	***	34	
,	,,	শশীকুমার বস্ত্	***	3/	
	,,	वत्रमाङ्ग्भ मञ्चामात्र		3/	
	,,	রাধানাথ চক্রবর্তী	•••	3/	
वेक	বাবু	হরণাল পাসুশী	***	3/	
<b>শ্রী</b> মতী				3/	

উপরোক্ত থদির নির্দাণের কল উৎসাহায়িত হইয়া শ্রীপ্রীরামককদেবের প্রতি ক্ষাপূৰ্কক বিনি বাহ। কিছু দাহাব্য করিবেন, তাহাই দাবরে গৃহীত হইৰে।

> ৰোগৰিলোৰ बित्रामकृष्क-नगरि-गणित वर्छ। त्तारशासाम- कंड्रक्शाही, कंश्विकंडो ।

### শ্রী শ্রী রামকৃষ্ণ শ্রীচরণ ভরদা।

क्य छक्रान्य !!



তত্ত্ব-মঞ্জরী

উনবিংশ বর্ধ, তৃতীর সংখ্যা। আষাত, সন ১৩২২ সাল।

## শ্রীশ্রীরামকৃষ্ণ-সঞ্চীত।

#### তিলোক।মদ—যৎ।

দেবাদিদেবং শরণংবজামি।

শ্রীরামকৃষ্ণং সমাশ্ররামি॥

নরদেবমূর্ভিং চিদ্ঘনরূপং,
জ্যোতিশ্বযং ক্রকান্তরূপ-অরূপং,
জগতামতীতং জগদেকবন্দ্যং,
শ্রীরামকৃষ্ণং শুন্দক্র সমামি॥

চিদ্দররং দেবং শ্বেণা-শ্বরূপং,
শ্রীরামকং শাস্তং দ্বৈতাদ্বিতহীনং,
সভাং নিরালম্বং সমাধি-গমাং,
শ্রীরামক্যা শ্রী গুরুং ধ্যাষ্যমি॥

অপান স্কিদ্-নীব্যাদি-দ্ংসা,

যতীশ-মানগে স্মূদ্ং র্মস্তং,

অঘৌঘ-বারকং জিতাপ-হারকং,

শীরামকৃষ্ণং শ্রীগুরুং ভজামি ॥
ধর্ম-সমব্যমুদ্ঘোঘয়ন্তং,
ভত্তত সারং পরিপ্রকাশস্বস্তং,
শাস্ত্র-বিবাদং ইহ থপ্তয়ন্তং,
শীরামকৃষ্ণং শ্রীগুরুং শ্রবানি ॥
কুকরুপা-লেশং মন্নি দীনাই নে,
নিষাদ দিকলে হাদ-প্রাদনে,
চরণ-লেলকং দোহ মে স্থদং,
ভা বিং ভানং দ্বানি দাবিনা

### প্রেমময়ের আহ্বান।

-------

সন্তান ভূমিষ্ট হইবার পূর্ব্বেই প্রেমমনী জননীর স্থনবুগলে ত্রম্বরূপ প্রেমপীযূষ-ধারার আবির্ভাব হয়, প্রাতঃম্মরণীয়া পতিতা অহল্যার উদ্ধারের জন্ম পতিত-পাবন শরীর ধারণ করিয়াছিলেন, যোরা আন্ধবারময়ী রজনীর তিমিরকাশি নিমেবে দুরীভূত করিবার জন্তই, জবাকুসুমসভাশ শহাক্যতির প্রতিনৃত্তি - দিবাকরের দিব্য দরশন। ভক্তাবতার মহাত্মা রামচন্দ্র তাঁহার অমিয় বক্ততা-বলীতে আশাসিত করিয়াছেন যে, "অন্ধকারের জন্মই আলোক, আলোকের জন্ম আলোক নহে," পতিত ও পতিতাব জন্মই পতিতপাবন, দীনের জন্মই मीननाथ, **অ**नारथद कनार अनाथनाथ, अधरमत कनारे अधमजादा, विश्वादत कनारे विभावात्रण, कीरवत कना वात वात नतीद धात्रण कतिया थारकन। ভগবান যীশুখুই--বাদক যীশুখুই--তাঁহার মধুর বাল্য জীবনে একদিন জীবের উদ্ধারের জন্য, পতিতার নিস্তারের জন্য যে প্রেম ভাণ্ডার উন্মুক্ত করিয়াছিলেন, তাহা কোন অপবিত্রার হৃদয়ে শান্তিধারা প্রবাহিত না করিবে ? তিনি নিজেই জারজপুত্র নামে অভিহিত হইয়া কলঙ্কিনী মাতার কলঙ্ক মোচন করিয়াছিলেন। একদিন সমাজ শাসিত কোন কলঙ্কিনীকে ইষ্টক আঘাতে মৃত্যুমুখ হইতে উদ্ধার করিয়াছিলেন; সেই দেশে এই নিয়ম ছিল যে, যদি কোন রমণী কপাল দোষে কুলটা হইত, তাহা হইলে তাহাকে সকলে ইট মারিয়া প্রকাশ্ত স্থানে হত্যা করিত। করুণাময় যীও দেই স্থানে উপস্থিত ছিলেন। তিনি বলিলেন. "তোমরা উহাকে ঐরপে নিগৃহিত করিতেছ কেন?" উত্তর হইল, "অসতী রমণীর ইহাই পরিণাম।" তথন প্রেমন্বর তাহাদের "ভাবের মরে চুরি" ভাঙ্গিবার জন্য বলিলেন, 'ভাই সকল, সকলে বুকে হাত দিলা বল দেখি, তোমাদের কাহারও क्षप्राय कथन ७ कारमत छेकीशन। व्हेशां हिल कि नां ? यति क्वर अमन शाक, এখনই ঐ মাতৃসূর্ত্তির শ্রীঅঙ্গে অনায়াদে লোম্ব নিক্ষেপ করিতে পার।" প্রেমমন্তের এই প্রেমবাণী সকলের অন্তত্তল স্পর্শ করিল। নিমেষে সকলের আঁতে ঘা পড়িল, ব্ঝিল তাইত আমরা কি করিতেছি এই অমূল্য জীবন লইবার আমরা কে? কে উহার কর্তা ? সকলের মোহান্ধকার বিদ্রিত হইল। বালক যীও তথ্ন

জ্যোতির্মায় মৃর্ত্তিতে ঐ মাতৃক্রোড়ে স্থান পাইলেন, কলন্ধিনী কণুককিরণে প্রতিভাতা ইইলেন। এই বিশ্বরক্ষমঞ্চে একটী কীটার কৃষ্টি করিবার ক্ষমতা নাই, কোন সাহসে কাহারও প্রাণে আঘাত করিতে যাই ? সমাজ পরিত্যক্ত মাতাল গিরিশ ঘোষকে সকলে ম্বণা করিত, প্রেমনর তাঁহাকে শ্রীচরণাশ্রম দেওরাতে কত আপত্তি! কত লোকে কত কথা বলিত, একদিন প্রেমমর বলিলেন, "তোরা, তাৈদের ভাবনা ভাবনা—উহার যিনি কর্ত্তা, তিনি উহার ভাবনা ভাবিতেছেন।"

শ্রীগুরুকুপায় জানিয়াছি, কোন সময়ে এক দীনা হীনা পূর্ণ অশান্তিরিপ্টা কাঙ্গালিনী বড় জালায় জলিয়া তাঁহার শ্রীচরণ প্রান্তে উপনীত হইয়া প্রার্থনা করিয়াছিলেন, "প্রভূ! আমার ত জগতে কেহ নাই, কোন ভরসা নাই, কোন পুণ্য নাই, বরং অনস্ত অকল্মরাশি অসীম অশান্তি সাগরে ভ্রাইয়া রাথিয়াছে, আমার গতি কি হইবে?" প্রেমময় তৎক্ষণাৎ অভয় দিয়া বলিলেন, "তোমার ভয় কি মা? যার কেউ নাই তা'র আমি আছি।" জয় প্রভূ! এ জগতে য়া'র কেহ নাই, তা'র জন্যই ভোমার অভয় অক চির উন্মৃক্ত! অন্ধকারের জন্যই আলোক, অশান্তি পূর্ণপ্রাণে শান্তি ধারা ঢালিবার জন্যই—শান্তিনাথ! কাঞ্গালের জন্যই কাঞ্গালের ঠাকুর, কুৎপিপাসার্ত্রের জন্যই অরক্ষল।

কৃষ্ণপ্রেম উন্মাদিনী শ্রাম কলঙ্কিনী এ এরাধারাণীর কলঙ্ক মোচনের জন্য সতীগর্বে গর্বিতা গোক্ল কুলনারীগণের গর্বে চূর্ণ করিবার জন্য ভগবান্ বৈগ্য-বেশে যে থেলা থেলিয়াছিলেন, প্রাণে প্রাণে তাহা ভাব দেখি ? "তোমার কলঙ্কে কলঙ্কিনী আমি, কলঙ্ক ঘুচাও হরি" বলিয়া প্রী এরাধারাণী শত ছিন্তু কলগীতে বারি আনিশেন। কৈ, দান্তিক পরছিদ্রাবেনী সতীগণ ত তাহা পারিলেন না! পরনিন্দা এমনই হেয়! কাহার নিন্দা করিব ? শতছিদ্র যে আমারই রহিয়াছে। তাই ঠাকুর বলিয়াছেন, "কুলা আর চালুনী" কুলোর বভাব মন্দ ফেলিয়া মন্দ রাধা" আমারেই রহিয়াছে। তাই ঠাকুর বলিয়াছেন, "কুলা আর চালুনী" কুলোর বভাব মন্দ ফেলিয়া ভাল রাধা এব চালুনীর বভাব ভাল ফেলিয়া মন্দ রাধা" আমাদের অনেকের এমনই বভাব—জগতের গুণ লইব না, কেবল আবর্জনা কুড়াইয়াই মরিতেছি। ভগবান ভোমার সকল দোয ফেলিয়া কেবল ভোমা। গণ্টুকু লইতেছেন, তোমার প্রাণ দেখিতেছেন, ইহাই তাহার কঙ্কণা, তুমি যেমনই হও না কেন, তোমার প্রাণটী সরল হইলেই হইল। এ প্রী প্রক্রের

বার বার বণিয়ভেন, তিনি তোমার ধন দৌলত কিচুই চাজন না—দেখেন কেবল মনটা। তিনি বাঞাবলতক, তোমার মন যা চায়, তিনি তাথাই পূর্ব করেন। তুমি প্রেম গুঁজিতেছ;—অসাব অনিত্য চিটে গুডে প্রাণ হারাইতেছ, একবার প্রেমের ধনির দিকে চাঙিয়া দেখ দেখি? প্রেমময় তোমায় প্রাণ ভালা আকুল প্রাণে ডাকিডেডেন, 'তোরা কে কোথায় আছিল আয়, তোরা কে কোথায় আছিল শীম্র আয়"—জন প্রভু রাম্কম্ঞ। জীবগণ, শীম্র এস! বি দেখ প্রেমময় তোমায় জোণে মনবার জন্য যাচিতেছেন, বি দেখ শ্রীদক্ষিণে-মরের নহবংখানায় উঠিয় প্রভি সন্ধ্যার আরতি কালে তোমাদের জন্য কেবল পতিত কাঙ্গালেব জন্য কেবল অহাগিনীদের জন্য আরুল প্রাণে উভরাম ডাবিতে-ছেন, "তোবা—শীম্র আয়,—মামি আর থাকিতে গারিতেছিনা, তোরা শীম্ম আয়"—বি দেখ ভক্তগণ উছিকে বেষ্টন করিয়া আনন্দে নৃত্য করিতেছেন,

এসেছে কাঙ্গালের ঠাকুর কাঙ্গালের তরে।
ভারো আয় ভিথারী, ত্বরা করি প্রেন নিবি আয় প্রাণ ভরে॥
দীনের মাঝে দীননাথ দীনে নান বিলায়,
দীনের ব্যথা প্রাণে প্রাণে মুথের পাণে চায়,
(বলে) পাণী তাপী কে আছিসরে আয়,

(তোদের) ভয়—কিরে আর আমারি ভার, বকল্মা দে আমাবে ম জীবগণ! তোময়াও মাতৃ ক্রোড়াশ্রিত সরল শিশুর স্থায়,—প্রেমময়ের শ্রীঅঙ্কাশ্রিত পরমম্মেহপালিত বালক গিরিশচন্দ্রের বাল্যভাব লইয়া—আপনাকে "জ্বগৎপতির—জগৎ ছাড়া নয়" জ্ঞান করিয়া প্রাণ ভরিয়া'গাহিতে থাক:—

"তাক্লে তুমি অম্নি শোন, অম্নি তুমি কাছে আদ।
আমি তোমায় দেখে হাসি, তুমি আমায় দেণে হাস॥
ভনেছি হনিয়া তোমার, তুমি বল তুমি আমার—
আমি তোমায় ভালবাসি, তুমি আমায় ভালবাস॥

"কাকাল।

### শান্তি।

-----

অনম্ভ ব্রহ্মাণ্ডপতি ভগবান শ্রী শ্রীরামক্বফরণে স্বরং অবতীর্ণ হইয়া জগতে চিরশান্তি প্রদান করিতেছেন। কত পথহারা পথিকগণ রামক্লফ নাম অবলম্বন করিয়া শান্তি-ক্রোডে বিশ্রাম করিতেছেন। কত মহাপাপী নান্তিক আন্তিক হইয়া চির-জীবনের মত শান্তি-সাগারে ভাসিতেছেন। তাই বলি ভাই-এই সংসার মক্তৃমি মাঝে যদি কেহ ত্রিভাপ আলায় জলিয়া থাক, ভাহা হটলে আটম, পুণাভূমি যোগোভাচন প্রভু বাহু প্রসারণ করিয়া, পাপী-তাপীদিগের নিস্তারের জন্ম মুক্তহস্তে অভয় প্রদান করিতেছেন। এই নব-যুগে নব ভাবের স্থষ্ট করিয়া অ্যাচিত ভাবে প্রেম বিলাইতেছেন। যদি কাহার লভিবার ইচ্ছা থাকে, তবে একবার প্রভুকে মারণ কর; প্রাণ ভরিয়া রামকৃষ্ণ নাম বল; দেখিবে যে, প্রাণে প্রাণে বিমলানন্দ ভোগ করিতেছ। কথার কথা নয়, সত্য, প্রত্যক্ষ, হয় না হয়, বলিয়া দেখ। প্রভ আপনি শ্রীমুখে বলিয়াছেন যে, আমার জন্ম যে এক পা অগ্রসর হয়. আমি তাহার জন্ম দশ পা অগ্রান্ত ভারা যাই। তবে, আর ভাবনা কি প কর রামক্লয় বলিয়া প্রভুর পাদপরে আগ্ন সমর্পণ কর। তোমার এই অশাস্তিপূর্ণ বিষময় সংসার অমৃত্যয় হইবে, প্রাণে প্রাণে শান্তি অমুভব করিবে। এই স্থথের বাজারে বসিয়া আনন্দে বেচা কেনা করিতে পারিবে. প্রাণের জ্বালা মিটিবে, কোন অভাব থাকিবে না। তাহার সাক্ষী মহাত্মা রামচন্দ্র। স্বয়ং ধন্ত হইয়া জগতকে ধন্ত করিবার জন্ম বসিয়া আছেন। আমরা শ্রবণ করিরাছি যে, যে একবার রামকৃষ্ণ নাম বলিতেন, দ্যাল রামচন্দ্র তাঁহার জন্ম প্রাণ দিতে কুষ্ঠিত হইতেন না। তিনি পথে পথে যাচিয়া নাম বিলাইতেন, ও পথে ধাঁহাকে পাইতেন, তাঁহাকে ধরিয়া প্রভুর সম্মুথে আনিতেন ও তাঁহার নিস্তারের জন্য কত অমুনর বিনয় করিতেন— অস্তাবধি ঠিক নেইরূপই হইতেছে। যদি কাহারও বিশ্বাস না হয়, তাহা হুইলে ভক্তবীর গিরিশ্চক্র ঘোষের "রাম-দাদা" প্রবন্ধটী পাঠ করিলে অবগভ হইতে পারিবেন। যতই শালী হউক না কেন, দয়াল গুরু তাঁহার হাত. ধরিয়া . ঠাকুরের নিকট লইয়া পিয়া, নাম মদিরা পানে বিভোর করিয়া দিতেছেন ও সকলে রূপা লাভ করিতেছেন। এমন কি, ছ'ড়িলেও নিস্তার নাই, আর কাহার ছাড়িবারও শক্তি নাই; ছাড়িতে গেলেই প্রাণ ছটফট করিতে থাকে। এমনই নেশার আকর্ষণ যে, তখনই রামক্ষণ-মদিরা পান না করিলে প্রাণ বাঁচে না, অমনই নাম-মদিরা পানে বিভোর হইতে হয়। কি আশ্চর্যা, এমন ভাব দেখি নাই, কিয়া শুনি নাই। আমি কোন সময় মনের ছংখে বলিয়াছিলাম বে, আর যোগোড্খানে যাইব না; কিন্তু পারি না, বুক ফাটিয়া যায় ও প্রাণে অসহ্ যম্রণা উপস্থিত হয়। থাকিতে না পারিয়া ছুটিয়া যাই, অমনই প্রাণে শান্তি পাই। অস প্রভ্ রামচন্দ্র, আজ তোমার ঠাকুরকে আনিয়া তুমি জগতের মঙ্গলের জন্য নিত্য আবির্ভাবে পুণ্য যোগোদ্যানে বিরাজ করিতেছ।

যোগীন।

## একটা স্বপ্ন।

-------

সারাদিন অবিরলধারায় রৃষ্টি পড়িতেছে। কথনও বা টিপ্টিপ্ করিরা, আবার কথনও বা মৃ্যলধারে এইরূপ ক্রমান্বরে চারি দিন ব্যাপিয়া বহুদ্ধর্ম ইইতেছেন। মা যে আমাদের জন্য কত হংথ সহ্য করেন, তাহা বর্ণনাতীত। পাপের ভরে কথনও মস্তক ঈষৎ হেলাইয়া লন, প্রচণ্ড মার্তপ্রভাপে তাপিত হইরা মধ্যে মধ্যে এইরূপ শীতলতা লাভ করেন। কিন্তু মানব মাত্রেরই তথন মহা অস্থবিধার কারণ ঘটে। তাহারা এতই স্থার্থপর যে, নিয়মিত সময়ে স্থ্যদেব দেখা না দিলে ও ষ্থাকালে ষ্থাকার্য্য না হইলে ভগবানের রাজ্যে একটা বিশৃজ্বলা ইইল বলিয়া তাঁহাকে নিন্দাবাদ করে। তাহারা ভ্রমেও ভাবে না যে, প্রত্যেক কার্য্যের ভিতর তাঁহার একটা সংও শুপ্ত উদ্দেশ্য নিহিত আছে।

আজ এই কয়দিন বৃষ্টিতে সকলেরই বিশেষ অস্থবিধা ভোগ করিতে হুইতেছে। রাস্তায় বাহির হুইলেই কর্দ্দম চর্চিত হুইবার অধিক সম্ভাবনা। হতভাগা কেরাণী ভিন্ন আর সকলেই গৃহমধ্যে কৃপমভূকবৎ অবস্থান করিতে বাধ্য হইয়াছে। আমিও এই কয়দিন গৃহ ত্যাগ করিতে পারি নাই। রাত দিন এক রকম জীবন নিমে যেন ত্যক্ত হয়ে পড়েছি। কিছুই ভাল লাগে না, সব যেন বিষবৎ লোধ হইতেছে। রাত্রে ঘুমাইবার বিলক্ষণ চেষ্টা করিতেছি। বহু আরাধনার পর নিদ্রাদেবী দরা করিয়া দেখা দিলেন।

কিছুক্ষণ বাদে মনে ২<sup>ট</sup>ল, যেন আমি ভ্রমণে বহির্গত হইয়াছি। এই স্থান যেন আমার সম্পূর্ণ অগরিচিত, তত্তাপি আমার ভ্রমণ স্পৃহা ত্যাগ করিতে পারিলাম না। নৃতন দেশ দর্শন হেতু আনন্দ উপভোগ করিতে লাগিলাম। ক্রমেই অগ্রদর হ<sup>3</sup>তেছি, কে যেন আমাকে বলপূর্বক টানিরা লইয়া যাইতেছে, আর আমি যেন মায়ামন্ত্রমুগ্ধবৎ উহার অনুসরণ করিতেছি। ক্ষণিক পরে দেখিলাম যে, পথটা ক্রমশ:ই সংকার্ণতর ও হুর্গম হইতেছে. উহা আর পূর্বের নাায় শোভাসম্পদ ও আরামদায়ক নয়। তথন কণ্টক ব্রক্ষরাজি উহার উভয় পার্ষে বর্তমান আছে। গতির বেগ ক্রমশঃই বৃদ্ধি পাইতেছে, আমার দর্ব্ব শরীর অবশ ও ক্ষত বিক্ষত হইতেছে, কিন্তু উপায় নাই। কতবার মনে মনে ঠিক করিলাম যে, যেরূপে পারি গৃহে ফিরি, কিন্তু সাধ্য কি আমার গ

এইরপে যাইতে থাইতে এক নদীর সন্মুথে আদিলাম, উহার যেন আদি নাই, অন্ত নাই। উহার পর্বত প্রমাণ উর্নিমালা দেখিয়া ও বজ্রগভীর শব্দ শুনিয়া শরীর আতঙ্কে শিহরিয়া উঠিল। পশ্চাতে কে যেন ডচ্চহাল্রে কহিল, "অবিলয়ে তোমাকে ইহা পার হইতে হইবে।" সঙ্গে সঙ্গে উহার মধ্যে পড়িলাম। আতঙ্কে আত্মবিশ্বত ছইয়া পশ্চাৎ ফিরিয়া দেখিলাম যে, একটা ব্রং সর্প মুখব্যাদানপূর্বক , আনার দিকে আসিতেছে। ভগবান্! রক্ষা কর ব্রক্ষা কর বলিয়া চীৎকার করিয়া প্রাণ ভবে সম্ভরণ দিতে লাগিলাম। পুনরায় চাহিয়া দেখি, উভয় পার্শ্ব হইতে বুহদাকার তুইটা হাঙ্গর ও কুন্তীর বিশাল দশনপংক্তি ব্যক্ত করিয়া আমার দিকে অগ্রসর হইতেছে।" পুনরার কাতরকঠে বলিলাম, "ন্যাময়! বাঁচাও।" আবার নয়ন উন্মীলন ক্রিয়া দেখিলাম, সম্মুথে বৃহদাকার এক তিমি মংস্থ আমার লক্ষ্য করিয়া অগ্রসর হুইতেছে। স্থির সিদ্ধান্ত করিলাম যে, এ যাত্রা আর নিস্তার নাই। প্রাণ লাম

কাঁদিয়া উঠিয়া বলিলাম, "ভক্তবংসল। তোমার পবিত্র নামে কলক দিও না।'' দেখিলাম, এক প্রকাণ তুফান বেগে আসিতেছে। সঙ্গে সঙ্গে আমার সংজ্ঞা লুপ্ত হইল। বহুক্রণ পরে অল্লে আলে জ্ঞান সঞ্চার হইতে লাগিল। চাহিয়া দেখিলাম, আমি সেই নদীর তীরে। কখন ও কিরপে আসিলমে তাহা জানি না। আশু বিপদ হইতে মুক্তিলাভ হইল। ভগবানের নিকট ক্বতজ্ঞতা জানাইলাম।

কিছু পরে মনে হইল আবার আমায় কে যেন<sup>®</sup> বলপুর্বাক লইয়া যাই-ভেছে, আমিও পূর্বের ন্যার বাধা দিবার চেষ্টা করিলাম। কিন্তু কোনরূপে ন্থির থাকিতে পারিলাম না। অগ্রসর হইতে হইতে দেখিলাম, বেন আমি-একটা নিবিড় বন মধ্যে আনীত হইগাছি। চতুদ্দিকে ভীষণ বন্যজন্তঃ ভয়ানক রব প্রবণ করিয়া ভরে মৃতপ্রায় ২ইলাম। পশ্চাতে এক ভীষণাকার ব্যাঘ্ন, পার্মে এক ভন্নক ও বরাহ দেখিয়া, প্রাণেব মায়া সম্পূর্ণরূপে ত্যাগ করিয়া 🗃 হরির স্মরণপূর্বক উর্দ্ধানে দৌতাইতে লাগিলাম। যেন আরও গভীর কানন মধ্যে আসিয়া পড়িলাম এবং দেখিলাম যে, আমার শক্ত সংখ্যাও প্রতি পলে পলে বৃদ্ধি পাইতেছে। পা যেন আর চলিতেছে না, শরীর যেন ক্রমশঃ অবশ হইতেছে, মন যেন হতাশ হইতেছে। আমার বোধ হইল যে, এইবারেই জামার ভবলালা সাঙ্গ হইল। মধ্যে মধ্যে আমার পশ্চাৎধাবনকারীদিগের উষ্ণ দীর্ঘনি:শ্বাস অনুভব করিতে লাগিলাম। প্রাণ ভয়ে পলায়ন ও আহার অন্তেষণের গতির বিশেষ ভারতম্য আছে। ক্ষীণকণ্ঠে মধ্যে মধ্যে ভগবানের নিকট প্রাণ ভিক্ষা প্রার্থনা করিয়া উদ্ধর্যাসে দৌড়াইতে লাগিলাম। কণ্টকা-কীৰ্ব বুক্ষলতাদিতে আমার শরীর ছিন্ন ভিন্ন হইয়া গেল। ক্তবিক্ষতাক্ষে অবন শরীরে চলিতে লাগিলাম। কণিক পরে সমুথে একটা ক্ষাণ আলোকরাশ্ম ক্ষেত্রতে পাইয়া উৎসাহায়িত অন্তরে দৌড়াইতে লাগিলাম। এইরূপে অন্তর্গণ মধ্যে একটা পর্বত নয়নপথে পতিত হইল। কিন্তু আশ্চর্য্যের বিষয় উহার তলদেশে উপনীত হইবামাত্র আর আগার কোন ভয়ের কারণ রহিল না। কারণ ঐ সকল হিংশ্রজন্তগণ গহন প্রান্তদেশে অবস্থানপূর্বক আমার প্রতি রোধক্যায়িতলোচনে ও লোলুপদৃষ্টিতে অবলোকন করিতে লাগিল। আমি হির ৰ্থিলাম যে, ইছাদের হস্তে উপস্থিত আৰু আমাৰ কোন ভয় নাই। তাহা না

হইলে এতক্ষণে আমি উহাদের ভক্ষাবস্ত রূপে পরিণত হইতাম। এইরূপ পুনরায় একটা বিপদে মুক্তিলাভে ভগবানকে আন্তরিক ধ্যুবাদ জ্ঞাপনপূর্বক বিশ্রামার্থ অবস্থান করিলাম।

কিন্তু 🛪 হরি ৷ অল্ল বিশ্রাম লাভেই মনে হইল, যেন সেই অপরিচিত শক্তিটি আমাকে শনৈঃ শনৈঃ আক্রমণ করিতেছে। আমি যেন ক্রমশঃই ইহার অধীন ছইরা পড়িতেছি ৷ অবশেবে পূর্ববং কে বেন অনিচ্ছাসত্ত্বে বলপূর্বক আমাকে অগ্রসর করাইর। লইয়া চলিল। পুর্বেই বশিরাছি, আমার শরীরে বল একতিলও নাই—নড়িবার শক্তি নাই, কিন্তু সে কথা কে শুনে ! পূর্বের স্থায় আমাকে চলিতে হইল, বাধা বিশ্ব-সমস্ত অগ্রাহ্থ করিরা আমার প্রাণপণ দৌড়াইতে ছইল। কতবার কাতরশ্বরে আমি আমার অদৃষ্টদেবকে এই বিপদ হইতে পরিত্রাণ লাভাশার কাতরম্বরে ডাকিলাম, কিন্তু কিছু ত্ইল না। কভু পর্বত গাত্র হইতে পতিত হইরা দেহ কতবিক্ষত করিরা, কভু আআছিত গছরর মধ্যে পদবর নিম্পেবিত করিরা, কভু উত্থান পতনে অবসর हरेबा, व्यविदाय हानारक नाशिनाय। मककून व्यक्तिमान रनिनाय, "मबायब! জানিনা কোন ভীষণ পাপে আমার এইরূপ শান্তি। আর আমি সহ করিতে পারি না। এইরূপ তুষানলে দগ্ধ হওরা অপেকা মৃত্যু আমার নিকট শতগুণে প্রার্থনীয়। আর আমি প্রাণের মারা রাখি না। আমার কেবলমাত্র প্রার্থনা যে, ভূমি আমায় অবকাশ দেও।" বোধ হয় এ কৰণ ক্রন্দন তাঁহার কোমল প্রোণে আঘাত করিল। সঙ্গে সঙ্গে গতির বেশ মন্দীভূত হইল। আমিও হাঁপ ছাড়িরা বাঁচিলাম। শারীরিক ও মানসিক দারুণ করে মৃতপ্রার হইয়া ঐ পর্বত গাত্তে অপেকারত সমতল ভূমিতে শরন করিলাম। কিয়ৎকণ প্রাণ ভরিয়া বিশ্রাম লাভের পর দেন পুনজ্জীবন লাভ হইল। ভন্ন হইতে লাগিল যে, এইবার বুনি পুর্বের স্থায় ছুটতে হইবে। কিন্তু অনেককণ গত হইলেও, যথন কোন-রূপ অঘটন হইল না, তথন বুঝিলাম বে এইবার আমার ভাগ্য স্থাসর হইল।

अमन नगरत वींगा मधुत निक्रणश्वनि आमात्र कर्नक्टरद धारम कतिन। নরন উন্মীলনপূর্বক দেখিলাম যে, সমতল ভূমি হইতে হইটী পথ হইটী, শিথর लिए नीज इहेबाहि। छेहारम्ब मर्था अक्ते नुम लिएन लाकननामज्ञा, অপারীসদৃশা, নানালশ্বারভৃষিতা, একদল ব্বতী নৃত্য-গীত বারা আমাকে নানা প্রলোভন করিয়া তাহাদের নিকট আসিতে ইঙ্গিত করিছেছে। তাহাদের মুণিজনুমন্লোভা আকর্ষণে আমার মনপ্রাণ হরণ করিল। চরণ আমার অজ্ঞাত-লারে তাহাদের দিকে অগ্রসর হইল।

এমন সময়ে অপর শৃঙ্গদেশে একটা দৃষ্ঠ দেখিরা শুস্তিত ইইলাম। দেখিলাম, গৈরিকবসনশোভিত শাস্ত ও সৌম্যমূর্তি, প্রেমের আধার, সহাত্যবদন, কতকগুলি পুরুষ ঐ স্থানে উপস্থিত ইইরা তারম্বরে ভক্তিমূলক গান গাহিতে লাগিলেন। আমি বিভোর ইইয়া ভনিতে লাগিলাম। ধীরে ধীরে নিকটস্থ ইইয়া, উহাদের চরণে মন্তক লৃষ্টিত করিলাম। তাঁহারাও আমাকে স্নেহাশীয় পুর্বাক কুশলবার্তা জিজ্ঞাসা করিলেন। অপর পার্ষে দৃষ্টি নিক্ষেপ করিয়া দেখিলাম যে, জনমানবেরও চিত্র নাই!

সাধুদিগের সহিত গমনকালে পথিমধ্যে যে সমস্ত অলৌকিক ঘটনা হইয়াছিল, তাহাদিগের অর্থ জানিবার জন্য অত্যন্ত কৌতুহল জান্মণ। আমার মনোভাব বুঝিতে পারিয়া উঁহাদের মধ্যে একজন বলিলেন, "তুমি কোন কোন বিষয়ে আশ্রুয়ান্তিত হইরাছ।" আমি সাগ্রহে উত্তর দিলাম, আপনি যথার্থ ই বলিয়া-ছেন। যদি দয়া করিয়া ঐ সকলের ব্যাখ্যা করিয়া দেন, তাহা হইলে অত্যন্ত ত্মখী হই।" পুনরায় তিনি বলিতে লাগিলেন, "প্রথমে একটা সঙ্কীণ পথ দিয়া যাইতে যাইতে একটা সাগরে তোমার পতন হইল। পরে একটা নিবিড কানন মধ্যে প্রবেশ করিলে ও উহা হইতে নিষ্কৃতি লাভ করিয়াই এই পর্বত শুদ্ধে আমাদের সহিত দাক্ষাৎ হইন।" আমি সোৎস্থকে বলিদাম, "আপনি কিরপে ঐ কথা জানিতে পারিলেন ?" তিনি মৃত্ব হালে কহিতে লাগিলেন, "बदम ! छेहा जामामिरागत अकरमरवत क्रांगा ও जानीसीरम । তিনি जामारमत যেরপ ব্যাথ্যা করিয়া দিয়াছেন, তাহা মনোযোগপুর্মেক শ্রবণ কর। প্রথমে তুমি অতি স্থীৰ্ণ স্থান দিয়া সংসারে প্রান্ধে লাভ করিয়া মান্নাসারে পতিত হইলে। তৎপরে বিপদ সম্ভূল সংসারারণ্যে উপনীত হইয়া দেখিলে, যে স্কলেই স্বার্থপর—প্রক্কৃত ব্যথার বাথী পাওয়া হন্ধর। তথন তুমি মুক্তিপর্বতে আসিয়া উপস্থিত হইলে। এথানে আসিয়াও দেখিলে যে, তুমি যাহাদিগকে ত্যাগ করিয়া আসিয়াছ, তাহারাই আবার তোমাকে দলভুক্ত করিবার চেষ্টা ক্রিতেছে। যে গুল্পানে তুমি জীবন ধারণ ক্রিয়াছ, তাহাই আবার তোমাকে

প্রলোভিত করিয়া মৃত্যু মুখে ভালি দিতেছে। যদি তুমি আমাদের দেখা সংখ্ । अकन भागाविनीरमत्र श्ला वनी श्रेरफ, जाश श्रेर्ण व्याग्ना विकन ৰনোরথ হইরা ফিরিয়া যাইতাম। কিন্তু তুমি বড়ই ভাগ্যবান।" এই কথা শ্রবণান্তে আমি তাঁহাদের প্রত্যেকের চরণধূলি লইয়া বলিলাম, "আপনাদের শুরুদেবের অশেষ দয়ায় অধম এই সকল বিপদজাল হইতে মুক্তিলাভ করিয়াছে। আরও আশ্চর্য্যের বিষ্ণু এই বে, এথানে আসিয়া আমার শরীব্লের ক্ষত সকল নাই, মনে শান্তি পাইয়াছি, ক্লয়ে অদম্য উৎসাহ আসিয়াছে। কিন্তু একটী বিবন্ধ আপনারা আমাকে বলিয়া দেন নাই। পুনরায় তিনি সম্মেহভাবে কহিতে লাগিলেন, "তোমার অজ্ঞাত আকর্ষণের তাৎপর্যা কি ? গত জন্ম তুমি কিছু সংকার্য্য করিয়াছিলে, এ কারণ এংজন্মে সংসার পথের পথিক হইয়াও তুরি ভগবানের প্রতি ভালবাসা ভূলিতে পার নাই। তাই আমাদের দয়াল ঠাকুর ভোমাকে টেনে এনেছেন। আর এই রকম ভাবদীপ্ত সংসারতাপক্রিষ্ট হতভাগ্য মানব সস্তানদিগকে তাঁহার শীচরণে স্থান দিয়া প্রকৃত শান্তি দিবার জন্য প্রতিনিয়ত চেষ্টা করিতেছেন। তুমি এই সকল বিপদরাশি হইতে মুক্তি-লাভ করিতে পারিতে না, যদি তুমি এইরূপ একাম্ভভাবে তাঁহার শ্বরণ না শইতে। কারণ তিনি বলেন যে, "যে লোক সংসারে কুলটার মত অবস্থান করে, পরে তাহারা আমার নিকট আসিতে পারে। সংসারের অন্তকার্য্যে ব্যস্ত থাকিয়াও যাহারা কামিনী ও কাঞ্চনে ততোধিক আরুষ্ট না হর, পরে তাহারা আমার প্রিয়পাত্র হয়। ফলকথা, ঘাহারা কর্তব্যের খাতিরে অনাসক্তভাবে সংসারের কার্য্য নির্ব্বাহ করিতে পারে, তাহারাই ধক্ত।" ঐ মহাপুরুষদিগের এইরপ বাক্যাবলী প্রবণ করিয়া আমি তাঁহাদের চরণে পতিত হইয়া ব্যাকুলচিত্তে কহিলার, "দয়া করিয়া আমাকে শীঘ্র ঐ ঠাকুরের নিকট লইয়া চলুন। বাঁহার কুপায় প্রাণে এইরূপ বিমল শান্তি উপভোগ করিতে পারা যায়, বাঁহার নাম শারণে মাত্র পাপী তাপীর সকল কেশ দূর হয়, বাঁহার অশেষ দরায় মানবগণ ভীষণ সংসারসাগরে পতিত হইয়া শান্তিময়ী বেশাভূমি দেখিতে পায়, সেই পতিত পাবন ভক্তবৎসল ধয়াময় প্রভুৱ জীচরণ দর্শন করিতে বড়ই বাসনা হইয়াছে।" তাঁহারা বলিলেন, "সন্মুখে দেখ। উহাই আমাদের প্রভুর আবাদহুল, উহাকে আমরা শান্তি-কুটীর বলি।"

কেও বালক বালক। কত ব্বক ব্বতী, কত বৃদ্ধ বৃদ্ধা তাঁহার চতুর্দিকে বিসরা বাল্যাবলী প্রবণ করিতেছে। যেন ভক্ষদেব তাঁহার চতুর্দিকে বসিরা মধুমাী বাকাবলী প্রবণ করিতেছে। যেন ভক্ষদেব তাঁহার শিক্ষমঙলী লইরা মধুমাী বাকাবলী প্রবণ করিতেছেন। কথন তাহারা তাঁহার মধুম রহস্থালাণে আনন্দে মাতোয়ারা হইতেছে, আবার কথন বা তাঁহার স্থলর সহপদেশে রোমাঞ্চিত কলেবর লাভে রুভার্থ হইতেছে। ক্রমশাই দলসংখ্যা বৃদ্ধি পাইতে লাগিল। তিনিও দ্বিভণ উৎসাহে তাঁহার সন্তানদিগকে উৎসাহিত করিতে লাগিলেন। কাহাকেও তিনি বলিতেছেন, "সচ্চিদানল সাগরে সর্বাদা থাকিতে পারিলে প্রবৃত্ত স্থথের মর্ম বৃদ্ধিতে পারা যার।" আবার কথনও তিনি কহিতেছেন, "সংসারটা যেন আমড়া আঁটী । চামছাই সার।" আবার কাহাকেও বলিতেছেন, "মায়ার আবরণ সরাইয়া না দিলে তাঁকে জানতে পারা বাদ্ধ না।" এরপ কতশত উপদেশাবলী অনুর্গলভাবে বলিতেছেন। আমিও উহার নিকটন্থ হইয়া শ্রোভ্বর্গের মধ্যে স্থান প্রহণ করিয়া মনে মনে বার বাদ্ধ প্রশাম করিতে লাগিলাম। পরে চিন্তা করিতে লাগিলাম, যে কবিবর যাহাছ লিখিয়াছেন, ভাহা বর্ণে বর্ণে সত্য—

"( আমার ) মাথা নত করে পাতহে তোমার
চরণ খুলার তলে।
সকল অহস্কার হে আমার
ব্চাও চক্ষের জলে॥
নিজেরে করিতে গৌরব দান,
নিজেরে কৈবলি করি অগমান;
আপনারে তথু বিরিয়া ঘিরিয়া,
ব্রে মরি পলে পলে॥
নিজেরে না যেন করি হে প্রচার,
নিজের আপন কাজে;
তোমারি ইচ্ছা কর হে পূর্ব,
আমার জীবন মাঝে॥
বাচিরে তোলার চরম্পাতি,

# পরাণে তোমার পর্য কান্তি; আমারে আড়াল করিরা দাঁড়াও, হদর পদ্দদেশ "

হঠাৎ আমার নিত্রা তদ হইল। দেখিলাস, দৃষ্টি সেইভাবে পড়িতেছে। মনটা বড়ই খারাপ হইরা গেল। কোথার বা সেই শান্তি-কুটীর, আর কোথার বা আমার অশান্তির আগার। আমার মত পাপী আর নাই। তাঁহার অভরপদে আমার ছান হইল না। শান্তির আধার তিনিই। যদি কণামাত্র ভোগ করিতে পারি, তাহা হইলে ধন্ত হইব। এ স্বপ্ন কি আমার সত্য হইবে ? সবই তাঁহার ইছো।

দীনসেবক → অসলভমোহন বন্যোপাধ্যায় বি, এ।

#### মুতন মার্ষ।

-----

খোরা যাবিনী তক নিশিথিনী
নিরব নিথর হিয়া।
বিসরা একাকী আকাশের তলে
পাশরিয়া শোহ শায়া॥

কেহ ত জাগ্ৰত নাহি ত এখন কুণ্ড সবে, সব তুলি। জাগিয়া আছেন প্ৰাণেৱ দেবতা <sup>\*</sup> মুধে শুধুমা মা ৰূলি॥

ৰাহ্নবীর তটে পঞ্চবটী মূলে
ন্তন মাধুৰ ডিনি।
না স্থানি কেমন অজানা প্রদেশে
বহে প্রেম সন্ধাকিনী॥

সেই প্রেম স্রোভে প্রগত ভাসাতে

চিন্তামধ চিন্তামণি।

স্থীবের হুর্গতি নাশিবার তরে

অবতরি শুণমণি।

করুণা গঠিত প্রেমময় তমু উন্ধলিত সে আঁধারে। জগতের হিতে আপনা পাশরি ডাকিছেন সকাতরে॥

আছ কে কোথার এস গো বরার সমর বহিরা যার। প্রেমভাও আর বহিতে যে নারি বরার ভাঙ্গিব হার। যতেক সাধনা তোমাদের তরে

স্বিক সিংগছি আমি।
কিছুই যে আর হবেনা করিতে
আমি যে গো অন্তর্গামী॥

যে ভাবে যে জন ডাকিবে আমারে পাবে মোরে সেই ভাবে।
ধর্মালাভ তরে যে জন আসিবে
মনোরথ পূর্ণ হবে॥

সব মত পথ সফলি স্থপথ
কোরোনাক বেরাদেরী।
বার যাতে রুচি তাই তার ভাল
ডাক তাঁরে ভালবাদি॥

ভালবাসা বিনা তাঁরে ত পাবেনা
রেখা মনে এই কথা।
ভালবাস তাঁরে সদা প্রাণ ভরে
ঘূচিবে প্রাণের বাথা॥
নামের তুলনা কি আছে বলনা
নাম দার এই ভবে।
কর নাম দার সকলি অসার
নাম বলে মুক্ত হবে॥

(যদি) তাও নাহি পার দেহ মোরে ভার
এ যে গো আমারি দায়।
কেহ নাই যার আমি আছি তার
ভূলোনাক অসমর
(জেনো ইহা স্থনিশ্য়॥)
ক্রালান।

---

## উত্তরাপতে ভ্রমণ ও স্থিতি।

"উঠরে অলসমন আমার
প্রণতি কররে শ্রীরামক্বফ চর্বে।

হল নিশি অবসান
কররে মনরে অতি যতনে।

নিজার অচেতন ছিলে যে কালে
রাখিলেন যিনি অতি কুশলে

এখন তারে ভূল্বে কি বোলে।

তোমায় উঠাতে কুলে এ মহিমগুলে

আর কেহ নাই সে বিভূ বিনে।

প্রবেষত সব অচেতন গণ
গাও বিভূপা হোয়ে সচেতন,
তুমি হোয়ে সচেতন র'লে অচেতন

চেতনে চেতনে ডাক সখনে।

কম্বল হইতে মুথ খুলিতে দেখি, যাত্রী সবাই আগ্রহপূর্বক ঠাকুরের নাম তন্তে। ঠাকুরের জয়ধবনি পূর্বক ৪ঠা বৈশাখ ভোরে খাক্রাচটিতে জাগরিত হইরা সবাইকে জাগাইলাম। পরে পাণ্ডাজী ও দলবল সমেত আমরা যটিবছুর সাহায্যে "জয় বদ্রী বিশাল কী জয় কেদারনাথ কা জয় গড়ুর ভগবান্ কী জয়, গলামায়ী কী জয় গুরুলোবিন্দ রামকৃষ্ণ কী জয়" দিয়া বাহির হইলাম। আমার নিকট পাণ্ডাজী শুনে শুনে রামকৃষ্ণ কী জয় দিতেন। আমাদের বড়ই শ্রুতিন্মধুর হৃদয় তৃপ্ত হইত। পাণ্ডাজীর সঙ্গে কথা হোয়ে আছে তিনি উত্তমরূপে বদ্রানাথ না দেখাতে পারেন ত অলকনন্দায় ত্বিয়া মরিব, আর বেশ করিয়া নারায়ণ দেখান ত আমি—দিলিণেশ্র বেলুড় যোগেলান দেখাইব। পাণ্ডাজী বলিতেন, দেখে মা নারায়ণ কি করেল কি বল্বো মা, আনন্দে চলিনী। নারায়ণ দর্শন দেবেন, আমি কে আছে গো, বিলকুল বোকা পাগল আছে গো।" আমরা ৭ মাইল হাটিয়া ক্রমপ্রপ্রাণে আদিলাম।

প্রত্পরাগে জনতার চটিভরা। একটি দোকানের উপর ঘর—ছোট পাওয়া-গেল। খুব নিচু চাল। মাথা ফাটিবার একটি। আমরা আদিলাম। দেদিন পথে থুব চড়াই উৎরাই করিতে হইরাছিল। গাঙিওয়ালা অনেকক্ষণ পরে আদিল। যারা স্নান কোর্ত্তে গেল, অনেকক্ষণ পরে এদে বলে, ভরঙ্কর দিঁড়ি, দাঁড়াও জিরুই। আমরাও গেলাম, ভরঙ্কর দিঁড়ির বহর। কাল পাথরের খুব্ মজবুত। ওণ্তে ওণ্তে নাখলাম, ৩৭টি পর্যন্ত হোরে ওলিরে গেল, আর গোণা হ'ল না। এস্থানটিও দেবপ্রয়াগের মত অতি মনমুগ্ধকর। শ্রীঞ্জিব দ্বাকাশ্রম প্রী হইতে বহিগতা মন্দাকিনীর সক্ষমন্ত্রল রুমপ্রয়াগ অবস্থিত। সক্ষমন্ত্রের উপরে ঘাটে, শ্রীক্ষমনাথ নারদেশর, গোপালেশর, সোমেশর মহাদেবের ও শ্রীক্ষমপুর্ণা ধেবীর মন্দির আছে। শ্রীক্ষ মোহান্ত রামানন্দ্রীউ মহারাজ এখানে অধ্যক্ষ ক্ষমেপ্র শিক্ষা আপন সাধন ভজনে কালাতিপাত করেন। পাওাজী বলিলেন,

মাগো এখানে ভগবান ত্রিপুরায়ী ভক্তচ্ছাশণি দেবর্বি নারদ মুনিকে সঙ্গীত বিদ্যা শিক্ষা 'দিয়া ছিলের। এখানে সরকারী ডাকবাংলা পোষ্টাফিস কালীকথলী বাবার ধর্মশালা অথিতি অভ্যাগতের জন্ম সদাত্রত সর্বপ্রেকার প্রবিধা আছে। আমরা চৈত্রের শেবে বাহির হইরাছি, এখনও ৺কেদারবদ্রী পুরীর পট খোলা হর নাই। শুনিতেছি ঠাকুর সব বরফে ঢাকাই আছেন, এজন্ম চটিতেও কোনওরূপ খাদ্য মিঠাই পাওয়া যায় না। পরে নাকি পাওয়া যায়। এখানে আমরা তুসলিনীতে তারের তুধ কিনিলাম। সাধুছেলেরাও এক ঘটি তুপ নিজেদের রেখে গোলেন। আমার সন্ধিনী ব্রন্ধচারী তুধ মোটেই ভালবাসে না। কি জানি এই পাহাড় পথে তারও তুবে প্রীতি হইতে দেখিলাম। মধ্যাছু আহারের পর বৈকালে সলম বাটে দলবল সকলে বেড়াইয়া আসিয়া দেখি, বুড়দিদির অবস্থা শোচনীয়। পেট বত খারাপ অরও তত। কথল হথানা মুড়ি দিয়া শন্ম করিলেন। অত্যন্তই ভার হইল। কি করিব নিত্তর হইয়া তাঁর শয্যা পালে বসিয়া তুল্ডিয়াব্রস্ত হইলাম। ভাবিতে লাগিলাম, "ঠাকুর তোমার নামই আমাদের ভরদা, বা হ্বার ছউক. সহ্বিতেই হইবে।"

গৃহ হইতে প্রস্তুত হইরা গেরুরা পরিয়াছি এক তোমার অনিমিব দৃষ্টির উপর অদৃষ্ট নির্ভয় করিরা চলিয়াছি, তোমার ইচ্ছা পূর্ণ হউক। আর্থনা তুর্মি প্রসন্ন হও। পাণ্ডাজী ঔষধ দিলেন। রাত্রে মন্দাকিনীর উপরের ঘরে দলিনী প্র বুড়াদিদি ও আমার ঝি ও আমি শর্মন করিলাম। সমস্ত রাত্র ভর্মর শীত ও জানে তালা ধোরে বাম মন্দাকিনীর হরহরধননী। সম্মুথে রাষ্টা, পাণ্ডাজী আমাদের মাথার কাছে একটু দুরেই শরন করিলেন। ছোট ছোট বর সব স্বতন্ত্র, সম্মুথে চলন রাত্র বুড়াদিদির তেমনি অস্থ দেখেই সেদিন পাণ্ডাজীকে না বলিতেও অনেক ভরসা বিরা স্বয়ং আগলাইয়া রহিলেন। তুসঙ্গিনীতেই ঘোর চিন্তাময় নির্দাক, ঝিও ভাত, দিদির অবস্থা অতান্তই থারাপ। ঔষধ খেরে রাত্রে একটু পেট ধরিল। কিন্ত অর খুব। অনিদ্রার দেই একমাত্র দ্বরাল ঠাকুরকে স্মরণপূর্বক ছবোনেই বিসয়া কথনও বা শুইরা রহিলাম। ঘোর রাত্রে আর বৃষ্টি হইল, বিল্লাৎ চন্কাইতে লাগিল, খোর অন্ধকার নিন্দি, অতি বিকট, আতি ভাষণ। জীবনে এমন ভাষণ স্থিল এমন রাত্রি ও এমন মুমুর্থায় রোগী লইরা বিপর হই নাই, উপস্থানের স্থানেরই পড়িরাছিলাম। সন্ধিনী সম্ভাক্ত

ভীত হইয়া আমাকে ধরিয়া নীরবে ভয়ে ও শীতে কাঁপিতেছে। ঠিক সেই সময় আমাদের চটিতে নারায়ণ প্রাদাদ পাঙার যাত্রী একটী বৃড়ী শরিয়া গোলা। সেই ভীষণ রাত্রে একজন যাত্রী সাধু অতি কঠোর কঠে আমাদের পাঙাজীর লোকদের বলিতে লাগিলেন, এই যে একজন বাঙ্গালী মা মরে গেল, পরমেখর ওকে টেনে নিয়েছে, ওর খুব ভাগা কিন্তু বাঙ্গালী যাত্রী কি রকম যে ওকে একটু দেখছে না, ওকে কাঠ দেবে না। আমি ওকে দেখবো। আমাদের পাঙাজীর লোকেরা বল্লে, "চুপ্ চুপ্, মায়িলোক সব ভয় পাবে।" পাঙাজী তথন খুব গভীর নিদ্রাগত। আমি ও সঙ্গিনী কাঁপিতে লাগিলাম। শেষে গুজনেরই অত্যন্ত গরম বোধ হইল, অত্যন্তই ভয় হইল। ভীষণ রবে কুকুর ডাকিতে লাগিল। অতি ভীষণ রক্তনী। ভাবিতে শাগিলাম, আমরা কোথায় ? বাড়ী কোথায় ?

আদিবার সময় বারাণসীধামে পূজ্যপাদ স্বামী ব্রহ্মানলজী মহারাজ বার বার বার বিলাছিলেন, "এই বৃড় লোকটির জগুই ভয়।" আমি বৃড়দিদির মুখ খুলিরা বিলাম, দিদি কেমন আছেন, অমন গোঁ গোঁ করিতেছেন কেন? কি কষ্ট হোচেছ? দিদি বল্লেন, ভয় পেও না ও আমার অস্থ্য সেরে যাবে! তোমরা ভয় পেও না। নীরবে কাঁদিতে লাগিলাম। তার পর আরো রাত্রে বৃড়দিদি উঠ্বেন বল্লেন; কি করি, ছজনে উঠিলাম, পাণ্ডাজীকে ডাকিলাম, ক্লণেক পরে এনে আবার শোরাইলাম। তাঁকে কম্বল ঢাকা দিয়া বলিলাম, "বাবা আপ্নিই পিতা পুল্ল, আমাদের সহায় ভরুসা; ছজনে এই বৃদ্ধা গৃহিণাকে লইয়া বাহির হইয়াছি, বুড়দিদি ভাল হবে ত ?"

পাভাজী বলিলেন, মাগো আমি তোমার ছেলে আছে, আমার কথা শোন মা, বল কি কর্ব বল ? এত বল্ছি ভবু কোর না গো, মহানন্দজীর কাছে খুব ভাল লাওয়াই আছে, সকল ভাল হোয়ে বাবে, কোন ভাবনা কোর না, কেমন ? লন্দ্রী মা ঘুষ যা মা, আমি বল্ছে নারায়ণ সকল ঠিক রাখ বেন। কি জানি এই ছেলেমাম্য পাভাজীর কথায় যেন সমস্ত ভর দূর হইল, ছজনে ভরসা পেরে শয়ন করিলাম। আমার মনে হোতে লাগ্ল, ঠাকুর পাভাজীর মধ্যে প্রবেশ কোরে আমাদের নিম্নে যাচ্ছেন। বাকি রাত্রটুকু ছ বোনেই নিজিত চটলাম। সকালে দিদির অল্ল অল্ল অর অর অর। পেটটা ধোরে গেল। সেখানে ঝান্পান গাভি মিল্ল

না, পাঙাজীর লোকেরা দিদিকে নিমে চল্ল। ক্ষমপ্রমাগ থেকে আমরা প্রায় ৭টার সময় অভ্যন্ত চড়াই ভাঙ্গিয়া "অগন্ত আশ্রে" আদিয়া শয়ন করিলাম। সে দিন একাদশী, ভৃষ্ণায় প্রাণ ওঠাগত প্রায়, দাকণ কটুই হইল। প্রায় ২ ঘণ্টা শয়ন অন্তে নিকটস্থ অলকনন্দায় স্থান করিতে দেহ শীতল হইল। দিদিরও জর ছাড়িয়া গেল।

মধ্যাক্তে সাধুছেলেরা পাণ্ডাজী ও আমরা একতে ঠাকুরের নানা প্রসঙ্গ করিয়া, পতাদি লেখা করিলাম। সে দিন সেই চটিতেই রহিলাম। মধ্যাক্তে গায়ক গায়িক। পাহাড়ী স্ত্রী পুরুষ ছজন স্থান্দর ভূদুক বাজাইয়া চোল বাজাইয়া গান শোনাতে লাগিল। পাহাড়ী মেয়েটির গলা অতি মধুর মিষ্ট—গাহিল

"হে প্রভু কেদারনাথ পাঁও দরশন তেরা
ডিমি ডিমি তেরি ডমুরি বাজে
গলে হাড় মালা,
জ্ঞটামে গঙ্গামামী করে সদা থেলা
কটিমে শোভে প্রভু তেরি বাঘছালা
হে প্রভু কেদারনাথ পাও দরশন তেরা।"

এইটুকুই এমন স্থন্দর ভাবে বার বার গাছিতে লাগিল যে, মন মোহিত হইয়া চোথে জল আদিল। বৈকালে ঐ আশ্রমে শিব ঠাকুর দেখিলাম। বেশ মন্দির প্রশন্ত, প্রস্তর নির্দ্মিত প্রাঙ্গণ সংলগ্ধ। মন্দির পার্মে কুলের গাছ—রাঙা কয়বী মত। পাঙ্গিবার জন্ম হাত পাইলাম না, ছবার এদিক ওদিক চাহিয়া লক্ষ্ দিলাম, তব্ও হাত পাইলাম না। পাঙাজী স্থ্যবাবা হাস্তে লাগ্লেন, "মাকে আমি কুল পেড়ে দেবে" বলিয়া পাতা শুদ্ধ ফুল,পেড়ে দিলেন। শিবঠাকুরকে দিয়া প্রণামপূর্দ্ধক একটু বসিতে ইচ্ছা হইল, সন্ধ্যাও হইল। পাঙাজী সকলকে লইয়া বরে গেলেন, শক্ষর মন্দিরের হারে রইল, আমি মন্দির মধ্যে কতকটুকু বসিলাম। বড় শান্তি পাইলাম। উঠিবার সময় দেখিলাম সাধু ছেলেদের একজন আসিয়া প্রণামপূর্দ্ধক স্তোত্র উচ্চারণ করিল। আমি শক্ষরের সঙ্গে গৃহে আমিলাম। সকলে বোলে পাঙাজীর সঙ্গে গলকথা হোচেছ, কবে পট খুল্বে বল্ছে শুন্ছ। আমরাও একটু শুনিয়া বড়িদিনিকে ঔষধ থাওয়াইয়া শয়ন করিলাম। সে

मिन এकामनी, तुर्फिमि अठाख तुर् ७ त्य तकम मांडाम काटकर अस्ति मार नारे মনে করিয়া তাঁহাকে থাওয়াতে বাধ্য হইলাম। পাণ্ডাজী বঁহুবার বলিলেন, "মাগো আপনারা একটু ছখ খাবে অলকননার জল খাবে।" সাধুছে**লে** বলিলেন, না মহারাজ আমাদের ঘরে সব দেখেছি মরবার সময় একাদশী হোলে কাণে জল দেবে মুখে দেবে না।"

> ( ক্রমখঃ ) মন-বুল্বুল্ রচয়িতী ১

#### গুপ্ত-মহারাজ।

#### ( শ্রীমৎ স্বামী সদানন্দ।)

"মদ্মক্রানাঞ্চ যে ভক্তীন্তে মে ভক্তব্যা মতা:।"

ভাবকে ধারণার গণ্ডীর ভিতরে আনা যত সহজ, কথায় খুলিয়া মেলিরা সেই ভাবটীকে প্রকাশ করা তত সহজ নহে। আমি অস্ততঃ উহাতে তেমন পারদর্শী নহি। তত্ত্বমঞ্জরী ভাবুকের কাগজ, ভাবুক উহার পাঠক; তাই ভরসা, আমি আমার প্রাণের কণাটীকে, আমার মনেব মত করিয়া গুছাইয়া বলিতে না পারিলেও ভাবগ্রাহী পাঠকের আমার প্রাণের কথাটী বুঝিয়া লইতে বিলম্ব হইবে না।

আদর্শ-গুরুভক্ত, গুরু-অন্ত-প্রাণ গুপ্ত মহারাজ (স্বামী সদানন্দ) দেহ রাথিয়া-ছেন। এই দর্বত্যাগী মহাপুরুষের জীবনী কোন প্রিকায় বাহির হইয়াছে কি না আমি জ্ঞাত নহি। সীমাবদ্ধ কুদ্রবৃদ্ধিসম্পন্ন আমার ন্যায় লোকের, তাঁহার সহদ্ধে শিথিতে যাওয়া ধৃষ্টতা অথবা হাস্তাস্পীদ ব্যাপার। সেক্ষমতা এবং সে সাহদ আমার নাই। ভগ্নী নিবেদিতা আৰু বাঁচিয়া থাকিলে, খুব সম্ভব তিনিই এই মহৎ কার্য্য সম্পন্ন করিতেন; আশা করি সোদরপ্রতিম পরম স্নেহাম্পদ শ্রীমান বশীশ্বর लन, आयां निगरक दायी मनानक महात्रास्त्रत त्मव कीवरनत वर्थाए डेक श्रीमान বর্তদিন তাঁহার সঙ্গলাভ করিরাছিলেন তৎকালের মনোমুগ্ধকর আশুর্য্য ঘটনাবলীর বিবরণ উপহার দিয়া স্নেহ ও প্রীতির বন্ধন বর্দ্ধিত করিবেন। স্বর্গ কেমন জানিনা, মনে হয় উহা শান্তির আকর। স্বর্গে শান্তির পরিমাণ কতটুকু, আনার কুত্রবৃদ্ধির

শাপকাট্রিতে তার ওজন চলেনা। মাপিবার ইচ্ছাও নাই। আমার অর্থ ওও মহারাজের ন্যার মহাপুরুষের ছল্লভি দঙ্গ ও পদদেবা, দে শান্তির জুলনা নাই এবং অনেক সময়ে উহা গায়ে মাথিয়া উপলব্ধি করিতে গিয়া আমি নিজেকে হারাইয়া ফেলিয়াছি। সে আজ পাঁচ ছয় বংগরের কথা; শ্রীমান বশীখরের ভক্তির ডোর ছিল্ল করিতে না পারিয়া গুপ্ত প্রেমিক গুপ্ত মহারাজ, বনীখরের ভ্রাতার কল্যাণ কামনায় দিনাজপুর জেলাস্থ পীরগঞ্জ ষ্টেদনে গুভাগমন করিয়াছিলেন। তথন সরকারী কার্য্য ব্যুপদেশে কালিয়াগঞ্জে (দিনাজপুর) ছিলাম। কালিরাগ্ঞ পীরগঞ্জ হইতে অমুমান দশ কোশ ব্যবধান। শ্রীমান্ বশীখরের ভ্রাতা আমাকে জানাইলেন, "একটী সাধু আসিয়াছেন, তিনি তোষায় দেখিতে ইচ্ছা করিয়াছেন, যদি আসিতে পার, তবে সম্বর আসিও।" কি জানি কেন এই মহাপুরুষকে দেথিবার জন্ত বড়ই আকৃল হইলাম, প্রাণটা আই ঢাই করিতে লাগিল। পুলিসের চাৰুৱী কেমন করিয়া ৰাইব চিস্তা হইল। তিনি যথন ডাকিয়াছেন যাইতেই **হটবে, এই স্থির করিয়া বিপদ আপদ তাঁহারই স্পায়ে অর্পণ করিয়া রওনা হটলাম।** কোন দিন তাঁহাকে দেখি নাই, কোন দিন তাঁহার নাম শুনি নাই, তবুও কেন তাঁহার জীচরণ দর্শনে আমার এরপ প্রথম আকাজ্ঞা হইয়াছিল, তাহা আনি বলিতে পারি না।

পীরগঞ্জ পৌছিলাম। স্বামীন্ধী ডাকবাঙ্গলায় অবস্থিতি করিতেছিলেন, শরীর অস্কু, ডাকবাঙ্গলায় উপস্থিত হইয়া তাঁহাকে প্রণাম করিলাম। তিনি "এস বাবা এস" বলিয়া আশীর্কদে করিলেন। তাঁহার হাতের তালুটী জবা ফুলের ন্যায় শাল, ইন্ধি চেয়ারে (Easy chair) বদিয়া থাকায় পায়ের তলাটীও দেখিকে পাইলাম, উহাও হাতের তালুর ন্যায় লাল। পুর্বে একেপ দেখি নাই, ভাবিলাম আল্ভা মাথিয়াছেন, ইহাতে কেহ আমাকে ন্যাকা বান্ম্থ মনে করিতে পারেন, কিন্তু আমি সত্য সত্য তক্ষা একপই ভাবিয়াছিলাম।

গুপ্ত মহারাজের জীচরণ সমীপে প্রথম যথন উপস্থিত হই, তথন ডাক-বাদলার আরও করেকটী ভদ্রলোক ছিলেন, বিশেষ কোন কথা হইল না। তাঁহার মুখ পানে অনেকবার তাকাইলাম, দেখিলাম তিনিও আমার দিকে চাহিরা আছেন। বেয়াদবির ভরে বেশী তাকাইতে সাহস হইল না। আমার বিশিলেন, "আহা ঘোড়ার চড়িরা আসিয়া তোমার মুখ্থানি শুকাইয়া গিরাছে,

স্থান করিয়া আহারাদি কর।" আমি তাঁহার আদেশ **উপেক্ষা** পরিতে সাহস পাইলাম না, তাই অনিচ্ছা দড়েও প্রীমান বশীখরের ভাতার বাদার আদিলাম। ৰণী আমার মাথায় খানিকটা তেল ঢালিয়া দিল, আমি বাধ্য হইয়া জামা চাদর, খুলিয়া স্থান করিলাম। কিন্তু মনটা স্থত ছিল না, কি জানি কেন আবার यागी औरक मिथिए हेन्स्। इहेन, छाहे आहारतत भूर्त्वहे छाकवाननात हु हिना গেলাম. স্বামীজী ভথন একখানি চৌকীতে চোথ মুদিয়া শুইয়া ছিলেন। আমি ঘরে প্রবেশ করা মাত্রই উঠিয়া বদিলেন এবং গর্জিয়া বলিলেন, ভ্র থেকে বেরিয়ে যা, যত বাটা বদুমাইসের, লাঙ্গল কাঁধে লইরা আমার প্রাণটা ওঠাগত হইরাছে।" আমার ফ্লার উদ্ধৃত প্রকৃতির লোক এইদ্ধপ ব্যবহার পাইয়া চুপ করিয়া থাকিতে পারে না, হয় প্রতিবাদ করে, না হর সে স্থান ত্যাগ করে, কিন্তু আমি এই উভয় পদ্থার কোনটীই তাঁহার করুণার অবলম্বন করিতে পারি নাই। "ন ষ্যৌ ন তন্ত্রে" ভাবে দাঁভাইয়া থাকিলাম, ভাবিলাম এখন কি •করি ? দয়ার সাগর স্বামীজী আমাকে বেশী-ক্ষণ এই পরীক্ষায় রাখিলেন না, বলিয়া উঠিলেন, "আয় আয় কাছে আয়, আহা এমন আধারটাকে নষ্ট করিয়া ফেলিয়াছিদ ? কাকে ঠোকুরান ফল-পূজার তোকে কেমন করিয়া চড়াই।" আমাকে আরও কাছে হাইতে বলি-লেন এবং হাতথানি পিঠে বুলাইতে লাগিলেন, আমার কিন্তু পাপলঙ জীবনের চোথের জল তথনও নির্গত হইল না। সোজা কথায় আমার তথন ভাবিচ্যাকা লাগিয়াছিল, বলিলেন "তোর আর বিশেষ কিছু করিতে হইবে না. পর দার দর্শনেই মায়ের ন্নেহ মনে করিস, কাঞ্চনে তোর বিশেব আকাঞ্জা নাই, ইহা আমি জানি, তার জন্ম তোর ভাবিতে হইবে না।" আমি বলিলাম মহারাজ, কাঞ্চনে আমার আকাজ্জা ত বেশ আছে, তিনি উত্তর করিলেন "গরু অনেক বাটাই মারে, তা মায়ক্ কিন্তু জুতা দানের বেলা দর্কোচা সারিয়া যায়, তুই গরু মারিদ বটে তবে জুতা দানে অভ্যন্থ আছিন। Peterco Rob করা অভ্যান থাকিলে, Paulco pay করার, অভ্যস্থ না হইলে Robbery ছাড়া কঠিন (পিটারের দ্রব্য অপহরণ করিরা পদকে দান ন' করিবে, অপহরণের অভাাস ছাড়িতে পারে না) দত্মাবৃত্তি তোমার থাকিবে না। ঠাকুরের এ নিয়ম অলজ্বনীর, তাই তিনি অনেক জগাই

মাধাইকে পার করিয়াছেন, দম্যুবুদ্ধি কঙদিন করিবে ? দানের মাত্রা হত বাড়াইবে, শস্তারতি ওঁওই ক্ষীণ হইয়া আগিবে।" দামি ভাবিলাম এ কেমন হইল ? তাঁহার কথার ভাবে বুঝিলাম, তিনি ষেন বলিলেন, "যাহা করিতেছ করিয়া বাও।"

গুপু মহারীজের দর্শনের পূর্বে আরও দে ছই একজন সাধু সন্ত্রাসী না **मि**थिशां क्रिनाम अमन नरह. किन्न ठाँशां तिक्रे अथन कन्ना माथा कथा अनिवाहिनाम मत्न दव ना, अधिकञ्च छाँदारमत कर्छात - छेशरमर मत्र धात्रणा করিতে না পারিয়া বরং ছ:থিত হইয়া ঘরে ফিরিতান। তাঁহাদের সালিধো উপস্থিত হইলেই তাঁহারা আমাকে হাসিয়া উডাইয়া দিতেন, বলিতেন "ও বাবা ! ভূমি পুলিদ, তোমার অনেক গুণ, কি মতলবে আসিয়াছ কে জানে।" দয়া-পরবল হইয়া কেহ ভদ্রপ বিশেষণে বিভূষিত না করিলেও বলিভেন, "পঞ্চা কঠোর, ত্যাগ চাই" এবং আরও কত কি বলিতেন ৷ আমার উপরোক্ত কথাগুলিতে কেই যেন আবার মনে না ভাবেন যে, আমার পন্থা যথেচছা-ঠারিতা। স্বামীজীর কথার আমি এই বুঝিয়াছিলাম যে, কুভাবগুলি মাতুষের প্রকৃতিগত নহে। জীবনের অনেক কার্যা মাত্রর থারাপ বুঝিতে পারিয়াও ক্রিয়া ফেলে, মামুষ মাত্রেই ইহার দাক্ষ্য দিবে। অফুতাপ দামশ্বিক হইলেও উহা এবং সং কার্য্যে প্রাণের আকাজ্ঞা, প্রকৃতির সভ্যধর্ম বলিয়া আমার প্রতীতি হয়, স্থতবাং মাজুষ সংস্কার বশত:ই হো'ক অথবা যে কারণেই হো'ক কুক্ষাজ করে বটে, কিন্তু পরে অমুতপ্ত হয়। বারো বৎসর যাবৎ পুলিসের চাকরী ক্ষরিষাছিলাম, অভি হর্বস্ত, সম্মা ও নরহত্যাকারীকেও অমুতাপানলে দগ্ধ ছইতে দেখিয়াছি। কেহ কেহ বলেন, অনত্যন্ত পাপাসক্ত ব্যক্তির বিবেক ,নিভিয়া যায়, আমি ভাঁহাদের সহিত একমতাবলম্বী নহি, বিবেক ভগকদৰ বাড়বানল—উহা নিভিবার বস্তু নহে। লোকে বারম্বার অসৎ কার্য্যে লিপ্ত ছইতে পারে বটে, বিবেকহীনতা উহার কারণ নহে। অভ্যাস প্রকৃতিকে ছাড়াইরা উঠে কিন্তু ডুবাইতে পারে না। ভাই প্রকৃতি ছদিন আগে হৌক স্মার পরে হৌক, আপনার মহিমায় মহিয়দী হইয়া জাগিয়া উঠে, তাই পাপী, পুশ্যাত্মা বলিয়া অভিহিত হয়। এই জন্মই বোধ হয় ঠাকুর বলিতেন, পাপী কি রে ? আমি মুক্ত, আমি মুক্ত, ইহাই ধারণা করিতে হইবে; তত্ত্ব-মঞ্জরীয় পাঠিক বোধ হয় এই কথাটী হাড়ে হাড়ে উপলব্ধি করিয়া থাকিবেন।

পূর্ব্বোক্ত কারণে শুপু মহারাজের দর্শনের পূর্বে, সাধু সর্যাসীত সারিখ্যে উপস্থিত হইলেও, তাহাদের দশুবিধি ও কার্যাবিধির প্রশালীর বিলেযণে প্রাণ অন্তির হইরা উঠিত। গুপ্ত মহারাজ আমাকে এই স্কল নির্মের বাছিলে দাঁড়াইতে বলিয়াছিলেন: আবার বলি যথেচ্ছাচারিতা আমার মত নছে। আমার এই কথা খণ্ডন করিবার অনেক ভর্কগৃত্তি থাকিতে পারে বটে, কিছ উহা আমার প্রাণের কথা, যাহার ইচ্ছা হয় পাগলের প্রলাপ বলিয়া উড়াইয়া किरवन ।

স্বামীজীর নিকট বেশীক্ষণ থাকিতে পারিলাম না. আসিবার সময় বলিলেন. "ওরে পুলিসের চাক্রীটা ছাড়িয়া দিতে পারিস্?" আমি বলিলাম, ইচ্ছা নাই। তিনি বলিলেন, "আমিই ছাড়াইয় দিব।" আমি বলিলাম, আমীজী, তথে আমি আপনার নামও করিব না; স্বামিজী বলিলেন, "তুই স্বেচ্ছায় সানকে ছাড়িয়া দিবি।" আমি দেখা যাহবে বলিয়া প্রণাম করিয়া চলিয়া আসিলাম ব আসিবার সময় বশীশ্বর-ভাষা আমাকে শ্রীম-কথিত "কথামৃত" পাঠ করিবার উপদেশ দিলেন এবং ঐ পুস্তক পাইবার ঠিকানা লিখিয়া দিলেন। তাঁহার উপদেশ অনুযায়ী আমি কালিয়াগঞ্জে ফেরৎ আসিয়া কথামত আনাইয়াছিলাম।

এই ঘটনার কিছুদিন পরে গুপু মহারাজ কলিকাতা ফিরিয়া যাওয়া কাবে আহার কার্য্যস্থল কালিয়াগঞ্জে আসিয়াছিলেন, তিনি বে রূপা করিয়া আমাকে পুনরায় দর্শন দিয়া যাইবেন, আমি পুর্বেজানিতাম না। স্বামীজী কালিয়াগঞ পৌছিয়া বলিলেন, "জীবিত, আমার বড়া ক্ষিদে পেয়েছে, ভোমার বাড়ীতে ষা রাল্লা হয়েছে নিম্নে এস।" তিনি ডাকবাঙ্গলায় অবস্থিতি করিতেছিলেন, আমি তাঁহার দেবার জন্ম যাহা প্রস্তুত ছিল লইয়া গেলাম, তিনি আহারাত্তে ৰলিলেন, "বড়ই পরিতৃপ্ত হইয়াছি, আমি আগিব, ইহা কি তুই জানিতে পারিয়াছিলি ?" আমি বলিলাম, মহারাজ, ঠিক আপনি আসিবেন ইহা উপলব্ধি করিতে পারি নাই, তবে আমার কল্যাপ ক্মেনায় আজ কেহ আসিতেছেন, এরপ বৃঝিয়াছিলাম।

কালিয়াগঞ্জে আমার জনৈক প্রবীণ বন্ধু ছিলেন, তিনি মধ্যে মধ্যে আমার নিকট হইতে কথামুক্ত লইয়া প্রভিতেন, কিন্তু তাঁহার সঙ্গে আমার মত মিলিত না। স্বামীন্সীর সাগ্যনবার্তা প্রবণ করিয়া তিনি তাঁহাকে দেখিবার বস্তু বড়ই

উৎকণ্ঠা প্রকাশ করিলেন, আমিও দরল মনে তাঁহাকে সঙ্গে কইলাম. স্বামী-জীর নিকট উপস্থিত হইয়া তিনি দর-বিগলিত-ধারার আঞা বিদর্জন করিতে লাগিলেন। আমি আপনাকে তথন বড়ই ধিকার দিতেছিলাম, ভাবিলাম, আমার মনটা ছোট ও নিচু, তাই এই প্রবীণ ধর্মপ্রাণ বন্ধুবরকে অগ্রে চিনিতে পারি নাই। আহা! ইহার কি কোমল প্রাণ; দাধু দর্শনেই ইহার-মন গলিয়া গিয়াছে, তাই কাঁদিতেছেন, কিন্তু সামীজীর তাঁহার প্রতি ব্যবহার দেখিয়া অবাক হইয়া গেলাম, তিনি বলিলেন, "ওগো তুমি কাঁদছ কি ? . ও তো তোমার nervous debility (মারবিক দৌর্বলা), ভাণও বলা যাইতে পারে। তুমি যথন ভোমার আফিদ হইতে রওনা হইরাছিলে, তথন মনে করিয়াছিলে, কেমন সাধু আসিয়াছে পরীকা করিয়া দেখা যা'ক। অভিযানী ভূমি, গর্বিত তুমি, আমার কি পরীক্ষা করিবে ? চিরকুমার আমি, জীবনে কথন স্ত্রীসঙ্গ করি নাই, উহা ভোগ করিলে কেমন হয় তাহাও করনার ভাবিরা দেখি নাই, সল্লাসী আমি—আমার পরীক্ষা তুহি কি করিবে ? কোন দ্রব্যের প্রার্থী নহি, শ্রীগুরু কুপায় জগতের সকলি আমার; আমার কিলের অভাব ?'' ইহার পর উক্ত বন্ধুবর জিজ্ঞানা করিলেন, "ধর্ম কি আমার বুঝাইয়া দিন, স্বামীজী হো হো করিয়া হাসিতে লাগিলেন, পরে বলিলেন, "বাবা, হঃথ করিও না, ধর্ম কি ইহা আমি তোমায় কেমন করিয়া বুঝাইব, ঠাকুরের করুণা হইলে বুঝিতে পারিবে। রুসগোলা কেমন, ইহা না থাইলে ব্যা দ্বারা বুঝিতে পারা কঠিন, এমন কি তুমি ছানা ও চিনি খাইয়া থাকিতে পার, কিন্তু চিনির রসে ছানা পাক হইলে এবং উহা ঠাণ্ডা ইইলে জিহবা ও টাক্রার মধ্যস্থলে রাথিয়া, আত্তে আতে উহার রস গলাধঃকরণ করিয়া রদগোলাটী বেশ চিৰাইয়া খাইলে, উহা কেমন, বুঝিতে পারা বায়। উহা বড়ই মধুর, বড়ই রসনা-ভৃগ্ডিকর এক্সপ বলিলে কতকগুলি শব্দের যোজনা করা হইল মাত্র কিন্তু উলা কেমন বুঝিতে পারিলে কি ? যদি খাইয়া থাক তবেই বুঝিয়াছ, নতুবা নহে। তোমার পুল্রশোক হইয়াছে কি? কাহারও পুত্রের মৃত্যু হইলে, পুত্রের পিতাকে কেহ জিজ্ঞাসা করিলে তিনি বনিতে পারেন—বন্দুকের গুলি আমার পাঁজরায় ঢুকিয়া ভিতরের অন্থি মজ্জা ভেদ করিয়া বাহির হইয়া গেলে যেমন্টী বোধ হয়, আমার তাহাপেকাও অধিক কণ্ট হইতেছে।

ইহাতে তুমি কি বুঝিলে ? তোমার ছেলেও মরে নাই—ক্ষুকের গুলিও কোন দিন থাও নাই; পার ফি পুত্রহারা পিভার শোক উপলব্ধি ক্রিডে 🕈 জীবনে পূত্ৰহারা জননীকে দেখিয়াছ, পতিহারা অনাথিনী পত্নীকে দেখিয়াছ, তাঁহাদের অন্তর্দাহী আলা উপলব্ধি করিতে পারিগাছ কি ? দেখিয়া তোনার কষ্ট হইতে পারে, হ এক ফোঁটা চোথের জনও ফেলিতে পার; কিন্তু ভোমার তাঁহাদের ভাষ উন্মাদ অবস্থা হয় কি ? স্বতরাং এই অমুভূতি, ঠিক সেই স্থান অধিকার না করিলে জানিতে পারে না। প্রথম সোপান-মনটা সক্ষেদ্ ﴿ সাদা ) হওরা চাই।" স্বামীঞ্চী সেই রাত্রে কলিকাভার চলিয়া গেলেন।

তাঁহার এই কথাগুলিতে আমার বন্ধবরের অনেক উপকার হইল বটে, কিন্তু আমার পকে "উন্টা বুঝুলি রাম" হইরা গেল। আমি **গুপ্ত-মহারাজের** পীরগঞ্জে প্রদত্ত উপদেশগুলি ভূলিয়া গেলাম এবং রাত্রে ভাবিলাম, চুটা লইয়া তার্থ-ভ্রমণে বাই। আমি যদি পুলিসের কার্য্যে নিযুক্ত থাকি, তবে মন সাদা কেমন করিরা হইবে 📍 ইহার অর দিন পরেই আমার ইটাহার থানার (দিনাজপুর) ৰদলী হইল এবং আমি ছুটা লইয়া প্ৰথমতঃ গ্রাধাম, তথা ছইতে বারাণ্শী ध्यवः शद्ध रविवात, स्वीत्रम, नष्ट्यन्त्याना वृतित्र। श्वानिनाय।

হ্বীকেশে মহাত্মা কালা কৰ্ণীওয়ালা বাবাজীর ধর্মালালায় এক রাত্র ব্য-স্থিতি করিরাছিলাম। রাজে ভাবিলাম, স্বামিলীর আদেশের পর তাঁহার স্থপার আমার দকল পরস্ত্রীতেই মাতৃভাব জাগ্রত হইরাছে; মনে মনে বেশ একটু তম:-ভাৰ জাগিয়া উঠিল। তাবিলাম, শ্ৰীমং বিজয়ক্কঞ গোস্বামী অতি চুর্বল-চেতা লোক ছিলেন, নতুবা ধর্মপ্রচার-কালীন রেবা নদীর তীরে (পঞ্লাধ) আসিয়া জীলোকগণকে নগাবস্থায় সান করিতে দেখিয়া তাঁহার কামের ভাব উদীও হইবে কেন ? পরদিন মনের গরবে লছমন ঝোলায় চলিলাম, সেধানে বিখাত হরজমন ঝুনুঝুনুওয়ালায় প্রোলেম নিকট চানা (ছোলা) ভিমিরা বানর গুলিকে ছিটাইর। দিরা বেশ একটু জ্মামোদ উপভোগ করিতেছিলার। ঐ দিন একটা পাঞ্জাবী যুবক তাহার পরমা অন্দরী বিধবা ভ্রাভ্বপুকে ভীর্ব দর্শন জন্ত শছনন্যোলার আনিরাছিলেন। পরে ওনিরাছিলাম উক্ত মহিলার স্বামী উহার কিছুদিন পুর্বে পরলোক পনন করিয়াছিলেন, ভাই পতিবিরোঁথ-विश्वा পভিপ্রাণা পদ্ম তীর্থ দর্শনে মনের আলা নিভাইতে আদিয়াছিলেন।

তিনি ও তাঁহার দেবর ইতোপুর্কে নিকটবর্তী মন্দিরের বিগ্রহ দর্শন করিতে-ছিলেন। পতিগতপ্রাণা হিন্দু শলনার, পতি বিয়োগে যে কি ছর্বিষ্ট ষন্ত্রণা উপস্থিত হয়, পুরুষ আমি কেমন করিয়া বুঝাইব ? গুপ্ত-মহারাজের কথার "দতী স্ত্রী হইয়া বিধবা হইলে বুঝিতে পারিতাম;" তাই ঐ রমণীরও বুঝি দেব বিগ্রহ দর্শনে, আপন জীবন-সর্বস্থ পতি-দেবতার অভাব সহু করিতে না পারিয়া, হুদম্বকে অন্ত দিকে আকৃষ্ট করিবার জ্বন্ত বানরগণের থেলা দেখিয়া কথঞিৎ তুপ্ত। ইইতেছিলেন। ইত্তোমধ্যে একটী বানর ঠোঁহার হস্তস্থিত কাপড়ের পুঁটনীতে কোন থাত দ্ৰব্য আছে মনে করিয়া পুঁটুলীটী কাড়িয়া শম এবং তিনি উহার উদ্ধার মান্সে ঐ বানরটীর পশ্চাদ্ধাবন করার আরও কভকগুলি বানর তাঁহাকে আক্রমণ করে, তিনি উপায়াস্তর না দেখিয়া এবং তাঁহার দেবর আমাপেক্ষা দূরে মন্দিরের নিক্ট থাকার আমার নিক্ট দৌড়িয়া আসেন এবং ভাতি-বিহ্বলা হইমা আমার সাহায্য প্রার্থনা করেন; আমি তাঁহাকে অভন্ন দিন্না প্রাণপণে বানরগুলিকে তাড়াইতে লাগিলাম এবং তাঁহার দেবর ইতোমধ্যে উপশ্বিত হওয়ায়, তাঁহাকে সাবধানে লইয়। যাইতে বলিলাম। স্ত্রালোকটা ক্লতজ্ঞতাব্যঞ্জক দৃষ্টিতে আমার দিকে একবার তাকাইয়া, আমাকে নমস্বার করিয়া চলিয়া গেলেন। কি জানি কেন তাঁছার। চলিয়া যাওয়ার পরেও আমি চিত্রার্পিতের ভার সেথানে দাঁড়াইরা রহিলাম এবং স্তীলোকটী যতক্ষণ পর্যান্ত আমার দৃষ্টির বহিভূতি না হইয়াছিলেন, ততক্ষণ আমি তাঁহার দিকে নির্ণিমেষনয়নে চাহিয়া রহিলাম। চক্ষুকে সংযত করিতে চাহিলাম-হইল না; স্থানাম্ভরে যাইতে চেষ্টা করিলাম-চরণ চলিল না। ভাবিলাম ইহার সূলে কি আছে ? প্রাণের ঠাকুর দেথাইলেন, বড় বড় কাল অকরে হদয়াভ্যন্তরে লেখা আছে "কাম।" মনে বড়ই ধিকার জন্মিল, পূর্ব রাত্রের কথা স্মরণ ছইল-আমার দর্প চুর্ণ হইরা গেল। মহাত্মা বিজয়ক্ত গোস্বামীর ভার মহা-পুরুষের চরিত্রের হর্মলতা আলোচনা করিয়া গুরুতর অন্তায় করিয়াছি, তাই এমন হইল। ঋষিগণ বলিয়া গিয়াছেন, নাহংকারাৎ পরে। রিপু:- অহংকার অপেকা শ্ৰেষ্ঠ শক্ত আৰু নাই।

তথনই ভাবিলাম সম্মুখস্থ গলা-গর্ভে ডুবিরা মরিব। জলে নামিয়া একটা পা হঠাৎ পিছ্লাইয়া গেল, অমনি হুর্জনতা আসিয়া অধিকার করিল।

নিকটে একথানি বড় প্রস্তর্থও ছিল আঁকড়াইরা ধরিলাম; বোধ হইল ওপ্ত-মহারাজ যেন বড একগাছা লাঠি হাতে করিরা ঐ পাধরথানির উপর দাঁড়াইয় আছেন, বলিলেন, "উঠে আর", আমি কাঁদিয়া পা তটী জড়াইয়া ধরিতে গেলাম, দেখিলাম কিছু নাই। অন্তমনস্কভাবে পথ চলিতে লাগিলাম এবং একটা জঙ্গলের মধ্যে প্রবেশ করিয়া অদুরে একটা কুটার দেখিতে পাইলাম। কুটীরের নিকটে গিয়া ওকজন সন্ন্যাসীকে দেখিলান, তাঁহার বয়স কত বলিতে ' পারি না, চকু হ'টী হাঁদের ডিমে তা দেওয়ার মত দেখিলাম। জ্যোতিঃ যেন শরীর দিয়া ভন্মের অভান্তর হইতেও ফুটিয়া বাহির হইতেছিল। আমাকে অধিকক্ষণ বসিতে হয় নাই, তিনি বলিলেন, "আও বাচ্চা, আও পেরারে, ভিতব্যে আও, তোহরা গুরুবল সব্সে আচ্ছা হার, আউর পুছোগে কেয়া, আপনা ওক কুপাদে সব সমন্ত্রে আওয়েগা।" আমি বলিলাম, বাবা তবু আমার একটা আরজ আছে, তিনি বলিলেন, "ক্যা আরজ্।" জিজ্ঞাস। করিয়াছিলাম, মন কথন আকাশ অপেকাও উর্দ্ধে উঠিয়া যায়—আবার অধংশুন দিঁড়িতে নামিয়া যায় কেন ? উত্তর করিলেন, উ শালা এইদাই হায়, উত্তো পতেলা বালককা মাফিক চঞ্চল রয়তা হ্যায়, যব উদকা জ্ঞান পঁছচ যায়গা, তব শাস্ত হোগা। আগকা উপর যব কুণ রহতা হ্যায়, তব্তক উদকা আওল (ওংলায়) হোতা, আউর্পিছে ঘর আগ্লে ক্রীর বন যাতা, তব্ আউর্ নেহি আওল্তা। তোম্তো আবি হৃদ্ধ কিয়া খাায়। তোম পহেলা ষৰ পড়নে হারু কিরা থা, উদ্ঘড়ি তোমারা বাপ কি মাতারি আকে বোল্ডা থা, পড়হো বাচ্চা পড়হো, লেকিন উদ ঘড়ি তোমারা দিল নেহি বৈঠ্তা থা, পিছে যব উদকা ব্লু তোম পারো, উদ্ঘড়ি থানা পিনেকা বৰৎ হোনেদে ভি, বহি ছোড়কে যানেকো তোমারা দিল নেহি চাহতা থা, বাপ মাতারি আকে বোলানেদে ভি, উঠনেকো নৈহি চাহতা রহা; এইশা শুরু কুপাদে যব্রদ্লাগ্যায় পা, তব্আউন্কুছ্ নেহি টুটেগা, লেকিন্ ভককা আদেশ তামিল কৰ্না চাহিলে। পহিলে তিত্ মালুম হোগা, বিশ্বাস নেহি আওয়েগা, পিছে দিল বৈঠ যানেদে দব্ মিঠা লাগেগা, লেকিন ওক ছোড় কৈ আপ্না মংলব্ কা মাকিক্ কুছ নেহি কর্না।" এই দেবোপম সন্নাদী সেদিন-কার ঘটনা অন্তর্গৃষ্টিতে বুঝিরাছিলেন কি না জানিনা, কিন্তু উলিখিত শিলা

ধণ্ডের উপর স্বামীজী দাঁড়াইরা আছেন প্রতীত হওয়ায় এবং এই সাধুয় উপদেশগুলির মধ্যে "শুরু ছাড়িয়৷ এদিক ওদিক ঘুরিয়৷ বেড়াইলে কোন ফল হইবে না" বুঝিতে পারিয়া, ইটাহারে প্রত্যাবর্তন করিলাম।

ইহার পর বড়দিনের সময় করেক দিনের ছুটী লইয়া কলিকাভার যাই।
সদানল মহারাজ তথন ৮ নং বহুপাড়া লেনে অবস্থিতি করিতেছিলেন। তাঁহার
পীড়া তথন রন্ধি হইরাছিল, আন্ধি বাইবা মাত্র প্রিরতম বশীর্ষর ভারা মহারাজকে
বলিল, "জীবিৎ দাদা আসিয়াছেন।" তিনি কটে উঠিয়া বসিলেন এবং "জীবিৎ
শাসিয়াছিল, আনার বুকে মাথাটা রাখ্ দেখি" বলিয়া আমার মাথাটা তাঁহার
শীবক্ষে চাপিয়া ধরিলেন, আমার মায়ের বুকে মাথা রাখিয়া যেমন শান্তি পাইতাম
এখানেও আমার ঠিক তেমনই বোধ হইল, অনেক রান্তা হাঁটিয়া তৃষ্ণায় কাতর
হইলে এক ম্যাস জল যেমন মধুময় বোধ হয়, প্রাণটী তেমনই জুড়াইয়া গেল।
শামীজী বলিলেন, "হাারে, হরিবার, হবীকেশ, লছমন্ঝোলা গিয়ে কি হবে দু
এই ত ঘুরে এলি, নৃতন কিছু পাইয়াছিল্ কি দু" আমি চুপ্ করিয়া রহিলাম।
ইহার কিছুদিন পরে স্বামীজী বস্থ পাড়ার উক্ত বাটীতে মহাসমাধি লাভ করেন।
আমার তুর্ভাগাক্রমে আমি তথন ইটাহারে ছিলাম।

শুপ্তমহারাক শ্রীমৎ স্থামী বিবেকানন্দের প্রধানতম ও প্রাণপ্রিয় শিশ্ব ছিলেন।
তাঁহার শ্রীমুথে শুনিয়াছি, স্থামীজী নিবেদিতাকে তাঁহার হস্তে অর্পণ করিয়া
বিলিয়াছিলেন, "ইহাকে তুমি ভগ্নির গ্রার বদ্ধ করিও ও শিক্ষা দিও। তদবিধ
শুপ্তমহারাক তাঁহাকে সিষ্টার (ভগ্নি) বলিয়া সম্বোধন করিতেন, তাই দেবী
নিবেদিতা—সিষ্টার নিবেদিতা নামে ক্রগতে পরিচিতা।

হৃংধের বিষর, নিবেদিতার জীবনীতে আমরা ঋপুমহারাজের কোনও উল্লেখ দেখিতে পাই নাই। গুপুমহারাজ পীরপ্তে পীড়িত আছেন শুনিয়া দেবী নিবেদিতা কি প্রাণের আবেগে স্থান্ত ইংলও হইতে তাঁহার জননীয় মৃত্যুর অব্যবহিত পরেই পীরগঞ্জে ছুটিয়া আদিয়াছিলেন। বাঁহারা তাঁহাকে সেই সমরে দেখিয়াছিলেন, তাঁহারাই গুপুমহারাজের প্রতি দেবীর প্রাণের টান সম্যক্ষ্ বৃদ্ধিতে পারিয়াছেন।

আমার মনে হর, ঘূগাবতার এক্রীরামরুঞ্চদেবের ভক্তাগ্রগণ্য রামচক্ত ছ আনীশ্রেষ্ঠ শ্রীমৎ স্বামী বিবেকানন্দ মহারাজ বেমন গুট বাছ ছিলেন, তক্ত্রণ স্বামী সদানন্দ মহারাজ ও সিষ্টার নিবেদিতা স্বামীজীর জ্ঞান ও ভক্তির প্রতিম্র্তি-স্বরূপ তুই বাছ ছিলেন।

গুপুমহারাজ স্বামিজীর গ্রন্থাবদীর শতমুধে প্রশংসা করিতেন, আমিও তাই স্বামিজীর গ্রন্থাবলী, গুপ্তমহারাজের মহাসমাধি লাভের পর পাঠ করিতে আরম্ভ করিলাম, ইহাতেও আমার গোড়ার গলদ হইরা গেল। গুপ্তমহারাজের আদেশ উপেকা করিয়া আমি স্বামিজীর রাজযোগ ও একথানি পাতঞ্জল দর্শন আনাইরা বোগাভ্যাস করিতে আরম্ভ করিলাম এবং পন্মাসন প্রভৃতি অনুষ্ঠানের ফলে আমার গুহুদেশে একটা ক্ষোটকের আনির্ভাব হুইন এবং দক্ষিণ পদ বিষম ক্ষীত হুইন। ইটাহারে নানারূপ চিকিৎসার ব্যবস্থা সত্ত্বেও কোন ফলোদয় হইল না। পায়ের সুলা কিছু কমিল বটে, কিন্তু ক্ষোটকটা আরোগ্য হইতে চাহিল না। ভাল চিকিৎসা হুইবে বলিয়া কলিকাতার আদিলাম। প্রাতে ১০॥০টার সময় বস্থপাড়ার উক্ত ৮নং ৰাটীতে আসিলাম। শ্ৰীমান বশীখন তথন বাসাম ছিল না, আমি উপরে বে গৃছে গুপ্তমহারাজ থাকিতেন ও দেহত্যাগ করিয়াছিলেন, সেই ঘরে একটা জাপানী মোড়ার বসিয়া আমার কেন এমন রোগ হইল, ভাবিতেছিলাম। পূর্বারাত্তে গাড়িতে নিজা না হওরার আমার তম্রা আসিল: স্বপ্নে দেখিলাম, গুপ্তমহারাম্ব যেন আমার গলাধাকা দিয়া ঘর হুইতে বাহির করিয়া দিতেছেন ও বলিতেছেন "দেহের চিকিৎসা করাইতে আসিয়াছিস কেন ? উহার সঙ্গে তোর কোন সম্বন্ধ নাই।" আমি তবুও যেন কি জন্ত কোনও বিশিষ্ট ডাক্তারকে দেখাইরা তাঁহার ব্যবস্থায়ী 'প্রথধ সেবন করিরাছিলাম, কিন্তু ভাহাতে কোন কলোদর হর নাই। এ এ শুক্ত-ক্লপার আপনা আপনিই সারিরা গিয়াছিল এবং তৎপরে তাঁছার অসীম করুণাবলে স্বেচ্ছার পুলিদের চাকুরীতে ইস্তকা দিলাম। এক্ষণে তাঁহারই ইচ্ছাপুষায়ী কার্য্যে প্রবৃত্ত রাখিয়াছেন।

শুপ্তমহারাজের বিষয় কিছু লিপিবদ্ধ করিবার মানসে অনেক নিজের কথা বলিরা ফেলিলাম। আমি জনশ্রুতি হইতে তাঁহার বিষয় কিছু লিখি নাই। তাঁহার শ্রীচরণ রূপার এবং তাঁহার অসীম সেহের অচ্ছেম্ম বন্ধনে, ঘটনাটক্রে নিজের জীবনে বাহা প্রত্যক্ষ ও উপলব্ধি করিয়াছি এবং একমাত্র শ্রীশুক্রকুপার এ জীবনে শ্রীশ্রীসাকুরের ও তাঁহার ভক্তগণের অহেতুক কুপা প্রোণে প্রাণে উপলব্ধি করিতে পাইরা প্রোণের সকল আলা জুড়াইরাছি বলিরাই, অবান্তর ঘটনাবলী সন্ধিবেলিক ক্রিতে সাহসী হইলাম। আশা, সহদর ভক্তগণ দীনের এ অশেষ কেটী নিজগুণে मार्कना कतिरवन।

> ভক্তশীচরণাশ্রিত সেবক শ্ৰীজীবিতনাথ দাস।

#### 6621 199

মা শব্দটী শব্দজাগুরের এক অমূল্য নিধি। মা নামটী অমৃতনির্বর। শব্দটী উচ্চারণ করা মাত্রেই হৃদয়ে কি এক অনিয়-মাথা স্বর্গীর ভাবের উদর হইরা অক্তরকে পরিপূর্ণ করিয়া তুলে। শব্দভাণ্ডারে এমন মধুমাথা, এমন হদর ভরা, এমন পবিত্ত, এমন স্বভাব-স্থলর, এমন হৃদয়োনাদক শব্দ আর একটাও নাই। আমারা জন্মের পরমূহুর্ত্ত হইতেই গর্ভধারিণীকে মা বলিয়া ডাকিতে অভ্যাস করি। অতি বাল্যকালে যদি আমরা একবার মা বলিয়া ডাকি, অমনি জননী সমূহ কার্য্য ত্যাগ করিয়া আমাদিগকে বুকে তুলিয়া লইয়া তান দানে পরিতৃষ্ট করেন। তাঁহাদের এই নিঃস্বার্থ ভালবাসা দেখিয়াই বোধ হয় আমরা মাত নামে এত আরুষ্ট হইয়া পড়ি এবং বয়োবুদ্ধির সঙ্গে সঙ্গেই যেখান হইতে কিছু পাই, যিনি আমাদিগকে নিঃস্বার্থভাবে কিছু দেন, আমরা তাঁহাকেই মা নামে অভিহিত করি। যেমন গো-মাতা, জননী, জন্মভূমি ইত্যাদি। জ্ঞান वृष्कि इहेटन, यिनि आभाषिगरक मना वृरकत्र छेशत त्राधिया जीवन शात्रत्गाशराणी সমূহ জিনীষ আমাদের সমুধে সজ্জিত রাথিয়াছেন, যথন যাহাই চাহিতেছি তাহাই অকাতরে দান করিতেছেন, দেই বিশ্বকর্তা পরমাত্মাকে আমরা মা বলিয়া ডাকিতে ইচ্চা করি: ইহা স্বভাবদিদ্ধ এবং প্রত্যেক মানবের হানরে প্রায়ই এ ভাবের উদর হইয়া থাকে। <sup>\*</sup>আবার ভাবুক সাধকেরা এই বিশ্ব জননীর ভাবে বিভোর হইয়া সর্বাস্থ ত্যাগ করতঃ তাঁহাকে পাইবা**র আশার** উন্মত্ত হইয়া পড়েন এবং সাধন পথে অগ্রসর হইয়া জগতের প্রত্যেক স্ত্রী মুর্ত্তিতে তাঁহাকে দেখিতে পাইয়া অপার আনন্দশগরে নিমগ্ন হয়েন। ইহাই মাতৃ-ভাব সাধনার চরম ফল এবং ইহাকেই ব্রহ্মানন্দের সহিত তুলনা করা बारेटि পারে। তাঁহারা প্রত্যেক স্ত্রী-মূর্তিকে মা বলিয়া যে कि আনন্দায়ভব ৰুদ্ধেন, তাহা একমাত তাঁহারা ভিন্ন অন্ত কাহারও বুঝিবার নহে। বোধ

হয় তাহা পানাইবার নহে, অহভবের জিনীস। এই ভাব-সাধনা মানবের স্বভাবসিদ্ধ হইলেও ইহার প্রধান প্রতিবন্ধক কাম। বদি কাম রিপ্র্টী না থাকিত, তবে প্রত্যেক মানবই এই মাতৃ-ভাব সাধনার চন্নম স্থলে উত্তোলিভ হইতে পারিতেন। কাম-বৃত্তিটীকে সমূলে উন্মূলিত না করিলে এ সাধনার পূর্ণ বা সর্বাঙ্গ-ফুন্দর সিদ্ধিলাভ ঘটে না। কামর্ভিটীকে সমূলে উন্মূলিত না করিয়া যদি কেহ এ সাধনার পথে অগ্রসর হন, তবে তিনি জগতন্ত বাবতীয় স্ত্ৰী-মূৰ্ত্তিগুলিকে "মা মা" ডাকিতে সমৰ্থ হইলেও, নিজ জায়াতে তাঁহার স্ত্ৰী-বুজি পাকিয়া যায়। স্থতরাং ইহাকে পূর্ণ বা সর্বাঙ্গ-স্থন্দর সিদ্ধি বলা যাইতে পারে না। কামজ্মী কামিনী-ত্যাগী ব্যক্তিরাই অচিরে এ সাধনার সর্বাঙ্গত্বনর সিদ্ধি-লাভে সমৰ্থ হন। কিন্তু, তাহা বলিয়া যে কামিনীযুক্ত ব্যক্তিরা ইহা হইতে বঞ্চিত হইবেন, এই ব্রহ্মানন্দের তায় নির্ম্মল আনন্দ উপভোগ করিতে পারিবেন না, তাহা নহে। প্রাচীন যুগের মাতৃ-সাধকের। নিজ জায়া ব্যতীত জগতের প্রত্যেক স্ত্রী-মূর্ত্তিকে পবিত্র দৃষ্টিতে দেখিতে সমর্থ হইতেন। কিছ নিজ স্ত্রীকে মাতৃ-সম্বোধনে আহ্বান করিতে ইচ্ছুক হইতেন না। তাই অনেকে বলেন, কামিনী-ত্যাগী না হইলে এ সাধনার সর্বাঙ্গস্থন্দর সিদ্ধিলাভ করা যায় না। কিন্তু বর্তুমান যুগের যুগাবতার রামক্লফদেব এই আনক্ষে সকলেরই পূর্ণাধিকার এবং কি বিবাহিত, কি অবিবাহিত প্রত্যেক ব্যক্তিই এই সাধনার অগ্রসর হইয়া সর্ধাঙ্গপ্রকার সিদ্ধিলাভে সক্ষম হইতে পারেন, ইহা দেখাইবার জন্ম নিজে আদর্শ সাজিয়া কামবৃত্তিটীকে সমূলে উন্মূলিত করতঃ, দার পরিপ্রাহ করিয়া নিজ জায়ার মধ্যে সাক্ষাৎ জগদম্বার বিকাশ দেখিতে দেখিতে সকলকেই এই আনন্দ উপভোগের জন্ম আহ্বান করিয়া গিয়াছেন। তাঁছার সেই আহ্বান-বাণী শুনিরাই আনি জগতস্থ মাতৃ-সাধক সংযমক্ষম বিবাহিত বুৰক-দিগকে বলিতেছি, মহোদয়গণ ৷ আপনারা তাঁহারই পদানুসরণ করিয়া এই নিৰ্মাণ আনন্দ উপভোগ কৰুন। ইহা হইতে বঞ্চিত থাকা সংযমক্ষম ব্যক্তি-গণের মধ্যে কাহারও কর্ত্তব্য নহে। প্রাচীন কালের বোগী ঋষিরা সহস্র বংসর সাধনা করিয়া যে ব্রহ্মানন্দ উপভোগ করিতেন, আপনারা যদি স্বভাব-সিদ্ধ মাতৃ-ভাবটীকে আশ্রম করিয়া মাত্র একটু কঠোর সংযমের বারা, সেই আনন্দের অন্তর্মপ এই নির্মান আনন্দটী উপভোগ করিতে সমর্থ হয়েন, তবে নমৰ্থ ব্যক্তিগণের ইহা হইতে ৰঞ্চিত থাকা উচিত হয় কি ? সাধক বখন এই

ভাব সাধনার সিদ্ধিলাভ করেন, অগত তথন তাঁহার নিকট পবিত্রমর 'বোধ হয়। এইরূপ সাধকগণের নিকটই এই পৃতিগন্ধময় অসার সংসারাশ্রম তপোবন-তুল্য শস্থমিত হয়। তাঁহারা বে দিকে দৃষ্টিপাত করেন সর্ব্বতেই মাতৃমূর্ত্তি দেখিতে পান। ভীহাদের হ্রদর, মন, অন্তর, বাহির সর্বত্তেই মাতৃসূর্ত্তি বিরাক করে। স্থন্দর বেশ ভূষার সজ্জিতা বোড়শী যুবতী, যাঁহাকে দেখিলে কামুকের চিন্ত-বিকার উপস্থিত হয়, তাঁহার সেই বেশ ভূষা ও রূপ যৌবন দেখিয়া তিনি তাঁহার ভিতর সাক্ষাৎ জগদখার বিকাশ দেখিতে দেখিতে মাতৃভাবে বিভোর হইয়া পড়েন এবং পবিত্র দৃষ্টিতে দর্শনজ্বনিত অপার আনন্দে আপ্লুত হয়েন। এই আনন্দের সহিত বোধ হর জগতের কোন আনন্দেরই তুলনা হইতে পারে না। এই অতুলনীয় আনন্দ উপভোগের ইচ্ছা কি মানব মাত্রেরই জনরে স্বতঃই উদর হর না ? অসাধারণ অধ্যবদার ও সংযমশক্তি সহারে প্রত্যেক মানবই ইহা লাভ করিতে সমর্থ হইতে পারেন। যদি ইহা মানব মাত্রেরই লোভনীয় হয়, তবে প্রত্যেক সংযমকম ব্যক্তিগণ স্বীয় ইচ্ছা-শক্তি প্রসার করিয়া এ পথে অগ্রসর হইতে সচেষ্ট হউন। এ স্থলে হয় ত কেই প্রশ্ন উত্থাপন করিতে পারেন, যদি কোন সংযমক্ষম বিবাহিত পুরুষের স্ত্রী বিষ্ণার্মপিণী না হয়েন, তবে তিনি ত এ সাধনায় সর্ব্বাঙ্গস্থনার সিদিলাতে সমর্থ হইতে পারিবেন না। তাঁহার উত্তরে আমার বলিবার এই:--অনেক স্থলেও দেখিতে পাওয়া যায়, যদি কেই ভগবৎ পথে গমন করিতে ইচ্ছুক হয়েন, আর প্রথমতঃ তাঁহার স্ত্রী তাঁহার সে পথের বিরোধী হন, তিনি যদি তাহা গ্রাছ না করিয়া নিজ অভীষ্ট পথে অগ্রদর হন, তবে তাঁহার স্ত্রী ক্রমে তাঁহার ছারাসুসরণ করিয়া থাকেন। এই সমূহ প্রত্যক্ষ দৃষ্টির উপর বিশ্বাস রাখিয়া অবিক্তা-হত্তে পতিত সংঘৰক্ষ ব্যক্তিগণ কিছুদিন ধরিয়া তাঁহাদের জারারূপিট সা आनम्बद्दी विशंदक मञ्भातम वात्तव महिल निम अलीहेशाल गरेएल हेन्द्रा ক্রেন, তবে বোধ হয় তাঁহারা অচিবে সংযমপথে অগ্রসর হইয়া প্রক্রত কগজননী স্থানীর হইতে পারিবেন। যে দিন তাঁহারা জগতত্ব মহয়, পশু, কীট, পতক প্রস্তুতি যাবতীয় জীবকে সম্ভানরূপে ভাবিতে সম্থ হইবেন, সেই দিনই তাঁহারা প্রকৃত বরূপত্ব প্রাপ্ত হইবেন। ইহা বারা তাঁহারাও যে নির্দাণ স্মানক উপভোগ করিবেন, তাহাও ঠিক ব্রহ্মাননের অহুরূপ ও তাহাপেকা কোন অংশে ন্যুন নহে। প্রতরাং কিচ্ছিনের অন্ত সৎ উপদেশ দানের সহিত জায়ার্রপিণী মা আনন্দম্মী-দিগকে যদি নিজের মাতৃভাব সাধনায় সর্বাচ্ছস্কর সিদ্ধি লাভে সমর্থ করিয়া সইতে পারা বার এবং মা আনন্দময়ীদিগকেও নির্মাণ স্থায়ী আনন্দের মধ্যে রাখিয়া অগজননী স্থানীয় করিতে পারা যায়, তাহা হইলে কি সংঘনক্ষম বিবাহিত ব্ৰক্পণের ইছা অবলয়ন করা উচিত নহে 📍

> জগজননীর কুপাপ্রার্থী জনৈক হতভাগ্য প্রবন।

#### শ্রী শ্রী রামকৃষ্ণ শ্রীচরণ ভরগা।

क्य शक्तात्व !!

# তত্ত্ব-মঞ্জরী

উনবিংশ বর্ষ, চতুর্থ সংখ্যা। শ্রাবণ, সন ১৩২২ সাল।

#### প্রীব্রামকৃষ্ণ-শুব।

নম নম রামক্বঞ্চ পূর্ণ ব্রহ্ম অবতার
তুমি জগতের নাথ তুমি জগতের সার
মানব রূপেতে এলে
কত লীলা প্রকাশিলে
জানাইলে ধর্মাধর্ম জানহীন মানবে
এথনো ধর্মের জর প্রচারিত এ ভবে ॥

কি শান্ত মহান মূর্ত্তি ধরেছ জগৎ স্বামী

একি লীলা দেথাইতে এসেচ জগতে তুমি

একি হেরি সব তুমি

জল ব্যোম স্থল ভূমি

পূর্ণকায় রামকৃষ্ণ বিরাট মুম্বতি ধরি.
একি লীলা দেথাইছ লীলামন্ন ওগো হরিঃ

করণার মাথা প্রাণ সরার হুদর ভরা দীনের নরনে অশ্র দেখে নিজে আত্মহারা সম বেদনার প্রাণ অশ্ৰ দেৰ প্ৰতিদান দরিজের হুঃখ হেরি দিতে নিজ প্রাণ ঢেলে এমন হাদম কার আছে এ অবনীতলে ?

শাধনার সিদ্ধি লাভ করিলে হে মহা ধ্রী সাধক প্রাণে ত সিদ্ধি দিলেন মা নিজে আদি

कान कान निशहित দিলে পরে প্রাণ ঢেলে কামনা বাসনা আদি দিলে সব বিসর্জন व्यनातात्त्र गर्छ भीत यहा नाथनात धन ॥

জর জর মহাপ্রভু ত্রিলোক ঈশ্বর ভূমি তব আগমনে ধর হরেছে ভারত ভূমি পৃথিবী চরণ তব

क्षप्राय भविषा स्मव গৰ্ক ভৱা ক্ৰক্তেড ডাকিডেছে পুন: হাৰ 'আৰার কি পরমেশ আসিবে গো এ ধরার 🏲

বধন আবার পৃথি হবে পাপে কলুষিত পলাইবে ধর্ম বৃত্তি মহা ভরে হলে ভীড তখন কি দেবতার হবে পুনঃ অবতার আৰায় কি সে চয়ণ, পরশ করিবে ভূমি আৰাহ কি ধকা হৰ সে পছ প্ৰশে আমি ? শিধাইলে ধর্মজ্ঞান, দিলে প্রাণ দান প্রভু

কেহ কি সে দেববাণী বিশারণ হবে কভূ বে ভনেছে সেই বাৰী যে পুজেছে পা ছ্থানি

কি পুণ্য তাদের আহা কে বলিতে পারে সার্থক জনম--তার বক্ত এ সংসারে ৪

দেখাইলে দেব তুমি পাপ কিবা ভয়ক্ত मुक्ष करत रक्ष औरव--ए बिएंड कि मरनाहत्र

তাই প্ৰভূ ৰুঝাইলে, পাপে প্রাণ সমর্পিলে-নষ্ট ইহ পরকাল, তাই বলি বৎসগণ পাপের—চরণ তলে দঁপিও না আগমন।

কত পাপী দাধু হল অমিক সে বাণী ভণে পাপ রাশী পলাইল তোমারে দেবতা জেনে

হে দেব ত্রিদিবেশ্বর আশীর্কাদ নিরস্তর---

করিতেছ মহাভাগ উর্জাকাশ হতে হায়-মহা আশীর্মাদ শ্রোত বহিতেছে এ ধরার।

হে প্রবর্তা তব ছারে তোমার সন্তান আজি এনেছে সাজারে অর্থ্য এনেছে কুস্থমরাজি

. ভক্তি অর্থা অশ্রেধারা সচন্দ্ৰন প্ৰদ্ৰা মালা এনেছে তোমার পদে দিতে দেব উপহার क्द रुष् व्यानीसीम व्यानीसीम याज गाउ॥

> ইচরণাশ্রিতা--সেবিকা শ্ৰীৰতী প্ৰভাৱতী কেৱী

#### ककी व।

স্থার স্থপন যার ভেঙ্গেছে, সে আসে ফকীরের ঘরে। ফকীরী নয়কো তারি, মন নহে যার আপন করে।

গিরিশক্তে।

রূপ, রুম, গন্ধ, স্পর্শ ও শব্দ এই পঞ্চেন্ত্রিয়ের সুথ প্রত্যাশার জলাঞ্জলি দিয়া যে প্রেমিকপ্রবর পরম প্রেমময়ের প্রেমস্থাপানে বিভোর হইয়া কেবলমাত্র তাঁহারই ঐচরণোদেশে জগৎ ভূৰিয়া যায়, সেই ফকীর। যে মহান তেজস্বী বীর-হাদয় করামনকবৎ স্বীয় মনত্রপ পরম ইন্দ্রিয় রত্নকে করায়ত্ব করিয়া সমস্ত পৃথিবীকে একদিকে রাখিয়া, এীপ্রীও ফুণাদপন্ম মন্তকে ধারণ করত: মাজে: ব্লবে দিকদিগন্ত কম্পিত করিয়া স্বয়ং ভগবং প্রাদন্ত অভয় লাভান্তে প্রেমে মগ্ন হইনা জগতের সকলকে সেই প্রেমে মগ্ন রাখিতে ও অভর দান করিতে প্রস্তুত হয় এবং আপনার আমিছকে প্রেমমরের শ্রীশ্রীচরণকমলে জীণনের মত সঁপিয়া দেয়, সেই ফকীর। চকোর যেমন চক্রস্থা ব্যতীত পান করে না, শিশু বেমন মা ব্যতীত কিছু জানেনা, সতীয় বেমন পতি ব্যতীত জগৎ অন্ধকারময় জীবন শুক্ত, ফকীর ঠিক তেমনই কিন্বা ততোধিক, এঞ্জীজগৎগুরু বিশ্ববিজয়ী প্রেমে দেওয়ানা হটরা আপনা ভূলিরা তাঁহাতেই বিকাইরা যায় এবং প্রেমমের প্রেমপীযুষ পানে অমর ও তৃপ্ত হয়। প্রেমের পুতলী গুৰ, প্রহলাদ ত্রিলোকবাপী প্রেমে মগ্ন হইয়া, সিংহ, শার্দ্ধুল, অনল, গরল, শক্রুমিত প্রভৃতি জগতের नकनरकरे रामन त्थाममत्र रार्थ श्रार्थ श्रार्थ श्रार्थ श्रान्त काना 'মিটাইরা ফকীরের পরম আদর্শ স্থাপন করিরাছেন এবং ভারতমাতাও সেই আদর্শে জগতের জন্ত কত শত ভগবৎ প্রেমিক ফকীর সন্তান প্রদেব করিয়া জগতের সকলকে আশনার ক্রোড়ে আশ্রয় দিভেছেন্ এবং অনস্তকাল আশ্রয় দিবার জন্য আহ্বান করিতেছেন। রত্নগর্ভা ভারতমাতাই বৃদ্ধি অবতারগণের জন্মদাত্রী, বুঝি পুণাভূমি ভারতবর্ষে জন্মগ্রহণ না করিলে গুদ্ধাভক্তি ও পরমাগতি শাভ হয় না, বুঝি তারতের ভগবৎপদরত না ৰাখিলে মানুষ দেবতা হয় না.

ব্ঝি এমন প্রেমের পবিত্র ৰাতাস আর কোথাও বছেনা, নচেৎ জগভের নরাধীপগণ্
সকল ঐশ্বর্যা ঐশ্বর্যাবান্ হইরাও আমার ভারতমাতার ঐচরণ্যুলীর অন্য
লালায়িত কেন ? নিশ্চয়—নিশ্চর ব্ঝিরাছি—ভক্তি ও মুক্তির জান্য। এ রক্ত্র
আর কোথাও নাই,—এ রক্ত দক্ষ্য চোরের অধিকার বহিতৃতি—কিন্ত মা আমার রালা কলে ভূলাইয়া দেন, মার অসীম ঐশ্বর্যা জীব আসল ভূলিয়া বার, বুকি
এমন ঐশ্বর্যাও আর কোথাও নাই, তাই বলিরাছি মা আমার রক্ত্রগভা, মা আমার
সর্বত্যাগী ফকীরের রাণী-অরপূর্ণা মা আমার, তাই মারের ছেলে ফকীরা—

পরিহিত সিতবেশং দীন ভাবৈক মৃর্ডিং
বিকশিতকমলাভাং হাত্তমাধূর্যাপুর্তিং।
দলিত-ছরিতকুলং বিশ্ব সংব্যাপ্ত কীর্তিং
সততসদয়চিত্তং রামক্রকং নমানি।
নিধিলজনহিতার্থং তাক্তবৈকুন্ঠ বাসং
ধৃতনবনরদেহং দিরাভাতিপ্রকাশং।
বিজীতবিষয়চেটাং হৃঃখসৌথোনিরাশং
বিভুবনজনপুজাং রামক্রকং নমানি॥

ভাই, অন্নপূর্ণার সন্তান হইয়া সকল ক্ষেত্র, সকল বেষ, মকল সাথি ভূলিরা ফকীরের সপ্তান, ঠিক ঠিক ফকীর হইয়া জগদ্মাভার অনস্ত প্রেমভাঙার হুই হস্তে বিতরণ কর, দেবত্ব লাভ কর; কাহাকেও এ প্রেমধনে বঞ্চিত করিও না, এ প্রেমভাঙার অক্ষর অসীম, এ প্রেমের তরক্তে জগৎ ভাসিয়া যাইবে। আর এস হিল্লোলে যাবতীর পায়ও লগিত হইবে—ক্রন্ধাও তলাইয়া যাইবে। আর এস ভাই এস, সজলনমনে আমাদের প্রাণের প্রাণ, জীবনসর্বাহ্ণ, অনাথনাথ, কালালশরণ পতিতপাবনের প্রীচরণক্ষল বক্ষে চাপিয়া ধরিয়া প্রার্থনা করি, বহু নাথ, নিজগুণে আপনার প্রীচরণে একনিঠ শুদ্ধাভক্তি লাও প্রভূ! আমরা তোমা বই যেন আর কিছু জানি না। মঙ্গলমর! শরণাগতি ব্যতীত আর প্রামাদের গতি নাই, প্রীচরণে আপ্রমাণও দীননাথ! তোমার বড় আপনার, গ্রই বাছ স্বরূপ মহাত্মা প্রীপ্রীরামচন্ত্র ও প্রীপ্রান্থী বিবেকানন্দ মহাত্মান্ত বড় কুপা ক্রিয়া চিনাইয়া ও জানাইয়া দিয়াছেন,—তুমি ব্যতীত আমাদের আর গতি নাই, তোমারই ইছরা পূর্ণ হউক মা আমার।"

শমেব মাতা চ পিতা শমেব, ওমেব বন্ধুশ্চঃ সথা জমেব। অমেব বিভা জবিশং অমেব, অমেব সর্বাং মম দেব দেব ॥ "কালাল।"

### শুপাবতার শ্রীবীরামক্ষণের ও হিদ্দুশাস্ত্র। অবতার-তত্ত্ব। (পূর্ব-প্রকাশিত ২২ পৃষ্ঠার পর।)

একদিন রাণী রাসমণি দক্ষিণেশ্বরে শ্রীশ্রীক্ষগন্মাতার সন্মুখে বসিয়া আছিক পূজা করিতে করিতে একটা মোকদমার ফলাফলের বিষর ভাবিতেছিলেন। ঠাকুর রাণীর নিকটেই বসিয়াছিলেন। তিনি রাণীর এরপ অন্যমনত্ব ধ্যানের বিষয় জানিয়া 'এখানেও ঐ চিস্তা' বলিয়া রাণীয় পূর্চে কয়াঘাত করিয়াছিলেন। তাহাতে ভক্তিমতী রাণী, নিজ অপরাধ শ্বরণ করিয়া যেমন অমৃতপ্ত হইলেন, তেমনই ঠাকুর, তাঁহার মনের কথা ক্রিয়ণে জানিতে পারিলেন ভাবিয়া অধিকতর আশ্চর্ণাধিত হইলেন।

কামিনীকাঞ্চন ঈশ্বর সাধন পথের প্রধান অন্তরার। জীবকে ইহা শিক্ষা দেওরার নিমিত্ত ঠাকুর উহাদিগকে কারমনোবাক্যে যতদূর পরিবর্জন করিতে হয় করিয়া বৈরাগ্যের পরম পরাকাষ্ঠা প্রদর্শন করিয়া গিয়াছেন।

শন্ধীনারারণ নামক জনৈক মাড়োয়ারি ভক্ত, সাঁধু শান্তদিগের বার নির্কাহার্থ, ঠাকুরের নামে দশ হাজার টাকার কোম্পানীর কাগজ লিখিয়া দিতে চাহিয়া ছিলেন। ঠাকুর অকপট চিডে বলিয়াছিলেন, "আমার টাকার কোনও আবশুক নাই'।" লন্ধীনারারণ নানারপ জিদ করার পরও ঠাকুর ফখন কিছুতেই স্বীকৃত হইলেন না, তখন শন্ধীনারারণ এক নৃতন উপায় উত্তাবন করিয়া বিশিলেন, "আছো, আপনার ভাগিনা জ্বানের নামে নিথিয়া দিলে কোন

ক্ষতি হইবে না।" ঠাকুর কহিলেন, "ভাহাকে বেনামী বলে। ইহা অংশকা গুরুতর কপটতা আর কি হইতে পারে ? আমি নাধু সাজিয়া জগতে কাঞ্ন ত্যাগী বলিয়া প্রকৃটিত হইলাম, কিন্তু ভিতরে ভিতরে আমার টাকা বেনামী ক্রিয়া রাখিলাম, ইচ্ছামত আমি তাহা খরচ করিব। তুমি পণ্ডিত হইয়া আমাকে এইরপ ম্বণিত কার্য্যের পরামর্শ দিতেছ, কেবল পরামর্শ নছে-প্রলোভন দেখাইতেছ ° তোমায় জ্বোড়হাত করিরা মিনতি করিতেছি, এমন কথা **আর** বলিওনা।" লক্ষ্মীনারায়ণ তাহাতেও না শুনিয়া নিতাত জিদ করায়, ঠাতুর সিংহনাদে উর্দ্ধ দৃষ্টি করিয়া বাছ উত্তোলন পূর্বক বলিলেন—"মা! এরপ হীন বুদ্ধির লোক আনিরা কেন আনায় যন্ত্রণা দাও। যাহারা ডোমার পাদপন্ত হইতে পরিভ্রষ্ট করিতে চাহে, যাহারা ভোমার স্থানচ্যুত করিয়া ছার কাঞ্চন বসাইতে চাহে, ভাহাদিগকে এখনই দূর করিয়া দাও। যেন ভাহাদিগকে আর আমায় দেখিতে না হয়।" লন্ধীনারায়ণ এতক্ষণে ঠাকুরের চরণ তলে পতিত হইয়া অপরাধ মার্জ্জনা করিবার নিমিত্ত রোদন করিতে লাগিলেন।

রাণী রাসমণির জামাতা মথুরামোহন বিখাস, পঞ্চাশ হাজার টাকার কোম্পানির কাগজ ঠাকুরের নামে দিতে চাহিলে, তাহাও ঠাকুর এইরূপে প্রত্যাখ্যান করিয়া বলেন, 'আর কথনও এমন কথা বলিওনা।'

অধিক কি, কোন ধাতুদ্রব্য ঠাকুর স্পর্শ করিলে, ঠাকুরের হাত বাঁকিয়া যাইত। কামিনী সম্বন্ধেও, জগতের সমস্ত স্ত্রীলোকগণকে জগৎ জননী আত্মাশক্তির অংশ বিবেচনা করিয়া, মাতৃ সম্বোধন করিতেন। এমন কি, নিজে বিবাহিতা ন্ত্রীকেও ঐরূপ আভাশক্তির অংশ বিবেচনা করিয়া, কায়মনোবাক্যে কথনও প্রহণ্ না করিয়া কলহারিশী কালিকা পূজার দিন. এত্রীমাকে (ঠাকুরের বিবাহিতা 🚮) ৺বোড়নী পূজা করিয়াছিলেন।

ঠাকুর প্রথমত: শক্তি<sup>,</sup> উপাসক হইয়া কালী সাধনা করিয়াছিলেন। তিনি তমাদি মতে যত প্রকার সাধন আছে, সমুদর সাধনগুলিতে সিদ্ধ হইয়াছিলেন। তিনি নেটা ভোভাপুরী নামক সাধুর দারা দীক্ষিত হইয়া নির্ব্বিকর সমাধিকাজের जब ध्यव्रेष्ठ इन धवर तारे गांधान किनि किन मिवाम कुळकार्या इन । य क्रांगांशा নির্দ্দিকর সমাধিলাভের নিমিন্ত শ্রীমৎ তোতা চুম্নারিশ বৎসর অতিবাহিত করিয়া-ছिलन, तारे नमाधि ठीकूत जिन मिनता नम्पूर्व कतित्रा किनितन। देशांक

বারপরনাই আশ্চর্যাধিত হইয়া ইহার কারণ বাহিন্ন করিবার নিমিত্ত ভোতাপুরী এগার মাস দক্ষিণেশ্বরে থাকিয়া, ঠাকুরকে ইয়তা করিতে না পারিয়া প্রস্থান করেন। বলা বাছলা বীমৎ তোতা তিন দিবসের বেশী কোথাও থাকিতেন না. এইব্লপ তাঁহার নিরম ছিল। জটাধারী নামক জনৈক সাধকের নিকট ঠাকুর "রাম মত্রে' দীক্ষা লাভ করেন। বৈশ্ব তছ্রোক্ত পঞ্চ ভাবাশ্রিক যতপ্রকার শাধনপথ ভারতে প্রবর্ত্তিত আছে, সকলগুলিতেই বথাবিধি অম্বর্চানে সিদ্ধ হুইয়াছিলেন। এইরূপে ভারতে প্রচশিত প্রাচীন সমুদর ধর্মভাব সাধনের প্রক্রিরাত্বসারে গমন করিয়া রামাৎ, নিমাৎ, বৌদ্ধ, নানকপন্থী প্রভৃতি সম্প্রদায় বিশেষও ভিনদিন করিয়া সাধন করিয়াছিলেন। অত্যাশ্চর্য্যের বিষয় এই যে, ভিন্দিন অতীত হুইবামাত্র আর এক সম্প্রদাবের একজন সিদ্ধপুরুষ আসিয়া অমনি উপস্থিত হইতেন। এইরূপে হিন্দু মতের প্রকাশ্র ও অপ্রকাশ্র ধনামত-গুলির নিদান নিরূপণানস্তর তিনি মহম্মণীয় ধর্মে দীক্ষিত হইতে ইচ্ছা করেন। অমনি গোবিদ্দ দাস নামক জনৈক ব্যক্তি সহসা তাঁহার নিক্ট স্মাগত হইয়া ষ্টাহাকে মুসলমান ধর্মো দীক্ষা প্রদান করিলেন। এই সাধনায়ও তিন দিবসের অধিক প্রয়োজন হর নাই। পরে শ্রীশ্রীঈশা প্রবর্তিত গ্রীষ্টধর্মের দিকে দৃষ্টিপাত করিলেন। তাহাও উক্তরূপে তিন দিবসে সম্পন্ন করিয়াছিলেন।

এইরপে সর্ব্ব মতের সাধনে সিদ্ধিলাভ করিয়া ঠাকুরের দৃঢ় ধারণা হইয়াছিল, লর্ম ধর্ম সত্য—যত যত তত পথ মাত্র। কারণ, সকল প্রকার ধর্মমতের সাধনার অগ্রসর হইরা তিনি উহাদিগের প্রত্যেক্তের যথার্থ ফল জীবনে প্রত্যক্ষ করিয়াছিলেন। ভগবান্ শীলীরামক্তফালেব উহা অর্থাৎ সর্ব্ব-ধর্ম-সমন্বন্ধ বাণী প্রচারপ্রক পৃথিবীর ধর্ম বিরোধ ও ধর্মমানি নিবারণের জক্তই যে আগমন করিয়াছিলেন এবং সেই হেতুই লোক শিক্ষার্ম জন্য যে সকল প্রকার ধর্ম মতের সাধনা করিয়াছিলেন, এ কথা স্পষ্টই বৃঝিতে পারা যাইতেছে। এইর্মপ নিজেলাধনা করিয়া জীবের উপলন্ধি করানই অবভারগণের কার্য্য এবং এই জন্তই উহাহাদের আগ্রমন।

আপনি ঞ্রিক্সফ যদি করেন অবতার। আপনে আচরি ভক্তি করেন প্রচার। নানা ভক্ত ভাবে করেন স্বমাধুর্ব্য পান। পূর্বে করিয়াছি এই সিদ্ধান্ত ব্যাখ্যান। অবভারগণের ভক্তভাবে অধিকার। ভক্তভাব হৈতে অধিক হুখ নাহি আর॥ ( চৈ: চ: )

অনেকে বলিতে পারেন, খ্রীভগবান খ্রীরামক্লঞ্চ দেহাবলম্বনে ভক্ত ভাষেই বদি অবতীর্ণ হইয়াছিল্পেন, তবে তাঁহার সাধকোপদেষ্টার আবশুক হইয়াছিল কেন 🔋 তিনি লোকশিকামবোধে নিজেই ত ধর্ম মত সকল সাধনা করিতে পারিতেন ? এই কথার উত্তরে বলিতে পাবা যায়.

> जिर्गाच्यस्याविव्धानियु कीवरयानि-স্বান্মেচ্ছয়াত্মকত সেতৃপরীপদা যঃ। রেমে নিরস্তবিষয়োহপ্যবরুদ্ধ দেছ-স্তব্যৈ নমো ভগৰতে পুৰুষোভ্যায় ॥

> > ( ভা: ৩র হন, ১৭ আঃ, ১৯শ সোঃ )

তোমাতে বিষয়-মুখ-দশ্বদ্ধ আদি নাই, তথাপি তুমি স্বীয় আনন্দ অমুভৰ নিষিত্ত নিজ ইচ্ছামত তিৰ্য্যক, মহুষ্য ও দেবাদি জীব যোনিতে শরীর গ্রহণ করিয়া নিজ ক্বত ধর্মমর্য্যাদা পালন কামনায় ক্রীড়া করিয়া থাক। এই জন্ম তোমাতে উপাধি ও ধর্ম ইত্যাদি সংস্পর্ন নাই বলিয়া, তুমি পুরুষোত্তম, তোমাকে নমস্বার করি।

ঠাকুর ভক্তগণের সহিত অবতারবাদ কথন প্রসলে, এই কথাট সহজ-ভাবে বলিতেন। যদি বল, যার কুধা, তৃষ্ণা, রোগ, শোক এই সব অনেক জীবের ধর্ম আছে, তাহাকে অবতার কিরুপে বলিব ? তার উত্তর এই যে, "পঞ্জুতের ফাঁদে, ব্রহা প'ড়ে কাঁনে।" অতএব, এভিগবান্ মহুন্ত স্থিতে অবতীর্ণ হইলে, তাঁহাকেও মানবদেহের ধর্মমর্যাদা পালন করিতে হইবে। শুরুপদিষ্ট হওয়াও যে মানৰ দেহের একটা ধর্ম, তাহাও আমরা শ্বত:ই বুঝিতে পারি। এই ধর্ম রক্ষার জন্ত শ্রীগোরালদেব, শ্রীমৎ কেশব ভারতীর निक्छ **मौक्कि रहेबाছिलान। এই धर्य द्रकाद बना** औक्क मान्नौशान नामक मूनित्क अञ्चलाम वद्मन कविद्याहित्यन अवः अहे धर्म क्रकांत्र अना বীরাষ্চল, মহর্ষি বশিষ্ঠের নিক্ট শিশুছ স্বীকার করিরাছিলেন। স্বতরাং

ঠাকুরও এই ধর্মমর্যাদা রক্ষার জন্যই যথন যে ধর্মমতে স্বাধনা করিতে মানস করিয়াছিলেন, তথন সেই ধর্ম্মতের একজন বিশিষ্ট সাধক কর্তৃক যে উপদিষ্ট হইরাছিলেন, তাহাতে আর কোনও সন্দেহ নাই। আরও প্রমাণিত হইতেছে যে, ঠাকুর মানব দেহাবলঘনে রোগ, শোকাদি স্বাভাবিক মহুদ্যের ন্যায় যে কিছু কার্য্য করিতেন, তাহা কেবলমাত্র নিজ কৃত দেহীর ধর্ম্মর্য্যাদা পালনের নিমিত্তই করিতেন। ঠাকুরের দেহ ত্যাগও যে এই ধর্মমর্যাদ। রক্ষার নিমিত্ত অফুষ্টিত হইয়াছিল, তদ্বিয়ে সন্দেহ নাই। কেহ কেহ শ্রীচৈতন্যদেবের এই দেহ ত্যাগের কোনও সন্ধান পাওয়া যায় না বলিয়া, মহাপ্রভুর সহিত ঠাকুরকে जूनना क्विटिं ठाट्न ना। किन्ह धरे अम्लक मन्नट्टि कान कावन नारे। ষে হেতু শ্রীভগৰানের নিয়মই এই যে, উৎপত্তিশীল ব্যক্তি বা বস্তু মাত্রেরই বিনাশ অবশ্রস্তাবী এবং এই হেতু পূর্ণাবতার পূর্ণব্রহ্ম শ্রীক্লফণ্ড ব্যাধ কর্তৃক শরবিদ্ধ হইরা স্বেচ্ছায় পার্থিব দেহ ত্যাগ করিয়াছিলেন এবং শ্রীরামচক্রও স্বেচ্ছায় সরযুতে মানবদেহ বিসর্জন দিয়াছিলেন। অতএব, এমত হুলে মহাপ্রভু যে পার্থিব, নশ্বর মানব দেহ ত্যাগ না করিয়া স্বশরীরে স্বধানে প্রস্থান করিয়াছিলেন, তাহা কিরুপে বলা যাইতে পারিবে ? সম্ভবতঃ প্রীশ্রীমহাপ্রভুর মহাত্মা ভক্তগণের ভক্তির আতিশয্যেই তাঁহার দেহাবসান গীগা বৰ্ণিত হয় নাই।

শ্রীশ্রীঠাকুর ইচ্ছা ও স্পর্শ মাত্র অপরে ধর্মশক্তি জাগ্রত করিয়া দিতেন। সে সম্বন্ধে ভূরি ভূরি দৃষ্টান্ত রহিয়াছে।

ঠাকুরের এই সকল অলোকিকন্ব দর্শনেই তাঁহাকে ঈশ্বরাবতার বলা যাইতে পারে। যে যুগে যে কালে ভগবান্ অবতীর্ণ হয়েন, সেই কালের দেহীগণের ক্ষমতাতিরিক্ত কার্য্য দ্বারাই অলোকিকন্ব প্রতীয়মান হয়। ত্রেতা যুগে মারীচ ও তাড়কাদি রাক্ষস নিধন এবং সমুক্ত বন্ধনাদি দ্বারাই শ্রীরামচক্রের অলোকিকত্ব প্রতিপন্ন হইয়াছিল। দ্বাপর মুগে পূতনা ও কুবলয় পীড়াদি বধ এবং গোবর্ধন-ধারণাদি দ্বারাই ভগবান্ শ্রীক্তফের অলোকিক শক্তির পরিচন্ন পাওমা গিয়াছিল। কিন্তু বর্ত্তমানকালে তাড়কা অথবা প্তনাও নাই এবং সে জন্য শ্রীভগবানের তক্রপ দেহ ধারণ করিয়া তাহাদিগকে নিধন অথবা সমুদ্র বন্ধন ও গিরি উত্তোলনাদি দ্বারা অলোকিক শক্তির পরিচন্ন দিবারও আবশ্রকতা নাই।

কলির মানবগণ সহজেই হর্মল, অল্লায়ু, অন্নগত প্রাণ, সাধন ভজনেও অবিশস্তচিত্ত। স্থতরাং যুগোচিত দেহ ধারণপূর্বক মানবগণকে সহজে মুক্তির পথে লইয়া যাওরাই ঐভিগবানের অবতরণের উদ্দেশ্য। চারিশত বর্ষ পূর্বে এই জন্মই প্রীভগবানের প্রীপ্রীগোরাদাবতার। পুনরায় এই জন্মই প্রীপ্রীরামক্রফা-বতার। শ্রীভগবানের এই গৌরাঙ্গাবতারে ও রামকৃষ্ণাবতারে কার্য্য, কারণ ও উদ্দেশ্ত অন্ন বিভিন্ন হইলেও প্রায় একরূপ। গৌরা**দাবতারে মহাপ্রভু** দিখিজয়ী, দার্বভৌম ভট্টাচার্য্য ও প্রকাশানন্দ দরশ্বতীকে বিচারবৃদ্ধিবলে পরাজিত করিয়া শ্রীপাদপদ্মে স্থান দিয়াছিলেন। রামকৃষ্ণাবতারে বৈদান্তিক পণ্ডিত পত্মলোচন, গৌরীকাস্ত তর্কভূষণ, প্রীয়ত উৎসবানন্দ গোস্বামীর পুত্র পণ্ডিত বৈষ্ণবচরণ, দয়ানন্দ সরস্বতী ও নারায়ণ শাস্ত্রী প্রভৃতি তাৎকালিক প্রসিদ্ধ প্রসিদ্ধ শাস্ত্রজ্ঞসাধক পণ্ডিতগণ বিনা তর্ক বিচারে নিরক্ষর ঠাকুরের আক্বতি প্রকৃতি দর্শনে, তাঁহাকে নারায়ণাবতার জ্ঞানে চিরদিনের জন্য ঠাকুরের ত্রীপাদপত্ত্বে আত্মসমর্পণ করিয়াছিলেন। ত্রীত্রীগোরাঙ্গাবতারে, মহাপ্রভু সার্ব-ভৌম ভট্টাচার্য্যকে যড়তুক মূর্ত্তি ও মুরারি গুপ্তকে রামচন্দ্র বেশে রূপা করিয়াছিলেন। শ্রীশ্রীরামক্বফাবতারে ঠাকুর মথুরবাবুকে 'শিবশক্তি'ক্রপে ও বৈষ্ণবদাধিকা ব্রাহ্মণী অঘোরমণি দেবীকে 'বালগোপাল' মূর্ভিতে ক্বপা করিয়াছিলেন। এত-দ্বাতীত মহাপ্রভুর শরীরে যে সকল লক্ষণ দৃষ্ট হইত, ঠাকুরের শরীরে তাহার সকলগুলিই বর্ত্তমান ছিল। মহাপ্রভু কলিগুগের পক্ষে নাম সঙ্কীর্ত্তনই সহজ উপায় ব্যবস্থা করিয়াছিলেন এবং নাম মাহাত্ম্য প্রচারের জন্যই মহাপ্রভ অবতীর্ণ হইয়াছিলেন। ঠাকুরও কলিয়ুগের পক্ষে নারদীয়া ভক্তি অর্থাৎ নামগুণ গানই উক্তম উপায় বলিয়া, বারম্বার বলিয়া গিয়াছেন। অধিকস্ক কলির প্রবল তাড়নায় জীবগণ শাস্ত্রবিগর্হিত নিজ নিজ ধর্ম্বের শ্রেষ্ঠত প্রতি-भारत श्रामी हरेना **जना धर्मात है धर्म** मल्लनारत्रत्र जयथा निन्नानाम जानि দ্বারা পরস্পর অধর্ম্বের পরিপুষ্টি করিতেছে দেখিয়া ধর্ম্বের গ্রানি দুরীকরণ মানসে সর্ব্ধ-ধর্ম-সমন্বয়-বাণী প্রচারার্থই ঠাকুর অবতীর্ণ হইয়াছিলেন। তন্ধাতীত ক্রমশঃ কলির অলস মানবর্গণ সাধন ভজনে অনুমূর্থ হইয়া পড়িতেছে দেখিয়া ঠাকুর ব্যবস্থা করেন যে, 'ৰাহারা সাধন ভজন বিহীন, যাহারা ধ্যান ধারণাদি করিতে অপারক, তাহারা আমাকে 'বকল্মা' দিলে আমি তাহাদের ভগবৎ বাভের

ভার গ্রহণ করিব।' এই হেতু আমরা তাঁহাকে জ্রীভগবান বলিতে বাধ্য। কারণ জীবের উদারের ভার, শ্রীভগবান্ ভিন্ন কোন সাধারণ শুকু অথবা সাধক অথবা সিদ্ধ লইতে পারেন না।

সাধারণতঃ একজনকে সকল কার্য্যের সম্পূর্ণ ভার দেওয়ার নাম 'ৰকল্মা।' ইংরাজীতে ইহাকে এক্জিকিউটর বা অছি বলে। 'আমিংটা' একেবারে জ্যাগ করিয়া, তাহা খ্রীভগবানের প্রতি আরোপ করাকে 'বকলমা' বলে। বেমন কোনও ব্যক্তিকে বকল্মা দিলে, সকল বিষয়ে ভাহার মভানুষর্ভী হইয়া চলিতে হয়, নিজের কোন বিষয়ে কর্তৃত্বাভিমান থাকে না, তদ্রূপ খ্রীভগবান্কে ৰক্ষমা দিলে নিজের কোন বিষয়ে বক্ততাভিমান থাকিবে না। শুভাশুভ লাভালাভ, ভাল মন্দ যথন যাহা ঘটিবে, স্বৰ্ধতোভাবে তাঁহার আশ্রন্তে থাকিয়া তাঁহারই ইচ্ছাপ্রস্থত বিবেচনা করিয়া, ধীর, স্থির ভাবে তৎসমুদয় উপভোগ ক্রিতে হইবে। তাহা হইলেই তিনি তাহার মুক্তির ভার লইবেন। নচেৎ ভাবের ঘরে চুরি' অর্থাৎ মনের জুয়াচুরি থাকিলে কোন ফল হইবে না। এই বকল্মার কথা আমাদের হিন্দু শাস্ত্র,— গীতা ও ভাগবডাদিতেও উক্ত আছে।

> সর্বাধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ। অহং বাং সর্বাপাপেভ্যো মোক্ষরিয়ামি মা শুচ: ॥

> > ( গীতা ১৮শ অ: ৬৬শ শ্লোক )

শিমুদর ধর্ম পরিত্যাগ করিয়া একমাত্র আমাকে আত্রর কর, আমি তোমান্ত্র সর্ব্ব পাপ হইতে মুক্ত করিব; শোক করিও না।'

> যেষাং স এষ ভগবান্ দয়য়েদনস্তঃ नकाषानाञ्चिल्यामा यनि निर्वानीकम्। তে হস্তরামতিতরস্থি চ দেবমারাং নৈষাং মমাহমিতি ধীঃ বশুগালভক্ষ্যে॥

> > ( ভा: २व क, १म घा:, ३२म (ज्ञाः )

'বাঁহাদিগের প্রতি ভগবানের করুণা আছে, তাঁহারা অকপটে ও একাগ্রমনে তাঁহার চরণে শরণ শইলে অতি হুস্তর দেব মায়া উত্তীর্ণ হুইতে পারেন। কুরুর ও শুগালগণের আহারভূত এই অনিত্য দেহে আমি ও আমার বলিয়া তাঁহাদিগের আন্ত্ৰ অভিযান থাকে না।'

কেছ কেছ বলিতে পারেন, ভগবান শরণ লইতে বলিয়াছেন, সকল কার্যোশ্ধ ভার দিতে ত বলেন না ? কিন্তু বুঝিয়া দেখিলে স্পষ্টই বোধ, হইবে বৈ, 'শুরুণ ল্ওয়া' ও 'ভার দেওয়া' এই চুইটা শব্দ প্রতিশব্দ মাত্র। মনে কর, একজন নাবালকের বিষয় কর্ম্মোপযুক্ত অভিভাবকের অভাব হইলে, নাবালকটা যদি একজন উপযুক্ত ব্যক্তির শরণ দইয়া তাঁহাকে এক্জিকিউটর বা অছি নিযুক্ত করে, তাহা হইলে সেই অছিকে বিষয় কর্ম্মের সম্পূর্ণ ভার অর্থাৎ ক্ষমতা দিজে হইবে। নাবানকের কোন বিষয়ে স্বাভন্তা থাকিবে না। এইরূপভাবে অছিকু সম্পূর্ণরূপে কর্ত্তবাধীনে থাকিয়া তাঁহারই মতামুবর্তী হইয়া চলিলে, আছিও স্ম্পূর্ণ ভার লইয়া নাবালকের ভভাভভ বিচার করিয়া কার্য্য করিবেন এবং মঙ্গলামন্ত্রের দায়ী হইবেন। আবার, কোন সম্পত্তিশালী ব্যক্তি বথন নানাপ্রকার ঋণজালে জড়িত হইয়া জগৎ অন্ধকার দেখিতে থাকে, কিছুই কুল কিনাবা পার না, তথন সে গভর্ণমেণ্টের আশ্রয় প্রহণ করিলে, গভর্ণমেণ্টও ভাছার সকল সম্পত্তির ভার লইয়া, সকল বিষয়ের অবন্দোবস্ত করিয়া তাহাত . সম্পত্তিকে ঋণ মুক্ত করেন এবং তাহাকে আর্থিক উন্নতির পথে অগ্রসর করাইন্না দেন। ভগবানেরও সেইরূপ একান্ত শরণ লইরা, 'ভাবের ঘরে চুরি' না করিয়া অকপটে তাঁহাকে বকলমা দিলে, তিনিও উদ্ধারের ভার লইবেন ৷ অতএক শ্ৰীকৃষ্ণ অৰ্জুনকে যে শরণ লওয়ার কথা বলিয়া গিয়াছিলেন এবং তদ সমর্থনে শ্রীমন্তাগবতেও বাহা উল্লিখিত হইয়াছে, তাহাই ফখন পুনরায় ভগবান শ্রীরামকুঞ্চদেবের দ্বারা ঘোষিত হইতেছে, তথন তিনি যে শ্রীভগৰান, ইহা স্থনিশ্চিত।

পূর্ব্বে কথিত হইয়াছে, অবতারগণ আলৌকিক কার্য্য করিয়া থাকেন। একংক ঠাকুরের অন্তরন্ধ সাধক ভক্তগণের পদামুসরণ পূর্ব্বক বৎসামান্ত শীলাগুণাবলী বাহা বৰ্ণিত হইল, তদপেকা বৰ্তমান কালে অলৌকিক কাৰ্য্য ভগবান আসিয়া আর কি দেখাইবেন ? এখনকার লোককে গিরি উত্তোলন অথকা সমুদ্র বন্ধন দেখাইবার আবশুক নাই। এখনকার মানবগণের পক্ষে বাহা সম্পাদন হওয়া অসম্ভব, তাহা অনায়াসে সম্পাদিত হইলেই অলৌকিকত্ব প্রতিপন্ন হর এবং ভারা বাঁহার দ্বারা সম্পাদিত হয়, তাঁহাকেই অবতার বলিতে বাধ্য। মধুরবাবুকে শিব-শক্তিরূপে এবং অবোরমণিকে বালগোপাল মুর্ত্তিতে দর্শন দাম কোনও সাধক

অথবা সিদ্ধমানব দারা সম্পন্ন হইতে পারে না। স্কুতরাং তাহা জ্বলৌকিক কার্য্য। তাপুকালিক বৈষ্ণবৃচুরণ, গৌরীকাস্ত প্রভৃতি বৈদান্তিক ও নৈয়ান্ত্রিক প্রানিদ্ধ শান্ত্রজ্ঞ , সাধক পণ্ডিতগণ এবং এভদ্বাতীত আরও অস্থান্ত সাধক, সিদ্ধ ও সাধু বাবাজীগণ কর্ত্তক আকৃতি প্রকৃতি লক্ষণে, যিনি শ্রীভগবান বলিয়া বন্দিত ও পূজিত হইয়াছেন, তাঁহাকে মহয় জ্ঞান করা নিতান্ত মুঢ়তার কার্য্য। এরূপ হওয়া মানব সাধারণের পক্ষে অসম্ভব। অতএব তাহা অলৌকিক। মানবগণের কোনও এক প্রকার সাধন লইয়া আজীবন কাটিয়া যায়, তাহাতে কেহবা সিদ্ধমনোরথ হন, কেহবা তাহাও পারেন না। কিন্তু এমন একটা নহে, হুইটা নহে, পৃথিবাতে যত প্রকার সাধন প্রণালী প্রকাশ্র বা গুপ্তভাবে প্রচলিত আছে. তৎসমুদম্ম তিন দিবস মাত্র সাধনে বিনি সিদ্ধ হইতে পারেন, ভাঁহাকে মানবাখা। দেওরা বাতুলতা ভিন্ন কিছুই নহে। এরপ কার্য্য যথক কোনও সাধারণ মানবের দ্বারা সম্পন্ন হইতে পারে না, তথন তাহা অলৌকিক। যিনি এক প্রকার শিক্ষা বিবর্জিত নিরক্ষর হইরাও সর্ব শাস্ত্রে স্থপতিত ছিলেন, ভধু তাহাই নহে, যাহা বড় বড় শাস্ত্রজ্ঞ দিখিজয়ী পণ্ডিতগণ সর্বতোভাবে মীমাংসা করিয়া সর্বব সাধারণের প্রীতিভাজন হইতে পারেন না; তাহাই অর্থাৎ বেদাস্ত, ন্যায়, দর্শন প্রভৃতি নানাবিধ কঠিন শাস্ত্রের বিবিধ জটিলতাপূর্ণ বিষয়গুলির গুঢ় মর্মার্থ সকল চলিত গ্রাম্য ভাষায় সামান্য সামান্য দৃষ্টান্ত দারা স্থন্দরভাবে সর্বব সাধারণের হৃদয়ে অন্ধিত করিয়া, সকলের চিত্ত বিমোহিত করিয়াছেন ;—তিনি মানব বলিয়া কথনও অভিহিত্ত হুইতে পারেন না। স্নতরাং এরূপ কার্যাও অলৌকিক। ঠাকুর ইচ্ছা ও স্পর্শ মাত্র অপরে ধর্মশক্তি জাগ্রত করিয়া দিতেন এবং তিনি পতিত জীবের উদ্ধারকর্ত্তা। এরূপ কার্য্য যথন শ্রীভগবান ভিন্ন কোনও সাধক অথবা দিদ্ধের শ্বারা সম্পন্ন হইতে পারে না, তথন তাঁহাকে শ্রীভগবান বলিতে বাধ্য। মহুয়োরা সাধু হুইতে পারেন এবং সাধনবিশেষে সিদ্ধাবস্থাও লাভ করিতে পারেন। দিদ্ধ হইলে তাঁহারা অপরকে দিদ্ধাবস্থায় লইয়া যাইতে পারেন। কিন্তু তাঁহারা কখন ভিন্ন ভিন্ন লোকের স্বভাবামুযায়ী ভিন্ন ভিন্ন ধর্মের সাধন দ্বারা সিদ্ধ-কাম করাইতে সক্ষম নছেন। কিন্তু ঠাকুর সাধকের স্বভাবারুযায়ী ধর্মের সাধনে, সহায়তা হারা কাহাকেও বৈষ্ণব, কাহাকেও শাক্ত, কাহাকেও শৈব, কাহাকেও কর্তাভজা, কাহাকেও নবর্ষিক, কাহাকেও বাউল, কাহাকেও শিথ, কাহাকেও

মুদলমান, কাহাকেও এপ্তি এবং কাহাকেও আধুনিক ব্রশ্নজ্ঞানের ভাবে নিমজ্জিত করিয়া রাথিয়া গিয়াছেন। কাহাকেও স্বধর্ম ভ্যাপ করিরা **অস্ত** ধর্মোর আশ্রম গ্রহণ করিষ্ঠে বলেন নাই। এই হেতু এবং পূর্ব্বোক্ত ও অক্স নানাবিধ অলৌকিক কার্য্যাদি দর্শন ও প্রবণ করিয়া সকল ধর্মাবলমীগণ তাঁহাকে শ্রীভগবান জ্ঞানে হৃদয়ের শ্রদ্ধা ও পূঞ্চা অর্পণ করিয়াছেন এবং করিতেছেন। অভিজ্ব ব্যক্তি মাত্রেই স্বীকার করিবেন যে, এ দেশে পাশ্চাত্য শিক্ষা প্রণালী প্রবর্ত্তিত হওয়ার পর হউতে যে সনাতন হিন্দু ধর্মের ভাব মানব মনে ক্রমশঃ স্ফুচিত হইয়া আদিতেছিল, তাহা ঠাকুরের আবির্ভাবের পর হইতে পুনরায় কেমন ধীরে ধীরে বিস্তার লাভ করিতেছে এবং শুধু হিন্দুদের মধ্যে আবদ্ধ না থাকিয়া, ভারতের দকল প্রকার জাতি ও সম্প্রদায়কেও ছাড়াইয়া স্থদূর পাশ্চাত্যদেশে পর্যাস্ত বিস্তৃতিলাভ করিয়া সনাতন ধর্মের গৌরব বুদ্ধি করিতেছে। অতএব শাস্ত্র মুর্মার্থ হইতে অবতারগণের প্রধানতঃ যে দ্বিবিধ লক্ষণ পাওয়া গিয়াছিল, তাহা ভগবান খ্রীরামক্ষণদেবে বিশেষরূপে লক্ষিত হইতেছে।

- ( > ) পরস্পর পরস্থারের ধর্ম্মের নিন্দাবাদ আদি ছারা যথন সনাতন ধর্মের হানি হইতে আরম্ভ হইল এবং তজ্জ্জ্ব অধর্মের আধিক্য হওয়ায়, শ্রীভগবান রামক্তৃক্ষকপ মানবদেহে অবতীর্ণ হট্যা সর্বধর্মের দামঞ্জন্ম ভাব রক্ষার ছারা জीবের মঙ্গলদাধন জন্ত যে দকল অলোকিক কার্য্য সম্পাদন করিয়াছিলেন. তাহা মানবের পক্ষে অসম্ভব জানিয়া এবং শাস্ত্রোক্ত লক্ষণাদি দ্বারা শাস্ত্রজ্ঞ সাধকগণ তাঁহাকে অবতার বলিয়া প্রচারিত করিয়াছিলেন।
- (২) তাঁহার উক্তরূপ অলোকিক কার্য্যাদি দর্শন ও প্রবণ করিয়া ভক্তজনের কথা কি—ভক্তাতিরিক্ত অর্থাৎ জড়বাদী, নাস্তিক, যবন, শ্লেচ্ছাদি পর্য্যস্ত জনগণও এবং এমন কি, আমাদের বিগরীত দিকস্থ ( আমরা ঘাহাকে পাতাল বলি) আমেরিকাবাদী জনগণও তাঁহার প্রতি ভক্তিমান হইয়াছেন এবং অক্সাপি কেবলমাত্র তাঁহার উপদেশাবলী পাঠে অনেকেই তাঁহার অভয়চরণে আশ্রয়লাভ করিয়া চিরশান্তির অধিকারী হইতেছেন!

অতএব, মহাপ্রভু শ্রীশ্রীগোরাঙ্গদেবের জন্মকালীন, বিপ্রবেশী সাধু মহাপ্রভুকে এভগবান নির্দেশে যে সকল গুণাবলী বর্ণনা করিয়াছিলেন, (যাহা পুরে উল্লিখিত হইয়াছে) তাহার দকলগুলিই ঠাকুর শ্রীশ্রীরামক্বকদেবে বর্তমান

দেখিরা, ত্রীগোরাদদেবেরই পুনরাবির্ভাব অবগত হওরা যায়। আরও ভবিশ্বতে আবশুক বিবেচনার, মহাপ্রভু প্রীপচীমাতা ও অন্তরঙ্গ ভক্তগণের নিকট পুনরাবির্ভাব সম্বন্ধে বাহা প্রতিশ্রুত হইরাছিলেন, তাহা রামক্রঞাবতার বারা যে পূর্ণ হইরাছে, ভত্তগর্ক নিঃসন্দেহ হইতে পারা যায়। মহাপ্রভু ভক্তগণকে বলিরাছিলেন,—

বুগে বুগে অনেক অবতার আমার।
সে সকলে সঙ্গী সবে হয়েছ, আমার॥
এইমত আরো আছে হই অবতার।
কীর্ত্তন আননদরূপ হইবে আমার॥
তাহাতেও তুমি সব এইমত রঙ্গে।
কীর্ত্তন করিয়। মহাত্মথে আমা সঙ্গে॥ ( চৈঃ ভাঃ)

শ্রীশচীমাতাকে বলিয়াছিলেন;—

তথাও আমার তুমি আছিলা জননী।
তুমি সেই দেবকী ভোমার পুত্র আমি॥
আর তুই জন্ম এই দকীর্ন্তনারস্কে।
হইব তোমার পুত্র আমি অবিলক্ষে॥
এইমত তুমি আমার মাতা জন্ম জন্মে।
তোমার জামার কভু তাাগ নহে মর্শ্রে॥ ( চৈঃ ডাঃ )

মহাপ্রভূ যে তুইবার অবতীর্ণ হওয়ার কথা বলিয়াছিলেন, তন্মধ্যে রামকৃষ্ণাবতার প্রথম। পুনরায় যে ছিতীয়বার অবতার্ণ হইবেন, তাহা ঠাকুয়ও তাঁহার অস্তরঙ্গ ভক্তগণের নিকট বলিয়াছিলেন, "পুনয়ায় উত্তর পশ্চিম কোণে অবতীর্ণ হইব।" অতএব শাস্ত্রোক্ত কার্যা, কারণ, উদ্দেশ্য এবং লক্ষণাদি বিচার করিয়া দেখিলে, স্পাইই উপলব্ধি হইবে বে, কলিপাবনাবতার প্রীশ্রীরামকৃষ্ণদেব স্বয়ং পূর্ণাবতার পূর্ণব্রক্ষ প্রীশ্রক্ষ অথবা শ্রীপ্রীগোরাঙ্গদেব। ক্রয় রামকৃষ্ণ।

এদ প্রভা, রামকৃষ্ণ হদর রতন। ইষ্টুমূর্জিরূপে মোরে দাও দরশন॥ (ক্রমশঃ)

विश्विश्व नसी।

## আত্মসমর্পণ!

#### প্রথম পরিচেছদ।

#### কালরাত্রি 4

- "নিস্তারিণি, ও নিস্তারিণি--"
- "কি গো"
- \*একবার ওঠ না--"
- "কি কৰ্ত্তে হবে বল না"
- "দ্যাথ দিকিন ক'টা বাজলো"
- "কেন এথনোও কি দাদাবাবু আসেন্ নি ?"
- "না, তুই একবার বাইরে বৈরিয়ে দ্যাথ দিকিন তিনি আসছেন কি না ।"
- এত রাত্রে কোথায় দেখ্বো বাপু, তুমি ঘুমাও আজকে আর তিনি ষ্ঠাসবেন না।''

এই বলিয়া নিস্তারিণি পার্ম পরিবর্তন করিল। চাঁপা তাহার অঙ্গ স্পর্শ করিয়া এই তিনবার ডাকিল, কিন্তু কোন সাড়া পাইল না। সে তথন নিজেই ঘড়ির নিকট গিয়া দেখিল, রাজি ১১টা বাজিয়া গিয়াছে এবং মনে মনে ভাবিতে লাগিল, "তবে কি তিনি আজু আরু আদিবেন না ? কাল স্পুমী পূজা, আজ আফিস স্কুল সমস্তই বন্ধ ছইয়াছে. তিনি ভ আজই আসিবেন বলিয়া লিখিয়া-ছিলেন। প্রতি বৎসরেই ষষ্ঠীর দিনে তিনি বাটী আদেন, এবার আসিলেন লা কেন ? তবে কি তাঁ'র কোন অস্থ হইয়াছে ?" এই চিস্তা তাহার মনের মধ্যে উদর হওয়ায় দে আর স্থিত্র থাকিতে পারিল না। বাহিরে আসিরা সদর দরজা খুলিয়া অনেককণ দাঁড়াইয়া রহিল। চতুর্দ্দিক অককারাচ্ছর, সামূনের লোক পর্যান্ত দেখিতে পাওয়া ঘাইতেছে না। পল্লীগ্রামের রাস্তা এক্ষণে জনমানবশূস্ত-কেবল ঝিল্লির ঝি ঝি রব, শিবাগণের অশিব চীৎকার ও কাল-পেচকের কর্কণ শ্বর রন্ধনীর গভীর নিস্তব্ধতা ভঙ্গ করিতেছিল। কিন্তৎকার্শ শাড়াইবার পর সে একটা খটু খটু শব্দ শুনিতে পাইয়া উদ্গ্রীব চিত্তে অপেক্ষা করিতে লাগিল এবং মনে মনে করিল, "এ বঝি তিনি আসছেন।" ক্রমে শব্দ

নিকটবর্ত্তী হইতে লাগিল এবং সে দেখিল একটা গাভী রাস্তা দিরা চলিরা গেল। সে আরও কিছুক্রণ অপেকা করিরা দরজা বন্ধ করত: হতাশ অস্তরে গুহে প্রত্যাবর্ত্তন পূর্ব্বক ঘড়িতে দেখিল রাত্রি ১২টা বাজিয়া গিয়াছে। তাহার মনে নানাবিধ ত্রশ্চিস্তা আসিতে লাগিল এবং প্রাণে কি রকম একটা যন্ত্রণা বোধ করিতে লাগিল। সে তথন বাক্স হইতে একথানি পত্র বাহির করিয়া পড়িতে লাখিল-একবার, তুইবার, তিনবার পাঠ করিল-তাহার পর পুনরায় বাজে তুলিয়া রাথিয়া নিজে নিজে ৰলিতে লাগিল, "তিনি ত বেশ স্পষ্টই লিখিয়াছেন যে ষষ্ঠীর দিন বাড়ীতে আদিবেন, তবে এলেন না কেন? তা হ'লে নিশ্চয়ই তাঁর অন্নথ হ'রেছে,—যদি তাই হয় তা হ'লে কে তাঁহার সেবা শুশ্রমা করিবে ? বিদেশে কার কাছে তিনি থাকিবেন ?" এইরূপ চিস্তায় সে আর স্থির থাকিতে না পারিয়া জাতু পাতিয়া বসিয়া করবোড়ে বলিতে লাগিল, "মা আনন্দময়ী, তোমার আগমনে গরীব হুংথী আজ সকলেই আনন্দ ক'রছে; এমন আনন্দের দিনে আমায় নিরানন্দ ক'রো না। তিনি স্থভালাভালি বাড়ী আসুন, আমি অষ্ট্ৰমীর দিনে তোমায় ভাব, চিনি দিয়ে পূজা দেবো।" এমন সময় বাহিত্বে ৪।৫ জনের কোলাহল তাহার কর্ণে প্রবেশ করিল—সে তৎক্ষণাৎ নিস্তারিণীকে ডাকিতে লাগিল।

নিভারিণী চকু রগড়াইতে রগড়াইতে উঠিয়া বসিরা বলিল, "হাঁ। গা বউদিদি, তোমার কি চোথে ঘুম নেই ? নিজে ত ঘুমুবে না, পরকেও ঘুমুতে দেবে না ? এক রাত্রে কোথার যাবো—সকাল হোক, কাল যা হর করা যাবে।" নিভারিণীর বাক্য সমাও হইতে না হইতেই দরজার করাঘাতের শব্দ তনিতে পাওরা গেল। তাহা ভনিয়া সে সদর দরজা খুলিয়া যাহা দেখিল, তাহাতে তাহার প্রাণ শিহরিয়া উঠিল। চারিজ্বল পাজীবাহক নীলরতন্কে কোলে করিয়া গৃহে আনিয়া শরন করাইয়া দিল। চাঁপা স্বামীর শব্যাপার্শ্বে আগমনপূর্ব্বক তাঁহাকে সংজ্ঞাহীল অবস্থার দেখিরা গাত্র ম্পূর্ণ করিল এবং দেখিল তাঁহার অভ্যক্ত অব ইইরাছে।

নিস্তারিণী পান্ধীবাহকদিগকে বিদার করিয়া দিয়া গৃহে প্রস্তাাগমনপূর্বক ফহিল, "বৌদিদি, তুমি এখনও ভাত থাউনি, দালানে সমস্তই পড়ে আছে দেখা সুম, যাও থাওগে, আমি দাদাবাবুর কাছে বসছি।"

চাঁপা—না, আমি আৰু কিছু ধাৰনা।

নিন্তারিণী—ওমা, সেকি কথা, কোলের ছেলেটা যে মারা পড়বে। তা এড রাত্রে ভাত থেরে কান্স নেই, যাও কেবল ছধটুকুন খাওগে।

চাঁপা-না, কিছুই থাবো না, তুই ঋগে-

নিস্তারিণী-জরটা বড্ড বেশী হ'রেছে, তাই অজ্ঞান হ'রে পড়েছেন। জর ছাড়দেই কথা কহিবেন এখন। তা যদি তুমি কিছু না থাও, শোওগে— আমি দাদাবাবুর কাছে বমুছি। সমস্ত রাত্রি ত চোখের পাতা বুজোওনি। ঠাপা কোন উত্তর না করিয়া স্বামীর পার্ম্মে বিদিয়া রহিল। তথন তাহার মনে নানা রক্ম ত্রশ্চিস্তা উদ্রেক হইতে লাগিল। সে তাহার স্বামীর মুখের দিকে তাকাইয়া মনে মনে ভাবিতে লাগিল যে, আজ যদি ওঁর কিছু ভাল মন্দ হয়—দে কার কাছে গিরে দাঁড়াইবে ? তাহার পিতৃকুলে বা খণ্ডরকুলে যে কেহই নাই। সে পৃথিবীর মধ্যে এমন কাহাকেও দেখিতে পাইল না যে, তাহার নিজের একলার ভার নিতে পারে, তাহার উপর তার একটী হগ্ধ-পোষ্য শিশু, তাহাকেই বা কে দেখিবে ? দে আবার ভাবিতে লাগিল, "কেন আমি এই সমস্ত অমঙ্গল চিস্তা করিতেছি **?** ঈশ্বর কি এমনই করিবেন ? নিন্তারিণী ত বল্লে যে, জ্বর ছাড়লেই তিনি কথা কহিবেন, তবে কেন আমি তাঁর অমঙ্গল করি !" কিন্তু কিছুতেই তাহার প্রবোধ মানিল না এবং অনতিবিলম্বে তাহার নয়নম্বয় হইতে গওদেশ বহিয়া দর দর ধারে অশ্রুবিগণিত হইতে নাগিল। নিস্কারিণী তাহাকে ক্রন্দন করিতে দেখিয়া সান্তনা করিতে লাগিল, কিন্তু তাহার তন্ত্রা আসিয়াছিল এবং সে শীঘুই গাঢ় নিদ্রাভিভূতা হইল। চাঁপা স্বামীর শ্যাপার্ষে অশান্তিপূর্ণ হলরে একাফিনী বিনিদ্র-রজনী অতিবাহিত করিতে লাগিল।

পাঠক, পাঠিকাগণ! আপনারা সম্ভবতঃ এই দম্পতীর পরিচরের নিমিত্ত উৎস্ক হইয়াছেন, বলিতেছি প্রবণ ক্রুণ:—নীলরতন মুখোপাধ্যায় কামদেব-প্রের একজন মধ্যবিত্ত গৃহন্থ আহাণ। সংসারের মধ্যে তাঁহার উনবিংশতি বর্ষীয়া যুবতী স্ত্রী টাপাস্থন্দরী ও ছুই কংসরের একটা শিশু সন্তান, ছুলাল। কলিকাভার বাউন সাহেবের অফিসে ভিনি ৪০১ টাকার বেতনে একটা কর্ম ক্ষিতেন। পূজার ছুটী হওয়াতে বাটী আসিতেছিলেন, পথিমধ্যে তাঁহার হঠাৎ ব্দর হইল। ষ্টেশনে নামিলে ব্দর এত বৃদ্ধি হইল যে, তিনি উত্থান-শক্তি রহিত হইরা পড়িলেন। ষ্টেশন হইতে তাঁহার বাটা প্রায় এক ক্রোশ হইবে।

অননোপায় দেখিয়া তিনি ষ্টেশনের "বিল্লামাপারে" গিয়া শয়ন করিলেন। ষ্টেশনে কত লোক আদিতেছে ঘাইতেছে, কে কাছার সন্ধান করে ? স্থতরাং নীলরতন যে সংজ্ঞাবিহীন অবস্থায় পড়িয়া রহিলেন, তাহা কাহারও নজরে আসিক না। কিয়ৎকাল পরে একজন সাহেব গাড়ী আসিতে বিলম্ব দেখির। "বিশ্রামাগারে" অপেকা করিতে আসিলে, নীলরতনকে ঐরপ অবস্থায় দেখিতে পাইলেন। তিনি ষ্টেশন মাষ্টারকে ডাকিয়া ভাহার বাটী পৌছিয়া দিবার বন্দোবস্ত করিয়া রেলওয়ে কর্মচারীদিগের মধ্যে একজন নীলরতনকে চিনিত, সে পান্ধী আনাইয়া নীলয়তনকে তন্মধ্যে শয়ন করাইয়া নিজে পান্ধীর সহিত গিয়া-**ছিল এবং দূর হইতে পাক্ষীবাহক দিগকে নীলরতনের বাটা দেখাইয়া দিয়া** টেশনাভিমুখে প্রত্যাগমন করিল। তাঁহার পর যাহা ঘটিয়াছে, তাহা আপনারা অবগত আছেন। ( ক্রমশঃ )

শ্ৰীকিতীশচশ্ৰ ঘোৰ।

# সাদবের প্রেপ্ত হু।

অনক্ষ বিশ্বে মানবই বিশ্বপিতার একমাত্র স্বষ্ট পদার্থ নয়। বছবিধ স্থষ্ট পদার্থের মধ্যে মানব অন্ততম। পশু, পক্ষী তরু লতা ইহাদের সকলেরই প্রাণ আছে। ইহাদের অধিকাংশই মানবের ন্যায় নানাবিধ কার্য্য করিতে সক্ষম। প্রধান প্রভেদ ইহাদের বাক্শক্তি নাই, মানবের আছে। এতদ্ভিন্ন উচ্চতম প্রভেদ-মানবের বিবেক শক্তি আছে, কিন্তু ইহাদের নাই। বিশ্বপিতার এই क्रहें छिथान ७ यहापृतावान नान मरच नानवमां के ए व्यनाम कीवारणका শ্রেষ্ঠ হইবেই, তাহার কোন বিশেষ বিধান নাই। দান সর্ব্বেই দাভার মহিমা প্রচার করে। মহাপ্রাণ দাতার নিকট বিন্দুমাত্রও ইতর বিশেষ হইবার উপায় নাই। তাঁহার পক্ষে সকলেই সমান অধিকারী। কিন্তু অনেক ক্ষেত্রে দেখা যায়, দান গ্রহণকারী দানের প্রকৃত অর্থ হৃদয়ঙ্গম করিতে অসমর্থ হইয়া দানের অপব্যবহার করিয়া থাকে। ইহাতে দাতার মহত্ত্ব বিন্দুমাত্ত্ব কালিমা প্রকাশ 'পায় না, ফিন্তু অপব্যবহারকারী ক্রমণাঃ অবনতির নিমন্তরে অবরোহণ করিতে থাকে।

মানবের বাক্শক্তি আছে কিন্তু শক্তির যথাযথ ব্যবহার না করিলে লাভার

অবমাননা করা হয় ও আপনাকে তাহার প্রক্রুত অধিকারী বলিয়া পরিচয় দিতে মন্তক শ্বত:ই অবনত হয়। অতএব যাহারা শক্তিমান, তাহায়া যদি শক্তির প্রকৃত ব্যবহার না করেন, তাহা হইলে অধিকারী হইলেও কথনই তজ্জ্ঞ উন্নত ও শ্রেষ্ঠ বলিয়া গৌরব অনুভব করিতে সক্ষম হইতে পারেন না। যাহারা এই দানের প্রকৃত সদব্যবহার করিয়া থাকেন, তাঁহারা যথার্থ ই দাতার মহিমা জগতে খোষণা করিয়া থাকেন; তাঁহারাই প্রকৃত মানব নামের উপবৃক্ত পাত্র ও তাঁহারাই যথার্থ মহান ও সর্বতোভাবে শ্রেষ্ঠ। বাক্শক্তি লাভ করিয়া মানব যদি 📆 মিথাা, পরনিন্দা, পরকুৎসা, দ্বেষ ও হিংসারই উপাসনা করিতে প্রবৃত্ত থাকে, তবে কোন নিয়মে ও কোন যুক্তিতে সে আপনাকে শ্রেষ্ঠ বলিয়া অমুভব করিতে সক্ষম ? শ্রেষ্ঠ কে ?—যে সভা বলিতে, অন্তের প্রশংসা করিতে, দীন, ছঃখীকে বিনম্র বচনে পরিতৃষ্ট করিতে ও শোকভারাক্রান্তকে অমীয় বাকো শান্তি-সলিলে সিক্ত করিতে কদাচ বিমুথ নহে।

বিশ্বপিতার শ্রেষ্ঠ দান, মানবের বিবেক। যে শক্তিপ্রভাবে মানব আপনাকে অনান্নাদে সমতানের কবল হইতে মুক্ত করিতে ও পাপ, পুণ্যের প্রকৃত মুর্তি অবলোকন করিয়া শ্বকর্ত্তব্য নির্ণয় করিতে পারে। যাহার সাহায্যে <mark>মানব</mark> সহজে বিনা বাধায় জ্ঞান ও ধর্মের পথে অগ্রসর হইয়া সংসারে শান্তির ভজ-পতাকা উড্ডীরমান করিতে পারে। বাহারা বিবেকের বাক্যে পরিচালিত হইয়া আপনার জীবনের গতি ন্যায় ও সত্যের পথে চালিত করিয়া দেয়, তাহারাই দানের প্রক্লত মর্ম্ম গ্রহণ করিতে পারিয়াছে। তাহারা যে শ্রেষ্ঠ, সে বিষয়ে কি আর সন্দেহ আছে ? যাহারা বিবেকের অমুশাসন পদদ্পিত করিয়া সরতানের আপাতমনোহর সৌন্দ্র্যা-মদিরায় অভিভূত হইয়া সমস্ত শ্রেষ্ঠ প্রবৃত্তিকে জলাঞ্চলি দের, তাহারা প্রকৃতই সহানুভূতির পাত্র। তাহারা যে আপনাকে ম**ন্**য নামে অভিহিত করিতে সম্ভূচিত হইবে, তাহাতে সন্দেহ কি? সারা জীবন বদি শুধু স্বার্থের পশ্চাদ্ধাবনে ও ভোগ বাসনার পরিভৃপ্তিতে অতিবাহিত হইল, তবে এই শ্রেষ্ঠ মানব-জন্ম লাভ করিয়া कि कल हरेल? मित्तद পর मिन শামরা সার্থে এতাই অন্ধ হইয়া উঠিতেছি, ভোগে এতাই চঞ্চল হইয়া উঠিতেছি বে, পিতামাতার অশোধনীয় ঋণ ও ভ্রাতাভগ্নির পবিত্র সম্বন্ধ বিস্মৃত হইয়াছি ও প্রাকৃত্তির তাড়নে হীন-মতি মন পশু শক্ষীকেও পরাজয় স্বীকার করাইয়াছে।

বে সোনার ভারত একদিন আর্য্য ঋষিগণের অভ্রভেদী সামগানে নিয়ত মুখরিত থাকিত, আজ "উষ্টিল যেথানে বৃদ্ধ-আত্মা" দেই দেশ মোহাচ্ছন্ন প্রকৃতি-তাড়িত দেশবাসীর চঞ্চল আচরণে মহাশশ্বানে পরিণত হইতে বসিয়াছে। জানিনা, ভারতের ভবিশ্বৎ গর্ভে কি নিহিত আছে ? জানিনা, এই তম্যাচ্ছন্ন নভামগুল আবার নিশুক্ত হইয়া প্রাতঃ-সূর্য্যের কনক-কিরণে উদ্ভাসিত হইবে কি না প প্রকৃত মানব-নামের অধিকারী হইতে হইলে বিশ্বপিতার এই চুইটী শ্রেষ্ঠ দানের প্রকৃত সন্ধাবহার করিতে হইবে। কাহারা ইহার সম্পাদনে সক্ষম ?—— চরিত্রবান পুরুষ। অনেকের বিখাস, চরিত্রবান পুরুষ শুধু শিক্ষিতের মধ্যেই প্রাপ্য। ইহা সম্পূর্ণ সভ্য নহে। অনেক সময় দেখিতে পাওয়া যায়, দীনের পর্ণ কুটারে, নগ্ন দেহে, পল্লীর অশিক্ষিতের মধ্যেও মহা-চরিত্রবান পুরুষের আবির্ভাব হইয়া থাকে। প্রকৃত শিক্ষা যে মানবকে চরিত্রবান করিয়া তুলে সত্যা, কিন্তু আমাদের বর্ত্তমান শিক্ষা-পদ্ধতির ফলাফল দেখিয়া অনুমান হয় যে, ইহা আমাদের জাতীয় চরিত্রে বিশেষ প্রফল প্রস্ক করে নাই; কাজেই ইহাকে প্রকৃত শিক্ষা নামে অভিহিত করা যায় না। আমাদের বর্ত্তমান শিক্ষিত মণ্ডলীর অভান্তরে, কার্য্যকলাপ, আচার ব্যবহার, সংযম ও নিষ্ঠার এতই অভাব যে, তাঁহারা শিক্ষিত নামের সম্পূর্ণ অযোগ্য। না আছে আত্মশক্তিতে বিশ্বাস, না আছে আদর্শ। বাত্যা-বিতাড়িত শুক পত্রের नाम देख्याः निकिथ दरेख्याः। दनाम मिक नारे, विशाम नारे-प्रातक সময় মুথে গুনা যায়, 'ভগবান যাহা করেন, তার উপর নির্ভন্ন করেই আছি।' নির্ভরতার শক্তি নাই, বিপদে না পড়িলে ভগবানের নাম মুখে আসে না— দৌভাগোদরে 'Eat, drink and be merry', তাহারাই আবার ভগবছান্তির ভান করিয়া থাকে। এরা জোর ক'রে ক্লুতেও পারে না যে, না—আমরা ধর্মাধর্ম মানি না—ভগবানকে চাই না; আবার হৃদয় দিয়ে ভালবাসতেও পারে না, প্রাণ ভরে ডাকতেও পারে না। এরা কাজের সময় কাজি, কা**জ ফুককে** পাজি। যখন দরকার পড়ে তথনই ভগবান্কে ডাকে, আবার দরকার মিটে গেলে নব সম্পর্ক চুকিন্তে দেয়। যাহাতে আপনাকে প্রকৃত চরিত্রবান করিয়া গঠিত করিছে পারা যায়, যাহাতে বিশ্ব-পিতার বিপুল দানের সম্যক্ ব্যবহাক করিতে পারা যায়, তৎসম্বন্ধেই যৎকিঞ্চিৎ নিমে বিবত চুইবে।

अङ्गठ कानी वाक्तिरे मंकिमानी। बाहात्र এर महान् मंकि बाह्न, त्रारे আপনাকে দর্মপ্রকার প্রলোভনের মুখ হইছে উদ্ধার করিতে দক্ষম। আভাস্তরীণ পবিত্রতাই মানবের শ্রেষ্ঠ আদর্শ। আমাদের বাছ চরিত্রই আমাদের আভাস্করীণ পবিত্রতাকে বিকাশ করে। বৈছাতিক আলোকের কাঁচ খণ্ড যদি ভরে স্থরে বস্তাচ্চাদিত থাকে, তাহা হইলে অন্তর্ত্ত আলোক সহজে প্রকাশ পায় না। কাঁচ থণ্ডের উপরিহ্রিত প্রথম করেক স্তরের বস্ত্র অতি স্কা, কিন্ত ক্রমশ:ই ইছা স্থলে পরিণত। অতএৰ উপরের স্থল স্তর অপসারিত হইলে সৃষ্ধ ন্তরের মধ্য দিয়াও ইহার আলোক কথঞিৎ প্রকাশ পাইতে পারে। আলোক যদি আত্মা হয় ও কাঁচখণ্ড ( Electric bulb ) যদি আত্মার চতুপার্মন্ত পবিত্র মন হয় ও নানাবিধ কুপ্রবৃত্তি প্রভৃতি ইহার উপরের আবরণ, আর শেষ আবরণ আমাদের পাঞ্চভৌতিক দেহ। যতই অপবিত্রতার পৃতিগন্ধময় নরক হইতে আমরা মৃক্ত হইতে থাকিব, ততই আমাদের উপরকার আচ্ছাদন দুরিভূত হইবে ও পরিশেষে মহাপৰিত্র মনের ভিতর দিয়া আত্মার বিমল কিরণ প্রকাশ शहितः हेश इट्रेट्ट एक ७ व्याचात्र मध्य निर्मिष्ठं कतित्रा जनसूरामी कर्छवा নিদ্ধারণ পূর্বক অগ্রসর হও।

অভ্যাস ও চিম্ভা-শ্রোত আমাদের জীবনের গতি নির্দ্ধারণ করিয়া 👣 । कौरमज्ञ प तृष्क्त हेरारे मृत-यज्ञ । मृत्तत्र गित्रशृष्टि माधम ना हरेल तृष्क्त्र জীবনীশক্তি সহজেই লোপ পাইয়া থাকে। নিয়মিত জল-সেচন ও নানাবিধ শার দানে ইহাকে যত্ন করিতে থাকিলে ক্রমশঃ বর্দ্ধিত হইয়া পত্র প্রম্পে শোভা বর্ষন করিবে ও স্থমিষ্ট ফল প্রদান করিবে। চরিত্র গঠনের মূল ভিত্তি— অভ্যাস, চিস্তা ও আত্মদমন। আত্মার আবরণ যথন থসিয়া পড়ে, যথন ইহার ন্ধিয় কিরণে শত শত পাপতাপ-দম্মু মানব প্রাণে শাস্তিবারি প্রাপ্ত হয়, তথনই প্রকৃত আত্ম-দমনের পূর্ণ বিকাশ। যিনি প্রকৃত আত্মজয়ী, জগতের নানাবিধ বাধা, বিষ, স্থ হ:থ, হাসি কামা কিছুই তাঁহার চিত্তে চঞ্চলতা আনয়ন করিতে **बाद्र ना । ठीशंदरत्र मश्रद्ध এ धाद्रशाहे शाक्राल्यम । छुन्दर्ग मानद यथन दिश्रद** কাতর হইয়া আত্মহারা হইয়া উঠে, সংসারের বিচিত্র আচরণে ভগ্ন হানরে তথু হাহাকার করিতে থাকে,—প্রকৃত আত্মজয়ী পুরুষ তথন শীর, প্রশান্ত क्षा प्रशास-कर्याकारक व्यापन हन। नानां पिक हरेएक नानां विध कमुक्कि विद्या-

শ্রোত আদিয়া তাঁহার উন্নত মনের নিকট বাধা প্রাপ্ত হইয়া প্রত্যাবর্তন করে। মনকে অন্থির করিয়া তুলিতে পারে না এবং তাঁহার অভ্যন্তরীণ পবিত্রতা শুধু শান্তির কণাই বিকীরণ করে। চতুর্দিকের বিপদজালে আবদ্ধ হইয়াও তিনি ক্রন্দনে দিক্মণ্ডল কম্পিত করিয়া তুলেন না, ধীরভাবে আপনাকে তাহা হইতে মুক্ত করিতে প্রয়াদ পান। চতুর্দিক হইতে নানাবিধ ঘটনাবলী তাঁহার চিত্তকে চঞ্চল করিতে সচেষ্ট হয়; তিনি অন্ধের ন্যায় তাহাতে আপনাকে হারাইয়া ফেলেন না, দৃঢ়ক্কপে আপনাকে সংযত করিয়া অনাবিদ শান্ত প্ৰকৃতিতে প্ৰকাৰ পান।

পুরাকালে ভারতে ব্যাদদেব নামে এক মহাযোগী ছিলেন। তিনি ও তাঁহার উর্নতন বংশীয়গণ সিদ্ধিলাভ করিবার জন্ম যথাসাধ্য যত্ন 🗷 চেপ্তা করিয়াছিলেন, किन्छ मधाक मफलाठा लाएं मधर्थ इन नाहै। उँशिएतत धरे नीर्धकालहांगी উল্লম ও আগ্রহতা ব্যর্থ হইবার নহে। তাঁহাদের এই পবিত্র সাধনার ফল-স্কর্মণ ব্যাসদেবের এক মহাপুরুষ পুত্র জন্মগ্রহণ করেন। তিনিই স্থক নামে অভিহিত। তিনি অতীব উন্নত, ধর্মাত্মা ও মহাযোগী ছিলেন। বিনা বাধান্ন তিনি মহাজ্ঞানের অধিকারী হইয়া জগতে শান্তিধারা প্রবাহিত করিয়াছিলেন।

তিৎকালে জনক নামে একজন ভারতবিখ্যাত নূপতি ছিলেন। তাঁহাকে বিদেহ নামে অভিহিত করা হইত। তিনি এতদুর উন্নত ছিলেন যে, তাঁহার ক্ষড় দেহের অভিত্তই ছিল না। ব্যাসদেব তাঁহার সম্ভানের পরীক্ষার জন্ত. স্থকদেবকে মহর্ষি জনকের রাজসভার প্রেরণ করিলেন। আত্মজ্ঞানসম্পন্ন জনকরাজ ইহা বুঝিতে পারিলেন। মহাজ্ঞানী, মহাযোগীদের নিকট জগতের কোন কার্য্যই অসম্ভব নয়। তাঁহারা মহাশক্তির আধার। তিনি তদ্রুপ বন্দোবস্ত ক্রিলেন। স্নকদেব উপস্থিত হইয়া কোন্ধ প্রকার অভার্থনা লাভ করিলেন না। কেবলমাত্র রক্ষীগণ তাঁহাকে বদিবার আসন প্রদান করিল। এতদ্ভিন্ন যেন তাহার। তাঁহার অভিত্তই বিশ্বত হইয়া গিয়াছে, এই প্রকারই ভাব দেখাইল। সে সময়ে ব্যাসদেব এক জন খাতনাম মহাযোগী ছিলেন। সকলেই তাঁহার চরণে মন্তক অবনত করিত। রাজ প্রাসাদ হইতে দরিদ্রের পর্ণকুটীরে তাহার সমান প্রতিপত্তি ছিল। সুকদেৰ পরম পণ্ডিত ছিলেন। এপ্রকার বিসদৃশ ব্যবহার সম্বেও তাঁহার মন বিন্দুৰাত্ত বিচলিত হইল না। তাঁহার বিচলিত হইবার

যথেষ্ট কারণও বর্তমান ছিল। ইচ্ছা করিলে তিনি মহারাজ জনককে অভিসম্পাত করিতে পারিতেন। কিন্তু তিন দিবস তিনি সমভাবেই অতিবাহিত করিলেন। ধীর, প্রশান্ত বদনে বিন্দুমাত্রও চঞ্চলতা প্রকাশ পাইল না। তৎপরে তাঁহাকে একটি মনোরম প্রসজ্জিত কক্ষে লইয়া যাওয়া হইল। নানাবিধ বিলাসসম্ভার মনোমুগ্ধকর ক্রব্যাদি ও বিশেষ সম্মান প্রদর্শন পূর্বকে তাঁহার চিম্ভাকে বিক্ষেপ করিবার জন্ম আয়োজন হইল। তাঁহার শরীরের একটি শিরাও সম্কুচিত হয় নাই। তিনি প্রকুল বদনে গভীর চিন্তায় নিমগ্ন রহিলেন। অতঃপর তাঁহাকে মহারাজের বিশ্ববিখ্যাত রাজ্যভাষ লইয়া যাওয়া হইল। নর্তকীগণের বিনাবিনিন্দিত কণ্ঠের সঙ্গীত রাশী ও নৃত্যে রাজ সভা মুথরিত। নবযৌবনসম্পন্না রূপদীগণের স্থমধুর কল্কৡ ও লাজনয়নের নানাবিধ হাবভাব স্বভাবত:ই মানবের চিত্তচাঞ্চল্য আনমন করে। চতুর্দিকের হান্ত পরিহাস ও সঙ্গীতের মধ্যে মহারাজ জনক তাঁহাকে আহ্বান পূর্বাক এক পাত্র পরিপূর্ণ হ্রদ্ধ দান করিলেন। তাঁহার প্রতি আদেশ হইল যে, সাতবার তোমাকে এই রাজ সভা প্রদক্ষিণ করিতে হইবে: সাবধান! যেন হস্তস্থিত হগ্ধ একবিন্দুও নিপতিত না হয়। স্থকদেব নীরবে মন্তক অবনত পূর্বকে দেই পাত্র গ্রহণ করিলেন ও ধীরে ধীরে রাজসভা প্রদক্ষিণ করিতে লাগিলেন। 'চতুর্দিকে সহস্র সহস্র দর্শক' 🖫 সভাসদ্বর্গের নয়ন তাঁহার উপর নিপতিত হইল। যুবতীগণের মোহন মুরতি, মধুর কলকণ্ঠ ও চতুর্দিকে হাস্ত ও বিজ্ঞাপ তাঁহার অচঞ্চল চিত্তকে চঞ্চল করিবার জন্ম প্রাণপণ প্রয়াস পাইল। কিন্তু স্থকদেব বিন্দুমাত্রও ক্রক্ষেপ না করিয়া কর্ত্তব্য সম্পাদন পূর্ব্বক নুপতিকে পাত্র প্রত্যর্পণ করিলেন। নুপতি, সভাসদ্যণ ও দর্শকমগুলী বিশ্বছে व्यञ्जि रहेराना। हेरारे व्यायाकती शुक्ररमत त्यष्ठ व्यानर्ग। सनदा वित्रमिन উচ্চ আদুৰ্শ ই পোষণ করা উচিত। তাতা হইলে সমাক উপলব্ধি না হইলেও তাহার কথঞ্চিৎ লাভেও জীবন ধন্ত হইবে। জগতের কিছুই তাঁহার চিত্তে উত্তেজনা আনম্ন করিতে সক্ষম হয় নাই। জগতের নানান কার্য্যের ৰধ্যে তিনিই বেন আমাদের আদর্শক্ষপে প্রতিষ্ঠিত থাকেন। বৰ্ণন বে অবস্থার মধ্য দিরাই আমরা অগ্রসর হই না কেন, সতত বেন আদর্শেই चामात्मत्र क्षथामं गक्का थाइक । এইऋश चामर्गकीरमरे मानत्वत्र त्यष्ठेष क्षित्रिया ক্ষরিয়া থাকেন। বধনই কর্মকাতের কোলাংগ হইতে বিন্দুমাত ক্ষবদর

প্রাপ্ত , হইৰ, তথনই বেন মহাপ্রাণ. মহাপুরুষগণের প্রবর্ত্তিত উন্নত জীবনেরই চিস্তায় নিময় খাকে।

( ক্রমণ: )

ত্রীঅমুল্যচন্দ্র বিশ্বাস।

# স্বামী বিবেকানন্দের পত্তের প্রতিবাদ।

----

বিগত আঘাঢ় মাসের উলোধনে ০৪৬ পৃষ্ঠার—৮প্রামদাদাদ মিত্রকে লিখিত বলিয়া স্বামী বিবেকানন্দের এক পত্ন প্রকাশিত হইরাছে; ইহা পাঠ করিরা আমরা অতি বিশ্বরাহিত হইরাছি। ইহার একস্থানে লেখা আছে—"নানা কারণে ভগবান রামক্কঞের শরীর অমি-সমর্পণ করা হইরাছিল; এই কার্য্য যে অতি গহিত, তাহার সন্দেহ নাই। এক্ষণে তাঁহার ভল্লাবশেষ অস্থি সঞ্চিত আছে; উহা গঙ্গাতীরে সমাহিত করিয়া দিতে পারিলে উক্ত মহাপাপ হইতে কথঞ্চিত বোধ হয় মৃক্ত হইব। উক্ত অবশেষ এবং তাঁহার গদি এবং প্রতিক্রতি মথা নিয়মে আমাদের মঠে প্রতাহ পূজা হইয়া থাকে এবং আমার এক ব্রাহ্মণ কুলোত্তব গুরুজাতা উক্ত কুর্যের্য দিবারাত্র লাগিয়া আছেন, ইহা আপনার অঞ্চাত নহে।"

আর একস্থানে লিখিত আছে—"এক্ষণে তাঁহার শিশ্বেরা তাঁহার এই গণি
ও অন্থি লইনা কোথায় যায়, কিছুই স্থিরতা নাই—(বন্দদেশর লোকের কথা
অনেক, কাজে এগোন্ধ না, আপনি জানেন।)

• • • • •
ভগবান্রামক্বন্তের অস্থি শমাহিত করিবার জন্ম একটু স্থান হইল
না, ইহা মনে করিয়া আমার হদর বিনীপ হইতেছে।"

"আপনি একণে রামক্তকের শিশ্বদিগের একমাত্র বন্ধু এবং আশ্রয় আছেন। পশ্চিম দেশে আপনার মান এবং সম্ভ্রম এবং আশাপও যথেষ্ট। বদি অভিকৃতি হয়, উক্ত প্রদেশের আপনার আলাপী ধার্মিক ধনবানদিগের নিকট টাদা করিয়া এই কাশ্য নির্বাহ করা অপনার উচিত কিনা বিবেচনা করিবেন। বদি ভগবান্ রাম-ক্রক্সের সমাধি এবং তাঁহার শিশ্বদিগের বদদেশে গলাতটে আশ্রম্থান হওয়া উচিত বিবেচনা করেন, আমি আপনার অহমতি পাইলেই ভবংসকাশে উপস্থিত হবৈ।

উলোধনের সম্পাদকের এই পত্র ছাপাইবার উদ্দেশ্য কি, আমরা ব্রিতে পারিলাম না। কেননা, উল্লিখিত কথাগুলি ভিত্তিশৃত্ত কলিয়া অসুমিত ছইতেছে।

এই পত্র পাঠ করিরা আমরা মন্দান্তিক আঘাত প্রাপ্ত হইরাছি এবং আমাদের মনে দারণ সন্দেহ উপস্থিত হইরাছে; আমরা এই পত্র স্বামীনীর লেখা বলিয়া বিশ্বাস করিতে পারিতেছি না। কেননা, উহাতে কাঁকুড়গাছী যোগোভানে অন্তি-সমাধির কথা বিন্দুমাত্র উল্লেখ নাই। আমাদের মনে হর, কাঁকুড়গাছীতে অন্তি-সমাধি নহে—ইহা প্রতিপন্ন করিবার জন্য স্বামী বিবেকাননন্দের নাম দিয়া এই পত্র ছাপা হইয়াছে, অথবা স্বামী বিবেকানন্দকে খোর মিধ্যাবাদী প্রতিপন্ন করা হইয়াছে। সম্পাদক কি উদ্দেশ্যে এই মিধ্যা প্রচার করিরাছেন, আমরা জানিতে উৎস্কে রহিলাম।

্ ঠাকুর শ্রীশ্রীরামক্ষণের বলিতেন, "সত্য হ্রমেক পর্বত চাপা দিলেও লুকাইত থাকে না, ইহা পর্বত ভেদ করিয়া উঠে।" বিবেকানন্দ স্বামীর উপরোক্ত পত্র—২৬শে মে ১৮৯০ সাল বলিয়া ছাপা হইরাছে। কিন্ত ইহার বছ পূর্ব্বে ১৮৮৬ সালের আগষ্ট মাসে জন্মাষ্টমীর দিন, ঠাকুরের দেহ-ত্যাগের সাত দিবস পরে, ঠাকুরের অন্থি কাঁকুড়গাছী যোগোছানে স্বামী বিবেকানন্দ প্রমুথ সন্ন্যাসী শিশ্বগণ এবং প্রায় সকল গৃহী ভক্তগণই মিলিত হইয়া সমাহিত করিয়াছিলেন। সমাধি দেওয়ার পরে স্বামী বিবেকানন্দ প্রমুথ সন্ন্যাসীগণ নিজ্ক নিজ পূর্ব্ব নাম স্বাক্ষর করিয়া এবং গৃহী ভক্তগণও নিজ নিজ নাম স্বাক্ষর করিয়া লিখিয়াছেন যে, ঠাকুর শ্রীরামক্কফের এই অন্থি-সমাধি কম্মিন্কালে কেহ কাঁকুড়গাছী যোগোছান হইতে ক্রীরামক্কফের এই অন্থি-সমাধি কম্মিন্কালে কেহ কাঁকুড়গাছী যোগোছান হইতে ক্রীরামক্কফের এই অন্থি-সমাধি কম্মিন্কালে কেহ কাঁকুড়গাছী যোগোছান হইতে ক্রীরামক্ক বিত্তা পারিবে না। সেকাগজ্ঞ পত্র এথনও আমাদের নিকট বর্তমান। তত্ত্ব-মঞ্জরীর আগামী সংখ্যাক্ষ ইছা প্রকাশ করিবার ইচ্ছা রছিল।

ঠাকুর শ্রীরামক্ষেদ্ধর প্রিরতম শিশু ভক্তচ্ডামণি প্রেমিক মহাত্মা রাসচক্ষ এ বিষয়ে তন্ত্-মঞ্জরী ১৩০৪ সালের অগ্রহারণ সংখ্যার ২২৯ পৃষ্ঠার "সমাধি-মন্দির" স্থামক যে প্রবন্ধ লিথিয়াছিলেন, তাহা এই স্থানে উদ্ধৃত হইল।

#### नशाधि-शिक्ता।

কাঁকুড়গাছীর অন্তঃপাতী ১৫ নং যোগোম্বান লেনে, যোগোম্বানের মধ্যে এই পরম পর্বিত্র রামক্বঞ্চদেবের সমাধি-মন্দির ১৮০৮ শকের ৮ই ভাদ্র জন্মান্তমীর দিন প্রতিষ্ঠিত ছইয়াছে। ৩১শে প্রাবণ রবিবার রাজে, পূর্ণিমা তিথির ত্যাগ এবং প্রতিপদ সঞ্চারের সন্ধিকালে, ভবভনহারী অনাথনাথ পতিতপাবন 🗐 শ্রীরামকুফদের মানবলীলা-রঙ্গমঞ্চের যবনিকা নিপত্তিত করেন। পরদিবস অপরাকে, হিন্দু বীভাতুসারে তাঁহার দেহের অর্ণ্ডোষ্টিকার্য্য সমাপ্ত করিয়া, ভত্মাবশিষ্ট অন্থিপুঞ্জ একটা স্থবৃহৎ তাম কলদীতে সংস্থাপনপূর্বক, কাশীপুরেক উদ্যানে আনীত হইষা, প্রভু যে গৃহের যে স্থানে অবস্থিতি করিতেন, সেই স্থানে স্থাপিত হয়। এইরপাবস্থার উহা সপ্তমী তিথি পথাস্ত থাকে। অন্তিপূর্ণ কলসীটির কোণায় এবং কিরূপে সমাধি দেওমা যাইৰে, ভিছিবয় লইয়া নানাবিধ বাদবিসম্বাদ উপস্থিত হওয়ায়, সেবকমণ্ডলী ঘুই মতে বিভক্ত হইয়া ষাইলেন। এক পক্ষের অভিপ্রায় হটল যে, জাহ্নবী-তীরে মনোমভ স্থানে অস্থিগুলি সমাহিত হওয়া কর্ত্তবা। তাঁহাদের মতে যদিও কাহারও আপত্তি ছিল না, কিন্তু সেবকদিগের অবস্থায় গঙ্গাতীরে স্থান ক্রয় করা একেবারে অসম্ভব হইরা উঠিল। যদিও কেহ কেহ প্রকাশ্ত সভা করিয়া সাধারণের নিকটে "চাঁদা" করিবার প্রস্তাব কবিযাছিলেন বটে, কিন্তু চাঁদা করিয়া রামকৃষ্ণদেব সম্বন্ধীয় কোন কার্যা সম্পন্ন করা হয়, ইহা সকলের অভিমত **इ**टेन ना ! • ∗

সেবকদিগের মধ্যে যদিও বিশেষ ধনী ব্যক্তি কেছ ছিলেন না, তাহা বলিয়া একেবারে যে সকলেই দরিক্র ছিলেন, তাহাও নহে। তাঁহার তথন এমনও কেহ কেহ সেবক ছিলেন যে, তাঁহারা হৃদয়বিহীন এবং কর্ত্তব্য-জ্ঞান-পরিশুক্ত না হইলে, একজনেই গঙ্গার কুলে সমাধির স্থল ক্রেয় করিয়া দিতে পারিতেন। সে পরিতাপের বিষয় এথন মনে করিলে হুদয় শতধা হইয়া যায় এবং রামকুঞ্চের সেবক বলিয়া পরিচয় দিতেও লজ্জাবোধ হইয়া থাকে। তাঁহারা সে সমঞ্জে প্রকেবারে পৃষ্ঠদেশ দেখাইতে কজাবোধ করেন নাই। কোন ব্যক্তি প্রভুক্ত চিতানবের সমক্ষে, গদার সরিহিত কাশীপুরের প্রশস্ত রাজপথের পূর্বপার্বে, তাঁহার নিজ ভদ্রাসনের সন্নিহিত বাগানের পাঁচ কটো কমি সমাধির জন্য এবং জার একটা ভক্ত সমাধি-মন্দির নির্দ্ধাণ করিয়া দিবার জনা এক সহস্র এক টাকা দিবেন বলিয়া প্রতিজ্ঞা করিয়াছিলেন। কিন্তু, যে সমরে সুমাধি দিবার প্রতাব হইল, সে সময়ে যিনি জনি দিতে চাহিয়াছিলেন, তিনি একেবারে অদৃশ্র হইয়া যাইলেন এবং ধিনি হাজার এক টাকা দিতে চাহিয়াছিলেন, তিনিও অসমত হইলেন। অবশিষ্ঠ সেবকগণের মধ্যে সকলেই অতি সামায় অবস্থার গৃহী ব্যক্তি। তাহাদের হারা বিশেষ ব্যয়-বাহল্য কার্য হওয়া একেবারেই সাধ্যতিত কথা। স্মতরাং তাঁহাদের নিজ্ঞ নিজ্ঞ অবস্থাসভত সমাধির স্থান অহেয়ণ করিতে তাঁহারা যয়বান হইলেন। কিন্তু অর্থাভাবের নিমিন্ত স্ববিধামত কোন স্থানেই তাহা সন্থাবনা হইল না। ক্রেমে একদিন ত্রইদিন করিয়া পাঁচ ছয় দিবস অতিবাহিত হইয়া গেল। অতঃপর শ্রজালাদ গিরিশ্বন্দ্র ঘোষ মহাশরের হারা কাঁকুড়গাছীর বোগোলানে সমাধি-কার্য্য নির্বাহ্ত করিবার প্রস্তাব হইলে, দর্ম্বপ্রথমে অনেকেরই তাহাতে আপত্তি হইল বটে, কিন্তু উপায়ান্তর না দেখিয়া পরিশেষে সকলেই ভাহাতে আপত্তি হইল বটে,

দুৰ্থ ভাদ্র জন্মান্তমীর দিন প্রাভঃকালে কাশীপুরের উন্থান হইতে অন্থিপুদ্ধপূর্ণ কলদীটি ভক্ত চূড়ামণি শশী এবং স্থশীল ভক্ত বাব্রাম, উপেন্দ্রনাথ প্রভৃতির সহিত অখজানে প্রভৃত্ব জনৈক হতভাগ্য দাসামদালের কুটীরে স্বতনে আন্মনকরিতে বাধ্য হন। তথায় মনের সাধে সেই কলদীটি পুস্পমাল্যের হারা বিমণ্ডিক করিমা, প্রভৃত্ব গৃহে মধ্যে মধ্যে চরণধূলি দিতেন, সেই গৃহে সংগৃহীত হইল। বেলা আট ঘটকার সমন্ন কীর্ন্তনের দল সকল আসিয়া উপস্থিত হইল। বার বিমন্তির হইতে শ্রদ্ধান্দি অমৃতলাল বস্থ মহাশান্ত স্বধান্তন করিমা সমাধিকার্য্য সম্পাদনে যোগদান করিয়াছিলেন। বারভক্ত স্থরেক্রমাথ মিত্র মহাশন্তের বাটীর সন্মুথ হইতে উক্ত কলসীটি লইয়া, প্রভুত্ব প্রির সেবক নরেক্রমাথ, রাথাল, যোগেন, শারদা, নিরঞ্জন, শিরিশ, হরিশ, অভূত্র প্রির সেবক নরেক্রমাথ, রাথাল, যোগেন, শারদা, নিরঞ্জন, শিরিশ, হরিশ, অভূত্র ম্যোহন, মহিম, বলরাম, দেবেন, অক্তন্ন ও কৈলাশ প্রভৃতি সকলেই যোগোছানের যে স্থানে পূর্কে তুলসীকানন স্থিতি করা হইয়াছিল, সেই স্থানের ভূমি খননপূর্বক অন্তিপূর্ণ কলসীটি সংস্থাপন করেন। তদননন্তর প্রভৃত্ব শেষ দিনের আজ্ঞামত শ্রাড়ি হাঁড়ি দুলা ভাতে (বিচ্ড়ী)" ভোগ দিয়া, যোগোছানের স্বিহিত স্থরেক্তের বাগানে সকলে মহাপ্রসাদ্ধ প্রাপ্ত ইরা, অপ্রাহের সমন্নে ভ্যপ্রাণে সন্ধ স্থানে প্রজ্যাগ্যনন করিলেন। • • • •

সেবকগণ যদিও যোগোছানে প্রভূকে সমাধি দিলেন বটে, কিন্তু সমাধি-ছান অনাবৃতাবস্থায় রহিল। কেবল কভিপদ নারিকেল পত্তের আঞ্চাদনের দারা ভাক্ত মাসের কথন প্রবল রৌদ্রের উত্তাপ এবং কথন মুসলধারে বৃষ্টির আর্দ্রতা হইতে উহা সংরক্ষিত হইত। স্থতরাং যাহাতে একটা ক্ষুদ্র মন্দির নির্মিত হয়, তজ্জন্ত আয়োজন করা হইল। এই সময়ে কোন কোন ভক্ত ভীষণ মূৰ্ত্তি-ধারণপূর্বক সমাধি-মন্দির নির্মাণ করিবার সহায়তা করা দূরে থাকুক, অস্থিগুলি পুনরায় উত্তোলন করিয়া স্থানাস্বরে লইয়া ঘাইবার প্রস্তাব করেন। এই প্রস্তাবে অনেকেই সহামুভৃতি করিলেন। বে হডভাগ্যের ভাগ্যে কার্য্যবিপাকে এই সমাধির ভার নিপতিত হয়, ভাহার লাঞ্নার আর পরিদমাপ্তি রহিল না। প্রভুর সমধিক রূপা কাঙ্গালের প্রতি ছিল বলিয়া, সে যাত্রায় সে প্রাণে প্রাণে বাঁচিরা গিলাছিল। ঠন্ঠনিয়া নিবাসী পূজনীয় ঈশানচক্র মুখোপাধ্যায় নহাশর এই বিভীধিকার কথা শ্রবণ পূর্বক, উক্ত হতভাগ্যকে ডাকাইয়া কহিলেন যে, শরীর হউক কিমা অন্থিই হউক. একবার সমাহিত হইলে তাহা পুনরায় স্থানান্তরে **লই**য়া **যাওলা দুরে থাকুক, বে** একথা মনে করে তাহার যে কি মহাপাতক হয়, ভাহা বলিয়া প্রকাশ করা যায় না ৷ অতএব, এরপ প্রস্তাব হওয়াই নিডান্ত অস্তান্ত এবং মহাপাণের কথা। তাঁহার এই প্রস্তাবটী সেবকমগুণীর দ্বারা পুনরায় বিকেচিত হইবার নিমিত্ত তাঁছারই অভিপ্রায়ামুসারে ৯ই আশ্বিন তারিখে ১১ নং মুধুরাফ্রের পলিস্থিত বাটীতে এক সভা আহুত হয়। তাহাতে সমাধিস্থ অন্তিপূর্ণ কলদীট কম্মিন্কালে কেহ কোন স্থানে স্থানাস্তরিত করিতে পারিবে না, ৰ্ণিয়া সকলে ছিব করিয়া অন্যুন ত্রিশজন সেবক স্থ স্থ নাম স্থাক্ষর করেন।" \* \* \*

অতএৰ, স্বামীজীর পত্তে যে লেখা হইরাছে—ভন্মাবশেষ অস্থি সঞ্চিত্ত আছে, উহা গলাতীরে সমাহিত করিয়া দিতে পারিলে উক্ত মহাপাপ হইতে কথঞ্চিৎ বোধ হয় মুক্ত হইব,—ইহার অর্থ কি, আমরা জানিতে চাই। "ভগবান্ রামকুষ্ণের অস্থি সমাহিত করিবার জন্য একটু স্থান হইল না." এ কথারই বা অর্থ কি ৮

. ঠাকুরের শরীর অগ্নি-সংকার করিবার পর তাত্রকলসীস্থিত অন্থি বাহা উত্তমরূপে গঙ্কামৃত্তিকা স্বাসা অবক্তম ছিল এবং বাহা সমাহিত করিবার জক্ত সকলেই অন্থি-সঞ্চয় করিয়াছিলেন, তাহা কাঁকুডুগাছী যোগোত্যানে সমাহিত করিয়া আসিয়া একথা

বলার অর্থ বুঝিতে আমরা সম্পূর্ণ অক্ষম। অন্থি পলাতীরে মমাহিত করিবার জন্ত স্বামীজীর একান্ত ইচ্ছা ছিল, তাহা মহাস্থা রামচন্দ্রের প্রবন্ধে বিশেষ ভাবে বুঝা ঘার এবং সেই জন্মই স্বামীজী যোগোভান হুইতে সমাধি উত্তোলন করিবার প্রস্তাব করিয়াছিলেন। কিন্তু তাহা বধন হয় নাই, তথন স্মাধির চারি বৎসর পারে, "সমাধির জন্য কোখাও একটু স্থান হইল না" বলিয়া ছংধ-প্রকাশের পত্র বাহির করিবার অর্থ হৃদয়ঙ্গম করিতে পারিলাম না। স্থতরাং, জগংপুজা স্বামী বিবেকানন্দলী যে এইরূপ অসত্য ও ভিত্তিহীন পত্র লিখিয়াছিলেন, ভাহা কি কেহ বিশ্বাস করিতে পারিবেন ?

# শ্রীব্রীরামকুষ্ণেৎসব।

গত ১লা জ্যৈষ্ঠ শনিবার, কলিকাভার সন্নিকট ঢাকুরিয়া (২৪ পরগণা) প্রামে প্রীযুক্ত অমূল্যধন রার চৌধুরা মহাশরের আবাসে প্রীপ্রীরামক্তফোৎস্ব वहेबाहिन। উक्त शासित इरेंगे यूवक धरे छै९मतम अधान छेलागी। অপুরাহ্ন ৫ ঘটিকা হইতে রাজি প্রায় ১ ঘটিকা পর্যান্ত ঠাকুদ্বের পূজা, স্তুতি-গীতি, বক্ততা এবং দলীত সংকীর্তনাদি হইয়াছিল। স্থানীয় প্রীযুক্ত ক্লফধন দাস বি, এ, "মহোদয় তাঁহাত্র "রামকৃষ্ণকৈ পূজা করি কেন" নামকু স্থলনিত ভাবপূর্ণ বক্তুদ্রায় সকলকে মুগ্ধ করিয়াছিলেন। সাধারণের অস্থরোধে বোগো-ভানত্ব শ্রীমৎ সামী যোগবিনোদ মহারাজজী রামক্রঞদেবের শার্কজনীন ধর্মভাব সম্বন্ধে একটা হৃদম্প্রাহী বক্তৃতা করেন। শ্রীযুক্ত ত্রিপুরাচরণ সেন শুপ্ত মহাশন্ন "প্রাণের দেবতা রামকৃষ্ণ" শীর্ষক বক্তভার রামকৃষ্ণ যে সর্বজনের জনমের জিনীস এবং একমাত্র আদর্শ, তাহা সকলকে বিধিমতে ৰুঝাইরা দিরাছিলেন। যোগোভানস্থ অনেকগুলি সেবক এ উৎসবে উপস্থিত **হ**ইরা ঠাকুরের নাম-গুণ-গানে দকলকে বিমোহিত করেন। গ্রামস্থ একটী দংকীর্ত্তন সম্প্রদার ও শ্রীযুক্ত বিশ্বনাথ গোষাল মহাশর তাঁহাদের সংগীতে উৎসবস্থল মুখরিত করিয়াছিলেন। পরিশেষে হরির লুট এবং প্রসাদ বিভরণ করিরা উৎসবের পরিষ্মাপ্তি হয়।

২রা জাঠ রবিবার, ভবানীপুর চক্রবেড়িয়া রোভে স্বর্গীয় ভক্ত নফরচন্দ্রের শ্বতি উপলকে শ্রীশ্রীরাশকৃষ্ণোৎসব হইরাছিল। অনেক ভক্ত এই উৎসবে সমবেত হইয়া ঠাকুরের পূজা এবং কীর্ত্তনাদি করিয়াছিলেন। অপরাহ ৪ ঘটিকা ইইডে রাত্তি প্রায় ৮ ঘটিকা পর্যান্ত সহত্র দরিত্রনারায়ণকে পরিতোষরূপে ঠাকুরের প্রদাদ খাওয়ান হইরাছিল। ভবানীপুরত্ব ভক্তমগুলী এই উৎস্বের প্রধান উদ্যোগী।

ত্রীবিজয়নাথ মজুমদার।

## मगादनाहना ।

"বঙ্গের বাছিরে বাঙ্গালী" শ্রীযুক্ত বাবু জ্ঞানেক্রমোহন দাস প্রণীত। প্রকাশক শ্রীষ্ণনাথনাথ সুথোপাধ্যাদ্ধ, ৫০ নং বাগবাজার দ্রীট, কলিকাতা--ৰুলা তিন টাকা.।

এই পুত্তক পাঠ করিয়া আমরা বিশেষ আনন্দিত হুইয়াছি। বঙ্গের বাহিরে উত্তর ভারতে বাঙ্গালীগণ যে অপূর্ম প্রতিভা ও হৃতিত্ব দেখাইয়াছেন, এই পুস্তক পাঠ করিলে তাহা অবগত হওয়া যায়। বাঙ্গালীর ধরে ধরে এই পুত্তক শোভা পাইবার উপযুক্ত। প্রত্যেক বাঙ্গালী ইহা পাঠ করিয়া আপনাকে গৌরবান্বিত মনে করিবেন। বহু দিনের এক প্রবাদ আছে বে, বাসালী ঘরের বাহিত হয় না। এ প্রবাদ যে সত্য নহে, বাদালী ঘরের বাহির হইয়াও উচ্চ উচ্চ কর্ম করিয়া কিরুপে বালালীর মুখোজ্জন করিয়াছেন, ভাহারই ইভিহাস এই পুস্তকে বর্ণিত হইয়াছে। গ্রন্থকারের নিকট আমরা সকলেই ইহার নিমিত্ত ঋণী। প্রকাশক মহাশয় বহু স্মর্থ ব্যয় করিয়া এই প্রছ প্রকাশে যে মহৎ কার্যা করিয়াছেন, সে বিষয়ে তিলমাত্র সন্দেহ নাই। জাঁছার পরিশ্রম সফল হউক, ইহাই ভগবানের নিকট আমাদের প্রার্থনা। স্বাশা করি, ভারতের অন্তান্য প্রদেশে এবং ভারতের বাহিরে বঙ্গের ক্রতীসস্তানগণের বিবরণর শীঘ্রই প্রকাশিত হইবে।

### গ্রী গ্রীরামকৃষ্ণ শ্রীচরণ ভরসা।



## त्रामकुख-नाम।

হুধা অবিরাম ত্মামক্রক নাম পিছ জীব প্রাণ ভরে। প্রেমপূর্ণ কাম রামক্রক নাম স্ক্ পাপ তাপ হরে। বড় প্রাণারাম রামকুক নাম পাইয়া পাতকী নরে। আপনা ভূলিল মোহ পাশব্রিল অমৃত লভিল করে॥ নিত্য অভিনাম রামক্বক নাম केगरें जानिंग (के ? অমূল্য রতন বন্ধগর ধন ধক্ত মরতে গে॥ प्रामकृष्य धन পাইয়া বে জন জগতে ডাফিরা বলৈ। তোরা আঁর আয়, পাঁরে ধরি আর समन (त्रध्थिकि शूरण ॥ পেনেছি যে ধনে, একা কোন প্রাণে ক্রিব রে উপভোগ।

জনে জনে তাই, ডাকিয়া বেড়াই বয়ে বার এ হুযোগ। কেবা সেই জন মরতে স্থলন **बी**ठब्राप नगः नगः। হেন কোণা পাই তুলনা যে নাই ভক্ত রামচন্দ্র সম।। হবে পূৰ্ণকাম বল দেখি নাম সত্য সত্য কহে প্রভূ। যদি নাহি হয় মোর দিব্য রয় আমি যে জগৎ বিভূ॥ যেবা রাম যেবা কৃষ্ণ সেই এবে রামকৃষ্ণ মনে প্রাণে ধর ঐক্য করি। হেলার তরিরা যাবে, নিমেষে চৈতন্ত পাবে खन्रकृशा त्राथ इत्त धति॥ "কাঙ্গাল।"

## মুগাৰতার

## শ্রীশ্রীরামকৃষ্ণ পরমহংসদেব ও হিন্দুশান্ত।

## यष्ठं डेशदम्भ ।

#### ন্থ-ছঃখ।

ঠাকুর রামক্ষণ্ডদৈব বলিয়াছেন, "শ্রথ-ছংখ দেহ ধারণের ধর্মা। দেহ ধারণ ক'রলেই স্থা-ছংখ ভোগ আছে। প্রারন্ধ কর্মের ভোগ। যে ক'দিন ভোগ আছে, দেহ ধারণ ক'রতে হয়। দেহের স্লথ ছংখ যাই হোক, ভজের জ্ঞান ও ভক্তির ঐশ্বর্যা থাকে; সে ঐশ্বর্যা কথনও যাবার নয়।"

শীমন্তাগবতে পঞ্চম হল্পে ব্রহ্মা প্রিয়ব্রতকে বলিতেছেন, "পরনেশ্বর জীব সম্হকে যে যে দেহ দান করেন, তাহারা উৎপত্তি, নাশ, শোক, মোহ, ভর এবং স্থ ও ত্রংথের জন্ত কর্ম্ম কারবার নিমিন্ত সেই সেই দেহ ধারণ করে। বংলা কর্মান্তর্গানে কাহাবও স্থাতপ্তা নাই। যেরপ বলীবর্দ প্রভৃতি চতুম্পদ জন্ত সকল রজ্জ্বানা নাসিকাবন হইনা দ্বিপদ জন্তর্গানের ইচ্ছার কর্মা করে, দেই রূপ আমরা সন্থাদি গুলারা যে সকল কর্মা করিয়া থাকি, তাহা পরমেশ্বরের বাক্য রূপ রজ্জ্তে ব্রাহ্মণাদি শব্দ দারা দূচরূপে বন্ধ হইরা তাহারই পূজোপহার আহরণ করি। যে সকল ব্যক্তির চক্ষ্ম আছে, তাহারা যেমন স্বেচ্ছার অন্ধনিগকে ছাবা বা রৌজে লইমা যাব, সেইরপ আমাদিগের প্রভৃত পরমেশ্বর স্বীয় ইচ্ছাম্পারে, আমাদিগকে পশু পর্মী ইত্যাদি যে কোন দেহ দান করেন। আমরা তাহাই প্রেণ করিয়া তদত্ত স্থ বা ত্রংখ ভোগ করি। আমরা গুণও কর্মের সহিত্ত লিশু আছি বলিয়াই, তিনি আমাদিগকৈ ঐ স্থ ত্রংখ দান করেন। মনুত্র যেরপ নিলা ইইতে উত্থিত হইয়া স্থায়ভূত বিষয় সকল স্বরণ করে, সেইরপ মৃক্ত পুক্ষও দেহ ধারণ পুর্বাক নিরহন্ধার হইয়া প্রারন্ধ কর্মা ভোগ করেন।" এইজন্য পাত্রবাণ শ্রীক্রক্ষের থিয় ভক্ত হইয়াও অন্ধেম ত্রংখ ভোগ করিয়াছিলেন।

শ্রীমন্ত শ্রীশ্রীভগনতীর প্রিয় ভক্ত। কিন্তু তাঁহাকেও কত বিপদ ভোগ করিতে হইয়াছিল। 'স্লথ-ছঃধ দেহ ধারণের ধর্ম। দেহ ধারণ ক'রলেই ম্লথ ছঃধ ভোগ আছে।' এই উক্তির সমর্থনে, এমন কি স্বয়ং ভগবান শ্রীরাম- চন্দ্রেরও এই আইনের হাত হইতে নিশ্বতি হয় নাই। তাঁহাকে রাজ্য নাশ, বন্বোদ, দীতার হরণ ও পিতার মরণ এককালীন এতগুলি কট মছ করিতে ইইয়াছিল। আনেকে বলিতে পারেন, দর্মজুঃখহারী শ্রীভগবানের আশ্রিত ভক্তগণকেও ছঃখ বিপদাদি ভোগ করিতে হয় কেল 
 তহন্তরে বলা যায় যে, তাঁহার আশ্রিত ও ক্বপাপ্রার্থী ভক্তকে দৈহিক দামান্ত মাত্র কট দানে, তাঁহার আত্মাকে চিরদিনের জন্য অশেষ ভব যন্ত্রণার হাত হইতে নিশ্বতি করিয়া থাকেন। বাস্তবিক ইহা তাঁহার ক্বপা ভিল্ন পীড়ন নহে। এই জন্যই বুত্তীদেবী ক্ষারায়ণের নিকট 'নিয়ত বিপদের প্রার্থনাই' করিয়াছিলেন।

শ্রীমন্তাগবতে অষ্টম হন্ধে শ্রীভগবান বৃশিয়াছেন, "আমি ঘাঁহাব প্রতি অমুগ্রহ করি, তাঁহার অর্থ অপহরণ করিয়া থাকি। পুরুষ অর্থ গর্মে গর্মিত হইয়া লোককে এবং আমাকে অবজ্ঞা করে। জীবান্তা আপন কন্ম হেতু পরাধীন हरेबा नामा रामि जमा कतिया अवस्था यथन नत्रयामि श्राक्ष रय. जथन यक्ति क्रमा, कर्षा, त्योवन, क्रभ, विना।, धेर्थिश वा धनानि क्रना गर्लिङ ना इय, जाहा হুইলে নিশ্চিত জানিবে, তাঁহার প্রতি আমার অনুগ্রহ হইয়াছে। অহো অভি-মানই চারিদিকে যাবতীয় মঙ্গলেরই ব্যাঘাত করে। আমার সেবকেরা ইছা বারা মোহিত হন না। এই দৈত্যকুলের দর্বশ্রেষ্ঠ ও কীর্ত্তিবর্দ্ধন বলি অজয়া মায়াকে জম্ম করিয়াছেন, কণ্ঠ পাইয়াও মুগ্ধ হন নাই। ইনি বিভাহীন হইয়াছেন, স্থানচ্যত হইয়া ক্ষিপ্ত হইয়াছেন, শত্ৰু কৰ্তৃক বন্ধ হইয়াছেন, জ্ঞাতিগণ কৰ্তৃক ভাক্ত হইয়াছেন, মদত যাতনা ভোগ করিতেছেন, গুরু কর্তৃক তিরক্ষত ও অভিশপ্ত ছইয়াছেন, তথাপি সভ্য প্রতিপালন করিয়াছেন। অভএব ইনি সভ্যবাদী। যে স্থান দেবভাদিগেরও হ্রপ্রাণ্য, আমি ইহাকে সেই স্থান দান করিয়াছি।" আবার দশম ক্ষের বলিয়াছেন, "আমি যাহাকে অমুগ্রহ করিব. পরে অরে তাহার ধন হরণ করিব। তাহাকে হঃধের উপর হঃথিত দেখিয়া স্থানগণ তাহাকে ত্যাপ করিবে। তদনন্তর সে যথন ধনের চেষ্টার বিফলোদাস ইইরা নির্মিন্ন হইবে এবং মৎপরায়ণ ব্যক্তিদিণের সহিত মিলিত ইইবে, আমি তথনই জ্বাহার প্রতি বিশেষ অমুগ্রহ প্রকাশ করিব।" গ্রীকৃষ্ণ অর্জুনকে বলিতেছেন ;---

> ইক্সিল সংবোগ হয় বিষয়ে যথন, শীতভাপ—ুক্ত ছুঃখ উদত্ত ভখন;

ত্ৰথ ছ:ধ আসে সভ্য থাকে না আবার, ভাই স্থুখ তুঃখ বোধ অনিত্য অসার ! সহ কর অন্থায়ী সে উল্লাস বিষাদ, **जाशास्त्र वनीकृ**उ इंदेश श्रमामः। সমভাবে স্থুপ তঃখ করিয়া বহন, হে অর্জুন যেইজন ব্যথিত বা হন, অমরত্ব লাভ তিনি করেন নিক্য-रेश्लाक भवलाक निजानन्य !

(ঝীতা ২য় জঃ ১৪/১৫ (খ্লাক ))

#### পুনুদায় বলিতেছেন,--

অর্জুন পীড়িত যারা. আর বাহাদের ধর্মতত্ত্ব জানিবারে বাসনা মনের; ইহপরলোক ভোগে যাছাদের বন শাধনে করিতে চায় কামনা পূরণ; আর বাহাদের হয় জানের উদয়,--বুঝিয়াছে, কেমন সে কিভু বিশ্বময়— এই চারি প্রকারের নরনারীগণ স্থক্তির ফলে. করে আমার ভঙ্গন।

( গীতা ৭ম আ: >৩ লোক )

অতএব ভগদান পীড়িত ব্যক্তিকে স্কুতিশালী বলিরাছেন। বেরূপ পুত্রের গুক্তি পিতার শাসন দারা পিতার সমধিক মেহত্তই স্থাভিত হইরা থাকে, তক্রপ আমাদের ফ্রায় খোর পাষ্ডগণের হু:থ কষ্টের হারা ভগবানের **অনুকম্পাই কৃচিত, হুই**য়া: থাকে। ছঃথ শোকে কর্জারিত না হইলে আমাদের ক্রায় পায়ঞ্জন কি সহক্রে ভাঁহার শন্ত্রণ ইচ্ছা করে? স্থ্য ও তঃথ ছইটা দৈহিক পদার্থ মাজ। একের অভিত্যে অন্যামীর অভাব আমরা বিশেষরূপে অনুভের ক্রিয়া থাকি। যথন দুংথ উপস্থিত হয় তথন পুরুষকার হারা স্থুখ বাভের আশায় আমরা নানা-বিধ উপায় অমুসদ্ধান করিয়াও প্রারন্ধ বশতঃ হথন ভারাতে কৃষ্ণ মনোর্থ না **ब्हें, ७५**न त्विरु शांति स क्षत्रमिक्या ना **ब्हेरन स्वस्य गाव शुक्तका**रतकः

ছাবা কোন ফল হুইবে না। এই ভাবিয়া তাঁহাকে বিপদ পাখারের কর্মার দ্বির স্থানিরা উপস্থিত বিপদোদ্ধারের জন্যই তাঁহার শরণ গ্রহণ করি। কিছ ঐশী শক্তির এমনই একটা আকর্ষণী কমতা আছে যে, একবার ভদতিমুখীন হইকে চুম্বকের ক্লার ক্রমশ: আকর্ষণ করিলা এক জবোই হউক অথবা বছ জন্মেই হউক বিশুদ্ধ ভগবৎপ্ৰেম নাভ করায়। তথন জীব ছঃথ বা কষ্টের কথা অর্থাৎ যে জন্য সে প্রথমে ভগরদ্বোপাসনা করিতে প্রবৃত হইয়াছিল, তাহা ভূলিয়া গিয়া একমাক জগবান লাভের জনাই ব্যাকুলিত ছইয়া উঠে। এই হেডু পঞ্চম বর্ষীর বালক মহাত্মা এব বিমাতার কটুবাকো জর্জরিত হইনা তংগুতিকার মান্দে ও রাজ্য-প্রাপ্তি বাসনাম বনে গিয়া কঠোর তপশ্চরণে প্রবৃত্ত হইয়াছিলেন বটে কিছ र्थन नातायं रामटकद उपचारि मक्ड इहेबा अत्वत यरीपाध्य हरेस्बन তথন বালক তাঁহার মনোহর মূর্তিদর্শনে বে জন্য বনে আসিয়াছিলেন ভাহা ভূলিরা গিরা, তাঁহার প্রেমে একেবারে বিহুল হুইয়া তব করিরাছিলেন, "হে দীনবন্ধে। পাপনি জীবগণকে জন্ম ও মৃত্যু হইতে মুক্ত করিয়া থাকেন। যাহারা কল্পত্র স্থাপ আপনাকে মৃক্তি ভিন্ন অন্ত উদ্দেশ্তে পূজা করে, ভারা-দিগের বৃদ্ধি নিশ্চমুই মায়া দ্বারা বিমোহিত ইইয়াছে। কারণ শবতুলা এই দেক ছারা যাহা কিছু উপভোগ করা যায়, ভাহারা তাহাই প্রার্থনা করিতেছে ১ বিষয়ভোগ ঘারা যে সুথাযুভব হয়, মহুন্ত ভাষা নরকেও অফুভব করিছে . পারে। কিন্তু নাথ। আপনার পাদপদ্ম চিঞা কিংবা আপনার ভক্তদিপের বাকা শ্রবণ করিয়া যে ত্রথ হয়, স্বরূপানন্দরূপ পরবক্ষেও সে প্রথের সম্ভাবনা নাই। অতএব দেবতা হইয়া আর অধিক কি সুথ হইবে ? কালবশে বিমান তথ্য হওয়ায় দেবগণও পতিত হন। হে অনস্থ! প্রার্থনা করি, স্থামার ভক্তি নিয়তই আপনাবু প্রভিই উন্থী হউক এবং নির্মার চিক্ত মাধুদিগের সাহচ্চা করুক, তাহা হইলে আমি আপনার খণ কথারপ অমৃত পানে মুদ্ধ হইয়া অনামানেই এই হঃগহ হঃথভূথিঠ ভয়ানক সংসার-সমূত্রের পার প্রাপ্ত ছুইব। হে পদ্মনাভ। সে সকল সাধুদিগের চিত্ত আপনার শ্বারবিন্দের সৌগভাই লোভ করে, বাঁছারা দেই সাধুদিগের সাহচার্য্য লাভ করেন, তাঁহারা নিভাই श्चित्र धरे त्वरक धनः त्वराष्ट्रवही भूव, क्याब, गृह, धन, बनावित्क आव ৰুৱেন না।" এফেণে এব সমন্ত তুচ্ছ করিয়া নিয়ত, ভক্তিই প্রার্থনা করিতেছেন।

ঠাকুর র্মকৃষ্ণদেব এই জন্ম বলিতেন, "ওলা মিছ্রির পানা পেলে, চিটে গুড়ের পানা কে থৈতে চার ?" এইরপে ভক্ত বতই ভগবচরণ সরোজের নিকটবর্তী হইতে থাকেন, ভগবানও রূপা করিয়া ততই তাঁহার ভগবলাভের প্রধান অস্তরামগুলি অর্থাৎ স্ত্রী, পুত্র, গৃহ, ধন, জন ও ঐশ্বর্যাদি ধীরে মীরে অপসারিত করিয়া তাঁহাকে চিরমুক্তির অধিকারী করেন। তখন মারামুগ্ধ জীব তাঁহার গৃঢ় উদ্দেশ্ম ব্রিতে না পারিয়া ঐগুলিকেই তৃঃখ, কট বা বিপদ ভাবিয়া থাকেন। এই জন্তই লোকে বলিয়া থাকে, "যথন মা করেন, জগদীশ্বর মঙ্গলের জন্তই করেন।" প্রবাদ আছে যে, ভগবান বলেন, "যে করে আমার আশ, করি তার সর্বনাশ।", সর্বনাশ অর্থাৎ সমস্তই নই করি, ক্মর্থাৎ যে আমাকেই চায়, তাহার মায়া, মোহরূপ কণ্টক বৃক্ষের মূলগুলি না করি। তবে বলিতে পারা বায়, ভগবান তাঁহার আপ্রিত ভক্তগণকে কট দেন কেন ? যেমন প্রণকার সোণার উজ্জ্বতা বৃদ্ধি এবং উহার উৎকৃষ্ট অপকৃষ্টতা অবধারণ জন্য সোণাকে পোড়াইয়া থাকে। তক্রপ ভগবানও রোগ, শোক, বিপদাপদাদি দারা পরীক্ষান্তে প্রকৃত ভক্তের গৌরব বৃদ্ধিই করিয়া থাকেন।

শ্রীমন্ত, প্রহলাদ ও পঞ্চপাশুব প্রভৃতি ভক্তপ্রবর্গণ অশেষ হুঃধ কই ভোগ করিয়াছিলেন বটে কিন্তু তাহাতে তাঁহাদেরই ভগবন্তক্তির শুকুত প্রমাণিত হইয়াছে। একণে বদি সংসারে হঃথই ভগবানের ক্রপার জিনিষ হয়, তবে যাহারা পার্থিব স্থথে স্থথী, তাহাদের উপার কি হইবে? তাহাদিগের কি কোনকালে উদ্ধার হইবে না? যেমন মায়ের কয়েকটী ছেলে আছে। তাহার মধ্যে বে ছেলেটী কোন প্রকার কই অমুভব করিয়া "মা" "মা" বলিয়া চীৎকার করিয়া করিয়া করিল প্রাক্তি তাহা না শাহার মাকে দেখিয়া তাঁহার কোলে বাইবার জক্ত শ্বন উৎস্ক হয়, তখন মা প্রথমতঃ তাহাকে খেলানা দিয়া শাস্ত করিবার চেষ্টা করেন উৎস্ক হয়, তখন মা সর্বাত্রে তাহাকেই কোলে তুলিয়া লয়েন। যে ছেলেটীকে 'চুসি' দিয়া ভূলাইয়া রাথিয়াছেন, সে যতক্ষণ 'চুসির' সৌনর্ব্যে মৃশ্র হয়া থেলিতে থাকে, ততক্ষণ মা সে ছেলের দিকে কক্ষা না করিয়া বাড়ীর ক্ষান্তি করিছে থাকেন। যথন সে আর উহায় আপাত সৌলর্ব্যে বিমুশ্ব না হইয়া বিরুক্তি ব্যক্তি মায়ের কোলে মাইবার জক্ত কাঁদিতে থাকিবে,

তথনই মা সৰ কাজ কেলে রেখে, দৌড়ে এসে কোলে ভূলে লইবেন। গেইরপ মান্য কর্মফল বা সম্বন্ধ হতে যতক্ষণ খন, জন, ঐশ্বর্যাদির নথার ক্ষথে বিমুদ্ধ হইয়া থাকে, ততক্ষণ সে ভগবানের দলার অধিকারী হয় না। কিন্তু যথন ডাহার উক্ত প্রকার পার্থিব স্রথকে নশ্বর মূপ বলিয়া জ্ঞান হর্ এবং উক্ত অবস্থায় ভগবং পদ লাভের জন্ম প্রাণ ব্যাকুলিত হয়, তথনই সে তাঁহার ফুপালাভের অধিকারী হয়। যেমন এক প্রকার খাম্ব ক্রমাগভ খক দিন ধরিয়া থাইলে তাহাতে অকৃতি জ্বিয়া থাকে। তদ্রূপ এক জ্বোই হউক অথবা বহু বোনি ভ্ৰমণ করিয়া হউক জীবের এমন এক সময় আসিবে, যে সে বিষয় উপভোগ করিতে করিতে আর তাহাতে পূর্ববং ভৃপ্তিলাভ করিতে পারিবে না। এইরূপে ঘথন নশ্বর স্থথ ভোগে বিরক্তি জানিবে, তথনই সে তত্তজ্ঞান লাভে শান্তি সোপানে আরোহণ করিতে ইচ্ছা করিবে। ঠাকুরের প্রির ভক্ত মহাত্মা রামচন্দ্র তাঁহার প্রথম বক্ততাতে এক স্থানে উল্লেখ করিয়াছেন, "ভিনি ( এ খ্রীরামকুঞ্চদেব ) মাতালকে কথন মদ ত্যাগ ক্রিতে বলেন নাই, লম্পটকে বেখা ত্যাগ ক্রিতে বলেন নাই, বরং এ কথা বলিতেন যে, যতদিন বাসনা থাকে সম্ভোগ করিয়া শণ্ড। এ কথা ছারা এরূপ কেছ বৃদ্ধিবেন না যে, তিনি পাপ কার্য্যের প্রশ্রর দিতেন।" বাস্তবিক এ কথা বলিবার উদ্দেশ্য এই যে, সম্ভোগ করিতে করিতে বাসনার ক্ষম হইলে, স্বত:ই উহাতে তাহার বিগক্তি জানায়। নিবৃত্তি হইবে। এই জন্ম ভগবান গীতাতে ৭ম মঃ ১৬ মোকে "জ্ঞানী"কে স্কুন্তিশালী বলিয়াছেন। कनठः और यनि विभाग चारेश्या वा मन्नान धामछ ना इहेबा चक्नि खाल দর্যাল ঠাকুর পূর্ণব্রহ্ম শ্রীভগবানে আত্ম সমর্পণ করিতে পারে, তাহা হইলে তাঁহাকে আর এই নশ্বর সুথ ছঃখের নিদারুণ যাত প্রতিঘাতে আছের হইডে रम ना। औक्क वनियाद्यन:-

যে জন দেখেন এই অনিত্য ধরায়,
সর্ব্ব জীবে সমতাব আত্ম তুলুনার
সংসারের হুখ হুঃখে সমদর্শী বিনি,
হে কান্তনি, জানি আমি বোনী শ্রৈষ্ঠ কৈনি।
(গীতা বর্ষ অঃ ৩২ প্লোক)

ঠাকুর বামক্রকাদেব এই জন্মই বলিয়াছেন, "দেহের হংথ হংখ যাই হোক, ভাজের জ্ঞান ও ভিজের ঐথর্য্য থাকে; গে ঐথ্র্য্য কথনও যাবার নর।" ঠাকুরের ভজকেশ্বরী মহাত্মা বিবেকানন্দ স্বামীজী, ঐ শুন, মেঘ্যক্স স্বরে শ্বিটেছেন;—

ভেবনা দেহের হয় কিবা গতি,
থাকে কিখা যায়—জনস্ত নিয়তি—
কার্য্য অবশেষ হরেছে উহার,
এবে ওতে প্রারন্ধের অধিকার;
কেহ বা উহারে মালা পরাইবে,
কেহ বা উহারে পদ প্রহারিবে;
কিছুতেই চিন্ত প্রশাস্তি ভেলনা,
দদাই আনন্দে রহিধে মগনা;
কোথা অপ্যশ—কোথা বা স্থথ্যাতি ?
ভাবক ভাব্যের একম্ব প্রতীতি,
অথবা নিন্দুক নিন্দোর বেমতি।
জানি এ একত্ব আনন্দ অস্তরে—
গাও হে সয়্নাসী নির্ভীক অন্তরে—
ওঁ তৎসং ওঁ।

(ক্রমশঃ) শ্রীহরিপদ দদী।

# আত্মসন্পূৰ্ণ।

শিক্তীয় শিরিচেছদ। চিকিৎগা।

দেখিতে দেখিতে কালারাত্তি প্রভাত ইইয়া গোল। উন্নাসনাগমে বিহলিনীসাপ দিজ নিজ কণ্ঠবরে পানীবাসীকে জাপরিত করিব। পালিনী তাহার সববধুকে আদিতে দেখিরা প্রকুলচিতে সর্গীবকে নৃত্য করিতে লাগিল। আজ সপ্তমী, মা আনন্দময়ীর আৰু প্রথম পূঞার দিন। পূজাবাড়ীতে নবপত্রিকা স্মান করাইবার নিমিত্ত সকলেই ব্যস্ত। পথে বাটে ছোট ছোট ছেলে মেয়েরা নব বেশস্কুষায় শ্বসঞ্জিত হটরা সহাভাবদনে ইতন্তত: দৌড়াদৌড়ি করিতেছে। কামদেবপুর গ্রামটী কুন্ত ৰটে, কিন্তু অনেক সমৃদ্ধিশালী ব্যক্তির বাদ থাকার গ্রামে অনেক বাড়ীতেই মারের আগমনু হইয়াছে। কুন্ত গ্রামধানি আব্দি নানাবিধ বাছধানিতে পরিপূর্ণ হইরা আনন্দে ভাসিভেছে। আজ সকলেই আনন্দিত কিন্তু আমাদের চাপার হুদর তমসাচ্ছর। সে ভাহার বিষাদমাধা মুধধানি লইয়া কুগ্নশ্যার শায়িত স্বামীর মুখপানে একদৃষ্টে চাহিলা রহিলাছে এবং মধ্যে মধ্যে দীর্ঘনিয়াস ত্যাগপুর্বক বীর অঞ্চল বারা চকুবর মার্জন করিতেছে। পক্ষী-কলরব শুনিরা ভাহার চমক ভাঙ্গিল। লে ত্বরায় নিক্তারিণীয় নিক্রা ভঙ্গ করিয়া তথাকার একমাত্র স্থবিজ্ঞ যোগান ডাক্তারকে আনিতে পাঠাইল। ইতিমধ্যে হলালের নিক্রাভঙ্গ হইল, পাৰ্মে পিতাকে দেখিয়া সে আধ আধ স্বরে "মা, বাবা-মা, বাবা" বলিয়া चकुनि निर्फ्लमभूर्वक नीनश्रञ्जन मिरक वात्र वात्र रमथाहरू गानिन।

চাঁপা ফুলালকে উঠিতে দেখিয়া তাহার সন্মুখে চারিটা মুড়কি ছড়াইরা मिस्रो विनन, "धुनान ! था", এवः निष्क शांकरन आंत्रित्रा ननत्र नत्रलात्र इड़ा नित्रा পুনরায় স্বামীর নিকট গিয়া বসিল। নীলরতনের অবহা পূর্বের ভার, এখনও পর্যন্ত তাহার সংজ্ঞা হর নাই। একটু বেলা হইতেই হ'রেমুদি, পাঁচি গোয়ালিনী. ব্রামা ধোপা প্রভৃতি আসিরা নীলরতনকে ডাকিতে লাগিল। পাঁচি গোথালিনী बांगित मध्य जानिया नीमत्रण्यात ज्ववहा मिथिया वाहित्व निया विनम, "मामावाद्व वर्ष वाराम खान टेठ्छ तहे, वोनिनि धक्ना वरन वरन कानाह, हन वानाहरू আমরা বাই, এ অবস্থায় ত আর তাগাদা করতে পারা যায় না" এই কথা শুনিয়া সকলেই প্রস্থান করিল। কেবল পাঁচি গোয়ালিনী পুনরার বাড়ীর মধ্যে গির। **টাপাকে** বলিল--বৌদিদি সংসারের কাজকর্ম ত কিছুই হয়নি দেখতে পাচ্ছি--নিস্তারিণী কোথায় ?

টাপা—দে ভাকার আন্তে গেছে।

পাঁচি—তবে আৰিই তোষার কাজ কর্মগুলো সেরে দি। ভয় নেই দাদাবাবু শীঅই সেরে উঠবেন। তুমি মা জুগার কাছে বুক চিরে রক্ত দেবে বলে মানসিক

করো। এই বলিয়া সে উঠানে পিয়া ঝাঁটুপাটু দিতে লাগিল। এখন চলুন, আমরা নিঁতারিণী কি কভেচ দেখিগে।

যোগীন ডাক্তারের বাড়ী নীলরভনের বাড়ী থেকে প্রায় আড়াই ক্রোশ দূরে। জেলার মধ্যে যোগীন ডাক্তারট একমাত্র স্থবিক্ত ডাক্তার, হাত্যশও বিলক্ষণ ছিল। কাহারও বাড়ীতে কঠিন ব্যায়রাম হইলেই যোগীন ডাক্তারকে আনিতে ছুটিত, কিন্তু অত্যন্ত বিপন্ন না হইলে লোকে তাহার কাছে বাইত না—পাড়ার যে অমৃত ডাক্তার ছিল ভাহাকেই দেখাইত এমন কি কেহ কেহ ভগবানের উপর নির্ভর করিয়া অনেক কঠিন কঠিন ব্যায়রামগু তাহার দ্বারা চিকিৎসা করাইত। ইহার কারণ আর কিছুই নয়, যোগীন একটু অর্থলোলুণ ছিল। দে গরীব ছংলী বলিয়া কিছুমাত্র বিবেচনা করিত না। কেহ ভাহাকে ঔষধের মূল্য কিংবা দর্শনী সম্বন্ধে কোন অমুরোধ করিলে সে তাহা গ্রাহ্ম করিত না, এমন কি সে তাহার অন্তরঙ্গবন্ধর নিকটও দর্শনী লইতে কিছুমাত্র কৃষ্ঠিত হইত না। সে বলিত ব্যবসা করিতে গেলে, চক্ষ্লজ্জা বা রূপাপরবশ হইলে ব্যবসার কিছুতেই উয়তি করিতে পারা যায় না। এই সমস্ত কারণে প্রামং বাসীরা ভাহাকে গভর্গমেণ্ট প্রদন্ত এম্, বি, উপাধি ভিন্ন আর একটী উপাধি দিয়াছিল। সেটী আপনারা জনিতে ইচ্ছা করেন মদি— "অর্থপিশাচ।"

নিস্তারিণী বাটী হইতে বহির্গত হইয়াই সমূথে একথানি ভাড়াটীয়া গাড়ী দেখিতে পাইল এবং সে দৌড়িয়া গাড়োয়ানের অজ্ঞাতসারে পিছনে বসিল। গাড়ী ক্রতনেগে ছুটিতে লাগিল এবং অনভিবিলমে গন্তব্যস্থানে পৌছিল। নিস্তারিণীও গাড়ী হইতে নামিয়া পদরক্ষে চলিতে লাগিল, সেথান হইতে যোগীন ভাক্তারের বাড়ী বেশী দূর নয়। প্রায় পনের নিনিট পরে সে ভাক্তারের বাটীতে পৌছিল। যোগীন তথন নিজের বৈঠকথানায় বিদয়া ধ্নপান করিতেছিল, সমূথে নিস্তারিণীকে দেখিয়া বলিল, "কি গাঁ, কি চাও ?"

নিস্তারিণী—হাত যোড় করিয়া বলিল, "বাবু আমাদের বড় বিপদ, **আশনি** একবার আহ্ন।"

যোগীন—তুমি কোখেকে আস্ছ?

নিস্তারিণী—কামদেবপুর থেকে। বাবু একটু শীগ্গির করে চলুন— বোগীন—শুনেছ, আজকাল আমি দর্শনী চারটাকা করেছি, হু'টাকা আর দইনা।

নিস্তারিণী-বাবু, আমরা গরীব ছংখী লোক, আমাদের প্রতি একটু বিবেচনা করিবেন।

যোগীন-স্থামার কাছে ওপর একচোথোমী নেই। আমি সকলকে সমান চোধে দেখি-- बड़रनाक मिथरन जात्र कारह इ'ठाका दिशी व नहें ना, भतीव वरन এক টাকা কমন্ত করি না।

নিস্তারিণী—তা বাবু আপনাদের বাণ ত পরিশোধ হ'বার নয়—বা ভাল বিবেচনা হয় করিবেন। আপনার চাকরকে শীগ্গির্ করে গাড়ী ডাকতে বলুন। বোগীন--আমি বোড়ার চড়ে যাই। তা তুমি যথন বলছ, আমি গাড়ী আনতে পাঠাচ্ছি, ভাড়া বোধ হয় ২ টাকা শইবে তা তোমাকেই দিতে হ'বে।

নিস্তারিণী ভাড়া দিতে স্বীকৃত হইলে গাড়ী ভাকা হইল এবং গাড়ী এক খন্টার মধ্যে নীলরতনের বাড়ীতে পৌছিল। ডাক্তার আদিলে চাঁপা ভাহার পদ্বর জড়াইয়া ধরিয়া বলিল, "শৈশবেই আমি পিড়াইন, জ্ঞানে আমি পিডাকে দেখি নাই। আপমি আমার পিতা, যাহাতে আমার স্বামীর প্রাণ রক্ষা হয়, তাই ককন, আমাদের আর কেহ নাই।"

ষোগীন-স্থামি ত আর নারায়ণ নহি যে, তোমার স্বামীর প্রাণদান করবো। চাঁপা—আপনি আমার কাছে নারায়ণতুল্য। আপনি যাকে দেখেন তারই প্রাণ রক্ষা হয়, আপনি সেবার বোদেদের ছোট কর্ত্তাকে যমের হাত থেকে ফিরিয়ে এনেছিলে।

যোগীন—আছা চল ত রোগীকে আগে দেখি। এই বলিয়া ডাক্তার রোগীর রোগ পরীক্ষা করিলেন। চাঁপা ডাক্তারের মুখ পানে এক দৃষ্টে তাকাইয়া রহিল। ডাক্তার রোগ পরীক্ষান্তে ঔষধের ব্যবস্থা করিতে লাগিলেন এবং চাঁপা নিজারিণীকে নীলরতনের পকেট হইতে দর্শনীর টাকা আনিতে বলিল। নিস্তারিণী ফিরিয়া আদিয়া বলিল, "বৌদিদি পকেটে একটাও প্রসা নেই," এই কথা শুনিয়া চাঁপা বলিল, "ভাল করে দেখেছিস।"

নিস্তারিণী—হাা গো হাা, তা তুমি অমন কচ্চ কেন ? ডাক্তারবাবুকে ও আবার ওবেলা আসতে হতে, তথন না হয় তুবারকার একেবারে নিয়ে যাবেন— বোগীন এই কথা শ্রবণ মাজ রাগান্বিত ভাবে বলিল, "তোমরা কি রক্ম লোক, দর্শনীর টাকার যোগাড় না করে ডাক্তার ডাক্তে গিমেছিলে 🕇

চাঁপা, তাঁহার পদ্বয় ধরিয়া বলিলেন—"আপনি আমার পিতা। আমাকে বুকা ক্রুন, বুদি আপনার বিশ্বাস না হয় আমার এই একগা ছ বালা নিন্-আমার স্বামীকে রক্ষা করুম। এই বলিয়া চাঁপা একগাছি ৰাকা হাত থেকে খুলিয়া ডাক্তারের হাতে দিল। ডাক্তার বালাটী গ্রহণ করিয়া বনিল, "তা বাপু আমাদের অত চকুলজ্জা কল্লে চলে না—আমি ওবেলা বালাটী লইয়া আদিব— তুমি টাকার জোগাড় করে রেথো, টাকা পেলেই বাবা ফেরত দেকে।" এই কথা ৰলিয়া ডাক্তার বালা পকেটে রাখিবা মাত্র পাঁচি গোরালিনী বলিল, "ভূমি কি রক্ম ভদ্রলোক গা. ভোমাকে আমার বৌদিদি ৰাপ ৰল্লে, **আর তুমি তার সক্ষে** যে রকম ব্যবহার কছে, চামারে তা পারে না। তুরি কোন আরেলে বালা পুকেটে ফেল্লে—ভোমার ক'টাকা ভিজিট বল—আমি দিচ্ছি, এই বনিয়া সে আঁচলের খুঁট হইতে ছয়টী টাকা ডাক্তারের সন্মুথে ঝনাৎ করিয়া ফেলিয়া দিল। চাঁপা একেবারে কিংকর্ত্তব্যবিষ্ট হইয়া দাঁড়াইয়া রহিল। ওৎপরে আত্মশংবরক করিয়া পুনরায় ভাক্তারকে বলিল, "আপনি কিছু মনে করিবেন না, আফি আপনার কন্তা, ওবেলা আবার আসিবেন। মনে রাখিবেন, আমাদের আর কেই नारे। याशीन दक्षित, "ना आभि किছ भटन कविनि। नकरनारे कि उज्जाबाक १ আবার অনেকে ডাক্তার বৈশ্বকে ফাঁকি দেয় সেই জন্য ঐরপ ৰক্ষিছিলাম. আমি কিছু মনে করিনি মা, ওবেলা আমি নিজেই আসিব, তোমায় আর লোক পাঠাতে হবে না।" এই বলিয়া ডাক্তার ষেই গাড়ীতে উঠিৰে অমনি পাড়াক আরও ২।৪ জন লোক নীলরতনের অন্তথ ওনিয়া দেখিতে আসিতেছিল। ভন্মধ্যে বেণীমাধ্ব বন্দ্যোপাধ্যায় ডাক্তারকে ডাকিয়া চুপি চুপি অনেক কথা জিজ্ঞাসা করিল। প্রায় দশ মিনিট কথাবার্তার পর ডাক্তার **মাডীতে উঠিছা** চলিয়া গেল এবং বেণীমাধৰ ও অন্তাক্ত ভুদ্ৰোকগুলি নীবহতনকে দেখিবাছ **জ**ন্ম বাটীর ভিতর প্রবেশ করিল ।

> (ক্রমশঃ) শ্রীক্রিভীশন্ত্র ঘোষ।

# উত্তরাধতে ভ্রমণ ও স্থিতি।

( 30 )

হীম শীতল রন্ধনী অস্তে রাঙা রবি স্টিয়া উঠিল। বাজীগণ জাগিল।

দে দিন বাদশী প্রভাত। দে দিন প্রাত্তংকালে আর অগন্তা চটি ত্যাপ
করা হইল না। কেননা বাজীরা সব উপবাসী। মব্যাক্তে মান অস্তে আনন্দময় শ্রীশ্রীঠাকুরের মৃর্তিকে পূজা করিয়া আহারাদি সারিয়া গল করা হইতে
লাগিল। আন্দাল বেলা আভটার সমন্ন চটি ত্যাগ করিয়া নামের লয়ধ্বনী
দিয়া উঠিলাম। যতা বন্ধর সাহাযো চলিতে আরম্ভ করিলাম। পথে মাঝে
মাঝে চড়াই ঠেকিল। দে দিন রসময় ঠাকুর প্রাণে এত হাস্তরসের স্টে
করিয়াছিলেন, সেই পথ মধ্যে হাসি ছড়াইতে ছড়াইতে চলিলাম। সদ্ধার
সমস্ত্র "চক্রাপুরী" নামে চটিতে আসিয়া পড়িলাম। সে রাজি সেই চটিতেই
থাকার বন্দোবস্ভ হইল। চটিটি বিতল। বেশ পাথরের গাঁথনি ও লহা লহা
বর অনেকগুলি আনন্দমনী স্প্রসন্দিনীতে আসিয়া বসিলাম। জ্তা ইকিন
খুলিয়া ভৌতিক দেহের সেবা আরম্ভ করিলাম। যাক, আমার পা সন্দিনী
ক্রন্ধচারিশী টিপিতে বসিল, তার পা আমি টিপিতে বসিলাম। অন্তান্ত
সন্দি মাডুগণ তৎদৃষ্টে হাসিতে লাগিলেন ও আমাদের বন্ধুন্তটা থ্ব গভীর ভালবাসায় অচ্ছেছ, বার বার তাহাই শোনাইতে লাগিলেন।

সেই সময় অধিতীয় এক জীবন বন্ধুকে শ্বরণ হইয়া উঠিল। শ্রামকে শ্বরণ হলেই প্রাণের স্থিরতা থাকে না, সব কি হইয়া যায়। স্থাপন মনে মনোমোহনের উদ্দেশে বলিতে লাগিলাম—

কোপার তুষি কোপার তুষি
(ত্যামার) কোন স্থদ্রের বন্ধু তুষি
আমার প্রাণারাম প্রিয়ত্তম
আধার গৃহে নিধি সম
আমি ভোমা ছাড়া থাকুবো না আর —

মে বাত্তে সেই চটিতেই থাকা গেল।

28 )

পর দিন শেষ রন্ধনীতে কাণ্ডিওলার ডাকাডাকিতে নিদ্রা ভঙ্গ হইল। शिष्ठ कष्यमधा। পরিত্যাগ করাও একটা বীরম্ব। সকলেই এশীঠাকুরের অনস্ত मक्तिविभिष्ठे नार्त्रारे डिठिया পড़िमाम। यक्तिवृक्तक मामरम महेमा "अस वस्त्री-বিশালকী জয়" দিরা পাহাড়-পথে চলিতে আরম্ভ করিলাম। রাস্তার চড়াই উৎরাই কিছু কিছু ঠেকিল। উপর্যাপরি কয় দিনেই চড়াই উৎরাই অভান্ত হুইয়া উঠিল, আর তত কর্ষ্ট ঠেকিল না। আন্দাজ বেলা ১০টার সময় গুপ্ত-কাশীতে আদিলাম। গুপ্তকাশী বা গোপকেশীটী একটি ছোট্ট রকম পল্লি। পিতলের হাঁড়ী, ঘটি, ছোট থালা ইন্ড্যাদির দোকানও ২।১টি রহিয়াছে। একটি দ্বিতল স্থান পাওয়া গেল। কেদারনাথের পাণ্ডাজী আমাটের সঙ্গেই আসিতেছেন। এ গুপ্তকাশীতে তিনিই সমস্ত থাকার বন্দোবস্ত করিয়া দিলেন। কেদারনাথের পাভাদের বাড়ী এই স্থানে। এখান হইতে বংদর বংদর वबक शनित्न (कनावनार्थिव मन्तिद्वत नवका धूनित्न यांबीरंनव नरेवा नर्नन করাইয়া আনেন। আমরা সে দিন সমস্ত দিনরাত্রিই গুপ্তকাশীতে রহিলাম। মধ্যাহ্নে তথায় ভীর্থকার্য্য সম্পন্ন হইল। একটি কুণ্ডতে স্নান করিন্না এক মহাদেবের পূজা করিলাম। আহারাদির পর সাধু সস্তানম্বর ও সমস্ত সঞ্চিনীগণ মিলিয়া থুব গান ও ঠাকুরের গুণামুকীর্ত্তন স্বামিঞ্জী মহারাজের বিষয় আলো-6নার কাটিয়া গেল। সন্ধ্যার সময় শিব ঠাকুরের আরতি দেখিয়া আসিলাম। রাত্রে আমাদের স্থানিলা হইল। পর দিন প্রত্যুবে নামের জয়ধ্বনী দিয়া উটিলাম। সানন্দপূর্ণ মনে পাহাড়পথে গাহিতে গাহিতে চলিলাম—

> "তটিনীর তটে পথে ঘাটে মাঠে বলরে হরি বল। মুখে হরি হরি বলিতে বলিতে ভরষে সকলে চ**ল**।"

আন্দান্ধ বেলা ১১টার সময় ফাটা চটিতে আসিয়া তথার সকলে মধ্যাকে রহিলাম। চটিতে থড়ের ঘর ধানকতক রহিয়াছে। একটা বেশ ভাল ঝর্ণাঃ নিকটেই রহিয়াছে। মধ্যাকে সঙ্গীদের একটা বিরাট অকড়া শোনা গেল। তাহা আনন্দপূর্ণ হাস্তময়। বৈকালে আবার পাহাড়পথে চলিতে আরম্ভ করি-

লাম। এ পথের মধ্যে স্থরমা বন দেখিলাম। এমন স্থলর বন জীবনে দেখি নাই। যেন পরীদের রম্য ছল। পথে যেতে যেতে সামার সময় স্থান বন দৃষ্টে প্রাণ পুরুকে পৃরিয়া উঠিয়া যেন আনন্দে নৃত্য করিতে লাগিল। ষষ্টিবন্ধুকে সেই বনে ফেলিয়া একবার সেই বনে শরন করিলাম। দীর্ঘ দীর্ঘ সারি বাঁধা তক্ষ সকল দাঁড়াইয়া আছে, তাছা হইতে শিক্ড সকল ঝুলিয়া পড়িরাছে, নির্জন নিস্তর মধুর। ঝিল্লি রবে কর্ণে অমৃত বর্বণ করিতে লাগিল। সেই বনে এসে শরনপূর্বক প্রেমিক বালক প্রবকেই শারণ হইল। এমনি রমণীয় বনে এব রমণীয় মৃতি দর্শন করিয়াছিলেন। "হা মধুকুদন হা মধুকুদন" করিরা ছুটরাছিলেন। গভীর তপস্তা করিয়াছিলেন। এমনি মধুর নির্জনতা ভাবিতে লাগিলাম, নির্জ্জনতাই স্থলর। কোলাহলে কোলাহল বাড়ে। নির্জ্জনেই ৰীরবতা আদে। বনটা দেখে বর্নমালীর জন্ম বড়ই মনটা কেমন করিতে লাগিল, মনে হুইল হেলে হেসে এসে যদি একবার তাঁর মধুর বাঁলীটি বাজান, তা হলেই বৃঝি সব তন্মর হোয়ে বাবে। কিন্তু বনমালী আর এলেন না, প্তাবে প্রাবে কি একটা মধুর আনন্দ দিলেন, আবার ওঠা গেল। কখনও ৰালকের মত বৃক্তিত বৃক্তিত হাসিতে হাসিতে সব ত চলিলাম। সন্ধার সময় জন্ম মধ্যে একটা চটি পাওয়া গেল। চটিটি কুন্ত। থানকতক থড়ের ঘর আছে। নাম "রামাপুর চটি।" রাত্রে এসে স্থানাভাবে আমার ঝি ও আর একটি বুড়ীতে বিষম গোলোযোগ বাধাইল। মাত্রা অধিক বাড়াধাড়ি দেথে পাওাজী মধুর ভাষে উভয়কেই ঠাণ্ডা করিলেন। তাঁহার সে গুণ পূব ছিল। আহারও করাইলেন, শেষে সকলকে শয়নের স্থান নির্ণয় করিয়া দিয়া গেলেন। আমার সঙ্গিনী ব্রদ্ধচারিণী বেশ গৃহিণীত্বপূর্বক অনেককে বোঝাইয়া আসিল। শেষে একজনের স্থানেই নারায়ণ রামক্রফ নাম স্মরণপ্রক আমি ও ব্রন্ধচারিণী সে রাত্রে শয়ন করিলাম। সে দিন একথানা কম্বল কম লাগিল। প্রাতে সামান্ত গাত্র বেদনা অনুভব হইল। আনন্দে সূর্য্য তাপে ও পথ হাটার কতক কমিল। সে দিন পথে ভীষণ চড়াই ঠেকিল। তপ্ত সূৰ্য্য মন্তকের উপর উঠিলেন। তথ্য পাথরও পায়ে। মতাস্ত ভয়ত্বর পথে আমরা ত্রিযুগী নারায়ণ দেখিতে চলিলাম। সমগ্র দল আহি আহি করিয়া উঠিতে বসিতে ध मारव मारव नम्रन क्तिएंड क्तिएंड नारमंत्र राण नाम श्रानी पूर्वक राणा

১॥ । টার সময় তিবুগী নারারণের স্থানে চটিতে আসিয়া পড়িশ। তিমুগী ৰারায়ণ খুণ সৃষ্টি, , সাম্নে কুওতে লান হইল।

সে দিন कांठ आह धरत ना। वह करहे कांन क्षकारत आह शांक हरेग।

#### ( >4 )

মধ্যাহে আহার সারা হইলেই, সে দিন তথা হইতে ফিরিতে হইল। বেলা এটার সময় রোক্তে আবার সেই পথে নামিতে একটা অরণীর কষ্ট পাওরা গেল। কিন্তু দে কটে বিরক্তি নাই, সে কটটাও কেমন মধুর। পথে ব্ৰহ্মচারিণী ৰমি করিল, অভ্যস্তই অবসর হোরে পড়ার প্রাণটার দারুল ব্যথা লাগিল। ঝর্ণার জল আনিয়া তাঁহার মূবে চোবে দিয়া, অঞ্চলের ৰাভাগ করিয়া একটু স্থন্থ করিয়া আবার চলিলাম। আর একটু গিয়া বুছিরা একেবারে শরন করিল। সে আর উঠিতে পারে না, তৎসঙ্গে সে গাভি প্রার্থনা করিল "এ বাবুরা এ পাভা একট গাভি বোলা" বলিরা বুড়িরা ব্যাকুল হইরা উঠিল। সেই পথে গাভি মেলা অসম্ভব। রুধু ধুম পাছাড় আর ধরত্রোভে বহু নিয়ে অলকানন্দা চলিয়াছে। এক এক স্থানে এক হাত প্রসার পথ, কোনও স্থানে অধু একথানি পাথর দশ বারো আসুল স্থান, পা সরিল ত, অলকানন্দায় চলিয়া যাও।

পাঙাজী বৃড়িরাকে শইয়া অতি সন্তর্পণে চলিলেন। আমাদেরও তাঁহার লোকেরা লইয়া চলিলেন। ঠাকুর আমাকে একটি স্থন্দর নির্বোধ শিশুর মত সরল শহর নামে সন্তান দিলেন। অতি যত্নে হাত ধরিয়া ধরিয়া লইয়া চ্লিল। সন্ধ্যার সময় আমরা গৌরীকুও নামে এক চটিতে আসিলাম। উ: কি শীত জীবনটা বুঝি যার, দেহটা বুঝি জমে বরফ হোরে যায়। আংগুন আগুন চারিদিকে অগ্নি কাও কাঠ অনিতে লাগিল। সরম জলের গোরী-কুওটা অন্দর স্থান। চটির পার্ষে হরহরধানীপূর্বক নদী বহিতেছে। চটির মধ্যে অনেক দেবদেবী মূর্ত্তি। পাথরের বাঁধান মস্ত প্রাঙ্গন। ছটি কুণ্ডু ্রহিরাছে। একটি সাদা রং গ্রম জল' ফুটস্ত জল। আর একটি হল্ছে রং ঠাতা জল। গরম জলের কুতুর ধারে বসিয়া একটু গরম হইরা চটির মধ্যে আগিতে প্রাণ বার। কোনও প্রকারে ক্ষণ শ্ব্যার

শ্রীঠাকুর শ্বরিয়া যৎকিঞ্চিৎ আহার অন্তে পাঁচ সাতথানা কম্বল আলোয়ান মৃড়ি দিয়া সব পড়িলাম। ভীষণ শীতে আর নিজা হয় না, হদ্কম্প হইতে লাগিল। প্রাতে রৌদ্র উঠিতে তবে দমন্ত যাত্রীগণকে জাগাইয়া পাওাজী স্থ্যবাব। সকলকে একত্রিত করিয়া পথে বাহির হইলেন। বেলা ১২ টোর সময় পাহাড়ের গায়ে একটি কুত্র থড়ের ছাউনী চটিতে আসিয়া পড়িলাম। সে দিন খুব রৌদ্র হইল। চটিটির নাম "রামবাড়া।" রামবাড়া হইতেই আমরা বরফ পাইলাম। তথা হইতে কেদারনাথ যাইতে ২ইবে। চটিতে মহা গোলোযোগ বাধিল। কেননা ২।৩টা সাধু কেলারনাথ দেখিতে यारेवात्र मानरम भिन्ना अर्द्धक भूरथ वत्ररक्त अन्न कित्रिन्ना आमिरनन। তাঁহাদের দেখে সমস্ত ঘাত্রীদেরই হৃদকম্প আরম্ভ হইল। সঙ্গিনী ও আমিও খুব ভাবিতে লাগিলাম, পাণ্ডাজী আসিয়া বসিয়া পড়িলেন।

> (ক্রমশঃ) "ভক্ককিষ্করী।"

### আস্পা 1

অনস্ত বাসনা লয়ে আছি পথে শাঁড়াইয়ে এ আশা কি পুরণ হবে না? উদিয়া মুহূর্ত্ত তরে, আবার মিলাবে কিরে মোর পানে ফিরে চাহিবে না <u></u> কতই বাসনা সহ এনেছি এ দুগ শহ হে নিঠুর এ ফুল লবে না ? এসেছি তোমার দারে, দিখে কি ফিরায়ে মোরে পুরাবে না হ্রদয় বাদনা? হার কতই সাধ ঘটাওনা পরমান ওহে নাথ চাও মোর প্রতি। দা জানি তোমার পূজা হে মোর হৃদয় রাজা আমি যে গো অতি হীন মতি॥

নাহি আছে ফুল গল, নাহি আছে গলাজল, নাহি আছে প্রতি চন্দন। নাহি আছে বিশ্বপত্ৰ না আছে গো হেমছত্ৰ আমি পিতা অতি হীন মন ৷ কি দিব তোমার পদে বক্তোৎপদ কোকোনদে তনয়া কি সঁপিবে বলনা ? বল গো বল গো কথা তবে কি ছে বিশ্বপাতা বাসনা কি সফল হবে না ? গঙ্গাজল বিনিময়ে স্নয়নের ঋণ দিয়ে ধোয়াব ও রাজীব চরণ। স্থান্ধি কুস্মরাশি কোপায় পাইবে দাসী লহ ভক্তি-পুষ্প সচন্দ্ৰ।। হে পিতঃ করুণাসিদ্ধ অনাথজনের বন্ধ অনাথের জুমি চিরকাল। অনাথারে দয়া কর কোরোনা বঞ্চনা আর কোথা ওহে পরম দয়াল্য না জানি ভকতি স্ততি আমি অতি হীন মতি আশা মম করহ পুরণ। পূর্ণ কর মনোরথ দেখাও হে সত্য পথ. मन्ना कत विभम **का**त्रभ ॥ শ্রীশ্রীরামক্রফ শ্রীচরণা শ্রিতা দাসী খ্রীমতী প্রভাবতী দেবী।

# স্বামী বিবেকানন্দের পত্তের প্রতিবাদ। ( পূর্ব্ব প্রকাশিত ১২৭ পৃষ্ঠার পর )

ঠাকুর শ্রীরামক্রফদেবের দেহাবসানের পর তাঁহার ভত্মাবশিষ্ট অন্থিপঞ্জ থাহা একটা স্ত্হৎ তাম কলসীতে সংস্থাপন করা হইরাছিল, ভারা লইরা

পরে ভব্দগণ মধ্যে যে বিবাদ বিসন্থাদ হইরাছিল, যাহার নিমিত্ত সিম্লিরা মধুরায়ের গলিস্থিত মহাত্মা রামচন্দ্রের বাটীতে একটা সভা, আহুওঁ হইরা মীমাংসিত হইরাছিল, তাহা এই শ্বানে বিশদভাবে উল্লেখ করা অপ্রাসন্ধিক হইবে না।

সভার জন্ম মহাত্মা রামচন্দ্রের নিমন্ত্রণ পত্র।
ন্ত্রীশ্রীহরি সহায়।

#### শ্ৰদ্ধাম্পদ ভক্তমণ্ডলী

শ্রীচরণেযু—

স্বিনয় নিবেদ্ন-

গত ৮ই ভাত্ত তারিখে আপনাদের অভিমতে আমার কাঁকুড়গাছীস্থিত ৮৮এ সংখ্যক উন্থানে আমাদের পুজনীয় গুরুদেবের অন্থি সমাহিত হইয়াছে। তদনস্তর

It will be an act of deservation to say the least to ezhume the bones from the spot where they have been interred. If the Kankur gachee bagan does not suit the taste of all the followers and admirers of the late revered Parambansa a memorial building may be erected on some Other site that may be approved by all and some other relies of the great departed spirit deposited there I shall go out of town on the afternoon of Friday next and am exceedingly sorry that I shall not be able to attend the meeting to be held for the discussion of this important question.

I. C. Mukerjee,

যে সকল ভক্তেরা ইতিপুর্ব্বে বিবিধ আকারে
সাহায্য করিয়া আসিতেছিলেন, তাঁহান্তা একণে
পৃষ্ঠদেশ দেখাইয়া নানাপ্রকার স্বেচ্ছাচারী ভাব
প্রকাশ করিতেছেন। এমন কি কেহ কেহ
এ প্রকার অভিপ্রায় ব্যক্ত করিতেছেন যে,
সমাধিস্থ অস্থি পুনর্বার বাহির করিয়া
লইতে হইবে এবং তল্প্রভা বিবিধ প্রকার
উপায় অবলম্বন করা হইতেছে। কেহ বা
অক্ত স্থানে অক্ত প্রকার স্মরণার্থ চিক্ন স্থাপন
করিতে প্রয়াস পাইতেছেন। এইরপ প্রক্রার
মহা কলহ এবং মনাস্তর উপস্থিত হইবার

উপক্রম ত্ইতেছে এবং তজ্জন্ত বিধাদের উপর বিধাদ উৎপত্তি হইবার হেতু হইতেছে।

ষে দিন ইইতে আমার উন্তানে গুরুদেবের অন্থি সমাধি হইরাছে, সৈই দিন হইতে আমি উন্নার শ্বন্ধ গুরুদেবের সেবার অর্পণ করিয়াছি। কিন্ত ফুর্জাগ্যবশতঃ ছই চারিজন ভক্ত ব্যতীত কেইই আন্তরিক ক্ষম খুলিয়া শুরুদেবের কার্য্য করিতেছেন না। কোন বিষয়ের তর্বাবধারণও লইতেছেন না স্কুতরাং যথন গুরুদেব আমার প্রতি দয়া প্রকাশ করিয়াছেন তথন আমাকেই হিন্দু রিতাঞ্সারে দৈনিক সেবা করিবার সমুদ্য ব্যবস্থা করিতে হইথাছে।

সমাধি স্থানে একটি মন্দির নির্মিত হইতেছে। উহা প্রায় সমাপ্ত হইরা।
আসিল।. এই সমরে ধাহা আপনাদের স্থির হয় অবশ্রুই করিতেই হইবে।
য়য়্মপি অস্থি উল্ভোলন করাই স্থির হয় তাহা হইলে ভাহার ব্যবস্থা করিতে
ইইবে অথবা অন্ত প্রকার মত হইলে সেইরূপ কার্য্য হওয়া আবশ্রক।
এই নিমিত্ত আমি বিনীতভাবে নির্মাণিথিত ভক্তমহোদয়িদগকে একত্রিত হইয়া
স্থাপরামর্শ করিবার জন্ত আহ্বান করিত্তেছি। দয়া করিয়া সিম্লিয়া ১১ নং
মধ্বায়ের গলিতে ১ই আস্থিন, ইং ২৪শে সেপ্টেম্বর শুক্রবার অপরাহ্ন বেলা
৬টার সময় সকলে উপস্থিত হইয়া যাহা বিবেচনা গোগ্য হয় তাহা পালন
করিবার জন্ত আমি প্রার্থী রহিলাম, ইতি ৬ই আস্থিন মঙ্গলবার ইং ২১শে সেপ্টেম্বর
১৮৮৬।

দেবক শীরামচক্র দন্ত।

#### Rd. স্বাফর

#### শ্ৰীযুক্ত ৰাবু স্থরেক্তনাপ মিত্র।

- " " গিরীক্রনাথ মিত্র G. M.
- , নবেকুনাথ দত্ত Seen N. N. Dutt.
- ্ৰ মনমোহন মিত্ৰ।
- . ু দেবেক্সনাথ মজুমদার Seen D. M.
- ু নবগোপাল ঘোষ।
- " 🍃 উপেক্সনাথ মজুমদার U. N. M.
- ু , নৃত্যগোপাল বস্থ N. G. B.
- ু বুলুরাম বৃহ B. B.
- ু চুণীলাল বহু C. B.
- ্ব টুলানচক্র মুখোপাধ্যার I. M.
- ু , মণিমোহন মল্লিক।
- ু " গিরিশচ্ক্র ঘোষ G. C. Ghosc.

#### বীযুক্ত বাবু অতুলক্কম্ভ ঘোৰ A. K. G.

- ্র গোপালচক্র মেন G. C. Sen.
- ু রাথালচ<del>ন্ত্র</del> ঘোষ R. G.
- ু বাবুরাম ঘোষ B. Bose.
- ু গোপালচন্দ্র ঘোষ G. Ghose.
- ্ৰ শরৎচক্ৰ চক্ৰবৰ্ত্তী S. C. Chakrabartty.
- ু শুশীভূষণ চক্ৰবৰ্তী Sosee Bhusan Chakarbatty,
- ু মহেন্দ্রনাথ গুপ্ত।
- ্ ু ধিরেক্সনাথ মুখোপাধ্যায়।
- " ু কালীদাস মুখোপাধ্যায় K. D. M.
- ু কুদারনাথ চট্টোপাধ্যার।
- ু হরমোহন মিত Seen H. M. M.
- 📜 🚆 উপেক্সনাথ মুখোপাধ্যায়
- ্ৰ নিরঞ্জন ঘোষ।
- ্ৰ ভারকনাথ ঘোষাল।
- ু গঙ্গাধর ঘটক।
- \_ \_ ভূপতিনাথ চট্টোপাধায়ে ।

১ম। ৬ই আধিন মঙ্গলবার আহবান পত্তাস্থায়ী নিশ্বলিথিত ভক্তব্দের সংখ্য আক্ষর কারীদিগের অন্থ্যাদনে গাব্যস্ত ইইয়াছে যে কাঁকুড়গাছীর উত্থানস্থিত, পুজনীয় প্রমহংসদেবের অন্তি-সমাধি কন্মিনকালে কেহ কোন প্রকারে পুনর্ব্বাক্ত উত্তোশন ক্রিতে পারিবে না।

#### ত্রীধৃক্ত বাবু হুরেন্দ্রনাথ মিত্র।

- ... গিরীক্রনাথ মিত্র।
- ,, নরেন্দ্রনাথ দত্ত Narendra Nath Dutta.
- ,, ,, মনমোহন মিত্র মনযোহন মিত্র।
- ,, নেবস্ত্ৰাথ মন্ত্ৰদার Dabendra Nath Mazumder.
- ,, ,, উপেক্সনাথ মুখোপাধ্যয় শ্রীউপেক্সনাথ মুখোপাধ্যায়।
- ,, উপেক্তনাথ মজুমদার Upendra Nath Mazumder.

শ্রীযুক্ত বাবু বলরাম বহু B. B. Bose.

- ,, ,, চুণীলাল বস্ত্র।
- ,, ঈশানচক্র মুখোপাধার By letter.
- , , গিরিশচন্ত্র ঘোষ Girish Chandra Ghose.
- .. অতুলকৃষ্ণ খোষ By letter.
- ,, গোপালচন্দ্র সেন।
- , রাথালচক্র থোৰ By Boloram Babu,
- " ,, বাবুরাম খোষ By Boloram Babu.
- , গোপালচন্দ্ৰ ঘোষ Gopal Chandra Ghose.
- ,, अंतर्हेक हेक्नवर्की Sarat Chandra Chakravarti.

S. C. C. for

- ,, ,, শশীভূষণ চক্ৰবৰ্ত্তী Sasi Bhusan Chakravarti.
- ,, ,, মহেন্দ্রনাথ ভার ।
- ,, , कानीनात प्रथाशांशांत्र K. D. Mukerji.
- , , , কেদারনাথ চট্টোপাধ্যায়।
- ,, হরমোহম মিত্র Hara Mohan Mittra.
- ,, ,, ভূপতিনাথ চটোপাধাৰ Bhupati Nath Mukopadhya.
- ,, ,, নৃতাগোপাল বস্থ Nritya Gopal Bose.
- ,, , হারাণচন্দ্র চৌধুরী Haran Chandra Chowdhury.
- ,, , विरातीबान मूर्याभागात्र विरातीनान मूर्याभागात्र ।
- ,, ,, রামচক্র দত্ত রামচক্র দত্ত।

শ্রাবণের উদোধনে অস্থি সম্বন্ধে যে, সকল কথা লিখিত ইইরাছে, তর্মাধ্যে এক স্থানে দেখিলাম, "শ্রীপ্তরুর পবিত্র দেহত্যাবশেষ যথা ইচ্ছা সমাহিত্ত করিতে সন্ন্যাসী ও গৃহী উভয় শ্রেণীর ভক্তদিগের সমানাধিকার আছে, ক্রিরপ উদারভাব প্রণোদিত ইইরা তাঁহারা পূর্ব্বোক্ত ভাম কলস কাঁকুড়গাছিত্ব বোগোত্থানে সমাহিত করিতে ঠাকুরের গৃহী ভক্তদিপ্রকে যথাসাধ্য সহারতা প্রদান করিয়াছিলেন।" আর এক স্থানে লিখিত আছে, ''তাঁহাদিগের এরপ মত পরিবর্ত্তন ঠাকুরের সন্মাসী ভক্তদিগের সন্তর্পুত্ত না হওরায় তাঁহার।

পর্বোক্ত তাত্র কলস হইতে অর্দ্ধেকের উপর ভন্মাবলেষ ও শস্থিনিচর বাহির করিরা লইরা ভিন্ন এক পাত্তে উহা রক্ষাপূর্বক তাঁচাদিগের শ্রদ্ধাম্পদ ওমত্রতা বাগবান্তার নিবাসী শ্রীযুক্ত বলরাম বস্ন মহাশয়ের ভবনে মিড্য প্রজাদির জন্য প্রেরণ করিয়াছিলেন।" এ কথার মূলে বে আদৌ সভ্য নিহিত নাই. তাহা পাঠকগণের কাহারও বুঝিতে বিশ্ব হুইবে না। কেন না, তাহা হইলে অন্থি উদ্ভোলন করিবার প্রস্তাব উত্থাপিত হইত না, ইহা ব্যতীত শ্রদ্ধান্দাদ ঈশান বাবুর পত্তে সে কথার বিদ্দুমাত্র উল্লেখ নাই এবং কোন ভক্তই সভার দে কথার লেশমাত্রও বলেন নাই। ইহা ব্যতীত কলদীর ভিতর হইতে অন্থি বাহির করিমা , শওয়া সম্পূর্ণ অসন্তব। মহাত্মা রাষ্চন্ত্র ৰ্লিয়াছেন বে, অন্থিপূৰ্ণ করিয়া কলসীতে পদা মৃত্তিকা বেশ করিয়া ঠাসিয়া ঠাসিয়া কলসীর গলা পর্যান্ত দেওরা হইরাছিল। ইহা প্রভারের স্থায় । শক্ত হইরা গিয়াছিল। কলসী হইতে পুনরার অন্তি বাহির করিতে হইলে লোহার ভাগু বা সাবল দিয়া শতবার আঘাত না করিলে গঙ্গা মৃত্তিকা পুরিত কলসী হইতে অন্থি বাহির করিবার সম্ভাবনা নাই। কোন ভক্তই ইহা করিতে পারেন না, কেন না ঠাকুরের গাত্তে লোহার ডাণ্ডার আঘাত করা কোন ভক্তের প্রাণে সহা হইতে পারে ?

বানী বিবেকানস্থীর জীবন-চরিতে বেখা আছে। "At Baranagore, these householders headed by Rama Baboo redoubled their efforts to secure the precious relics and came in a body to take possession of them. The monks Soshi and Niranjan constituted themselves the guardians and protectors of the Master's relics and they were giants, one in resolution and and the other in appearance. These two were ready to stand their ground at any cost. In this dilemma Norendra appealed to the monks and taking them aside said, "Brothers! Let us be men! Let us mould our lives according to our Master's teaching, which was man-making! Let them have the ashes! If we can not prove our devotion to the Master

by following his preepts and preinciples, embracing the Sannyasin life, what will it matter how much we worship the relies! Let it not be said that the disciples of Sri Ramakrishna fought over his ashes! If we are true to his ideals, if we make ourselves the living examples of our master's teachings, the whole world wilk fall at our feet " What more was to be done! The Leader had spoken irresistible words of wisdom, The monks quietly accepted his decision, seeing the fitness of it. Accordingly a day was fixed, and Soshi, carrying the ashes of the Master on his head. went with other disciples to the Kankurgachi garden of Ram Chardra Dutta, where it had been arranged that the Master's relics should permanently repose beneath an altar, aud a temple be erected over them. Henceforth this garden became known as the Yogodyan, or garden of Yoga, and every year an anniversary celebration is held here in honour of Sri Ramakrishna. Worship and coremonies were performed with due solemnity, and Soshi's eyes were filled with tears as he saw the ground beaten down over the Master's ashes.

When they had returned to the Monastery, both Soshi and Niranjan coming to the Leader said, "Noren, we have given the ashes! but,"

ইহার মশ্বার্থ:—বরাহনগতের রামবাবু প্রাম্থ গৃহী ভক্তগণ ঠাকুরের অন্তি লাইবার জন্ম গিয়াছিলেন। সাধু শনী এবং নিরশ্বন কোন মতেই দিতে রাজাছিলেন না। নরেন্দ্র সাধুদের ডাকিয়া বলিলেন, "লাজ্গণ! মানুষ হও, গুরু-দেবের উপদেশ অনুযায়ী কার্য্য করিতে পারিলে মানুষ হইবে। ভন্মাবশেষ উহাদের দিল্লা দাও। যম্মপি আমরা সন্ন্যাসী হইয়া তাঁহার উপদেশ অনুযায়ী কার্য্য করিয়া গুরুদেবের প্রতি শ্রজা ভক্তি প্রদর্শন করিতে না পারি, ভাহা

হুইলে তাঁহার ভন্মাবশেষ অতি পূজা করিয়া কি লাভ হুইবে। এ কথা কেউ না বলে বে, প্রীরামককের ভক্তগণ তাঁহার ভন্মাবশেষ লাইয়া বিবাদ করিয়াছিল। যদ্যপি আমরা তাঁহার আদর্শ অল্ল্যায়ী ঠিক ঠিক জীবন গঠন করিতে পারি, তাহা হুইলে সমগ্র জগৎ আমাদের পদভলে অবনত হুইবে। গাধুদের দলপতি কি জ্ঞানগর্ভ কথাই বলিরাছেন, সাধুগণ তাঁহার কথান্ত্র্যায়ী কার্য্য করিলেন এবং শনী নির্দিষ্ট দিনে গুরুদেবের ভন্মাবশেষ অন্তি মন্তবেধ ধারণ করিয়া তাঁহার অন্তান্ত শিষ্যগণের সহিত রামচন্দ্রের কাঁকুড়গাড়ীর বাগানে দিয়া আসিলেন। এই স্থানেই চিরস্থায়ীভাবে ঠাকুরের অন্তি থাকিবে এবং একটী মন্দির নির্দ্মিত হুইবে এইরাম্ব পূর্বের বন্দোবস্ত করা হুইয়াছিল। এই সময় হুইতেই ঐ উন্যানকে যোগোদ্যান বলা হয় এবং প্রতি বৎদর শ্রীরাম-ক্লক্ষের একটী মহোৎসব হয়। সমাধির দিনে পূজা উৎস্বাদি যথারীতি ছুইয়াছিল এবং ঠাকুরের অন্তির উপর মাটী চাপাইতে শনীর চক্ত্র্য হুইডে আশ্রুধারা বহির্গত হুইয়াছিল।"

শ্বিথন সাধুগণ তাঁহাদের মঠে ফিরিয়া আসিলেন, শশী এবং নিরঞ্জন উভরে দলপতিকৈ বলিলেন, নরেন। আমরা ভস্মাবশেষ অন্থি দিয়া আসিয়াছি, কিন্তু।"

স্বামিজীর জীবন-চরিত বাঁহারা লি থিয়াছেন তাঁহারা সম্পূর্ণ সত্য ঘটনা না লিথিয়া আংশিক সত্য লিপিয়াছেন। প্রথমত:—বরাহনপরে তথন কেইই থাকিতেন না, কাশীপুরের উত্থান ইইতে অস্থি আনম্বন করা ইইয়াছিল। বিতীয়ত:—স্বামিজী নিজে সমাধির দিন যোগোতানে গিয়া বে সনাধি দিয়া আসিয়াছিলেন সে কথার উল্লেখ না করিয়া যে ভাবে লিথিয়াছেন তাহাতে বুঝায় বৈ স্বামিজী যোগোতানে যান নাই। তারপরে 'কিন্তু' কাটিয়া লিথিয়াছেন, যে তাঁহারা সমন্ত না দিয়া কিছু রাথিয়াছেন, এটা বিখাসের যোগ্য নহে, কেন না পুর্বে লিথিয়াছেন, বে স্বামিজীর মতামুখায়ী তাঁহারা কার্য্য করিলেন, স্বামিজী তাঁহালের কিছু রাথিতে বলেন নাই, বা যথন তাঁহারা কলসীটি লইয়া গিয়াছিলেন তথন মহায়া রামচক্ষ বিশেষ ভাবে দেখিয়া লইয়াছিলেন, ঠিক সেইরূপ ভাবে গ্রন্থান ক্রিকা দারা আবর্ধ আছে কি না, একথারও উল্লেখ করেন নাই। তবে একটা কথা বে লিম্প্রীছেন, যে, সমাধির সমন্ন তাম কলসের উপর মৃত্তিকা চাপাইতে শ্রমীর চক্ষ্বর হইতে বে অঞ্চারা বিগণিত হইয়াছিল ইহা হইতেই পাঠকগণ

by following his prcepts and preinciples, embracing the Sannyasin life, what will it matter how much we worship the relice! Let it not be said that the disciples of Sri Ramakrishna fought over his ashes! If we are true to his ideals, if we make ourselves the living examples of our master's teachings, the whole world will fall at our feet !" What more was to be done! The Leader had spoken irresistible words of wisdom. The monks quietly accepted his decision, seeing the fitness of it. Accordingly a day was fixed, and Soshi, carrying the ashes of the Master on his head, went with other disciples to the Kankurgachi garden of Ram Chandra Dutta, where it had been arranged that the Master's relics should permanently repose beneath an altar, and a temple be erected over them. Henceforth this garden became known as the Yogodyan, or garden of Yoga, and every year an anniversary celebration is held here in honour of Sri Ramakrishna. Worship and ceremonies were performed with due solemnity, and Soshi's eyes were filled with tears as he saw the ground beaten down over the Master's ashes.

When they had returned to the Monastery, both Soshi and Niranjan coming to the Leader said, "Noren, we have given the ashes! but,"

ইহার মশ্বার্থ:—বরাহনগতের রামবাবু প্রম্থ গৃহী ভক্তগণ ঠাকুরের অভি
লইবার জন্ম গিয়াছিলেন। সাধু শনী এবং নিরশ্বন কোন মতেই দিতে রাজা
ছিলেন না। নরেক্র সাধুদের ডাকিয়া বাললেন, "ল্রাভ্গণ! মানুষ হও, গুরুদেবের উপদেশ অনুযায়ী কার্য্য করিতে পারিলে মানুষ হইবে। ভস্মাবশেষ
উহাদের দিয়া দাও। যভাপি আমরা সন্মাসী হইয়া তাঁহার উপদেশ অনুযায়ী
কার্য্য করিয়া গুরুদেবের প্রতি শ্রদা ভক্তি প্রদর্শন করিতে না পারি, ভাহা

ছইলে তাঁহার ভন্মাবশেষ অন্তি পূজা করিয়া কি লাভ হইবে। এ কথা কেউ না বলে বে, শ্রীরাসককের ভক্তগণ তাঁহার ভন্মাবশেষ লইয়া বিবাদ করিয়াছিল। যদ্যপি আময়া তাঁহার আদর্শ অমুযায়ী ঠিক ঠিক জীবন গঠন করিতে পারি, তাহা হইলে সমগ্র জগৎ আমাদের পদতলে অবনত হইবে। সাধুদের দলপতি কি জ্ঞানগর্ভ কথাই বলিয়াছেন, সাধুগণ তাঁহাব কথামুমায়ী কার্য্য করিলেন এবং শানী নির্দিষ্ট দিনে গুকদেবের ভন্মাবশেষ অন্তি মস্তবে ধারণ করিয়া তাঁহার অফান্ত শিদ্যগণের সহিত রামচক্রের আন্ত থাকিবে এবং ধারণ করিয়া তাঁহার অফান্ত শিদ্যগণের সহিত রামচক্রের আন্ত থাকিবে এবং একটী মন্দির নির্দ্মিত হইবে এইরূপ পূর্বে বন্দোবস্ত করা হইয়াছিল। এই সমস্ব হইতেই ঐ উদ্যানকে যোগোদ্যান বলা হয় এবং প্রতি বৎসর শ্রীরাম-ক্রম্পের একটী মহোৎসব হয়। সমাধির দিনে পূজা উৎসবাদি যথারীতি ইইয়াছিল এবং ঠাকুরের অন্তির উপর মাটী চাপাইকে শনীর চক্ত্ম হইডে আশ্রুধার বহির্গত হইয়াছিল।"

"ষথন সাধুগণ তাঁহাদের মঠে ফিরিয়া আসিলেন, শনী এবং নিরঞ্জন উভরে দেশপতিকে বলিলেন, নরেন। আমরা ভস্মাবশেষ অন্তি দিয়া আসিয়াছি, কিন্তু।"

স্বামিজীর জীবন-চরিত বাঁহারা লিথিয়াছেন তাঁহারা সম্পূর্ণ সত্য ঘটনা নাঁ
লিথিয়া আংশিক সত্য লিথিয়াছেন। প্রথমত:—বরাহনপরে তথন কেইই
থাকিতেন না, কাশীপুরের উন্থান হইতে অন্তি আনম্বন করা ইইয়ছিল।
দ্বিতীয়ত:—স্বামিজী নিজে সমাধির দিন যোগোভানে গিয়া বে সমাধি দিবা
আসিয়াছিলেন সে কথার উল্লেখ না করিয়া বে ভাবে লিথিয়াছেন তাহাতে বুঝার্
বে স্বামিজী যোগোভানে ঘান নাই। তারপরে 'কিঙ' কাটিয়া লিথিয়াছেন,
ঘে তাঁহারা সমস্ত না দিয়া কিছু রাথিয়াছেন, এটা বিশ্বাসের ঘোগ্য নচে, কেন না
পূর্ব্বে লিবিয়াছেন, যে স্বামিজীয় মতাস্থয়ায়ী তাঁহারা কার্য্য করিলেন, স্বামিজী
টাহাদের কিছু রাথিতে বলেন নাই, বা যথন তাঁহারা কার্য্য করিলেন, স্বামিজী
টাহাদের কিছু রাথিতে বলেন নাই, বা যথন তাঁহারা কার্য্য কিয়া গিয়াছিলেন
টথন মহায়া রামচর্ক্র বিশেষ ভাবে দেখিয়া লইয়াছিলেন, ঠিক সেইরূপ ভাবে গ্রন্থা
দ্বিক্রা ছায়া আবন্ধ আছে কি না, একথারও উল্লেখ করেন নাই। তবে একটা
কথা যে লিথিনীছেন, যে, নমাধির সময় তাম কলসের উপর স্বৃত্তিকা চাপাইতে
শনীর চক্ষ্মর হইতে র্যে ক্সম্বার্য়া বিগলিত হইয়াছিল ইহা হইডেই প্রেক্রণ

ৰুঝিতে পারিবেন যে, তাত্র কলদী হইতে বিশেষরূপে আবাত কৰিয়া অন্থি বাহির করা কতদূর সম্ভব্য

স্বামী বিবেকানন্দলী যথাথই উদারভাবে বলিয়াছিলেন যে, ভশ্ব বেশেষ অস্থি উহাদেরই দাও, আমরা মানুষ হই, তাহা হইলেই তাঁহার নাম ও কীর্ত্তি থাকিবে। এবং সেই মতামুসারেই কার্য্য হইয়াছিল। বোধহর, ভাহার পর সেই উদারভাব সকলের মনোমত না হওয়ায় অন্থি পুনরায় উত্তোলন করিবার প্রস্তাব করা হইয়া-ছিল। স্বামিজীরই মতারুদারে সকলে স্বাক্ষর করিয়াছিলেন যে অন্থি কস্মিন-কালে কাঁকুড়গাছী হইতে উত্তোগন করা হইবে না। স্বতরাং কলদী হইতে অন্থি বাহির করিয়া লইবার কথা সম্পূর্ণ অবিধাসযোগ্য। তবে স্বামীজী ষাহাকে "আত্মারামের কোটা" বলিতেন আমাদের বোধহর, ঠাকুরের ভস্মাবশেষ অস্থি তাদ্র কলসীতে পূর্ণ করিবার পর, কোন কোন ভক্ত একটু একটু চিহ্নস্বরূপ আপনার কাছে রাথিবার জন্ম সেই দিবদ শ্বশানভূমী হইতে সংগ্রহ করিয়াছিলেন। আমরা শুনিয়াছি যে স্বামিজীর পুলতাত ভ্রাতা বাবু অমৃতলাল দত্ত (বিখ্যাত ⊌शत् वात् ) এक रे मः श्रह कतिया बाह्मिट मः शामान्य वाक्षीरन निक नागाः রাখিয়াছিলেন। সেইরূপ হয় ত ৺বলরাম বাবুও একটু সংগ্রহ করিয়া কোটাতে क्राथिशाहित्यन । देशहे वदाहनगद्यत्र मर्द्ध महेवा भिन्ना व्याव्यादारमञ्जू (कोटा विम्ना খ্যাত হইয়া থাকিতে পারে। তাহা না হইলে স্বামিন্দ্রী আবার তাহার পরীক্ষা করিকেন কেন? সেই কোটার কথার্থ ঠাকুর আছেন কি মা, কোন ঘটনার ছারা পরীক্ষা করিয়া লইয়াছেন।

যত্তপি প্রকৃতই তামকলদা হইতে অন্তি অর্দ্ধেকেরও উপর বাহির করিরা লইছা থাকিবেন তাহা হইলে পত্নীকা করিবারও প্রয়োজন হইত না, অস্থি উদ্ভোলন ক্রিবারও প্রস্তাব হইত না এবং স্বামিজী দেহাবসানের পূর্বেই এত দিনে অন্তি বেলুড় মঠে সমাহিত না করিয়া তিনি থাকিতে পারিতেন না। যিনি গঙ্গাজীকে অন্থি সমাহিত করিবার জ্বন্ত কতই কাকুল হইয়াছিলেন, তিনি বেলুড়ে গল্পায় পশ্চিম কুলে ২২ বিখা জমি ক্রন্ন করিয়া মঠ স্থাপনা করিয়াও যে, অস্থি সমাহিত করিবার ব্যবস্থা করিলেন না, ছিহা আমরা কোনমতেই বিশ্বাস করিতে পারি না।

উপসংহারে বক্তব্য এই যে শ্রাবণ সংখ্যায় উদ্বোধনে যে লিখিছু হইরাছে কে অন্তিপূর্ণ তাত্র কলদী হইতে অর্দ্ধেকের উপর অন্তি কাহির করিয়া লইয়া ঐ কলদী কাঁকুড়গাছীতে সমাহিত করা হইয়াছে। তবে আঘাড় সংখ্যার কেমন করিরা তাঁছারা প্রকাশ করিলেন যে অন্তি সমাহিত করিবার কোণাও একটু স্থান হইলনা ৰশিয়া স্বামিজী ছ:থ প্রকাশ করিতেছেন। উহারা বলিমাছেন যে উহাদের নিকট বে অন্থি ছিল, সেই কথাই স্বামিজী বলিয়াছেন কিন্তু পত্তে সে কথার বিন্দুনাত্রও উল্লেখ নাই। পত্র পাঠ করিলে ইহাই বুনায় যে ঠাকুরের দেহের অগ্নিসংখারের পর অন্থি সংগৃহীত আঁছে, সেই অন্থি সমাহিত করিবার জন্য বালালা দেশে কেহই কোথাও স্থান দিলেন না, আপনি অনুগ্ৰহ করিয়া টাকা দিয়া ইহার ব্যবস্থা कविश मिन ।

এরপ মিথ্যা কথা বলিয়া স্বামিঞী টাকা চাহিয়াছেন, ইহা আমরা বিশ্বাস করিতে পারিলাম না। একটা মিখ্যা বলিলে তাহাকে সত্য বলিমা প্রমাণ ক্ষরিতে আরও পাঁচটী মিথ্যা বলিতে হয়। এই পত্রের কথা সভ্য বলিয়া প্রমাণ করিতে গিয়া প্রাবণ সংখ্যার উরোধনে আরও কতকগুলি বিখ্যা রচনা করিয়া প্রকাশ করা হইয়াছে।

## আদর্শ-চরিক্র।

নবমী পূজার দিন কর্ত্তার এক বিশিষ্ট বন্ধু আদিয়া ঐব্ধণ একটা পাগলকে পূজা করিতে দেখিয়া ঈষৎ ব্যঙ্গের সহিত কহিলেন,—কি ছে ব্যাপার্থানা কি, এটাকে আবার কোথেকে আমদানী ক'রলে? এতই যদি লোকাভাব ছিল; আমাকেই বা কোন জানালে? আমি আমার স্বনামধন্য খান্সামা চাঁদমিঞাকে পাঠাতে পারতুম। এই কথা শুনিবামাত্র পাগলা একবার কেবল বক্তার প্রতি লক্ষ্য করিয়া স্থকার্য্যে মনোনিবেশ করিলেন। যথাসময়ে বিজয়া **আসিল।** পুরস্ত্রীরা মাকে বৎসরের মধ্যে পাইবে না ভাবিয়া কাঁদিতেছে। বরণ প্রভৃতি শেষ করিয়া যথন গিমিমাতা দাষ্টাঙ্গে প্রণাম করিয়া জগন্মাতার নিকট এই প্রার্থনা করিতেছেন, মা আবার যেন আগামী বৎসরে ভার চরণ পূজা ক'রে মানব-জন্ম সার্থক করিতে পারি,—তথন এক অভ্তপূর্ব্ব ঘটনা ঘটিল। বলিতে শরীর রোমাঞ্চিত হয় – তথন ঐ পাগলা উচ্চৈ:স্বরে বলিলেন, মাণু ভূমি কাকে প্রণাম ক'রছো? কার নিকট প্রার্থনা ক'রছো? এবার যে মাস্থ भूका इस नाहे, এই मुमग्री मृहित्छ य व्याप-व्यक्तिंग हम नाहे! अहे विमा বোমা ছারা "জয় মা ভারা" রবে মার পদে আঘাত করিলেম। তারপর সমস্ত লোক অবাক, নিষ্ণান। কাকা সকলেই দেখিতে পাইল যে, ঐ মূদ্মগ্যী মূর্ভিব্ন আঘাত-প্রাপ্ত চরণ-কমল হইতে রক্ত বহির্গত হইতেছে। ইহা লিখিতে যত সময় অতিবাহিত হইল, কার্য্যে কিন্তু ইহার শতাংশের একাংশও হয় নাই: ততক্ষণ যেন সকলেই কোন এক যাত্ৰকরের মন্ত্রজালে বদ্ধ ছিল! চমক ভাঙ্গিলে সকলেই পাগলার সন্ধান করিতে লাগিল, কিন্তু আর তাঁহাকে খুঁ জিয়া পাওয়া যার নাই।

তাই বলিতেছিলাম, এরূপ গুপ্ত সাধক পাওয়া বড়াই কঠিন। এই শ্রীষণ কলিকালে প্রায় নাই বলিলেই হয়।

বংশরান্তে, এই আখিন মাসে আবার মা আসিতেছেন। কত ভাবে কতা লোকে তাঁর পূজা করিবেন। কিন্ত জিজ্ঞান্ত এই—তাঁর প্রকৃত্ত পূজা হইবে কি দু প্রকৃত্ত সাধ্যক আছে কি দু আঞ্চলদ প্রারই "রামক্রঝ"কে সকলে পূজা করিতেছেন, কেন ? তিনি প্রকৃত সাধক ছিলেন। কারণ, "রামক্রকদেব" কেবলই জগজ্জননীর চরণক্ষণ ভিক্লা করিতেন। তিনি বলিতেন, "মা এই নে আমার জ্ঞান, এই নে অজ্ঞান, এই নে অহুলার, এই নে কামিনীকাঞ্চন—আমার জ্ঞা অচলা ভক্তি দে।" পূজা করিতে বসিলে আর শেষ হয় না, আরতি আর কুরার না। মারা পাদপদ্মে পূজা নিবেদন করিতে গিয়া নিজ মক্রকে দিতেন। কেবলই আবদারে সম্ভানের ন্যার মার নিকট 'জ্ঞা অচলা ভক্তি' প্রার্থনা করিতেন। জগতে এত প্রার্থনীয় বস্তু থাকিতে অন্য কিছুতেই মন দিতেন না। মাও ভক্তের অক্পট ভাব অপূর্ণ রাথিতে পারিলেন না।

ক্রপাময়ী শক্ষরী মানবকে নানা ভাবে পরীক্ষা করেন। কাহাকেও বলেন, জোমার ঘরে লক্ষ্মী বাঁধা থাকিবে, আমায় ভাগুগ কর। কাহাকেও বলেন, ভূমি "সরস্বভীর বরপুত্র" হইবে, আমায় লইয়া কি করিবে ? অপর একজনকে বলেন, ভূমি কার্ডিকের ন্যায় বীর হইবে—অতএব ভোমার কোন ভর নাই। আবার অপর একজনকে বলেন, ভূমি গণেশের রূপায় সর্ব্ধ বিষয়ে সিদ্ধিলাভ করিবে। এইরপে যাহার যেরপে প্রার্থনা, ভাহা পূর্ণ করেন। এইরপ বরলাভ করিয়া ভাহারাও সন্তুই। ভাহারা ভ্রমেও ভাবেনা বে, 'এগিয়ে প'ড়লে' আরও কি হইত। ভাহারা অপনেও ভাবেনা বে, সর্ব্ববিভূতির আধার বিনি, তিনি কত মধুর। গুরুল্ই বশতঃ মায়ের কাছে পুইশাক চাইতে যাই, ও মহাবাক্য ভূলে থাকি!

তাই বলিতেছিলাম, বাঁহারা প্রকৃত ভক্ত, বাঁহারা প্রকৃত সাধক, তাঁহারা মারের ক্রিক নারের চরণকমলই প্রাথনা করিরা থাকেন। অন্য কিছু (লক্ষা, সরস্বতী, কার্ন্তিক, গণেশ) চাইতে মুণা করেন। এইরপ লক্ষ্য স্থির রাখিতে পারিলে স্লেহমন্ত্রী জননী ছুটিয়া আসিয়া সন্তানকে বক্ষে ধারণ করেন। কারণ, তখন তিনি ভাবেন—আমি ইহাকে এত দিন কত চুসিকাটি দিয়া ভুলাইয়া, আমার বিশ্বসংসারে অন্য কাজে ব্যাপ্ত ছিলাম; ক্তিও এ দেখ্ছি আর খেলবে না, আমার কাছেই থাক্তে চায়। কিন্তু কয়জন ক্রেক এরপ চাহিতে পারেন প্

বামকুঞ্চদের বলিয়াছেন-

ভাকার মত ভাক্ দেখি মন্ কেমন জানা খাকতে পারে, কেমন উমা থাক্তে পারে ?

শ্ৰীলণিতযোহন ৰন্যোপাধ্যায় ॥

### শারদীরা।

(, > )

ন্থবের শরং এসেছে ধরার, প্রার্ট রাজত হয়েছে শেষ; বিমল আকাশে নাহি মেঘরানি ধরেছে ধরণী স্থন্দর বেশ।

( २ )

প্রাস্করে কাননে কিবা হর্কাদল ধরিয়াছে নব নীলিম শোভা ; ধরেছে গগন নীলিম বরণ ধরেছে দলিল নীলিম আভা।

(0)

বিমশ আকাশে শারদীর শশী মরি কি ভাসিয়া ভাসিয়া যায় ;— আনন্দেতে মাতি মধুপ-নিকর, ঢলিয়া পড়িছে কুম্ম-পান্ন।

(8)

মানব-নিচয় আনন্দে মগ্ন কেনরে হরেছে বলহ মোরে ; বুঝি বা ভারিণী হইরে সদয় আসিছে হেথায় বৎসর পরে।

( 4 )

এস মা ! এস মা ! জুড়াব বাতনা ব্দন ঢাকিয়ে ডোমারি কোবে ; আনন্দে মাতিয়া পরাণ ভরিয়া ডাকিব স্থা-মাথা "মা" মা" বোলে । ( 5 )

আসিছ বটে মা—আনন্দিত মনে
আসিয়া কিবা দেখিবে হেথায়;
'আগেকার ঘত সমৃদ্ধি বৈভব
মিশেছে অনস্ত কালের গায়।

কমল চরণ করিয়ে প্রদান
আনন্দ দাগরে ভাদাতে যারে;
দৈই দে অধীন গিয়াছে চলিয়া,
আদিয়া না পুনঃ দেখিবে তারে।
( ৮ )

আমার এথন অতি অসমর পারিব না আর তুষিতে তোরে । আর যদি কভূ হয় স্থথময় তুষিব ভোমায় যতন ক'রে।

ধর্মপথে মতি নাহিক আমার ডুবিতেছি সদা পাপেতে হার ! ডুমি দয়ামন্ধি,—কমহ আমারে,

এড়াইব কিলে ভবের দায় ?
(১০)

ভভ-আশীর্কাদ করহ জননী
এক বিনে মন কিছু না চার;
বিষর বাসনা ভূলি নিরন্তর
মজি যেন সদা ভোমারি পার।
শীচরণাশ্রিভ—

সেবক শ্রী মজীশনাথ গঙ্গোপাধ্যার।

## **এতিরামকুফোৎস**ব i

বিগত ১৫ট ভাজ বুধবার, জনাইশীর দিন, কাঁকুড়গাছী যোগোছানের শ্রীমন্দিরে ঠাকুর শ্রীশ্রীরামক্লকদেবের তিংশ বার্ষিক মহোৎদব স্থচারুরূর্ণে স্থান হইয়া গিয়াছে। প্রাতঃকাল হইতেই ভক্তসমাগম হইতে থাকে; বেলা ৮টার সময় শ্রীশ্রীঠাকুরকে স্নানান্তে নব-বস্ত্র, কুন্দ্রম-হার ও স্তবকদারা ক্লসজ্জিত করা হইলে, বেলা ৯॥ বটিকার সময় পূজা ও প্রার্থনা আরম্ভ হয়। তৎপরে বিবিধ ফলমূল, মিষ্টায়, কচুরী, লুচী, সরবৎ প্রভৃতিছারা ঠাকুরকে কলপানি ভোগ দেওয়া হইলে, সমাগত ভক্তান সকলে প্রসাদ গ্রহণপূর্বক "রামক্তঞ্চ-নামে" বিবিধ সঙ্গীত ও প্রার্থনাদি করিতে লাগিলেন। প্রায় শতাধিক স্বেচ্ছা-দেবকগণ মহোৎসবের প্রায় সমস্ত কার্য্যেরই সম্পূর্ণ ভার গ্রহণ পূর্বক অতি যত্ন-সহকারে তাহা সমাধা করিয়া সকলেবই প্রীতিভাজন হইয়াছেন। বেলা দিপ্রাহরের ্পময় শ্রীশ্রীঠাকুরকে মহাদমারোহে থেচারল, তরকারী, ভাজা, মিষ্টাল প্রভৃতি ছারা ভোগ দেওয়া হইলে, ঐক্যভানবাদন সহযোগে সন্মুখ, উত্তর ও দক্ষিণ দিক হইতে "জয় জয় রামকৃষ্ণ" ধ্বনিতে আরত্রিক করা হয়। কুন্থম-হার ও স্তবক-শোভিত অহীঠাকুর ভোগ-আরত্রিক কাণীন যে কি অপূর্ব্ব নয়ন-মন-মুগ্ধকারী শোভা ধারণ কৰিয়াছিলেন, তাহা পাঠক-পাঠিকাগণ স্ব স্থ স্থাদানন অবলোকন করিয়া দেখিবৈন। যে সকল সমাগত ভক্তবৃন্দ ভাগ্যক্রমে তাহা সন্দর্শন করিয়া চবিতার্থ হইয়াছিলেন, তাঁহাদের হলবে সে স্বর্গীয় শোভা অবশুই চিরাঙ্কিত হইয়া গিয়াছে। বিপ্রাহর হুইতে রাত্রি ৯ ঘটিকা পর্যান্ত অন্যুন পঞ্চাশ সংখ্যক সন্তার্ত্তন-সম্প্রদায় শ্রীশ্রীঠাকুরের সন্থান হইয়া অবিচেহদে মধুর নাম-কীর্তনে শ্রোতৃরুলকে পুলকিত ও শুন্তিত, করিয়া রাবিয়াছিলেন। এ বৎসর প্রায় ৩০।৩২ সহস্র ভক্ত ও দর্শকরনের সমাগর্ম হর ও ৫।৬ সহস্র ভক্তেরা পরিভৃতিপূর্বক বদিয়া খিচ্ড়ী আদি প্রদাদ গ্রহণ ক্ষিয়াছিলেন। প্রায় ৫০।৩০ জন ভক্ত ২৬ নং মধুরায়ের গলি হইতে নিয়লিখিত নাম-কীর্তন করিতে করিতে যোগোদ্যানে পৌছিয়া শ্রীশ্রীঠাকুরের সন্মুখে উন্মন্ত ভাবে হৃদরোজ্ঞাস জ্ঞাপনপূর্বক দিল্পখন মুখরিত করিরাছিলেন। ভাবোন্মততাম প্রায় সকলেই সামহারা হইয়াছিলেন।

### भीज ।

শ্রীপ্রভুর সমাধি-স্থান, পুণাভূষি ঘোগোগানে। কি এক ভাবের খেলা, প্রেমের মেলা, অপূর্ব্ব আনন্দ দানে ॥ ( হেথায় যে জন আদে সেই তা জানে ) (উপলব্ধি করে প্রাণে প্রাণে) পরম পবিত্র সমাধিক্ষেত্র, মহাতীর্থ এবে এই ধরায়,— ( নর-লীলার আধার শ্রীঅঙ্গ যথায় ) ( দরশনে যাহা ভব-জালা দূরে যায় ) ( পরশনে অজ্ঞানের হয় জ্ঞানোদয় ) ( হেখা চৈতক্ত-আধার চৈতক্ত বিলায় ) নিত্য-আবির্ভাব স্থান, গোলোক সমান, বিরাজিত রামচক্র সনে। ( সদা বাঁধা রামের ভক্তি-ভোরে ) ( প্রভু রাম ছাড়া যে থাক্তে নারে ) প্রভু পতিত-কারণ, ক্রি দেহ ধারণ,---( সৃহি দীনের তরে ক্লেশ অকাতরে ) ( ল'য়ে স্বার ভার আপন শিরে ) পুন: আপনি বিকায়ে সরূপ লুকায়ে, চির অধিষ্ঠান এই স্থানে 🛚 এই জন্মাষ্টমীর দিনে, জীবের কল্যাণে, চির অধিষ্ঠান এই স্থানে॥ किया (साहन (यही 'পরে, 'फूल फूल-ছाরে, जूरन-जूरान ऋण ४'रा,---( প্রভূ অপরূপ দাজে বিরাজ করে) ( জীবে অভয় দিতে বরাভয় করে) যত সাধন-ভজ্ঞন-বিহীন যে জন, লও শরণ ঐ অভয় চরণে। জয় রামকৃষ্ণ, রামকৃষ্ণ, রামকৃষ্ণ বল সঘনে॥ স্বাত্তি > টার পর শ্রীশ্রীঠাকুরের শয়ান দিয়া মহোৎসব কার্য্য সমাধা করা হয়।

বিগত ১৫ই ভাজ জন্মাইনীর দিন দিনাজপুরের মুন্দীপাড়াস্থ ডাব্তার শ্রীযুক্ত আশুতোষ চক্রবন্তী মহাশয়েব বাস-ভবনে শ্রীশ্রীরামক্ষেণংসব হইরা গিরাছে। বেলা দ্বিপ্রহরের মধ্যে শ্রীশ্রীঠাকুরের পূজা ও ভোগরাগাদি সম্পর হুইলে, সমাগত ৪া৫ শত দ্রিড্রদিগকে খেচরায়-প্রসাদ বিতরণ করা ইইয়া-ছিল। স্থানীয় রাণীগঞ্জ হরি-সভার সেবক সম্প্রদায় ও ভক্তবৃন্দ হরিনাযু ও নগর-সংকীর্ত্তন দ্বারা সর্ব্বসাধারণের আনন্দবর্দ্ধন করিয়াছিলেন। দরিদ্রদিগকে চাউন, শ্রদা ও কয়েকথানি কাপড় বিতরণ করা হইয়াছিল।

### में जी ब्रायकृत প্রীচরণ ভরসা।

अम् शक्राम्य ॥



र्छनिविश्म वर्ष, मक्षम সংখ্যी। कार्तिक, जन ১७२२ जान।

### মিনতি।

ছাৰ্ছবীর কুলে, বসিয়া বিশ্বলে, কিসের লাগিয়া এ ভবে পাঠালে ভাবিতেটি একদিন। প্রভূ বিদা আর কে আছে আযার বিদি তব সনে না হ'ল মিলন তিনি জল, আমি মীন। প্রাণ্-পতি বিনা সভীর বাডনা ি কুৰিবে এই ভবে <u>?</u> ट्यार्टिक्स श्रेष्ठ, श्री कारण श्रोष, किनि विवा 🖝 विकाद ॥ विश्वक में बहुए मीयन ,वरिया जाय, श्रीचिद्व जो श्रीण ज्ञान ?

কেন বা জনম ভবে. বুণা কেন এই ভবে ? ভূমি ত আমার প্রাণের দেবতা " জীবন-সর্বস্থ ভূমি, त्रांभकुख-क्रांभ क्ला वर्गियां, আছ তুমি অন্তর্গামী। মদিয়া প্ৰভিয়া ভূমি বিনা প্ৰভূ কেহ কি গো কছু করেছে আনারে সেই ! विश्व सीकि तार्थ ! किरव नाहि तथा, आबीवन थ'रव कांगाडिश नाथ-

প্রাণের বেদনা তুমি বিনা আর পাডকীরে এবে, কৈ আর ভরাবে কি বুরিবে বল প্রভূ ? বাব আর কার কাছে ?
তুমি যদি নাথ ভূলিয়া রহিবে তব মুখ চা'ব তব । থাকে এ জগত মাঝে,
এস, প্রভু এস, শ্রীচরণে ধরি, দাসের মিনতি লও কোলে ভূলি
কে আর আমার আছে ? (তোমার) রূপণতা নাহি সাজে॥
কালাল ।

# জীবন-সমস্ভা।

### \*\*\*\*

জীবনটা কি ? সতাই এ জীবনটা যে কি, তাহা আমরা নিজেই ব্রিতে পারি না। এ জীবন কি গভীর জালে আবদ্ধ ? সে জাল ছি ড়িবার কি আমাদের সাধ্য নাই ? সে জাল কি ?

দে জাল "মায়া"। মায়া এই জগতে স্থাজিত হইরাছে কেন ? সে ও জগতে না স্প্রী হইলেই পারিত। কিন্তু দেই মহামহিমাময় ঈশ্বর যে কি উদ্দেশ্যে মায়াকে জগতে প্রেরণ করিরাছেন, ভ্রমান্ধ জীব আমরা—তাহা অনুব কি করিরাজানিব ? তবে আমাদের কুদ্র শক্তিতে যাহা বিবেচনা হর তাহাতে বলি, মায়া জগতে স্কান না হইলে, পৃথিবী এত দিন জনশ্ব্য হইত। ভসবানের শক্তিরপিণী "মায়া" একটী পরীক্ষা-কেন্দ্র। মায়ার জড়ীভূত হইরাই জনক জননী সন্তান পালন করেন ও স্থি বৃক্ষা করেন। মায়ার বন্ধন যে কাটাইয়া উঠিতে পারে, সেই প্রেরুত বীর, সেই প্রাকৃত ধার্মিক।

জীবন কয়দিনের জন্ত ? ঐ জীবন কয়দিন থাকিবে ? জগতে কি কেষ চিরজীবী হইয়া বাঁচিয়া থাকে ? বড় জোর দোত্তর কি আশী বংসর। ইহাই বা কয় দিন ? দেখিতে দেখিতে জলের ন্যায় ইহা চলিয়া বাইবে। ভ্রমন্ধ নর! একবার নদী-তীরে দাড়াও, দেখ ভর্জের পর ভর্জ চলিয়া বাইতেছে,—আর কি তাহা ফিরিয়া আদিতেছে ? না,—বাহা যায়, তাহা কি আর কিরে ?

তবে, क्न এই सीवत्न এত मात्रा ? **এই দেহে क्नে এ**ত वश्व ? क्न এই দেহটাকে সাঞ্চাইতে বুথা আয়াস 🕈

দেহটা কি ? দেহপিঞ্জর। সূর্থ মানব পিঞ্জের পাথীকে বেধিয়াছ ? বে প্রায়নের জন্ম ছউফট করে, কতবার প্রায়নের অভিপ্রায়ে চঞ্পুটে পিঞ্জ चाघाठ करत, यनि छाहारक हिं ज़िता रमध्या यात्र, ज्थन रम উज़िता यात्र। स्म কি পরিত্যক্ত পিঞ্জরের পানে আর ফিরিয়া চায় ? না,--ফিরিয়া চাহে না। সে কোন দিন কোন পিছরে যে আবদ্ধ ছিল, তাহা শীপ্রই সে ভূলিয়া যায়।

সেইরূপ আমাদের দেহ-পিঞ্জবে প্রাণপক্ষী নিয়ত ছটুফটু করিতেছে; বার বার আপনাকে মুক্ত করিবার জন্য ঈশ্বরের নিকট প্রার্থনা করিতেছে। যথন সে দেহ-পিঞ্জর ত্যাগ করে, তথন তাহার কি আনন্দ! সে আর সেই পরিত্যক পিঞ্জরের পানে ফিরিয়াও চাহে না। কোন দিন যে সে পিঞ্জরে আবন্ধ ছিল, তাহাও ভূলিয়া যায়।

মৃত্যু कि ? মৃত্যু – মৃক্তি, মৃত্যুই আমাদের পবম বান্ধব। মৃত্যুই পরমানন্দ, মৃত্যুই জীবনের পূর্ণ বিকাশ।

িহে ধনী ৷ বুখা তোমার ধনগর্ক ! এ গর্ক কয়দিন থাকিবে ? যেদিন পরম স্থা মৃত্যুকে আলিজন করিতে হইবে, সে দিন ভোমার ধনগর্ক কোণায় थाकित १

হে সংসারগবর্নী! বুথা "আমার আমার" বলিয়া অহকার করিতেছ। কে তোমার, তুনিই বা কা'র, তাহা চিন্তা করিয়াছ কি ?' তোমার চক্ষে সংসার কত জুন্দর, কারণ তুমি মায়ার আবক! তোমার চক্ষে সংসারকে ভূমি "আমার" বলিয়া দেখিতেছ, কারণ তুমি অরু! বি ন্ত এমন একদিন আছে, ষে দিন এই আমিষটাকে বিসৰ্জন দিয়া চলিয়া যাইতে ছইবে। এমন একদিন আসিবে, যে দিন তোমার নয়নকে অন্ধ, প্রবণকে বধির, বদনকে মৃচ ও দেহকে थांग-शैन कतिया किनिर्द। छोटे विन, मव वामना विमर्कन नाथ। यिनि স্কলের আধার,—তাঁকে ভাক, সেই অভয়পদে লরণ লও।

কাম, ক্রোধ, লোভু, মোহ, মন ও মাৎস্থ্য, বাহাদের পদতলে ভূমি আত্ম-বিক্লম করিলাছ, বাহারা তোমাকে দাসের ন্যার খাটাইতেছে, ভাছাদের উপর তোমার প্রভুষ করিতে হাবে। আজ বাহারা তোমার মুহাইরা সইরা নেডাই- তেছে, দেখিবে তাহারাই তোষার পদানত দাস হইরাছে। বাহারা পাপের পশ্ব প্রেলন্ত ক্রিয়া দিতেছে, তাহারাই ভগবাসকে তোমার নিকট আনিরা দিবে। কাম তথন মহাকাম-রূপে ঈশ্বরের কামনা করিবে; লোভ ঈশ্বরের চরণ দ্ব'থানি পাইবার বাসনা করিবে; ক্রোধ, পাপে জুত্ব করাইরা দিবে। তাই বলি,—ফিরিয়া এস।

দেহ কি ? এ দেহ চিরধ্বংশশীল। এই দেহে কিসের জন্য এত বন্ধ । বে দেহ নরক-মদৃশ, গতনশীল, অভিমাংদের পিশ্লর, মুাহাকে জীর্ণ বস্ত্রথও-পরি-ত্যাগের ন্যায় পরিত্যাগ করিতেই হইবে,—বাহা গলিত হইরা ক্লমি কীট উৎপন্ন করিবে, সেই ধ্বংশশীল দেহটাকে এত যত্ন করিবার আবশ্যক কি ?

যিনি জগতের আদর্শ, যিনি চির-স্তা, যিনি জগতের হিতের জন্য অকাতরে নিজের দেহ ও প্রাণ ঢালিয়া দিরাছেন, সেই দেবাস্থদেব মহাথমি প্রাণের ঠাকুর শ্রীশ্রীরামক্রফের পদতশে মনপ্রাণ ঢালিয়া দাও। হাঁর নাম শুনিবামাত্র ক্লমের উজান বহে, যাঁর নাম শুনিবো নয়ন-কোণে আপনি আনন্দাশ্রু প্রবাহিত হয়, সেই অনাদি অনস্ত বিরাটকার পুক্র-রূপ হৃদরে করনা কয়। মনে রাখিও—জীবন কয়দিন 

ক্ সঙ্গে কিছুই যাইবে না। যাইবে কেবল্য ধর্ম,—গাপ ও পূণ্য।

শ্রীশ্রীরামকৃষ্ণ শ্রীচরণাশ্রিতা। মেবিকা—শ্রীমতী প্রতাদনী দাবী।

## আত্মসমর্শণ।

( পূর্ব্ব প্রকাশিত ১৪০ পৃষ্ঠার পর )

স্থৃতীর পরিচেছদ।
বেণীমাধব বন্দ্যোপাধ্যার।

কীশরতনের বাটী হইতে প্রায় অর্থেক ক্রোপ দূরে একটা দেবালর ছিলা। দেবালয়ে প্রীপ্রীধারুকের বৃগলমূর্ত্তি প্রতিষ্ঠিত। মন্দিরে প্রবেশ করিবার ছইটী ঘার, একটা পূর্বা দিকে অপরটা পশ্চিমে। পশ্চিমদিকের ঘারটা প্রীপ্যাক্ষিণ্যক্ষ নিমিন্ত । নিদ্দেরের ছই পার্শে ছইটা নহবক্তথানা,—প্রতে একা স্ক্রার স্করেছ নানাইবের প্রশালিত হর পরীবাদীর হাদরে এক অভ্তপুর্ব আনন্দ আনরন করিত। মন্দিরের ভিতরে একটা বৃহৎ প্রাক্ষণ। এইবানে রাস, দোল ও মুলনের সমরে যাত্রা হইড। প্রাক্ষণে একটা চত্তীমগুলন ছিল। পূর্বোনিরিবিত পর্বোগরকে তথার স্থামস্থালরকে আনা হইড। মন্দিরে প্রবেশ করিনেই বাস্থাধে শ্রামস্থালরের বর এবং ছই পার্থে গারি সারি ছরটা করিয়া ১২টা হর। প্রভাবে বরের সন্থাধে প্রশাল বালান এবং দাবানে উঠিবার সিভিত্ববি মর্শার-প্রভাবে নির্দ্ধিত। মন্দিরটা সদাসর্বদা বেশ পরিক্ষার পরিক্রের রাখা হইত। ইহার এক পার্থে গোলাপ, বেল, চামেলী, যুঁথি প্রভৃতি নানাবিধ ফুলের বাগান। সর্বাধারণ এই বাগানকে "শ্রামস্থালরের বাগান" বলিত। মন্দ্রনাতি ম্যাপন করিরা মন্দিরের পূরোছিত রাস্থানের প্রভাহ এই বাগান হইতে মূল ভূলিয়া শ্রামস্থানরের পূজা করিত।

মন্দির-স্বামী এক জন বৃদ্ধ ব্যক্তি, তাঁহাকে ছেখিতে সাধু ব্যক্তির নাার ৷ কিছ তাহার নরনম্বর দেখিলে তাহাকে এক জন কুটাল ব্যক্তি বলিয়াই বোধ হইত। তাঁহার পরিধানে থান বস্ত্র, সর্বালে ভ্রিনামান্ধিত, নাসিকার তিসক, হুত্তে হরিনামের ঝুলি এবং গাত্তে নামাবলি। তিমি হরিমামের মালা অপ ক্রিডে ক্রিভে ঠাকুর গরের সমুখন্থিত দরদালানে ইডন্ডভ: পাদচারণ ক্রিভে চিলেন ও মধ্যে মধ্যে খ্রামত্মনরের দিকে তাকাইরা, "হরি ছে তোমার ইচ্ছা 🖟 ছক্লিংই ভোষার ইচ্ছা।" বলিতেছিলেন। ক্রমে বেলা হইতে বাগিল, মন্দিত্তে ২।১ জন করিয়া লোকের স্থাগ্য হইতে শাগিল। কাছারও ফুক ফলবান্ ৰ্ইরাছে-সে প্রথম ফলটা খ্রামমুল্যরের জন্য আনিরাছে, কেং বা চারিটী কুল তুলিয়া লইয়া আনিয়াছে, কেহ বা একগাছি মালা গাঁথিয়া আনিয়াছে, আবার কেছ বা প্রাতে শ্রামস্থলরকে দর্শন করিতেই আমিরাছে। তাহারা নিম্ব নিম্ব মনোষাধ মিটাইয়া ঠাকুরকে সাষ্টালে প্রাণিপাতপূর্বক গন্তব্য স্থানে চলিয়া গেল। তখন আমাদের পূর্ব-পরিচিত মন্দির-খামী জনসমাগম দেখিয়া হত্তবিত মালাটী শ্বপ করিতে করিতে শ্রামফুলুরের দিকে তাকাইরা বারংবার বৃতিতেছিলেন, "हित हर रहामान हैका, हित रह रहामान हैका।" धरे नगरन धरकन तुनक स्मिनिश तुस्त्य व्यवायम्बन्ध विनिन-वीकृत्य य'नात्र, व्यानात्र वित्यवेते (त्यितात्व्यः ৰি । আমি বালা ছ'গাছা খা'লান ক'বতে এগেছি।

বৃদ্ধও স্থামস্থলরের দিকে তাকাইয়া, "হরি কে তোমার ইচ্ছা, ইবি হে তোমার ইচ্ছা" তুইবার বলিয়া আগস্কলকে বলিলেন,—তোমার সলে আর কি হিসেব, ক'রবো বাবা—টাকা এনেছ, এখানে রাখ।

আগন্তক বৃদ্ধকে সবিশেষ চিনিত; সেই জন্য সে ৰণিণ—ভট্চাংগ ম'শয়কে বলুন না একবার হিসেবটা দেখতে—ভটাচার্য্য মহাশন্ধ, ওরফে পুরোহিত ঠাকুর, লোহার সিন্ধুক হইতে এক থানি লাল মলাট-বাধা থাতা আনিয়া বৃদ্ধের সন্মুখে রাখিলেন। বৃদ্ধ থাতার পাতা উপ্টাইরা আগন্তককে জিক্লাসা করিবেন—তৃষ্ধি দ্ব'গাছা বালা রাখিরা ৬০, টাকা লইমাছিলে ?

আগ। আজ্ঞেনা, ৫০ টাকা লইয়াছিলাম।

বৃদ্ধ। হাঁ হাঁ, তাই বটে, ৫টা যেন ঠিক ৬এর মত দেখাছে। আর ভোমার কত ক্ষম পাওনা হ'রেছে ? খাতার ৫ মাসের ক্ষম বাকী বোধা আছে।

আসা। দেকি ম'লার ? জ্যৈষ্ঠ মাস পর্য্যস্ত স্থল যে চুকাইয়া দিরাছি ! কেবল আঘাঢ়, প্রাবণ, ভাজ এই তিন মাসের স্থল পাঙনা আছে।

বৃদ্ধ। তা' হতে পারে, হয়ত থাতায় তুলতে ভুল হয়ে গেছে। আচ্ছা, না হয় তোমায় কথাই বিশাস ক'রলুম—কিন্তু আখিন মাসের স্থদটা কি ফাউ নাকি । আগ। আজে, সেটা আপনার দরা। আজ মাসের ১৪ দিন, স্থদ দিতে বলেন দেবো।

বৃদ্ধ। দ্যাথ বাপু, আমার এই তেজারতি কারবার থালি পাঁচ জনৈ উপ-কারের জন্য-কি রক্ম বিপদাপন্ন হ'বে টাকা বার ক'রতে এসেছিলে, মনে পড়ে কি ?

আগ। মহাশন্ধ, তিন বৎসর ক্ষদ দিন্ধে আস্ছি, আরও না হয় এক মাস দেবো। এখন মোট ছিমাব কড হ'লো বলুন।

বৃদ্ধ। ৫০ টাকা আসল, আর আবাঢ়, প্রাবণ, জাত্র ও আদিন এই চার মাসের বার আনা করে ৩ স্থদ, মোট ৫৩ টাকা—

व्यात । बरानव, এই ৫२ होका बहेबा व्यामारक तहारे विन-

বৃদ্ধ। দ্যাথ বাপু, এই একটা টাকাতে ভোষার কি আসে বাবে ? বরং এই টাকাতে শ্রামহুলরের ভোগ হ'লে ভোষার ছেলেপুলে ভাল থাকুবে।

সাগছক দেখিলেন নিছামিছি বাকাব্যরে লাভ নাই। তিনি 🖎 টাকা দিকা

वाना कृशाहि थानाम कतिया नहेशा (शटनन धावः त्रक्ष अत्रम मूनिया यन यन माना জপিতে লাগিলেন। তাহার পর সহ গোয়ালিনী আসিয়া বৃদ্ধের পদ্ধুলি গ্রহণ-পূর্বক বলিল, শাবাঠাকুর। আমার মাক্ডী ছটো দিন, টাকা এমেছি। বাস্থাধের মাক্ডী ছটা আনিয়া সমূর হাতে দিল; সহুও পুরোহিতকে ১০৵৹ দিল। उद টাকা দেখিয়া মালা জলিতে জলিতে বলিলেন, ও সহু ! এত কম কেন ?

गइ। कहे ना-व्यापनि ७ मितन निष्क हिरान क'रत रात मिरान, एउत्र টাকা হু আনা পাওনা

तुष्त । तम कि व'न्द्रा-हिरमव करतिहिनुम छ अभारम, आत आक र'न ध बारमञ्ज > 8 किन ।

সহ। বাবাঠাকুর! গরীব লোক আমি, আমাকে দয়া ক'রে ওক'টা দিনের ছদ ছাডিয়া দিন।

वास्टानव के कथा अनिज्ञा मङ्ग्रक विनान, मङ् । जूमि क कथा मूर्थ करनाना । ভোমার স্থদ ছাড়লে সকলেরই স্থদ ছাড়তে হ'বে। এ হচ্ছে ব্যবশা, এতে দরা मिथाल कि हरन ?

বৃদ্ধ। বাহ্মদেব। তুমি একটা মাকৃড়ী তুলে রেথে দাও। সহ ওবেলা ছয় আনা শয়সা এনে মাক্ড়ীটা নিয়ে বাবে এথন। এই কথা বলিয়া বৃদ্ধ "হরি হে ভোমার ইচ্ছা, ছব্লি হে ভোষার ইচ্ছা" বলিয়া ইভন্ততঃ পাদচারণ করিতে লাগিলেন। বাহ্নদেবও প্রভুর আদেশাহুষারী মাক্ড়ীট তুলিয়া রাথিল। সত্তও একটা মাক্ড়ী ৰইয়া ছল ছল নেত্ৰে বৃদ্ধকে মনে মনে বহু গালাগালি দিতে দিতে সে স্থান পরিত্যাগ করিল। তাহার পর আরক্ত ২া৪ জন আদিল; বৃদ্ধও স্থবিধামত क्थन ७ हेम्हा पूर्वर हिमार जून कतिया, कथन वा अरमत प्रतिमान वाड़ा है बा শাবার সেয়ানা লোক দেখিলে ঠিক ঠিক ছিদাব করিয়া, টাকা বুঝিয়া লইতে লাগিলেন। ক্রমে বেলা সাড়ে নরটা বান্ধিল, পুরোহিত পূজায় বসিলেন এবং একজন পরিচারিকা আসিয়া বলিল, মা ঠাকরুণ ডাকছেন, একবার বাড়ীতে আহন। বৃদ্ধ পরিচারিকার সহিত গুহাভিমুথে গমন করিলেন।

পাঠক পাঠিকাগৰ! আপনারা এই বৃদ্ধকে চেনেন ? ইনি আমাদের পূর্ক-शिविष्मानत छेतिथिछ *विभी*याध्य वत्मागिशाम, यम् वामास ८० द०मत हहेत्य। ৰাখিনে দেখিতে একজৰ দাধুর ভাষ, কিন্তু পাড়ার অধিকাংশ লোকই বলিভ, তাঁহার

মত বদমারেস আর এামে ছটী নাই। তথা যার, বেণীমাধবের অবস্থা পূর্বেজ তত ভাল ছিল দা। তাঁহার লিতা মৃত্যুকালে যংসামাক্ত অর্থ রাখিরা সিরাছিলেম। বেণীদাধব নিশ্ব বৃদ্ধিবলে আজ বিপুল অর্থ করিরাছেন। তাঁহার তেজারতি কারবারই ভাগ্যোর্মতির প্রধান উপার। তাঁ ছাড়া যে সমস্ত সম্পত্তি খণের দারে অতি সামাক্ত মৃল্যে নিলাম হইরা বাইড, বেণীমাধব তাহার সন্ধান রাখিতেন। অবিধা পাইলেই সমস্ত খরিদ করিতেন এবং সমরমত উচিত মূল্যে বিক্রয় করিতেন। তিনি এক্ষণে কামদেবপুর প্রামের এক্ষন সন্ধান্ত বাজিক বলিরা পরিচিত। লোকে তাঁহার সন্মুখে কিছু বলিতে গারিত না ঘটে, কিন্তু অন্তরে তাঁহাকে স্কুলখার বিনিরা করেকর ছুণা করিত। তাঁহার ক্রমিদারীর বার্ধিক আর প্রায় এও হাজার টাকা এবং তেজারতি কারবারও বেশ জোর চলিতেছিল। কাহারও ধার করিবার আবক্তক হইলে বেণীমাধবের নিকট আদিলে নিশ্বর্যই ধার মিলিত। সচরাচর লোকে পতকরা >্ এক টাকা হিলাবে স্কুলইত, কিন্তু ধেণীরাধব শতকরা ক্রেট টাকা লইতেন।

( ক্রমশঃ ) শ্রীক্ষীতিশঙ্ক ঘোষ।

# বিসভ্জন।

শানব স্থপাগরে ময় থাকিলে আদৌ জানিতে পারে না,—কথন, কিরণে ভাহার সময় পূর্ণ হইরা থাকে। কিন্তু মানব বখন ছঃখাণ্বে ভাদিতে থাকে, ভথম ভাবে বে, উহার বুরি আদি নাই, অন্ত নাই। এ পৃথিবীতে স্থেবর আবাদ পাওরা বড়ই স্থকঠিন, বড়ই পুণ্যের কথা। তাই হতভাগ্য মানবগণ কোন-ভাকারে স্থাছবি দেখিতে পাইলে তাহাতে আপনহারা হইরা ভাবে, বেন ইহার শেষ নাই। কিন্তু যখন উহার অম ভালিয়া যার, তখন প্রাণে একটা ভীত্র বেদনা অন্তথ্য করিয়া কেবলই চিন্তা করিতে থাকে, হার রে! আমার এই সাবের স্থখবন্ধ এত শীত্র যে ভালিয়া যাইবে তাহা ত জানিতাম না!

"দিন যাবে বই রবে না,"—"চিরদিন কভু সমান না যার" —এ মহাবাদ্ধ্য মহাসত্য। বংগরাক্তে এই কয়দিনের জন্য হস্তভাগ্য সন্তানেরা জননীক্তে পাইরা কতই স্থা ছিল। কিন্তু তাহারা জানিত না বে, তাহাদের স্থানিশি পেথিতে দেখিতে অভিবাহিত হইবে! তাই আজ প্রাতঃকালেই নহবতের "অন্য স্থা উঠিয়াছে, অভিভাবকগণের ওঠে কাঠ হাসি লাগিয়াছে, সরল-হৃদয় শিশুগণও যেন প্রাণ খুলিয়া কথা কহিতে পারিতেছে না। সকলেই যেন একটা অমঙ্গলাশকায় ভীত, যেন প্রত্যেকেরই মুথে একটা বিষান-পালপ পাড়য়াছে। ইতর বিশেষ সর্ব্ব জনসাধারণেই যেন একটা অব্যক্ত তীব্র জালা অকুভ্ব করিতেছে; সারা বিশ্বটা খেন কুকারিয়া কাদিতেছে। স্থাদেব মাতৃচরণ দশন লাভাশায় যথাশীদ্র কার্যা সম্পাদনে ঘদ্মক্তকলেবর ছইয়া গৃহাভিমুথে ছুটতেছেন। নীলাকাশে ক্লাণজ্যোতিঃ শারদীয় চক্র কর্তব্যের দায়ে ভাসিতেছে, যেন ঐ কার্যা উহার প্রাণ নাই। প্রন্দেবও স্বকার্য্যে পূর্ব গ্রেনানিবেশ করেন নাই।

উমানাথ আছে সত্রারাণীকে গৃহে লইয়া বাইবেন । কথনও নন্দী, কথনও বা ভূলীকে বলিতেছেন, ওরে তাড়া দে, বেশী রাত করা ভাল নতে। বাড়ীর পুরস্তীরা যেন ঐ কথা কর্ণে আদৌ ভান দিতেছেন না—মাকে বরণ করিতেই ব্যস্ত। তাঁহারা নয়নজ্পলে তাসিতেছেন ও কাতরকণ্ঠে বলিতেছেন,—মা, আবার যেন আগামী বৎসরে তোর চবণ দর্শন করিতে বঞ্চিত না হই।" অবশেষে বিদায়-সঙ্গীত বাজিল—ধীরে ধীরে মাকে লইয়া সকলেই জাছ্বীকুলে গমন করিল। অভংপর "মা মা" ঝুবে দিগস্ত কাপাইলা তার পবিত্র মন্ত্রপুত প্রতিমাধানি স্থ্রেম্বরীর গর্ভে "বিসর্জ্জন" দিল। তৎপরে ক্ষন্ত্র মনে গৃহে প্রত্যাগমন করিয়া এক বৎসব ব্যাপিয়া জননীর আগমনী-গাত পুনরায় শুনিবার জন্ম ব্যাকৃল্চিত্তে অবস্থান করিতে লাগিল।

আর্থিন মাসে মা তিন চারি দিনের জন্য আসিরা আমাদের একটা Impetus দান করেন। আমাদের মধ্যে যে Potentialities আছে, সেগুলাকে একটু নাড়াচাড়া দিয়া জাগাইয়া দিবার চেষ্টা করেন। প্রত্যেক মানব-জদিকন্দরে একটা লুকাই৩ প্রেমের বহুঃ আছে। সেইটাতে মা "মবা গাঙ্গে বাণ ডাকাবার" জন্ম চেষ্টা করেন। "জ্ঞানদ্বীপ জেলে ঘরে ব্রহ্ময়গীর মুখ দেখনা"—এই ভাব-টাকে পুষ্ট ক'রবার জন্ম আন্তাশক্তি যথেষ্ঠ চেষ্টা করেন। এই কারণে আমাদের শাস্তকারগণ প্রতি বৎদরে "বিস্ক্রজনের" প্রথা করিয়াচেন।

আধিন মাণে হুর্গা পূজা কে সৃষ্টি করেল ? নর-নারায়ণ বীর ভক্ত-চূড়ামশি

শ্রীরামচন্দ্র জগংশক নিপাতের জন। মাব পূজা করেন। যথন রামচন্দ্র জানিতে াারিলেন তে, তুর্গতিনাশিনী এগন্মাতার দাধনা করিতে পারিলে সকল বিপদ্ট সহরে দরে পলায়ন করে, তথন তিনি প্রাণপ্রিয়া দীতার উদ্ধার মানদে তম:-প্রতিমৃত্তি রাবণ-বধে সংকল্প করিয়া পূজায় বদিলেন। মাও পরীক্ষা করিতে ছাড়িলেন না। রণক্ষেত্রে বহু আয়াদলক হনু আনিত নির্দিষ্ট ১০৮ নীলপন্ম ভইতে একটা অপুগারিত করিলেন। পূজামগ্র রামচন্দ্র ইহা কিছুই কানিতে পারিলেন না। দেখিতে দেখিতে পূজার শেষমূহর্ত উপস্থিত হইল। কিন্তু কি ভয়ানক ব্যাপাব ! একটা নীলপল্ল যে নাই ! বীরবর প্রননন্দনকে ইহার কারণ জিজ্ঞাসা করিলে তিনি বলিলেন, "প্রভো! আমি আপনার জন্য বহু কঠে বহু স্থান অনুসন্ধান করিয়া, ১০৮টী পদ্ম আনয়ন করিয়াছিলাম। আপ্রনিও উহা গণনা করিয়া লইয়াছিলেন। কিন্তু বড়ই আশ্চর্য্যের বিষয় যে, এখন একটী পদ্ম নাই; ইহার কারণ কি কিছুই বুঝিতে পারিতেছি না। তবে কি এ পুজায় মা সম্ভষ্ট নন ?" তত্তত্ত্তে জানকীবল্লভ মৃত হাল্ডে কহিলেন, "বৎদ, ইহার মধ্যে এক ভভ-রুহন্ত আছে—ইহা মার খেলা,—একটা প্রীকা। <u> अक्षांनि गाँदत अधिककन शास्त्र शादनों कतिएउ शादान ना, अख्यान अस्यार्थ</u> আমি সামান্য পূজায় স্বকার্য্য সাধনার জন্ম তাকে সন্তুষ্ট করিবার ধৃষ্টতা করি-তেছি। কিন্তু ইহার একটা মাত্র উপায় আছে।" জােষ্ঠগত-প্রাণ নিতা-ভারধ্যায়ী চিরকুমার বালযোগী লক্ষণ দোৎস্ককে বলিলেন, "কি উপায় দাদা" ? তথন ঐ জিতে স্থিয় বনচারী কহিলেন, "মানবে আমাকে পদ্ম-পলাশ-লোচন বলিয়া জানে। অতএৰ এখনও আমার নিকট ছুইটা পদ্ম আছে, মার পূজায় একটা আঁথি পদ্মরূপে বাবহৃত হইবে। ইহাতে আমার ক্ষোভের কারণ কিছুই নাই। দেব কার্য্যে যদি এই মাটীর দেহের নাশ হয়, তাহা হইলে ত নরজন্ম সার্থক হয়। এই কথা শুনিয়া রক্ষকুল-প্রহলাদ ধর্মপ্রাণ বিভীষণ কাতর কঠে বলি-লেন, "আপনি এই সকল ভূলিয়া যান। আপনি আমাদের ত্যাগ করিলে আমাদের দশা কি হইবে ? আপনার আগমন প্রতিক্ষায় জানকীদেবী আশা-পথ চাহিয়া আছেন। তিনি যে আপনাকে ভিন্ন আর কাহাকেও জানেন না। একবার আপনার গহ চিত্রও স্ববণ করুন। দেখানে পতিবিয়োগ-বিধুরা **क्रिकाननमधा भूव-म्थ-मर्थन आर्थी (मश्मदी जननी क्लिमारमवीद विवापमदी** 

মুখছবি কি একবারও আপনার স্থৃতিপথে উদ্যুহইতেছে না ? আপনি এত নিম্মন, এত নিচুর, তাহা আমরা পূর্বে জানিতে পারি নাই। এত জনকে ष्ट्रःथमागरत निरक्षण कतिरान ना. महाभय।" उथन नीत्रमवत्रण विणित्मन, "आभि সমস্ত চিস্তা করিয়াছি। পিতা যার ইন্দ্র-স্থা ছিলেন, জন্ম যার চিরপবিত্র রখুকুলে, কেমনে সেই হতভাগ্য লোক সমাজে তার খুণিত জীবন বহন করিবে ? মানবে যথন ঘুণা-বিজড়িত শ্বরে বলিবে "এই না দেই ইক্ষুকুলাঙ্গার? তোমার সকল চিত্র অপেক্ষা আঁমি এই চিত্রে অধিক ভীত। অতএব বন্ধুগণ ! ভোমরা আর আমাকে রুথা বাধা দিও না।"

এই বলিয়া যখন তিনে হাসিতে হাসিতে তার প্রিয় ধমুকটীতে জ্যা রোপন করিয়া একটা তীক্ষ্ণৰ সংযোজন করিলেন, তথন সকলে "মাগো" বলিয়া চিংকার করিয়া উঠিল। সম্পূর্ণ অবিচলিত ভাবে কমললোচন স্বীয় নেত উৎপাটন কবিবার জনা বাণমুখ নেত্রপ্রতি লক্ষ করিয়া টানিলেন। এমন সময়ে স্বর্গে ছুনুভি বাজিয়া উঠিল, ভক্তবীরের মন্তকে পুষ্প-বৃষ্টি হইল, অনুধে অভয়-বানী ছইল, "তিষ্ঠ তিষ্ঠ"। পরীক্ষার শেষ হইল। সকলেই যেন ততক্ষণ একটা মোহের আবরণে ছিল। উদ্ধাদিকে দৃষ্টিপাত করিয়া যাহা দেখিল, তাহাতে ৰুগপৎ আহলাদে ও বিশ্বায়ে একেবারে মুহ্মান হইরা গেল ! রামচন্দ্রও যাহা দেখিলেন স্থাহাতে বোমাঞ্চিত-কলেবর হইলেন। তিনি দেখিলেন যে, মেঘকোল ছইতে প্রদর্মনয়না দিংহবাছিনা বরাভর করে ধীরে ধারে বাহারই নিকট অগ্রসর হইতেছেন। নিকটে আসিয়া বলিলেন "বংস ভোষার স্থবে আমি শস্তুষ্ট। বর প্রার্থনা কর।" তিনিও অভিন্সিত বর মাজ্রা কবিলেন। দেবীও "তথাস্ত" বলিয়া অন্তহিতা হইলেন। তারপর প্রতিমার "বিসক্ষন" ইইল। আমাদের ঘুগাবতার প্রাকৃ খ্রীরামক্রকদেবও "দেখা দিবি না, দেখা দিবি না" ব'লে মার দেখা পান। তিনি বলেন "ঠিক তোমাদের দঙ্গে যেমন কথা ই'চ্ছে. সেই রকম মার সঙ্গে কণা ক'য়েছি।

ইহা হইতে স্পষ্ট বুঝা যায় দে, হিন্দু কখন ও নাটীর প্রতিমা পূজা করে না। নিরাকারের দাহাত্য পার বলিয়াই খাকারের অবতারণা। পূজার মত পূজা ছটলে ঐ মৃন্মরী মৃর্ত্তিতেই প্রাণ প্রতিষ্ঠিত হয়। নিজের আত্মাকে পবিত্র করিতে পারিলেই অভীষ্ট দেবভার সাক্ষাৎ লাভ হর। যিনি যত পরিমাণে নিজের

আত্মার উৎকর্য সাধন করিতে সমর্থ ছইরাছেন, তিনি তত পরিমার্ণে মুক্তির পথে অগ্রসর হইরাছেন। যিনি নিজের আত্মাকে পরমাত্মার অংশ বিশেষ বলিয়া বুঝিতে গারিয়াছেন, তাঁহার নিকটে মানব-জগতের শোক হঃথ ডভ প্রতিপত্তি লাভ করিতে পারে না। প্রভাক মানবেরই হুনয়কন্দরে ফর্মনদীর প্রেমধারা বহিতেছে। একবার সেই নুকাগ্নিত শক্তি উদ্দীপিত করিতে পারিলে নিশ্চরই অসাধ্য সাধন হয়।

এই জন্যই ঠাকুর শ্রীমুখে বলিয়াছেন, "প্রেমবাভাস তো চিরকালই সমভাবে বহিতেছে, পাল তুলে দিতে পারণেই হয়।" আবার কোথাও তিনি বলিতেছেন, "তোমরা এক পা এগুলে, তিনি দশ পা আসেন।" জীবের মঙ্গল ভরে তাঁর প্রাণ সতত কাঁদিতেছে। উট কাঁটা ঘদ খাইরা মুখ ছিঁড়িতেছে, তবু তাহার মায়া ত্যাগ করিতে পারিতেছে না। ত্রিভাপতাপে তাপিত মানব সংসারে রাঙ্গা-ফলের আশাও ত্যাগ করিতে পারে না, স্থতরাং শান্তির স্থলীতল ছারায় বিশ্রায় ক্রিয়া স্লিগ্ধ হইবারও অবকাশ পায় না ।

এই জন্যই একজন ভক্তকবি লিখিয়াছেন-

"আমি সকল কাজেব পাই হে সময় ( ७४) তোমারে ডাকিচ্চে পাইনে। আমি চাহি দারা-স্তুত, স্থুখ সন্মিলন, তব সঙ্গ-স্থুখ চাহিনে॥ আমি কভই যে করি বুথা পর্যাট্ন, তোমারি কাছে ত যাইনে। আমি কতই যে খাই, ভন্ন আর ছাই, তব প্রেমায়ত খাইনে॥ আমি কত গান গাহি, মনেরি হরদে ভোষার মহিষা গাইনে। আমি বাহিরের প্রটো আঁথি মেলে চাই. कान-श्रीिश (भटन हाइटन ॥ স্থামি কার ভরে দেই আপনা বিলায়ে खब भग्डल विकाहेत्।

আমি স্বারে শিথাই কত নীতিক্থা,—

(নিজ) মনেরে ৩ধু শিথাইনে ॥

व्यमत कवि वड़ इःश्य विविद्याद्य-

"যাহা পাই ভাষা খরে লয়ে যাই, আপনারই মন ভূলাতে। শেষে দেখি, হার! সব ভেঙ্গে যার, ধূলা হয়ে যার ধূলাতে॥"

ভক্ত-চূড়ামণি পূকাপাদ শ্রীরামচক্র—কামিনীকাঞ্চন, অহন্ধার দূরে নিক্ষেপ করিয়া ভবেই অনাথ-নাথ দীনবর্ধ, ভক্তবৎসল, প্রভূ শ্রীশ্রীরামক্রফদেবের প্রিয় শিশ্বরূপে কুপালাভ করিয়া নরজন্ম সার্থক,করিয়াছিলেন।

ভাই অনাথবন্ধ ঠাকুর শ্রীমুখে বলিয়াছেন, "যে কেছ তাঁকে পাইবার জন্য, তাঁকে বুঝিবার জন্য আমার নিকট আসিবে, তার মনোরথ পূর্ণ ইইবে। কিন্তু নাবধান! বিষয়-কামনার লেশমাত গৃদ্ধ থাকিলে তাঁর নিকট উপস্থিত হইয়া কি ফল্ফেলিবে?

क्रिक शावश्र ।

### পরমার্থ ব্যাখ্যানমালা।

( পূর্ব্ব প্রকাশিত ১৮৩ পৃষ্ঠার পর )

(১ শম, ২ দম):—বৈদ্য শাস্ত্রে রোগ উৎপন্ন হইলে ঔষধাণি ধারা তালার প্রতিকার করা অপেকা, রোগ যাহাতে উৎপন্ন না হয় তহিষয়ে সাবধান হওয়া অধিক হিতকর বলিয়া স্বীকার করা হইয়াছে। তক্রপ মনোবিকার উৎপন্ন হইলে তাহাকে সংশোধন ও বলীভূত করিতে যক্র করা অপেকা, যাহাতে আদে বিকার না জন্মিতে পারে, ভাহারই চেষ্টা করা অধিক শোরম্বর সন্দেহ নাই। কোনও বন্ধ হইতে মনোবিকার উৎপন্ন হইবার পূর্বে, উরা বাহেজিয়ের গোচরীভূত হওয়া আবশ্রক, তত্তিন উক্ত বন্ধ ধারা মোহিত হওরাই অসম্ভব। আক্রের বন্ধি সেই পুরুষ হইতে ইজিয়েকে দ্বে রাথা হর এবং তালাতে ইজিয়েক

পাবদ্ধ হইবার আর আশস্কা থাকে না। কলতঃ সমস্ত জ্ঞানেন্দ্রিরকৈ আপনার অধীন রাথিয়া তাহাদিগকে মোহপ্রাদ বিষয়াভিমুথে না ঘাইতে দেওয়াই কর্ত্তবা।

অকশাৎ কোনও কারণে কোনও বস্ত দারা মনোবিকার উৎপন্ন ইইলে, যদি আমরা হস্তপদাদি কর্ম্মেলিয়কে দেই বিষয়ে আসক্ত হইতে না দিরা আপনাদিগের আয়ত্ব রাখি, তাহা হইলে আর আমরা মন্দ আচরণ করি না এবং ভবিশ্বতে অনর্থ ঘটিবার সন্তাবনাও থাকে না। এই জন্ম জ্ঞানেন্দ্রিরের জ্ঞার কর্ম্মেলিয়গণকেও আয়ত্ব রাখা মুমুক্সগণের অবশ্র কর্ত্তব্য। ইক্রিরগণকে প্রার্থির মুথে ধাবমান হইতে না দেওয়াকেই দম বলে।

> "বিষয়েভ্যঃ পরাবৃত্য স্থাপনং স্থ স্ব গোলকে। উভয়েষামিন্দ্রিয়ানাং দ দমঃপরিকীর্তিতঃ॥"

বিষয় হইতে নিবৃত্ত করিয়া জ্ঞানেজিয় ও কর্মেজিয় এই উভয়কেই ব স্থ গোলক মধ্যে আবদ্ধ রাথাকেই দম কহে। ইজিয়গণকে বিষয়ের দিকে না ঘাইতে দেওয়াই উত্তম উপায়। কারণ স্থমিষ্ট ফল বা আয় ভোজন না করিলে ভাহার উপর আসজি কিরুপে জ্ঞাবি ? স্থানী কামিনী অবলোকন না ক্ষরিলে মোহ উৎপন্ন হয় না এবং মধুর সঙ্গীতধ্বনি প্রবণ না করিলে বা স্থান্ধ স্থব্য আত্মাণ না করিলে, সাধকের তাহাতে প্রানুক্ত হইবার অবসরই হইবে না। এই জন্ম সাধক মাত্রেরই নিমন্ত দম গুণ অভ্যাস করা আবশ্রক। যে বিষয় ছারা মামুষের স্থাই ইবার সন্তাবনা আছে, তাহা ইইতে দুরে থাকাই বৃদ্ধিমানের কার্যা।

> "দলা সংহরতে চাহয়ং কৃশাঙ্গানীব সর্বলঃ। ইন্দ্রিয়ানাধিয়ার্থেভ্যক্তম্ম প্রজ্ঞা প্রতিষ্ঠিতা।

কৃশ্ম বেমন আপন অঞ্চ সকল সংকোচ করে, দেইরূপ বিনি বিষয় হইতে। ইন্দ্রিয়গণকে প্রত্যাহরণ করেন, তাঁহাকেই স্থিরপ্রজ্ঞ জানিবে।

কিন্ত বাঁহাকে এই সংসারে থাকিয়া সংসার্যাত্রা নির্বাহ করিতে হইকে এবং স্ত্রী পূজাদি প্রতিপালন করিতে হইবে, তাঁহার সমস্ত ইন্দ্রিক ব্যাপার কর রাখিলে চলিবে কেন ? তিনি ত আর দিবা রাত্রি চকু-কর্ণ-নাসা বন্ধ রাখিতে পারেন না। "চক্ষের অন্তরাল হইলেই মনের অন্তরাল হয়" ইহচ কতক অংশে সত্য বটে, কিন্ত যেথানে প্রেম বা আসন্তি অভিশয় প্রামান্ত সেখানে এ কথা থাটেনা।

"ম্বেছানাতঃ কিমপি বিরহে ধ্বংসিনন্তে ছ ভোগাৎ। ইট্টে বস্তুম্যুপচিত রসা প্রেমরাশীর্ভবিক্তি॥"

বিচ্ছেদ স্বারা স্নেহ বিনষ্ট হয় এ কথা সত্য নহে, কারণ উপভোগ করিছে না পাইলে ইষ্ট বস্তুতে আসক্তি বৃদ্ধি পার এবং সমধিক প্রবল হইয়া উঠে।

মনের স্থৃতিশক্তি অত্যন্ত প্রবল। যতদিন পর্যান্ত বিষয়ভোগে বিরক্তি না জন্মে, ততদিন পর্যান্ত বিষয়ের অফুপন্থিতিতে স্থৃতির মনোবিকার ঘটাইয়া থাকে এবং বিষয়-বাসনা বর্দ্ধিত করে। অতএব মনের নিগ্রহ করিয়া বাসনা বর্জন করাই বিধের। ইহাই শম।

"সদৈব ৰাদনা ত্যাগঃ শমোহযমিতি শব্দিতঃ।"

নিরস্তর বাসনা ত্যাগকেই শম কুছে। কিন্তু বিষয়-বাসনাকে মন ছইতে বিদ্রিত করিতে ছইলে, মনের উপর সম্পূর্ণ অধিকার থাকা চাই। ইহা অত্যস্ত ছংসাধ্য ব্যাপার। বিষয়ের প্রতি মন এতই লুব্ধ যে, উপজোগ করিতে না পাইবেও ইহা নিশ্চেষ্ট থাকে না, পরত্ত বিষয়-চিস্তাতেই রত থাকে। সেই অন্ত পরমার্থ সাধনে মনকে নিগৃহীত করাই অত্যন্ত আবশ্রক বলা হয়। মন বিষয় হইতে নিবৃত্ত না ছইলে মুক্তির সম্ভাবনা কোথায় গ

শ্মন এব মসুস্থানাং কারণং বন্ধ মোক্ষরোঃ । বন্ধায় বিষয়াসক্তং মুক্তৈয় নির্বিষয়ং স্কৃতং ॥"

মনই মন্তব্যের বন্ধন বা মোক্ষের কারণ। ইহা বিষয়াসক্ত হইলে মনুদ্ধ বাদ্ধ হয় এবং বিষয়-বিমুক্ত হইলেই মোক্ষের কারণ হইয়া থাকে।

এই জন্য মনকে বিষয় হইতে প্রতিনিবৃত্ত করা মৃযুক্ত্ মাত্রেরই আবশ্ব কর্ত্তব্য।

\*\*শ্বতো নির্বিষয়স্তান্ত মনসো মুক্তিরিষ্যতে।

অতো নির্বিষয়ং নিতাং মনঃ কার্যাং মুমুকুণা ॥"

বে হেতু মন বিষয়-বিমুখ হইলেই মুক্তি নিশ্চিত, তথন মুমুক্স ব্যক্তি মনকে বিষয়-বিমুক্ত করিবার জন্ম নিতা যত্ন করিবেন।

এখন মনকে কি প্রকারে বিষয়-বিমুখ করা যায় ? মন ও বিষয়কে অত্যন্ত ভাল বাসে, তাহার বিষয় লোভ ত নিবারণ হইবার নহে; তবে কিরুপে তাহাকে কিবর হইতে বিচ্ছিত্র করা যায় ? নিয় কথিত ছইটি উপায় অনেক সাধকের লাকে বিশেষ সহায়তা করিতে পারে। প্রথমতঃ, বে বিষয় মনের অত্যন্ত প্রিয়

ও মোহজনক, তাহার সত্য স্থাপ বিশ্বেচনা করিয়া দেখিবে। এরপ বর্থারীতি বিচার করিলে দেখিতে পাইবে যে, জাহা দোষবুক্ত, অনিত্য ও পরিণানে ত্থেত্রদ। মুমুক্গণের এই বিশ্বাস দৃঢ় ও হির হইলে, ক্রমে বিষয়-স্থুথে বিরক্তি জানিবে এবং মন নিশ্চরই বিষয়-বিমুখ হইবে। দ্বিতীয় উপায় এই:—মনকে সর্বানা সং বস্তুর দিকে লইয়া যাইবার অভ্যাস করিবে। পরম বস্তু ঈশ্বরই নিত্য ও আনন্দময়। তাঁহার সাক্ষাৎকার হইলে জীব সংসারচক্র হইতে মুক্ত হইয়া শাশ্বত মোক্ত স্থেম অধিকারী হয়। তক্ষ্য নিয়ত ঈশ্বর-চিন্তা করিবে। তাহা হইলে অভ্যাস দ্বারা ক্রমে ক্রমে মনের স্বাভাবিক গতিই ঈশ্বরাভিমুখী হইবে। এই উভর প্রকার অভ্যাসই শম সাধনের অন্ধ এবং সাধকগণের অবশ্ব কর্তব্য।

"বিরক্ষা বিষয় ব্রাতান্দোধ দৃষ্টাা মূর্ম্ই:।
স্বল্ফ্যা নিরতাবস্থা মনসঃ শম উচ্যতে॥"

বিষয়ের বারস্থার দোষ দর্শন করিয়া মন যথন স্থীয় লক্ষ্য বস্তু পারত্রক্ষে নিয়ত ভাবে অবস্থান করে, তথন তাছাকে শম বলা যায়।

শম ও দম (মনঃ সংযম ও ইক্রিয় সংযম) এই উত্তর উপারেই মনকে বিষয় ইইতে বিনির্ত্ত করিবার চেষ্টা করা আবশ্রক। ইহাতেই যে একেবারে কৃতকার্য্য হওয়া যায়, এমন নহে। পরস্ত পুনঃ পুনঃ পরাভবের সম্ভাবনাই অধিক। তথাপি ধৈর্যাবলম্বনপ্রক্ষি এবং সত্যতা ও অধ্যবসায় সহকারে যত্ন করা কর্তব্য।

"যততোহ্বপি কৌদ্বের পুরুষশু বিপশ্চিতঃ।

ইন্দ্রিয়াণি প্রমাণীনি হরন্তি প্রসভং মনঃ॥"

প্রবল ইক্সিয়গণ যুদ্ধীল বিবেকী পুরুষের চিত্তকেও বলপূর্বীক হরণ করে।

এত প্রবল ইক্সিয়গণের সহিত ছুর্বল মানব কি প্রকারে যুদ্ধ করিবে 
তবে কি তাহাদের নিকট পরাভূত হইয়া নিশ্চেষ্ট হইয়া থাকিতে হইবে 
কবনই না, সাধ্যকের হতাশ হওয়া কোন মতেই উচিত নহে। বছবার প্রাশ্ কিত হইলেও, পুনঃ পুনঃ চেষ্টা করিতে হইবে এবং অবশেষে উপরাম্প্রতে
অবশ্বই এই সংগ্রামে ক্সমণাভ হইবে, সন্দেহ নাই।

> "তানি সর্বাণি সংযম্য যুক্ত আসীত মৎ পর:। বশে হি যন্তেজিয়াণি তম্ম প্রজা প্রতিষ্ঠিত। ॥"

সেই সমক্ত ইঞ্জিয়গণকে সংযক্ত করিয়া বোগী ব্যক্তি মৎপরায়ণ হুইরা থাকিবে। যাহার ইঞ্জিয়গণ বশীভূত আঁছে, তাহারই ভ্রিবৃদ্ধি হুইয়াছে জ্ঞানিবে।

সেইরপ মদকে নিপ্রহের হারা ক্রমে ক্রমে সমস্ত বাসনা হুইতে নিরস্ত করিতে হুইবে; নতুবা মনই আনেক সময় ইক্রিয়গণকে বিষয়-হুথে রত করিবে। এইরপে মুমুক্রগণ বছ বৎসর ব্যাপিয়া মন ও ইক্রিয় সংখ্যম নিয়ত নির্ত গাকিলে অচিরাৎ সংসার-ছঃথের অবসান হুইবে, এবং প্রমার্থ সাধ্যনের পথে আর বিল্প ঘটিবে না।

> "বাদনা সং পরিত্যাগে যদি যত্নং করোবালম্। তাত্তে শিথিণতাং যান্তি সর্বাধি ব্যাধয়ং কণাৎ॥"

যদি তুমি বাসনা-ত্যাগ করে সম্পূর্ণ, যত্ন কর, তাহা হইলে তোমার সমস্ত আধিবাধি মুহুর্ত্ত মধ্যে ক্লাস প্রাপ্ত হইবে।

তৃতীর "উপরতি"—কাম ক্রোধাদি বিকার সম্বন্ধে আমরা এতক্ষণ বিচার করিলাম। কিন্তু মনের তৃইটী ভাগ আছে, একটী বিকারময় অপরটি করনামর; একণে এই করনাশক্তি সম্বন্ধে আলোচনা করা যাউক। এই শক্তি অতি অন্তুত, ইহা ইন্দ্রিয়াদির সাহায্যের অপেক্ষা করে না। বিষয় পল্পথে না থাকিলেও, করনা-শক্তিবলে মনোমধ্যে বিষয়-চিন্তা করা যায় ও তদ্ধারা এক প্রকার অ্থও উৎপর হয়। সাধকগণের কর্ত্তব্য, এই শক্তিকে নিগৃহীত করিয়া ইহাকে বিষয় ইইতে ঈশ্বরাভিম্থে পরিচালিত করা ও ঈশ্বর-চিন্তায় নিবৃক্ত রাথা। এইরপ ক্রার নাম উপরতি।

"বাহানালম্বনং বুত্তে রেষোপরতিরুত্তনা।"

মনোবৃত্তিকে বাহিরে ( বিষয় কার্গ্যে ) যাইতে না দেওয়াই উৎক্রন্থ উপরতি ।
কিন্তু মুমুর্গণ কি জন্য করনাশক্তিকে চাপিয়া রাথিবেন ? করনাময় মনোরাজ্যে
স্থাজোগ করায় কি অনর্থ ঘটিতে পারে ? কামক্রোধাদি অহিতকর রিপ্গণের
নিপ্রহ আবশ্যক বটে, কিন্তু করনাশক্তিপ্রস্ত স্থ পদার্থের ঘারা মনোরাজ্যে
ইদি স্থ সম্ভোগ করা যায়, তাহাতে হাদি কি ?

্ত্যক্ষ্যতা মেবকামাদির্মনোরাক্ষ্যেতু কা ক্ষতিঃ। অশেষ দেয়ে বীজ্ঞাৎ ক্ষতির্ভগরতেরিতা॥"

কামাদি বিকার তাগে করা আবশ্রক হইলেও মনোরাজ্য হইতে তাহাদের

বর্জনের আবশুক কি? ইছা জলের লোবের বীজ-স্বরূপ, এই জন্য মহাপুরুষগণ ইয়াকে ক্ষতিকারক বিবেচনা করেন।

কিন্ত ইহা সত্য कि ? মনোরাজ্যে বাস্তবিক ত কিছুই নাই, কয়না-বলে
কাগৎ সৃষ্টি করিয়া তল্পায়া মনে মনে প্রথসজ্ঞাগ হর মাত্র, সত্য মত্য ত কোনন্দ কার্য্য করা হয় না এবং কোনও পদার্থ প্রাপ্ত হওয়া যার না; তবে ইহা কি প্রকারে দৃষ্ণীয় হইল ? ইহার উভর এই যে, বিবয়-চিস্তা র্থাই হউক বা সত্যই হউক, ইহা পরিণামে ছঃখদায়ক, ইহার বারা বিষয়শক্তি স্থায়ী হইয়া বায় এবং মুমুক্সাণ মন ও ইক্রিয়তোগ্য বিষয় সমূহের মধুয়তা বিশ্বত হইতে পারেন না, স্তরাং ইহা কথন না কথন তাঁহাদিগকে বিপদে ফেলিবে।

"ধ্যায়তো বিষয়ান্ প্ংসঃ সক্ষতেযুপজায়তে।
সকাৎ সঞ্জায়তে কামঃ কামাৎ ক্রোধোছভিজায়তে॥
ক্রোধান্তবতি সংস্থাহঃ সন্মোহাৎ স্থতি-বিক্রমঃ।
স্থতিত্রংশাব্দুদ্ধিনাশে। বুদ্ধিনাশাৎ প্রশুপ্ততি॥"

বিবর-চিন্তা হইতে মহন্তের বিবরাসজি জন্মে, আসজি হইতে অভিলাব,
অভিলাব হইতে জোধ, জোধ হইতে ধোহ, বোহ হইতে স্বতি-শক্তির বিনাপ
ত পরে বৃদ্ধি নাশ হয়। বৃদ্ধি নাশ হইলেই পুরুবের সর্বনাশ বা অবোগতি
হইল। অভএব মুম্কুগণ বিবরের চিন্তা পর্যান্ত করিবেন না। কিন্ত প্রবল
করনাশক্তিকে অভ্যাস বারা ত্যাগ করিরা কিরুপে চিন্তকে বিবর হইতে বিরত
করিষা ঈশ্বর-চিন্তার ব্যাপ্ত রাথিতে হইবে, তাহাই আলোচনা করা যাউক।
প্রথমতঃ এই করনাশক্তিকে একেবারে নিরুদ্ধ করিয়া মনকে আপনার অধীন
রাথিতে চেঠা করিতে হইবে। বিবরের দিকে মনকে যাইতেই দিবে না,
প্রথম প্রথম চঞ্চল মনকে অধিকক্ষণ ধরিরা রাথিতে পারা যাইবে না সত্যা, তথালি
প্রতাহ অর অভ্যাস করিতে করিতে সাধ্বের মন নিরুদ্ধ করিবার ক্ষমতা
বৃদ্ধিপ্রাপ্ত হইবে। ইহা একপ্রকার অভ্যাস মাত্র।

"শবৈঃ শনৈরপরমেদ্ কাাগতি গৃহীতরা। আত্ম সংস্থং মনঃ ক্লডা ন কিঞ্চিদপি চিন্তরেৎ॥"

ননকে আত্মাতে নিহিত করিয়া হির বৃদ্ধি হারা অন্নে অন্নে বিরতি জভ্যাস করিবে; অন্য কিছুই চিন্তা করিবে না। কিন্তু একাধিক্রমে অনেক্সণ স্নক্তে নিক্ক রাখা ছংসাধ্য, ককর এক একবার জন্য দিকে বন বাইকে কডি নাই; তবে অবিসংকই পুনশ্চ তথা হইতে কিরাইরা আনিতে হইবে। চক্ষণ বন আপনা হইতেই বিষয়ের দিকে ছুটবে, কিন্ত বিষয়ী গোক বেনন বেন্দার বনকে সংগ্রুক করে, সাধক সেই প্রকার সংগ্রুক থাকিতে দিবেন না, বরং শীত্র উহাকে জন্যজন্ম আজার সংগ্রুক করিরা দিবেন অর্থাৎ করির-চিভাঙ্ক ব্যাপৃত রাধিবেন।

ঁৰতো বঁতো নিশ্চয়তি মনশ্চঞ্চল সন্থিরং। ততন্ততো নিয়মেডদাত্মন্যেব ৰশং নরেৎ॥"

চঞ্চল-স্বভাব মন যে যে বিষয়ে বিচরণ করিবে, দেউ সেই বিষয় হইতে ভাহাকে প্রভ্যাহরণ করিয়া আত্মার বদীভূত করিবে ।

মনোনিগ্রহ অভ্যাসের ভৃতীয় উপায় এই যে, যখনই মন কোনও বিবরাভিমুখে বাবিত হইবে, তখনই চিস্তা করিয়া দেখিবে যে ঐ বিষয় অসার, নশ্বর ও আনেক লোববুক্ত, উহা ত্যাগ করাই বিধেয়। এইমণ বৃচ বিশাস অভিনে মন কডাই তৃথা হইতে প্রত্যাবৃদ্ধ হইবে।

এইরপে তিন প্রকার অন্তাস বারা মন আপনার অধীন হইলে, তখন তাহাকে একেবারে নিরুদ্ধ করা সহজ হঠবে। অবশু বলা বত সহজ, হার্ব্যে হ্রা তত সহজ নহে। মনোর্ছির জয় করিতে হইলে, ভগীরথ মর্ত্তো গলা আনরন করিতে যে প্রকার যত্ন প্রদর্শন করিরাছিলেন, তদপেক্ষা অধিকতর যদ্ধেরও আবশুক। অতল ও অবিশ্রান্ত পরিপ্রমের আবশুক। ইহাতে কখনও কখনও মুরুক্তর নিরুৎসাহ হওয়া বিচিত্র নহে, কারণ অর্জুনের ক্লান্ত পরাক্রমণানীয় প্রকার করিয়াছেন।

"চঞ্চলং হি মনঃ ক্লক প্রেমাণী বলবদূচ্ম্। জন্মাহং মিগ্রহং মঞ্চে বারোরিব স্থত্করং ॥"

মন বভাবতঃ চৰুদ্ধ, উপদ্ৰবী, বলবান ও একওঁরে, বারু রোধ করা সহক ক্ষিত্র মনকে নিগৃহীত করা আছও কঠিন। গ্রহর হউক, ক্ষিত্র বিভাগনা ভাহার ফুইটী উপায় নির্কেশ করিয়াছেন।

> "অবংশকং মহাবাহে। বনো ছমিগ্রহং চলং। অভ্যানের তু কৌতের বৈরাগ্যেন চ গৃহতে ৫"

চঞ্চল মন যে এনিএছ ভাষতে সংশয় নাই, তথাপি অভ্যাস ও বৈরাগ্য ছারা ভাষাকে আঁয়জ,করা যার।

অভ্যাসই সকল সিদ্ধির মূল, ইহার প্রায়োজনীয়তা বর্ণনা করিয়া শেষ করা যায় না। সাংসারিক কার্য্য বল, বিছা উপার্জ্জন বল, কলাকুশলতা বল, সকক বিষয়েই ইহার সহায়তা আবশুক। এই অভ্যাস সাধনে অবহেলা করিলো স্থায় কার্য্যও ছঃসাধ্য হইয়া উঠে। এমন কিঃ—

"অনভ্যাদেন মন্ত্রান্ত প্রাপ্তো যোগোহপি নশ্রতি।"

অনভাসে হেতু মানবের প্রাপ্ত বোগও নট ইইয়া যায়। বৈরাগাই মন জয় করিবার একটী সাধন। এ সম্বন্ধে পূর্ব্বেই অনেক বিচার করা ইইয়াছে। একণে মুম্কুগণ ইহাদের পরস্পারের সহিত কি প্রকার সম্বন্ধ বিবেচনা করিয়া দেখিবেন। শম, দম ও উপরিত থারা বৈরাগ্যের সহায়তা হয়, আবার বৈরাগ্য ছারা শনাদি সাধনের সহায়তা করে। এই সাধনাগুলি পরস্পারের সূহায়তা ক্রে, স্মৃতরাং যে পরিমাণে অভ্যাস করা যায়, ফলও তজ্রপ ইইবে এবং সাধকের পরমার্থ সাধনে উয়তি ইইতে থাকিবে।

চতুর্ব, তিতিকা—উলিখিত উপায়ে মনকে বিষয়াভিম্থে যাইতে না দেওয়া, উপভোগের আদক্তি ত্যাগ করা, ইলিয়গণকে বনীভূত রাথা বা মনোনিগ্রহ করা, এ সাধনায় রত থাকিলেও মুমুক্ষু ছঃও ক্লেশ হইতে পরিত্রাক্ষ পাইতেছের কই ? অনেক ছঃও, অনেক ব্যাধি, অনেক সঙ্কট আসিয়া তাঁহাকে ঘেরিয়াধ্ন দিড়াইবে, তথন তাঁহার উপায় কি ? একাণে তাহারই আলোচনা করা যাইতেছে।

ছু:থ ত্রিবিধ বথা আশ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক।

"দেহেক্সিয় মনঃ প্রাইণঃ স্কুখং গুঃখং ষদাপ্যতে। ইমমাধ্যাত্মিকং তাপং বিজ্ঞানায়দ্বি দেহীনাং॥"

দেহ, ইন্দ্রিয়, মন ও প্রাণ হইতে যে স্থব ছংব প্রাপ্ত হওরা যায়, ভাষাকেই দেহীর আধ্যাত্মিক তাপ বলিয়া জানিবে।

এখানে স্থথকেও হুংথের মধ্যে পরিগণিত করা হইয়াছে, কারণ স্থাধিও মান্ত্রের বৃদ্ধি চঞ্চল হইয়া এই হইবার সন্তাবনা যথেই আছে।

"আধ্যাত্মিকো বৈ দ্বিধঃ শারীরো মানসক্তথা।" আধ্যাত্মিক তাপ হই প্রকার, শারীরিক ও মানসিক। নানাবিধ রোকা হইতে শারীরিক কট হয়। রস-বিকার হেতু হস্তপদাদি নট হইরা বার, ইপ্রিম বিরুত হয়, কিয়া প্রাণক্রিয়া বর্ণানিয়মে সম্পন্ন হয় না, তজ্জন্ত প্রাণীগণকৈ অনেক ছংথ ভোগ করিতে হয়। তজ্ঞপ মানসিক কটও অনেক। ক্রা প্রের বিয়োগ জন্য গুংথ আছে, আকাজ্জিত জ্বোর অভাব হেতু হুংথ আছে, বাঞ্চিত প্রকার ফললাভ হইল না বলিয়া বা অন্যান্ত বহুকারণে মনে কট পাইতে হয়, ইহাই মানসিক তাপ।

আধিভৌতিক তাপ এই প্রকার যথা :--

শ্বৰ্ম ভূতৈ দেহ যোগাৎ স্থথং হঃখং যদাপাতে। দ্বিতীয়ং তং বিন্ধানীয়াৎ সন্তাপং চাধিভৌতিকং॥"

ভূতগণের সহিত দেহের সংযোগ বশতঃ যে স্থুথ হুঃথ উৎপন্ন হয়, তাহাই আধিতোতিক নামে দ্বিতীয় প্রকার তাপ।

এই আধিভৌতিক তাপ দ্বিবিধ; এক আকাশাদি মহাভূত হ**ইতে বা ক্ষড়** পদার্থ সংযোগে উৎপন্ন, দ্বিতীয় জীবিত প্রাণীর উপদ্রব ঘটিত।

> শ্বন পক্ষা মন্থ্যাটেডঃ পিশাচোরগ রাক্ষনৈঃ। সরীস্পাটেড্রন্ড নৃণাং জন্ততে চাধিভৌতিকঃ ॥"

মৃগ, পক্ষী, মন্থয়, পিশাচ, দর্প, রাক্ষস, নাগ প্রভৃতি হইতে মন্থয়ের যে হঃ থ হয়, তাহা আধিভৌতিক। দেইরূপ শীত, উষ্ণ, বায়ু, বৃষ্টি, বিহাৎ প্রভৃতি হইতে আধিভৌতিক ভাপ ঘটে। কুন্তীর ও ব্যাঘ্রাদির আক্রমণ, হন্তী-পদতলে দলন, দর্প-দংশন প্রভৃতি তাপ এবং বেত্রাবাত, অগ্নি-সংযোগ, জলে মজ্জন, উচ্চস্থান হইতে পতন, এ গুলিও এই আধিভৌতিক ভাপ লেনীভক্ত।

ভূতীয় প্রকারের তাপ আধিদৈবিক এইরূপ :--

"গুভাগুলৈ: কন্মভিল্পৈর্দেহাস্থে যম যাজনা। শ্বর্মরকানে ভোক্তব্য মিদং বিদ্যাধিদৈবিকং॥"

দেহাত্তে শুভাগুভ কল্মবশে যে যম-যাতনা ও স্বর্গ নরক ভোগ হয়, তাহাই আধিদৈবিক তাপ জানিবেঃ এই আধিদৈবিক তাপ সনেক প্রকার ঃ—

> গর্ভজন্ম জরা ব্যাধি মৃত্যুজং নারকং তথা। গ্রঃখং সহস্রদো ভেগৈভিন্ততে মুনিসভম॥"

হে মুনিশ্রেষ্ঠ ! গর্জবাস, জন্ম, জন্ম, রোগ মৃত্যু ও নরক-ভোগ প্রভৃতি হঃখ শহল প্রকার সাছে।

আনীনণ স্বৰ্গ-স্থাকেও ছংখ মধ্যে পান্নগণিত করেন। ইহ বা পরলোকেন্দ্র স্থা সত্য নহে, আনকৃষ্টিতে উহারা উদ্ভৱেই ছংখমদ, মুম্কুগণের ইহা সভত সমণ নাথা কর্তব্য।

এখন এই জিবিধ সম্ভাবে পীড়িত হইনা মান্ত্র্য কি প্রকারে শাস্ত্র খাকে আবং কি প্রকারেই বা সে পরমার্থ সাধনে বছবান হইতে পারে ? কুর্মল সাধককে যথন ইহার ঘোরতর ভাবে আক্রমণ করিবে, তথন তাঁহার ধৈর্য্য বা উৎসাহ কি প্রকারে অটল থাকিবে ? ইহার উত্তর এই যে, চতুর্থ সাধনা তিতিকা অভ্যাস করিলেই এই সকল বিপদ হইতে উদ্ধার পাওয়া বার ।

"সহনং সর্ব্ব ছঃখানাম প্রতীকার পূর্ব্বকং। চিন্তা বিলাপ রহিত: সা ভিতিকা নিগদাতে॥"

প্রতীকার চেষ্টা না করিয়া, চিস্তা ও বিলাপশৃক্ত হইয়া সর্ব্ব হুঃখ সহনেত্র নাম ভিতিকা।

প্রতীকার রুই প্রকার:—এক প্রতিশোধ অর্থাৎ কেছ জনিষ্ট করিলে তাহার আনিষ্ট করা; বিতীয় বাহাতে ছ:খ না আসিতে পারে তাহার উপায় করা ।

উত্তর্গিধ প্রতীকার সাধকের ত্যক্তা। তাঁহার সতত ক্ষমাশীল হওরা আবশুক; অসাধু কর্তৃক উৎপ্রীড়িত হইলেও সাধু তাহার প্রতিশোধ না কইসা বয়ং তাহার বন্দলাকাজ্ঞাই করিবেন। স্থীয় ছ:খের বিনাশ বা স্থাম করিবার প্রতিশোধ না কইসা করে তাহার বন্দলাকাজ্ঞাই করিবেন। তাই বিনিয়া বে হিংল্ল করের আক্রমণ হইতে আক্র-প্রাণের চেটা করিবে না, এমন নহে। রোগে ওবধ ও পথা সেবম এবং স্থার সময় জোজন না করা মূর্থের কার্যা। সাধুপণ আপন ছ:খানকাম আশার দেবতাদিগকেও কট দেন না। সাধ্যকর আচরণ করেণ হওরা আবশুক প্রীকৃষ্ণ তাহা বনিয়াছেন:—

"মাঝাশর্শান্ত কৌন্তের শীতোক হথ হঃবদাঃ। আম্মান্যারিনোহনিত্যান্তাং তিবতিকস্ব ভারত ॥"

হে অব্দুন ! বিবরের সহিত ইক্লিরের সংযোগই শীত উঞ্চ, সুখ প্রথ প্রত্তিক্ষ কারণ; ইহারা অনিত্য, কথনও উৎপর হয়, কথনও বিনট হয়; অতএক ভূষি এই অনিত্য সকল সহু কর।

আপাতঃদৃষ্টিতে এই উপদেশ নিচুর বলিয়া প্রতীয়নান হয়, বিশ্ব ইঞ্চ

পরিণামে বজতাই হিতকর। আমনা বডই কেন খেদ করি মা, অবক্রজাবী হুইখ ভোগ করিভেই হইবে; স্থতরাং কাঁদিরা ও মাধা খুঁছিরা ফুল কি? ভঙির ভিতিকা বারা সাধকের লাভও বিস্তর।

> (ক্রমণঃ ) শ্রীহরিশদ বিজ

# ভাবের ঘরে চুরি।

পরম পূজাপাদ ভক্তাবতার মহাত্মা শ্রীরামচক্রের শ্রীচরণে দারাদে প্রাণত হইয়া তাঁহার কুপায় তাঁহারই ব্যাধাত তগবান শ্রীশ্রামকুক্সেবের জীমুধ-ক্ষক নিঃস্ত "ভাবের ঘরে চুরি" বিষয়ে বৃঝিতে চেষ্টা করিতেছি। আশা করি—ভন্ত मक्षत्रीय भार्क-भाक्रिकावर्रभव देश कथानिक त्यांथ स्टेट्व मा । कक्नावरवन কুপান--তাহার উপদেশামূত বতই স্বতিপটে সমুদিত হব, ততাই মদল ও মহা কল্যাণকর, তাহার অহুমাত্র সন্দেহ নাই। বড় সৌভাগ্যে এই মহামূল্য বছড়-কল্প লাভ কৰিবাছি,-তভোধিক দৌভাগ্য, এ শীবনে যুগাবভার পরম সম্পানন ঠাকুর শীশীরামক্ষণদেবের ভক্তগণের করুণা লাভ করিয়া, ভবভয়ের হস্ত হইডে নিস্তার লাভ করিরাছি। বথন মনে হয় আমি কি ছিলাম, বখন কত প্রকার व्यमाखि-वनतारे व्यस्तिन नध् रहेजाम, यथन मत्न रह कि छव-वद्यतारे अधिका-ছিলাম. সেই মহাজীতির ছারা স্বরণপথে উদিত হইলে হাবর ওক হর, কঠবোধ হইনা আসে! প্রেমময় কত মেহ, কত দয়া করিবা আপন অক্তে টানিরা বইরাছেন; তাহা ভাবিলে ছানরে অপার আনন্দপারাবার উপদিরা উঠে। মনে হয়, যদি কেহ আমার ন্যায় অভাগা থাক, এস সম্বর এস, ঐ আনন্দ-দাগরে ঝাঁপ দাও। তোমার প্রাণের আলা কুড়াইবে, মনের সকল বাঁক নিৰেৰে অপজ্ত হইবে। প্ৰাণে প্ৰাণে নিশ্চিত ব্ৰিভেছি, বে গৌভাগ্যবান "ब्रायकृष्य" नाम शांहेबा क्लाइय शांत्रण कविद्यारक, काराव धारे त्यत क्या। আহার মুদ্রের সকল বাঁকচুর বুচিয়া গিয়াছে, তাহার বেলাবেনীতার ঐ নাম-মাগরে

নিমজ্জিত হইয়াছে। সে জগতকে আপন করিতে শিথিয়াছে, সে নিজেকে বৃথিতে পারিয়াছে। জগতে কেন আদিয়াছে জানিয়াছে, সাহাই প্রেমের সাগরে নিমজ্জিত থাকিয়া প্রেমের ঠাকুর "রামকুষ্ণু সায়-জগত্" দেখিতেছে। "যে জন রামকৃষ্ণ বলে, সেই ত আমার প্রাণ রে" বলিয়া হলয়-কপাট বভাই উন্মুক্ত করিয়া দিয়াছে ও ছই বাছ প্রসারিত করিয়া জগজ্জনকে "প্রাণের-ভাই" বলিয়া প্রেমালিজন করিতে ছুটিয়াছে। তাহার হৈতভাব আর নাই . "অহৈত ভাব আঁচলে বাঁধিয়া," প্রাণের পিপাসা মিটাইয়া, সঙ্কীর্ণতার সকলে গণ্ডি অবলীলাক্রমে অভিক্রম করিতেছে। সে আপনহারা হইয়া মাতৃক্রোড়ান্রিক সরল শিশুর ন্যায় কতই প্রেমের থেলা থেলিতেছে। মুক্তি-রূপিনী লাসী তাহার ধার্তী, পরিচারিকা। সে ভাবের ঘরে চুরি ভূলিয়াছে, মন-মুথ এক করিয়াছে, সমস্ত বুকের বোঝা দ্রে ফেলিয়া দিয়াছে। সে রামকৃষ্ণ-দাসাল্লাস হইয়া নির্ভয়ে, মাতৈঃ মাতৈঃ রবে ল্রাডা, ভন্নীগণকে উন্মুক্ত করিয়াছে, মোহনিদ্রা নির্মের ভাজিয়া দিতেছে, সভায়্রেগ গা ভাসান দিয়াছে। সে বৃথিয়াছে, প্রেমময় তাহাকে ক্রোর করিয়া ক্ষিত-কাঞ্চনে পর্যার্বসিত করিয়াছেন, তাই সে এখন স্বভাবাজ্জল আভায় উৎফুল্ল,— নিক্লঙ্ক।

প্রভুল, প্রেমময়, নিজগুণে ত ভাবের ঘরে চুরি ভুলাইয়াছ, তোমার অরণ মাত্রেই চার দেশ ছাজিয়া পলাইয়াছে। হায়! কি চোরের ভয়েই অভিভূত ছিলাম! পুঁজি পাটা সমস্তই লুট করিত! ছিত্র ক্জের ন্যায়, "শয়্তকেত্রের ভালা আলির ন্যায়"—য়ভই না কেন সলিল সিঞ্চিত হইত, সমস্তই বাহির হইয়া য়হিত! আপনার ঘরে আপনিই চোর হইয়া কি বিষম ফেরেই পড়িয়াছিলাম! কি ভ্রমানই, কি নাগপাশেই দৃঢ় আবদ্ধ থাকিয়া, জলিয়া পুড়িয়া মরিতাম ও ভাহার কলে, অশান্তিয়প প্রহরীর তাড়নায় কাতর প্রাণে ক্রমন করিতাম! হায়! হায়! ভাবের ঘরে চুরির কি ভীষণ পরিণাম! সরলতার কি ভীষণ প্রভিছন্থি। ভ্রকারাগারেয় কি জালাময়ী প্রেরণা!

মন! বুঝিলে কি,—তুমি কি ছিলে? বুঝিলে কি,—ভাবের দরে চুরি করিয়া কত সাজাই ভোগ করিয়াছ? স্বরণ হয় কি,—আপনাকে আপনি ঠকাইয়া, আয়-প্রতারণা-রূপ মহাপাপের কি শোচনীয় পরিণাম! "কিল খাইয়া কিল চুরি করার"—কি মুর্গুভেদী অব্যক্ত যন্ত্রণা!

ঞ্জীঠাকুরের আব্দারে ছেলে নিভাঁক গিরিশচক্র, অমৃতময় শুঁচুভর

দীলা" নিধিরীছেন ও প্রভু তাহা দেখিয়া আলীর্কাদ করিরাছিলেন। তাহার ফলে, নদীরার বিশিষ্ট পণ্ডিতগণ উক্ত অভিনর দর্শনে আনন্দু-বিহ্নবল হইয়া, "আবার কি গৌর এলো" বলিয়া মহানন্দে পরিপূর্ণ হইয়াছিলেন এবং গ্রন্থ-কারকে দর্শন-আশার ব্যাকুল হইরাছিলেন। কারণ, বাহার হক্ত হইতে এরপ প্রোম-প্রজ্ঞবণ নিঃস্ত হইরাছে, তিনি কত মহান্, কত উরত, কত বড় চরিত্রবান্, কি মহাভক্ত,—এই চিন্তার বিভোর হইয়া অকপট গিরিশ্চন্দ্রের বস্থ-পাড়াস্থ বাস-ভবনে উপীন্থিত হন। গিরিশ্চন্দ্র তথন তাঁহার দ্বিতদের বৈঠক-খানার বিসার বন্ধুবন্ধন লইয়া আলাপ করিতেছিলেন। যথন তিনি ব্যাপার কি বুঝিলেন, তিনি তৎক্ষণাৎ শীর ভূত্যকে বলিলেন, "ওরে শীঘ্র ব্রাণ্ডির বোতল ও মাসটা আনিয়া আমার সন্মুথে রাখ্। পাঠক। ইহা বুঝিতে পারিলেন কি পূ

শ্রী শ্রীরামক্বন্ধ-শ্রীচরণাশ্রিত নির্ভীক গিরিশ্চক্র ভাবিলেন, আমি ত মাতাল, চরিত্রহীন! ঠাকুরেরই ক্লপার যা কিছু! আমার দেড়ি কতদ্ব, আমি বেশ জানি। পাছে পণ্ডিতগণ আমার উপর ভ্রম-ধারণা করিয়া বদেন, তাহা হইলেই ত সর্ব্ধনাশ! ইহার জন্য বিত্রত হইয়া স্ব-স্বরূপে অবস্থিতি করিবার বাসনার, সম্বর মন্ত্রপারী গিরিশ্চকে সাজিলেন। তত্ত্ব-মঞ্জরীর পাঠক পাঠিকাগণ বোধ হর জানেন, প্রীশ্রীঠাকুর গিরিশ্চক্রের অভ্যাস ও মনের অবস্থা বৃঝিয়া, তাঁহাকে মন্ধ্র থাইতে নিম্প্রে করেন নাই, হাশুমুখে বরং তাঁহার সকল কলঙ্ক-"কালীমা'র নীলকঠের ন্যায়"—আপন শ্রীকঠে ধারণ করিয়া, হাশুমুখে কতই বাক্য-বাণ সন্থ করিয়াছেন!

পঙ্তিগণ ইহা দেখিলেন ও কিয়ৎকাল অবস্থানাস্তর বিশ্বিত হুইয়া প্রস্থান করি-লেন। এরপ দৃষ্টাস্ত প্রীশ্রীঠাকুরের সন্তানগণের মধ্যে অপ্রতুল নাই। যে মনে প্রাণে "রামক্রক" নাম লইয়াছে, তাহার আর "ভাবের ঘরে চুরি" থাকিতে পারে না। সৈ আর আত্মগোপন করিবার অবসর পায় না। সে শ্রাম-কলঙ্কের কলন্ধিনী হুইয়া, কুলশীল-মানের মন্তকে চিরভরে অশনি সম্পাত করিয়া, প্রীভগবানের শ্রীচরণ-নিংস্ত প্রেমভর্কে ভাসিয়া বায়—সে আপন প্রাণেই গাহিতে থাকে:—

"আমি দকলি দঁপেছি জাভি-কুল-মান, প্রাণ দিছি পারে ধ'রে। হরি, হরি, হরি ৷ করোনা চাতুরী, চরণে রাখিও মোরে॥

হেনেছ ন্যনে দারুণ কামান, বিষম বেজেছে বুকে,

সাকুলি বিকুলি, ( তব ) মোহে পড়ি ঢলি, বচন না সূত্রে মুখে॥" ূঁকাদাল।"

# মুতন ও পুরাতন।

"ধ'রে বেঁধে শীরিত, আর মেজে বােষে রপ" একই কথা। এটাও হর না, ওটাও হর না। ভাদরের ভরা বলার পতিতপাবনী প্রদর্মসিলা গলা আনন্দে নাচিয়া নাচিয়া হকুল ভাসাইরা চলিরা যার, তার ঘােলা জলের মহিরসী মাধুর্যে প্রাণ নাতােরারা হইরা উঠে। ইচ্ছা হর, সা চালিরা দি, বথা ইচ্ছা তথা লইরা যা'ক্। আবার শীতের অবসানে তিনি যথন শীর্ণকারা, তথন বচ্ছা সলিলের ধপ্ধপে কাপড়থানি পরিলেও তাকাইতে ইচ্ছা হর না। রূপ আপনি আপনার কোরারা, প্রেমও তাই। ঠাকুর যথন হদরে থাকেন, তথন মনে হর আমি কত স্থলর, আমার প্রেমের কৃল কিনারা নাই, ভাবে বিভার হইরা র্ক্ললতাকেও ছই হাতে বুকে জড়াইরা ধরিতে ইচ্ছা হর। প্রাণ তথন কোন বাধাই মানিতে চাহে না। আবার বথন ধ্বদরের এ পিঠ ও পিঠ পাতি পাতি করিরা খুঁজিরাও ঠাকুরকে পাই না, তথন মনের লাগাম কসিজে গেলে, মন মুথ দিরাইরা বঙ্গে,—জাের করিয়া পরাইয়া দিলে রাশ ছিঁড়িয়া বায়।

কনকে শংষ্ড করিতে না পারিরা—অনুেক ব্যিরা মাজিয়া দেখা গেল, ক্ষপ বাহির হইল না। বজিলা বাধিয়া, পীরিতি করিতে গিয়া দেখা লেল, সাময়িক চাক্চিক্য—"অহঙ্কার' ভারাকে সিংহাসনে চড়াইয়া আমি তাহার পদলেন করিতে লাগিলাম ও স্বার্থের পদতলে মাথা বেচিয়া কেলিলাম। সাম্নে, পশ্চাতে, দক্ষিণে, বামে তাকাইলাম; দেখিলাম, প্রাণের দেবতা অন্তর্হিত হইয়াছেম। পথবাহী যাত্রীনিগকে জিজ্ঞাসা করিলাম। কেই বলিল, আমার সক্রে আইস দেখা হইবে; তাহার পশ্চাতে অনেক দ্র চলিলাম। দেখিলাম, জলস্ত অক্রে শাই" লেখা আছে। এইরপে সব দিকই মুরা ক্ষেল, দেখিলাম বাহিরে নাই; অনুরে কে গাহিল,—

"তৃত্ দেৱে মন কালী বলে। স্বাদি-রস্থাকরের অগাধ জলে। রম্থাকর নর শৃষ্ঠ কথন, স্থু চার তুবে ধন না পেলে,

### তুমি দম-সামর্থে এক ভূবে বাও কুল-কুওলিনীর কুলে॥

ভূবিতে চাহিলান, দেখিলান—জল নাই। নক্ত্নির শুক বালুকারাণী আনার দিকে চোধ মেলিয়া চাহিরা হাসিতেছে!—সে হাসিও বড় বিকট, বাজান শন্ শন্ করিয়া বহিতেছে বটে, কিন্তু বড়ই পীড়াদায়ক। ভাবিলান, এখানে ব্রি লান্তি নাই, প্নরার পাছু হাঁটিলান। প্রাণের নিভ্ত কন্দরে বদি বা কথন ঠাকুরের স্নেহমাধা মুখধানি উঁকিকুঁকি মারিত, আমি কি জানি—কেম সরিয়া সরিয়া আসিতান; ভাবিতান, তুনি যখন শেছার আসিবে, তখনই তোমার হান দিব, নতুবা নয়। ধরিয়া বাঁধিয়া তোমার সঙ্গে পীরিতি করিব না। তুনি আকাশ-কুন্তুম, বিরুত মন্তিক ব্যক্তির করনাপ্রস্তুত ছবি মাত্র!

কিলে স্থা হইব, চিন্তা করিলাম। মনে করিলাম, লাগাম ছাড়িয়া দিলেই ক্ষৰী হওয়া যাইবে। কামিনী-কাঞ্চনে ভূবিতে চাহিলাম, যথেচ্ছাচারিতা 📽 উচ্ছু খল বৃত্তির শেষ সীমায় আসিয়া দাঁড়াইলাম। দেখিলাম, সুধা নাই। जनजर छेखद्रविव छेलारवर व्यर्थ छेलार्क्डन कदिनाम, क्रमारेबा स्विनाम क्र्य नार्र ; ধরচ করিয়া দেধিলাম, সুধা নাই। নিত্য ন্তন রমণী উপভোগ করিলাম, দেখিলাম সুধা নাই। তথন ভাবিলাম, ত্রী, পুত্র, ভাই, ভগ্নী ইহাদের সম্ভাগবিধান করিতে পারিলেই সুথী হুইব, কিন্তু কাহাকেও সুখী कतिरा भातिनाम मी-पाधिनाम, सुध माइ। धरेनात हिसान माता धकहे ৰাড়াইরা দিলাম। আমি কি চাই, স্থিয় করিতে চেষ্টা করিলাম। মনে হইল, আমি কিছুই চাহি না, আমার কিছুই আবশুক নাই। চোধ মেলিয়া দেখি-বাম, বন্ধু একটা তল্পী খাড়ে করিয়া আসিরাছেন, ঠোঁটের কোণে মুচ্কি ছাদিরা বলিলেন, "কি গো কেমন আছ, শান্তির দেখা পাইলে কি ° আমার রাগ হটল। বলিলাম, ভূমি চলিরা বাও, ভূমি আমার কাটা বারে মুন্ মাধাইতে আসিয়াছ ? উত্তর করিলেন, "তুমি মুর্থ, ইচ্ছা হর ভোষার এই তন্পীটী দূরে কেলিয়া দিয়া, তস্পী-টাঙ্গা লাঠিগাছি দিয়া ভোষার আপাদ-মন্তক ঝাড়িয়া দিন্" আমি বলিলাম, অপরাধ ? উত্তর করিলেন, "ভূমি বাহা ইছা, করিয়াছ, আর আমি তোনার পিছে থাকিয়া সদাসর্বদা এই তল্পী ৰহিবাছি; আর আমান বলিডেছ, চলিরা বাও ?" আমি বলিলান, "কুব

দেরে মন কালী বলে" গল্প শুনাইলে, আমি ডুবিতে পেলাম, তুমি জন্ম সরাইর। নিলে কেম ? ু উত্তর করিলেন, ''বাসনা পেটে গল্প বাজ্ করিভেছে, উহার। ক্ষয় জলে হইবে না, আগগুনে পুড়াইয়া বিশুদ্ধ করিতে হইবে।"

ভাগার পর আমার সঙ্গে সেই তল্পী-বাহক প্রেমিকের আর সাক্ষাৎ হা
নাই। তাই আমি কথন থিল থিল করিয়া হাসিয়া ফেলি, কথন কাঁদিয়া
বুক ভাসাইয়া দি। তবে ত আমি পাগল! এ পাগলামীর কি ঔষধ নাই।
ওগো, তুমি একবার আসিয়া দেখিয়া যাও, আমি তোমারি কছ পাগল সাজিয়াছি।
বুঝিয়াছি, সবই পুরাতন, কেবল তুমিই নৃতন। ভক্ত-প্রাশ্রিত

শ্ৰীৰ বিতনাথ দাস 1

### যুগাবতার

## শ্রীপ্রামকুহও পরমহংসদেব

8

## হিন্দুশান্ত।

( পূর্ব্ব প্রকাশিত ১৩৬ পৃষ্ঠার পর)

### সপ্তম উপদেশ।

#### সাকার-নিরাকাবতত্ব।

একজন প্রাক্ষভক জিজ্ঞাসা করিলেন, ঈশ্বর সাকার না নিরাকার।
স্ক্তিতে বীজ আমি, ভন পার্থ তাই,

আমি ভিন্ন চরাচরে আর কিছু নাই। (গীতা ১০ আঃ ৩৯ শ্লোক)

গীতার এই উক্তিটার সহিত দামঞ্জন্ত রাথিয়া গিয়াছেল। স্বতরাং ঠাকুর যাহা বলিয়াছেন, "গৃহস্থের বাড়ীর বউ, শুগুর, ভাস্থের সকলেরই সেবা করে, যত্ন করে; কিন্তু কারও কাছে শোবে না, স্বামীর কাছেই শোবে।" এই উক্তিটীর সহিতও সাধক বিশেষ সামঞ্জন্ত রাখিয়া ছিলেন। অতএব উপরোক্ত ক্লপ ঠাকুরের উপদেশ মত ধারণা করিতে করিতে সাধকের শ্বেষভাব একেবাক্লে দরীভত হইবে এবং অপরাপর দেবদেবীর প্রতি ভক্তি ও সকল ধর্মের প্রতি সমান সহামুভৃতি আসিতে থাকিবে। এমন কি, ঠাকুর কথন কোন ভক্তের মন সংসারে কোন ভালবাসার পাতের প্রতি অত্যন্ত আসক্ত থাকার খ্যানের সময় ভির হইডেছে না দেখিয়া, তাঁহাকে তাঁহার উক্ত ভালবাসার পাত্রকেই নিজ ইষ্টমূৰ্ত্তি জ্ঞানে সেবা করিতে ও ভালবাসিতে বলিতেন। এই সমুদ্ধে ঠাকুরের লীলা প্রদলে, পূর্বার্দ্ধ আথম অধ্যারে, এক স্থানে পাঠ করিরাছি, শ্বনেকা স্ত্রী ভক্তের মন তাঁহার অরবরম ভাতুপুত্রের উ<u>পর অত্যন্ত আনত</u> দেখিয়া তাঁহাকে ঐ বালককেই গোপাল বা বালক্ষণ জ্ঞানে সেবা করিতে ও ভালবাদিতে বলিয়াছিলেন ; এবং এরূপ মহুষ্ঠানের ফলে ঐ স্ত্রীভক্তের আং कार्लिह जाव-ममाथि इहेम्रोहिल।" महाचा बामहत्क्वत वकुषावनीरफ, कुलैक

বক্ততাতে 'রাজ্মীন যজ্ঞকালে মিতীযণের ক্ষতাঞ্চলিপুটে দণ্ডায়মান'ও হত্মানের মুকুতার হার থও থও করণ ইত্যাদি নৈষ্টিক ভাবের দৃষ্টান্ত হার। ধাঁহা স্মচাক্লরণে নীমাংসিত হইরাছে, পাঁঠক, তাহা পাঠ করিলে, এ বিষয় আরও বিশদরূপে ব্রিতে পারিবেন।

अश्विश्व ननी।

### উত্তরাখণ্ডে; ভ্রমণ ও স্থিতি।

( পূর্বে প্রকাশিত ১৪৫ পৃষ্ঠার পর )

পাণ্ডান্ধী বলিলেন, এ বংগরের মত এত বরফ আমার জীবনে দেখি নাই। বোধ হয় ১৮।১৯ বৎসর পূর্বে এই রকমই হোরেছিল, আমার দাদার মুখে ভনিয়াছি। সে দিন সমস্ত দিন রাত্তি সব এ চটিতে থাকা গেল, ও ঘাইবার পরামর্শ চলিতে লাগিল। পাণ্ডাজীর সহিত সঙ্গিনীদের সহিত গল করিছে ক্রিতে বলিলাম, দেখুন গত রাত্রে শীতে নিজা হয় নাই, (গৌরীকুখেই গড বাজি ছিলাম) শেষ রাত্রি এক ভীষণ স্বপ্ন দেখেছি। পাঙালী মধুভাষী— হাসিতে হাসিতে বলিলেন, "মাকে কি ভন্ন আছে গো, কি বল গো, কি স্থপন হোলো, যে এত ভয় মিল্ল।" আমি বলিলাম, গত রাত্রে দেখিলাম সুধু গালে আপনি একটা ভয়ত্বর উগ্র প্রথর দাপ গলায় জড়িরে জড়িয়ে এদে আৰৱা বোদে আছি, সামনে দাঁড়িয়েছেন। আমরা সব দেখছি অবাক হোমে। পাওালী ৰুন্নটি ভনে আনন্দে পরিপূর্ণ ও আমার পিঠ চাপড়ে "কেদারনাথ স্বামিন্সীকি ক্ষম" দিয়া কহিলেন, মাকে আর কি ভর আছে গো, ওটাত মহাদেব আছে গো, কেদারনাথ ভো দেখা দিলে গো, চল মা কিছু ভাবনা নাই গো।" স্বপ্নটা ৰে উপ্টে এমন হোৱে দাঁড়াৰে, তা ত মোটেই ধারণা করিতে পারি নাই। শেৰে আনন্দময় ঠাকুরকে মনে হোরে বড় আনন্দ হোলো, ঠাকুর ভর্সা দিতে এই সব কোচ্ছেন।

সে রাক্সি সেই চটিতে থাকা গেল। গলায় একটু ৰাথা হইল, কাশীও একটু একটু হইল। ছোট সাধু ছেলেটি স্ক'ট নিছরি ইত্যাদি ইত্যাদি দিরা বানে কলে ওবধ তৈরি কোষে খুব যমের সহিত থাইরে গেলেন। রাজে সন্ধিনী ও বৃড়দিদিকে লইয়া শন্তন করিলাম। বৃড়দিদির দেহ বৃদ্ধ থারাপ ভাবেই চলিয়াছে। আহার নাই, আহারের দ্রব্যও নাই। মান্ত্রের কাঁছে চলিয়াছেন। তবুও সকলে আনন্দেই চলিয়াছি।

ভার কেদারনাথ স্বামাজীকে জন্ম দিয়া প্রাতে আমরা রীতিমত শীতবন্তে আছ 
ঢাকিয়া ভবল ইকান তার উপর পটুর টুকরা জড়াইয়া জুতাকে শক্ত করিয়া
পারের সামে বাঁধিয়া লইয়া ভরে ভরে আনন্দে আনন্দে চলিলাম। অপূর্বা
দৃশ্য সকল নয়ন সমুখে পড়িল, আশ্চর্য্য হোমে গেলাম। কি একি ? এই
কি স্পর্মাজ্য ? এ ত ধ্যানে পাই নাই ? কঙ্গনায়ও দেখি নাই, এ কি ? উর্ক্তে
আনন্দ আকাশ বেশ শুভ্র। আর দে পথ বর্ণনা করি কি কোরে, ঢাকু পথ
মুধুবরফ। দোবরা চিনির মত বরফে জমার্চ পথ।

পাণ্ডাজীর আনন্দে স্বপ্নটার বিষয় মনে ইইরা মনে বৃথি কিছু অহন্ধার ইইরাছিল। তেমনি লীলাময়ের লীলা। দড়ির জুতা সে দিন না পরিয়া রবার স্থ পরিয়াছি ছ-সন্দিনীতেই। পা আর বরফে বসে না, এক এক পা দিতেই পতন, আবার সাম্লাইরা ঠাকুরের নাম ধ্বনীপূর্বক জান্তি বন্ধুর সাহায্যে উঠিতে না উঠিতেই আবার পতন। পথে পা বাড়াইরাই ত যাত্রীদের দশা এমনি হইল। কিন্তু ধস্তু পাণ্ডাজীর দক্ষতা। একার একল, যেন দৈবশক্তিবিশিন্ত।

বুড়ীমাদের ত ছোটবেলার মত চেদ্ কুমড়ার মত তাঁরই সব লোকজনের কাঁধে তুলিয়া দিলেন। দলের মধ্যে আমি ও ছই সদিনী কিছু কিছু বিয়ংক্ষমিষ্ঠা ছিলাম। আমাদের হাত ধরিয়া ধরিয়া লইয়া যাইতে হইল। দে পতনের আনন্দও অপরিসীম। পথে মাঝে মাঝে কেহ কেহ শক্ত হইয়া যায় তৎক্ষণাৎ গাভিওলার পিঠ হইতে কাঠ ও কাঠ আলাইবার লোহমাধ পাত্র লইয়া ছানে স্থানে আগুণ করিয়া সব হাত পা স্যাকা চলিতে লাগিল। মধ্য পথে একটা পাঞ্জানী তাহার স্থাও আর একজন রকা ত্রীলোককে লইয়া চলিয়াছে। পাঞ্জানীট জোয়ান। খুব ফুর্জির উপর চলিয়াছে। আর্দ্ধ পথে একটা কর্মণা ধরনী কর্দে গেল। কি হোলো সবত সেই পথে ছির—পাঙ্গাকী ছুটালেন। তারপর দেখি পাঞ্জানীটি বরফ পথ হইতে পিছলাইয়া অলকন্দার দান্ত্রকটে এক বরণার পাথরের উপর পড়িয়াছে। তৎক্ষণাৎ ২০ জন লোক ও পাঙাজী নামিয়া ছুলিলেন। তুলিল কি ? সে দুপ্ত তীবণ। গছে সে তীবণ দশ্য স্থাথকেঃ

জানিনা জ্ঞান থাকিত কিনা সব, তথায় উদাস হইয়া গেলাম। মন্তকটা চূর্প হারে গেছে। দেহটা ঠিক আছে। আর একটা মূর্ত্তি দেখিলায়া অতি করণ, অতি মধুর। দেটি একটা শ্রীমৃর্ত্তি। আমাদের দলে যে করজন সেই পথে ছিল, কেহই আর চলিল না। সব স্থির হইরা দাঁড়াইলাম। আমাদের মধ্যে একজন এলে ঐ রক্তিমবঁদনা প্রস্তার খোদিতামত রমণী মূর্ত্তির নিকটে আসিয়া কছিল, "এ তোমার কে ?" রমণী জোড়হন্তে অত্যন্তই ব্যাকৃল হইয়া কহিল, (তার ভাষার) "ভোমার পারে পঁড়ি জিজ্ঞাস। কোরনা আমার এ কে ?

পাণ্ডান্ধী এসে কহিলেন, ওর স্বামী। সলিনী ব্রহ্মচারিণীকে ধ্রিলাম, সে তথন কাঁপিতেছে। নিজে স্থির হইয়া দেখিতে লাগিলাম, রমণীর থৈগ্য আর সহিষ্ণুতা। জ্বোড় করে রক্তমুখী হইয়া উর্জে চাহিয়া বিসরা রহিয়াছে। শেষে উহার মৃত পতির কোমর হইতে টাকা লইল। আমরা লাড়াইয়া রহিলাম। দেহটাকে টানিয়া অলকলায় ভাসাইয়া দেওয়া হইল। আমরা কলেরনাথ স্বামীজিকি জয়" দিয়া আবার চলিলাম। ভাবিতে লাগিলাম, লড় দেহের পরিণাম। প্রাণটা ঠিক শশ্মানের মত ভাব হইয়া গেল, স্থ না হঃখও না। আর্ক পথে এসে দেখি ভয়য়র বরফের শৃক্ষ। তৎনিমে তত বরফ। উচু থেকে লামিতে হইবে। সাধু ছেলে ছটি পার হইয়া নিচুতে লাড়াইয়া আমাদেরই কর অপেকা করিকেছেন। সেথানে এসে ত পাণ্ডাল্লী থ্ব হাসিলেন। তারপর সেই উচুতে সব দাঁড় করাইয়া এক এক জনকে নামাইয়া লইতে লাগিলেন। মধ্যে মধ্যে পাণ্ডাল্লীও খ্ব পড়িতে লাগিলেন। সাধু ছেলেদের বড় ছেলেটি হাততালি দিয়া হাসিতে হাসিতে বলিতে লাগিলেন, "হাবিলার পোড়েছে শিব আরু শিব প্রফ হরি হয়ি।" আমাদেরও তত ভয় হইল না, জীবনটার উপর সোটেই মায়া নাই; যা হবার হোক।

তার উপর বড় ছেলে বলিভেছেন, স্থানীলা মা, ভক্ত হোলেই শক্ত হোতে হর, পড়বেন কেন, পারে কোর করুন।" কোন প্রকারে পাণাজীর সাহাযো পতন ও উত্থানে সে স্থান পার হইলাম। আবার তেমনি কত স্থান পার হোরে অনন্ত অপূর্ব এক শধ্র রাজ্যে আসিলাম। সাধা কি যে বর্ণনা করি। উপরে ক্ষত্র আক্ষাণ নিরে প্রশন্ত গুলু বরক। তথ্যধ্যে বরকে ঢাকা একটা মাত্র মান্দির অর্প্রভূজা জাগাইয়া আছে। অপূর্ব অপূর্ব। প্রাণ প্রশান্ত ধীর স্থির।

- বিশ্বক্রের উপর থানকতক চেটাই ও থাতকতক ক্ষল পাতা হইল। আঞ্চল ত

ধু ধু জলল। আমরা জুতা খুলিয়া জনিয়ের চলিলাম। সেবানে সান করা থাকেবারেই নিরুপার। তানিলাম হংসকুপু, উদক্ষকুপু, রেতর্পুপু, আমৃতকুপু ও স্থাকুপু নামে করাট কুপু আছে। কিন্তু বরজরাশি সব চাকিয়া রাখিয়াছে। কিছুই দেখিলাম না। ঘর বাড়ী সব বরড়ে ঢাকা। সলিনী ব্রন্ধচারিণীত আনজে বুলিয় মত ফুটিয়া উঠিল। ছোট বেলার মত আদরে উচ্চ হাতে সেই বরফ রাশির উপর করনের উপর বিসিয়া সবত্রে আমাকেই ক্রোড়ে লউল। মনে মনে তাহাকে ব্রজ্বতন লাভ হউক বলিয়া উঠিয়। পড়িলাম। মন্দিরে চলিলাম। মন্দির বারে পাঙালী ৺কেনারনাথের পাঙালী কানীয়াম সমস্ত পূলার উপকরণ লইয়া দাঁড়াইয়া আছেন। আময়া মন্দির হারে জুতা খুলিয়া মুধু পারে মন্দিরে প্রেক্তা প্রক্রি এক রূপ অপূর্ব ভাবে ভরিয়া গোলাম। ভাহা অব্যক্ত। বিশাল শিলা মৃত্তিপর্শ করিতেই দেহটা মুঝ্ব পবিত্র শাস্ত্রধীর হইয়া গেল। ঘত লইয়া মাধাইতে মাধাইতে জানিনা কেন চোথের জলে বৃক ভেসে গেল। আনন্দ-অক্রা মনে হোতে লাগল, সেই শিবময় পিতৃদ্বক্ষে। এই ত তিনি। মৃত্তির হাম শীতল বক্ষে কক্ষ দিয়া বিবা ধাবা" করিয়া বিললাম, ভববন্ধন মোচন কর। শিব ধ্বনীতে মন্দিরটী মুথরিছ।

প্রাণে এক মধুর অপূর্ব শান্ত ভাব লইরা, যথন বাহির হইলাম, পারের যন্ত্রণার শাস রোধ ইইয়া এল। স্বধু পারে উদ্ধ্যাসে দৌড়াইতে অদূরে ক্যুলের নিকট আগুণের নিকটই চলিলাম। এসে দোখ র্দ্ধাদিদি মৃতবং নীলমূর্ত্তি হইয়া পড়িয়াছেন। সাধু ছেলেরা অগ্নি করিয়া বুড়াদিদিকে সেঁকিভেছেন ও বলিতেছেন ভর নাই ও ডাকিতেছেন "বুড়া মা, বুড়া মা।" দেখিলাম বাটে, কিন্তু পা অগাড় ইইয়া এসে প্রাণ যায়। সন্তান, ঠাকুরের সন্তান না হইলে সেবা জানিবে আর কোথার কে ? পা ধরিয়া তৎক্ষণাৎ আগুণে সেঁকিয়া গাজ্মবন্ত, ক্টার ইভ্যাদি তৎক্ষণাৎ সেঁকিয়া সকলকে হির ক্রিয়া দিলেন। ক্রেম্বার বৃড়িদিদির কাছে এসে তুল্লিগীতে ভীত হইয়া বসিলাম। এইজ্বারিণী একটু কাঁদিল। ভারণের বৃড়িদিদি পার্ম পরিবর্ত্তন ক্রিলা। ভারণের বৃড়িদিদি পার্ম পরিবর্ত্তন ক্রিলা। তথন একটা শ্লোক ভাবিতে লাগিলাম,

মৃতো ঘত্র মহাদেবী শিব এব ন সংশয়: বস্তাত্তে পুরুষালোকে পুণ্যাত্মানো মহেশ্রী।

অর্থ, "হে মহেশ্বরী! মহাদেবী, ঐ স্থানে মৃত্যু হইলে মানব শিব্দ প্রাপ্ত হর, ইলতে সন্দেহ নাই। সেই পুরুষগণই লোকে ধন্ত যাহাদের ঐ স্থানে মৃত্যু হয়।

যাহউক সে সমন বৃড়িদিদিকে শিবৰ প্রাপ্ত হইতে দেখিতে ইচ্ছা হইল না । বৃড়িদিদি উঠিনা বসিধেন, আমরা আনন্দিতা হইনা সাধু সম্ভানন্দির পদ্ধুলিং প্রদাম ও তাহাদের সেবা ধর্মটি অক্তরে অক্তরে অক্তর করিনা ধর্ম ছইনান ট

> (क्या) एक्विकी।

শ্রী শ্রীরামকৃষ্ণ শ্রীচরণ ভরসা।



क्य अंतर्गन्य !!

# তত্ত্ব-মঞ্জরী

উনবিংশ বর্ব, নবম সংখা।
পৌষ, সন ১৩২২ সাল।

### मीननाथ।

#### --

কর কর প্রভূ পতিতপাবন, রুপায়র দীননাথ।
কর কর কর অগতির গতি দীনবদ্ধ কগরাথ।
কর কর বিভূ কালাল-শরণ, কগতের প্রাণাধার।
কালালের বেশে, কালালে হরালে, হরিলে জীবের ভার ।
তব করণার হইল হরগ, হাবর কলম ভূমি।
কর কর কর, কর রামকৃক, কর মা কনম ভূমি।
কর করবদ্ধ থায় তারণ, সর্বা কীব সনোগোভা।
কর বার্থ অভর-মূরতী স্থানির্যাদ ক্যোতিঃ গোভা।
বান্ধ পর নাথ অভর-মূরতী স্থানির্যাদ ক্যোতিঃ গোভা।
বান্ধ পরশে প্রেমের প্রবাহে প্রাবিত মেদিনী হার।
প্রেমের হিরোদে পার্থদলন ব্রহাও তলিরে বার ।
ব্রামের হিরোদে পার্থদলন ব্রহাও তলিরে বার ।
ব্রামানার হতে আগ্নার হরে, মন প্রাণ কেড়ে লও ।

"কেহ নাই যার তুমি আছ তার" শ্রীমূপে বলেছ হার।
কার মৃথ চাব কোথার দাঁড়াব বিনা তব পদ ছার॥
অধ্যের তুমি, পতিতের তুমি, তুমি বিনা কেহ নাই।
তুমি বিনা আর কে আছে আমার, তোমা ছেড়ে কোথা যাই॥

(প্রাস্থ্য) থাক হাত ধরে শ্রীচরণে নতি জীবন সর্বান্ত সার।

মা বিনা বল মা দীন সন্তানের কে আছে গো আপনার॥
তোমারি কুপার তোমারে চিনেছি, দিয়েছ চরণে ঠাই।
তুমি না রাখিলে কে আর রাখিবে, তোমা সম হ'টী নাই॥
তোমারি তুলনা এ মহীমগুলে, তুমিই প্রেমিক বর।
প্রেম চূড়ামণি, প্রেমমর তুমি, কাম-ক্রোধ-লোভ হর॥
লগু টেনে সোর, নিজ গুণে নাধ, সকল ইন্দির চন্ন।
বেধে রাথ প্রভ্ শ্রীচরণে তব গাই গো তোমারি জয়॥
কর জয় জয়, জয় দীননাথ, রামক্রক গুণমণি।
বস হুদাসনে, পাতিয়া রেখেছি তুমি বে মুকুটমণি॥

"কাকাল"।

### পাগলিনী।

#### প্রথম পরিচেছদ।

ৰথাৰ্থ তবে ঈশ্বর সর্ক স্থানেই বিদ্যানান ? আছে।, কই আমি ত দেখতে পাছি না ? আছে।, সব লোকে বলে থাকে যে, এক মনে সেই পরম করুপানরকে ভাকলে তাঁকে দেখা যার, তবে আমি বে তাঁকে ভাকি, কই পাই না ও ? বোধ হর, আমি মনের সঙ্গে তাঁকে ভাকতে পারি না ।' তা যদি পারতুম তবে তাঁর সাধ্য কি, যে ভক্তকে দেখা না দিরে থাক্তে পারেন । আজে তবে দেখি, দেবতা সদর হন কি না ?

স্থালা কল আনিতে ঘাটে গিয়াছিল। নদীতীয় সম্পূর্ণ নীয়ব নিজক। বৈশাবের নিদাকণ রৌদ্র পৃথিবীয় গান্ধে পড়িয়াছে। নদীয় কাল কল সমীকণে হিলোলিত, মুছভাবে বহিন্না বাইতেছিল। কোপাও জন প্রাণীর চিক্ নাই, কেবল পুশীলা একা।

সভাই स्नेनात मध्यात वक् क्टं। वाना वत्रत्म भिजामाण हात्राहेश আত্মীরগণের মধ্যে প্রতিপানিত। তাহার পর শুগুরালরেও নির্য্যাতনের সীম<sup>ি</sup> ছিল না। স্বামী ছুক্তরিত্র; বিবাহ হওয়া অবধি একদিনের জন্তও স্ত্রীর মুখ দর্শন করেন নাই; শাশুড়ীর গঞ্জনা,--নহিলে কে এই ভীধণ রৌত্তে নদী-তীরে বার গ

স্থালার মন যে সংসারের প্রতি আকৃষ্ট ছিল না, তাহা বরাবরই তাহার শিল্পাল হইতে দেখা যাইত। কণ্ন কখন বালিকা একা কোন নির্জ্জন স্থানে বদিয়া কোনও একটা বিষয়ের ধানে মগ্ন হইয়া থাকিত। অনেককণ ডাকিরা ডাকিয়া তবে ভাহার বাহাজ্ঞান ফিরিয়া আসিত।

আজ এই রৌক্ত পানে চাহিয়া, সেই আধ ক্রোশ দুরবর্ত্তী নদী হইতে জন আনিতে হইবে ওনিরা, তাহার প্রাণ ওকাইরা উঠিল, কিন্তু উপায় নাই। ননদের পঞ্চনা, শান্তড়ীর লাগুনার বড় ভয়, নদীতে অগত্যা আসিতে হইল।

বড়া জলে পূৰ্ণ করিয়া উপরে রাখিয়া সে ৰসিয়া পড়িয়া এক প্রাণে তাহার বাানের দেবতাকে ডাকিতে লাগিল। ক্রমে সে বাহুজ্ঞান হারাইল। তাহার প্রাণ বেন কোথার,—কোন দেশে উধাও হইয়া চলিয়া গেল।

প্রায় অর্দ্ধ ঘণ্টা পরে তাহার জ্ঞান ফিরিয়া আদিল। তথন উন্মতের স্থার গগন প্রতি চাহিয়া কর্যোড়ে বলিল, "তুমি আছ, তুমি আছ প্রভো! অজ্ঞান মানব আমরা, তোমার লীলা কি ক'রে বুঝবো; আমার মুক্ত কর নাথ! আর আহার সংসার জালে জড়াইও না।

উন্মন্ত পাদক্ষেপে কলদী কক্ষে সে ফিরিয়া চলিল।

#### দ্বিতীয় পরিচ্ছেদ।

ब्राह्मदात कु वौ-स्नीना माकि भागन इहेब्राह । এकनिम प्रभूत्रवना বাটে হল আনিতে গিয়াছিল, সেই সময় নাকি ভাহাকে উপদেবতায় দৃষ্টি দিয়াছে কেই কোন কথা বলিগে দে তাহার মুখের দিকে কেবল ব্যাকুল নেতে চাহিরা থাকে। থাকুল ক্লয়ের আবেগ ভরা উচ্ছ্বানে বলে, "ভূদ্বিক আমার বীকা। দিতে এনেছঃ"

সংসারের কাজ কর্ম সুশীলা সমন্তই করে; কিন্তুজ্ঞান যেন নাই। কলেক পুতুল যেমন হাত পা নাড়ে, দেও তেমনি সংসারে কলের পুতুলের স্থায় বৃরিভেছে ফিরিতেছে। কিন্তু আজ সহসা তাহার অন্ত মূর্তি। শাশুড়ী সন্মুখে বাগুরা মাত্র সে নতজাস্থ হইরা গলগন্তে কাঁদিয়া বলিল, "আমার ছেছে লাও, আমার মারাবন্ধন হ'তে মুক্তি লাও।"

শাগুড়ী কর্কশকণ্ঠে বলিলেন, "কত ছলই বে শিখেছ, তার ঠিক নাই; ধর্মুকর্ম্ম রাথ, আর এ সব ভাগ দেখাভে হবে না। সংসারের কাজ করতে হবে না ?

ক্ষকঠে স্থালা উর্দ্ষিতে বলিল, "সংসার কি ?" সংসার নরকরুও ! সেই নরকর্তের বলী আমরা । ভগবান ! আমায় কেন নারী করেছ ? যদি প্রাশে প্রেম দিলে, ভক্তি দিলে, তবে এমন অবরোধে কেন ? সংসারে তোমার নাম নিক্ষে পাপ, ভোমার আরাধনা করলেও পাপ ! সংসারে কেবল ভূতের ব্যাপার খাটুতে হবে, আর বৈ কাজ আমার পরলোকে শান্তি দেবে, তা হ'ল পাপ ! আমার মুক্ত্ কর প্রভূ।

শাশুড়ী বলিবেন, ''এদ গো"। উন্মন্তের কার তাঁছার পানে চাছিয়া শুনীলা বলিন, "সংসারে জামার কে আছে ? সংসার কার ? তুমিই বে সংসার সংসার ক'রছ,—এ সংসার কি ভোমারই থাক্বে ? মর্তে হবে না ? মরণের কথাই বা কে বল্তে পারে ? মাত্ম হঠাৎ মরে যার, তথন এই সাধের সংসার ভোমার কোথার বাক্বে মা ?"

শাশুড়ী কোধে জ্ঞান হারাইলেন। চিৎকার করিয়া বলিলেন, তুই মর, এখনি মর্—আমার সকল আপদ জুড়াক; আমি ম'রব, আর তুই বুঝি ক্ষথে দশ হাত পা
মেলে রাণী হ'রে থাক্বি ? দ্র হ', এমন বৌরের মুখ দর্শন করাও পাপ।" তিনি
সবেগে বাহির হইয়া গোলেন।

স্থানা ভাবিতে লাশিল, "সংসারে এ বিষয় বৈষয় কেন ? মৃত্যু কি এতই ভাষের বন্ধ ? মৃত্যুর নামে সংসারের লোক এত আডাঞ্চে শিউরে উঠে কেন ? মৃত্যুদ ষা'দের স্থা একদিন যে সর্ব্যুট আসুবে, তাকে লোকে এত ভয় করে কেন ?"

সুশীলা একবার আকাশ পানে চাহিল। সে শাই বেখিল, ফেন বগ্ৰননী

ভাহার দিকে স্নের্নহাত্ প্রসারণ করিয়া স্নেরপর্জ বচনে বলিভেছেন, "ভয় কি মা, ভয় কি ? আমি ও আছি। সংসার তোকে চিন্বে না, আমি ভ্রেকে চিনেছি। তুই সংসারের ন'স্, ভূই আমার, তোকে আমি কোলে নেবো। আর মা! পাপ-দাবদগ্ধ সংসার ত্যাগ ক'রে মায়ের কোলে আর।"

উন্মাদিনী মামা বলিয়া বাছ প্রসারণ করিয়া ছুটিল। জ্ঞানহারা, জাইার চঞ্চল চরণ কোথা হইতে কোথা গিয়া পড়িভেছিল, ঠিক নাই; ছির-নরন চধু দেই অুভরদারিনী মাড্কা-পদমূলে শুক্ত।

#### তৃতীয় পরিচ্ছেদ।

যথন মছাপানে মাতুরারা, টলিতে টলিতে ইরিচরণ বাটী প্রবেশ করিল, তথন
মাতা অশ্রপূর্ণ নেত্রে পুত্রের নিকট দাঁড়াইয়া, বধুর আচরণ জানাইয়া উপসংহারে
বলিলেন, আমারই যত দার প'ড়েছে বাছা, আমার পাঠিয়ে দাও, আমি কালী
বাই। তোমরা ছুইজনে হথে থাক। আর এ ঢলাঢলি আমার সহা হয় না।
আজ কোথার গিরে জজ্ঞান হয়েছিল নাকি। ঐ রকম ক'রে অপদেবতার ঘূরিয়ে
মুরিরে একদিন কোথার ম'রবে, আর তথন পুলিস এসে হাতে দড়ি দেবে। কাজ
নেই বাবা, স্মানি আপদ হয়েছি, আমার দুর ক'রে দাও।

ছরিচরণ জনিয়া উঠিল। বলিল, স্পদেবতা না ছাই ক'রেছে। স্ব ক্লাকামো। কাজ কর্ম সব বৃঝি তোমায় ক'রতে হ'ল ? ও হারামজালী পাছে কাজ কর্তে হয়, সেই ভয়েই এমন ক'রছে। রও, আজ আমি ওকে মজা দেগাঞি।

তথন রাত্র প্রার এগারটা বাজিয়া গিয়াছে। পলীগ্রাম—ইহারট মধ্যে নিঝুম, মাঝে মাঝে তুট একটা কুকুর ডাকিয়া উঠিতেছে, দূরে কোণা হইছে একটা গানের মৃত্ আওয়াল ভাসিয়া আসিতেছিল। কুফা-একাদশী—চারিদিকে যোর অক্ষণার।

টলিতে টলিতে হরিচরণ কক্ষে প্রবেশ করিল। গৃহে একটা প্রদীপ মিট্ মিট্ ক্রিয়া অলিতেছিল, আর গৃহের এক পার্লে পলাসনা, নিমিলিতনেতা, ধ্যান-নিরতা দেবীসূর্ত্তি। সেই স্থানর মুখ তথন অপার্থিব জ্যোতিতে উজ্জাল, এলারিত কৃষ্ণ কুষ্ণিত কেলরাশি জটা-বন্ধ-ভাবে ভূমিতে লুটাইতেছিল। হরিচরণ,—পাপিন্ধ হরিচরণ সে মৃথ দেখিল না। দেখিলে বোধ হয় ধর্মাত্মার পবিত্র দেহ পাপীর করে স্পর্লিভ হইত না। হরিচরণ তাহার পশ্চাৎ হইতে তাহার কেশগুচ্ছ আকর্ষণ করিয়া বলিল, "বেয়ো হারামজনদী আমার বাড়ী থেকে, বেরো এখনি।"

স্থালা অনেককণ এক দৃষ্টে তাহার দিকে চাহিন্না রহিল। তাহার পক্ষ বিনা বাক্যব্যয়ে উঠিয়া অগ্রসর হইল।

হরিচরণ ক্রোধে ফুলিতে ফুলিতে তাহাকে ধারু। দিয়া বাহির করিয়া দিয়া ছার কল্প করিয়া দিল।

#### **ह**र्ज्य श्रितिष्ट्रम् ।

সে দিন পূর্ণিমা। প্রশ্নুত শশধরের বিগলিত রঞ্জভধারার ধরা প্লাবিত।
বসন্তের মৃত্যুন্দ মলর পবন কুস্থান-সৌরভ বহন করিয়া ধীরে ধীরে প্রবাহিত
হইতেছে। রন্ধানী দ্বিপ্রহর অতীত, প্রকৃতি-নিস্তব্ধতার ক্রোড়ে নিদ্রা-মন্ত্র। এই
সমরে শাশানে দাঁড়াইয়া কে ঐ অপূর্ব স্থোড়ি:বিভাসিত বুবতী ? সর্কান্ধে
এমন পবিত্র ভাব যে পাপী দে দিকে চাহিলে ভাহার চক্ষু বল্সিরা যার—
এ যে মাত্মুর্ত্তি! পাপীর পাপ বাছাও এ মূর্ত্তি একবার দেখিলে দুরীভূত হয়।
ধুবতীর পরিধানে একথানি গৈরিক বসন, মস্তকের কেশ জটাবন্ধা, ভাহা জাত্র
সংস্পেশ করিতেছে। অঞ্চলাগ্র বাভাসে হিল্লোলিত হইতেছে। ধুবতীর ব্যাকুলদৃষ্টি উন্ধদিকে ক্রন্ত বহিয়াছে। অনেকক্ষণ স্থিরভাবে উন্মাদিনী চাহিয়া রহিল;
ভাহার পর বলিল, "দয়ায়ন্ত্রী নইলে দয়া ক'রবে কে ? সন্তান ভর পেলে মার
কোল ভিন্ন কার কোলে যাবে ? বড় ভয় পেয়েছি মা! ভাই ভোর পানে
ফুটেছি; মা হ্রেছিস্ সন্তানকৈ কোলে নিবিনা কি মা ? আমার ভেকেছিস্থ
আ্রি এসেছি, এখন নিবিনা বল্লে আনি ছাড়ব কেন ? পাগলিনী উন্নত্তপ্রাণে,
গাহিয়া উঠিল:—

বড় ভয় হয়েছে দরাময়ী সংসারের সব দেখে শুনে ভোর কাছে এসেছি ছুটে ( কই মা ) তুই ত অভয় দিখিনে ? এই কি মা তোর দরামারা, দিবিনা কি পদছারা, ভয় পেয়েছি এসেছি কাছে ( তুই ) কোলে তুলেও ত নিলিনে !

किन कैं। होन् वह या छोत्रों, वहान् किन नवनशाबा, আদর ক'রে কোলে তুলে নয়নজল কি মুছাবিনে ? ভর প্রেকে সবাই গিরে মারের পারে শরণ নিয়ে ভাষেরে দেখার ভয় ( মায়ের ) অভয় কমল পায়ে ভায়ে আমার দে মা চরণতরী, কর গো দরা ও শক্ষরী, সন্তান চায় জননীকে তুই তার পানে কি চাবিনে ?

পাগলিনী কণেক চুপ করিল; কিয়ৎকণ গগন প্রতি চাহিয়া রহিল, ভাহার পর আবার মিষ্টস্বরে গাহিল-

> আমি সদাই মাকে কাছে থাকিতে দেখি গো-মাকে দেখি এ হাদি-মাঝারে। আমি নিয়ত দেখি যে মাকে আমার নিকটে গো মা আছেন সদা নিকটে রে॥ আমি হারাই হারাই যত করি সদা ভর গো মা বলেন কি ভন্ন বাছারে। আমি আছি কাছে তব, মা থাকিতে সম্ভানের ভয় নাই, ভয় নাই, ভয় নাই রে॥ ভ্ৰিয়া অভয়বাণী জননীয় মুখে গো আনন্দে ভাসিল চিত আমারি। ছাসিব কি কাঁদিব ভাবিয়া না পাই গো

विकड चात्र महमा भागनिनी विनद्या छेठिन, कहे मा कहे, देक त्म त्यहमती क्रमनी आमात, त्कांथा शिन ? এই यে मिथनाम मा-- এই माळ मिथा मिरन কোথায় লুকালি মা ?

কোথার রাখিব মম মাভারে॥

পশ্চাৎ হইতে কে বলিলেন, "বংলে!" রমণী চম্কিরা মুথ ফিরাইল।

#### পঞ্চম পরিচেছদ।

বিশাল জটাজ্টধারী শর্কাক ভন্ম বিলেপিত—দীর্ঘকার একটা মৃর্টি। বৃহৎ জ্যোতির্দার চক্ষের জ্যোতিঃপূর্ণ দৃষ্টি তাহার মুথের উপর নিক্ষিপ্ত করিয়া পশ্চাতে দখাবনান।

রমণী কি ভর পাইল ? না—কে বুঝিল, তাহার ডাকে বুঝি মারের আসন টলিয়াছে। পাগলিনী নতজামু হইয়া বসিয়া গদগদকণ্ঠে বলিল, "ভগবান্! ভগবান্! আমার দরা করুন, আমার দরাময়ী করুণাময়া আমা মাকে দেখান, আমার বজা করুন,—মাকে না দেখতে পেলে আমি ম'রব।

ব্ৰহ্মচারী ঈৰং হাসিয়া বলিলেন, উগ্মাদিনী ! আমি কে ? আমি মানের সামান্ত উপাসক মাত্র; সাধনা কর, সিদ্ধি নিশ্চরই আছে। বিনা সাধনার কোন কাজে সিদ্ধিলাত করা যায় না।

जियानिनी। नाधना कि, आयात्र वटन मिन।

বৃদ্ধ। সাধনা,—তাঁকে এক প্রাণে ডাকা। কারু পানে চেওনা, কারু কথা । খনো না, কেবল মনে রাথবে, তিনিই সত্য-সনাতন,; ফগং কিছুই নয়। তাঁকে এক মনে, এক প্রাণে, ডাক্লে সব পাবে। জগতে শ্রেষ্ঠ কি ? ফগতে অবিনশ্বর কি ? এই যে দেখছ মা, এই সোণার দেহ এও নশ্বর; এরও ধ্বংস আছে। এই পচনশীল, ধ্বংসশীল দেহটাকে বুথা যত্র করেই বা লাভ কি ? জগতে বা অক্ষর অবার সেই ধর্মাই চিরদিন তোমার থাকবে। আর পিতা মাতা প্রাতা পত্রী পুত্র কল্পা, এমন কি তোমার তুবিও তোমার নিজের নও,—সবই তাঁহারি। মূর্থ মানব আমরা, তািন যা ব্ঝিয়েছেন, তিনি যা শিধিয়েছেন, তাই বৃথি —তাই শিথ। আমাদের আছে কি মা ? ধর্ম্ম তির আর আমাদের সঞ্জিত বন্ধ, কই ? বন্ধ, বীগ্যা, অর্থ কিছুই সঙ্গে আমেনি, কিছুই সঙ্গে যাবে না। এ স্ব পৃথিবীর জিনীস—এখানেই পড়ে থাকবে।

উন্মাদিনী। বাবা! সংসারের সব লোকেই কি এ সব কথা জানে। বন্ধ। অনেকেই জানে।

উন্নাদিনী। জেনে গুনেও তবু পালে বাঁপ দের কেন ? ব্ৰহ্ম। বালিকা! ঐ পজনকে জিজাসা কর; সে জালে, বে অধি ভার যম, তা জেনে গুনেও সে কেন আগুনে ঝাঁপ দিতে চার ? সে এযমৰ জানে অঘি তার যম, মানব তেরি জানে পাপ তার ইহ-পরকালের পথের কণ্টক। মানব জেনে গুনেও সে আগুনে ঝাঁপ দের —পুড়ে মরে।

উন্মাদিনী ব্রহ্মচারীর পদে লুটাইয়া পড়িল। কাতর বচনে বলিল, "আমাদ্র দীক্ষা দিন বাবা।"

"এস মা" বলিয়া ব্রহ্মচারী অত্যে অত্যে চলিলেন—ভক্তিপুত্হদয়ে পাগলিনীও পশ্চাৎ পশ্চাৎ চলিল।

ব্রহ্মচারী প্রদন্ত মন্ত্রে দীক্ষিত পাগলিনী তথন প্রকৃত পাগলিনী হইল, মায়ের ক্ষপ দর্শন করিবার জন্ত তাহার প্রাণ কাঁদিতে লাগিল। ব্রহ্মচারা নিভ্তে সাধনার প্রণালী বলিয়া দিয়াছিলেন,—পাগলিনী এখন দ্র বনে প্রবেশ করিয়া মাতৃ সাধনা করিতে লাগিল।

শ্রীশ্রীরামক্বফ-শ্রীচরণাশ্রিতা দেবিকা শ্রীমতী প্রভাবতী দেবী।

# উত্তরাখতে ভ্রমণ ও স্থিতি।

মধ্যাকে বর্দ্ধ বৃষ্টি আরম্ভ হইল। তদ্পুটে সাধু সন্তানেরা বলিলেন, মা ! চলুন, এইবেলা রামবাড়া চটিতে ফিরিয়া চলুন, সন্তার সময় পৌছান যাইবে। নচেৎ এথানে থাকা অসম্ভব। আমরা দেখিলাম, আমাদের যাওয়াও অসম্ভব।

আমরা তাহাদের বাধা না দিয়া তাহাদের পাঠাইয়া দিয়া, অয়িকাণ্ডের মধ্যে বিসিয়া সঙ্গীত সাধন আরম্ভ করিলাম। সমস্ত দিন পরমানন্দে আগুনের নিকটে গেল। সন্ধ্যার সময় বরক্ষণ্ডিত এক বরকের দেয়ালবুক কাঠের ও কম্বলের মেকেবর পাইলাম। অর্থাৎ বরকে ঢাকা বাড়ীর একটা ঘর। তাহার মধ্যে ক্ষল পাতিরা অয়ি আলাইয়া রাত্রে সব জাগিয়া শিবনাম করিতে লাগিলাম।

প্রীত্রীকেশার মাহান্ম্যম্ হইতে গু'একটা শ্লোক বলিরা আনন্দ লাভ করিতে লাসিলাম, সকলে মিলিয়া সে পরমানন্দ।

পাৰ্বভাবাচ।

"কথরত্ব মহাজেব বিভারাম্যন ক্ষেত্রকম্। কেলারং নামবং প্রোক্তং অর্গনোক প্রদায়কম্॥" শ্ৰীপাৰ্ক্তীদেবী মহাদেবকৈ কহিলেন, হে মহাদেব। কেদাৰ নামে প্ৰসিদ্ধ দ্বৰ্গ ও মোকপ্ৰাদ যে ক্ষেত্ৰ আছে, তাহা বিস্তাৱ পূৰ্বক আমাকে বৰ্ণনা কক্ষন। ঈশ্বর উবাচ।

> "ইদং ক্ষেত্ৰং তু যৎ প্ৰোক্তং অয়াদেবী মমাধুনা। ন ত্যজামি কদাচিধৈ, অক্তঃ প্ৰিয়ন্তরং প্ৰিয়ে ॥"

মহাদেব কহিলেন, হে দেবি! হে প্রিয়ে, এই ক্ষেত্র বিষয়ে তুমি বাহা জিজ্ঞাসা করিলে, তৎবিষয়ে আমি বলিতেছি—যে, এ ক্ষেত্র আমমি কদাচ ত্যাগ করি না, ইহা তোমা অপেকাও আমার প্রিয়তর।

হে দেবি ৷ আমি তোমাকে একটা ব্যাধ ও হরিণের পুরারত বর্ণনা করিতেছি, শ্রবণ কর। কোন গ্রামপ্রান্তে বিকরালক নামক এক মুগছস্তা ব্যাধ বাস করিত। ঐ ব্যাধ নিভঃ মুগমাংস ভোজন করিত এবং সর্ব্ব বস্তু বিক্রায় করিত। একদিন थ बार्ष मृत्र विनामार्थ वरन नमन कतिशाहिल। इ महारति । अ वरन के बार्ष বছ মুগ বিনাশ করিতে লাগিল। ক্রমে মৃগগণকে বধ করিতে করিতে কে কেদার তীর্থের অরণ্যে উপস্থিত হইল। তে দেবেশি ! মুনিগণ পরিবেষ্টিত ঐ বনে গমন করিতে করিতে দেই ব্যাধ মুনিশ্রেষ্ঠ বীণাবাদনপরারণ নারদকে দেখিতে পাইল। ঐ সময়ে ঐ ব্যাধ নারদকে দেখিয়া আনন্দিত হইল। এবং মনে মনে ভাবিতে লাগিল, ঐ যে স্বর্ণক্ষপধারী মুগ আমার সম্মুখে গমন করিভেছে। আমি এই স্বৰ্ণমূৰ্ণকৈ বিনাশ করিয়া নিজেও স্বৰ্ণময় হইব, এইরূপ চিস্তা করিয়া, ঐ ব্যাধ পরম বিস্মাধিই হইল। ব্যাধ ধনুতে জ্যা রোপণ করিয়া ভাছাতে ৰাণ मक्कानश्चर्यक ध्यमन ट्यांटे मृतक्रमधाती अधिटक विनामार्थ्य वान छा। किन्तुन, অমনি সেই ঋৰি অন্তৰ্হিত হইলেন। ব্যাধ এই প্রমাশ্চর্যা ব্যাপার দুর্শন করিয়া অভি বিশ্বিত হইল, এবং যেমন অগ্রসর হইল, অমনি সন্মুখে গর্ভ মধ্যে একটা ভেক দেখিতে পাইল। দেখিল, এক প্রকাণ্ডদেহ কালদর্প ভেক্কে গ্রাদ করিতেছে। কালান্তক ঐ সর্প যেমন ঐ ভেককে সম্পূর্ণ গ্রাস করিবে, অমনি মভূককে যজোপবীতধারী মন্তকে অশ্বচন্দ্রভূষিত ও জটারাশিবিয়াজিত দর্শন করিল। কৈলাস পর্কভের ভার ভদ্রদেহ গুণ বিরাজিত ত্রিশুল্যারী, নীলকণ্ঠ হস্তিচশাবৃত বিভূকে দেখিতে পাইল। ব্যাধ এই শুদ্ধুত ব্যাপান্ধ হশন করিয়া ভাবিতে লাগিল, যে সেই সর্পগ্রন্ত মণ্ডুক সহসা একণ হুইক

কেন ? এবং ইছা বা কে ? এ কাহার রূপ ? এ মঙূক কাহার দেহপ্রাপ্ত হইল ? আমি কি স্বপ্ন দেখিলাম ? অথবা আমি জাগিয়া আছি। স্বপ্ন কেনী দেখিব ? পামি ত স্থন্থ আছি, তবে আমার ভ্রম কেন হইবে ? অথবা এ কোন ভূতের উপজবই বা হইবে। অথবা অদ্য আমার মৃত্যু সরিকট। যেহেতু আমার বিক্লতি হইতেছে কেন ? কি করি, কোথায় যাই ? এই বন ভত সেবিত, এথানে কোথাও নিস্তার নাই। একণে এ মহা বনে কে আমায় রক্ষা করিবে। আমার সাক্ষাতে দেখিতে দেখিতে মণ্ডুক কেন বিকৃত হইল। এই সমর, সেই মহাবাধি একটা পৃষ্টাঙ্গ ও স্থান্দরাঙ্গ মৃগকে ব্যান্ত বিনাশ করিতেছে দেখিতে পাইল এবং দেখিবা মাত্র ভয়ে ব্যাকুল হইল। তৎপর ঐ ব্যাধ হন্তমান मुशक अक्क वन निर्मिष्ठे, जिनवन, यख्डा अवैी छ धारी निवक्त भी नर्मन कविन। ए **(मवामर्टिम)** (महे विनाभकाती वाांच उथन এहे बाांव वा चक्क कान अक वाधि कईक उरक्षनार इंड इटेग्रा त्राक्रभ धात्रग कतिन। (र सम्बित, उरभात পূর্ব্বাহত সেই মুগ ব্যাধের সাক্ষাতেই শিবরূপ ধারণ করত: সেই বুযের উপর আরোহণ করিল। এইরূপ প্রমান্ত্র্যা ঘটনা দেখিয়া ব্যাধ অত্যন্ত বিশ্বিত हरेन, ध्वरः च्याहा । ध कि हरेन, धरें हि वहवात हिन्ता कविएक नाशिन। ছে দেবি, ব্যাধের দর্জাঙ্গ রোমাঞ্চিত হইতে লাগিল। দে বিশ্বয়ে আকুল হইরা উঠিল। তৎপর সেই ব্যাধ দেই নারল মুনিকেই পুনর্বার দেখিতে পাইল। ce (मिव ! बााध मिटे खत्रावह निविष् खतरना मञ्जाक्रिक नात्रम<del>्क</del> দেখিরা সেই সমস্ত ব্যাপার বর্ণনা করিল। নারদ তাহার মুধ হইতে শমস্ত ক্ষাপার শ্রবণ করিয়া বলিলেন, হে ব্যাধ। তুমি এথানেই বাস কর। ইহা বলিয়া নারদ সেই ব্যাধের সমূথে অন্তর্হিত হইলেন, এবং ব্যাধও সেই স্থানে বাস করিতে করিতে পরমাগতি প্রাপ্ত হইলেন। হে প্রিয়ে। আমি এই কেদার কেত্তের মাহাত্মা শত বর্ষেও বর্ণনা করিয়া শেষ করিতে পারি না। এ মাহাত্ম্য শ্রবণেও জীবের পরমাগতি লাভ হর।

রক্ষনীর মধ্যভাগে বাত্রীসমূহ কাতর ধ্বনি আরম্ভ করার পাওাজীর লোকেরা ভীবণ আঞ্চন জালাইল। আমরা অনেকটা হুত্ত হইলাম। সাধুছেলেরা লে রাত্রে কেদারনাথ ত্যাগ করিয়া রামবাড়া চটিতে ফিরিয়া গিয়াছিলেন। রক্ষনী প্রভাত হইলে, আন্দাক্ষ বেলা ৮টার সময় রৌজ উঠিলে, আমরঃ কেদার প্রভূকে প্রণাম পূর্বক আধার রামধাড়া চটিতে কিরিবার জন্য বরফ পথে চলিলমে। কেদারপুরীতে সামানা জলবোগ করা ইইয়াছিল। রন্ধনের কোনও উপায় ছিল না। প্রাতে আবার বরফে ট্রুটিতে পড়িতে হাসিতে কাঁদিতে চলিলাম। মধ্যাকে রামবাড়ায় আসিয়া পড়িলাম। ঐ চটিতে আহারাছি পূর্বক, বৈকালে আবার গৌরীকুণ্ডে ফিরিয়া গেলাম। রাত্রে গৌরীকুণ্ডে রিলাম। গৌরীকুণ্ড কিরিয়া গেলাম। রাত্রে গৌরীকুণ্ডে রিলাম। গৌরীকুণ্ড তাসিয়া মনে হইতে লাগিল, হাাঁ! কেদারনাথ খামী দর্শন হইল। গৌরীকুণ্ডে এসে প্রাণটা অস্থির হইল, আর থাকিতে পারিলাম না। লেখনী মুখে তাঁহারি সাধন তিনিই করাইলেন—আজ সেইটিই তত্ত্ব-মঞ্জরীতে বাহির করিতেছি।

জোতির্ময় নিরঞ্জন অনন্তরপ বিশ্বরাজ; তুমি অসংখ্য অযুত মূৰ্ত্তি কোটী বিশ্বরাজ্যে কর বিরাজ। তুমি এক বন্ধ নান্তি দিতীয় প্রেম পাথারে লহরীসম. ৰুড় চৈতক্ত স্কু সুল আমিই তুমি প্রিয়তম। চিত্তভাকাশে পরকাশ যথে তোমাতে আমাতে নাহি ভে পুন অস্তবে রহ নিদ্রিত যবে ওঠে গো অমনি মোহের থেল। মাঝে মাঝে কোরে ধরা দাও যেন भारक भारक क्षिणुं क्ष ; (মম) জ্ঞান অজ্ঞান পাপ পুণ্য মন বাকা হোক ভোমাতে লয় ৷ জীবন মরণ বন্ধন মোচন কৰা নিকাম সকলি তুৰি

ব্রহ্মচারিণী সঙ্গিনী নিদ্রিতা হইয়াছে। কে শুনিবে। কাগন্ধটি ব্যাগের মধ্যে রেখে একটা অব্যক্ত ভাব হৃদরে লইয়া শয়ন করিতে গাঢ় নিদ্রায় রঞ্জনী প্রভাত ।

#### ( 39 )

ভগবান রামক্রঞ্চনাম লইরা অপরাত্রে সকলে ফাটা চটি ত্যাগ করিরা "উথিমঠ" মুথে যাত্রা করিলাম। পথে অতাশ্বই রৌদও চড়াই ঠেকিল। স্থানে স্থানে কানে জল পিপাসায় প্রাণ ওঠাগত হইল। আনন্দ মনে সন্ধাহর হয়, এমন সময় উথিমঠে আসিরা পড়িলাম। শীতল জল সেবন করিরা তৃপ্ত চইরা সকলে বিশ্রা মার্থে বসা গেল। পরে সন্ধার পর "উথিমঠ" দেখিতে লাগিলাম। বেশ পাথরের স্বরগুলি। দোকানও আছে। বৎসরে ৬ মাস এখানেই শ্রীশ্রীত কেদারনাথের পূজা ভোগ হয়। তথন বরুসে ঠাকুর কেদারনাথ ঢাকা থাকেন। পুজারাওল সাহেবকে আসিরা প্রণাম করিলাম। তিনি জগৎমোহন আনন্দ্রনার্থী বিবেকানন্দের নাম শুনিরা আমাদের বড়ই স্লেহের চক্ষে দেখিলেন। সাধু সন্তানেরা কথা কহিতে লাগিলেন। ব্রক্ষারিণী ও আমি প্রণামান্তে সমস্থ স্থিরিয়া দ্বিয়া দেখিতে লাগিলাম। মন্দির মধ্যে বছ ঠাকুর রহিরাছে। ত কেদারনাথের গদি রহিরাছে। সমস্ত ঠাকুর দেখিরা রাত্রে এনে কতকণ্ডলি চিটি

লিখিলাম, আমারও ২।৪ খানা, ও সমক্ত খাত্রীমাতৃগণেরও লিখিলাম। এথানে শীত থুব সামান্তই। সে রাত্রে সেখানে দ্বিতলের উপর দিব্য হর পাওয়া পেল। স্থানিলার রক্ষনী প্রভাত—প্রভাতে প্রাণে অনির্ব্বচনীয় এক আনক্ষ উদয় হইল। শ্যায় থাকিয়া আনন্দময়ের নাম সাধন করিয়া সমক্ত যাত্রীগণের নিদ্রাভক্ত করিকাম।

বছ দিন পরে একটু জপের ইচ্ছা হইল। এতদিন জপ স্থপু মনে মনেই হোচেছ, ঐ নাম। একটু বদিলাম। জনৈক দিদি গাহিত্বে লাগিলেন,—

অন্তে যেন ঐ চরণ পাই--

क्रुभणा कन यनि नारग निरनत (नाहाहै।

স্থানের প্রণে সঙ্গীতটী বড় মধুর ঠেকিল. কেবল জপের ইচ্ছা প্রবল হইল। উথিমঠে জ্বপ করিলাম, কোণাও এমন জপে রস পাই নাই।

গাণিও লা শ্রীনন্দ আদিরা "আমা" "আমা" করিরা ব্যক্ত করিল, শেকে ঠাকুরের কি অপূর্ব্ব স্নেছ, অনস্ত করণা। শ্রীনন্দকে কি বোঝাইরা দিলেন, সে নিজে নিজে সব কম্বল ব্যাগ সব গোছাইরা লইতে লাগিল। জুতা ইকিন সমেৎ গোছাইরা সে বিদার হইল। পাণ্ডাজী আসিরা ডাকিলেন, ব্রহ্মচারশী আমি ও আমার ঝি উঠিলাম।

ভালই হইল — আর কিছু করিতে হইল না, বুড়দিদিকে ঝাম্পানে তুলে দিরে ব্রহ্মচারিণী ও আমি এক এক আলোয়ান নিয়ে ঠাকুরের নামের জয়ধ্বমি দিয়ে উঠিলাম। যষ্টিবন্ধ বাতীত গতি নাই, পাহাড় পথে চলাই অসম্ভব। যষ্টিবন্ধ বে কি বন্ধ হইয়াছিল, তাহা বাহায়া ভূক্তভোগী তাঁহায়াই জানেন। আমি ত ঐ যষ্টিকেই জীলী ও কেদারনাথ ও জীলী ও বদুরীনাথ জ্ঞানে প্রণাম করিতাম।

পথে আসিয়া ক্রমে ক্রমে সকল যাত্রীদের সহিত দেখা হইল। সে দিন ১৩ মাইল হাঁটিয়া জঙ্গল চটিতে আসিয়া পড়িলাম। সাধু সম্ভানেরা <del>আমাদের</del> 'জ্ঞানর ঠিক রাখিয়াছেন, আসিয়া বসিলাম। সেই চটিতে মধ্যাকে সান আহার সৈরে বৈকালে আবার সব উঠিলাম।

পথে নামিতে নামিতে বাত্রীমাতৃদের মধ্যে মধুর বচনা বাঁধিরা গেল। এক্টি হিন্দু রমণী আর একটি হিন্দুখানী। সন্ধার সময় এক শরম রমণীর স্থানে আসিয়া পড়িলাম। অপূর্ব সৌন্দর্যাভরা ।
চটিটি। সমূবে নদী থরতর বেগে চলিরাছে। নীল সাদার্গ গোলাপী বহু
স্থাএর ছোট ছোট পাথর ছড়াছড়ী। বড় বড় পাথর সব স্থানে স্থানে বসিবার
স্থানের মত শোভা পাছে। উর্দ্ধে চতুর্দ্দিক বেড়িয়া তাল গিরি, কালাপাতা বেটিড
সগন স্পর্দে কাঁড়াইয়া আছে। অপূর্ব্ব হান, প্রাণ আননন্দ পরিপূর্ণ হইল।
ব্রহ্মচারিণী ও আমি ছঙ্গনে একটি পাথরে বসিয়া বিশ্বশিল্পীর অপূর্ব্ব রচনা কৌশল
দেখিতে লাগিলাম। মনে হোতে লাগ্ল আময়াও বনের পাখী, সকল বন্ধন
মৃক্ত, স্লধু সেই অধর মামুধ একজনের জন্মই যেন ঘুরে বেড়াছিছ।

সন্ধ্যার সমন্ন ধুম্রসিরি পানে চাহিয়া প্রাণের আবেগে গিরিকে বলিশাম,

"কৈঁলাস শ্বনেক ওতে হিমাচল দিবানিশি ধরি কি হেরিছ বল কোরেছ কি হেরি জীবন সফল

বিশ্বস্তর বিশ্বেশ্বরে।

ব্ৰহ্মচারিণী বলিল, উপযুক্ত স্থানে সঙ্গীতটি ঠিক সাধনীয় বটে।

বোধ হয় সে দিন ঠাকুর শুন্তে চেয়েছিলেন, তাই কঠে কি নৃতন হুর এল, শবাই মুগ্ধ হোরে গেল, নিজেও প্রাণে একটা মধুর তৃত্তি পাইলাম। রাজে ঠাকুরের নাম স্বরণে সেই চটিতেই সব রহিলাম। (ক্রমণঃ)

ভক্তকিষরী।

#### স্তব।

(5)

আৰু অন্ধ নামকৃষ্ণ, অগতির গতি।
আশীর্কাদ কর পিতা ধর্মে হৌক মতি ॥
আমি অতি হীন মতি,
নাহি জানি ভক্তি স্ততি,
অলক্ষিতে হলে থাকি পিথাও আমারে।
কি বলিরা পিতা সদা ডাকিব তোমারে॥

( \( \)

জর জর রামকৃষ্ণ, পাতকি তারণ—
ছ:থ, জর, শোক, তাপ, বিপদ বারণ। 
ভূমি ছাড়া গতি নাই,
জেনেছি মনেতে তাই,
কাতরেতে করজোড়ে ডাকি হে তোমারে।
সংসারের সৎ কার্য্য শিথাও আমারে ।

(0)

জন্ম জন রামক্রফা, জগতের গুরু—
সংসার মক্রর মাঝে তুমি কল্পতক ।
তুমি হে পুরাও আংশ,
যার বাহা অভিলাব,
পাপীজন পাপ ভাপ তুমি হে ঘুচাও।
তাই পিতা ডাকি তোমা, আমারে তরাও ॥

(8)

জর জর রামক্বফ, দেব অবতার—
ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ, তুমি হে আমার ।
কর এই আশীর্কাদ,
পুরে যেন মন সাধ,
তোমারে ডাকিতে পারি ভরিয়া হদর।
চিরদিন তব নামে থাকি হে তরার ॥

ভক্তপদাখ্রিতা বিনীতদেবিকা শ্রীৰতী গোলাপবাসিনী দেবী।

### আত্ম-সমর্পণ।

### চতুর্থ পরিচ্ছেদ।

( স্বামী-স্ত্রীর কথোপকথন )

বেণীমাধৰ অপ্ত্রক, নংসারে তাঁহার স্থ্রী, পরিচারক পরিচারিকা ব্যতিরেকে আর কেইই ছিল না। স্ত্রীর নাম সতী—সতীর বয়স ৪২ বংসর ইইবে। তাহার গোরবর্গ ভাবের অঙ্গনোষ্ঠব দেখিলে বােধ হর যৌবনে সে স্থলার্ন ছিল। সামান্ত্রীর বিশেষ প্রণর ছিল না—কারণ সতীর অনেকগুলি গুণ ছিল। সে পরত্রখকাতরা, উদারশ্বভাবা। কেই বিপদে পড়িয়া সতীর নিকট আসিলে, সতী সাধ্যমত তাঁহাকে বিপদ ইইতে উদ্ধার করিতে প্রয়াস পাইত। ত্রাহ্মণ অতিথি আসিলে, সতী তাঁহাদিগকে সমাদর করিত। বেণীমাধবের এ সমস্ত ভাল লাগিত না, সেই জন্য স্থামীস্ত্রীতে প্রায়ই কলই ইইত। বেণীমাধবে এমন কি, বলিতে লক্ষা হয়, সতীর গাত্রম্পর্ণ করিতে কুন্তিত ইইতেন না। সতী কিন্তু তাহাতে কিছুমাত্র ক্রম্পের করিত না। সে জগতের মধ্যে স্থামীকেই একমাত্র দেবতা জানিত, স্বামী, ভির তাহার আর কোন আরাধ্য বস্তু ছিল না। সে ভাবিত, দেবদেবী ত মাটীর চিপি, আর স্থামী হোচ্ছেন জ্যাপ্ত দেবতা। জ্যাস্ত্র দেবতার সেবা ছাড়িয়া দিয়া আমি মানিত না তাহা নহে, তবে স্বামীকে স্থানের সর্ব্বোচ্চ স্থানে বসাইয়াছিল।

বেণীমাধৰ পরিচারিকার সহিত বাটিতে প্রবেশ করিলেন। মন্দিরের পশ্চাতে তাঁহার বসতবাটী। বাটা দ্বিত্র বাংলা ফ্যানানে প্রস্তুত, চারিধারে ইপ্রকের প্রাচীর দারা বেষ্টিত। উপরে নীচে ১২টি ঘর, সমুখে এবং পশ্চাতে থানিকটা থালি জাইগা পড়িয়াছিল। ঘর্গুলি বেশ স্থাসজ্জিত, বৈঠকথানা এবং শহন ঘরটি হিন্দু দেবদেবীর চিত্রপটে পরিপূর্ব। বেণীমাধন দ্বিতলে উঠিয়া সতীকে ডাকিলেন। সতী স্থানীর নিকটে স্থাসিরা বলিল, হ্যাগা সহুকে কি বলেছ ?

ৰেণী। কি আর বল্ব ? ছইটা মাকড়ী বাধা ছিল, থালাস করতে ক্সমেছিল, তা সমস্ত হুদ দের নাই বলে বাহুদেব বুকি একটা মাকড়ী আটকে রেখেছে। তবেলা বাকী টাকা নিয়ে এলে, মাকড়ীটা মিরে যাবে—এতে আর হরেছে কি ?

সতী। বাহুদেবের সাধ্য কি যে সহর মাকড়ী আটকাইরা রাখে। তুমি
নিশ্চরই তাকে রাথতে বলেছ, তাই সে রেখেছে। শুনসুম ছয় আনার পরসার
জন্য তার মাকড়ীটা আটকে রেখেছ। ছি!ছি! এ কাজটা করা কি উচিত
হয়েছে ? গরীব লোক হল দিতে পেরেছে, এই ঢের। জিনিষ খালাস করবার সময়
লোকে কত হল ছেড়ে দেয়, আর তুমি এ মাসের পর্যান্ত হল ধরে নিয়েছ। ওর
মাকড়ী ওকে ফিরিরে দাও।

বেণী। তুমি মেরেমানুষ, তুমি এ সব ব্যাপারে থাক কেন। স্মামি দরোমানকে বলে দিন্দি, কাল থেকে যেন কাহাকেও বাড়ীতে ঢুক্তে সা দেয়।

সভী। ভূমি আমায় বা খুদী বল-ওর মাকড়ীটা ওকে ফিরিয়ে দাও-

বেণী। ত। হ'লে কি আর ছন্ন আনা পরসা আদার হবে ?

সভী। ছি ছি, ভোষার ওকথা মুখে আনতেও লজ্জা হ'ল রা। লোকে ভন্লে কি বল্বে ?

বেণী। আমি কারুর তোরাকা রাখি না। আমি যদি অভাবে পড়ি, তথক কি কেউ একটা পর্মা দিয়ে সাহাধ্য করবে ?

সতী। যদি ভালর ভালর ওর মাকড়ী ওকে ফিরিরে না দাও, তা হ'লে আমার কোন দোষ নেই, আমি আমার মাকড়ীটা ওকে দিয়ে দেবো।

বেণীমাধৰ জানিত, সতী মুখে যা বলিত কাজেও তাহাই করিত। সেইজন্ঠ জগত্যা অনিজ্ঞাসত্তেও বাহুদেবকে ডাকাইয়া সছকে মাকড়ীটা দিয়ে দিতে বলি-লেন। সহও মাকড়ীট লইয়া প্রফুলচিত্তে সতীকে মনে মনে আনীর্কাদ করিতে করিতে গৃহে প্রত্যাগমন করিল।

সতী স্বামীর মুখ ভার দেখিয়া বলিল—ভূমি আমার উপর রাপ করলে ?
আমি তোমার ভালর জনাই বলছিলুম। চিরকালটা টাকা টাকা করে কাটালে,
এখন পাঁচ জনকে হু'পালা হাত ভূলে লাওনা।

বেণী। আমাকে আর কারক শেপাতে হবে না। আমার মত করজন ধর্ম-নিষ্ঠ আছে ? আমি নিরামিব ভোজী, সর্বালাই ভগবানের নাম কচ্ছি। প্রস কার জন্যে ? আমার অবর্ত্তমানে ভোমার আর প্রামন্থকরের থাক্ষে।

সভী। আমার জন্যে ভোমাকে কিছু ভাবতে হবে না, আর ভাষপুন্দরকে ভূমি কি পরসা দেবে ? বিনি এই কর্মস্ত পাতালের অধীধর, তিনি কি ভিধারী ? তোমার কি দাধা যে ভূমি তাঁকে প্রদা দাও। পূর্বজন্মের স্ফুভিফলে এ ক্রে পরসার মুখ দেখতে পেরেছ। এ করে বলি অর্থের স্বার না কর, তা হ'লে **अज्ञास कि हरव जा कि एकरवह >** 

বেণী। কেন আমার মত সৌভাগ্যবান করজন আছে ? আমি ভামস্করের মন্দির তৈরারি করিরা । দিরাছি। কত লোককে প্রত্যুহ আরদান কছিছ। এ শ্ব খালা কি চোখে দেখতে পাওনা ?

সতী। স্থামস্থারের ধন্দির ত তোমার একটা আরের উপার, কত লোকে কত কি দিরে বাচ্ছে। আর তোমার চাকরবাকর, আর ২।৪ জন বন্ধু ছা<mark>ড়া</mark> আর ভ বড় একটা কেউ পাত পাড়ডে পারে না। আর পালপার্বলে বে সমত ধুমধার কর, সে ত থালি নিজের নাম কেনবার জন্যে। ভগবান্ তোমাকে মন্দির করে দিতেও বলেননি, আর দশজন চাকরবাকর রাধতেও বলেননি। ্তিনি ভাবগ্রাহী, তিনি মহজের মনের ভাব দেখেন। তুমি এ সমস্ত বাছাড়বন্ধ ছেড়ে তাঁকে এক মনে ডাক দিকিন।

বেশী। দেখ মিছামিছি বোকো না। সাধে বলে মেরেমাছুরী বুদ্ধি-সল্ল্যাসীরা বনে গিরে তাঁকে একমনে ডাক্তবে। আমরা গৃহী, পাঁচ কনের যাতে উপকার হয়, তাই করা উচিত। তা হ'লেই তিনি সন্তুই হ'বেন।

সভী। তাই তুমি এই রক্তশোষক ব্যবসা খুলেছ।

বেণী। কেন এতে কি পাঁচ জনের উপকার হচ্ছে না? কাকর ছেলে ষরণাপন্ন, পরসাভাবে চিকিৎসা করাতে পাছে না, আমি তাকে টাকা ধার দিরে চিকিৎসার ব্যবস্থা করে দি---

সভী। যদি হাদ না নিষে, কোন জিনিব বন্ধক না রেখে, তাকে কিছু वर्ध দিতে, তা' হ'লে ভগৰান সভষ্ট হতেন। 'তিনি তাঁর প্রিয় সন্তানদের প্রতি অক্সার অত্যাচার করলে সম্ভষ্ট না হ'ছে বরং কট হন ৷ আমাদের ত কিছুরই অভাৰ নেই, ডুমি কেন একটা ডাক্তামুখানা কয়ে লাও না—কত গ্রীব লোক পরসাভাবে বিনা চিকিৎদার নারা বাচ্ছে, তাদের উপকার হ'বে।

বেশীমবিব এই কথা প্রবর্গাত্ত ক্রোধে জলিয়া উঠিয়া তৎকণাৎ সেই স্থান

পরিভ্যাগ করিল। সভী যে তাঁহাকে বারংবার ডাকিল সে কথার তিনি কর্ণপাত ক্রিলেন না। তথন সভী মনে মনে বলিতে লাগিল-সামী, প্রাভূ, আনার আরাধ্য দেবতা, তুমি আমার প্রতি রাগ কর্লে ? আমার কথা ভনলে না ৪ যথন বিধাতার নিয়মে তোমায় স্থেই আমার স্থা, তোমার ছঃখেই আমার তু:থ, আর যখন তোমার ইহকাল প্রকাল্ও আমার উপর নির্ভর কচ্ছে, তথন আমি তোমায় সংপরামর্শ দিছে ছাড়বো না। তুমি আজ না বুঝলেও এমন দিন আসবে, যেদিন তুমি এ সব কথা বুঝতে পার্মেব, জগতের সমস্ত লোককে আপনার ব'লে জানতে পার্বে। হে অন্তর্যামী ভগবান। তুমি আমার কার্য্যে (ক্রমশঃ) সহার হও।

শ্ৰীকিতীশন্ত বোৰ ১

### শ্রীশ্রীরাসকুহওদেব।

#### 

( > )

জর জয় জয় দেব দয়ার মূরতি। ৰুগতের হিতে তৰ নিয়োজিত মডি। সংসার তাজিয়া তুমি সেক্তেছিলে যতি। হিন্দু খ্রীষ্ট বৌদ্ধ আদি নানা স্থাতি প্রতি; লোক শিক্ষা প্রদানিলে সম্ভনে অভি।

( ? )

সাধনার পথে তুমি করিয়া গমন অনায়াদে লভেছিলে সাধনার ধন। জীবগৰে মৃক্তি পথ দেখাতে মহানঃ হ>সহ কঠোব ব্রভ করিলে পালন। অতি দীন হীন ভাবে ৰাপিৰে জীবন k ( 9)

কত জ্ঞানী চূড়ামণী, বিবেকীপ্সবর,
কত ভক্ত, উদাদীন, দাধু, বোণীবর,
কত শত অবিবেকী নীচাসক্ত নর,
গৃহী, দণ্ডী, ধর্মী, কর্মী, আদি সর্কনক্স
লভিদা ধরম শিক্ষা তোমার গোচর।

(8)

পশু প্রকৃতির কত অসংখ্য পামর,
মন্ত্রপ, গুরুতাচারী, বেক্সাসক্ত নর,
নরাকারে প্রেডরপী সন্ধীর্ণ অস্তর,
শক্ত শক্ত জীবদাতী নির্মাম বর্জর
লভিলা মানব নাম কুপাতে তোমার।
( ৫ )

শ্রীস্বামী বিবেকানন্দ তব পদ পেরে,
তব নাম প্রাচারিলা পৃথিবী ব্যাপিরে।
পাশ্চাত্যেরা প্রাচ্যভাবে মোহিত হইরে;
বেদান্তের সার ধর্ম হৃদরে ধরিরে,
ধোষিতেছে তব নাম দিক্ কাঁপাইরে।

( .)

সংস্কারিরে বিধি মতে পূর্ব্ব পূর্ব্বমত,
দেখাইলে মানবেরে সাধনার পথ।
মথিরে সম্তুসম ধর্মশাস্ত্র হস্ত,
মাবিকারি তত্ত্ব কথা শাস্ত্র মনোমত,
প্রাচারিলে মহামূল্য উপদেশ করে।

(+)

কালী করতক মূলে আতার নইরে, বিবেকেরে খাল করি নিজ সঙ্গে লাকে, ভিত্র ভিত্র সাধনার সাধক সাজিতে, শ্বসার সংসার ছব সব তেরাগিরে, নিজামী হইলে তুমি কামে পরাজিরে।

( > )

ন্তন সাধন পথ করিরে ক্ষন;

ছক্ষম ইন্দ্রির বরে করিরে দমন,

ভারাধনে মাতৃ ভাবে করিরে ভজন,
ভোগ অভিলাবস্থ দিলে বিসর্জন।

এ অধ্য দীনে দাও তব শীচরণ।

( > )

আদর্শ সংধ্যী ভূমি বোগীকুল শনী,
ভ্যাগ পথ অন্ধ্যরি হইলে সন্ন্যাসী।
অপার মহিমা ভব ওচে পূর্ণক্যাসী,
অসীম করুণা বলে হলে অবিনাশী।
বোবিছে জগতবাসী ভব শুণরাশি।

( 50 )

সংসারে শ্বশান জ্ঞান শ্বশানে সংসার,
উদাসী পরম গোগী কেবা আছে আর 

কীব শিক্ষা তরে দেব তব অবতার,
অনেক সাধন তত্ত্ব করিলে প্রচার।
কে বর্ণিতে পারে ভবে মহিমা ভোষার 

।

( 55 )

গীতার মহান্ ৰাণী ঘোষিরে জগতে,
সর্ব ধর্ম সমহর করিলে বিবেতে।
শ্রেষ্ঠ সনাতন ধর্ম হ'ল ভোমা হ'তে।
শ্বং তুমি নারারণ জীবেরে তরাতে,
শ্বিংশ বেহ দাসে ওহে মহামতে।

ন্ত্ৰক কুণাপ্ৰাৰ্থী—

जरेनक चका ।

## ডাক্তার আব্দুল ওয়াজীজ।

১২৯৮ সালের ভাজ কিছা আদিন মাসে, আমরা সেবক রামচন্দ্র লিখিত ঠাকুর শ্রীরামক্বকের জীবনচরিত প্রথমে পাঠ করি। ঐ প্রতকের চতুর্কিংশ পরিছেদে একজন মুসলমান ভক্ত (ডাক্তারের) উল্লেখ আছে। ঐ ডাক্তারটী মফঃখলে কাজ কর্ম করিতেন বলিয়া প্রায় কলিকাতায় আসিতেন না। অথবা যদিও কথন আসিতেন, আমাদের সংস্রবে আসিবার তাঁহার কোনও কারণ ঘটক না। ইংরাজী ১৮৯৮ খৃঃ ৭ই আগষ্ট, রবিবার আমরা তাঁহাকে প্রথম দর্শন করি।

বেলা অত্যান ও ঘটকা। বোগোদ্যানের বৈঠকগৃহে জীরামচন্দ্র বিসরাছেন। তাঁহার আনে পাদে হরমোহন, তাঁহার পুত্র ষতীন, বিপিন গাঙ্গুলী, স্বারণ, কালী, অপূর্ব, বিপিন গত, অমৃতবাবৃ, নশাবাবু, ললিত এবং বিজয় বসিয়া আছেন। ঠাকুরের প্রসন্ধ হইতেছে। একটু পুর্বেই অমৃতবাবু কডকগুলি মধুর বৃন্দাবন শীলাবিষয়ক গোবিন্দ অধিকারীয় বিরচিত সঙ্গীত গাহিয়াছেন। স্থবেশ গান এবং সুর আয়ত্ত করিতে অতি স্থনিপুর। তাই কেহ কেহ বলিতেছেন—"ফনোগ্রাকে গান উঠিয়াছে কি ?" এমন সময়ে বোগোছানের ফটকের নিকট একথানি গাড়ী আসিরা থামিল। আমরা উদগ্রীব হইরা দেখিতে লাগিলাম। একজন ইজার চাপকাৰ পরা, মাথায় টুপি, দীর্ঘ শাক্র, গোরবর্ণের লোক অবভরণ করিলেন। দেখিরাই মুসলমান বলিরাই মনে হইল। কিছু দুর অগ্রসর হইরা আসিলেই, মহাত্মা ब्रोमहद्ध कहिलान, "हैनि ठोकूरबब स्मेट मूम्ममान एक-स्थिन छाका। वर्ट्सन পদ্ধে এঁকে দেপলাম।" এই কথা শুনিয়া আমরা জন কয়েক ছুটিয়া তাঁহার নিকটে গিরা অভিবাদন করিয়া তাঁছাকে দকে লইরা গৃছাভিমুখে আগিতে লাগিলাম। রামচক্র গৃহ হইতে অবতরণ করিয়া আসিয়া ঘণাযোগ্য অভিভাষণাদির পর তাঁহায় कूमनामि विकामा कतिए नागिरनत । उरशरत कहिरनत, "हनूत ! ठीकूत पर्नत क्तिर्यम ।"

ওরাজীক সাহেব অতি লাক প্রকৃতি এবং অতি মিইভাবী। কথার কথার ভনিলাম, তিনি নিরানিবভোজী। ঠাকুরের চাতালের সমূধে গিরা মহাত্মাকে জিজ্ঞাসা করিলেন বে, "চাতালের উপরে অগ্রসর হইতে পারি কি ?" রামচক্র সম্বৃতি কানাইলে, তিনি কুঠা ও মোজা পুলিরা মন্দিরের সমুধীন হইরঃ অর্থনত হইরা তিনবার সেলাম্ করিলেন এবং পূর্বস্থিতি স্বরণ হওরার তাঁহার চক্ষ্কোণে করেক কোঁটা জল আমাদেশ্ব নরনগোচর হইল। ক্ষমালে মুথ পুছিরা জিনি আবার রামচন্দ্রের সহিত কথা কহিতে লাগিলেন।

কহিলেন—যোগোভানে এই আমার প্রথম আসা। বহুকাল কলিকাতার আদি নাই—আপনাদের সহিত দেখা সাক্ষাৎ হয় নাই। এখন নোরাথালির মিউনি-সিপ্যালিটীতে চাকরী করছি। একটা ক্রা কাটা হইতেছে, তাহার জল কিরূপ হেইবে, সেটা পরীকা করানর উদ্দেশ্যেই আপনার নিকট আমার আসা, কারণ আপনার পরীক্ষার উপরে আর কোনও সন্দেহ থাকিবার সন্তাবনা নাই। জলটী বাসার আছে, কল্য আপনার কলেজে পৌছিয়া দিব। অবশু এ সম্বন্ধে কলেজে দেখা করিতেই পারিতাম, কিন্তু তাহাতে প্রাণের তৃত্তি হইত না। বছদিন আপনাদের স্থেসদ হইতে বঞ্চিত আছি, বিশেষতঃ বছদিন হইতে যোগোভান কর্পে কনিতেছি মাত্র, কিন্তু চক্ষে দেখা ঘটে নাই। ভাই ভাবিলাম যে, যাহাকে নরদেহে দেখিয়া একবার যন্ত হইয়াছি, তিনি এখন কিভাবে বিরাজ করিয়া ভজের পূজা গ্রহণ করিতেছেন, দেখিয়া আসি।

রামচক্ত কহিলেন, আসিয়া খুব ভালই করিয়াছেন। আসনাদের দেখিভে আমাদের কতই সাধ হয়। এই যে সব ছেলেদের দেখচেন, এরা সব আসনাদের বিষয় ওনেছে, আসনাদের দেখবার জন্ত এরা খুব আকাজ্জা প্রকাশ করে। চলুন বৈঠকখানার বঙ্গে, আসনি এদের সঙ্গে কথাবার্তা কইবেন। তাঁকে কেমন দেখেছিলেন, এদের স্ব বলবেন।

সকলে বৈঠকথানায় আসিয়া বসিলেন। ভাক্তার সাহেব এক একজন বালকের সজে কথাবার্ত্তা ও আলাপ করিতে লাগিলেন। সকলেই বিশিষ্ট ভদ্রসস্থান এবং শিক্ষিঙ পরিচর পাইরা তিনি বিশেষ আনন্দ প্রকাশ করিলেন এবং এ বরসে সকলেই ধর্মান্ত্রাগী এবং স্থপথ অবলহী দেখিয়া তাহাদিগকে ভাগ্যবান বলিয়া অভিভিত করিলেন, এবং রামচন্ত্রের খ্রায় মহং ব্যক্তির সংস্পর্দে আসিয়া ইহারা বে
জীবনে মহা উন্নত হইবেন, এ কথা বার বার ব্যক্ত করিতে লাগিলেন।

রাষ্ট্রের ক্রিলেন বে, বাঁহার চরণ্ডলে আসিরা উহারা আশ্রর সইরাছে, তিনিই উহালের ক্র্যাণ বিধান করিবেন। আমরাই বা মাছ্য ছিলাম কবে ? জাঁহারই চরাব্যুলিয় বলে না এখন বছারপাববাচা হইরাছি! নতুবা আমরাও ত এককালে শত ছিলাম। সংসার ও কামিনী-কাঞ্চনকেই জীবনের মুখ্য উদ্দেশ্র-বিলিয়া জ্ঞান করিতাম। যাহা হউক, আপনি ত তাঁর কাছে গিরা আমাদের সেই সন্মিলন ছবি ছই একবার দেখিরাছেন, সেই সব দিন আর এখনকার দিন ভাবিশে আমরা দিশে হারা হয়ে পড়ি। তবে তিনিই এই সব ছেলেদের জুটিয়ে দিয়েছেন, এদের সঙ্গে তাঁর মধুর প্রসঙ্গে দিন এক রক্মে কেটে যাছে। ঠাকুর সম্বন্ধে জনেক-শুলি বক্তৃতা হয়ে গেছেঁ। তাঁর সময়ে যে তব্ব-মঞ্জরী কাগজ বেক্লৃত, সেটা কিছুদিন বন্ধ ছিল, আবার সেটাকে চালান যাছে। ছেলেদের মুখে ছটা একটা গান শুস্বন—

ওয়াজীজ সাহেব আনন্দ প্রকাশ করিয়া বলিলেন, আপনার। একটী গান করুন। সকলে গাহিলেন—

বাস্থাপূর্ণ হল আজি ধরাতে রামক্বঞ্চ এলো।
তত্ত্বলাভের বিড়ম্বনা বৈডভাবের বিবাদ গেল॥
রামক্বঞ্চ একাকার, এনব ভাবে প্রচার,

এক অনন্ত স্বার মৃলাধার-

বে বা বলে তাতেই মেলে, একজনার থেলা সফল। বে কালী সেবনমালী, ছবি বলি আর ঈশাই বলি,

আল্লা বলে মোলা ভজান্ন কর্ত্তাভজান্ন সেই কেবল। স্বভাবে সহজ্বে পাবে অভাবে হবে বিফল।

গান ভনিয়া ভাক্তার পরমপ্রীত হইয়া বলিলেন, বেশ গান। আপনারা ধয়া করিয়া আর একটী গাহিবেন কি ? আবার গান হইল—

**जिंदर क्राद्य यम निन स्व क्**राह्य यात्र।

ৰে নামে ৰে ভাবে ডাক, সে ভ তাতেই ওনতে পার।

ৰা বাধে তাঁর নাম ভেদে,

जेना मूना महत्राल,

কালী তারা হরিপদে সম সে উপায়— শন্তই ধরম ভবে, নহে কেই একভাবে,

यठालार, अकब्रे भूमात

নানা সুলে গাঁথা বালা, একটা সুভার বাধন ভার। গান শের হউলে ডাক্সার সাহেব সকলকে ধ্রুবাদ আনাইলেন। তথ্য সকলে ক্ষিলেন থে আপনি ঠাকুরের কাছে কি তাবে গিরাছিলেন, তাহ। জানাদের নিকট বলুন।

ভাক্তার সাহেব বলিতে লাগিলেন।—আমার নিবাস সাতৃকীরায়, দেখা পভা ছাড়িয়া কাজকর্ম উপলক্ষে অনেক দিন চুয়াডালায় ছিলাম। পঞ্জে কলিকাতায় আসিরা ভাক্তার সরকারের নিকট হোমিওপ্যাথি পড়িতে থাকি এবং জাহার স্থাপিত দাতব্য ডিম্পেন্সারীতে কার্য্য করিতাম। তথার থাকিতে থাকিতে এই ব্লামবাবুর বিষয় ভানিয়াছিলাম। ভানিয়াছিলাম রামক্রফ-পর্মহংস নামে একজন সাধু পুরুষ আছেন, তিনি সকল ধর্ম সত্য বলিয়া মানেন এবং বিশ্বাস করেন. এবং রামবারু তাঁহার প্রধান শিয়। বরাবরই আমার মনে হইত হে, সকল ধর্মের মধ্যেই সত্য আছে এবং সকল ধর্মশান্তাদি পাঠ করা কর্ম্বর। বদিও আমি মুসলমান ইস্লামধর্মাবলম্বী, তথাপি কাহারও প্রতি আমার মনে বেষ-ভাব ছিল না। যথন আমি পরমহংদদেব এবং রামবাবুর কথা ভানিলাম, তথন হইতেই মনে মনে ইচ্ছা করিলাম যে, এক দিবদ রামবাবু দহ আলাপাদি করিয়া তাঁহার সহিত পরমহংসদেবের দর্শনে যাইব। এই সময়ে আমি ভঁডার থাকিতাম। আমার অভ্যন্ত আমাশর হওরার কার্য্য হইতে ৪।৫ ছিনের অবসন্ধ লইয়া বাসায় ছিলাম, একটু স্কুত্ত বোধ হইলেই বামবাবু সহ দেখা করিব, সাধ ছিল। আমার একটু বেলা পর্যান্ত ঘুমান অভ্যাস, কিন্তু একদিন খুর স্কালে ঘুন ভালিয়া গেল। সেই সলে সলে চটু কলের বাঁশী বাজিয়া উঠিল। ছেখন ভোর ৪।।•টা এইরাপ হইবে। সেই দিন টিপ্ টিপ্ করিয়া একটু বৃষ্টিও সেই সময়ে হইভেছিল। কিন্তু অত প্রাতে ঘুম ভালার, এবং সেই দিন बविवाब थाकाब-मान कविनाम, साम ७ पूर स्विधा। आमरे वामवावृत वाजी ৰাইয়া তাঁহার সহিত দক্ষিণেখনে যাওয়া যাক। আযার আযাশরও সে দিন বেশ खान हिन।

বেষন মনে হওরা, অমনি, আমার একজন বন্ধ আবনাস আলি M. A.
( এখন তিনি Sylbet ফেণী বাজারে ডেপ্টি ম্যালিট্রেট) নহ ভল্লাস করিছে
করিতে রামবাব্র বাটীতে বাইয়ে উপস্থিত হইলাম। রামবাবৃহক আমানের উদ্দেশ্ত
ক্রিবামাত্র উনি বিশের আনন্দ প্রকাশ করিয়া আমানের সঙ্গে করিয়া দক্ষিণেশক্র
ক্রিয়া উপস্থিষ ব্রুদেন। পরস্বংসদেব সে সম্ব্রে বাউভলার পৌচে লিয়া-

ছিলেন। রামবাবু আমানের মঙ্গে গইরা পঞ্চবটীতলে অপেকা করিতে লাগিলেন। বধন পরমহংদদেব শৌচান্তে সেই দিকে আসিতেছিলেন, রামবার অগ্রসম্ভ र्हेश शिवा श्राम कवित्नन। जामना श्राम कन्निन ना. हेहारे जिंद कनिया রাখিরাছিলান, কারণ আবাদের ধর্মাত্মসাবে একমাত্র আলা বা ঈশ্বর ভিল্ল আরু কাহারও নিকট মাধা নোয়াইতে নাই। তবে তাঁহাকে বধাসমান প্রদর্শন ৰবিৰ, ইহাই বাসনা ছিল। কিন্তু তিনি আমাদের সন্মুখে আসিরা নতভাকে আমাদিপকে প্রণাম করিলেন, আমরাও তবন কিংকর্তবাবিমৃঢ় হইরা তাঁহাকে শ্রণার করিতে বাধ্য হইলাম। পরে তিনি আমাদের সঙ্গে বইরা আপন গ্রহ ৰধ্যে প্ৰবেশ করিলেন। আমাদের বসিবার জন্ম 🎥 ধানি আলাহিদা কংল বিছাইরা দিলেন এবং নিজে অপর একটা আসনে বিসরা আমাদের সহিত আলাপ করিতে লাগিলেন। আমরা পৃথক আসনে বসিয়া মনে করিতেছিলাম त्व, हैनि अपन नाधु वालि छनि, किंद्ध देंशत कार्ष्क् अत्रण पार्थका कम १ আমরা মুসলমান, এবং ইনি ত্রাহ্মণ বা হিন্দু বলিরা কি আমাদিগকে পুথক जामन मिरलन १ किंग्र ध मत्स्र आंगारमत आर्प अधिकक्ष हान भारेन ना। - কারণ, তিনি ধর্মকথা প্রসঙ্গে এমন উন্মন্ত হইয়া পড়িলেন ধে, ক্রমশঃ আমাদের দিকে অগ্রসর হইতে লাগিলেন, এবং পরে এক বিছানার আসিয়া বসিয়া কথা কহিতে লাগিলেন। এইরূপ ব্যবহার দেখিরা আয়াদেরও প্রাণে অভতপুর্ব্ব আনন হইতে লাগিল।

যাইবার কালে মনে মনে তিনটা প্রান্ন ঠিক করিয়া গিয়াছিলাম, মনে করিয়াছিলাম, এই প্রান্ন করটা তাঁহাকে জিজ্ঞাসা করিয়া উত্তর লইব। কিছু আশ্চর্যের বিষয় এই যে, কোনও প্রান্নই তাঁহাকে করিতে হর নাই। তিনি কথা প্রসক্তে তিনটা প্রশ্নেরই অতি সত্তর প্রদান করিয়াছিলেন। তর্মধ্যে একটা প্রান্ন এই—'সংসারে থাকিয়া বোগসাধন হর কি না ?' ইহার উত্তরকর্মণ কথাপ্রসক্তে তিনি বলিয়াছিলেন বে, বাছির হইতে তৈরারী হইরা
গিরা যদি সংসারে থাকে, তাহাতে সাধনপথে পড়িয়া বাইবার সভাবনা থাকে
মা, কিছু সংসারে থাকিরাই সাধনপথে অগ্রসর হওয়া অতি হুরুছ। কালালর
করে খ্যু সাবধানে থাকিকেও বেমন একটু কালি লাগেই লাগে, তক্ত্রপ

খার। কিন্তু কিছুকাল বাহিরে থাকিয়া তৈয়ারী হুইয়া পরে সংলারে আসিলে, নে আৰক্তি গুরিবার ভয় থাকে না।

আমরা পূর্বেই রামনাব্র নিকট শুনিয়াছিলাম দে, উহর গলার কোনা হইয়াছে, সেইজন্ত আমরা কোনও কথা তুলিয়া তাঁলাকে বেলী বাটাই নাই; কিন্তু তিনি আপনিই এমন উন্মতভাবে আমাদের সহিত আলাপ করিডেছিলেন বে, আমাদের অন্তরের সকল সংশন্ন ভঞ্জন হইয়া যাইতে লাগিল এবং অপার আনকল হলয় পরিপূর্ণ হইল। কথাবাত্তী একরপ শেষ হইলে, রামবাব তাঁলার নিকটে আমার ডাক্তার বলিয়া পরিচয় করিয়া দিলেন। তিনি তাহা শুনিয়া বলিলেন বেশত, আমার এ বায়রামটা দেখানর আবশুক। তাহা শুবলে আমরা বলিলাম যে, যগুপি আমানি শক্তি দেন তবেই হয়, নতুবা আমাদের এমফ শক্তি নাই যে আপনাদের লায় ব্যক্তির রোগ ভাল করি।

তিনি আমাদের কিছু মিষ্টাল্লাদি থাওয়াইয়াছিলেন। পরে আমরা বধন কিরিয়া আদি, তথন তিনি বলিয়াছিলেন ফে, আরও তিনবার এথানে আসিও। কিন্তু দক্ষিণেখরে তাঁহার নিকটে আর আমাদের যাওরা ঘটে নাই। তরু হইয়াছিল, পাছে বেনী ধর্মবৃদ্ধি হইলে সংসারাদি ছাড়িয়া যায়। আমাদের শাস্ত্রে পেগন্থরের যে সমস্ত লক্ষণ প্রকাশ করিয়াছেন, তাঁহাকে দেখিয়া ও তাঁহার কথাবার্ত্তা শুনিয়া তাঁহাকে আমাদের পেগন্ধর বলিয়াই জ্ঞান হইয়াছিল। কিন্তু নারী ও অর্থের কেমন আসক্তি বুঝুন যে, আমরা উহার প্রলোভনে রা আসক্তিতে লিপ্র থাকায়, আর ভাঁহার সমীপে যাইতে সাহস্থ করি নাই।

আর একবার রামবাবুর বাদীতে তাঁহাকে দর্শন করিতে গিরাছিলাম। অমৃত ( ডাক্ডার সরকারের পূক্ ) আমাদের সঙ্গে করিয়া লইয়া গিরাছিলেন। আমরা যখন পৌছিলাম, তথন দেখি, খুব সংকীর্ত্তন হইতেছে, পরমহংসদেব গান গাছিয়া নাচিতেছেন। নাচিতে নাচিতে তাঁহার ভাবসমাধি হইল। আমরা ওরূপ কথনও দেখি নাই। অমৃতকে ব্যাপারটী জিজ্ঞাসা ক্রিলাম, অমৃত স্মাধির ব্যাপারটী আমাদিগকে বুঝাইয়া দিলেন।

সংগীত শেষ হইলে, যথন দেখা হইল, আমরা প্রণাম করিলাম। মধুর হাজে কুশল জিজ্ঞাসা করিলেন। বলিলেন, আর দেখিতে পাইনা কেন? মাঝে মাঝে যাওয়া আসা করিবে। পরে আবার নানাপ্রসঙ্গ ও কীর্ত্তনাদি ছইছে

লাগিল। পরে আমরা রাম্বাব্র বাটাতে খ্ব আনন্দে প্রসাদ পাইরা বাটা গিরাছিলাম। অভঃপর অর্থোপার্জন বশতঃ নানাস্থানে কাজকর্ম পাইরা ব্রিরা বেড়াইয়াছি। এ ভাগেও আর তাঁহার দর্শন ঘটে নাই।

অতঃপর ইনি বোগোন্থানে ঠাকুরের বৈকালিক জলপানী প্রসাদ গ্রহণ করি-লেন। যথন তিনি বাসায় ফিরিয়া যাইবার জন্ত ইচ্ছা প্রকাশ করিলেন, রামচন্দ্রের আদেশ মতে সুরেশ তাঁহার হত্তে বক্তৃতাপুত্তক এবং তত্ত্-মঞ্জরী প্রিকাঞ্চলি আনিয়া দিলেন। পরে তিনি ঠাকুরস্থলে প্রণাম করিয়া এবং সকলকে যথা-যোগ্য অভিবাদন করিয়া গাড়ি চড়িয়া কলিকাতাভিমুধে ফিরিলেন।

তিনি চলিয়া যাইলে রামচন্দ্র আমাদিগকে বলিলেন যে, বে দিন উনি আমাদির দের বাটীতে আমাদের সঙ্গে এক পুংক্তিতে বসিয়া প্রসাদ পাইয়াছিলেন, সেদিন আমাদের মনে সেই গৌরাক লীলার কথা উদয় হইয়াছিল। যেন যবন হরিদাস, শ্রীচৈতক্ত ভক্তগণের সহিত পুনর্মালিত হইয়াছেল। আমাদের এক আমীর, উহাকে সঙ্গে লইয়া বিদিয়া আময়া প্রসাদ পাইয়াছিলাম বলিয়া, অত্যন্ত বিরক্তির ভাবে প্রকাশ করিয়াছিলেন। তাহাতে আময়া তাঁহাকে বলিয়াছিলাম যে, প্রসাদ চতালের মুখ হইকে কাডিয়া লইয়া থাইবার ব্যবস্থা আছে। কুরুরের উচ্ছিই প্রসাদপ্ত ভক্তগণ সাদরে গ্রহণ করেন। তবে আপনার এ ক্রোধের কারণ কি ? উনি প্রসাদ আমাদের সহিত একত্রে বিসয়া খাইয়াছেল মাত্র। ইহাতে আমাদের শান্ত্র ও বিধি মতে কোনও প্রকার দোষ ঘটতে পারে না। যদি আমার কন্তার বিবাহ সময়ে—সামাজিক কার্যো গ্রহণ কোনও ব্যবহার করি, তাহাতে দোষ ঘটবার সন্তাবনা— সে সমরে আপনি ছ'কথা বলিতে পারেন, কিছু দেবতার প্রসাদ সক্ষে এরপ কার্য্যে প্রতিবাদ করিবার কাহারও অধিকার নাই। সেই আত্মীয় এই কথা ভনিয়া চুপ' করিয়া য়হিলেন, আর কোনও কথা বলিতে সাহনী হন নাই।

যথন ওয়াজীজ সাহেব চলিরা যান, আয়রা তাঁহার ঠিকামা লিখিয়া রাথিয়া-ছিলাম। হই একথানি পত্তেরও আলানপ্রালান তাঁহার সহিত হইরাছিল।
ক্ষিত্র লেবে তাঁহাকে পত্র দিয়াও তাঁহার নিকট হইতে উত্তর পাই নাই। বাহা
হউক—ভিনি যেখানেই থাকুন, তাঁহার পবিত্র ধর্মজীবন বে ক্রমণঃ উন্নতিলাভ
করিরাছে ও করিতেছে, তাহাতে আমাদের বিশ্বাত্র সন্দেহ নাই।

ষোলো বংগর অতীত হইরাছে, ডাব্রুণর সাহত বোগোদ্থানে আমানের এ শুলসম্মিলন বিটিরাছিল। ঠাকুরের সহিত তাঁহার মিলন সংবাদ আনিতে বা শুনিতে নিশ্চরই ভক্ত মাত্রের বিশেষ আকাক্ষা হইবেশ তাঁহার মুথে আমরা যেমন শুনিরাছিলাম, সেই দিনই ইহা আমরা একটা নোট্বুকে লিথিয়া রাখিরাছিলাম। পাছে এই শুভ সংবাদ ভবিন্তুতে বিলুপ্ত হইরা যার্ম, তাই ক্তব্ব-মঞ্জরী পত্রিকার যথায়থ প্রকাশিত করিলাম। ভক্তগুণের কৌতুহল ইহাতে ক্কিছুমাত্রেও ক্সুত্র হইলে, আমানের এ সংগ্রহ সার্থক হইবে।

त्यवक <u>जीविषक्रमाथ मञ्जूमनात्र</u> ।

# প্রীরামককোৎসব।

বিগত ২৩শে কার্ডিক মকলবার হাবড়া কেলার থানা আমতা এলাকাদীন পড় ভবানীপুর গ্রামে স্থানীয় বুবক ও সেবকমগুলীর উদ্যোগে প্রীশ্রীরান ক্লেন্ডেংসব সম্পন্ন হইয়াছে। প্রায় চারি পাঁচ শত অভ্যাগত ভক্তবৃন্দ প্রসাদ গ্রহণে পরিতৃষ্ট ইইয়াছিলেন। ঠাকুরের পূজা, উপদেশ পাঠ, নাম প্রণ গান ৪ সংকীর্তনে উৎসব স্থান শোভিত ইইয়াছিল।

বিগত ২৯শে কার্ত্তিক সোমবার, জগনাত্রী পূজার দিন শ্রীরামক্রঞ্চদেবের প্রিয় শিল্প ও দেবক মহাত্মা ক্রামচন্দ্রের জলতিথি উপলক্ষে কাঁকুড়গাছী বোগোভানে প্রায় পাঁচ ছয় শত কাঙ্গালীকে পরিভূপ্তরূপে ঠাকুরের মহাপ্রসাদ দিরা রামক্রফোৎসব সম্পন্ন হটয়া গিরাছে। মহাত্মা রামচন্দ্রের জলতিথি উপলক্ষে নৃতন গীত রচিত হইয়া ঐ দিবস যোগোভানের নাট-মন্দিরে গীত হওয়ায় সকল ভক্তের প্রাণে এক অভিনব শান্তির ভাব উদিত হইয়াছিল। নিম্নে গীতেটী প্রকাশিত হইল।

রেসুন রামকৃষ্ণ সেবক-সনিতি কর্তৃক মহাত্মা রামচন্দ্রের জন্মতিথির দিনে ঠাকুরের ও মহাত্মা রামচন্দ্রের বিশেষ পূজা ও ভোগরাগাদি সম্পন্ন হইরাছিল। দেবক-ক্ষমিতি কর্তৃক জন্ম দিনের একটা গাঁতও হইরাছিল। অনেকগুলি ভক্ত সমবেত হইরাছিল। ইটালি, জ্রীরামক্কঞ্চ অর্চনালরে মহাত্মা রামচন্দ্রের জরা দিনে ঠাকুরের ও মহাত্মার বিশেষ পূজা ও ভোগরাগাদি হইয়াছিল।

### পীত।

(কাঁকুড়গাঁছী যোগোভানে মহাত্মা রামচন্দ্রের জন্মোৎসব উপলক্ষে রচিত।)

ভবে রামক্বঞ্চ নাম বিলাতে উদয় দমাল রাম। পতিত জনের দশা হেরি নয়ন ঋরে তাঁর অবিরাম॥

রামকৃষ্ণ অবতার,

কে জানিত তম্ব তার,

( আপনি জানি সবে জানার ) ( আপনি চিনি সবে চিনার )

( আপনি পূজি সবে পূজায় )

তাই শান্তীয় মীমাংশা দিয়ে প্রচারিল গুণধাম।

ভাই প্রত্যক্ষ মীমাংসা দিয়ে প্রচারিল গুণধাম।

कार्ट्रे পूर्ववक्ष वामकृत्य व्यक्तविन खनधाम ॥

বত দীন হীনে ডাকি ডাকি, বলে তোদের ভাবনা কি.

( স্বরং পতিতপাবন এসেছে ব্লে ) ( আর দাধন ক্রন নাই প্রয়োজন )

এবার কলতক রূপা বিশায় কভু কারেও নহে বাম।

ও সে হোক না কৈন যেমন তেমন তবু তাকেও নহে বাম॥

ধার ক্লপায় নাম পাই দবে, আজি তাঁরই জন্মোৎদবে,

( अमन मधान न्यांत त्क छत्व ) ( नवांत्र मारत मात्री हत्व )

(রাম বিনে ভার কে আর সবে) (মাত জন রাম জন রাম রবে)

বল আ শুরু জর রাষ্চ্র নামে শান্তি প্রাণারাম।

श्वक हेर्ट चारका कारन गाह द्रामक्रक नाम ।

বেই গুৰু নেই ইষ্ট অভেদাত্মা আত্মা রাম ॥

बिक्रकथन भाग।

# এ জীরামক্তঞ্চ-সমাধি-মন্দির ফাও।

#### প্রাপ্তি স্বীকার।

আমরা ক্লতক্ষতার সহিত জানাইতেছি যে, বিগত নভেম্বর মাস পর্য্যস্ত নিমলিথিত সহলিয় ভত্ত মহোদয়গণের নিকট হইতে, কাঁকুড়গ ছী যোগোভানে 🕮 🕮 রামকৃষ্ণদেবের সমাধি স্থানে ,নৃতন মন্দির নিশ্বাণের জন্ম সাহায্যপ্রাপ্ত रुटेंगाछि ।

শ্ৰীমতী প্ৰতিভা স্থলৱী দাসী, কলিকাতা	•••	***	5
ু শরৎকুমারী মিত্র, শাঁথারিটোলা, ঐ	***		¢ ,
ष्ट्रिक छक्त ••• •••	***		2
শ্রীমতী শরৎকুমারী বস্থা, নরেন্দ্রপুর, হাবড়া	***	***	25
শ্রীযুক্ত বাবু অঙ্গণচক্র চক্রবন্তী, চাতরা, শ্রীরামপুর	***	***	3
শ্রীযুক্তা রাণী দিনমণি চৌধুরাণী, সস্তোষ		•••	201
শ্রীযুক্ত বাবু অভুলক্ষঞ্চ দে, ডাক্তার, গৌরীবেড়িয়া,	কলিকাতা	* ***	4
শ্রীযুক্ত বাবু রাধারমণ পাল, পটলডাঙ্গা ঐ	• • •	***	34
🍟 🦼 ক্ষগেশচন্দ্ৰ ঘোষ, শাক্চি সিংহভূম	***	***	2
🌉 🦼 ললিতমোহন বন্দ্যোপাধ্যায়, শিয়ালদহ,	কলিকাতা,	8र्थ मरक	8N+
'শারফৎ শ্রীযুক্ত বাবু স্থশীলচন্দ্র বন্দ্যোপাধ্যায় ঝিনাদ	হ, যশোহর	••	4
শ্রীযুক্ত বাবু প্রভাসচন্দ্র সাহা, কুমারটুনী,কলিকাভা	•••	***	3/
্ৰ লক্ষীনারায়ণ জানা, শাসাটী, হগলী		***	2/
<b>এমতা স্বর্ণমন্ত্রী বিশাস, ইদিনাজপুর</b>	•••	•••	2
পূর্বে প্রাপ্তি স্বীকার করা হ	ংইয়াছে 🗋	२०	830
মোট——-২ • ৯ ৭ ৮			2940

ঞ্জীরামক্ষণদেবের সমাধি স্থানে মন্দির নির্মাণের জন্ম উৎসাহায়িত হইরঃ তাঁহার প্রতি প্রদ্ধাপূর্বক যিনি যাহ। কিছু সাহায্য করিবেন, তাহাই সাদরে গুহীত হইবে। মন্দির নিশ্বাণের এখনও অর্দ্ধেক অর্থ সংগৃহীত হয় নাই, ঠাকুর ব্রীরামকুষ্ণের ভক্তগুর বিনি বাহা পারেন. সাহায্য করিলে শীঘ্রই সমস্ত টাকা উঠিয়া বাইবে, এইরপ আশা করি।

> যোগবিনোদ श्रीतामकृष्ण-नमाधि-मिन्द्र मर्छ. বোগোভান, কাঁকুড়গাছী, কলিকাঞা।

শ্রী প্রীরামকৃষ্ণ্

শ্রীচরণ ভরদা

क्य अक्टरव !!

# তত্ত্ব-মঞ্জরী



छन्तिश्म वर्ष, म्रम्भ मःशा। भाष, मन ১৩২२ माल।

### যুগাবতার

### প্রীত্রামকুত্রও পর্মতংসপেব

8

## হিন্দুশাস্ত্র।

नवम छेश्राम्य ।

ভক্তি-তব্ব।

বিজয়। মহাশয় । জীখরলাভ ক'র্তে গেলে, তাঁকে দর্শন ক'র্তে গেলে, ভিজিক হ'লেই হয় ?

শীরামকৃষ্ণ। হাঁ, ভব্কি ধারাই তাঁকে দর্শন হয়; কিন্তু পাকা ভব্কি, খেমাভব্কি, রাগর্জক চাই। সেই ভব্কি এলেই তাঁর উপর ভালবাসা আসে। ধ্যেন, ছেলের মার উপর ভালবাসা, মার ছেলের উপর ভালবাসা, স্ত্রীর খানীর উপর ভালবাসা।

"এ ভালবাদা, এ রাগভক্তি এলে স্ত্রী, পুত্র, আগ্রীয় কুটুন্থের উপর সে রায়ার টান থাকে না, দয়া থাকে। এ ভালবাসা এলে, সংসার বিদেশ বোধ হয়. একটা কর্মভূমি মাত্র বোধ হয়। যেমন পাড়াগাঁরে বাড়ী কিন্তু কল্কাতা কর্মভূমি। কল্কাতায় বাসা ক'রে থাক্তে হয়, কর্ম কব্বার জন্ম। ঈশবে ভালবাসা এলে সংসারাসক্তি-বিষয় বৃদ্ধি একেবারে যাবে। বিষয় বৃদ্ধির লেশ-মাত্র থাকলে তাঁকে দর্শন হয় না। দেশলায়ের কাঠি যদি ভিজে থাকে, হাজার ঘষো, কোন রকমেই জলবে না—কেবল একরাণ কাঠি লোকসান হয়। বিষয়াসক মন ভিজে দেশলাই।

"আর এক রকম ভক্তি আছে; তার নাম বৈধী-ভক্তি। এতো **জগ** ক'রতে হবে, উপোস ক'রতে হবে, তীর্থে যেতে হবে, এতো উপচারে পৃত্তা ক'রতে হবে, এতश्বলি বলিদান দিতে হবে—এ সব বৈধী-ভক্তি। এ সব অনেক ক'রতে ক'রতে ক্রমে রাগভক্তি আসে। কিন্তু রাগভক্তি যতক্ষণ না হবে, ততক্ষণ ঈশরলাভ হবে না। তাঁর উপর ভালবাসা চাই। সংসারবৃদ্ধি একেবারে চলে যাবে, আর তাঁর উপর ধোল আনা মন হবে, তবে তাঁকে পাবে।

যতক্ষণ না তাঁর উপর ভালবাস। জন্মায়, ততক্ষণ ভক্তি কাঁচা ভক্তি। তাঁর উপর ভালবাসা এলে, তথন সেই ডক্তির নাম পাকা ভক্তি।"

গীতাতে শ্রীভগবান বলিয়াছেন.—

ভন কুন্তীস্ত, এই ভূতগণ যত রহিয়াছে চির্দিন গাঁতে অবস্থিত, বিশ্বব্যাপ্ত যিনি, সেই পুক্ষরতন একান্ত ভক্তির বলে দেন দরশন।

( গীতা ৮ম অঃ ২২ শ্লোক )

শ্ৰীমন্তাগৰতে একাদশ কলে. শ্ৰীভগৰান বলিয়াছেন, "হে উদ্ধৰ! যেমন অগ্নি কাঠসমূহকে ভন্ম কৰে, তেমনি মদীয়াভক্তি পাপরাশিকে ভন্ম করে। মছিবল্লে পরিবদ্ধিতাভক্তি যেরূপ আমাকে শাভ করে, যোগ, বিজ্ঞান, বেদাধ্যয়ন, তপস্থা এবং দানও সেরপ আমাকে লাভ করিতে পারে না। শ্রদ্ধাই ভক্তি, ভক্তিতেই আমাকে পা ওয়া যায়। মহিষয়াভক্তি চণ্ডালকেও পবিত্র করে।

পাপ বংশে জন্ম যার বৈশু, শৃদ্র, নারী, মুক্তি পার, ধরে যদি মোরে ভক্তি করি।

(গীতা ৯ আঃ ৩২ শ্লোক)

সত্য ও দয়া সংযুক্ত ধর্ম বা তপ্সাযুক্ত বিদ্যা ঈশ্বরভক্তিহীন আত্মাকে পরিশোধিত করিতে পারে না। রোমাঞ্চ ও চিত্তদ্রব হেতু আনন্দাশ ভিন্ন ভক্তি জানা যায় না। ভক্তি ভিন্ন চিত্ত ভদ্দ হয় না। চিত্ত ভদ্দ হইলেই গদ্গদ স্বর হয় ও হাদয় দ্রবীভূত হয়। তাহা হইলেই তিনি পুন: পুন: কথন হাস্ত, কথন कन्मन, कथन नृजा, कथनए वा निर्लब्ज इरेग्रा উচ্চৈ:श्रदा गान करतन। এरेक्सप ভক্ত দারাই জগৎ পবিত্র হয়, (ইহাকেই ঠাকুর 'রাগভক্তি' কহিয়াছেন)। মদীয় ভক্তিযোগে আত্মা কর্ম্ম-বাসনা সকল পরিত্যাগ করিয়া মৎ স্বরূপতা লাভ করে। মদীয় পুণাময় কথা শ্রবণ ও কীর্ন্তন করিয়া আত্মা পবিত্র হয় এবং সুক্ষ দুক্ম বস্তু সকল দর্শন করে। যিনি বিষয় সকল চিন্তা করেন, তাঁহার আত্মা বিষয়েই নিবিষ্ট হয়, যিনি আমাকে চিন্তা করেন, তাঁহার আত্মা আমাতেই নিবিষ্ট হয়।" (এই জন্ম ঠাকুর বলিয়াছেন, 'বিষয়বৃদ্ধির লেশমাত্র থাক্লে তাঁকে দর্শন হয় ন।।') প্রকৃত ভক্তের লক্ষণ সম্বন্ধে শ্রীভগবান গীতাতে বলিয়াছেন;-

বাঁহার জীবের প্রতি দ্বেষ নাই মনে. সতত মিত্রতা বার সকলের সনে. कंद्रना मक्त जीत्त, नाधि बश्हात. মায়া ঘোরে বে না করে "আমার আমার" মুথে তু:থে সমজ্ঞান, সংযত শ্বভাব, खितनका कथानींन, मना जुडे जाव, আমাতেই মন বুজি দিয়াছেন যিনি, নিঃসংশয় ধনঞ্জয় মম প্রিয় তিনি। (यहेंबन र'टिंक कि डेविश ना उन. লোক হ'তে উদ্বিগ্ন না হন খেইজন, পরশ্রীকাতর নহে, ভয় শুন্ত যিনি. হর্ষ ক্ষোভ নাই থার মম প্রির তিমি।

কোন বিষয়েতে কিছু শৃহা নাই যায় সতত আলম্ভশুন্ত স্থপবিত্র আরু, मर्ख हिन्छ। দुর করি উদাসীন যিনি, সংকল্প-বিকল্পন্য মম প্রিয় তিনি। ইষ্ট লাভে শ্বষ্ট নহে গাঁহার অন্তর. আন্তে বিছেষ নাই সম নিরম্ভব. ইষ্ট নাশে শোক নাহি করেন যে জন. লাভের বিষয়ে থাব লোভ শুন্ত মন. ভভাতভ পরিত্যাগী ভক্তিমান যিনি. নিঃসংশয় ধনঞ্জয়, মম প্রিয় তিনি। শক্র-মিতে, স্থ-তঃখে, মান অপমানে, সম ভাব থাকে খার অনাসক্ত মনে. স্তুতি নিন্দা সম জ্ঞান, অল্ল কথা কন, সামাত্যে সম্ভোষ পূর্ণ সর্বদা যে জন. অতল ঐশ্বয়ে থাকি গৃহ হীন যিনি, স্থিক। ত ভাক্তিমান, মম প্রিয় তিনি। হেন ধ্যায়ত ধারা করে আচরণ পার্থ, মম প্রিয়তম দেই ভক্তপ্রণ।

(গীতা ১২ আ: ১৩-২০ শ্লোক)

একবে ভক্তজনগৰ মধ্যে দৃষ্টান্ত স্বৰ্মপ প্ৰথমত: প্ৰহ্লাদ্যক প্ৰহণ ক্রিকে দেখিতে পাওয়া যায় যে, প্রহ্লাদের ভক্তি বাল্যকাল হইতেই (গীতোক-বক্ষণামুষায়ী বা ঠাকুরের উব্কি মত ) পাকা ভক্তি, প্রেমাভক্তি বা রাণভক্তি ছিল ১ কারণ, প্রহলাদ বাল্যকালে কথন কথন তগবানের চিন্তাম এত মধ্ হইতেন বে. তাঁহাকে জড়ের তায় বোধ হটত। শরনে, স্বপনে, ভোজনে এবং অধ্যয়নে সকল কার্য্যেই তাঁহার মন দর্কদা নারায়ণে নিয়ত থাকার এই সকল কার্য্যে তাঁহার আদৌ আসজি ছিল না। তিনি ভগবানের চিস্তা করিতে করিতে কথন রোদন, কথন হাস্ত, কথন গান করিতেন ও কথন নিজন্ধভাবে ভগবদ্ধাবনার চিত্ত নিবেশপুর্বক অবস্থিতি করিতেন ৷ কথন কথন তাঁহার নর্মন্থুগণ হইতে আনন্ধ-

কারি নির্গত হইত। প্রহলাদ অম্বরবংশে জন্মগ্রহণ করিয়া ও নিরুষ্ট সংসহর্গ থাকিয়াও সতত ভগবান হরির পাদপদ্ম সেবার আত্মোন্নতি সাধন্য করিতেক। যে দৈত্যরাজ হিরণ্যকশিপুর ভয়ে অমরগণ দদা দশক্ষিত এবং যজ্ঞভাগে বঞ্চিত, পৰিগণ তপজপৰিবহিত, ৰক্ষণণ বাহক, কিয়ৱগণ অবৈভনিক ভাবে কর্ম্বে নিযুক্ত ছিলেন; সেই শমন সদৃশ দৈতারাজ ষথন বালক প্রহলাদকে ক্রোড়ে বসাইয়া আফলাদ সহকারে জিজ্ঞাসা করিয়াছিলেন, "বংস প্রহলাদ! এওকাল ওক গৃহে যাহ। যাহ। অধ্যয়ন করিয়াছ, তাহার মধ্যে শ্রেষ্ঠ কি, তাহা আমাকে বল। তথন পঞ্চমবর্ষীয় বালক প্রহলাদ, নির্ভয়চিত্তে বলিয়াছিলেন, "হে পিত: ! হরিকথা শ্রবণ, তাঁহার গুণ কীর্ন্তন, তাঁহার স্মরণ, পাদ দেবন, অর্চন, বন্দন, দাতা, সধ্য এবং তাঁহাতে আত্মসমর্পণ, এই নব গুক্ষণাক্রান্ত ভক্তি\* অমুষ্ঠান করাই উৎক্র অধ্যয়ন বলিয়া বোধ হয়।" এই কথা শুনিয়া দৈত্যবাজ ক্রোধানলে প্রস্তালিত হইরা অধ্যবসায়সহকারে হন্তীর পদতলে নিকেপ, কুপাদিতে নিরোধ, থাগাপ্তব্যের সহিত বিষ দান, অগ্নিতে পাতন ও পর্বতশুক্ষ হইতে অধ্যক্ষেপণাদি বিবিধ উপান্ধ . **প্রকাষন ক**রিয়াও নিস্পাপ প্রহলাদকে বধ করিতে সমর্থ হইল না এবং ভীত হুইয়া প্রহলাদের ভক্তিও কিছুমাত্র কুন্ন হুইল না অথবা শাসনকর্তা পিতার প্রতি জুদ্ধ হইলেদ না। প্রহ্লাদ তাঁহার সহাধাামী বালকগণকে আহ্বান করিছা। ভাহাদিগকে ভগবদ্ধৰ্মের উপদেশ দিতে লাগিলেন ৷ "হে বয়ন্তগণ ৷ জোনা আকুরভাব পরিত্যাগ করিয়া মর্বভূতে দয়া প্রকাশ কর ও সকল প্রাণীর প্রতিই ক্ষমদের ক্রায় আচরণ কর, তাহা হইলে ভগবান্ ভোমাদের প্রতি সন্তুর্গ হইবেন। তিনি স্বাষ্ট হইলে পুরুষের আর কিছুরই অভাব থাকে না, সকল বিষয়ই বেশত বোধ হয়। বিনা মতে লব্ধ যে ধর্মাদি, তাহাতে আমাদিশের প্রয়োজন নাই।

<sup>\*</sup> উক্ত নৰবিধা-ভক্তি সাধনের ভ কথাই নাই। অধিকন্ত এক একটা ভক্তি সাধনেই ভগবৎ প্রাপ্তি করায়। হথা,—গুণলীলা চরিত্রাদি প্রবণে মহারাজা পরীক্ষিতের, গুণ কীর্ত্তনে ভক্তদেবের, অরণে প্রহলাদের, পাদ সেবনে লক্ষীর, আর্ক্তনা বারা পৃথুর, বন্ধনা বারা অক্ত্রের, দাশুকার্যা বারা হয়ুমানের, স্থাভাবে অর্ক্ত্রের এবং আত্ম-সমর্পন বারা বিরোচন পুত্র বলির প্রীক্ষণ্ণ প্রাপ্তি হইয়াছিল। উক্ত নববিধা ভক্তি সাধন বারাই তাঁহার উপর ভালবাসা জন্ম। এই ভালবাসাঃ আর্সিলেই ভাহার দর্শন লাভ হয়। সেই জন্ম উক্ত নববিধা ভক্তিই প্রেষ্ঠ বলিয়া উদ্ধ ইইয়াছে।

আমরা সর্বাদা ভগবান হরির গুণ গান করিতেছি ও তাঁহার পাদপলের স্থা পান করিতেছি. আমাদিগের মোক্ষেরও প্রয়োজন নাই। ত্রিবর্গ সাধনোপযোগী ধর্ম বা বেদোক্ত অন্তান্ত ধর্মের অনুষ্ঠানের কোন প্রয়োজন নাই; অন্তর্ধামী পরমপুরুষ পরমেশ্বরে আত্ম-সমর্পণই শ্রেষ্ঠ ধর্ম।" ইহা দ্বারা স্পষ্ট বুঝা যাইতেছে যে. প্রহলাদ ধর্মাদি অথবা মোক্ষের প্রার্থনা করিতেছেন না। তিনি কেবলমাত্র হরিগুণ গান ও তাঁহার পাদপন্ম স্থা পান করিতে চান। এইরূপ ভক্তিকে ঠাকুর 'অহৈতুকী ভক্তি' বলিতেন। আর বলিতেন, "এইরূপ ভক্তিতে ভক্ত বলে, 'হে ঈশর! আমি ধন, মান, দেহস্থ এ সব কিছুই চাই না। এই কর যেন তোমার পাদপত্মে আমার শুদ্ধাভক্তি হয়।" এইরূপ ভক্তি হইতে প্রেম कत्या। এই প্রেমোনার হইলেই ভক্ত হাদে, কালে, নাচে, গায় এবং এই প্রেমোদম হইলেই তাঁহার দর্শন হয়। প্রীমন্তাগবতে তৃতীয় ক্ষয়ে, প্রীভগবাদ কপিলনেবকে ৰলিয়াছেন. "আমার কতকগুলি ভক্ত আছেন, তাঁহারা মুক্তি কামনা না করিয়া সর্বাদা কেবল আমার সেবা করিতেই ভালবাসেন, আমাকে উদ্দেল করিয়া তাঁহারা সকল কার্য্যই সম্পন্ন করেন এবং পরস্পার একজ মিলিত হইয়া আমারই গুণ কীর্ত্তন করিয়া থাকেন। আমার যে সকল দিব্য রূপের মুখন্ত্রী স্থপ্রসর 'ও মনোহর এবং লোচন অরুণ বর্ণ, তাঁহারা সেই সকল রূপ বর্ণনা ক্রিতেই ভালবাদেন এবং তাঁহারা আমার মনোহর গুণ কীর্ত্তন ক্রিয়া স্থুখী হন। ফলত: আমার সেই ফুন্দর আকৃতি, উদারচরিত, সহাস্থ আস্থা, সুমধুর ৰাক্য ও ইন্ধিত প্ৰভৃতি তাঁহাদিগের আত্মা প্ৰাণ ও মন হরণ করিয়া লয়। তজ্জ্ঞ তাঁহারা ইচ্ছা না করিলেও তাঁহাদিগের অহৈতুকী (স্বাভাবিকী) ভক্তি আপনিই তাঁহাদিগকে মুক্তি প্রদান করে।"

একণে প্রেমাভক্তি বা পাকা ভক্তির দৃষ্টান্ত শ্বরূপ আমরা ব্রজগোপীদিগের ভাব গ্রহণ করিলে বৃঝিতে পারি যে, ব্রজগোপীগণ একমাত্র ক্রম্বগতপ্রাণা ছিলেন। তাঁহারা শ্রীকৃষ্ণকেই পতি পুত্র জ্ঞানে সেবা করিতেন এবং শ্রীকৃষ্ণ দর্শনেই হুথ অহভব করিতেন। একমাত্র শ্রীকৃষ্ণ ভিন্ন তাঁহাদের আর পতি, পুত্র, ধন, মান, দেহস্থথ কিছুতেই স্পৃহা ছিল না। শ্রীমন্তাগবতে দশম স্কন্ধে গোপীগণ শ্রীকৃষ্ণকে বলিয়াছেন, "হে প্রভো! আমাদিগকে তৃমিই এইমাত্র উপদেশ দিলে যে, পতি, পুত্র ও বন্ধুগণের সেবা করাই স্ত্রীদিগের একমাত্র

ধর্ম ; হে ধর্মজ্ঞ ! আমরা তাহাই করিব। যেহেতু তুমিই যথন সকলের জন্মর ও সর্ব্বমর, তথন এক তোমার সেবা করিলেই আমাদিগের সকলের সেবা করা হইবে। শান্তক্ষ পণ্ডিতগণ তোমাকেই একমাত্র প্রিয় বলিয়া জ্ঞানেন। পতিপূলাদি দ্বংখদায়ক, তাহাদিগের প্ররোজন কি ? অতএব হে নাথ! আমাদিগের প্রতি প্রসন্ন হও।" সেই জন্য ঠাকুর বলিয়াছেন, "প্রেমাভক্তি যা রাগভক্তি এলে স্ত্রী, পুত্র, আত্মীয় কুটুন্থের উপর মায়ার টান থাকে না। সংসারাসক্তি—বিষয়বৃদ্ধি—একেবারে যাবে।" আবার ঠাকুর প্রীবৃন্দাবন দীলার কথা বলিতে বলিতে যথন দেখিতেন, ইংরাজী শিক্ষিত নব্য যুবকর্নের ক্রচিকর হইতেছে না, তথন বলিতেন, "তোরা ঐ লীলার ভিতর শ্রীকৃষ্ণের প্রতি শ্রীমতির মনের টানটাই শুধু দেখুনা, ধর্না—ঈশ্বরে মনের ঐরপ টান হ'লে তবে তাঁকে পাওয়া যায়। দেখ্দেখি গোপারা স্বামী পুত্র, কুল শীল, মান অপমান, লজ্জা ঘুণা, লোকভয়—সমাজভয়—সব ছেড়ে শ্রীগোবিন্দের জন্য ফ্রন্থ উন্মন্তা হ'য়ে উঠেছিল।—ঐরপ কর্ডে পার্লে, তবে ভগবান লাভ হয়।"

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃতে উক্ত আছে যে,

রোগহীন জন ভজে শাস্তের আজ্ঞার।
'বৈধী ভক্তি' বলি তারে সর্ব্ব শাল্তে গার॥
দাস-দখা পিত্রাদি প্রেরসীরগণ।
"রাগ' মার্গে এই সব ভাবের গণন॥

ইহা দারা ম্পষ্ট বুঝা যাইতেছে বে, বাঁহারা 'বৈধীভক্তি' সাধন করেন তাঁহাদের ভক্তি 'রাগ'হীন। দাস, সথা, পুত্র, পিতা, স্ত্রী আদির ভাব আরোপ দারাই রাগভক্তির লক্ষণ প্রকাশিত হয়। আবার ভক্তিরসামৃতে উক্ত আছে, যে ভক্ত হরিকে পভি, পুত্র, স্থহদ, ত্রাতা, পিতা ও মিত্রবং ধ্যান করে, সেই ভক্তকে পুনঃ পুনঃ নমস্কার। এই জনাই ঠাকুর বলিয়াছেন, "রাগভক্তি এলেই তাঁর উপর ভালবাসা আসে। যেমন ছেলের মার উপর ভালবাসা, মার ছেলের উপর ভালবাসা, স্বামীর স্ত্রার উপর ভালবাসা ইত্যাদি।" অতএব বৈষ্ণব শাস্ত্রোক্ত শাস্ত, দাস্ত, সথা, বাৎদল্য ও মধুরাদি পঞ্চবিধ ভাবও রাগভক্তির অন্তর্ভুত্ত। কারণ দেখা যার, সংসারে আক্রা পিতা, মাতা, সথা, সথী, স্বামী, স্ত্রী, পুত্র, ক্ন্যা, প্রভু, ভৃত্যা, গুরু, শিষ্য, রাজা, প্রজা, প্রভা প্রভৃত্তির সহিত্ত এক একটা বিশেষ

শব্দ উপগণি করিয়া থাকি। বৈশুবাচার্য্যপথ ঐ সম্বন্ধ সকলকেই শাজ্ঞানি পঞ্চ শ্রেণীক্ষে বিভক্ত করিয়াছেন। কারণ শাস্তাদি পঞ্চ ভাবের সহিত জীব সংসার সম্বন্ধ নিত্য পরিচিত থাকায় তদবলবনে দ্বিরতে প্রাত্তাক্ষ করিছে অক্সার হওয়া তাহার পক্ষে সহজ্ঞসাধ্য হইবে।

শ্রীতৈতন্য চরিতামূতে উক্ত হইরাছে,—
অধিকারী ক্ষেদে রতি পাঁচ প্রকার।
শাক্ত, দাশু, সথ্য, বাৎসন্য, মধুর রতি আর॥
এই পঞ্চ স্থায়িভাব হয় পঞ্চ রস।
যে রসে ভক্ত শ্রুণী — রুষ্ণ হয় ধশ॥

একণে উক্ত শাস্ত দাভাদি গঞ্চবিধ ভাষাবলমনে ইটের সহিও লম্বদ্ধ স্থাপিত
ক্ষিণে ক্লাধকের যে অবস্থা হয়, তাহাকে প্রেম করে। ঠাকুর বলিতেন, "ভান
শাক্ষিলে প্রেম বলে।" এই প্রেম আদিলেই সাধকের নীবার দর্শন হয়।

ঠাকুরপুজা, ৰূপ, তীর্থপমন, বলিদান, এবং উপবাসাদি 'বৈবীভঞ্জি'র বে সকল লক্ষণ বৰ্ণনা করিয়াছেন, ভাষা উপরোক্ত শাজীয় বিষয় সমূহ হইতে একণে বেশ বুঝা যাইতেছে গে, উক্ত 'প্রেমাভক্তি' হইতে 'বৈধীভক্তি' **অনেক** ভকাতে থাকে। ধদিও বৈধীস্থক্তি ছিবিধা ভক্তির অন্যতম ভক্তি বলিয়া বর্ণিত ছইয়াছে, তথাপি 'বৈধীভক্তি'র অনুষ্ঠিত বিষয়গুলি কর্মকাঞ্ছের অন্তর্গত বলিতে ছইবে। যেহেতু ঠাকুর বলিয়াছেন, "ঈশ্বরে ফল সমর্পণ ক'রে পূজা, জপ প্রভৃতি কর্ম করার নাম কর্মবোগ।" স্থতরাং দেখা ঘাইতেছে যে, উহাও নিষ্কামভাবে এবং 'ভাবের ঘরে চুরি' না করিয়া অর্থাৎ বাজিক লোক দেখাস ভাব পরিজ্ঞাগ করিয়া আন্তরিকভাবে অনুষ্ঠিত না হইলে প্রত্যক্ষ ঈশ্বর দর্শনরূপ স্থাদনা সহজে সিদ্ধ হইবে না। একে কলিবুগ, তাহাতে নানাবিধ বাসনা-कारन कें फ़िक का मिनी-काशनामक व्यवाश मानवगरनत छक्तन 'देवशीकिक' পাধনে সহজে অভীষ্ট সিদ্ধি হইতে পারে না। ঠাকুর ঘলিরাছেন, "কর্মধোপ ৰড় কণ্টিন। শাল্লে যে কৰ্ম ক'রতে ব'লেছে, কলিকালে কন্না বড় কঠিন। কলিতে আয়ু কম এবং অরগত প্রাণ। স্থতরাং বেশী কর্ম চলে না। তার পর অনাসক্ত হ'রে ফল কামনা না ক'রে কর্ম করা ভারি কঠিন। সেই ज्ञण किन्द्रभ फिक्टिए। ज्ञानारनंत्र नाम चन गान चात्र धार्थना ।" पृष्टीच

স্বরূপ এক একটা বিষয় লইয়া আলোচনা করিলে এ বিষয় আরও বিশদরূপে বুঝা বাইবে। একজনের এক সময় সামান্তরূপ একটুকু বৈরাগ্যেদিয় ছওয়ার ডিনি ছির করিলেন, এতাহ শিবপূজা না করিয়া জল গ্রহণ করিবেন না। এইব্রপ কিছুদিন করিতে করিতে সাংসারিক নানাবিধ ঘাত প্রতিঘাতে যথম তাঁহার চিত্ত বিচলিত হইয়া বৈরাগ্য ফুলিকটুকু নির্মাণ প্রাপ্ত হইল, তথন তাঁহার উক্ত কার্য্য নিতা দায়িক কার্য্যের ভাবে পরিণত হইল। কোন সময় মোকদমা উপলক্ষে হয় ত ১টার সময় ট্রেনে আধালত ঘাইতে হুইবে। স্বতরাং উহারই মধ্যে তাহাকে মোকদমা সংক্রান্ত কাগজপত ও ভিৰিবাদি ঠিক করিয়া সানাহার করিয়া ঘাইতে হইল এবং বাড়ীতে বলিয়া গেলেন, 'অমুক ব্রাহ্মণকে ডাকিলা শিবপূজাটী করাইলা রাখিব।' এইরূপ একজন নিয়ম করিলেন, প্রত্যাহ লক্ষ নাম জগ করিবেন। কিন্তু বিষয়<sup>6</sup>সংক্রান্ত কাৰ্য্যবশতঃ হয় ত জপ করিতে করিতে টাকার ফুদের ছিসাব, খাজনা বার্কির হিয়াব, মোকজমার তদিরাণি দমস্ত কার্যাই হইতে লাগিল, পরে নানাহারের প্রময় হইলে উঠিয়া গেলেন। আবার কেহ কেহ বলেন, আব্দ কার্য্যবশতঃ সমস্ত নাম জপ হইল না, ফাল্কে অবশিষ্ট নাম জপ করিতে হইবে।' এইরূপ नाम करभन्न चारता अग्रामील वाकि होना ७ हत्र। एक इत्र छ छीर्थ शिशाहित्नन, তিনি বাড়ীতে আদিয়া তীর্থন্থ দেবদেবীগণের রূপাদি কোথার চিঞা করিবেন! मा, তাহা না করিয়া হয় ত আত্মীয়, বন্ধবান্ধব অথবা প্রতিবেশীগণের নিকট 'অমুক তাঁৰে অমুক জিনিষগুলো খুব সন্তা, অমুক বাড়ীটী খুব ভাল' ইত্যাদি গল্প করিয়া কাটাইতে লাগিলেন। আরও দেখা যায়, কেহবা পুত্র কামনায় "শ্ৰীশ্ৰীজগদ্ধাত্ৰী' পূজা অথবা তীর্থ গমন করেন। কেই স্বানের অথবা নিজের রোগ আরোগ্য কামনায় 'বলিদান' মানস করেন। এইরূপে रेवधीङलाक किवाकमानानि माधन कवित्र यशिया आयवा होका, किए, मान, भक्षम, दिनस्थ रेजामि विविध कामनाब्नारण काइंठ रहेम्। উक्टिपेथ रहेरेज ল্রষ্ট হই। এই জন্যই ভগবান কলিযুগে শ্রীশ্রীচৈতন্যাবতারে নাম ধর্মের প্রচার कविश्रोहित्नन ।

> কলিবুরে ব্লধর্ম নামের প্রচার। তথি লাগি পীতবর্ম চৈতন্যাবতার॥

ব্যক্ত করি ভাগবতে কচে আর বার। কলিযুগে ধর্ম—নাম সংকীর্ত্তন সার॥

শীমন্তাগবতে ছাদশ করে ভকদেব বলিয়াছেন, "কলিকাল দোবের সমুত্র, তথাপি কলির এক মহও গুণ আছে যে, শীক্ষকের নামোচ্চারণ করিলেই বন্ধন মুক্ত হইয়া পরম পুরুষকে লাভ করা যায়। সত্যমুগে বিফুর ধ্যানে, ত্রেতার যক্ত হারা অর্চনার, হাপরে পরিচর্যায় ও কলিতে নামোচ্চারণেই লোকের মুক্তি হয়।" ঠাকুর রামরুফদেবও বলিয়াছেন, "কলিযুগের পক্ষে নারদীয়া ভক্তি। ঈর্বরের নাম গুণ গান করা ও ব্যাকুল হ'রে প্রার্থনা করা; 'হে ঈর্বর ! জ্ঞান দাও, ভক্তি দাও, আনায় দেখা দাও।" যে যুগের লোকে বুগধর্মের প্রবক্ষ তাড়নায় ভগবৎ নির্দিষ্ট এত সহজ্ঞ পন্থাও অ্যবল্যন করিতে পারে না, সে খুগে 'বৈধীভক্তি' হারা অভীষ্ট সিদ্ধি হওয়া নিতান্তই অসম্ভব। প্রকৃতপক্ষে করিয়াগে যে সকল সাধক আত্যোরতি করিরাছেন, দেখা যায়, তাঁহারা প্রেমাভক্তির উদীপক ব্রহণ কেবলমাত্র নাম গুণ গান হারাই চির্লান্তির অধিকারী হইরাছেন। গানে আছে

গন্ধ। গলা প্রভাসাদি কাশী কাঞা কেবা চান্ন।
কালী কালী ব'লে আমার অজপা যদি ফুরার॥
কিসন্ধ্যা যে বলে কালী, পূজা সন্ধ্যা সে কি চান্ন।
সন্ধ্যা তার সন্ধানে ফেরে কভু সন্ধি নাহি পান্ন॥
দান ব্রন্ত যজ্ঞ আদি আর কিছু না মনে লয়।
মদনের যাগ যজ্ঞ, ব্রহ্মমন্ত্রীর রালা পার॥
কালা নামের এত গুল কেবা জান্তে পারে তার।
দেবাদিদেব মহাদেব যাঁর পঞ্চ মুখে গুল গান্ন॥

বর্তুমান যুগে কাম-কাঞ্চনাসক্ত মানবগণকে ইহাতেও অসমর্থ দেখিয়া করুণাবতার দয়াল ঠাকুর ভগবান শ্রীশ্রীরামক্বফরপে অবতীর্ণ হইয়া তাঁহাকে 'বকল্মা' • দিতে বলিয়াছেন। দৃষ্টান্ত স্বরূপ একটী কথা এখানে বলা যাইতে পারে †। ঠাকুরের গৃহীভক্ত নাট্যাচার্যা শ্রীযুক্ত গিরিশচক্ত ঘোষ মহাশম, ঠাকুরের

এই বকল্মার অর্থ—অত্র প্রবন্ধের চতুর্থ উপদেশে বিবৃত হইরাছে।
 † এই দৃষ্টান্তটী প্রীশ্রীরামকৃষ্ণ লীলাপ্রদঙ্গ, গুরুভাব পূর্বাদ্ধ হইতে গৃহীত হইরাছে।

নিকট কয়েকবার আদা যাওয়ার পর একদিন তাঁহাকে সর্বতোভাবে আত্ম-সম্বর্ণ করিয়া বলিয়াছিলেন, 'এখন থেকে আমি কি ক'রব ?' ঠাকুর বলিলেন, 'এখন বা ক'রচ, তাই ক'রে যাও। এখন এদিক ওদিক অর্থাৎ ভগবান ও সংসার ছদিক রেখে চল, তারপর যথন একদিক ভাঙ্গবে, তথন যা হয় হবে। **७**टर मकान विकारन काँग्र श्वरून यननहां द्वारण।' नानाविध काँग्राविकाँ फिल গিরিশবাবু ঠাকুরের উক্ত আদেশ প্রতিপালন করিতে অর্থাৎ সকাল বিকালে তাঁর স্বরণ মনন করিতে অবকাশ পাইবেন কিনা ভাবিয়া নীরব রহিলেন। ঠাকুর গিরিশ বাবুকে ঐরপ নীরব দেখিয়া তাঁহার মনোগত ভাব ব্ঝিয়া বলিলেন— 'আছো, তা যদি না পার ত থাবার শোবার আগে তাঁকে একবার শারণ ক'রে নিও।' এবারেও গিরিশ বাবু ঠাকুরের এত সোজা আদেশ প্রতিপালন করিতে পারিবেন কি না ভাবিয়া লজ্জিত হইয়া নীরব রহিলেন। ঠাকুর গিরিশ বাবুর দিকে আবার চাহিয়া হাসিতে হাসিতে এইবার বলিলেন-"ভুই ব'ল্বি, 'তাও যদি না পারি'--আছা, তবে আযায় বকল্মা দে। এইনারে কথাটা গিরিশ বাবুর মনের মত হইশ। গিরিশ বাবু তাহাই করিলেন। উক্তরূপ কার্য্য দ্বারা স্বেচ্ছাচারী গিরিশ বাবু ধর্মপথের পথিক হইয়া, পরে একজন প্রধান ভক্ত ছইয়াছিলেন এবং ভক্তবীর উপাধি পাইয়াছিলেন।

আহি । ধনা কলিযুগ । ধন্ত কলির মানব আমরা । জীবের হংথে কাতর ক্রপাবতার শ্রীভগবান পুনঃ পুনঃ ধরাধানে অবতীর্ণ হইরা আমাদিগের উদ্ধারের জন্ত কত সহজ পন্থা আবিজার করিতেছেন । (এই হেতু শ্রীনন্তাগবতে উদ্ধিথিত আছে যে, দেবগণও কলিযুগে জন্মগ্রহণ করিতে ইচ্ছা করেন ।) কিন্ত অজ্ঞান তমগাচ্ছর ল্রাপ্ত জীব আমরা । আমাদের কিছুতেই মোহ নিজা ভাঙ্গিতেছে না । আমরা পশুবৎ আহার নিজা মৈপুনেই নিরত । পশুজীবনের সহিত মানব জীবনের আমরা কোনও পার্থক্য বিচার করিতেছি না । মৃক্তির চাবি 'ধর ধর' বলিয়া ভগবান আমাদিগের নিকটে আমিয়া দিতে চাহিতেছেন, কিন্ত আমরা বুমের ঘারে, বিকারগ্রস্ত রোগী যেমন ঔষধ থাইতে চাহে না, তক্রপ দূরে ঠেলিয়া ফেলিয়া দিতেছি । হায় । আমাদের কি হবে । কিনে আমাদের এই নোহনিজা ভাঙ্গিবে । কিনে আমরা এই ভবকৃপ হইতে উদ্ধার হইব । যেহেতু ভক্তিহীন, সাধনহীন, ভন্গনহীন আমরা । অতএব হে প্রভা । হে সাধক্রশধারী রামকৃষ্ণ-

রূপী নারারণ! হে হরি! ভবক্পে পতিত এই অধ্য জীবগণকে কুপা করিয়া উদ্ধার করন। যে হেতু, আপনার কুপা ভিন্ন উপায় নাই, শক্তি নাই, সামর্থা নাই। হে প্রভো! বল দাও, শক্তি দাও, কুপা কর। এবং প্রার্থনা করিতেছি, 'তোমার প্রীপাদপত্মে ভদ্ধা, নির্মাণ, নিহ্নাম, অহৈতুকী ভক্তি দাও, দর্শন দাও; তোমার যেন ভ্বনমোহিনী মারায় মুগ্ধ না হই। মন মন্তকরীকে বশ কর, চিত্তভ্দ্ধি কর। যেহেতু আপনি শক্তি না দিলে জীবের কোন ক্ষমতা নাই।

দাও শক্তি শক্তিধর, যেন এ জীবন। তবে উপদেশ পথে করে বিচরণ॥

> ্ ক্রমশঃ ) প্রীহরিপদ নদ্দী।

#### রক্ষ পর্মেশ।



(5)

আজি বুঝি ভেসে যায় সকল পৃথিবী আজি বুঝি ভূবে যায় পৃথিবী সাগরে, আজি বুঝি শত বজ্ল হঙ্কারি সবৈগে পড়িতেছে ভূজাগিনী পৃথিবীয় শিৱে ॥

( २ )

জাই কি বিধির ইচ্ছা ? তবে এ স্ঞ্জন কেন হে স্ঞ্জিলে বিধি ? ধ্বংশিবার তবে; গড়িলে কি এ পৃথিবী অতি স্থশোভন নম্নরঞ্জক ব্স্তু দিয়া থরে থরে ?

. (0)

ৰক্ষ লক্ষ জীব কেন স্থজিলে ঈশ্বর কোটী কোটী প্রাণ কেন স্থজিলে ধরার: দিয়া নাও এ কেমন বীতি গো ভোমার এতগুলি প্রাণ যাবে ঝরিয়া কি হায় ?

(8)

পূর্ণ না হইতে হার জীবনের সাধ সব আশে জলাঞ্চলি দিয়া রে অভাগা কোথা যাস চলে আহা। এ কি পরমান পিতা মাতা পতি পত্ৰ হৃদে দিয়া দাগা ?

( a )

অকারণ প্রাণ নাশ আত্ম বলিদান পার কি স্থাজতে বল একটো পরাণ গ সেই প্রাণ নাশিবারে এত বছবান হা ধিক মহন্ত ধিক তোমরা পাষাণ ॥

( 9 )

এই যে শোণিত স্রোত ভাসায় পৃথিবী ব্যক্ত স্থোত কলরতে বেগে বহে যায়। এই শোক হঃখ মাখা উচ্ছাদের ছবি, দেথে সব লোক আজ করে হার হায়॥

(9)

ভেবে দেখ তে শ্বসন্তা নরপতি সবে যাদের গিয়াছে ছেডে আত্মীয় সঞ্জন. তাদের করুণ শ্বর কি তথার্ড ভাবে কাঁপিয়া কাঁপিয়া ঐ পশিছে গগন॥

(b)

ঐ হের পত্নি স্বামী হারাইলা হার কাদিতেছে; একষাত্র পুত্র হারা হয়ে কাঁদিছে জননী: ক্যা পড়িয়া কোথাৰু পিতা হারা, রবে ভারা কত হঃথ সরে 🛚

( 8)

শম্বর সম্বর রণ হে স্ভ্য-নিচর সম্বর হে ক্রোধরাশি নিবাও অন্ন, ভোমাদের ক্রোধে হের বিশ্ব দগ্ম হয় ভম্মে পরিণত হয়—আজি জল হল॥

( >0 )

কোথা বুদ্ধ—কোথা বুদ্ধ রয়েছ এখন হে পিতা থামাও আজি তুমি হে সমর হের শোণিতের স্রোভ বহে অকারণ--হের বিশ্বব্যাপী উঠে মহা হাহাকার।

( >> )

(कार्था ( खेळु ) त्रांभक्षकात्त्व तरब्रह्न अथन ভোমার অমৃত বাণী রয়েছে কোথায়, শিথাইতে মৃঢ় নরে পুন: তম্ব জ্ঞান ওগো পিতঃ পুন: আদি হও গো উদয় ॥

( >2 )

শিথাও আবার পুন: দাও সেই জ্ঞান অহিংসা পরম ধর্ম এই নীতি বাণী---নহে বিশ্বব্যাপী বহ্নি দহিবে পরাণ हार्त्रथारत बार्व विश्व ना वैक्टिय व्यानी ॥

( 50 )

সম্বর সম্বর রণ নুস্ওমালিনী শোণিত পিয়াসা এত কেন মা তোমার ? সম্বর সম্বর ভূষা করাল বদনী তুমি নাহি নিবারিলে কে রাধিবে আর ॥

(86)

আর কত রক্ত পান করিবে গো তুমি এত বজপানে কি গো মেটেনি পিপাসা ৯ হার মা গো রক্তে সিক্ত হোল দেখ ভূমি, সর্বানাশি! কত রক্ত পানে তোর আশা ? ( ১৫ ) `

সম্বর জননী ক্রোধ কর পরিহার আবার শান্তির স্রোত বহাও ধরাতে মায়ের অপার দয়া কর মা প্রচার শান্তিমনী হয়ে মাগো শান্তি ঢাল চিতে॥

> ত্রীত্রীরামক্বফ-শ্রীচরণার্ত্রিতা দাসী—শ্রীমতী প্রভাবতী দেবী।

### পরমার্থ-ব্যাখ্যানমালা।

(২১৫ পৃষ্ঠার পর।)

শ্বং হিন ব্যথমন্তোতে পুরুষং পুরুষর্বভ। সম তুঃখ স্থাং ধীরং সোহমৃতত্যায় করতে।"

ছে পুরুষশ্রেষ্ঠ, এই সকল বিষয় ও ইন্সিয়ের সম্বন্ধ বাঁহাকে বাথিত করিতে লা পারে, নেই ধীর ব্যক্তিই অমৃতত্ব (মাক্ষ) লাভের যোগা।

অতএব এই উৎরুষ্ট অবন্তা প্রাপ্ত হইবার নিমিন্ত মুমুক্ত্রণণ তন্ত্রপর্ক্ত করা করিবেন। তিতিকা যে কেবল পরমার্থ প্রাপ্তির জনা আবশুক, এমন নহে, সংসারেও ইহার অত্যন্ত প্রয়োজন হয়। যিনি ধৈর্য্য সহকারে সকল তৃঃথ সশ্ব করিতে পারেন এবং তৃঃথে যাহার উত্তম ও শান্তির ব্যত্যর ঘটে না, তিনি লৌকিক সংসারেও বিশেষ ফল লাভ করিয়া থাকেন। সকলেরই তিতিকা আবশুক, এ বিষয়ে কোনও সন্দেহ নাই। কিন্তু সম্পূর্ণরূপে তিতিকা অভ্যাস করা সহজ নহে। সাধকের অশেষবিধ উপার অবশহন করিয়া ইহা লাভ করা উচিত; তল্লাভের কতকগুলি যুক্তি নিমে লিখিত হইন!

ত গ্রথ উপস্থিত হইলে তদ্বিবরে বিশেষ পর্য্যালোচনা করিলে মন সমাহিত ছইবে ও উহা আর তত তীব্র বলিয়া বোধ হইবে না; সাধক এই জন্য সদা ফ্রথের বিচার করিবেন। জগতের ঘটনাবলী আলোচনা করিলে ইহা সহজেই অনুমেম্ম হইবে যে, গ্রংথ সতত ভোগ করিতে হয় না।

"স্থতানস্তরং ছঃথং ছঃথতানস্তরং স্থং। স্থ ছঃথে মস্থ্যাণাং চক্রবং পরিবর্তিনঃ॥"

স্থাবর পর হংধ ও হংথের পর স্থ ; এইরূপ ক্রমায়য়ে মছয়ের স্থ হংশ চক্রবৎ ঘূরিতেছে। উপস্থিত হংথ স্থায়ী নহে, পুনশ্চ স্থথ আদিবে, এই ভাবিয়া বৈধ্যসহকারে হংথ ভোগ অভ্যাস করিবে।

থেদ করিয়া ফল কি ? থেদ বারা আগত হুংথের লাঘ্ব হয় না, বরং দেখা বার উহার বৃদ্ধিই হইয়া থাকে এবং অবশেষে উহা অসহা হইয়া পড়ে। তজ্জন্ত সাইক ধর্ম ও নীতি অকুসারে সেই হুংথের অবসানের জ্বন্ত অবস্তা চেষ্ট্রা করিবেন। অবসান হয় ভালই, নতুবা দৈব বলবান ও প্রতিকার অসম্ভব বিবেচনা করিয়া সেই হুংথ ধৈব্য সহকারে সহ্য করাই উচিত। বিজ্ঞ ব্যক্তি কথনও বিলাপ করেন না।

"অপরিহার্য্যার্থে ন স্থং শোচিতু মর্হসি।" অপরিহার্য্য বিষয়ে তোমার শোক করা উচিত নহে।

ত্বংথ সকলকেই ভোগ করিতে হয়। আমরা ঘাঁহাকে মহা ভাগ্যবান্, পূজা ও স্থী বুলিয়া অনুমাণ করি, তুংথ ও চুর্দ্দিব হইছে তাঁহাদেরও পরিত্রাণ নাই। দেবগণেরও কথনও কথনও কিরপ তৃদিশা হয় দেখুন।

"নেতা যক্ত বৃহস্পতিঃ প্রহরণং বজ্ঞং স্থরাঃ সৈনিকাঃ।
শ্বর্গো হুর্গম্ অন্ত্রাহং হরৈরাবতো বারণঃ
ইত্যাশ্চর্য্য বলাধিতোহপি বলভিদ ভগ্নঃ পরে সঙ্গরে ॥"

বৃহস্পতি বাঁহার গুরু, বজ্র বাঁহার অন্ত, স্থরগণ বাঁহার সেনা, স্বর্গ বাঁহার ছর্প. বাঁহার উপর বিষ্ণুর পূর্ণ ক্রপা ও বাঁহার হন্তী ঐরাবত, এবধিধ বলশালী ইক্সও শক্ষর সহিত সংগ্রামে পরাজিত হইয়াছিলেন। কেবল পরাজিত নহে, দ্বাবশগৃহে ভৃত্যভাবে তাঁহাকে হেয় কর্মাও করিতে হইয়াছিল। বেবরাজের ও এই দশা। আবার দেবদেব মহাদেবের অবস্থার কথা গুন:—

"স্বরং মহেশঃ শ্বশুরো নগেশঃ।
দ্বা ধনেশ স্তনরো গণেশঃ।
তথাপি ভিক্ষাটনমেব শস্তোঃ।
বলীরদী কেবলমীবরেছা॥"

নিজে বাহেশ, বাজর গিরিরাজ হিমালয়, ধনাধিপতি কুবের স্থা, ফার্শ বিধারক গণেশ তনয়, তথাপি শভুর ভিক্ষা ভ্রমণ ত্তিল না; অতএব ঈশ্বরেচছাই বলবজী। দেবজাদের বথন এমন দশা, তথন কুদ্র মানুষের তুঃথের আর কথা কি ?

ছ:থন্ডোগ জগতের সকলকেই করিতে হয়, ইহা বিচার করিয়া সাধকগণ চিত্ত সমাহিত করিবেন ও অসম্ভোষ প্রকাশে বিরত থাকিবেন। এবন্ধিধ বিচার-প্রায়ণ হইলে সাধক ধৈগ্য সহকারে সকল ছ:থ সহা করিতে পারিবেন।

পর্মার্থের জন্য যত্ন করিলেও প্রারক্ষ কর্ম থভিত হয় না, স্থতরাং তাহার ফলে স্থধ হঃথ ভোগ করিতেই হইবে, তবে বিবেক অবলম্বন করিয়া গুঃথ ভোগ করিলেমন শাস্ত থাকে ও হঃথ ভোগে ততটা যাতনা বোধ হয় না। অবিবেকী ব্যক্তি মূর্থের স্থায় অধীর ভাবে বিলাপ করে, জ্ঞানী ও অজ্ঞানের ইহাই প্রভেদ।

"জ্ঞানিনোই জ্ঞানিনশ্চ সমেপ্রাবন্ধ কর্মণী। ন ক্লেশো জ্ঞানিনো ধৈগ্যামূচঃ ক্লিশ্যন্তাধৈগ্যতঃ।

ক্তানী ও অজ্ঞানীর উত্তর পুরুষের প্রারন্ধ কর্ম সমান থাকিলেও জ্ঞানীর ধৈর্য্য শাকায় ক্লেশ হয় না, আর মূর্য অধৈর্যাবশতঃ ক্লেশ ভোগ করে।

ভিত্তিক্ষার অভ্যাস করা সর্কাপেক্ষা শ্রেষ্ঠ এবং তাহাতেই ইষ্ট সিদ্ধি হইন্থা পাকে। সাধক্ষাণের ক্রমে ক্রমে ক্রমে সহু করিবার ক্রমতা বর্দ্ধিত করা উচিত।

"ন প্রস্থােণ প্রিয়ং প্রাপ্য নােছিজেৎ প্রাণ্য বাপ্রিয়ং।" প্রিয় বন্ধ লাভে প্রস্থাই হইবে না, অপ্রিয় লাভেও তুঃথিত হইবে না।

শভাবতঃ প্রির বস্তুলাভে মহুব্রের অত্যন্ত আনন্দ হয় ও অপ্রির ঘটিলে হংশ হয়, কিন্তু সাধকণণ হর্ষ বা হংশ কাহারও বশীভূত হইবে না, ইহারা উভ্যেষ্ট অহিতকারী, প্রভরাং সাধকের তাজা। তাঁহার মন নিরন্তর শান্ত ও নির্কিকার থাকা আবশ্রক। যদি সামান্ত প্রথ হংশ বারা তাঁহার মন বিচলিত হয়, তাহা হইলে তাঁহার বারা ঈশর চিন্তা কিরুপে সম্ভব হইবে? তজ্জা অভ্যাসের বারা ক্রমে ক্রমে চঞ্চল মনকে স্থির করিতে হইবে। আরপ্ত শ্বরণ রাথা উচিত যে, প্রির বস্তুলারা অভিমাত্র হাই না হইলে, তবে অপ্রির ঘটনার হংশে অবিচলিত থাকিতে পারিবেন, নচেৎ নছে। প্রথের সময় প্রথ অন্তত্তব করিব কিন্তুপত্রব কালে হংশ অন্তত্তক করিব না, এক্লাপ আলা করা প্রম মাত্রা। প্রথে হংশে উত্তর শ্রমান্তর্কার ক্রমেলকে ছিন্নগোধা আবিশ্রক্, তাহা হইলে মনের উপর অধিকার জানিবৈন

যে ভাপাবান সাধক একাগ্রনিষ্ঠার সহিত শম, দম, উপরতি ও তিতিকা এই চারি সাধনার উত্ত্যরূপে অভ্যাস করিয়াছেন, তিনিই সম্প্রিরপে মনের উপর আধিপতা স্থাপন করিবেন এবং মম বশীভূত হইলেই তাঁহার বিশেষ উন্নতি লাভ হইবে, সন্দেহ নাই। চিত্তচাঞ্চল্য দমন করা সামান্ত ব্যাপার নহে।

> "অপাবিধপানান মহতঃ হুমেরবুলনাদ্পি। অপিবকাশনাৎ সাধো বিষম হিজনিগ্ৰহঃ ॥"

হে সাধো, মহাসমুদ্র শোষণ বা স্থমেক-পর্বত উৎপাটন বা অগ্নি ভক্ষণ করা অপেক্ষাও চিত্তনিগ্রহ কমিন।

শাধক এ সকল বিষয় কুতকাৰ্য্যতা লাভ করিলে মোক প্রাপ্তির বিষয়ে আর विरमय वांधा घाँठवात मञ्जावना नाहे। यिनि मण्यूर्वक्राण विश्व कत्र कतिशाह्यन, ক্ষান ও মোক্ষ তাঁহার করত্বগত হইয়াছে, সন্দেহ নাই।

> ্মনদে। নিগ্ৰহায় অভয়ং সৰ্বযোগিনাং। ত্রংথক্ষয়: প্রবোধশ্চাপাক্ষয়া শান্তি রেবচ ॥"

মনের নিগ্রহ ছারা যোগীগণের ভয় ও হঃথ বিদুরিত হইয়া জ্ঞান ও অক্ষ পান্তি লাভ হয়।

পঞ্চমঃ—শ্রনা, — পরম বস্তু ইন্দ্রিরগণের বিষয়ীভূত নহে, তাহা প্রত্যক্ষ দেখিতে ৰা দেথাইতে পারা যায় না, এইহেতৃ তাহার অন্থিত্ব সম্বন্ধে মুমুক্ষুগণের সংশব ছইতেই পারে। ঈশ্বর সাক্ষাৎকার ব্যতীত এ সংশয় নিরাকরণের উপান্ন নাই: किन्छ माधक मालिएकत मात्र व्यविधानी इटेल कथनटे टेडे मिक्क इटेर मा. পরস্ক শাস্ত্র ও গুরুবাক্যে নির্ভন্ন করিয়া "ঈশ্বর আছেন ও বথাবোগ্য বত্রদারা তাঁহাকে লাভ করা যায়" ইহাই সভ্য বলিয়া বুঝিতে হইবে। ইহারই নাম শ্রদ্ধা. ইহাই ষ্ট সম্পত্তির পঞ্চম সাধন।

> শান্ত্রস্থ গুরুবাকাস্থ সত্যবৃদ্ধাবধারণং। সা শ্রদ্ধা কথিতা সম্ভির্যয়া বস্তৃপ পভাতে ॥"

শাস্ত্র ও গুরু বাকাকে সভ্য বলিয়া বিশ্বাস করাকেই পণ্ডিতগণ শ্রদ্ধা নামে অভিহিত করেন। এই শ্রদ্ধা ধারা পরমবস্ত লাভ করা বার।

পূর্ব জন্মের পুণ্য বলেই হউক, দৈবামুগ্রহেই হউক, আর ঈশ্বর কুপাডেই" ছউক, বিনি এই শ্রদ্ধা অনায়াসে প্রাপ্ত হন, তিনি ভগাবান; ভাঁহার <del>ইবুর</del>

সাধন পথে একটা মহা বিদ্ন কিনষ্ট হইয়াছে এবং ত্রন্ধ প্রাপ্তি তাঁহার পক্তে স্থলাখ্য।

> "প্রদাবালভতে জ্ঞানং তৎপর: সংঘতেন্দ্রিয়:। জ্ঞানং ললা পরাং শান্তিমচিরেনাধিগচ্চতি ॥

শ্ৰদ্ধাবান ব্যক্তি ব্ৰহ্ম নিষ্ট ও সংঘতেক্ৰিয় হইলে জ্ঞান লাভ করেন এবং काন লাভ করিয়া অচিরাৎ পরম শান্তি প্রাপ্ত হরেন।

কিন্ত যদি দৈববলে সাধকের প্রদার কিঞ্চিৎ অভাব থাকে, তাহা হইলে সেই শ্রদার বৃদ্ধি সাধন কিরূপে করা যাইতে পারে, তাহাই দেখা যাউক।

প্রথমে মুমুক্র্পণ এইরূপ বিচার করিবেন : —বশিষ্ঠ, ব্যাস, শঙ্করাচার্য্য প্রভৃতি মহা মনস্বীগণ কেন সত্য ত্যাগ করিয়া মিথ্যার আশ্রয় গ্রহণ করিবেন 🕈 তাঁহারা কাহারও মুথাপেকা করিবেন না এবং কাহাকেও মিথ্যা দ্বারা সম্ভষ্ট ক্রিবারও তাঁহাদের প্রয়োজন নাই। তাঁহারা সংসার ত্যাগ ক্রিয়াছিলেন, কোনও বস্তুরই অভাব ছিল না, কেবল জগতের মঙ্গল সাধনই তাঁহাদের জীবনের উদ্দেশ্য ছিল: এবং তজ্জনা করুণাদ্রচিত্তে তাঁহারা উত্তম উপদেশই প্রদান করিয়াছিলেন। প্রাণান্ত হইলেও তাঁহাদের মিথ্যাচরণের বাসনা মনোমধ্যে উদিত হওয়া অদন্তব; স্থতরাং তাঁহাদের কথিত উপদেশ সত্য ও জীবের কল্যা**ণকর, ইহা বিশ্বাস** করা যাইতে পারে। আধুনিক পাশ্চাত্য জ্ঞানে বিভ-ষিত বিছান বাঁজি অবশ্ৰ বিশাস করিবেন না। তিনি ৰলিবেন, "হইতে পারে মহাপুরুষগণ ইচ্ছা পুর্বাক মিথা। বলেন নাই, কিন্তু তাঁলাদের দিদ্ধান্তে যে ভ্রম হয় নাই. এ কথা কে বলিতে পারে ? এবধিধ সংশ্য স্বাভাবিক, সেই জন্য সাধক শাক্রোক্ত সিদ্ধান্তসমূহ তর্ক ও অনুভব বারা সত্য কি মিগ্যা তাহা বিচার করিয়া **দেখিবেন। আধুনিক পদার্থ বিদ্যায় দিদ্ধান্তের ন্তায় পর্মার্থ বিষয়ক দিদ্ধান্ত** প্রমাণ করিয়া দেখান যায় না। তাহার কারণ এই যে, মুসুকুগণের ব্যাপার অপার্ধিব, আর আধুনিক বিজ্ঞান জড় সম্বন্ধীয়। স্থতরাং এক বিবয়ের দিয়ান্তে **छेभनी** इंहेराद्र व्यनानी व्यभन्न रिस्तान्त निकारखन्न व्यनानीन ज्ञाम नरह । व्यासूनिक বিজ্ঞানের অনেক দিল্ধান্ত উপযুক্ত দল্লাভাবে দকল সময়ে প্রমাণ করা যায় না, কিন্তু তাই বলিয়া তাহাতে কেহ অবিখাস করেন না। তবে আপ্রবাক্য প্রমাণ ৰ্ত্তিবাৰ অন্য ভিন্ন উপান আবশ্ৰস্ক বলিয়া উহাতে বিখাস না করিবার্য্য বা কারুঙ

কি ? যেমন অক্সিজেন ও হাইন্ড্রোঞেন গ্যাসের মিশ্রণে জল হয়, ইহা সকলেই বিশ্বাস করেন, কিন্তু এই প্রকারে জল প্রস্তুত হইতে সকলেই কিছু দেখে নাই; সেইরূপ সিঞ্জ পুরুষগণ ব্রহ্ম সাক্ষাৎকার বিষয় বে প্রশালীর ক্র্মা বলিয়াছেন, ভাহাতে মুমুক্ষুগণের শ্রদ্ধা ও বিশ্বাস করা আবশ্রক।

"ব্ৰহ্ম সত্যং জগৎ মিথ্যা যো জীবো ব্ৰহ্ম এব সঃ।"

ব্রহ্ম সত্য জগৎ মিথ্যা এবং যে জীব সেই ব্রহ্ম। মুমুকুগণের এই সিকান্তে শ্রহ্মা থাকা আবশুক। ফলে কিন্তু ইহার বিপরীত ধারণাই হইরা থাকে, অর্থাৎ জগৎ সত্য ও ব্রহ্ম মিথ্যা ইহাই প্রতীয়মান হয়। বহু জন্মব্যাণী মারাজনিত এই প্রান্তবিশ্বাস আমাদের মজ্জাগত হইয়াছে।

"বহুজন্মদৃঢ়াভ্যাসাদেহাদিখাত্মধীঃ ক্ষণাৎ। পুনঃ পুনরুদিভ্যেবং জগৎ সত্যন্ত্রধীরপি॥"

বছ বংসরের দৃঢ় অভ্যাস দ্বারা এই দেহই আত্মা এইরূপ বৃদ্ধি হর, সেই-শ্রেকার এই জগতই সত্য এই ধারণা পুন: পুন: উদিত হয়।

ইহাই বিপরীত বৃদ্ধি, ইহার নাশ হইলেই শ্রদ্ধা বলবান হইবে! কি প্রকারে এই ভ্রম বৃদ্ধির বিনাশ হয়, বিভারণা স্বামী তাহার তুইটা উপার বলিয়াছেন,

> "বিপরীতা ভাবনেয়মৈকাগ্রৎসা নিবর্ততে। তব্যোপদেশাৎ প্রাগেব ভবতোতত্বপাসনাৎ॥"

এই বিপরীত ভাবনা একাগ্রতার দ্বারা নিবৃদ্ধ হয়, এই একাগ্রতা তম্বোপ-দেশের পূর্বেই উপাসনা দ্বারা প্রাপ্ত হওরা হায়।

ঈশ্বরোপাসনা দ্বারা মনের একাগ্রতা উৎপন্ন হয়, তাহার পর মুম্কুর এই বিপরীত ভাবনা বিসম্ভ হইয়া তম্ব সিদ্ধাস্তের উপর পূর্ণ শ্রদ্ধা জন্মিবে।

দিতীয় উপায় এই যে, এই বিপরীত ভাবনার নিবৃত্তির জ্বন্য বারশার তত্ত্ব-চিস্তা করিতে হয় এবং ক্রনে ইহা নষ্ট হইয়া তত্ত্ব সিদ্ধান্তে শ্রদ্ধা উৎপন্ন হয়।

> তত্ত্বভাবনর। নশ্রেৎ সাতে। দেহাতিরিক্ততাম। আত্মনোভাবফেৎ তদ্বনিধ্যাত্তং জগতোহনিং ॥\*

উহা তন্থ ভাবনাদারা বিনষ্ট হয়, অতএব দেহ হুইতে আত্মার শ্রেষ্ঠতা ও জগতের নিখ্যাত বিষয়ে বারম্বার চিন্তা করিবে।

ব্ৰস্ক প্ৰান্তির জন্য দেৱপ প্ৰদ্ধার আবশুক তাহা ফুৰ্লভ জানিবে, উহা উপযুক্ত

সাধক ব্যতীত অন্যে প্রাপ্ত হয় না। এই প্রদা "বিহানের ছম্রাণ্য কিছ সর্গ-ভাবুক ব্যক্তির মধ্যে ইহ। দেখা যায়।" যদি কেহ সম্পূর্ণ বিশ্বাস করেন বে, ঈশ্বর অতি পূজা, অতি ভদ্ধ, দয়ালু ও দর্মশক্তিমান, তাঁহাকে প্রাপ্ত হইলে সলাতি হয় ও অক্ষ অৰ্থ প্ৰাপ্ত হওয়া যায়, তাহা হইলে সমস্ত গৌকিক কৰ্ম ত্যাগ করিয়া একাগ্রচিত্তে তিনি তাঁহাকে প্রাপ্ত হইবার চেষ্টা কি না করিয়া থাকিতে পারেন ? পরমহংসদেবের পার্শের ঘরে ধন ও চোরের গল্প সকলেই জানেন। চোরের ধন প্রাপ্তির আকাজ্ঞার ন্তায় মুমুকুর **ঈখ**র লাভের ইচ্ছা আবশুক। কিন্তু লক্ষ লক্ষ লোকের মধ্যেও এরূপ লোক একজনও দেখিতে পাওয়া যায় না, যিনি ঈখরের অন্তিত্ব বাস্তবিক বিশ্বাস করেন। কারণ, ঈশ্বর আছেন বলিয়া যাঁহার বিশ্বাস আছে, ভিনি কি তাঁহাকে লাভ না করা পর্যাস্ত এক মুহূর্ত্তও স্থির থাকিতে পারেন ? সগুণ ব্রন্ধের বিশ্বাসী যদি এতই বিরশ, তাহা হইলে নির্দ্তর জের উপাসনা না জানি আরও কতই বিরুষ।

বৰ্চ :-- সমাধান, -- একণে ষ্টু সম্পত্তির শেষ সাধন সমাধান সম্বন্ধে বিবেচনা করা যাউক। মনে কোনরূপ চিস্তা বা ছঃখ না থাকিয়া কেবল হুথমর হুইয়া থাকিতে পারিলেই ব্যবহারিক অর্থে উহাকে সমাধান বলিয়া থাকে; 'কিছ প্রকৃত সমাধান ইহা নহে।

> "নিয়তং স্থাপনং বৃদ্ধে: ভদ্ধে ব্রহ্মণি সর্কাদা। তংস্মাধানমিত্যক্তং নতু চিত্তভা লালনং॥"

শুদ্ধ ব্রন্মে সর্বাদা একনিষ্ঠার সহিত বৃদ্ধিকে সংযোজিত করাকেই সমাধান বলে, চিত্তের লালন বা ত্রথ সম্পাদন সমাধান নহে।

অধৈত দিয়ান্ত প্রমাণে এই সমস্ত হুগৎ ব্রহ্মময়।

"সর্বাং খবিদং ব্রহ্ম নেহ নামান্তি কিঞ্চন।"

এই সমস্ত দুক্ত (জগৎ) ব্ৰহ্ম, ইহাতে বহু কিছুই নাই। কিন্তু লগতই দুষ্ট হয়, ব্রহ্ম কথনও দৃষ্ট হন না। পৃথিবীতে এমন ধর্মও আছে, বাহাতে ব্রহ্মের অন্তিছই স্বীকার করে না।

ভদ্তির জগতে বছ ভিন্ন ভিন্ন পদার্থ দৃষ্ট হয়, তজ্জন্য সহজেই বোধ হয় বে, ইছাতে ব্ৰহ্ম ব্যতীত আয়ও অনেক বস্তৱ সংযোগ বা মিশ্ৰণ আছে। এই মিশ্ৰণ ও বিভিন্নতা ৰাখ্যর কার্যা: মারা ত্রন্মের সহিত নিশ্রিত হইরা লগৎরূপ ধারণ ন করিরাছে, তজ্জন্য জগতের সকল পদাথে ব্রহ্ম ও মারা, এই উভয় স্বরূপের নি<del>র্ত্তা</del> রঙ্গিছে। ব্রহ্ম ও মারার রূপ পৃথক করা আৰ্শ্রাক।

সত্তাচিতিঃ স্থথং চেতি স্বভাবা ব্রহ্মণত্রয়ঃ

সত্তা, চিৎ ও সুথ এই তিন ব্ৰহ্মের স্বভাব; ব্ৰহ্ম সচিচদানক্ষময়। **আর** মায়ার স্বরূপ কি ণ ঠিক তাহার বিপরীত।

অসতা জাত্য হঃবে দ্বে মায়ারূপং ত্রমংছিদং ।
অসতা নরশৃঙ্গাদৌ জাত্যং কাঠশিলাদিয় ।
ঘোর মৃত্ধিয়োহ থেমেবং নায়া বিজ্ঞিতা ॥

অসতা, জড়তা ও ছংগ এই তিন প্রকার মায়ার রূপ; অস্তার দৃষ্টাক নরশৃঙ্গ প্রভৃতি অসম্ভবনীয় বস্তু; জাড়া কাঠাদি জড় বস্তুতে দুষ্টবা; এবং ছংগ যোর ও মৃঢ় (রক্ষঃ ও তমোগুণ সম্পন্ন) ব্যক্তির বৃদ্ধিতে অম্ভূত হয়।

এই বিপরীত গুণসম্পন্ন ব্রহ্ম ও মায়ার সংযোগে জগতের উৎপত্তি। ইহার মধ্যে ব্রহ্মকে চিনিয়া লইয়া সাধক তাহাবই অনুসন্ধান করিবেন। মায়ার চিস্তার্ক কিছুই লাভ হয় না। তজ্জনা নায়ার দিকে লক্ষ্য না করিয়া জগতের সমস্ত বস্তুতে যে ব্রহ্ম বিশ্বসান রহিয়াছেন, উাহারই চিস্তা আবশুক। সংসারে থাকিয়াক ব্রহ্মচিস্তা কির্মণে করা যায়, পঞ্চদশীর বিষয়ানন্দে তাহা উক্ত আছে:—

শিলাদৌ নামরূপে ছেত্যকা সন্মাত্র চিন্তনং।
ত্যকা হুঃখং ঘোর মৃচঃ ধিয়োঃ সচ্চিবিচিন্তনং।
শান্তান্ত সচ্চিদানন্দাং স্ত্রীনপ্যেবং বিচিন্তরেবং।
ক্রিষ্ঠ মধ্যমোৎক্রী সিত্রশিচন্ত ক্রমাদিয়াঃ॥

শিলাদি জড় পদার্থের নাম রূপায়ক মায়ার অংশ তাাগ করিক্স কেবল-সক্ত মাত্র চিস্তা করিবে; বুদ্ধির ভির ঘোর ও মৃঢ় (রজন্তম:) এই ছই ছাথের ভাগে ভাগে করিয়া সভা ও চৈত্র চিন্তা করিবে, এইরূপে ক্রেমে কনিষ্ঠ, মধ্যমা ও উৎক্লষ্ট ত্রিবিধ চিস্তা আছে।

বাঁহার এইরূপ অভ্যাস করিবার ইচ্ছা, তিনি জগতের সমস্ত পদার্থেই ব্রক্ষের সমস্ত পদার্থেই ব্রক্ষের সমস্ত পদার্থেই ব্রক্ষের সমস্বরূপ নিশ্চয় জানিরা তাঁহার অন্নস্কানেই রত থাকিবেন; এবং অবশেষে সমাধান সাধনে সিদ্ধিলাভ হইবে। বটু সম্পতিযুক্ত হওয়ার পর যাবং ব্রহ্মসাক্ষাৎকার না হর, সাধ্যক তাবং-

197

কাল অভ্যাদরত থাকিবেন, ওঁলান্ত করিলে চলিবে না। একবার ঈশার সাক্ষাৎকার ঘটিলে আর কিছুরই আবশ্রক হয় না। তথন ঃ—

> ভিন্ততে ধনমগ্রন্থিছিন্ততে সর্বসংশরাঃ। ক্ষীরন্তে চাক্ত কর্মানি তল্মিনদৃষ্টে পরীবরে॥

সেই পরম শ্রেষ্ঠ ত্রন্ধের সাক্ষাৎকার হইলে জ্নরপ্রন্থি সকল কাটিয়া যার, সংশয় সকল ছিম হয় এবং কর্ম সকল ক্ষয়প্রাপ্ত হয়।

ব্রহ্ম দাক্ষাৎকারের পর দাধকের আর কোন অভ্যাদের প্রয়োজন নাই, তিনি
দিক্ষিপ্রাপ্ত হন এবং তাঁহার অবিপ্রাপ্ত যদের ফল সম্পূর্ণরপেই পাইয়া থাকেন।
তথন তাঁহাকে আর কোনও বিষয়েই চেষ্টা করিতে হয় না এবং তিনি শুধুর যে,
মরণাস্তে মৃক্তির অধিকারী হন, তাহা নহে। ইহজীবনেই মৃক্তির উত্তম পুথ
অমুভব করিতে থাকেন। তাঁহার অপ্রাপ্য কিছুই রহিল না, প্রতরাং তাঁহার
নিজ্যের কর্ত্তব্যপ্ত কিছুই থাকেনা। ইহার এক উৎকৃষ্ট দৃষ্ঠান্ত আছে। লোহপাত্র প্রত্যপ্ত কিছুই থাকেনা। ইহার এক উৎকৃষ্ট দৃষ্ঠান্ত আছে। লোহপাত্র প্রত্যপ্ত কিছুই থাকেনা। ইহার এক উৎকৃষ্ট দৃষ্ঠান্ত আছে। লোহপাত্র প্রত্যপ্ত করিলেই উজ্জ্ল থাকে, দামান্য অবহেলা করিলেই মলিন
হয়; কিন্ত বথন ইহা স্পর্কানি সংযোগে প্রথিপ্ত হয়, তথন আর তাহাকে
প্রত্যহ মাজিয়া ঘিয়া পরিকার করিতে হয় না, ইহা স্বভাবত:ই উজ্জ্ল থাকিয়া
বায়া, মৃক্তপ্রক্ষের অবস্থা প্রর্ণের ক্রায়, স্বভাবত:ই নির্মল ও স্বজ্ঞ। কিন্ত
শাধকের তাহা নহে। দাধক অবস্থায় নিয়ত অভ্যাদ আবশ্রক। অভ্যাদের
বারাই মৃমুক্ত্রণণ উন্নতি লাভ করেন। প্রথমত: তাঁহানের চিত্ত শুদ্ধ ও বিষয়
বিরত রাথিয়া জাগ্রতাবস্থায় সমস্ত বাক্য আচরণ ও বিচারে পবিত্রতা রক্ষা করা
আবশ্রক; বিষয় বাসনা যেন তাহাদিগকে বণীভূত না করে, এবং মনেও যেন
ভাহা স্থান না পায়। সাধকের এইরপ অবস্থা হইলেই অনেক উন্নতি হইল।

কিন্ত ইহারও উপর একটু আবশুক। মনও ইক্রিয় বশীভূত থাকার সাধীক জাগ্রতাবস্থার বেমন শুদ্ধ থাকিবেন, স্বগাবস্থারও তদ্ধ্যপ থাকা আবশুক। এ অবস্থার গুদ্ধাগুদ্ধের বিচার করিবার শক্তি থাকেনা; স্বতরাং বাঁহার স্বভাব শুদ্ধ হইরাছে, কেবল তাঁহারই স্বপ্নেও অপবিজ্ঞভাব কিন্তা গহিত আচরণ মধে স্থান শাইবে না। এইরুপ সাধনায় যুর্বান হইলে সাধক আশু কল্যাণ লাভ ক্রিবেন, সন্দেহ নাই।

শ্ৰহিরপদ বিতা।

#### 4

## উন্তরাখতে ভ্রমণ ও স্থিতি।

( 36 )

প্রাতে নামের কর ধননী দিয়া মধুর মধুর প্রাণে দব উঠিলাম। সাক্ষসজ্ঞ। শেরে সব বাষ্টবন্ধকে আদরে লাইয়া উঠিয়া পড়িলাম। পথে আসিতে আসিতে বৈতরণী ইত্যাদি সমস্ত নদীতে মানকার্য্য তীর্থকার্য্য সারা হইল। কতকগুলি চটি বাদে, লাল গলার আসিয়া পড়ি। লাল গলা বেশ সহরমত। হাঁসপাতাল, ভাকবাংলা সৰ আছে। অত্যক্ত গ্রম ঠেকিল, জল কইও কিছু ঠেকিল। সেদিন দেহটা একটু থারাপ হয়। পাণ্ডাজী বুঝতে পেরেই সকল ঘাত্রীদের সেদিন শার ইাটালেন না। রাত্রে সেই চটিতে থাকার ব্যবস্থা হইল। বৈকালে সন্তান শঙ্ক পাঞ্জীর লোক হাঁড়ী শইয়া, থালা লইয়া নদীতে পড়িয়া যায়। সমক্ত-খালি হারিছে গেল, শঙ্করেরও প্রাণ হারিয়ে বাচ্ছিল, খুব দান্লে গেল দেখে সকলেই ভীভ ও হর্ষাল্লিত প্লোমে খুব দিলি দেওয়া হোলো ঠাকুরের নামে। সে রাত্রি সেই চটিতে থাকা *গেল*। পরদিন প্রাতঃকালে কতকগুলি চটিঅস্তে জ্যোশিষঠ বা জ্যোতিমঠে আসিলাম। যাত্রী সমাগমে স্থানের বড় কট হইল। करनक्कम भरत्र वक्थानि छेभरत्र घत्र मिलिल। সেদिन वकामनी हिल,, त्रक्तानत আবশ্বক হইল না, সৰ সময় সেই চটিতে থেকে বেড়ান গেল। জ্যোশিমঠ বেশ সহরমত। সরকারি হাঁসপাতাশ, ডাকবাংলা সবই আছে। এখানে এলী বন্ধরীনাথের গদি আছে ও বৎস্থে ও মাস যথন ঠাকুর বরফে ঢাকা থাকেন, সেই সময় এইথানে তাঁর উদ্দেশ্যে পূজা ভোগরাগ হয়। কিছু অভিথি অভ্যাগতে প্রসাদ দেওয়া হয়। বেশ স্থান, বড় বড় গোলাপ ফুল দেথে বড় আনন্দ হোলো। জ্যোশিষঠে আমরা আর একণিন বিশ্রাম করিলাম, কেননা যাত্রী অনেক দেখিরা পাভাষী বলিলেন, কতক আগে আগে যাক। পরদিন অনেক যাত্রী চলে গেল। আমরা রহিলাম।

পরের দিন প্রাতে দলবলে ঠাকুরের নাম জরপূর্বকে নামিতে লাগিলাম। শেদিন বড় কঠই সব হোলো। সাধন অস্তে সিদ্ধি, ঠাকুর যক্ত কোরে কোরে নিছে বাচ্ছেন । পথে প্রাণ যায় যায় হইল। ছানে ছানে বসিয়া বসিয়া চঙ্গি-লাক। কে কে কেথা ছড়াইয়া পড়িল, কেছই কাহার ঠিক পেলে না। সাবে \* সাবে সাক্ষাৎ হইতে লাগিল। কি হোলো মরিতে এক স্থানে উর্জ দুকে চাহিতে গোলাম, হঠাৎ হাতের লাঠি অতলতলে মলাকিনীতে পড়িয়া গোল, ব্রহ্মচারিণী আমায় ধরিয়া ফেলিল। তুক্নেই ভয়ে একথানা পাথরে বসিয়া পড়িলাম। এদিকে ভেড়ার দল আসিল, তাহাদের পিঠে বাঁধা সব মাল যাছে। দেখে কত হাসি পার। বালিসের মত বাঁধা, তাতে চাল, দাল, আটা, ন্ন, ও আর আর মস্লা সব। ভেড়ারা এসে তুলনকে বড় বাস্ত করিল। আবার ভয়ে ভয়ে উঠিয়া এক উচ্চ পাথরে বসিলাম। লাঠি নাই কি হবে। ব্রহ্মচারিণী বড়ই ভাব্লে, প্রাণটার তুঃৰ আস্ছে দেখে প্রাণ খুলে পাথীর মত ঠাকুরকে ভাকিতে লাগিলাম।

পাণ্ডান্ধী এদে পোড়লেন, ব্রহ্মচারিণী ব্যস্ত হইয়া সংবাদ দিল স্থলীলা মা আরু মরিয়ার মত হয়েছিল, লাঠি তালিয়া গৈছে। অত্যস্ত তীত হইয়া পাণ্ডান্ধী আন্তে আন্তে অতি মিষ্ট কঠে আমাকে বলিতে লাগিলেন, "মাগো একি শুনি, আন্তে আন্তে চ মা, আমার কাছে কাছে যাবে, আন্ত শঙ্কর শালাকে আমি মারবে। আমি বলিলাম, তাকে বেরে আর কি হবে বাবা, ভগবং ইছোয় আমার লাঠি ভালিয়া গেল, আমি তাঁর ইছোয় আছি, এখন কি হবে ?" পাণ্ডান্ধীর লাঠি আমাকে দিলেন, আমি দেখিলাম, তিনি স্থদক্ষ, বেশ যাইতে পারিবেন। আমার লাঠি চাইই। কাজেই উহা লইয়া পুনরায় উঠিলাম।

বেলা ১॥ তার সময় পাপুকেশর চাটতে আসিয়া পড়ি। সে চটিতে ২ দিন

খুব বৃষ্টি হইল। আমরাও বসিয়া রহিলাম। ত'দিন পরে সকলে হয়মান

চটিতে অগ্রসর হইলাম। সেথানে বরফ মিলিল, একস্থানে এসে সকলে বসিয়া

পড়িলাম। সর্বানাশ, মাথার উপর তুলার মত বরফর্টি আরম্ভ হইল, সম্মুথের

পুল একৈবারে ভেলে পেড়ে গেছে, পাহাড় ভেলে পোড়ে রাস্তা বন্ধ। পাওাজী

কাঁদিল। সকলকেই কাঁদিতে হইল, হা অনুষ্ঠ ভেবে।

এমন বরক ১৯ বৎসর পড়ে নাই। পারে বরক মাথার বরকরৃষ্টি মাঝে মাঝে হোছে, দেহ জড়প্রার। আর ৪ মাইল গেলেই ৮বদ্রীপুরী। পাঙালী অলবিন্দু থাইলেন না। মুখে পুব দাহল, "সকল ঠিক হবে, মা ধ্যান করগে সব।" "মাভূসণ বলেন, বাবা পুল হোক বাব ভারপর, জ্যোশিমঠে কিরে চল।" কথাটা ব্যান মন্ত লাগিল।

व्यक्तिमान दूसराकी दूसराकी त्रावित त्यारम त्य रेक्टा कि ठीकूरप्रद

দেওয়া নয় ? পাভাজীকে বলিলাম, য়াউল সাহেব ও সয়কারী লোকজন সব

কি রকম কোরে বাবে ? পাভাজী বলিলেন, "মুদ্ধিল আছে মা।" "তবে কি

হবে বাবা ?" "মা খুব ধ্যান করতো, সাহস কর সব, ঠিক হবে।" পুলে তক্তা
পড়িল ২ থানা। ত'ধারে লোক ধরিল, সেই ভয়য়র গর্জনে নদী তলদেশে
চলিয়াছে, সেই ভীষণ পথে অতি সন্তর্পণে ঠাকুরের নাম বলেই সকলে পার

হইয়া ভাবিলাম, আশ্চর্যা নাম। নামে ভরসা এল। না হোলে এ দৃশ্র হিন্দৃগৃহকলা স্তীলোকগণের দেথেই প্রাণ উড়ে বায়। এই পথে সব এসে পড়িলাম।
তারপর আরো ভীষণ। পথ কই, পাহাড় ভেঙ্গে পোড়েছে ? নীচে গঙ্গার
উপর বরফ। ঝাম্পান ওলায়া বৃড় বৃড় মাদের কাঁধে বাধিয়া বরফ দিয়া চলিল।

মরে মরিবে থাকে থাকিবে এই মন্ত্র মনে। আমাদের সেই ভীষণ ভাঙ্গা
পর্বতিগাত্র ধরিয়া ধরিয়া পাঙাজী লইয়া চলিণেন। আশ্চর্যা নাম। সকলে মৃত্যু
পথ অতিক্রম করিয়া একটু ভাল পথে এসে বিসয়া পড়িলাম ও সকলেই বাঁদিলাম।
এমন সময় দেখি বরফ দিয়া রাউল সাহেব আস্ছেন। আমাদের দেখে হাত
ভূলে বলিলেন, "মা আগিয়ে মা বদ্যীবিশাল।"

কি অপুর্ব অবস্থা, ভাষাতীত! ঠিক ভবসাগর পারে যেন আনন্দ মন্দিরে সব যাচিছ। দ্র থেকে তুষার আত্ত স্বর্ণচূড়া চিক্ চিক্ কোচ্ছে। দেখেই আগে কি হোমে গেল। কাঞ্চনগঙ্গাপুল সমস্তই বরকে ঢাকা। বাড়ী কতক বরকে ঢাকা। আমরা এসে পড়িলাম। পাণ্ডাঞ্জী তৎক্ষণাৎ একটা বাড়ীতে নিয়ে গিয়ে অমি জালাইলেন। দাউ দাউ শব্দে কাঠ জলিল। সকলে বসিলাম, আর আগুণ ছেড়ে নড্বার যো নাই।

সন্ধার সময় একজন মা বাইরে গিয়েছিলেন, এসে একেবারেই মৃতপ্রার। নীল-বর্ণ শব্দ হোরে জিব বেব্য়ে এল। আগুণে সেঁকে গেঁকে বহুক্ষণ পরে জ্ঞান হইল।
কি ভীষণ সব কম্বল। অমন শীতও দেখিনি, অমন কম্বলও দেখিনি। শশুর লোমের
সে সব, নাড়া যায় না। রাত্রে সব শগুন করিলাম। সেদিন শ্রীশ্রী শ্বদ্রীনাধ্যের
দরজা বন্ধ। পরদিন ৩০শে বৈশাও, অক্ষয় তৃতীশ্রায় দরজা খোলা ইইবে।

রাত্রে সারি সারি সব জীলোকদের শয়ন করাইরা গাজে বিশমণ ওজনের সব ঢাকা দিয়ে গেলেন, সেগুলি লাড়া দায়। সেগুলিও সব বরফ মত ঠাঙা, প্রাণ বায়। বলিলাম সব অহল্যার মত পাষাণ হোরে রাত্রে মতপ্রায় থাক.



কাল প্রাতে পাণ্ডাজী পদধূলী দিয়ে এই সব পাষাণ সর্য়ে জীবিত কোকে দেখবার জিনিস দেখাবেন। মনে মনে ভাব্ছি না জানি কি জিনিস, বাবা কি কাও কোরে সব আস্ছি। মনে উৎস্ক খুব, সমন্ত রাত্রি ঠাণ্ডায় সব জেগ্টে রইলাম।

#### ( 66 )

জন্ম বদ্রীবিশাল রাজাকি জন্ম" ৩০শে বৈশাখের প্রভাতই জীবনের নৃতন প্রভাত একটি। বেলা ৮ টার সময় সব উঠিলাম। দেবকরুণায় বরফরৃষ্টি থেফে রৌজ উঠ্ল। সকলে আনন্দে পরিপূর্ণ, কাহার উপর কাহার দ্বেম নাই, আশ্চর্য্য স্বভাব সব। দেখে মনে হোলো কি একটা মধুর নেশাচ্ছন্ন। উঠে তপ্তকুত্তে চলিলাম। গরম ফুট্র জলের ঝর্পা। ঠিক কলের মত্ মুখ দেওয়া একটা কুড়ু বড় রকমের পাথরের গাঁথন্, মাথার উপর ছাত ঐ পাথরের। গলা পর্যান্ত জল হয় আবার বেরিয়ে যায়। সেই হিমরাজ্যে কি ককণার উষ্ণ ধারা! মরি মরি বিশ্বরাজ্যের কি ব্যবস্থা! ভাবিলে আনন্দ-অঞ্চ সম্বরণ করা অসম্ভব।

নার কাশ্রমটি তথনও সব বন্ধ। দোকান বদে নাই। সেই দিন নাতাঃ

টার দেশটার মান্ত্র এল। দরজা খোলা হবে। সরকারী লোক সব এল,
বেদিন আমরা এসেছি। যাত্রীরা সব পরে পরে আস্বে। কতকগুলি সাধু
এসেছেন ও জনকতক বাঙ্গালীও এসেছেন। ৫০০ শত ষাত্রী আন্দান্ধ হবে।
তথ্যকুণ্ডে সান অন্তে দিব্য করিয়া বস্ত্রাদি আচ্চাদিত হইয়া চলিলাম। মন্দিরগাত্রে আদিয়া পাণ্ডাজী সব সার করিয়া বসালেন। এক মধুর ভাবপূর্ণ সময়।
দক্ষিণে বামে নর ও নারায়ণ উভয় পর্বত গগন স্পর্শে দাড়াইয়া আছে, বূর্ণিবায়।
আর এক মধুর আনন্দ গুলুন শুনিলাম। চারিদিকে হরিধ্বনি পড়িয়া গেল।
সব স্তোত্র উচ্চারণ করিতে লাগিল। ধার্ম্য সময় সরকারী লোক থেকে ও মাস
পরে এ লোহকপাট খুলিল। যাত্রীরা স্বাই একটু চঞ্চল, ক্রমশ: হড়াহড়ী
আরম্ভ করিল। তারপর ক্রমশ: ক্রমশ: সব দর্শন হোতে লাগ্ল। মন্দিরে
ভাটী দরজা। এক দরজা দিয়া প্রথেশ করাইয়া অন্য দরজা দিয়া বাহির করিয়া
দেওয়া হইতে লাগিল। পাশুলী আমাদের জন্য আধ্ ঘণ্টা মন্দ্রির পাশ্দ
ভারিয়া লাইলেন। আমরা বড় মনানন্দে আসিয়া দাড়াইলাম। বুগবাতী অলিতেছে
ভ্রাণের প্রশীপ, আশ্রম্য কই প্লেথ্বীর আত্মহায়া বস্তু কই প্লাল আক্র

শিলা, মাণিকের চোক, সমূথে বৃহৎ রোপ্য পক্ষ। ধাতুমূর্ত্তি পক্ষী ও অন্য অন্য १টি মৃত্তি। মধ্যে যোগধ্যানী বদ্রীনাথ, বামে দেবাপরারণা সম্মানেরী চামর হতে দভাগনানা। তার পাশে নর ও নারারণ হটী ধাতুমূর্তি। দক্ষিণে গণেশদেব বসিয়া ও ক্বের দভাগনান।

পদনিমে গঞ্চ ও হটি মূর্ত্তি। নারদও হাতজোড় করিরা রাহিয়াছেন। সমুধ্বে প্রস্তুরের পাছকা দর্শনে আমার মনে হইল, এইত আমার ঠাকুর পারিষদ পরি-বিষ্ঠিত, এত শীশ্রীমা দেবাপরায়ণা। রাশেখরী প্রেমিকা মাধা নন ত। এবে সেবা-পরায়ণা, ঠাকুর যোগধ্যানী। ঠাকুর রামকৃষ্ণ ছাড়া আর কিছুই দেখিলাম না। মেই যোগাসন। কেবল ছটি হাত বেনী। আর মাথার উপর ছত্তটি বেনী। ছটি হাত ঐ ঠাকুরের মত। আর ছটি হাত তোলা, একটাতে শব্দ, অপরটিতে পদা। ভাবলুম এই হাত ছটি আর এ ছত্তটি শেষের দিনে দেখাবেন। ভাব খুব মধুর পাওয়া গেল, মুর্ত্তিতে মন তত মন্ধ্বানা।

কামনা কোর্ত্তে ভূল হোয়ে গেল। ফিরে আস্বার সময় পাঙালী হাতে তপ্তকু ভূর জল দিয়া বলিলেন, "মাগো এক মন হ মা, ষা চাবে তা সিদ্ধি হবে গো, চলু মা।" আমি আসিয়া বলিলাম, "ঠাকুর! আমার বেন ক্রফভজি হয়।" কে বেন সব ভূলিয়ে দিলে, কিছুই চাওয়া আর হোল না। যদি হিন্দু বাল-বিধবাদের জন্য একটা তপ্বন্মত আশ্রম ভিক্ষা করিতাম, ভাল হইত,। তথন আর কিছুই বল্তে ইচ্ছেই হোল না। ক্রফলাভ হউকও বল্লুম না, বোকা হোছে গেলুম। কেঁদে কেঁদে মরবার জন্য ভক্তি চাওয়ালেন। আর বদ্রীনাথের ছটো চোক দেখেই আমার মনে হোতে লাগ্লো, যেন ভিনিই প্রাণটা দেখুছেন। তেতর ভেতর সব বোলে দিছেন।

ভাবলুম--

ত্থাপ্নাতে মন আপ্নি থাক যেওনাক কার ঘরে যা চাবি তাই বদে পাবি থোঁক নিক অভঃপুরে।

বন উপবন পাহাড় নদী মধুর হিমালরের বাতাস সকলি উপভোগ্য। ঠাকুরের কিছুই বিশেষৰ নাই। ৰূপ, স্বধু এ হানে আপনাকে জাগুরে নাও এই



কথা। মন্দিরবারে জয় ও বিজয় বারী দ্বাড়াইয়া আছে। প্রস্তার নির্দ্ধিত । পাঞ্চাজী একটী বহুব স্তোত্ত গাহিলেন।

> প্রন মন্দ হুগদ্ধ শীত্র হিমমন্দির শোভিতম্।

শ্ৰীনকট গলা বৃহত নিৰ্মাণ

শেষ সমীরণ বছত নিশিদিস।

ধরত লধ্যান মহেশ্বম্

শ্রীবদ্রীনাথ বিশ্বস্থরম্।

শীলছ্মী কমলা চামর চুলার

ত্রীবদ্রীনাথ বিশ্বস্তরম।

हेळहळा कूरवत्र धुनीकत

ধূপদীপ প্রকাশিতম্।

শীবদ্রীনাথ বিশ্বস্তরম্। ইত্যাদি

( 20)

বিদধতু মতিমন্তো বাহিতাবাপ্তি হেতো রত ইং বদরীশক্ষেত্র মুখ্যেংস বাসং ভজনমশি পিনাক্যভোজনাতৈকবৃদ্যা নিগদিতনিজবর্থা নাজিকা বৈঞ্ঘাগ্রাঃ।

व्यर्थ :--

শ্রীবদ্রীক্ষেত্র বাসনার সিদ্ধি হেড়ু বলিয়া বৃদ্ধিনান বাজিগণ শ্রীবদ্রীক্ষেত্রে বাস কর্মন, কেলারনাভ ও পল্পনাভ নারায়ণ উভয়কে অভিন্ন ব্যোধে ভল্পন কর্মন। এই সমস্ত উপদেশ বাক্যে হাঁহাদের শ্রদ্ধা আছে, ভাহারাই বৈফবশ্রেষ্ঠ।

এইত বেদের কথা। ত দিন থাকিয়া পরমানল উপভোগ করা গেল।
পরের দিন অনেক যাত্রী এল, দোকান বিদল, বৃষ্টি আর হোল না। বরক্ষ
রাত্তার জমাট বাঁধিয়া রুছিল। বদ্রীনাথটি একটা পলি। সমস্ত রকম জিনিস
পাওরা যার। থাবার জিনিসের মধ্যে আলু ও কুম্ড়া মেলে। দাল ভাল সিদ্ধ
ক্য না। দালের কথা বলিলেই, আনন্দমর সন্তান পাঙালী হাসিতে হাসিতে
বলিভেন, ক্ষান ভোর দাল বন ভোর পানী, অব বদ্রীনাথ যোগধ্যানী।



যে ও দিন রহিলাম, সন্ধ্যার সময় ঠাকুরের প্রসাদ পাওয়া খেত। দোকানে পুরী হালুয়া ইত্যাদি থাবারও মিলিত।

বস্থবারার পথ একেবারেই বন্ধ। বদ্রীকাশ্রম স্বর্গতুল্য পবিত্র স্থান ও শান্তিপূর্ণ সাধু স্থান।

ও দিন থেকে পাণ্ডাজীর কাছে বিদায় লইয়া সকলে কাঁদিলাম। বলিলাম ত্রন্সচারিণী, আমি আর যাব না, এই শাস্তিপূর্ণ রাজ্যেই বোদি। ত্রন্সচারিণী ৰাস্ত হোয়ে উঠ লো, বোলে মাণা ঠিক কর, বালক পুদ্রকে শ্বরণ কর, কার্যা আছে চল উঠ। প্রাণের মধ্যে যেন তার বাক্যগুলি জ্বলম্ভ কঠোর সতঃ স্থতীক্ষ ছুরীব মত লাগ্ল। ভাবিলাম প্রারব্ধ ভোগ। অজ্ঞানে অ্যাচিত দত স্বরূপ এক পুত্র দিয়ে ভোগ করানই ভগবৎ ইচ্ছা, এ নিতেই হবে। যে সংসারের নয়, যে স্বামী যে কি তা জানিল না, তার সম্ভান হোলেই এমন কদর্য্য ঠেকে। ১১ বৎসরের কন্তার সম্ভান হয়। মাতৃভাব না জাগিতে জাগিতে বুদ্ধি বিকাশ না হইতে হইতে শুগাল কুকুরের মত সস্থান হয়। স্বামী যে চেনে না তার সম্ভান হয়। ভারতে এ দিন কঁতদিনে ঘূচিবে। ভারত সম্ভান কক্ত দিনে জীকে শিঘার মত পবিত্র চক্ষে দেখিতে শিথিবেন। উপযুক্ত বৃদ্ধিগুণ-भागिनी छल्जिम् जी जाननम्मग्री कत्रिया शहर कतिए भिका कतिरवन, राहेगिन ঘরে ঘরে যথার্থ উপযুক্ত সন্তান হইবে। সবই তার ইচ্ছা, রুথা আক্ষেপ । উঠিলাম, কাঁদিতে কাঁদিতে চলিলাম। হঠাৎ ধ্বদরীপুরীর পুলের বর্ফটা শেষ করিয়াই বাধা লাগিয়া বরফে পড়িয়া গেলাম। ব্রহ্মচাহিণী তথন এগিয়ে গেছে। অন্য মা ছिলেন, শहर हिल।

ভাবিলাম বাল পড়িল। উপার নাই, চলিলাম। পথে পাণ্ডাজী কাঁদতে
কাঁদতে চোলে গেলেন। ১০ মাইল হাঁটেরা পুনঃ পাণ্ডকেশর চটিতে আদিলাম।

এদে বেলা ওটার সমর লান কোরে সন্ধারে সমর সামান্ত সামান্ত থিচুড়ী
থেমে রাজে ব্রহ্মচারিণী ও আমার খুব জর হইল। বুকে সদি, সর্বাচ্ছে বেদনা,
জর। বুড়দিদি অভ্যন্ত ভীত হইলেন। শেষ রাজে মপ্ল দেখিলাম, পাণ্ডালী
যেন এসে বোল্ছেন, মা কিছু ভাব না কোরনা গো, সকল ঠিক হবে।" সকালে
পাণ্ডাজীর গোমন্তা মহানন্দ্রী এসে ঔষধ দিলেন। সেই জর ভদ্ধই লাঠি ধরিমাঃ
আত্তে আত্তে হ'লনে চলিলাম। স্বাম্পান মিলে না ও ইছো নর বে, বাল্পেক



স্কারে সাধ্য মতে উঠা। পথে আসিতে গুনিলাম সাধু ছেলেটিরও থুব জর। জরগুদ্ধ ১৩ মাইল হেঁটে একটা চটিতে এসে পড়িলাম। গুরু গুরু গজা পাওয়া গেল, তাই হ'চার খানা হ'জনে থেরে পোড়ে রহিলাম। মনে আনন্দশ্য। সন্ধার সময় ৩ মাইল ইাটিয়া অনা চটিতে আসিলাম, দেখি সারি সারি সব অফ্থ।

শাস্ত্রে আছে আড়াই পা অগ্রসর হইলেই মিত্র বন্ধন হয়। পাণ্ডাজী এ পথে ক্রমান্ত্র জীবন রক্ষা করিতে করিতে স্বত্বে আজ দেড় মাস লইয়া গিয়াছেন, কত থানি গভীর মায়া জানারাছে, সকলেই ক্বতক্ত হৃদয়ে বুঝিলাম পাণ্ডাজীর প্রাণ্ক করণার্ড। তিনিও বহু মিইভাষে ও আশীর্কাদ করিয়া বিদায় দিয়াছিলেন। কতকটা সঙ্গে আদিয়াছিলেন। সঙ্গে লোক দিয়াছিলেন সব, তাঁদের সঙ্গেই আমরা রামনগরে এসে ট্রেন পাব। এখন পাহাড় থেকে নাস্তে নাস্তে ষত দিন লাগে, তাঁরা সঙ্গে যাবেন। সহরে এসে ট্রেন ভুলে দিয়ে যাবেন।

বদ্রীনাথ থেকে বিদায় ছোতে প্রাণটায় গভীর বিধাদ এল। মনে হোলো কোন অপবিত্র স্থানে আবার ফিয়ে যাচ্ছি কেন ? একস্থানে বসিয়া জীবন অস্ত ইউক।

পরদিন প্রাতে ৭ মাইল হাঁটিয়া একটা চটিতে আসিয়া, দেহ কিছু স্বস্থ বোধ

• হোলো। হ'জনেই ভাত খাইলাম। বৈকালে অন্ত চটিতে গেলাম। এইরূপে

নাম্তে নাম্তে ১৫ দিন পরে আমরা রামনগরে এসে পড়িলাম।

রামনগরে এসে মনে হোলো, স্বপ্ন ভেলে গেল। সেই স্বর্গ পথে আর সেই মধুর নাদিনী অলকনন্দা ভাগিরখী মন্দাকিনী নদী সকল প্রাণে জাগিতে লাগিল।

ত দিন ট্রেনে এসে পুন: বাড়ী সহরে আসিলাম। প্রাণ উদাস। ব্রহ্মচারিণী হোবড়ার পুলে গাড়ী হইতে বলিল, "দেখ দেখ গঙ্গা দেখ অ্নল।" দেখিলাম বিলাসিতাময়ী গঙ্গা, কর্ম্মকুলা গঙ্গা, সংসারী গঙ্গা। সে অপূর্কর রমণীয় মুর্ত্তি বিশুদ্ধা অলকনন্দা নয়। দেখিলাম পথে রাস্তায় যেন, কি একটা ভূল বুঝেছে সব, হৈ কৈচেড সব, যেন উন্মাদ মুর্ত্তি।

বাড়ী আসিয়া মনে হোলো কি হোলো? ছেলে দেখে মনে হোলো সংসারেরই একজন। ছটী মাস ঐ গল্প, ও ঐ চিন্তা। ইতিমধ্যে একদিন যোগোছানে গেলাম, প্রাণটা জ্ডুলো। ভাবিলাম থাক্তে পার্বো। ভারপর ওরা জারুয়ারী ইটালীতে স্বামী প্রেমানন্দজীর দর্শন ঘটিল, বড় শান্তি পেলাম। তারপর সর ১০২২ সালে পৌষ মাসে পূজ্য স্বামী ব্রহ্মানন্দজী মহারাজের পদে একদ্বিনিয়া বিসলাম, পূণ্যমান বেলুড় ঘামে। বড় আনন্দ হোলো। পিতার কাছে কন্তা যেমন সহজভাবে কথা কহিয়া প্রাণ জুড়ায় তাহাই হুইল। এখন কই, জীবনবন্ধ ভূমি কই ? আগস্তরূপ কই ? আর কেন বিভিন্ন ঠাকুয়! আর ছাট মার ক্রমান বাজ, ক্রপা ক্রপা ক্রপাতেই সব হউক নাথ।



জীবনের পথে ধরি ধরি করি
ধরাধরি নাথ হর না,
তোমাতে ড্বিরে তোমামর হব
আমি আমি আর রব না।
দিরে মন প্রাণ তোমারি ভিতরে
ড্ডাব প্রাণের যাতনা
খেলা চুকে যাক বেলা হোরে এল
এত দুরে আর রব না।
হোরে ধাক সথে প্রাণারাম ধর্ম
যা হবার শেব কর্ম না,
কে তুমি কে আমি অন্তরতম
যুচেযাক ভূল ভাবনা।
(সমাপ্ত:)
ওঁ নমো ভগবতে রামক্রফার।
শান্তি: শান্তি:।

ভক্ত কিছুৱী।

#### निद्वपन ।

বুলার জনম মোদের, খুলার অন্ধ ছটী নরন।
ভাই নিত্য অনিত্য চিনিতে নারি ওহে দীনশরণ ॥
আমি অবোধ অজ্ঞান শিশু, বেড়াই সদা খুলা থেলে।
ছুটীরে দিয়ে খেলার নেশা, লইবে নাকি কোলে তুলে ॥
তা না হ'লে প্রভু, আর কভু ও নেশা ছাড়িতে নারিব।
হ'রে অচেতন সারাটী জীবন নায়ায় বন্ধ রব ॥
আমি অতি মৃঢ় জন, না জানি কিবা কর্মা, ভক্তি, জ্ঞান।
আসন দোবে যাইগো ভেসে মারাপাশে হ'রে অজ্ঞান।
( তুমি ) ক'রে কর্মক্ষম ওহে দয়ায়য়, বিতর শান্তি প্রাণে।
বান শয়নে, স্থানে, জাগরণে, না ভূলি তোমা ধনে।
নাহি জানি তন্ম, মন্ত্র, তুমিই আমার সাধনমন্ত্র।
বা করাওগো প্রভু করি আমি, তুমি মন্ত্রী আমি বন্ধ।
জানি তুমি পভিত পাবন, পতিতেরে ক'রে তারণ।
অভ্যন্ত দার্ভী(গো) স্থান, এই তথু মোর নিবেদন ৪

অক্তিশ্ৰতি বোৰ।

#### শ্রী শ্রীরামকৃষ্ণ শ্রীচবণ ভরসা।

#### জয় গুরুদেব !!

## তত্ত্ব-মঞ্জরী

উনবিংশ বর্ষ, একাদশ সংখ্যা। কাল্পন, সন ১৩২২ সাল।

### প্রোপের কথা।

জ্ঞী ব্রামকৃষ্ণদেব, কাঙ্গালের স্থা, পাতকীতারণ, দীনবন্ধ, দরাময় দ্বা কর দৈক—এই পাপ পজিল সরোবর হইতে উদ্ধার কর, মায়া মোহ পক্ষে দিন দিন ডুবিয়া যাইতেছি, ইছা হইতে তৃমি উদ্ধার না করিলে কেমন করিয়া উদ্ধার হইব দেব প

প্রাণের ঠাকুর, দয়াময়, তোমার দয়াতে কত পাপী উদ্ধার ইইরাছে, কত লোক সংসার অরণ্যে পথ পাইয়াছে, আমাকেও পথ দেখাও।

অজ্ঞানতিমিরাক্কস্ত জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুক্লীলিতং যেন তক্ত্রৈ প্রীগুরবে নমঃ॥

জ্বগৎশুরু, তুমি জ্ঞান অঞ্চন দারা আমার অজ্ঞান অন্ধকার চক্ষ্ আলোকময় করিয়া দাও, যেন ভোমার পাদপদ্ম দর্শন করিতে পারি। তুমি যদি রুপা করিয়া মোহ, সৌন্দর্য্য, রঙ্গপ্রিয়ভা প্রভৃতি চক্ষ্ রোগ বিনাশ না করিয়া দাও, সাধ্য কি আমার, যে তোমার অনাদি অনস্ত রূপ (এই চর্ম্ম চক্ষে) মেছিব ?

বাঁহারা ভক্ত, তাঁহাদের কথা খতন্ত। কেন না, শম, দম, লাছা, সমাধান,

উপরতি, তিভিক্ষা এই ষট্ সম্পত্তি তাঁহাদের আরস্ত, নির্লিপ্ত ক্ষাঞ্জন্ম তোমাগত প্রাণী বিহার দেরপে ভক্তি ) গভীর বিহান, ঘোর একাগ্রতা, তাঁহারা ত নিজেই পথ চিনিরাছেন, নিজের উদ্ধার নিজেই করেন, কিন্ত দেব, আমি যে একেবারে নিংল, আমার উন্নত কর্মফল কিছুই নাই, এই দেহ আক্ষন্ম ষড়রিপুর (কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাংসর্যা) অধীন, মন পদ্ম পত্রের ক্ষলের ন্তার চঞ্চল, আমার গতি কি হইবে ?

সাধু লোকে তরাইতে সর্বদেবে পার্রে। পাপীরে তরাণ যিনি ঠাকুর বলি তাঁরে॥

প্রাচীন কবি ক্বান্তিবাস, আন্তরিক আব্দার সহকারে তাঁহার রামায়ণের শেষ ভাগে উক্ত কথা কয়টি প্রীপ্রীরামকে উদ্দেশ্য করিয়া লিখিয়াছেন, আমিও তাঁহারই নিদর্শন লইয়া তোমার শ্রীচরণ ভরসা করিয়াছি, শরণাগত পালক বহান হাদয় দেবতা আমার, দীনহীনা আশ্রিতাকে রক্ষা কর।

যো যাকু শরণ নিম্নে

সো রাথে তাকু লাজ।

উन्ট कल महनि हल

বহি যায় গজরা<del>জ</del>॥

ৰহাত্মা তুৰ্দী দাস তাঁহার প্রাণের ভাব কেমন কবিতার কুটাইরা দিরাছেন, বে বাহার শরণাগত সে তাহাকে রক্ষা না করিয়া থাকিতে পারে না। বল্শালী উন্মন্ত হন্তীও যে স্রোতন্থিনীতে ভাসিয়া যায়, ক্ষুদ্র কুদ্র মৎস্ত সকল আশ্রমণক্ষ ও শরণাগত বলিয়া তাহাতে ইচ্ছামত বিচরণ করে।

ভবকাণ্ডারী, আর ভব-সমূত্রে হাবুড়ুবু থাওয়াইও না, কৃলে ভুলিয়া লও। আমি পতিতাধম বলিয়া পতিতপাবন তুমি বিমুথ হইও না।

আমি একদিনও ভাবি নাই বে, কোন্টা ঠিক আর কোন্টা বেঠিক পথ, সে প্রবৃত্তিও তুমি দাও নাই। কেমন করিয়া তোমাকে পূলা করিলে তোমার কুপা লাভ করিতে পারিব, কেমন করিয়া ডাকিলে তুমি কাণে ভন, তাহা ও আমি কিছুই জানি না।

তোষারই জনৈক্ষ, জ্ঞানী ভক্ত গভীর জ্ঞানের পরিচন্ন দিরা তাঁহার ভক্তিবৃত্ত ক্ষবিতা পুস্তকে প্রথম ভারেই লিথিয়াছেন,— বিশ্বাস থাকিলে ভৃক্তি হন্ন ভরপুর ৷ ভক্তিতে মিলায় ক্লফ ভর্কে বহু দুর ॥

বিশাস ও ভক্তি অনেক তফাৎ, কিন্তু ছুইটিতে বড় সুন্দর সংমিশ্রণ ? প্রথমটা থাকিলে দ্বিতীয়টিকে আসিতেই হুইবে। আর দ্বিতীয়টি থাকিলে প্রথমটি আপনা হুইতে আসিয়া পড়ে। রূপাময়, রূপা করিয়া এই ছুইটির একটি রত্ন (গাঢ়তা সহকারে) আমার হৃদয়ে জাগাইয়া লাও, আশায় বঞ্চিত করিও না। আমার ভ্রমা কেবল তুমি, কেমন করিয়া প্রাণের কথা নিবেদন করিতে হয় আমি তাহা জানি না। ভিতর হুইতে তুমি যাহা খুঝাইয়া লাও তাহাই বৃঝি, তুমিই বুঝাইয়াছ—

যেতু সর্বাণি কর্মাণি মরি সংক্রন্থ মৎ পরা: ।\*
অনন্যেনৈব যোগেন মাং গ্রায়স্ত উপাসতে ॥
তেষামহং সমৃদ্ধন্তী মৃত্যু সংসার সাগরাই ।
ভবামি ন চিরাৎ পার্থ মর্য্যাবোশত চেতসাম ॥

গীতা ১২ অং ৬।৭ শ্লোক ৷

তুমি ভিন্ন আমি আর কিছুই জানি না, তোমাকে জানি (ভরসা করি) কিছু
তুমি কিসে সদয় কিসে নির্দিন্ন তাহা জানি না। আমার মন্ত্রভন্ত, বিবদল, গলালকা
কিছুই নাই। প্রেম. ভক্তি, অশুজল নাই, আমি অতি দীনহীনা। দীনভারপ,
আমাকে শিথাইয়া দাও কেমন করিয়া তোমাকে ডাকিব, সংসার সমুজে ভূবিরা
মরি, চরণতরি দিয়া উদ্ধার কর।

নিথিকজনহিতার্থং ত্যক্তবৈকুণ্ঠবাসং । ধৃতনবনরদেহং দিব্যভাতিপ্রকাশং ॥ বিজিতবিষয়চেষ্টং হঃথসৌথ্যেনিরাশং । বিভূবনজনপুজ্যং রামক্তব্যং নমামি ॥

ভক্তপদাশ্রিতা বিনীত সেবিকা
শ্রীমতী গোলাপবাসিনী দেবী ১

## বোগোদ্যানে প্রীরামচন্দ।

(পূর্ব্ব প্রকাশিত ২৩৪ পৃষ্ঠার **পর।**)

রামচন্দ্র যোগোদ্যানে যাইয়া বাদ করিবাব প্রায় দেড় বংসর পূর্ব্ধ হইতে রিপণ কলেজের কতকগুলি ছাত্র ধত্মজিজ্ঞাস্থ হইয়া রামচক্র ও মনোমোহনের নিকট আসা যাওয়া করিতে লাগিলেন। প্রথম প্রথম তাহারা কানীপুরে মহিমচন্দ্র চক্রবর্ত্তী মহাশয়ের আশ্রমে যাতাঘাত করিতেন, পরে তাহারা ক্রমশঃ রামকৃষ্ণ সমাচার অবগত হন। ভক্তবর মহেন্দুনাথ গুপু মহাশ্যু ঐ সময়ে রিপণ কলেজের অধ্যাপক ছিলেন, তাঁহার নিকটেও ইহারা ঠাকুবের কথা শ্রবণ করিতেন। এই বুবকণণ মাছ, মাংস খাইতেন না, তেল মাথিতেন না, কাহারও মাথায় চুল, কাহারও হাতে পায়ে নথ, এবং ব্রহ্মচর্য্যে ও সংকার্য্যে ইহাদের বিশেষ অফুরাগ দেখা যাইত। রামচন্দ্র ও মনোমোহনের সহিত যথন তাঁহাদেব পরিচয় হয় নাই, সেই সময়ে তাঁহারা এক ববিবারে ভিক্ষা করিয়। কিছু চাউল সংগ্রহ করিলেন, এবং নারিকেলডাঙ্গা মেন বোডের শেষ প্রান্তে একটা উদ্যানে তাঁহারা রামক্লফদেবের ভোগরাগ দিয়া একটা ছোট উৎসবের আবোজন করিলেন (১২৯৬ সালে যোগোছানে আই রাসক্রক উৎসবেধ পুরের )। এই যুবকগণ যদিও রামচক্রাদির নাম অবগত ছিলেন, কিন্তু সাহস করিয়া তাহাদিগকে উৎসবে নিমন্ত্রণ ফরিতে পারেন নাই। তাঁহারা কতক ওলি কাঙ্গালী খাওমানর বন্দোবন্ত করিয়াছিলেন। উৎসব একটী রবিবারেই পার্গ্য হইস্যাছল। ঐ দিনে রামচন্দ্র, মনোমোহন এবং আরও ২।৪ জন ভক্ত যোগোদ্যানে প্রাতেই গিয়াছিলেন! তাঁহারা লোকপরম্পরায় শ্রবণ করিলেন যে, নারিকেলডাঞ্চায় কতকগুলি যুবকে মিলিয়া ঠাকুরের উৎসব করিতে-ছেন। এই সংবাদে তাঁহাদের অন্তরে আনন্দ উথলিয়া উঠিল এবং ঐ যুবক-গণকে দেখার সাধ ছইল। প্রভু নিত্যানন যে বলিয়াছিলেন, "যে জম গৌরাজ ভজে সেই আমার প্রাণ বে" এ কথার সত্যতা আমরা রামচস্ক্রের জীবনে শত শত ঘটনায় প্রত্যক্ষ করিয়াছি। রামক্ষ্ণ নাম কেছ মুখে লইলেই, রামচন্দ্রের সে ব্যক্তির নিকট আর কোনও হিধা থাকিত না। স্থতরাং রামচন্দ্র ও মনো-মোছন, মাধব ( ভূজ্য ) সহ সন্ধান করিতে করিতে বেলা প্রায় ১॥০টার সময় তথার গিয়া উপস্থিত হইলেন। তাহাদিগকে দর্শন করিয়া যুবকগণের আন্দের

আর পরিসীমা ছিল না। উদ্যানটীতে ধাক্তকেত্র ছিল, তাহার উপর দিয়া চলিতে চলিতে রামটক্র ও মনোমোহনের পায়ে যে কর্দম লাগিয়াছিল, তাহা যুবকগণের প্রণাম ও পদ্ধৃলি গ্রহণেই অপকৃত হইয়া গেল, শ্লদারা ধৌত করিবার আর বিশেষ প্রয়োজন ছিল না। ইহাদিগের উৎসাহে যুবকগণ পরম উৎসাহিত হইয়া উৎসব কার্য্যে নিযুক্ত হইল। কাঞ্চালীগণকে পরিতোধ **রূপে** প্রাণাদ থা ওয়াইল। যথন দব শেষ হইল, তথন রামচক্র ও মনোনোহন যুবক-গণকে সঙ্গে লইয়া প্রসাদ পাইতে বসিলেন। ধন্ত গুৰুকগণ। ধন্ত ভৌমাদের ভক্তি ও অমুরাগ! আজ যে রামচন্দ্র ও মনোশোহন তোমাদের নিকট 📲 জিয়া খুঁজিয়া আসিয়া উপস্থিত হইয়াছেন, জানিও ইহা প্রীশ্রীঠাকুরেরই সাক্ষাৎ আগমন। কারণ কোন্নগর হরিসভায় ঠাকুরের যখন একবার নিমন্ত্রণ হইয়াছিল, তথন তিনি তথায় স্বদেহে না যাইয়া রামচক্র ও মনোমোহনকে ভাকিয়া কহিয়াছিলেন খে, তোমবা বুভাই তথার যাও, তোমবা গেলেই তথায় আমার হাওয়া হইবে। আজ সেই ছুট ভাই তোমাদের মধ্যে আসিয়া, তোমাদের স্থিত একসকে বিসিয়া ঠাকুরের এবসাদ পাইডেছেন ও জয়ধ্বনি ক্রিতেছেন। তোমরা প্রম সৌভাগ্যবান! তোমাদের চরণে এ দীন শত শত বার নত ইইয়া আশীৰ্কাদ ভিক্ষা করিতেছে, কুপা করিয়া বর দাও, যেন তোমাদের ভক্তি ও অহরাগের কণাও এ জীবনে লাভ করিয়া ধন্ত হইতে পারি।

সেই দিন হইতে এই যুবকগণ\* রাম ও মনোমোহনের বিশেষ প্রিয় হইলেন। উাহারা কথন সিমুলিয়ার রাম ও মনোমোহনের বাড়ী যাইয়া ধন্মালোচনা করিতেন, কথনও বা রবিবারে যোগোদ্যানে যাইতেন।

যোগোদ্যানে এই যুবকগণ ঘনিষ্ঠভাবে যাতায়াত আরম্ভ করিলে, ক্রন্মশঃ ইহাদের সহপাঠী এবং বন্ধুগণও তথায় যাইতে আরম্ভ করেন। ক্রন্মে কুঞ্জ, যহুপতি, শিবনারায়ণ, ত্রৈলোক্য, হরিমোহন, স্থরেশ, বিপিন, শনা, শরৎ, স্থরেন, দেবেন, শ্রাম, বিজ্ঞয়, বিধু, অমুকূল, কিরণ, অবিনাশ, ললিত, রাজেন, উপেন, ভূদেব, নন্দ, বরেন, অক্ষয়, থপেন, কালী, উপেন, রুষ্ণ প্রভিতি যুবকর্ন্দ অতি অব্ল সম্বের মধ্যেই একে একে আসিয়া জুটিলেন। এই সকল যুবক-

<sup>\*</sup> থগেন, স্থারি, কালী, শানী, হরিপদ, খেলাৎ, প্রিয়নাথ, উপেন, স্থান, বিজয় প্রভৃতি।

গণের নবালুরাগের দেইকালের মৃত্তি অরণ হইলে সত্য সতাই প্রাণ ঈশর পথে ধাবিত হইবার জন্ম বাকুল হয়। কেহ কেহ শনিবার অপীরাফ্রেই যোগোল্যানে আদিতেন। কেহ কেহ বা এইরূপ করিতে করিতে শেবে বোগোল্যানে রহিয়াই গোলেন। ১২৯৮ হইতে যোগোল্যান, মহর্ষির পবিত্র পুণ্যাশ্রম বলিয়া সকলের ধারণা হইল। যেন দেই সভাযুগের গুরু ও শিশুর্লের অপূর্ব প্রেম ও শিক্ষার মধুর স্মিলন।

১২৯৬ সালের জন্মাষ্টমীতে যোগোদ্যান হইতে শ্রীশ্রীটাকুরের শিথো প্রতি-মুর্ত্তি সাধারণ মুধ্যে বিভব্নিত হইয়াছিল। আমাদের জনৈক বন্ধু (প্রিয়নাথ) তাঁহার কলিকাতান্ত বাসগৃহে ঐ ছবি একথানি সমত্নে বাঁধাইয়া টাঙ্গাইয়া রাখিয়া-ছিলেন। একদিন আমরা তাঁহার সহিত দেখা করিতে গিয়া ঐ ছবিথানি দেখিয়া জিজ্ঞাদা করিলাম—"এ কি? এ কাহার ছবি ? রামক্রক পরসহংস কে ?" \* তিনি আমাদের প্রশ্ন যেন শুনিয়াও শুনিলেন না। ও এক থানা ছবি এরূপ বলিয়া কথা চাপিয়া রাথিলেন। পাছে আমরা শুনিয়া ঠাট্রা করিয়া তাঁহাকে উপহাস করি, এইজন্য কোনও কথা প্রকাশ করিংলন না। প্রিয়নাথ আমাদের স্বদেশবাসী ও আত্মীয়। ১২৯৬ সালের স্কুলের গ্রীব্মাবকাশে যথন বাড়ী যাওয়া গেল, তথন প্রিয়নাথের ভাব আমাদের নিকট প্রকাশ হইয়া পড়িল, অর্থাৎ আমরা প্রিয়নাথের মুখে ভনিলাম যে, তিনি ইহাকে ঈশরের অব্তার বলিয়া বিশ্বাস করেন এবং পূজা করিয়া গাকেন। আমাদের বেশ মনে আছে, তাঁহার মুখে এই কথা শুনিয়া, আমরা তাঁহার সহিত,বিজ্ঞপসূচক কথাবার্তাই কহিয়া-ছিলাম। কিন্তু প্রিয়নাথ তাহাতে কোনওরূপ বিচলিত ভাব দেখান মাই। আশ্চর্যা রামকুষ্ণ মহিমা! ক্রমশঃ আমাদের মন যেন রামকুষ্ণ পানে টানিতে লাগিল। আমরা প্রিয়নাথের নিকট একটু আধটু করিয়া রামক্বঞ্চকাহিনী ভনিতে লাগিলাম। ছুটী ফুরাইয়া গেলে আবার যথন কলিকাডায় আদিলাম, ত্থন প্রিয়নাথ সহ একবার 'বরাহনগর মঠে' বাওয়া গেল, একদিন মহেন্দ্রনাথ গ্রপ্ত মহাশ্যের বাদাবাড়ী হাতিবাগান, রাজাবাগান দ্বীটে যাওয়া গেল, এবং এক্দিন দক্ষিণেশ্বর কালীবাড়ীতে যাওয়া গেল। রবিবার বা অবকাশ দিবস

ছবিতে 'রামকৃষ্ণ পরমহংস' নামটা লেখা ছিল।

হইলেই এইরূপ কথন তাঁহার সহিত কথনও বা নিজদের স্থবিধামত এই সকল ছলে যাতায়াত করা যাইত। সেই সময়ে মঠন্থ শলী মহারজ ও বাব্রাস্থ মহারাজের সেই সময়ে ভালবাসা, ও আলাপ এখনও মনে পড়ে। উঃ, সে আজ ২৫ বংসরের কথা। সেই মুন্সীবাব্দের ভালা বাড়ীতে মঠ; তখন প্রায় কেছ গেল্ডরা বসন পরেন না। ঠাকুরের উপদেশ ও ধর্মভাব জীবনে পালন ক্রিবার জন্য সকলেরই বিশেষ আগ্রহ। আমাদের বয়স তখন ১৬ বংসর হইবে। ধর্মের বিশেষ তক্ত কিছু ব্রিতাম না, ভবে এই সব সল্প এবং প্রসঙ্গ বেশ ভাল লাগিত।

বন্ধ প্রিরনাথ এই সব স্থল যদিও দেখাইলেন, কিন্তু যথনই তাঁহাকে যোগোভানে যাইবার জন্ত বলিতান, তিনি বলিতেন "সে, সময় হইলেই হইবে, ব্যস্ত
হওয়ার আবশ্রক নাই।" এইরূপে যথন ১২৯৮ সালের শ্রীপ্রীরামক্ষকাৎসবের
সময় (জনাইনী ১০ই ভাজ, বুধবার) আসিল, সেই সময়ে প্রিরনাথ সঙ্গে লইয়া
ঘাইতে সম্পত হইলেন। সেটা যোগোদ্যানে যঠ বার্ষিক উৎসব। আমরা ঠিক প্রাতে

ইঘটিকায় সেবক রামচন্দ্রের মধুরার লেনস্থ ১১ নং (উপস্থিত ২৬ নং হইয়াছে)
বাটীতে যাইয়া উপস্থিত হইলাম। আমরা ঘাইয়া দেখি, সংকীর্ত্তন সম্প্রদার
রামচন্দ্রের গৃহ হইতে বাহির হইয়া ছারদেশে সমবেত হইতেছেন। সম্প্রদারের
মধ্যস্থলে যিনি দাঁড়াইয়া আছেন, শুনিলাম, উনিই রামবাবু। তাঁহার পরিধানে
একথানি খানের ধুতি, গায়ে একথানি মোটা মুড়ি সেলাই করা চাদর। শীর্ত্তন
আরম্ভ হইল,—

"বিষম বিষয় ভূষা গেল না, হল না দীনের উপায়। পেয়ে জ্রীচরণ, করি নাই হে যতন, পরম রতন হারালাম হেলায়"

থাদ ও মহড়া করিয়া গান গীত হইতে লাগিল। গোষ্ঠ,\* তাহার সহবোগী বামেন সহ মধুর ধ্বনিতে থোল সঙ্গত করিতে লাগিল। তালে তালে করতালি ধ্বনিত হইতে আরম্ভ হইল। এরপ মর্মান্সার্শী কীর্ত্তন জীবনে আর ক্থনও শুনি নাই। গান চলিতে লাগিল—

> র্ণবিবেক স্বহিত, বাসনা ভাড়িত, ভ্রমে মন্ত চিত হার। আশার নিরাশ, হতাশে হতাশ, দীর্ঘখাসে দিন যার॥

ইনি গোরাবাগানে থাকিতেন, ঠাকুরের কাছে বছবার বাজাইয়াছেন।
 ঠাকুর ইছাকে বড় ভালবাগিতেন।

( আশা কবে বা যাবে হে, আশা গেল না গেল না,
— বিষয় লাল্যা আশা—আশা গেল না গেল না),

সংগীতের আঁকর মর্ম্ম ভেদ করিয়া সকলেব হৃদয় বিদ্ধ করিল। গায়ক ও শ্রোতার নয়নে জলধারা বহিতে লাগিল। সেই সঙ্গে সাঁক্ষে ভাদ্রের মেঘ ভরা আকাশে ঘন দল আরও ঘনীভূত হইল। তাহারাও ভক্তগণের বাণায় সহামুভূতি প্রকাশ করিয়। জলধারায় সদয় বেদনা জানাইল। ভক্তগণ আবার গাহিতে লাগিলেন—

"ব্যাপিত অবনী, ব্যোদনের ধ্বনি, শুনিয়া শিহরে প্রাণ।
দুমে অচেতন, না ম্যালে নয়ন, মোহ নহে অবদান।
( চেতন হল না হল না. আরেরে পামর মন!
গুণা দিন ফুরায়ে এল— চেতন হল না হল না)"

গান হইতে হইতে ক্রমশ: জন সংখ্যা রৃদ্ধি পাইতে লাগিল। প্রায় ৪০।৫০ জন তথন সন্মিলিত হইয়াছেন। রামচন্দ্র স্বয়ং মহড়ায় থাকিয়া গান ধরিয়া ধরিয়া গাহিতেছেন ও গাওয়াইতেছেন। আবার গান ধরিলেন—

"ভবে ভীম দরশন, অবিরত কুস্থপন,
মায়ার নেশায় মন, জাগিতে না পারে।
পাথারে তরঙ্গ রোলে, পৈশাচিক গওগোলে,
হথ হংথ মাঝে দোলে নিবিড় আঁধারে।
(প্রাণ শিহরি উঠে হে, তরঙ্গের রঙ্গ দেথে,
প্রাণ আকুল যে হল হে, কার মুথ বা চাব হে,
কাঙ্গাল বলে দয়া করে—আর কেবা আছে হে
চরপে শরণ নিলাম, দয়া কর হে কর হে)
অকুলে না কল পায়, দায়ণ শৃঙ্খল পায়,
নিরানন্দ নিরুপায়, পলাইতে নারে—
হও হে উদয় আসি, বিকাশি প্রেমের হাসি,
ঘোর ভ্যোরাশি নাশি নিভার হন্তারে॥
(আমি জ্বলে যে মলাম হে,—অিতাপ দাবানলে,
আর কেবা আছে হে—অনাথ বলে দয়া করে.

আমার হাবস কমলোপরে, দীন হীন কাঙ্গালে ডাকে, ক্ষমল কুঞ্জিত আছে হে, চরণ অরুণ অদর্শনে )" এইবার গানের মেলতা—

"তোমা ধনে, প্রভু নাহি মনে, রাথ রাঙ্গা পায় হে করুণায়।"

मम्पूर्व भानी पाष्या इरेल, धीरत धीरत मकरन अधमत रहेर नागिरनन। গাহিতে গাহিতে ঠাকুরের শুরভক্ত হুরেন্দ্রনাথ মিত্রের বাটার সন্মুখে আসিরা দাঁড়াইয়া আবার থানিকঁকণ গান হইল। তথায় স্বর্গীয় স্করেক্রবাবুব ভ্রাতাগণ উপস্থিত থাকিয়া সকলের অভার্থনা করিতেছিলেন। তথা হইতে কীর্ত্তনের দল পুন: অগ্রসর হইতে লাগিল। ক্রমে হুকিষা খ্রীটের মোড়ে ডাক্তার ত্রীবৃক্ত কৈলাসচক্র বস্থ রায় বাহাত্র মহাশব্যের বাটীর সমূতে আসিয়া দাঁড়াইরা আবার গান ২ইতে লাগিল। তথায় গান সমাপ্ত হইলে সম্প্রদাব তথন কর্প প্রমালিস খ্রীট দিয়া মাণিকতলার রাস্তায় অগ্রসর হইলেন। সম্প্রদায় যতই চলিতে লীগিলেন, সেই সঙ্গে ক্রমশঃ জন সাধারণ সন্মিলিত হইতে লাগি-্লেন। যে সময়ে ভ'ড়িপাড়ায় ঠাকুরবাটীর সন্মুথে গান হইতেছিল, সেই সময়ে অতি ঘনঘটা করিয়া বৃষ্টি আসিল। সম্প্রদারস্থ পায়কগণের তাহাতে ক্রকেপ নাই। তাঁহারা যেন তন্ময়চিত্তে গান গাহিতেছেন। ঠাকুর রামক্রককে শ্বরণ করিয়া তাঁহাদের চক্ষে যে জলধারা বহিতেছিল, আকাশের জল সে জলে মিশিদা ভূপুঠে প্রবাহ বহাইয়া দিল। ভক্তজ্বদয়ের পবিত্র প্রেমধারা ত্রিতাপ-তাপিত ধরাতলকে সিক্ত কবিয়া তাহাকে পবিত্র করিল। বিশেষতঃ সেবক বামচছের যে করণামাথা মৃতি দেখিয়াছিলাম, দে ছবি আজও এ হাদর-মাৰে বিশ্বভাবে অন্ধিত রহিয়াছে। একজন শিক্ষিত, অর্থবান, মাগুমান, বৈজ্ঞানিক ডাক্তারু যে, এতদুর দীনভাবাপন্ন হইতে পারেন, পূর্বের আমাদের बीवान দে জ্ঞান কথনও ছিল না। রামচক্রই আমাদের সেই ছবি প্রথম দেথাইয়া-एहन। निख्नवत्त्र कर्ममांक भारत्र त्रामहक व्यक्षतत्र इहेर्ड नाशिलन-मरक नाम नश्कीर्खन छ हिना ।

মাণিকজ্ঞা বাজারের সমূথে ভক্তবর পরলোকগত হরিলক্তা মৃত্যফী মহাশরের বসভ্বাটী । সেই বাটীর সমূপে সম্প্রদার আর একবার দাঁড়াইরা গান গাহি-লেন। হরিশবানুর পুত্র তারাপদ আমাদের সহপাঠী, তাহার সহিত সাক্ষাৎ ঘটিণ। সম্প্রদার তৎপরে সারকুলার রোড পার হইরা মাণিকতলা মেন রোডে পড়িল। নথালের পুল পার হইরা যথন অপ্রসর হইতে লাগিল, তথন চারিদিকে গাছপালা এবং নির্জ্জন দেখিয়া মনে একটু কুতৃহল জানিতে লাগিল। এরূপ পথে ইতিপূর্বে কথনও ভ্রমণ করা হয় নাই। সম্প্রদার একটা ধুয়া ধরিয়া অগ্রসর হইতে লাগিলেন। বেলা প্রায় ১১॥০টা বা ১২টার সময় সম্প্রদার যোগোছানে পৌছিল।

যথন যোগোদ্যানে পৌছিলাম, কীর্ন্তন সম্প্রদায়ে তথন প্রায় শতাধিক লোক সম্প্রিলিত। দেখিলাম আরও প্রায় শত জন উদ্যানে সমবেত হইয়াছেন। ক্রমশঃ সম্প্রদায় শ্রী শ্রীঠাকুরের শ্রীমন্দিরের সম্মুখে যাইয়া উপস্থিত হইয়া কীর্ত্তন করিতে লাগিলেন। দে করুণামাথা কীর্ত্তনের ভাব এখনও মনে হইলে চক্ষে অশ্রুধারা প্রবাহিত হয়। ঠাকুরের বিরহ বার্থার ভক্তপ্রাণ যে কিরপ বার্থিত, সেই সময়কার সেই চিত্র ঘাঁহারা না দেখিয়াছেন, তাহা তাঁহাদিগকে বুঝাইতে পারিব না। ভক্তগণ কীর্ত্তন করিতেছেন আর নয়নধারায় ভাসিতেছেন। অবশেষে কীর্ত্তন করিতে প্রভুর শ্রীমন্দির সাতবার প্রদক্ষিণ করিয়া সকলে প্রভুর শ্রীচরণে প্রণত হইলেন। সকলের সমবেত 'রয় রামকৃষ্ণ' নাদে গগনপ্রান্ত ভাইয়া গেল।

কীর্ত্তনাম্বে ঠাকুরের ভোগ ও আরতি হইল। ঠাকুরের তির্ন দিক হইতে তিনজনে আরতি করিতে লাগিলেন। এরূপ আরতি পূর্বে আর কথনও দেখি নাই। ঐ আরতির সহিত বাহিরে থোল, করতাল, কাঁসর, ঘড়ি ও গং ইত্যাদি তালে তালে বাজিতে লাগিল। ভক্তগণ সমন্বরে উচ্চরবে 'জয় জয় 'রাষক্রফ' নাম ধ্বনিত করিতে লাগিলেন। প্রায় আধ ঘণ্টাকাল এইরূপ আরতি হইয়াছিল।

ঠাকুরের সম্থ্য এখন যে নাটমন্দির নির্মিত হইয়াছে, তথন সেরপ ছিল না।
মাত্র সমূধের চাডালটী ছিল এবং তাহার উপরে হোগলাধারা লামরিক আচ্ছাদর্ন
নির্মিত হইয়াছিল। এবং শ্রীমন্দিরের পশ্চাংভাগে আরও একটী ঐরূপ আচ্ছাদ্বন নির্মিত হইয়াছিল। এই আচ্ছাদন তলে সর্বাপ্তে ব্রাহ্মণগণকে প্রসাদ
পাইবার জন্য আহ্বান করা হইল। আমরা প্রান্ন ৭০৮০ জন তথার বিদ্যা
প্রসাদ পাইলাম। প্রসাদ প্রাপ্তান্তে যথন উঠিয়া আসিলাম, দেখি চাতালটী ছই

ভাগে বিভক্ত করিয়া, উহার পশ্চিমাংশে অন্যান্ত ভক্তগণকে প্রশাদ দেওরা হইরাছে, সকলে আনন্দে প্রদাদ পাইতেছেন। পূর্বাংশটা অর্বাণ্ট প্রকুরের সম্মুখভাগ জন্যান্য কার্ত্তন সম্প্রদায় আসিয়া তথায় গান করিবেন বলিয়া থালি রাখা হইরাছে। আমরা আসিবার কালে যদিও পথে মধ্যে মধ্যে বৃষ্টি পাইরাছিলাম, কিন্তু যোগোল্যানে আসার পর আর বৃষ্টি হয় নাই। স্থ্যদেব তথন কিরণ বিস্তার করিয়াছেন। আমরা প্রায় ৬ ঘটকা পর্যান্ত যোগোদ্যানে ছিলাম। তন্মধ্যে আরও ৪০৫টা কর্মজন আসিয়া গান করিলেন। একটা স্থবিধ্যাত বংশীবাদক শ্রীষ্কুক হাব্রাব্র (অমৃতলাল দন্ত) সম্প্রদায়। অপরটা হার থিয়েটারের স্থগায়ক ও প্রেষ্ঠ অভিনেতা শ্রীযুক্ত অঘোরনাথ পাঠক মহাশয়ের সম্প্রদায়। ইহাদিগের গানগুলি দেবকমগুলীর গানের কাগজসহ একমোণে মুন্ত্রিত হইরাছিল।

আমরা যোগোদ্যানে এবারে নৃতন গিয়াছি। কাহায়ও সহিত বিশেষ আলাপ পরিচয় নাই। স্কুতরাং আমাদের সহযাত্রী প্রিয়নাথের সহিতই মাঝে মাঝে আলাপ হইতে লাগিল। যত লোক আসিতে লাগিল, সকলকেই সাদর আহ্বানে প্রসাদ পাওয়ান হইতে লাগিল। যতক্ষণ ছিলাম, দেখিলাম প্রায় ১০ শত লোক উদ্যানে সমবেত হইয়াছিলেন। উহা ব্যতীত প্রীমন্দিরের উত্ত-রাংশে একটা খোলার লম্বা চালাঘর ছিল, তথায় বিশিষ্ট স্ত্রীলোক ভক্তগণ সমবেত হইরা খ্রীপ্রভুর কীর্তনাদি দর্শন ও প্রসাদ গ্রহণ করিয়াছিলেন।

বোগোদ্যানের অতি হৃদ্দর ও মনোরম দৃশ্র। ফটক হইতে সমস্ত রাস্তার হই পার্ছে গ্রাণকাঠের অতিহৃদ্দর বেড়া শ্বসজ্জিত। তাহার ধার দিয়া কোথাও কোটন (পাতাবাহার) বৃক্দের সারি, কোথাও বা তুলদী এবং পূল্ব্রুদ্দের স্বৃদ্ধ্য কেয়ারি করা। এবং বিবিধ ফলফুলের নব নব রক্ষে উদ্যানটী স্থশোভিত। শ্রীশ্রীঠাকুরের জীবনর্ত্তান্ত এবং তত্বপ্রকাশিকা পুন্তক হইথানি কনেক ভক্দের নিকট হইতে দেখিয়া আদিলাম। শুনিলাম শ্রীরামচন্দ্র এবং আরও ২০ জন ভক্ত বোগোদ্যানে নিক্যবাস করেন। ভবিষ্যতে পুনঃ আদিয়া
ভীহাদের সহিত্ত আলাপ পরিচম করিবার বাসনা লইয়া আমরা উদ্যান হইতে অপরাত্রে নিজ্ঞান্ত হইলাম। আরও অনেকে সে সময়ে ঘাইতে লাগিলেন।
বর্ধন আমরা যোগোদ্যান হইতে কিরিলাম, তথন প্রায় ২০০।২৫০ ভক্ত যোগোল

দ্যানে রহিলেন। রামচক্র চঙুর্দিকে ঘৃবিয়া ঘুরিয়া সকলকে প্রসাদ ইজাদি
পাওয়াইবার ব্যবহাদি করিতেছিলেন। যোগোদ্যান—তথাকার প্রীশ্রীসাকুর,
স্থমধুর কীর্তন এবং ভক্তজীবনের এক মহান সাধিকী ছবি আমাদের স্থদরমধ্যে
লইয়া, আমরা ধীরে ধীরে গৃহাভিমুখে চলিলাম। নারিকেলভাঙ্গার মধ্য বিয়া
আমরা কলিকাতার আসিয়া পৌছিলাম। পথে এই সব সংক্রাস্তই আলাপ
হইতে লাগিল। মনে মনে এই চিস্তা রহিল—আবার কবে যোগোদ্যানে বাইব ৪

ে (ক্রেম্খ্র )

(मरक औदिकयनाथ, मञ्जूमनात ।

## আখ্যাত্মিকতার বিকাশ।

The mind which follows the rambling senses, makes the Soul as helpless as the boat which the wind leads astray upon the waters—Bhagabat Gita. ইচ্ছা শক্তির প্রকৃত বিকাশেই মানবের মন্ত্রয়াও । সাংসারিক কৃটবৃদ্ধি ও চতুরতা তাহাকে মন্ত্রয়াওর পথে লইমা যায় না; বরং বিপথেই চালিত করিয়া থাকে। আপনার বৃদ্ধির মাপকাটিতে সে সকলকেই মাপিয়া থাকে। তাহার আশা ও আকাজ্র্যা তাহার ইচ্ছা শক্তির অনুপাতেই। "The height of the Pinnacle is measured by the breadth of the base." মানব এই বিশাল বিশ্বের সংক্ষিপ্ত, অথিল ব্রহ্মাণ্ডের ক্ষুত্রতম অনুভূতি। ঋষিগণ বলিয়া থাকেন—আত্মাতেই বিশ্ব বর্ত্তমান। দেহক্ষণ আবরণ উন্মোচন হইলেই, ঘটাছেয় আকাশ, মহাকাশে মিলিভ হইয়া যায়। মন্ত্রয়াও বিকাশের জনাই বিধাতার মন্ত্রয় জন্ম প্রদান। প্রকৃতি হইতেই তাহার জড়দেহ, জড়দেহই ঘটাছেয় আকাশের আবাদ হল, সে প্রকৃতি অপেকা ক্রেষ্ঠ শক্তিমান।

মানব আপনার প্রকৃত পরিচয় লইবার নিমিত্ত বন্ধপরিকর হও—আয়ুজ্ঞান লাভই ভারতের সনাতন ধন্ম। ইহাই মহাপুরুষগণের উপদেশ। তোমার আন্তরিক অমুরাগ, অবিরাম পরিশ্রম, এই উপদেশ পালনে নিয়োগ কয়। স্থা, বিংখ, হাসি, কায়ার লুকাচুরিতে মুগ্ধ হইও না। আদেশ ক্ষন করিয়া কভু তাহার পশ্চাতে ধাবমান হইতেছ আবার পরমূহতেই তাহাকে কর্জন পূর্কক নব আদর্শ গড়িয়া তুলিভেছ, তুমি কিছুতেই তৃপ্তি পাইতেছ 🖼 । ইহা নহে. উহা নছে, নিয়ত তুমি ইহাই করিতেছ। ইহাই তোমার অবিখানের অত্বীকারের উক্তি। আত্মশক্তিতে আন্থা নাই, অবিশ্বাসে হৃদর পরিপূর্ণ। ওগো অনস্ত শক্তিধর। ভূমি বিশ্বতি সমুদের বারি পান করিয়া ও মারার মোহিনী জালে আবদ্ধ হইয়া আত্ম বিস্মৃত হইয়াছ। এতাবৎকাল প্রকৃতির সহিত তোমার সম্পর্ক স্থির করিয়া আসিতেছ। তুমি কি জানরক্ষ করিতে সক্ষম নও, যে তোমার প্রকৃতির দত্ত পাঞ্চভৌতিক শরীর কেবল মাত্র আশ্রয়ন্থল। ইহাকে আশ্রয় করিয়াই ভোমার প্রকৃত সম্ভার বিকাশ। আশ্রয়স্থল কণভঙ্গুর মুত্তিকাপাত্র, অচিরেই ধ্বংশমুখে নিপতিত হইবে। আত্মা অবিনশ্বর অনস্ত-কাল ধরিয়া বর্ত্তমান আছে ও থাকিবৈ। তুমি মন্ত্রমুগ্নের ন্যায় এই আশ্রয়কেই ভালবাদিয়া থাক, ইহার অধিকারীর অনুসন্ধান কর না। প্রবৃত্তির চরিতার্ধ সাধনের নিমিত্ত হুর্বল, নিরীহ আত্মরকায় অসমর্থ পশুগণের গলদেশে অস্ত্র নিক্ষেপ করিতে বিদ্যাত্রও সমূচিত নও। এই নধর দেহকে রক্ষা করিবার জন্য দগ্ধ, গলিত মাংস ভক্ষণ করিলেও ইহার বিনাশ অবশ্রস্তাবি। পরিপাক শক্তির বিকৃতি না ঘটিলে হয়ত মানব, মানবকেও উদরে নিক্ষেপ করিতে বিন্দ-মাত্রও ইস্করতঃ করিত না। ওহে গর্বিত, অহং জ্ঞানে আছন্ন মানব। আপত্তি উত্থাপন করিয়া লাভ কি ? তুমি শূকর উট্টও আনন্দে গলাধঃকরণ করিয়া থাক, হায়! সশকের প্রতি এত বিরূপ কেন? তোমার এই মরদেহের প্রতি অসীম আকর্ষণ বশতঃ তোমার আত্মা তোমার কার্য্যকলাপে সম্ভূচিত ছইয়াছে। আপনার অনন্ত শক্তিকৈ সদীম করিরা ফেলিয়াছে। তোমার চতুর্দিকের অবরোধ, এই ফুর্ভেন্য প্রাচীর একমাত্র তুমিই অপসারিত করিতে সমর্থ। তুমিই আপনাকে এই মোহজাল হইতে উন্মুক্ত পূর্বাক পূর্বা গৌরবে মণ্ডিত করিয়া তুলিতে পার। ইহার সংশোধন করিতে হইলে, প্রকৃতিকে অতিক্রম পূর্বক আধ্যাত্মিক বিদ্যা করায়ত্ব করিতে হইবে। আভ্যন্তরীণ প্রকৃতিকে দমন করিবার অভ্যাসের সহিত বাছ জগতের উপর আধিপতা করিবারও শক্তি স্বতঃই জাগরিত হইরা উঠিবে ও ভোমার বিপুল ঐশিক শক্তির প্রকাশ পাইমা বিধে গান্তির কণা বিকীরণ করিবে। মানবের ইচ্ছাই বিশ্বপিতার ইচ্ছা। ভগবানের নিজন্ম বাহা, তাহার অধি-

কারীও ভগবান। সেই অসীম অনস্ত পুরুষ প্রত্যেক অনুপ্রমান্থতে বর্ত্তমান।
আপনার ক্রকত পরিচয় পাইতে হইলে প্রথমে তাঁহাকে অবগত হইতে হইবে।
তুমি অনস্ত শাস্ত ও আনন্দদায়ক। সেই অসীম তুমি আবুরণে মাচ্চাদিত হইরা
সসীম। তোমার অবিনশ্বর আত্মা উর্চ্চে উদ্ধান্তি। তাহারই কণা যাহা শারীরিক
যদ্রের ভিতর আবদ্ধ, মান্নার ঘোরে মন্ত্রমুগ্রের ন্যায় মোহাচ্ছের। তলাচ
ভোমার আভ্যন্তরীণ আবেগ ভোমাকে নিয়তই অগ্রসর করাইতেছে। স্থ্প,
শাস্তি পাইবার এই যে প্রবন আকাক্রা, ইহা ভোমারই সেই চিরকল্যাণকর
স্থার শারীরিক ক্রেরে বিক্রত প্রতিফলন। তোমার প্রকৃত সদ্ধার শাত্রবিক
আকর্ষণী শক্তিই তোমাকে অবিরত চালিত করিতেছে। All things are in
a scale; and begin where we will, ascend and ascend. All
things are symbolical; and what we call results are beginnings:—Emerson on "Plato—The Philosopher."

যতদিন তুমি প্রবল বাসনার স্রোতে ভাসমান থাকিবে, ততদিন তোমার উন্নতির পথ নিরুদ্ধ থাকিবে। নিগড়াবদ্ধ মনিবদ্ধের ন্যায় তোমার আত্মা বাহ্ন-পদার্থের অধীন। আবদ্ধ শৃঙ্খল মোচনে সতত চেষ্টিত। নিয়ত পরিবর্ত্তনশীল অবস্থার মধ্য দিয়া অগ্রদর হইতেছে। এই ধারাবাহিক আন্তরিক প্রমাণ ভবিদ্য-তের একমাত্র আশা। জন্ন অবশ্রস্তাবি। নির্বোধের ন্যান্ন বলিওনা ইহা আমাৰ সাধ্যাতীত, আমি ইহা সম্পাদনে অপারক।' প্রবল শক্তিশালী পুরুবের ন্যায় বল আমি ইহার সম্পাদনে সক্ষম। আমিই শক্তিধর। জয়লাভ তোমার ভাগ্যে ঘটবেই ঘটবে। আধ্যাত্মিক চৈতন্তের বিকাশে তোমার আত্মার আবরণ উন্মোচন হইবে। ইহা অলোকিকবাদ ও প্রতিভার কার্য্য নহে। নিয়মিত চিন্তা-শক্তির কার্য্যতৎপরতা ও কৃতসঙ্কল্ল ইচ্ছাশক্তির অমুশীলন প্রবল রাধিয়া আধ্যা-স্থিক ক্ষেত্রে ক্রন্ত ক্রমোন্নতি। ইহা মানবের জীবনীশক্তিকে কেন্দ্রীভূত ইচ্ছা-শক্তির অনুশীলনের উর্দ্ধদীমা অভিমুখে প্রেরণ করিয়া থাকে। নির্বিবাদে সম্পাদন করিবার কার্যা নয়। সারা জীবন উৎসর্গ করিলে হয়ত <del>সুসম্পন্ন করিতে</del> সক্ষম হইবে। তোমারই উপযুক্ত কর্ম। পূর্ণতাই তোমার লক্ষ হউক। এই ু সব প্রস্তাবগুলি ধীর ভাবে আলোচনা কর। স্বপ্লাবস্থায়ও তাহারা তোমার ৰস্তিকে জাগ্ৰত থাকুক। কাৰ্য্যে তাহাদিগকে পৰ্যাবদিত কর। সমতানের

সিংহাসনের উচ্ছেদ ও করুণাময় জগৎপিতার সিংহাসনের প্রতিষ্ঠা, ইহাই তোমার লক্ষ্য ও আদর্শ হউক। ইক্রিয়ের অধানতা হইতে মুক্ত হইতে পারিলু, জড় সম্বন্ধ অতিক্রম পূর্বাক আভ্যন্তরীণ জ্যোতিঃ প্রতিভাত করিয়া আপনার প্রকৃত পরিচয় প্রনঃপ্রাপ্ত হও।—ইহাঁই সত্যের উপলব্ধি। ইহাই মানবকে ভয় ও মৃত্যুর বহিভূতি রাজ্যে লইয় যায়। নব জীবন দান কবে।

এক সময়ে একই বিষয়ে হন্ত নিক্ষেপ কর ও প্রাণপণ নিয়োগ পূর্ব্বক তাহা সম্পন্ন কর। তুমি যেওআদর্শকে প্রতিষ্ঠা করিয়াছ, তোমার উন্নত শক্তির হারা তাহাকে সত্তের কর। কীলকের হক্ষ ধার দিয়া কার্য্য করিতে থাক। প্রত্যেক আঘাত গভীর হইতে গভীরতম প্রদেশে প্রবেশ করাইবে। তোমার উৎসাহকে বিচ্ছিন্ন করিও না। বর্ত্তিকাকে উভয়দিকে দগ্ধ করিও না। সিদ্ধির একমাত্র প্রচ্ছের কারণ—কেন্দ্রীভূত কর্ম। মানব সর্ব্বভূক পাঠক হইতে পারে, Encyclopaedia তাহার কণ্ঠন্থ থাকিতে পারে, তাহার মন্তিক Bodlian পুন্তকাগারে পরিণত হইতে পারে, কিন্তু আভান্তরীণ চরিত্র শক্তিবিশিষ্ট মানবের মহান গোরবের তুলনায় তাহার মূল্য আতি নগণ্য। স্মান রাধিও, তুমি জন্মমূত্যুর আতাত। তুমি অনাদি অনস্ত। জীবনের পরিমিত কাল অতীব অর ; অতএব তোমার আভান্তরীণ শক্তিকে একই উদ্দেশ্যে অন্তর্পাণিত করিয়া, নদী যেমন নিয়ত সামারেই ধাবিত হয়, তত্রপ একই আদর্শের সাধনের পথে প্রবাহিত কর। প্রাণমন একীভূত পূর্ব্বক নীরবে, তোমাব আদর্শান্ত্র্যায়ী কন্ম করিয়া যাও। নানাবিধ অনৈক্য হইতে রক্ষা পূর্ব্বক, নিম্মল, অটল মন্তিক্ষের স্কলন কর।

Education is a man making, life building assimilation of ideas.—Vivekananda. ধীর ভাবে স্থবিবেচনা পূর্কক আদর্শকে গড়িয়া ভূল। আদর্শ প্রতিষ্ঠা হইলে আর অলীক কল্পনা, আসমানে অট্রালিকা নির্মাণ চলিবে না, তথন কর্ম্মের আরম্ভ হইবে। কর্ম্মে সাফল্য লাভ করিতে হইলে ত্রিবিধ কর্ম্মের অনুষ্ঠান করিতে হইবে। অন্তঃকরণ বিনিঃস্ত ব্যগ্র আকাজ্মার প্রবল আবশ্রক। তোমার হৃদয় অযুত ক্ষুদ্র ক্ষুদ্র পার্থিব আকর্ষণে আবদ্ধ। এই অসংখ্য আকর্ষণের হন্ত হইতে পরিত্রাণ লাভ করিতে হইলে স্থান চিরক্রাণোদিত শক্তির অত্যাবশ্রক। পরিত্রতার স্থান্ন সিংহাসন প্রতিষ্ঠা করিবার
ক্রম্মের ওমন একীকরণ পূর্মক গভীর আকাজ্মার স্থলন কর। এতভ্রিম্ব

পথের বাধা, বিশ্ব, অতিক্রম করা তোমার পক্ষে অসাধ্য। আপনাকে এই মহাশক্তির, অপত্রাণে আবরিত কর, প্রতিকূল ভাগ্যলন্ত্রীর নিক্ষিপ্ত শর তোমার হর্ভেন্য অপত্রাণের সংস্পর্শে প্রতিহত হইবে। মহাযুত্ব লাভে বঞ্চিত হইলে ইহার অধিকারী হওয়া অসভব। বাহারা অধঃপতনের নিমন্তরে অবতরণ করে, তাহারাই আবার উন্নতির শীর্ষস্থানে আরোহণ করে। এই শক্তির অনধিকারীর সমস্ত সংপ্রবৃত্তি নীরবে বিলীন হইরা যায়। সে নির্বীধ্য হইয়া পড়ে। নির্ভীক হাদরে সে পাপ বা পুণ্য কোন পথেই অগ্রসর হইর্ভে পারে না। তমসাচ্ছম প্রকৃতির মানবের অবস্থাই এইরূপ। সে নিন্তেজ, অলস ও উন্নমহীন। মেরুলগুহীন জড়ের ন্যায়।

যদিও তুমি এই শ্রেণীবিশিষ্ট হও, তত্রাচ হতাশ হইও না। তুমিও এই শক্তির অমুশীশন করিতে সমর্থ। যে মুহর্তে তোমার হৃদয়ে এই প্রকার হীনাবস্থা হইতে উন্নত হুট্বার আকাজ্ঞা জাগরিত হুটুবে, তখনই মুক্তির পথ আপনা হুটুতেই তোমার সমূপে উদ্বাটিত হইবে। তোমার কল্পনাই তোমার স্টেশক্তি। চিন্তা ও কল্পনার অতি খনিষ্ট সম্বন্ধ। চিন্তার স্বাধীন অবস্থাই কল্পনার রাজ্য। ইচ্ছা-বৃত্তিকে নিমন্ত্রিত করিতে হইলে, চিন্তার সহায়তা আবশ্যক। ইচ্ছাবৃত্তির গারা ইচ্ছাশক্তিকে স্থগঠিত করা সম্ভবপর নয়। তুমি আপনার ইচ্ছাবৃত্তির নম্বার্ণ সীমার ভিতরে সম্পূর্ণ নিঃসহায়। ইচ্ছাপ্রবৃত্তিকে স্থপথে চালিত করিতে সক্ষম হও ভালই, নচেৎ ইহার আদপেই ব্যবহার ক্রিও না, একমাত্র চিস্তারাশিই তোমাকে সহায়তা করিতে সক্ষয়। There is no thought in any mind but it quickly tends to convert itself into a power, and organize a huge instrumentality of means—Emerson. একই চিম্বার দিনের পরদিন, মাদের পর মাস, বৎসরের পর বৎসর আবৃত্তি হইতে থাকিলে দুচুদ্ধপে প্রতিষ্ঠিত হইয়া উঠিবে। ইহা হইতে মহান শক্তির জাপরণ হইবে। ইহাই তোমার নিয়তিকে গঠিত করিয়া তুলিবে। Allow the thought, and it may lead to a choice, carry out the choice, and it, will be the act, repeat the act and it forms the habit, allow the habit and it shapes the character; continue the character, and it fixes the destiny." চিস্তা স্থল কারণ। মানসপটে ইহাকে লুড়-

ভাবে আছিত কর। ক্রমশঃ কুপ্রবৃত্তিনিচয়ের দমনের স্থফল প্রতিভাসিত হ্ইতে থাকিবে। অন্তরে পাপ পুণ্যের দদ্দকোলাহ্রল নীরব হইবে। পূণ্যের জয় হইবে। পাপ অচিরে অন্তর্ধান হইবে।

যাহারা চিস্তা, বাক্য ও কার্যো পবিত্রতার আকর, নিজ মনে বাসনার ক্ত-কোলাহল তাহাদের সন্নিকটে উপস্থিত হইয়া স্বতঃই মিয়মান হইয়া পড়ে। সে পবিত্রতার বিজয় বৈজয়ন্তী উড়াইয়াছে। সেথানে অন্যের স্থান নাই। আভান্তরীন নিমাল প্রকৃতির মানবের পক্ষে বাহিক পবিত্রতা দর্শন অনাবশ্রক। ক্লয়কে উন্নত করাই প্রধান কর্ম। মেই উন্নতি লাভ করিবার জন্যই বাহিক আচার ব্যবহার। যে, সে নিশ্মগতার অধিকারী তাহার পক্ষে কিছুই আবশুক করে না। সে প্রত্যাভিজ্ঞার নিমিত্ত উৎগ্রীণ নহে। যে ইচ্ছাশক্তিকে নিয়ন্ত্রিত করিয়াছে, আপন ইচ্ছামত যে আপনাকে পরিচালিত করে, আপনার মনের **উপর যাহার সম্পূ**র্ণ কর্তুত্ব, তাহার পক্ষে অপরের উপর কর্তৃত্ব করা অতীব সহক ও অনায়াসসাদ। তাহার উপস্থিতি শোকতাপদগ্ধ মানবের প্রাণে শাস্তি স্থানয়ন করে, তাহার বাক্যন্ত্রধা তোমার নীর্ম প্রাণ সর্ম করিয়া তুলিবে। खाभात मर बाला नृतीकृष्ठ इटेरव। कीवन भधूमग्र टटेरव। তাহার मलनास्क তোমার জ্বন্ন প্রস্কৃতিত হইয়া উঠিবে। তাহার বাক্যস্থান জ্বন্য কুমুম বিকশিত হইরা দৌরতে আপনি মাতিয়া উঠিবে। স্বতঃই তাহার চরণে তোমার মন্তক ব্দবনত হইবে ও নিয়তই তোমার হৃদয় তাহার বাফাস্থগা পানে উৎস্কুক, উৎগ্রীব থাকিবে। প্রতি মুহুর্ব্বে জীবনের উন্নতির পথে অগ্রসর হইবে, সব মলিনতা দূর হুইয়া নবশক্তির উল্মেষ হইবে, তথন তোমার নিকট কিছুই অসাধ্য থাকিবে না। **মাপনাকে নৃতন জগতের অধিবাসী বলিয়া অনুভব করিবে। উন্নত ব্যক্তির** সংস্পর্ণ ভোমার জীবনে অসাধ্য সাধন করিবে, প্রস্তরসদৃশ ভোমার হৃদয়কে দ্রবীভূত করিয়া ফেলিবে। তোমার অজানিত শক্তি জাগিয়া উঠিবে। পবিত্রাত্মার নিশ্বাস প্রস্থাদে চতুর্পার্মস্থ বায়ুমগুলও পবিত্র হইয়া উঠিবে। তাহার হৃদয় कि নির্ভীক। ধন্য তাহার সাধনা। পরার্থে সর্বাক্ষমসর্পণ করিয়া বদিয়া আছে। মছযুসমাজ 🗣 প্রকারে তাহার প্রতি সম্মান প্রদর্শন করিয়া থাকে ? তাহার দর্শন লাভেই কডশত সানব নবশক্তি, নবজীবন লাভ করিয়া থাকে। জগতের কল্যাণ সাধনের জন্য তাহার শক্তির ভাগার সদাই উন্তর্ভ অফুরন্ত। এই

'ভাবে পবিত্রতা লাভের নানাবিধ স্থফল ক্রমান্বরে দুচ্রূপে হাদরে অন্ধিত করিতে থাকে। দর্শনেক্সিনের প্রকৃত ক্রমিকগতি, ইহাই মানসিক আপোক প্রভাবে চিত্রাস্থন বিভা।

যদি তুমি এই ভাবে অগ্রদর হইতে অক্ষম হও, যদি তুমি আপনার অবস্থা ইহাপেক্ষা হীন বলিয়া অনুমিত কর, তাহা হইলে তোমার পক্ষে বিপরীতার্থক উপান্ন অবলম্বন করাই শ্রেম বলিয়া অমুমিত হয়। গভীর নৈরাশ্র আধ্যাত্মিক শক্তির নাশ, অবসাদ ও নিরানন্দ, ইন্সিয় পরিতৃপ্তির নীচ ও জঘন্ত ধারা, জগতের উপ-হাস ও বিজ্ঞাপ, হতাশার নির্দ্মে নিম্পেষণ, তোমার আশ্রিভ জনের দারুণ দরিত্র-তার নিপীড়ন, বিভীষিকাময় মৃত্যু ও ভবিষ্যজীবনে তাহার দারুণ হর্মিসহ ফলভোগ, পতনের শেষ দীমা, ঘূণিত জীবন ও গুর্কিনীত চিস্তারাশির বিষময় ফল হাদয়ে অন্ধিত কর। তোমার সমস্ত অতৃপ্ত বাসনার পরিতৃপ্তি হইবে। ইহাই বিপরীতা-র্থক প্রণালী। কর্কট রোগে ধথন জীবন বিশন্ন হইরা উঠে, ভীবকের দর্ক্রণ অস্ত্র প্রয়োগ ব্যতিরেকে ঘণন তাহার হাত হইতে মুক্তিলাভ করা হংসাধ্য হইরা উঠে, ইহাও তজ্ঞপ। অন্যথা অন্য উপায় অবলম্বন করাই শ্রেয়ঙর। দিনের পর দিন যেমন তোমার আদর্শকে উপলব্ধি হইতে থাকিবে, চুম্বক শলাকার স্থার ইহার আকর্ষণী শক্তিও অন্তুত রূপে প্রকাশ হইতে থাকিবে। তোমার হাদর প্রকৃত শক্তির অধিকারী হইয়া উঠিবে। জীবনের প্রতি মূহর্তেই আদর্শকে ক্রায়ত্ব করিবার জন্য উৎকৃত্তিত হইয়া পাক। জীবনে নব উৎসাহের উৎস পুলিয়া যাইবে। তথন তোমার অগ্রসর হইবার পথে এক নৃতন বাধা স্মাসিরা উপস্থিত হইবে। সতত অমুভ্ব করিবে যে, যেন উৎসাহ ও চিন্তাশক্তির ব্রবাহ তোমার সমস্ত হৃদয় ছাপাইয়া উঠিতেছে। নিয়ত পুনরাবৃত্তিতে তোমার . চিম্বাশক্তি অতীব শক্তিশালী হইয়া উঠিবে। তোমার হৃদয়কে নবভাবে গঠিত করিতে হইবে, যাহাতে নবশক্তির জাগরণে ও অধিক ভারে **ভাসি**য়া না বার। कानत्रक षाठकन त्रांथिए इटेरन। मक्तित विकास ठकन इटेरन हनिएन मा। শক্তিকে অগ্রাহ্ম করিয়া সাধন পথে অগ্রসর হইতে হইবে, নচেৎ অগ্রসর হওয়া অসম্ভব। শক্তির বিকাশে মুগ্ধ হইয়া তাহার অর্থণা ব্যবহার করিতে জারম্ভ করিলেই অচিরে অধঃপতনের পথে অগ্রসর হইতে হইবে। ইহাকে ধীর ভাবে উপেকা করিয়া নিয়ন্ত্রিত কর, শান্তির অধিকারী হইতে সক্ষম হইবে। আদর্শের

উপলব্ধির সহিত যে তরঙ্গরাশির বিকাশ হইবে, তাহাকে সম্পূর্ণ করায়ত্ব ক্ষিতে হইবে। নচেৎ ইহার তরঙ্গ বিক্ষেপে হাদয় আলোড়িত হইরা উঠিবে। ইহা এক। প্রকার মদোঝাদ ও প্রতিষ্ঠিত আদর্শের অদমনীয় তেজ।

অগ্রসর হটবার ইহাট পথ। ইচ্চাশক্তির ক্রমোন্নতিই প্রথম তর। কেমনে ইহাকে সাধিত করিতে হইবে १— অমুশীলন। বর্ত্তমান জগতে মহাশ্চর্যোর স্থাস রামমৃত্তি কি প্রকারে তাহার শারীরিক উন্নতি দাধন করিলেন ?—অমুশীল্ন। বিবেকানন কি প্রকারে তাঁহার ভীষণ আকর্ষণী শক্তি জাগাইয়া তুলিয়াছিলেন, বাহার দারা চিকাগোর ধর্ম-মহাসভা প্লাবিত হইয়াছিল ?—অফুশীলন। অফুশীলনই উন্নতির প্রথম, শেষ ও একমাত্র উপায়। চৈতক্তরাজ্যের নানাবিধ জটিল কর্ম্মের মধ্যে ইচ্ছাশক্তির পূর্ণ বিকাশই মানবের উন্নতির চরম সীমায় আরোহণ। মানবের ইচ্ছাশক্তি বিধাতার সর্ব শ্রেষ্ঠ দান। ইহার প্রভাবে মানব আপনাকে অতীব নিম তার হইতে উচ্চ তারে লইয়া গিয়া, পবিত্রতায় অনুয়ত সিংহাসনে উপবেশন ৰুৱাইতে পারে। . আপনি ইহার প্রকৃত অধিকারী হইলে, ইহার প্রভাবে অপরকেও এই পথের বিপদে সাহায্য করা সম্ভব। অজ্ঞানাদ্ধ মানব অনেক সময় ইহার বিকাশে আত্মহালা হইয়া কর্তব্য বিশ্বরণ হইয়া যায় ও ইহার অপব্যবহার করিয়া পুনরার আপনাকে অধঃপতনের নিয়ন্তরে নিক্ষেপ করে। যাহারা ইহার প্রভাবে মুগ্ম না হইয়া, ক্রমশ: ধীর ভাবে সাধনার পথে অগ্রসর হইয়া যায়. তাহারা সাধনার সিদ্ধিলাভ করিয়া থাকে ও হানয়-দেবতার দর্শন লাভ করিয়া জীবন সার্থক করিয়া অমরত প্রাপ্ত হয়।

শক্তির আবির্ভাবের সহিত মানসিক চাঞ্চল্যেরও আবির্ভাব হঁহরা পাকে।
চাঞ্চল্যকে দমন ক্রিবার জন্ত কেন্দ্রীভূত মনের আবশুক। মনকে কোন বিশেষ
লক্ষ্যে আবদ্ধ করার নাম কেন্দ্রীকরণ। শক্তির আগ্রমনেও যদি মন সেই কেন্দ্রেই
আবদ্ধ থাকে, (অর্থাৎ বিশ্বপিতার চরণেই সংযুক্ত থাকে) ও তাহার প্রাপ্তির
জন্তই নুবশক্তিকে সেই পথে চালিত করা হয়, তাহা হইলে আর কোন প্রকার
আশকা থাকে না। মনকে কেন্দ্রীভূত করিবার ছই প্রকার উপায় আছে।
আমাদের স্থায় হর্বল চিত্তের পক্তি প্রথমই প্রবোজা। দ্বিতীয় সাধনের উপবৃক্ত
কে শুলারার অপরের উপদেশের আবশ্রক নাই ও যাহার আত্যোরতি একটা
শ্বান্থাবিক দ্বিনার স্থায়। তাহারা আপনিই আপনার উপদেষ্টা। মনকে কোন

উন্মেষিত হইবে।

মানদিক কার্য্যে আবদ্ধ পূর্বক দৈনিক অর্ধ গণ্টা দেই কার্য্য কর। প্রাপ্তাই ইছা নির্মাপিত সমূরে সম্পন্ন কর ও ক্রমশ:ই ইহার স্থায়িত্ব বর্দ্ধিত কর। যদি কোন মানসিক কর্ম তুমি খুঁজিয়া না পাও, নিমে ইহার যৎকিঞিৎ বিবৃত করা হইল:-প্রথমে শারীরিক ও মানসিক চাঞ্চলাতা দুরীভূতপূর্বক'প্রশাস্ত ভাব আনরন কর, কিছু সতত অটল ও সতর্ক থাকিবে। প্রথমে যে কোন একটি উচ্চ ভাব গ্রহণ কর। পবিত্রতা। পবিত্রতা সম্বন্ধে নানাবিধ গ্রন্থ পাঠ ক্সিডে থাক, ইহা তোমাকে আবশুকীয় সংবাদ সরবরাহ করিবে। শানীরিক, মানদিক ও আধ্যাত্মিক ভাবে অমুপ্রাণিত হুইয়া ইহা অধ্যয়ন কর। অতঃপর শ্বিরভাবে উপবেশন পূর্বক ইহার সহরে চিন্তামগ্র হও। ইহা कि ? কেমনে ইহা অভ্যাস করা যায় ৷ মনুয্যসমাজে ইহার উপকারিতা ও মধ্যাদা, ইহার উন্নত ও নিভীক করিয়া তুলিবার স্প্রচ্ছয়শক্তি, এবং ক্রন্ত ক্রমোরতির নিমিত্ত ইহার প্রয়োজনীয়তা। মনকে ইহার এবস্থিধ উপকারিতা সম্বন্ধে দুঢভাকে উপলব্ধি করাইয়া অনুধ্যান করিতে থাক। ইহাতেই বাস কর। প্রাপাচ আন্তরিকতার সহিত ইচ্ছাশক্তিকে জাগরিত করিয়া যাহাতে ইহা ভোমার সুকরে বন্ধমূল হইয়া যায়, তাহার উপায় কর। যে সময় ভূমি এইভাবে উপবেশন করিয়া এই প্রকার চিন্তান নিমগ্ন হইবে, তোমার কেন্দ্রীভূত ইচ্ছালন্ডি ও অপরাপর শক্তিসমূহও পবিত্রতার পথেই চালিত হইবে। তোমার মন্তিকে এক প্রবন্ধ শক্তির উত্তেব ছইবে ও কুচিন্তা, কুপ্রবৃত্তিকে ভীষণ বাধা প্রদান করিবে। ভোমাক সামা প্রকৃতি নবভাবে ম্পন্দিত হইতে থাকিবে। প্রবৃত্তিনিচয় ধীরে ধীরে ইতবল হইরা তোমার নবজাগরিত মন হইতে অপসারিত হইরা ঘাইবে। ক্রমণঃ আধ্যাত্মিক চৈতন্তের বিকাশ লাভ হইতে থাকিবে। তোমার ইচ্ছাশক্তি সবল ছইবে। শরীয় ভোমার ইচ্ছাশক্তির দারা পরিচালিত হইবে। আভ্যন্তরীণ শক্তি ও তেজ ক্রমশঃ

ইচ্ছাশক্তির প্রভাবে ভোমার অভিগবিত যে কোন পথে ভোরা মনকে চালিত করিতে পারিবে। এক দিবসে, এক সপ্তাহে ইহার অধিকারী হক্সা সম্ভব নয়। মাসের পর মাস, বংসরের পর বংসর গভীর অধ্যবসায় সহকারে সাধন করিতে থাকিলে তবে সাধনায় সিদ্ধিলাভ সম্ভব। যদি কার্য্য যথাওঁ আন সমর্পণ কর, প্রারম্ভেই গভীর আত্মবিধাস ও শক্তির সাত্মা পাইবে।

তিতিকা ও অধ্যবসাধ ঘারা ভূমি সফলকাম হইবেই ছইবে। এই ভাবে অগ্রসর হুইলে, প্রতি দিবস ক্রমোন্নতির পথে এক এক পদ অগ্রদর হুইবে। এক পক্ষের অভ্যাসে ইহার স্থফল তৃষি আত্মজীবনে সম্পূর্ণরূপৈ অমুভর্ব করিবে। বিষয়-বাসনায় আকণ্ঠনিমজ্জিত মানবের পক্ষে প্রতি মুহুর্ন্তই মহা মুল্যবান। বাহা একবার অন্তগত হইতেছে, আর তাহা উদিত হইবে না। সত্তর হও। রূপা কাজে দিনগুলি আর অতিবাহিত করিও না। কর্ত্তব্য স্থির ক্রিয়া ফেল। আপন পঞ্চ চিনিয়া লও। লোকের নিন্দা ও বিজ্ঞাপে আত্মবল হারাইও না। কর্ত্তব্য বিশ্বত হইও না। যাচাকে ভাল বলিয়া বিবেচনা করিবে, কর্ত্তবা বলিয়া নির্ণয় করিবে, জীবন-যুদ্ধে তাহা হইতে আপনাকে দূরে লইয়া যাইও না। 🖘 বলিতে পারে, কোন মুহুর্তে কালেও বিষাণ বাজিয়া উঠিবে। সংসারে কোন আকর্ষণ, কোন আত্মীয় পরিজন, তোমাকে ধরিয়া রাখিতে পারিবে না। তোমাকে ঘাইতেই হইবে। সব কাজ অসমাপ্ত রাথিয়া ৰাসনাকে, অভৃথি রাথিয়া তোমাকে কালের অমুসরণ করিতেই হইবে ৷ ব্যর্থ জীবনের ব্যর্থ দিন**গুলি** অতিবাহিত করিয়া তোমাকে চলিয়া যাইতে হউবে। একাগ্রচিত্ত হও, ছির-প্রভিজ্ঞ হও, ডালকুভার ন্যায় নাছোড়বান্দা হও। আনোর সহিত তর্ক বিতর্কের আবশুক নাই। নীরবে, নির্জ্জনে, লোকচকুর অন্তরালে স্বকর্ত্তব্য সাধন করিয়া যাও। স্কুকুজ্লিত বস্তু লাভ করিয়া তোমার সৰ অস্ক্রিধা, সব ক্লে**শ সকল** ·হইবে। তোমার আত্মন্থ লাভের জন্য জগতের **স্থ**তিবাদ বা প্রশংসার আবশ্রক নাই; ভোমার আভ্যস্তরীণ শক্তির বিকাশের বিমল আনন্দই তোমার যথেষ্ট 4 ভূমি আপনাকে প্রকৃত উন্নত করিতে সক্ষম হইলে স্কগ্রেও ভোমাকে সম্মান দেখাইতে বাধ্য হইবে। আপনার ভাবেই নিময় থাক। অঞা আপ-নাকে উন্নত কর, পরে অপরের জন্য ভাবিও। আপনাকে পশ্চাতে রাধিনা অপরের জন্য ভাবিতে গেলে হাস্তাম্পদ হওরা ভিন্ন আর কিছুই শাভ হইকে না। অতিরিক্ত বাহাছরী দেখাইবার প্রয়োজন কি ? আগনি প্রবৃত্তির পক হইছে উথিত হও, ভোমার দৃষ্টাস্তব্দগতের অনেক উপকার সাধন করিবে। মচেৎ একুল ওকুল চুকুলই যাইৰে। আদর্শে মনকে কেন্দ্রীভূত করিয়া অঞাদর ছও। অপরকে জোর করিয়া তোমার আনুর্ল দিতে উৎকৃত্তিত হইও না অধবা অপৰ কৰ্ত্ত দত্তও গ্ৰহণ কৰিও না :--

"To your own self be true,

And it must follow, as the night the day,

Thou can'st not then be false to any man."

শক্ষা, গভীর, বুদ্ধিয়তা আবশুক। অদৃষ্টবাদের উপর নির্ভন্ন করিয়া বসিয়া থাকিলে চলিবে না। অছেছ কঠিন প্রস্তির বড়ের উপর লোইশলাকা প্রথিত করিতে সচেষ্ট ইইও না। ধীব ও গভাব চিস্তার দ্বারা তোমার এই শক্তির বিকাশ ইইবে। সামান্য অন্যয়ন কর—কিন্ত তৎ সম্বন্ধে গভীর চিন্তা করিতে থাক। অধ্যয়ন বিষয়ের অন্তস্তল পর্যন্ত তোমার স্থানে প্রতিকলিত ইউক। পবিত্রামা মহাপুরুষগণের সংস্পর্শে তোমার বৃদ্ধিবৃত্তিকো পরিপুষ্ট করিবে। পবিত্রতার ক্ষাও শক্তিমার আলোকর্গ্যি তোমাড়ে প্রবেশ করিবে।

উন্নত মনের স্পাদন তোমার গ্রহণক্ষম চৈতনোর উপর আঘাত করিবে। ইহার আদিষ্টতাকে কম্পিত করিরা তুলিবে। বীজ নিহিত করিবে, হুদ্র ভবিশ্বতে যাহার উন্মেষ হইয়া ভোমার চৈতনোর জাগরণে সাহায্য করিবে। সর্কান সাধু সঙ্গে (সং সঙ্গে) বাস করিতে সচেষ্ট হও। তাহাদের চিস্তার আকর্ষণী শক্তি তোমাকে পরিবেইন কর্ষক। নিগৃঢ় আধ্যাত্মিক প্রভাব স্ক্ষভাবে, ভোমাতে কার্য্য কর্মক। কেবলমাত্র তাহাদের সাহায্য ভোমার অনৃশ্র শক্তিকে জাগাইয়া ভূলিবে। ভাহাদের স্পর্শে তোমার শরীরে নব ভাব সঞ্চারিত হুইয়ে। আধ্যাভিক্তা শারীরিক ব্যারাম নহে।

ইহাই জীবনাশক্তি, জীবনই ইহা বহন করিতে পারে। দ্রে অতি দ্রেও তোমার কর্ণে তাহার বাক্যপ্রধা নিয়ত ধ্বনিত হইতে থাকিবে। তাহার মূর্ট্টি সতত তোমার হৃদরে অন্ধিত থাকিবে ও তোমাকে নব ভাবে অনুপ্রাণিত করিবে। তাই ভারতে ধর্ম্মোপদেষ্টাগণের এত সম্মান, এই নিমিন্তই তাঁহারা সকলের নিকটেই পূজা পাইরা থাকেন। এই ভাবে যথন তোমার এই সরল অভ্যাসের অধ্যায় সমাপ্ত হইবে, তোমার আভ্যন্তরিক জাগ্রত চৈতন্য সমস্ত কার্য্যকলাপ ভোমার আদশীকুঘারী গড়িয়৷ তৃলিবে। বাধা বিশ্ব দ্রে নিক্ষিপ্ত হইবে। কন্টকাকীর্ণ পথ ক্রমশং সরল ও সহজসাধ্য হইরা আসিবে। তোমার বাক্য, চিন্তা ও কার্য্য-কলাপে ভোমার মোহাচ্ছর চৈতন্যের জাগরণের সাড়া পাইবে। আপনাকে জাগাইরা তুলিরা তুমি জগতের সম্মুথে এক উজ্জ্বল দৃষ্টান্ত প্রতিষ্ঠা করিবে। মৃত্যুর ভয়াবহ ছবি আর ডোমার মানসপটে উদিত হইয়া ভোমাকে মিরমান করিয়া ভূলিবে না। জীবন ধারণ স্বার্থক জ্ঞান করিবে। ভালবালা, প্রেম ভক্তি ও শান্তিবারি তোমা হইতে প্রবাহিত হইমা শত শত ব্যক্তিকে ভাদাইয়া नहेंया गहित्व। हेहारक मावधारन दक्षी कद्र ९ में छेत्मरक्षे हेहारक निर्शिक्षिक কর। তোমার দেহ মন পবিত্র হইরা তোমাকে দেবতার পরিণত করিবে। বিশ্বপিতা সতত তোমার হান্যপটে উদিত থাকিবেন। জগতের কোন বন্ধনই আর তোমাকে বাঁধিতে পারিবেঁ না। ওঁ শান্তি:।

শীঅস্লাচন্দ্র বিশাস।

#### সংসাৰ ৷

সংসার ভীষণ তুমি অতি ভীমকার কে বলে জুন্দর তোমা সব ভ্রম হায়। সংসার তোমার রূপ যদিও স্থলর ভিডরে গরল ভরা বহির্মনোহর। কিনা পার এ জগতে করিতে স্ঞান जुनारेबा मां ज्य श्रीमधुरुमन। সংসার স্থন্দর তুমি সংসারীর পক্ষে সংসার গরল ভূমি বিবেকীর চকে। কে না জানে হে সংসার তোগার মহিমা छेन्द्र मक्षिष्ठ याहा नाहे जात मीमा। ভূমি পার সৃষ্টি স্থিতি করিবারে লয় ভোমার কুহকে সাধু পথত্রন্ত হয়। সংসার তোমার পদে কোঁটা নমস্বার হেথা নাই কিছু ওগো অসাধা ভোমার। সাধ্র সাধনা যাহা পরমার্থ ধন অনামাসে পার তাহা করিতে হরণ।

সংসার ছলনা তব কে বুঝিতে পারে <u>?</u> মোছেতে আজ্জন কর জ্ঞানহীন নরে হে সংসার তব রাজ্যে এ কি অত্যাচার গ জীব করে জীবনাশ ভাষণ আচার। হে নুপতি! নাহি শক্তি রক্ষিতে কি জীবে সংসার পাপের রাজ্য চির দিন রবে? অর্থ অর্থ এই বাক্য এ সংগারময় অর্থের কারণে বল কিবা নাহি হয়। যে সন্তান মাতৃ স্তানে ভারেছে বন্ধিত সে আজ প্রহারে মায়ে নাহি হয় ভীত নুপতি ভিথারী হয়, ভিথারী নুপতি অল্লেতে মিটেনা আশা, অর্থে বড মতি। যে মানব স্বীয় করে হতভাগ্য জীবে নিধন করেছে পাপ ছাপা আছে ভবে।. অথবা প্রকাশ হলে কি ভয় তাহাতে আনিত রৌপ্য মুদ্রা আছে তার হাতে। কুলবতী নারী যায় কুলতেয়াগিয়া মাতা করে পত্র নাল পাপেতে মজিয়া ছে সংসার তব পদে কোটা নমস্বার জগতে কিছুই নাই অসাধ্য তোমার! আমারে মুক্তি দাও উদর হইতে এই শুধু ভিক্ষা চাই তোমার পদেতে॥

> শ্ৰীশ্ৰীরামূক্ত শ্ৰীচরণান্তিতা সেবিকা শ্ৰীমতী প্রভাৰতী দেবী।

#### আত্য-প্রসাদ।

ঠাকুরের তক "কালালের" নিকট শুনিরাছিলাম বে, কাণীতে এক মহাস্থাকে জিনি দেখিরাছিলেন। তিনি থমাদ্ এ, কেম্পিন্ (Thomas A Kempis) লিখিত "ঐত্তির অন্তকরণ" (Of the imitation of Christ) বহিথানির কোন না কোন অংশ রোজই একবার পাঠ করিয়া থাকেন। আমি কৌতৃহল ক্রেমে ঐ বইথানি পাউরাছিলাম। যতন্র অরণ হয়, উহার কোন অধ্যারে শিখিত আছে, "সত্য সত্যই আমরা কি পড়িয়াছি উহা বারা আমানের পরীকা হইবে আমরা কি করিয়াছি উহা বারা।"

তাই আৰু ভাবিতেছিলাম, "তব্ব-মঞ্জরী", "উলোধন", "ঠাকুরের জীবনী", "মহাত্মা রামচন্দ্রের জীবনী", "বামিজীর জীবনী" "কথামৃত", "মহাত্মা রামচন্দ্রের বক্তাবলী", "আমিজীর বক্তাবলী" এ সব তো পড়িলাম। কিন্তু বলিতে কজা বোধ হর—আমার চকু ফুটিল না। যে সকল গ্রন্থের এক বর্ণ পড়িরা মাহ্র্য জীবনের দিক ঠিক করিয়া লয়—ল্রোত ফিরাইরা দের, ভাহার সব পাঠ করিয়াও এ হতভাগ্যের কিছুই হর না, ইহা সামান্য পরিতাপের বিষয় নহে।

পৌষের তম্ব-মন্ত্রীতে (২৭৭ পৃষ্ঠা ) কোন ভক্তবীর লিখিয়াছেন :--

ঁকত জ্ঞানী চূড়ামণি, বিবেকীপ্রবর, কত ভক্ত, উদাসীন, গাধু, যোগীবর, কত শত অবিবেকী নীচাসক্ত নর, গৃহী, দঙ্গী, ধর্মী, কর্মী আদি সর্ব্ব নর শুভিয়া ধরম শিক্ষা তোমার গোচর।"

শিশু প্রকৃতির কত অসংখ্য পাসর,
মন্তপ, হৃত্ততারী, বেক্সাসক্ত নর,
নরাকানে প্রেতরাপী সহীর্থ অন্তর,
শৃত শত নীববাতী নির্মান বর্ধর
কৃতিলা মানব নাম কুপাতে তোমার।"

আৰি উপজোক লাইৰ কৰেকটা বেল করিয়া পঞ্জিলাম। বোলাট। কাছেই

আছে —ইচ্ছা হইল একবার হাতড়াইয়া দেখি—দেখিলাম ঝোলাটার দেশাই
পুলিয়া গিয়াছে, তলদেশ ফাঁকা, ধারণ করিবার শক্তি নাই।

আৰ একবাৰ, ইহার কিছুদিন পূর্বে, ঝোলা হাতড়াইবার আবল্পক হইরাছিল। লেবাৰেও বোলার হাত ভুবাইরা দিয়া দেখিলাম, ভলবেশ কাঁকা-মুখও বেৰ্মন খোলা—ভলাটাও তেমনি। কথাটা খুলিয়া বলা যাউক। ঠাকুরের কোন ভক ছাৰ-মঞ্জরীতে আমার চুই একটা প্রকল্প পড়িয়া আমাকে একজন "কোম্মা-চোম্মা" ঠাওরাইবা আমাকে একথানি চিঠি লেখেন। যভদুর অর্থ হয়, তিনি ঐ চিঠিতে আৰার নিকট কিছু উপদেশ চাহিয়াছিলেন। আমি তাঁহার পত্রের উত্তর দিরাছিলান ছিত্ত উপদেশের কথা বিশেষ কিছুই লিখি নাই। কারণ তাঁহার চিঠিখানিতে বঙৰ উৎকণ্ঠা ছিল-আমি দেখিলাম আমি তাঁহাব পদ লেহনেরও বোগ্য নছি-सेनारम कि विव ? ज्क्रांगी शाह इःथिंड इ'न धरे व्यानकार खानाहार राज দিলাৰ, কিন্তু ঝোলাটা ঝাড়িতে গেলেই আমার বড় মুছিল হয়—ঝোলাকে বারশার এ পাট সে পাট করিয়া আছড়াইলেও কিছু বাহির হয় না। ব্রোলাটা কাশের দলে ঝুলান আছে-এই পর্যান্ত। ভাষায় স্বর বর্ণের (৯) বিকারের वर्ड वैचामात के त्यालांने काँएवर गरक स्वान व्याह्य वरते. किन्ह काम दिन উহা ছালা বিশেষ কোন, কাজ হন্ত নাই, আমি উহাতে কিছু আমা লাখিতে পারি নাই। ভিকা করিয়া যাহা কিছু পাই, তা' আমি তথনই এইরা ফেলি, ক্ষার খরে থাকে কেবল ঐ অপদার্থ ( • ) শুস্তুটা। তবে শুস্তুটাকে আমি কেলিরা দিতে কৃষ্টিত-কারণ ভাগ্যক্রমে সংসারসাগরে ঠাকুরের ভক্তদের মধ্যে ভাঁহারও সহিত সাকাং হইলে আমি দাত টানিতে পাল্লি—সেই সময় আমি তাঁহাদের দত্ত (১) একের তান দিকে শুনাটাকে (•) বসাইয়া দিয়া চরিতার্থ ছই। তাঁহারা যত দিন বালের কাছে থাকেন ততদিন নৌকাধানা বেশ চলে-আর তারা যথন চলিয়া যান, তথন আমি ঐ শুনোর বোঝটাকে বা বালি ঝোলাটাকে কাঁধে ফেলিয়া চলিতে থাকি।

তার পর—বে কথাটা তুলিয়াছিলাম। ক্থাগুলির মধ্যে জীবনীশক্তি থাকিলে উহা বে ভাবেই বলনা কেন মর্মাপালী হর। উহা অমর-কবি চভিনালের কথার "কাশের ভিতর দিয়া মরমে গশে" ও প্রাণটাকে আফুল করিরা ভূলে। শেরুআপ ক্লবের গদ্ধ গোলাপের নাম বদলাইরা গোরৰ ক্ল রাখিলেও গ্রুকই

পাকিৰে। তাই দয়াল ঠাকুর আড়বরহীন ভাষার অতি সহজ্ব কথার উপকেশ বিরা কড পাণ্ডিড্যাভিমানীর দর্প চূর্ণ করিয়াছেন। এখন ঠা<del>ফুরের ভারতী</del> অভিমজ্জাপত না হইলে অধাৎ ঠাকুরের কথার "চাপরাশ না পাইলে" ভূমি ক্ষি উপদেশ দিবে—আঁর লোকেই বা শুনবে কেন**়** ভোমার চাপাটা কোষকে কাথা থাজিলে লোকে তোমার কথা বাধ্য হইবা **ভনিবেঁ—না ভনিকে** ভূমি চাপরাশের জোচর ভাহাকে ধরিরা ফেলিবে।

কথার বলে "আপুনার শোবার ঠাই নাই—শহরাকে ছাকে।" আমি 🏞 উপদেশ দিতে থারি ? আমানই তাহি তাহি অবস্থা। আমি যে সকলের চেম্বে কুলীন। মামুষকে তো তবু বুৱাইলে বুঝে। আমাকে বুঝাইতে হইলে লোভা মুপ্তর হাতে নিরা বসিতে হর। তা আবার পিঠে মারিলে হয় না। শিরার ঞ্জীতে অথবা দল্ধি ভূলে মারিতে হয়। তার কারণ আমার চকু, কর্ণ, নাসিকা, জ্বিহ্বা, বক, ইন্দ্রিয়গুলি সকলই অসাড়। মুপ্তরের ছুই এক 📢 মেন্দ্রে আনায় তুমি পোষ মানাইতে পারিবে ন। নাধারণ অগ্নিয় উদ্ধাপে আমাতে গলাৰ কৰা ছই এক কল্মী কল আমার মাথার চালিয়া আমাতে ব্রক্তম্বর করিতে চাওয়া বিভূমনা সাত্র।

বোগীর শীত গ্রীয়ে, হথ গুংখে সমভাব—আর আমারও—শার ধর, আনর 🖚, আপ্লামিত কর, সমান প্রাব। খুবই কপাল জোর—বিনা সাধনাতেই এ সক হাছে পড়েছে।।। যোগীর আসন শীত ত্রীয় হুথ ড:থের উপরে, তাই ভিঞ্চি কিছুতেই বিচলিত হন না। আমার স্থান ঐ গুলির (শীও গ্রীয় স্থ ক্লংবর) নীচে—কালেই উহার কারণ ব্রিলেও সানে বুঝি না এবং বুঝিলেও ঠিক জ্বন্ধ্ করিছে পারি না। আমি অন্যায় করিতেও বেশ মজবৃত আছি—কারণ ওটা আৰুৱে থাতে বেশ সভা হয়, জার ভাল কাজও ছই একটা না করিতে পান্ধি একন নত্ন, ভটা ও একরণ সহাইরা নইরাছি। কোনটাতেই বিচলিত নহি। (बहारम क्रीम-वर्धन दक्ता कामात चाएए कारन उधनहे त्रों। क्रिका क्रीम । জবে कि জান-এই থারাপ কাজট। ঐ থেরাল ভারার চাপে যথন করিয়া ফেকিং ভব্ন ঠাকুর আবাদ বহুকে ছাড়েন না অন্যের বেলা বিচারটা ভিনি মূলভব্নী বাজেন আ্বেধ হল, কিন্ত অংমাত বেলা তিনি একেনালে "নানাত্রি" বিচার কম্মি (क्ष्यकः । "बामावि" क्षेत्र असे असा एक मानुरक्त विश्वास किम वदमत्र, किम मान

আন্তঃ তিন দিন। কিন্তু আমার একেবারে নগদ কারবার—থারে বিক্রন্থ নাই—
সাক্ষর তথনই আ্বানল, স্থদ ও চক্রন্থ হিছের তত্ত স্থদ আদার করিরা লইরা আমার
ছাড়েন। আমি তথন কিছুদিনের জন্ত নরম কাটি, তারপরই আবার পালা
আরম্ভ করি। তার কারণ আমার বড় একটা লজ্জা বা গ্রংথ বোধ নাই। শাস্তি
কি জন্ত ছইল ইহা মোটামোটি উপলব্ধি করিতে পারিলেও শান্তি ভোগ করিতে
আমি বেশ মন্তব্ত আছি। শোক হউক, তাপ হউক, তারই ভিতর আমি বেশ
চলি ফিরি—তুমি আমায় চব্য, চ্যা, লেহা, পেয় থেছে, দাও, চ্যা-কেন-নিভশ্ব্যায় ভইরে রাথ, তা আ্বার বেশ চলবে। আবার এক প্রসার চানাচ্র থাওরাও,
আর বলে দাও ঐ গাছতলাতে শুরে থাকিস্, তাও আমি বেশ পুষ্কির নিতেপারি। ওর মানে আমি পগুর ন্যায়ই চলিফিরি—কোনটা ভাল কোনটা
বন্ধ জ্ঞান নাই বা কথন কথন জ্ঞান হইলেও প্রকৃতি ভারা দৃঢ় আকর্ষণে আমাকে
ভারই দিকে টানিয়া লয়।

জ্ঞান ও ভক্তির শুরুত্ব, গাযুত্ব, অপকর্ব, উৎবর্ব, ব্যাস, ব্যবধানের তারতম্য করিতে গিয়া দর্শন, বিজ্ঞান এবং কথন কথন জ্যামিতীর শরণাপর হইতে হয় ৮ এই ব্যাপার গইয়া স্থানবিশেষে হাসামা ও ফ্যাসাদ বাধিয়া যায়। কিন্তু ঐ বৈরাশিক কশিয়া কোন ফল হয় কি 
 ভান ও ভক্তি স্থামী স্ত্রী। কেউ কাহাকে ছাড়িয়া থাকিতে পারে না। যিনি ক্যানী তিনিই ভক্তিম্নান বিনিঃ ভক্তিমান তিনিই জ্ঞানী। ভক্তিহীন জ্ঞান জ্ঞানই নয়। আর জ্ঞান না হইলে ভক্তিই বা আসিবেন কেন 
 গেযে কাল্লের আমসন্থ হইবে 
 আমাকে উহাক্সা
থক্তিকে ভালবাসে না তাই এত বকিলাম 
 জ্ঞানকে ভাকিলে সে বলে আরে
আমার আসিতে আপত্তি কি, দেখ ভক্তি রাজি আছে কি না 
 আমার একলা
যাপ্রয়া পোকতে পারিব না। আবার ভক্তির ছয়ারে গেলে ভিনিও ভাই
বলেন। তারা আসে না কেন 
 ভারে মানে চারিদিকে পুভির্মন্তর, আসিরা
মুহুর্তও বাড়াইতে পারে না। স্থতরাং আমার কেবল ইটাইনিট মার হয় ১
মোকদ্দমার জ্ঞার না থাকিলে কৌন্সিল কি করিবে 
 রোসীরে ক্যাণ ক্ষান
ভর্তাত ভ্রমন ভূমি ধন্তরীকে ভাকিয়া নাম কিনিবে মাত্র। স্কল হর কি 
 ভিনিও ভাকি

ঠাকুরের নাম করি—বড় একটা বর্ষ পরিধান করিয়া বসিয়া আছি।

আত্মপ্রসাম জন্মে না কেন ? ঠাকুরের নামটী বপন মিঠা লাগিয়াছে, একবান্ত তুইবার নয়, বছবারে, আর বছবার কেন প্রতিপদকে প্রতিমৃহুর্কে বখন ঠাকুরেন্ত্র-অবাচিত কমণার উপলব্ধি করিয়াছি, তথন আমার ভৃত্তি নাই কেন ? গ্রাকুরকে কি তবে বিশ্বাস করি না ? না ! নিশ্চগ্রই বিশাস করি। কিছু নিজেক দিকে আবার যথন তাকাই, তথন ভাবি কৈ আমি তৃপ্ত, সম্ভষ্ট বোধ করি না কেন 🕈 আবার আমার অভাব কি তাও খুঁ জিয়া পাই না।

মুখ তঃখ সমভাবে সহিতে পারিলাম ইহাতে কি পৌরব বেড়ে গেল ? 🧇 সহে না ? অল বিস্তর সকলেই জগতে সহিয়াছে, সহিতেছে ও সহিবে। স্বামী স্ত্রাকে তাড়না করে। মনীব চাকরকে তাড়ার, না সহিলে যে সমস্ত অপংটা কক্ষাত হইত। আর ওরই শেষ পরীকা হইয়াছে কোথার ? ঠাকুর **অনুত্রাহ** ক্রিয়া ততদুর আনেন নাই ভাই ঐ বড়াই। চানাচুর থাও আর গাছতলায় শুরে থাক-নেও তো একটা বাবস্থা বটে। ছই তিন দিন পেটে কিছু मा পড়ক, অথচ কনকনে নীতে খালি, গায়ে গাছের নীচে বসিয়া দেখা ষাউক मिथ—ज्ञथन त्वांचा यात्र এই ममजाविष्टात त्मोंच कल्पूत्र । जत्व हा। ७६ क्रम्या বলিতে পার আমার শরীর ধারণ করিতে যাহা অত্যাবশুকীয় ভাষা পাইলেই আমি তপ্ত-আমি রাজার হালে থাকিতে চাহিনা এবং থাকিতে দ্বলা বোধ করি. ও তুপ্তি আদিতে পারে না, আত্মপ্রদাদ জন্মিতে পারে না। তার কারণ আহি ष्ट्रे तोकांत्र भा नित्राहि।

> "ত্বি দল বানদা কলমা--চোর না পার ভেস্ত না পার গোড়।"

আৰি ছই দলেরই বানদা হইয়া কলমা চুরি করিয়া বসিদা আছি ৷ ভাই আমার কোথাও স্থান নাই। এই পছার একটী অবলম্বন করিলেই সকল পোল চুকিরা যাইত। হ'য় ঠাকুরের উপর সব ছাড়ির। দিরা নিশ্চিস্ত वरम या । "व्यक्तन व्यक्तन" इरह वरम श्रोक । व्यात ना इह भारतन व्यावनाटक ছেলে হয়ে জোর করে লুটপাঠ কর। কিন্তু সে জোর করিতে হইলে মালের "ছেলে" ছওরা চাই। সেই শক্তি অর্জন করা চাই। সে কথার উত্তর ঠাকুর निष्मत्र श्रीयूर्थरे निशाहन :-

"অণ অণ করিয়া টেচাইলে তৃষ্ণা মিটিবে না, তৃষ্ণা দূর করিতে হইলে জন থাইতে হইবে।"

জগতের কোন অধের গলে যে অথের তুলনা হর না, যাহা বাজারের পন্য জব্যের মত সন্তা নর, তাহা কি হইলে পাওয়া যার, ইহাই প্রথম বুঝা আবশ্রক ৷ এতো বীজ্পণিতের ফ্রমুলা বা তৈরাশিক নয় বে ফরমুলা বা একস্ (x) ধরিলেই মিলিয় যাইবে। এথানে ফরমূলা বা একস্ ছাড়া আরও একটা ক্রেছ আৰক্ষন। দেটা হ'লে ক্রমুলা বা তৈরাশিকের জাদ না পাতিলেও চলিজে পারে। সেটা "তিত ছবি।" তার বেলায় ভোলার পাতিপাতি করিয়া খুঁজিরা পাওরা যার না, আর এর বেলায় তুমি বড় গলা করিয়া চেঁচাইবে। তুমি কাঁচা ভেঁতুল খাইবেঁ, অর বাধাইবে, আর বলিবে ঠাকুরের ইচ্ছা—হি করা বার। আমারিমনি! কি ভক্ত!

ে জোমার মনে বল নাই ! নাই কেন ? ঠাকুর দাতা বটে । তিনি দিয়া থাকেন—অনবরতই দিচ্ছেন । তুমি গ্রহণ কর কৈ ? তোমার ঝোলাটায় কে ছিল্ল আছে উছা "টাক" করিয়া বন্ধ করিয়া লও দেখি—ওটা বন্ধ না করিলে ভোমার প্রাণ্য জিনীস যে গলিয়া বাহির হইয়া যাইবে ।

কেন ভূমি ত্রকা ? ভূমি নিংহ শাবক, ঠাকুর তোমার সহায়—কূমি শৃগাক্ষ নতা। "উথিষ্ঠত জাগ্রত প্রাপা ববান নিবোধত।" ভূমি চুপ করিরা থাকিকে চলিবে না — তোমাকে জানিতে হইবে, উঠিতে হইবে ডোমাকে যুদ্ধে অপ্রাপক হউবে, উঠিতে হইবে ডোমাকে যুদ্ধে অপ্রাপক হউবে, তার্কার ভক্ত ভূমি তোমার কেবল লেক্ষ নাজিলে চলিবে না। যুদ্ধে অপারক হও, পুরপ্রদর্শন করিও না। কাপুরুষ পিট ক্ষেত্রিক অপেকা করিও না, নিজের অত্যে নিজেকে শতুলা ছিল্ল কর—এ মৃত্যু অন্থাহতা। নহে। এ অসমত হাত। ক্ষপিও উপভাইয়া কেনিলা দাও, বিভাক ছানার মন্ত মিউ করিলে চলিবে না — চলিত যদি তোমার পূর্ব আত্মমর্মপর্কি থাকিত। একবারে না পার দশবাব চেন্তা করে, না হয় আবার আসিও—বার্মান্ত জন্মগ্রহণ কর —ক্ষতি কি ? এই ভাবে ঘোলটা দিয়া, বিছানাম আরাম লাভ করিয়া আর ঠাকুরের বাবহার উপর দোষ চাপাইয়া তোমাকে যাইতে দিতে পারি না।

ভূমি খোক শাস্তি, তুমি খোক তৃ প্র, মন্তোব, আয়ুপ্রসাদ। কোথার শুনিয়াছ, ক মজে মান্তোৎসর্গ না হইলে আয়ুপ্রসাদ জনিতে পারে । প্রথকে—পূর্বিরীয় ক্ষর্কে, চাহিও না। তঃখকে বরিয়া লইয়া যাও - গৃহে প্রতিষ্ঠিত কর—আপনাকে ক্ষি শান্ত। কোথায়—বলিয়া দিতে হইবে কি । বলি দাও কামের কাছে—ক্ষোধের কাছে—বলি দাও কর্তব্যের কাছে—বলি দাও কর্তব্যের কাছে, দেখিবে আয়্প্রসাদ আসিয়াছে। ঠাকুর নিজে আয়্প্রসাদরূপে দেখা দিবেন। তোমার হাদি-মন্দিরে প্রতিষ্ঠিত হইয়া বিরাজ করিবেন।

ভক্তপদান্তিত শ্ৰীকীবিতনাথ দাস L

## মনদাদীপে জীরামকৃষ্ণ-তপোবন ও মহোৎসব।

স্করবন অন্তর্গত গ্রাণাগ্রের সন্নিকট মন্সাধীপ নামক বীশে ঠাকুছ শ্রীরামক্ষেত্র একটী আশ্রম প্রতিষ্ঠিত হইগাছে। এই আশ্রমের নাম স্নামক্তক-ভাগোনক।
ক্রাণাগ্র বাইতে এই আশ্রমের সমুস্ক গ্রাহ দিয়া হোরনিবার ক্যোক্ত

নীর জাহাল ও যাত্রীয় বোট সকল গিয়া লাকে। আশ্রমটী গলার ঠিক শশ্চিব, ছুলে। গলা এইছানে এড বিস্তাণ যে দেখিতে সমুদ্ধের নগিয়া এইছানে বাাজসভুল যে জলল ছিল, ত হাতে এই আশ্রম্ময় নাম যে তপোবল লেওয়া ছইয়াছে, ভাছা ঐ ছানে বে কেহ গমন ক'রবেন, তিনিই ইহার যাগাঠতা বুলিউউ পারিবেন এবং ইহার মনোরম দৃশ্য দোখনা যে পরানন্দ লাভ করিবেন, শ্রে বিষয় সন্দেহ নাই।

এই স্থানে এক-কঠি জন্দ্ৰণ অবস্থায় খ্রীরামক্কক-সমাধি-মন্দির কাঁকুড়পান্ধী বোরোস্থানে ঠাকুরের দেবার্থে ছই শত বিঘা জনি ক্রন্ন করা হইরাছে। এককেশে কেই জন্দ্রণ কটিট্রা, ইহাকে আবাদী জনিতে পরিণত করা হইরাছে। এ বংসর বোরোস্থানের সেবকর্গণ গত পৌষ মাসের শেষে ঐ স্থানে গন্দন করেন। একজন সেবকর্গ গত বংসর হইতে অনবরত ঐ স্থানে থাকিয়া গৃহাদি মিদ্মাণ ও পুছরিশী খন্দন করাইরা এবং জন্দ্রণ কটাইরা ইহাকে আবাস স্থলের ও আবাদির উপদ্বক্ত করাইরা এবং জন্দ্রণ করাট্রা ইহাকে আবাস স্থলের ও আবাদির উপদ্বক্ত করাইরাছেন। জন্মলে ব্যান্তের ভয়, একাকা সেবক প্রাণ্ডান করিয়া ঠাকুর শ্রীরামকৃষ্ণ ও ওক্ত মহারাজকে জাবনের একমান্ত্র ভর্মা জানিয়া ঐ কার্য্য করাইরা পর্মানন্দে দিন বাপন করিয়া ধঞা ইইয়াছেন। বাস্তবিক ঐ তপোবনে ইহা তাহার তপস্থাই করা ইইয়াছে।

क्लिक शीर मारमत स्परं मनमावीत्मत क्रांमनात है। युक्त वांतु मननत्माहरू কাৰ। স্বন্ধবৰ্ণের সহিত মনসাদ্বাপে আগমন করিয়া ছলেন। তাঁহার বাটাক্তে व्यक्तिभाविक क्रोटेनक क्वाटलाक भक्तामागद्र हाउँग, मान विकाय क्रियन बानका यामन क्यीबाहित्समा रता माच, विवर्गत माककन ममाख्याकारत वार्ष করিয়া তিনি মনসাধীপ হউতে সাগরে গমন করেন। তথায় সেদিবদ প্রশিক্ষ कारहारक शक्तिक मिरलन ना, मक्लारक है ।विभाग कतिया मिरलन ध्वर के **लिहेग्ड लिक्डिंग्ट नीविंड** हिन नहीं। टेंश्टी मुद्धात मन्द्र अनमाधीत्य कि ब्रिया चारमन । मक्काब मध्य देशवा मकरण श्वामन करवन रा. अवारम अवास कुकारकार्य द्रविद्वाद्वन, देशास्त्र वालिया ठाशास्त्र आधार के छ छन, मारम वावर ষাহা খরচ হর সমস্ত দিয়া ঠাকুর শ্রীরামক্লফের মংহাৎস্ব করা হউক। আছিঃ-कारण खैत्रामकृष्क रमवकशरणत निकंछ এই मरवाम रम छत्र। छाहात्रा यहिना মাৰ্দ্দৰীবুর স্থিত প্রামর্শ করেন ও যে যে দ্রব্যাদি লাগিবে, তাহার তালিকা প্রান্ত করেন। কিন্তু সেই স্থানে তৈলসগত্তই বা কোথায়, রন্ধন করিবার আক্ষণই বা কোঝার এবং দ্রব্যাধিই বা কোঝার মিলিবে ? স্থান ঠিক হইল যে, আশ্রমের निकटि এ वर्गत खर्थारन वात्वामात्री इटेश्वारह, मिटेशात हाँतमा बाहि, হেণিকার চালা আছে, অভএব দেই স্থানেই হউক। ঠাকুর প্রীরামক্তকের এমনি महिमा (वे मेंक्टबेर्ड धक्वारका विनेता छेठिएनम (व. बाबक्रक नात्वत कार्ड मेक्के দ্ৰবাদি আপনি মিলিবে, কোন কিছুৱ অভাব হইবে না। কাৰ্যোও ঠিক তাহাই ঘটল।

কুৰবার এই মান মহোৎদাৰের দিন হিন্ন কুৰ্নিন "মনিশনার দ্বন্ধা পর্যাত্ত কোন আবোরও বোগার্ড নাই, রাঁধিবার জন্য একজন প্রাজ্ঞণও পাঁওরা বার নাই। সভাার পর সেবক লগ চিভিন্ত ক্টরাছেন, নি ক্টবে, সকলে লোকের আবোরত ক্টেনের কালোজন ক্টতেছে, গোককেও সংবাদ দেওয়া ক্টরাছে অথচ কিছুই নাই, করেক মব মাজ্র চাল ও দাল। রাজি ৮টার সমর হঠাৎ বিনেশী উড়িয়া প্রাক্ষণ এ জন আসিরা বিলিন, "বাবাজা। আমরা প্রাক্ষণ ভিথারী, কিছু তিলা চাই।" সেবকপণ আনক্ষে বিলিরা উঠিলেন, এই এ জন রাঁধিবার প্রাক্ষণ আরিয়া কংবাদ দিল বে কঠাৎ একটা কোনেন, এই এ জন রাঁধিবার প্রাক্ষণ আরিয়া কংবাদ দিল বে কঠাৎ একটা বোটে একটা মারি ক্তিও বিলিও একজন আরিয়া কংবাদ দিল বে কঠাৎ একটা বোটে একটা মারি ক্তিও বিলিও আনিয়া বিলিডেছে, আপনারা ক্তিরিনিনেম কি ? এইরুপে প্রাভংকালে দেখা গোল ১০ জন প্রাক্ষণ ভূটিরাছে, ক্রয়ার্দি কোথা ক্টেডে সব আপনি আনিতেছে। তৈজস প্রাদি অর্থাৎ লোহার কলা প্রার ১ইা১৪ খানি জুটিয়া গোল। থড়ের বড় জড়াইয়া ভাষার ভিতর কালভ ও পাভা দিয়া থিচুড়ী ঢালাইবার বন্দোবিত করা কইল। কুটি হাল্মা থিচুড়ী ভরকারী অবল ও পারেল প্রচুর পরিমানে প্রস্তুত ক্টেল। যে স্থানেম ছই সের

ঠাকুরকে সাজাইবার জন্ম অতি অন্দর পাতালতা দিয়া একটা নিকুঞ্জবন অবভ হইল। তদ্মধ্যে ফুলের ও লভাপাতার সিংহাসনোপরে ঠাকুর শ্রীরামকৃষ্ণ ও তীহার পদতলে দেবক রামচন্ত্র। রামকৃষ্ণ নাম পংকীর্ত্তনে দিক্ পরিপুরিত হইল। কালালের দেশে কালালের ঠাকুর কালালগণের হংগে বিগলিত হইনা আন কালালের কেনে উদ্ধার করিতে আগ্যান করিয়াছেন, তোরা সব আয় ঠারুর'ডোলের আলিক্ষন করিয়া জোড়ে স্থান দিবেন বলিয়া এই স্থানে আসিয়াছেন, এই ভাবে সামকৃষ্ণ নামে সকলে বেন উন্মন্ত হইনা উঠিয়াছিল। এক দল করিন নামার করিতে করিতে আসিয়া রামকৃষ্ণ নাম কীর্ত্তনে বোগদান করিয়া সকলের আনুষ্ণাক্ষণক্ষন করিয়াছিলেন। সে দুল্ল অভাবনীয়া

ঐ স্থানের অনেক ভত্রলোক বোগোন্তানের দেবকগণকে বলিয়াছিলেন বে বিচুদ্ধী করাইরাছেন, সব কেলিয়া দিতে হইবে। এখানে একবার জাহারা ৭ বালু চাল রাখিয়া সব নই করিতে বাধ্য হইরাছিলেন, আজিবিচার গইরা ক্ষেক্তির্জ ইইরা ক্রেই না আইরা চলিয়া গিরাছিল। কিন্তু রামক্তক নামের অপান্ন মহিনার প্রার্থ ক্রেই না আই বাদ্য একবংক মহাপ্রদান ধারণ করিয়া ক্লেক্তিরাছিল।

উৎস্বান্তে স্বেক্গণ বলিলেন, মন্ত মনন্দাৰ ও মন্ত**্ৰেই, জীলোক বাহাদেৰ** উৎসাহে এই জন্মন্তৰ আৰু ভ্ৰম নাৰভুক্ত মহোৎসৰ কাঠো জানন্দান মইল ৷

#### खी खी त्रां मक्क बीहरून छत्रना ।

क्य शक्रात्व !!

# তত্ত্ব-মঞ্জরী

উনবিংশ বর্ষ, বাদশ সংখা। চৈত্র, সন ১৩২২ সাল।

## আনক্ষে ভাসাওঃ

( > )

আনন্দে ভাগাও যোরে আনন্দে ভাগাও আনন্দ তুফান মাঝে আমার ডুবাও

चामात्र क्षत्र माट्स

বেখানে যা ওপো সাঝে

তাই দিয়ে দয়াময় আমার সাজাও আনন্দে ভাসাও যোরে আনন্দে ভাসাও।

( २ )

তোমার পবিত্র আলো দেখাও আমার আপনা ভূলিয়া আমি নেহারি ভোমার

হোক বিশ্ব ধ্বংশময়

গাহিৰ ভোমায় লয

দাও শক্তি দরামর হাদে শক্তি দাও, জানব্দে ভাসাও মোরে আসনে ভাসাও।

**এ**শীরামক্রক শ্রীচরণাশ্রিতা দাসী

ইনটা প্ৰভাৰতী দেবী

## স্বামী বিবেকানন্দের সরলতা।

শ্রীশ্রীরামক্তকদেবের কুপার শ্রীমৎ স্বামী বিবেকানন্দের মহৎ উদার প্রাণ কভদুর সরল হবৈয়াছিল, ভাষা ধাঁহারা তাঁহার দেবহুলভি অলৌকিক জীবনের সংস্পর্লে আসিন্নাছেন, তাঁহারাই প্রাণে প্রাণে অহুভব করিতে পারেন। এীনীঠাকুরের क्रुणात्र सामीको वान मिश्रा काशांक वान कानिएकन ना, छांशांत्र निकटे शत्र-তাজা কেই ছিল না, তিনি জলদ গন্তীর স্বরে নিজমুথে কত্বার বলিয়াছেন, "I have come for construction and not for destruction" "আমি গড়িতেই আসিয়াছি, ভালিতে আসি নাই।" অতি বড় হুটুই তাঁহার সমধিক কুপালাভ করিত। তিনি বলিতেন, "আমি এমন ছেলে চাহিনা যে নিরীহ গোবেচারী হইয়া দমস্ত গীতাথানি আরুত্তি করিতে পারে, বরং আমি ঐক্রপ সাহসী বাসক চাই যে অনায়াসে ব্যাদ্রের মুখে যাইতেও পশ্চাৎণদ নহে।" ইহাই স্বামীজীয় , মহাপ্রাণতা ও তেজস্বীতার একটী নিদর্শন। তিনি স্মাপন উদারতার যে অবস্ত নিদর্শন স্থাপন করিয়াছেন, তাহা তাঁহার শ্রীমুখের নিম উদ্ধৃত উক্তিতে স্পষ্টই প্রতীয়মান হইবে, "I do not belong to any country, nation, cast or creed-I am for the whole human race—I am for the whole world" আমি কোন দেশের. জাতির বা সম্প্রণায়ের জন্য নহি, আমি সমন্ত মানব জাতির জন্য, সমন্ত পৃথিবীর জন্য। পাঠক স্বামীজীর স্থদেশ প্রেম বুঝিলে কি ? তিনি সন্ন্যাসীর আদর্শ, সমস্ত জগৎ তাঁহার আপনার, তাঁহার প্রেম সন্ধীর্ণ বা সীমাবদ্ধ নহে, তাই তিনি ইউরোপ আমেরিকাকে আপনার প্রেমাধীন করিয়াছেন, প্রেমে জগৎ জয় করিষাছেন। ইহাই মানবজীবনের ধর্মা, ভারতের ধর্মা, প্রত্যেক ভারতবাদীর ধর্ম। হে ভ্যাগ-সর্বাস্থ ভারত। তোমার প্রাণ কভ উদার, কত বিশ্বত ব্রিলে কি ? তোমারই শীশহরাচার্য্য বলিয়াছেন :---

> মাতা চ পার্ব্ধতীদেবী পিতা দেব মহেশব:। বান্ধরাঃ শিবভক্তান্চ স্বদেশ ভূবনত্রসমূ,॥

ত্রিভূবনই বে তোমার স্বদেশ, জগৎবাদী মাত্রই যে তোমার আপনার! কাহাকে বাদ দিবে, এই জন্মই ভারতবর্ষ ধর্মের মাতৃত্বমি---এমন পরকে আপন করিবার

ৰেশ ভ পৃথিবীতে আৰু নাই। "ৰস্থাধৈৰ কুটুম্বকম" ৰলিবাৰ স্থান ভ ,আৰু নাই। ভাই বলিডেছি, হে ভারত ় ভোমার ধর্মনিকা ভূলিও না, ভোমার চিরাভ্যর আতিথ্যসংকার বিশ্বত হই এনা, ডুমিই তো চিরকাল অনশনে, অদ্ধাপনে থাকিয়া, স্বীর মুধের গ্রাদে অভিণীর সংকার করিয়া ধস্ত হও। ইহান্ডেই ভ তোমার অন্তিম, ভোমার প্রাণ। এই বিরাট মহাপ্রাণতা লইয়া, স্বামীকী লোকমাঞ্চ পদম্বলিত, করিয়া, ভারতের জন্য কাঁদিতেন, কিসে ভারত আবার কাগিবে, কিলে ভারত আস্নামুভূতি করিবে, ইহাই তাঁহার ধ্যানজ্ঞান ছিল। আরু তাঁচার প্রেম ? তাহা অদীম অনস্ত, তিনি মুর্ব ভারতবাদী, দরিক্র ভারতবাদী, চঙাল ভারতবাসীকে স্মাপনার কোন দিয়া ধক্ত হটগাছেন, এমন কি তাঁছার নিক্টি ভারতের বুলিকণাটা পর্যান্ত পরমপূত, পরম আদরণীয়, পরমপবিতা। স্বামীকী সগর্বে আমেরিকার বলিয়াছেন, আমার স্থায় ক্তশত বিবেকানন ভারতের প্রতি রেণ্তে গড়াগড়ি বাইতেছে। ইহাই তাঁহার মাতৃভূমির প্রতি শ্রেষ্ঠ অবদান। এমন কি তিনি বছদিবস পাশ্চাত্যে অতিবাহিত করিবার পর ভাবতে প্রথম পদার্পণ করিয়াই সাষ্ট্রান্থ প্রণত হইয়াছিলেন। পরম পূজনীয় তিন্দ্রাজ সেতৃবন্ধ রামেশ্বরাধিপতি তাঁহাকে সাষ্টাঙ্গে প্রণাম করতঃ পরম শ্রন্ধা ও সমাদর সহকারে তাঁহার সংক্ষা করিয়া কৃতকৃতার্থ হইয়াছিলেন। শ্রীগুরুকুপান স্বাদীজী প্রাচ্য ও পাশ্চাত্যে এতদুর মহা সম্মানিত হইয়াও আপনাব সেই কলিকাতার বালক-ভাব ও দেবজুর্মভ সরলতা একদিনের জন্যও বিশ্বত হয়েন নাই, ইছাই তাঁহার মহবার।

পাশ্চাত্য বিজয়ের পর কলিকাতার প্রত্যাগত হট্যা স্বামীজী একদিন তাঁহার গুরুজ্বান প্রীরামক্কক সমাধি-মন্দির কাঁকুড়গাছী যোগোভানে তাঁহার প্রীরামক্কক সক্ষণাতের একমাত্র উপলক্ষ পূর্ব্ব সম্পর্কীয় দাদা মহাশর (মাতামহীর সম্পর্কীয় দাদা মহাশর (মাতামহীর সম্পর্কীয় প্রাতামহীর আপন মাতৃল পূত্র ) মহাত্মা রামচক্রের সহিত সাক্ষাং করিতে গিয়াছি-লেন। তথন মহাত্মা রামচক্র পীড়িত এবং যোগোভানেই বাস করিডেন। স্বামীজীপ্রেমভরে তাঁহার রামদাদার চন্দ্র পাছ্ছা যথাস্থানে সন্নিবেশিত করিছোন। নিজে এত বড় জ্ঞানী, মহামানী ভাহা ভূলিয়া গেলেন। মহাত্মা রামচক্র ইহা দেখিয়া জ্ঞোলাল সম্বরণ করিতে পারিলেন না এবং যলিয়া উঠিলেন, "বিলে । তুই কেন পাছ্ছা সম্বরণ করিতে পারিলেন না এবং যলিয়া উঠিলেন, "বিলে । তুই কেন পাছ্ছা স্পর্কা কর্মী, আনুমানি আত্যুক্তর

করিলেন, রা্মনানা! তোমার শাঁরীর অন্তব্ধ, আর আমি দে তোমার সেই বিলেশ এবং উভরের গণ্ডরল বহিলা প্রমাশধারা প্রবাহিত হইতেলাগিল। আহা কি প্রেমণ প্রাণ্ডর হয় না প্রীন্ত্রীরামক্রক সন্তান স্বামিলীর প্রাণ কড় প্রেমপূর্ব ও উদার, ও সাল্লভার আধার ছিল! অসীম লোকমান্ত ভুচ্ছ করিয়াপানাকে কিরপ সরল বালকের আর জ্ঞান করিতেন! স্বামীজী পাশ্চাড্যেকত বছ মূল্য বস্তাদি ব্যবহার করিয়াও কলিকাতার একটা সামান্ত গ্রেজ এবং একথানি উত্তরীয় বাবহার করিতেন এবং উহাতেই কত আনন্দ প্রকাশ করিতেন। তাঁহার শ্রীচরণ কমলে প্রাথনা করি, যেন তাঁহার কুপার আমাদের মন্তব্যক্ষ লাভ হয়।

"কাক্সাল।"

## যোগোদ্যানে এ।রামচন্দ্র।

( পূর্ব্ব প্রকাশিত ৪২২ পৃষ্ঠার পর।)

আবার কৰে যোগোদ্যানে বাইব—এই বাসনা মানসে প্রবেশ পাছিলেও, প্রার পাঁচ সপ্তাহ পরে, অর্থাৎ ১৮ই আখিন রবিবার, কেলা হুই অফিনার সমস্ক ছির্তীরবার যোগোদ্যানে যাওয়া ঘটিল। এই সময়ে আমি এন্ট্রান্স ক্লানে পড়িতাম, এবং আমার জ্যেষ্ঠতাত এবং পিতৃব্য আমাদের প্রতি সর্বাদা তীক্ষদৃষ্টি রাখিতেন, স্কুতরাং তাঁহাদের মত না লইয়া সহজে বাহির হইতে পারিতাম না ৮ইতিপুর্কে দক্ষিণেখরে, বরাহনগরের মঠে, আমরা করেক বার গিয়াছি, এবং ক্র্যান্টমীতে যোগোদ্যানে গিয়াছিলাম, ইহা তাঁহারা জানিতেন, সংসদ্ধ এবং ক্র্যান্টেমীতে যোগোদ্যানে গিয়াছিলাম, ইহা তাঁহারা জানিতেন, সংসদ্ধ এবং ক্র্যান্টেমীতে যোগোদ্যানে প্রায়ারা ক্লোব্ড দিন যাইতে নিষেধ করেন নাই। বিশেষত ঠাকুর সম্বন্ধে তাঁহাদের প্রদার ভাবই ছিল, জ্যেষ্ঠতাত মহালম কেশক বাবুর পরিকর্তনাদি সহলে বিশেষরূপ জানিতেন এবং পিতৃব্য একবার একটা সংকীর্তন সম্প্রদায়দহ দক্ষিণেখরে গমন করিয়া সেই সম্প্রদায়ের কীর্তনকাক্ষেত্র পান ও বাজনার বিশেষ আনন্দিত হইরা সম্প্রান মধ্যে ভাববিভোর অবহার নাচিয়াছিলেন এবং পিতৃব্যকে 'বেশ' ক্রেলা উৎসাহিত করিয়াছিলেন। তবে যাহাতে পড়াকনার ক্রিড না

হর এবং অসংসঙ্গ না জুটে, সে বিষয়ে তাঁহারা সর্বাদা সাৰ্ধান করিছেন।
এই সময়ে আমার বরস প্রায় ১৭ বংসর।

व्यादि अध्याप मह व्याकामाति शिवाहिनाम। उदम्ब मित जिमान যেরপ লোককলরবে এবং কীর্ন্তনাদিতে মুখরিত ছিল, **আল আর সেরপ** নাই। আজ যোগোদ্যানের অভি প্রশান্তমূর্ত্তি। আমরা ঠাকুর প্রশান করিবা বৈঠক্থানার ঘরের দিকে অগ্রসর হইলাম। প্রিয়নাথের দকে থাকিলেও আমি বিশেষ কুষ্টিতভাবে বৈঠক গৃহের ভক্তগণের প্রতি সন্মান জানাইয়া প্রণড হই-লাম। কাহারও সহিত আমার আলাপ পরিচয় নাই, তথাপি রামচক্র <del>আনারের</del> বসিতে কহিলেন। ঘরে অনেকগুলি লোক বসিয়াছিলেন, তথার স্থান সম্পান না হওয়ায়, দেখিলাম বারাভায় নাতুর বিছাইয়াও অনেকে বসিয়া আছেন, আনরাও এই বারাভায় বদিলাম। রামচন্দ্র ব্যতীত ঠাকুরের আরও করেকটা विरामव ज्वा- वर्थाः शिविमहन्त्र, मरनारमादन এवः इत्ररमादन श्राकृतिः उथाइ উপস্থিত ছিলেন। ইহাদিগকে ঘেরিয়া বদিয়া গৃহ মধ্যে আয় ১০।১২ 🕶 এবং রাহিরের বারাভাষত প্রায় ১০।১২ জন বদিয়াছিলেন। ঠাকুরের মধুর লীলাপ্রসঙ্গ চলিতেছিল। আমরা নির্মাক অবস্থার বসিয়া উহা ভনিতে লাগি-লাম। প্রথ সমস্ত বৃবকরুল নারিকেলডালায় উৎসব করিয়াছিলেন, তাছাদেরও অনেকে এই দিনে উপস্থিত ছিলেন। প্রিমনাথ সময়মত চুপে চুপে কথা ক**হিনা** আমাকে অনেকের নাম কহিয়া মুখ চিনাইয়া দিতে লাগিলেন। বেলা প্রায় आ• ঘটিকার পর মনোমোহনবারু কহিলেন, "এইবার একটু কীর্ত্তন হউক।" তথন গৃহ মধ্যস্থিত কুঞ্জ নামক ভক্তটী থোল ও করতাল নামাইরা যথাযোগ্য ব্যক্তিকে উহা সন্ধত করিবার জন্য দিলেন। রামচন্ত্র তানপুরা নইলেন, গাহিতে নাগিতেন—

শিক্তলো আমার মনত্রমরা শ্রামাপদ নীল কম্লেঃ
(শ্রামাপদ নীলকমলে—ও মন কালীপদ নীলকমলে)
বিবয় মধু তুল্ক হল, কামাদি রিপু সকলেঃ
(মারের) চরণ কালো, ত্রমর কালোঁ, কালোর কালো মিশে রেল,

পঞ্চত প্রধান মত রক কেবে তব দিলে।
ক্ষণাকাত্তর মনে, আলাপূর্ণ একছিলে,

চ্থক্থ সমান হোলো, আনশ্সলিল হলে 🛚

গানটা শেষ হইলে গিরিশবাবু কহিলেন,—"গরা গলা"—

কামচন্দ্র গিরিশচন্দ্রে মানসিক ভাব বুঝিয়া মাথা নাড়িয়া একটু হাক্ত
করিলেন, পরে গানটা ধরিলেন,—

"গয়া গয়া প্রতাসাদি কাশীকার্মী কেবা চার।
কালী কালী কালী বলে, (আমার) অজপা যদি ক্রায় য়
বিলেশ্যা যে বলে কালী, পূজা সন্ধানে দে কি চার।
সন্ধান যার সন্ধানে ফিরে, কভূ সন্ধি নাহি পার॥
কালীনামে কভ গুণ, কেবা জাতে পারে ভার।
দেবাদিদেব মহাদেব যার পঞ্চমুবে গুণ গার॥
জপ যজ্ঞ পূজা বলি, আর কিছু না মনে লর।
মদনের জপ যজ্ঞ (সব) ব্রহ্মমারীর রাজা পায়॥

র। য়চক্রের সঙ্গে সঙ্গে অনেকেই গানটী গাছিতে লাগিলেন। গানটী হুই ভিন বার গাওয়া হটল।

ইহার পদ্ম আবার গান হটল--

নামের ভরসা কেবল করি গোভোগার (ওমা)।
কাজ কি আমার কোশাকৃশি, দেঁতোর হাসি লোকাচার এ «
মামেতে কাল পাশ কাটে, জোটে তা দিয়েছে রটে,
আমারা তো সেই জোটের মুটে হয়েছি আর হ'ব কার॥
নামেতে যা হবার হবে, মিছে কেন মরি ভেবে,
নিভান্ত করেছি শিবে, শিবের বচন সার॥

এই গান শেষ হইলে রামচন্দ্র তানপুরাটী কুঞ্জর হাতে দিলেন, তিনি যথা-স্থানে উহা রাখিয়া দিয়া আবার উপবেশন করিলেন। এইবার কীর্ত্তন গান্দ হুইতে লাগিল।

শ্বাধের হরি বল্তে নরন ঝবে, তারা হ'ভাই এসেছে রে।
তারা—তারা হ'ভাই এসেছে রে।
যারা জীবের হুখ সইভে নারে—এ নদীয়ার তারা হ'ভাই এসেছে রে।
যারা অক্সের মাথন চোরা ছিল, যারা জাতির বিচার নাচি করে

যারা পাণী তাপী কোলে করে, যারা আপনি মেতে অগৎ নাতায়,

যারা আপামরে দয়া করে, যারা জগাই মাধাই উদ্ধারিশ,
যারা হরি হয়ে হরি বলে, যারা মার থেয়ে প্রেম যাটে,
যারা আপন পুর না হ বাছে, যানা ব্রজের কানাই বলাই ছিল,
জীব তরাতে তারা—কারা হ'ভার এনেছে বে (গৌর নিতাই)॥

এই গানটী এমন মাতোরার। ভাবে গীত হইয়াছল, যে আমানের শরীর মাঝে মাঝে রোমাঞ্চিত হইয়া উঠিতোছল। মনে মাঝে হারা মিজে লাগিলেন, "একাধারে তারা ছ'ভাই" "রামক্ষকরপে তারা ছ'ভাই।" বগরিশজ্জ অতি ধীর ও গন্তার ভাবে বসিয়া মহিয়াছিলেন। অনেকক্ষণ পরে গানটা শেষ হইল।

বেলা প্রায় ৫টা। ইতি মধ্যে গিরিশবাবুর বেহারা (নাম শিউপাল) গিরিশাবাবুর জন্য গাড়ী লইয়া উপস্থিত হুটয়াছে। তিনি বাড়া ঘাইয়া তৎপক্ষেথিয়েটারে ঘাইবেন। গিরিশবাবু ও তৎসহ মনোনোহনবাবু, হরমোহনবাবু এবং আরপ্ত ছই একলন কলিকাতার ঘাইবার জন্য উঠিয়া ঠাকুর প্রণাম করিতে গেলেন। রামচন্দ্র, তাঁহাদের তসহিত কথা কহিতে কহিতে তদভিম্থে চলিলেন। তথন ঠাকুর ঘর থোলা হুইয়া ঠাকুরের বৈকালিক শীতল দেওয়া হুইয়া গিয়াছে। তারক নামে একটা ভক্ত ঠাকুরের প্রসাদ প্রহণ কার্যায়। গিরিশবাবু প্রভৃতি যানারোহণে যোগোদ্যান হুইতে নিজ্রাপ্ত ইইনেন। শব্পান্ত গেকেণ এবার বৈঠকং গ্রের সামুখের বারাপ্তায় আরিয়া রালচন্দ্রের সাহত ক্রাথান্তি। কহিতে আরম্ভ করিলেন।

এইবার বাড়ী কিরিবার জন্য আমি প্রিয়নাথকে চুপে কুপে কাংলাম। ভিনিত্ত কহিলেন, আচ্ছা, চল ঘাই। আনরা উঠিয়া রামচক্র এবং অপরাপর ভক্তপণ সমূবে প্রণত হইয়া বিদার প্রার্থনা করিলাম। রামচক্র কহিলেন,—'আবার তোমরা এসো।' আমাদের সঙ্গে আগও ছই তিনটা ভক্ত (অর্থাও প্রিরনাথের বন্ধুগণ) কলিকাভান্তিমুথে আসিভে লাগিলেন। ফিরিবার সুনয় নারিকেলভালার মোগল গার্ডেন, শ্রীবৃক্ত গুরুদাস চট্টোপাধ্যায় মহাশ্রের বাটা, গ্যাস্থর ইত্যাদি বিরুদ্ধে একে মন দেখাইতে ও চিনাইতে, লাগিলেন। মোগল সম্ভেনে

উাহারা এক একদিন আদিরা সন্ধার সময় সকলে ধ্যানে বসিতেন এবং রাত্রি আবারু ১টা আওটা পর্যান্ত ভাঁহারা ধ্যান ভাপ করিতেন।

⇒ই কার্ত্তিক রবিবার, ১২৯৮ সাল, (২৫শে অক্টোবর ১৮৯১ খুঃ) অপরাহু প্রায় ও ঘটকার সময় যোগোদ্যানে তৃতীয়বার উপস্থিত হই। অনেক ভক্ত উপস্থিত ছিলেন। কতকগুলি নবাগত তত্ত্বপিপাত্ম ব্যক্তি রামচয়েরে সহিত **ধর্ম প্রসঙ্গ করিতেছিলেন।** মনে পড়িতেছে, রামচন্দ্র বলিতেছিলেন—"মহালয়! नवसरः मारत कारक जिल्ल आमता नुष्ठन कथा खरनिष्ठ, नुष्ठन जिनिम रमस्यिति । ভার আগে যে সব দেখেছিলাম বা ওনেছিলাম, সে সব যেন থড়কুটো বা আলুনি ৰলে বোধ হতে লাগলো। আমরা গিয়ে যথন তাঁকে জিজ্ঞানা করিলাম যে, মহাশর! ঈশ্বরকে কি পাওয়া যায় ? তিনি বল্লেন যে, দিনের বেলায় আকাশে ভারা দেখতে পাওনা, তাই বলে কি বলবে, যে ভাকাশে ভারা নাই? হর্ষ্যের বাধর তেকে তারার জ্যোতিকে সান করে দিয়েছে, তাই তারা দেখা যায় না। ভেষ্নি জীবের অন্তরে মহামায়ার প্রভাব ও কামিনীকাঞ্চনের লালসা প্রবন্ধ **स्टब ब्राह्मरू, जेन्द्र**तंत्र किन्ना नाहे, जावना नाहे-जाँदि পादि त्कमन करत ? लारक विश्व हरना ना राम इ घी कें। नारत, हारन हरना भा राम हात घी কাঁদৰে, কিছ হে ঈশর! তুমি কেমন, একবার আমার দেখা দাও, এ কথা বলে কি কেউ এক ফোঁটাও চথের জল ফেলে ? তাঁর জন্য যে কাঁদিতে পারে, তাঁকে পাবার জন্য যার প্রাণ ব্যাকুল হয়, দে নিশ্চয়ই তাঁকে পার। শোষাদের এই কথা বল্ডে বল্ডে তিনি সমাধিস্থ হয়ে পড়লেন, কতক্ষণ পরে তীয় হ'ল হ'ল। বাহিরের ভর্ক, ছেঁদো কথার, তাঁকে লাভ হর না, তাঁর ত্ত্বৰ ৰোঝা বাৰ না। সৰুৰ প্ৰাণ, আৰু তাঁৰ প্ৰতি ঐকাস্তিক অমুৰাগ, এই 🗱 হ'ল তাঁকে পাৰার একমাত্র উপার। একটা গানে আছে—

"কেবল অনুবাপে তুমি কেনা,
প্রাক্ত্য বিনা অনুবাগ, করে বজ্ঞবাপ
ভোমারে কি বার জানা।
(ভোমার ধন দিয়ে কে কিন্তে পারে ক্রম না দিরেহে।)

ৰুজন ভত্ৰলোক কহিলেন,—মহাশব ! আমনা সংসাহে নারার জড়িত করে

রচ্ছেছি, কেমন কবে কি হবে? আমাদের কি আর তাঁর প্রতি অক্সাগ আসে । রামচন্দ্র কহিলেন, যা বলচেন সে ত ঠিক কথাই। তবে স্বর্থরের রূপা অবে লবই হয়। তুলসীদাস বলেছেন.—

> সদ গুক পাওয়ে, ভেদ বাতাওয়ে, জ্ঞান করে উপদেশ। জব কয়লাকি মধলা ছুটে সব আগে করে পববেশ॥

যারা মোছার জীব, যারা মায়াবদ্ধ, তাদেব সদ্গুক বিনা আর গতি নাই।
পরমহংসদেবের কাছে, আমরা একবার সংসাব তাগি কববো বলে বলেছিলাম,
তাতে তিনি বল্লেন, কেন ? সংসার কি দোধ কবেছে ? সংসারে নির্লিপ্ত
হয়ে থাকো। পাঁকাল মাছ যেমন পাঁকের মধ্যে থাকে, অথচ তার গায়ে
একটুও কালার দাগ নাই। সংসাব ছেভে যাবে কোথা ? যেখানে যাবে
সেইখানেই ত সংসাব। ভোমার মন থেকে বদি সব তাগি না হলো, তুমি
ঘনে যেয়ে কি করবে ? সংসার ববঞ্চ তাল যায়গা। কেল্লায় থেকে যেমন
শক্রের সঙ্গে বৃদ্ধ করার জন্য যেশী তাবনা হয় না—কারণ গোলা, গুলি, রসদ্,
সব কেলায়ে য়ুয়্কুত রযেছে, সেই রকম সংসাব থেকে যে হরিসাধন করবার বাসনা
করে, তারপক্ষে সে সাধন সহজ্ঞ হয়ে পড়ে, কারণ তার যথন যে কোন অভাব
বোধ হবে, সংসাবে তথনি তা পাবে।

এই প্রকারের কথাবার্তা শুনিতে শুনিতে চাবিটা বাজিয়া গেল। আগস্কুকর্ণণ যাইবার জন্ম ইচ্ছা প্রকাশ করিলেন, তথন তাহাদিগকে ঠাকুবের কিছু কিছু প্রসাদ দেওয়া হইল। উহা গ্রহণান্তে তাঁহারা প্রস্থান করিলেন। তৎপরে রামচন্ত্র ঠাকুরের জলপানি দেওয়ার জন্ম কাপড ছাড়িয়া ঠাকুর ঘরে গিয়া ঠাকুরকে তুলিয়া সমস্ত নিবেলন করিলেন। আমরা তথন ৮।১০ জন যোগোল্যানে ছিলাম। সকলেই প্রসাদ পাইলাম। প্রসাদ গ্রহণান্তে কয়েক জন চলিশা গেলেন। আর ২।৪ জন যাহারা ছিলেন, তাহার' এ দিকে সে দিকে বেড়াইতেছিলেন। রামচন্ত্র প্রমন সময়ে ঠাকুরের ঠিক সম্বাথে চাতালে ঘাইয়া উপবেশন করিলেন। তাহার' কিছু পরেই আমি গৃছে ফিরিবার উদ্দেশ্রে ঠাকুর প্রণাম করিতে গেলাম। ঠাকুর প্রণাম করিয়া উঠিলে রামচন্ত্র আমাকে নিকটে ডাকিয়া জিজ্ঞানা করিলেন—

তোমার নাম কি ? তোমার বাস কোথার ? তুমি কি কর ? এখানে কেন আইন ? এ পর্ব কিছু ভাল লাগে কি ? আমি অতি বিনীতভাবে বথাযথ উত্তর প্রদান করিলাম। তথন তিনি কহিলেন, তোমার এখানে বিশ্বাস হয় ? আমি যে কি উত্তর দিব তাহা ঠিক ব্ঝিতে পারিলাম না। প্রাণের অভাস্তরে যেন কেমন একটা কি হইল। বুকের মধ্যে গুর্গুর্ করিয়া উঠিল। ছইটী চক্ষে আপনা হইতে জল পড়িতে লাগিল। আমি যেন কেমন হইয়া গেলাম, কাঁলো কাঁলো স্বরে বলিলাম—ভাঁহার রূপা ভিন্ন কিছুই হয় না। তিনি আবার জিজ্ঞাসা করিলেন,—ঠাকুরের ধ্যান কর কি ? উত্তরে বলিলাম যে, আমি ত কিছুই জানি না, প্রাণ বড়ই টানে তাই আসি, তবে যদি রূপা করে আপনারা কিছু বলে দেন। তথন তিনি কহিলেন, ঠাকুর এখানে পঞ্চবটী নির্মাণ করিয়া দিয়াছেন, যদি ইচছা হয়, তবে একটা শনিবারে উপবাস করিয়া এখানে আসিও, সমস্ত শিখাইয়া দিব।

রামচক্রের এরূপ কথাবার্ন্তায় আমার হৃদয় যেন গলিয়া গেল। আমি কাতর-নেতে অনেককণ তাঁহার পানে চাহিয়াছিলাম। আমার চকে জল দেখিয়া, তাঁহার চক্ষেও জল ঝরিতেছিল। ঠাকুরের আজ এ কি র্থেলা, কিছুই বৃঝিতে পারিলাম না। রামচন্দ্র আগন্তকগণের সহিত আজ অনেকক্ষণ 'চথের জলের' কথা কহিয়াছিলেন। ভক্তরাজ দয়া করিয়া কি আরু আমায় চক্ষের জলে অভি-বিক্ত করিলেন। ঠাকুর। দয়াময়। চোথের জলে যদি তোমাকে পাওয়া যায়, ভবে কৈ, তোমাকে আমি পাইলাম কৈ ? কৈ আমার অন্তর হইতে নায়া মোহ বাসনা কামনা আসক্তি—এ সমস্ত আবর্জনা বিদ্বিত হইল কৈ ? হায় ঠাকুর ! হায়—চাহিয়া দেখ, এই পরিণত বয়সে—এই স্থালিত দম্ভ-পলিত কেশ অবস্থায়ও কামিনীকাঞ্চনের আসক্তিতে ভূবিয়া রহিয়াছি। কৈ দেব। তোমার পানে. তোমার পথে ছুটলাম কৈ? সারাজীবন অনেক ভাবিয়াছি, অনেক চিস্তা করিয়াছি, অনেক প্রয়াস পাইয়াছি—বুঝিয়াছি—আমরা তোমার হাতে কলের পুতুল, তুমি আমাদের যেমন নাচাও তেমনি নাচি। আমাদের নিজের স্বাধীনতা স্বাবলম্বন কিছুই নাই। তুমিই হাসাও, তুমিই কাঁদাও, তুমিই আমাদের অন্ধকারে ছেল, আমার তুমিই আলো এনে প্রাণ বাঁচাও। লীলাময়। এ লীলার সংসারে, তোমার অভুত লীলা-রহন্ত বুঝিতে পারে- এমন শক্তি কার ? ঠাকুর ! যথন যে অবস্থাতেই পাকি না কেন, তাতে তঃখ নাই, এইটি কোরো, যেনু তোমাকে কথনও না ভূলি। কপা করে তুমি তোমার ভক্তের সম্বুথে আমার মুথে প্রথমে 'কুপা' কথাটি তুলিয়া দিয়াছিলে, অন্তরে কুপার আশা ফুটাইয়া কুপার ভিথারী করিয়া—গুরুররপে কুপাবারি এ হৃদয়মকতে সিঞ্চন করিয়াছিলে। সংসারে বিপদে সম্পদে. উৎসবে বাসনে, এই ভীষণ জীবন-সংগ্রামে তোমার কুপা দেখিয়া শত শতবার মুগ্ধ হইয়াছি—ভাবিয়াছি বুঝিয়াছি আমরা তোমাকে ভূলিয়া পথল্রষ্ট হইলেও তুমি আমাদের ছাড় না—তোমার কুপা আমাদের সঙ্গে সঙ্গে ঘুরিতেছে—ফিরিতিছে, সহস্র অমঙ্গল হইতে রক্ষা করিতেছে। ঠাকুর। তোমার এই কুপা হইতে আনস্কজীবন যেন তোমার কুপার অধীন হইয়া থাকি।

যাহা হউক, সেই দিন রামচন্দ্রের সহিত পূর্বর্গ কথাবার্ত্তা ও আলাপের পর বাটী আদিবার জন্ত উঠিলাম। ঠাকুর ও তাঁহার ভক্তকে এক অতি অপূর্ব্ব আনন্দর ভাবে দেখিয়া প্রণাম করিলাম। প্রাণে এক অভৃতপূর্ব্ব আনন্দ লইরা ঠাকুর ও তাঁহার ভক্তগণের কথা ভাবিতে ভাবিতে একাকী গৃহপানে চলিতে লাগিলাম। সে, দিনু প্রাণে যে কি আনন্দই পাইয়াছিলাম, তাহা ব্যক্ত করিবার ভাষা আমার নাই।

ইতিপূর্ব্ধ বলিয়াছি যে, প্রিয়নাথের গৃহে (রামক্ষণ্ঠ পরমহংস নাম নিম্নে লেখা) ঠাকুরের একথানি ছবি ছিল, প্রিয়নাথ সে ছবিথানি আপনার নিকট কিছুদিন রাখিয়া পরে সেথানি আমাকে দিয়াছিলেন, (উহা আদ্যাপিও আছে)। আর বরাহনগর কুঠিঘাটার অবিনাশচন্দ্র দাঁর নিকট হইতে আমরা কয়থানি ক্যাবিনেট সাইজ ফটোগ্রাফ্ কিনিয়াছিলাম। সে সময়ে একমাত্র অবিনাশবাবুর নিকট ভিন্ন আর কোপাও ঠাকুরের ছবি মিলিত না। দক্ষিণেয়রে ঠাকুরের সমাধি অবস্থার তিনিই সর্কাপ্রথম ঠাকুরের বসা ছবি তুলেন। ঠাকুর যথন সেই ছবি দেখেছিলেন, তথন তাকে বলেন যে, এই থেকেই তোর হবে। মা আমার বলেছে বে, লোকের বরে গরে এ যাবে। এই ছবিগুলি বাধাইয়া আমি পডিবার ঘরে রাখিয়াছিলাম। বটতলা প্রচলিত নিত্যকর্মপদ্ধতি পাঠাস্তে নিত্য ঠাকুরকে ফুল দিতাম ও প্রণাম করিতাম। আমার ক্রেঠাইমায়ের ববাবরই এই নিত্যকর্ম্ম পাঠ ছিল, হাঁছার উৎসাহে আমি সেইগুলি মুখত কবিয়াছিলাম। সে দিন যোগোন্থান হহতে ফিরিয়া অম্পিয়া ঠাকুরের ছবিগুলিতে কতবার বে মক্তক্ষ

ন্প্ৰশিক বিয়াছিলাম, ভাষা আবে বলিতে পাৱি না। ঠাকুরের নাম শিথিৰ, ধানি শিথিব, এই আঁনন্দে হৃদ্য উদ্বেশিত হইভেছিল।

এই সমাম আমার ঠাকুরমায়ের বড়ই অস্থব। জ্বর ও উদরাময় পীড়ায় তাঁহার ৬৫ বেশবের নার্ন দেহথানি ভান্ধিয়া পডিয়াছে, বাঁচিবার আশা নাই। তাঁহার বিশেষ যত্ত্বে আমি লালিত পালিত, আমাকে অত্যন্ত ভালবাসিতেন। তাঁহার নিকটে বসিয়া ছটি কথা কহিলে তিনি সন্তোষ্ণাভ করিতেন। আমি সন্ধ্যার পর ভাঁহার কাছে বসিয়া ঠাকুরের গল্প করিতে লাগিলাম।

তৎপবে পাড়তে বসিয়া নোটবুকথানিতে অগুকার বিবরণটুকু লিখিতে গিয়া দোহলাম, পাঁচ দিন পূর্ব্বে ঠাকুরের চরণ উদ্দেশ্যে 'মনস্তাপ' নামে যে কবিতাটী লিথিয়াছি—অগুকার অপরাক্তে ভাহার সার্থকতা সম্পন্ন ইইয়াছে। কবিতাটী মিরিশবাবুর ছন্দের অন্ধকরণে লেখা। কাবতাটী এখানে উদ্ধৃত করিয়া দিলাম—

> একি মকপাং। একি বজাঘাত। কেন হেন তাপ । অমুতাপ দাও সদে। যাতে চক্ষজন, বহি দবদর-श्रुरत्र गांदव यन यना । অমুতাপে সব তাপ ঘটে--এদ অমুভাপ। কোথা আছ তুমি গু ভাকি ভোমা আমি---কেন নাছি শুন তুমি অভাগাব ডাক ? আরেবে ঘরেব শক্ত। মজালি রে মোরে---যথা কালসপ দংশে ভাগ---ভগ্ধ কলা দিয়া যেবা পুষে। আরে ওরে খন ৷ তবু তুমি নাহি ছাড় ইহাদের আশা---কুপ্রবৃত্তি এতই কি তোমাতে পশেছে 🤊 এত কি অধীন তুমি হয়েছ ভানের ? কর মত মন, প্রাণপণ, ভ্যাজবারে কুৎসিং আচার—

ভেবে দেব ভূমি, প্ররে পাপ মন, দশ্বথেতে ভীষণ বিচাব। ছাতি দাগপাজী, কাম আদি ভাজি, নিবঞ্জনে কর আশ ---বিপুৰে সেবিবে, পাপেতে ডুবিবে, শেষতে ভীষণ ক্রাস ৷ ছাত ছাত সম্পায, ধরাম্য লেড শার, এ সংসার মান্তামন -মোহমর -বিভীষিকা পিশাচেব এই বাসন্তান ৷ ছাতি প্রেলাভন, ওবে মুগ্ধ মন ৷ ত্যক্তি অ কঞ্ন, কামিনী কাঞ্চন, বিবৰ সেবন, বিপুর পোষণ, বামকুষ্ণে হাও মন। ঘ'চবে বন্ধন, যমের য'তন, পাপের শাদন, অনাযাদে ্পাবি ভুই অভ্যচৰণ॥

ঠাকুর প্রায়ই তিন বংসর তিন মান, তিন দিন, তিন ক্ষণ, তিন দণ্ড ইত্যাদি
বিলয়া 'তিন' কথাটার উপবে জোর দিতেন। আরও বলিতেন, 'জাসা যাওরা করকেই
লাভ।' যোগোছানে আমার তিনদিন যাইয়া প্রকৃতপক্ষে তাহাই হইল। ঠাকুরের
আদি ও পরম ভক্তের রূপাকটাক্ষ লাভ করিয়া আমি জীবনে ধন্ত হইলাম।
তাঁহার অহেতৃকী রূপাগুণে আমি আমার জীবনপথের চিরসক্ষ পাইবার আখাস
পাইলাম। আমার মুক্তি ও পবিত্রাপের জন্ত তাঁহার উদ্বেগ ও তুই চক্ষে ক্ষ
দেখিলাম। আমার মত কালালকে ঠাকুরন্প অমূল্য ধন দান করিবার জন্ত ব্যক্ত্রক
দেখিলাম। আমার নায় অজ্ঞ, মূর্য, জ্ঞানভক্তিহীন প্রমতি ব্যক্তিকে অসং হইত্তে
সং পথে লইয়া বাইবার জন্য লালায়িত দেখিলাম। জগতে ইহাপেক্ষা দ্বার কার্য্য
আর কি হইতে পরে। দন্ত ঠাকুরে। ধন্ত ঠাকুরের ভক্তা ভোমাকের চরণে
আমি কোটিবার প্রণাম করি।

(गरक के विजयनाथ मक् महाक

#### এস।

এস পেতেছি আসন ক্রমে অংশার তোমার্ক তরেতে স্থা, এস যেওনা ফিরিয়া হয়ে নিরদয় मिर् करगरकत (मथा। ওগো তোমারি কারণে জনয় আমার পাতিয়া রেথেছি প্রভূ। ওগো তোমারে আদরে লইতে হৃদয়ে বিফল করোনা কভু॥ আমি তোমারি গো সথা এ জীবন ঐ পদতলে দিছি পাতি। আমি পাইতে তোমারে কত আরাধনা করি যে গো দিবা রাতি॥ তব আগমনে প্রফুল হইরা হের বনবিহঙ্গিণী গাহিছে। আসিবে বলিয়া ধীরে কলোলিনী হের মৃতল উচ্চাসে বহিছে॥ আসিবে বলিয়া কৃটিয়াছে ফুল ডুমি কুঞ্জে কুঞ্জে হরষে। ছুমি আসিবে বলিয়। আসে নব দিন

**बिव्र नद এই ववरय** ॥

শ্রীমতী প্রভারতী দেবী।

### আত্ম-সমর্পণ।

### পঞ্চম পরিচেছদ।

### সিমসন্ সা

নীলরতনের অবস্থা পূর্ববং। এথনও পর্যান্ত সংজ্ঞা হয় নাই, বরং আরও অনেকগুলি নৃতন উপসর্গ দেখা দিয়াছে। যোগীন ডাক্তারই চিকিৎসা করিতেছে, তবে গতকলা বৈকালে হঠাৎ অত্যন্ত বাডাবাড়ি হওয়াতে প্রতিবেশীরা পরামর্শ করিয়া জেলার সাহেব ডাক্তাব মিঃ সিমসন্কে আনিয়াছিল। সিমসন্ সাহেব রোগীকে যত্নপূর্বক পরীক্ষা করিয়া এবং রোগের আত্যোপান্ত শ্রবণ করিয়া বাললেন, "সাল্লিপাতিক বিকার হইয়াছে, জীবনের আশা খুব কম, তবে চেটা করিলে এ যাত্রা বাচিলেও বাচিতে পারেন।" তাহার পর যোগীনকে ঔষধ সম্বন্ধে পরামর্শ দিয়া চালয়া গেলেন। যোগীনও প্রায় রাত্রি ১০টা পর্যান্ত থাকিয়া ঔষধাদির ব্যবস্থা করিয়া দিয়া চালয়া গেলে। যোগীন ডাক্তার চলিয়া গেলে চাঁপা একাকিনী স্থামীর শ্রাণা পার্শে থাকিয়া নিয়মিতভাবে ঔষধ সেবন করাইতে লাগিল; হতভাগিনী সাহেব যাহা বলিয়া গিয়াছিলেন তাহার বিন্দু বিস্পত্ত জানিতে পারে নাই। বিপদ্ধ ক্রমণ্ড একা, আসে না। ছলালেরও ভয়ানক জর, নিস্তারিশী তাহাকে লইয়া শয়ন করিয়াছে। বিপদের রাত্রি সহজে কাটিতে চাহে না। চাঁপার ত রাত্রি অতি দীর্শ বিলয়া বোধ হইতে লাগিল। সে সমস্ত রাত্রি দেবদেবীর নিকট পূজা মানসিক করিতে লাগিল।

চাঁপা কথনও বা নীলরতনের অমঙ্গল ভাবিরা কাঁদিয়া আকুল হইতে লাগিল, কথনও বা কাদের আশার সঞ্চার হওয়ায় প্রকৃতিত্ব হইতেছিল। এই ভাবে কোন রকমে রাত্রি কাটাইল। প্রভাত হইবামাত্র সে নিস্তারিণীকে ডাকিয়া জিঞ্জাসা করিল, "হাঁবে গুলাল কেমন আছে ?"

নিস্তারিণী। ছেলেটা সমস্ত রাত্রি চোথের পাতা বুজেনি—এখন একটু যুমিয়েছে, আর জরটাও কিছু কম ব'লে বোধ হচ্ছে। ইঁটা বৌদিদি, দাদাবাবু এখন কেমন আছেন ?

চাঁপা। সেই বক্ষই—কি বোগই হ'ল, বাড়ীতে বদে কারুর দঙ্গে একটা কথাও কইতে পারলেম না, বা একবার চোথ মেলে চাহিতে পারিলেন না। এই বলিয়া টাপা স্বীয় বস্তাঞ্চল দারা চক্ষু মার্জ্জিত করিয়া পুনরায় বলিল, দিস্তারিণী, ভূঠ একবার ডাক্তারের বাড়ী যা—তাকে শিগ্গির ডেকে নিয়ে আয়। শেষ রাত্রি থেকে ঘাম হ'ছে—আর আজ যেন একটু বেশী কাতর হ'বে পডেছেন বলে বোধ হছে।

দিস্তারিণী। তাকে আর ডাকতে গেতে হবে না, সে নিজেই আসবে এখন। চাঁপা। কাল অত রাত্তে গেছে, যদি এ বৈলা না আসে।

নিকারিণী। সে আবার আদবে না! সেত আর দরা করে আসে না।
সে 'পরদা থোর', মানুষ পরদার জন্মে দব কবতে পারে। তের তের মানুষ দেখেছি
বাপু, এব মতন 'চসমখোর' পৃথিবীতে ছটা নেই। লোকটার চোথের চামড়া
একেবারে নেই। রোজ ২।৩ বার করে আসতে, এত করে বরুম তবুও চার
টাকার এক পরদা কম কব্লে না। তা ছাডা কাল ছলোকে দেখেছিল বলে
বাবার সমর আমার কাছে ভার জন্মে টাকা চাছিল।

চাঁপা। তার পর---

নিস্তারিণী। তার পর আর কি, ইন্ছে হ'ল মুখটা পুডিয়ে দি—তা আর পারলুম মা—এ রকম 'চসমখোর' আর পৃথিবীতে তটো আছে ?

চাঁপা। ভুই তাকে কিছু বলিস্নি ত ? আমায় জানাস্নি কেন ? কাল টাকা পাথনি হয় ত আর আস্বে না ?

এমন সময়ে নীলরতনের প্রতিবেশী একটী অষ্টাদশ ব্যীয় বৃবক সবোজকুমার গৃহ মধ্যে প্রবেশ করিয়া জিজ্ঞানা করিল, কে আস্বে না বৌদিদি গ

নিস্তারিণী। যোগীন ডাক্তার—দাদাবাবু তুমি কাল নল্লে না যে ডাক্তার থনে ছলোকে দেখান। তোমার কথামত ছেলেটাকে কাল দেখিয়েছিলাম। তাট সেই 'অনামুখো' যোগীন ডাক্তার রাত্রে বাড়ী যাবার সময় স্মামায় বল্লে, "তোমাদের ছেলেকে দেখলুম তার টাকা কই ?"

আমি বল্প বাবু আমরা গরীব লোক দেখতেই ত পাছেন। একটু দয়া না করলে আমরা মারা বাবো। আর দাদাবাবুকে এমন রোগে ধরলে যে মাইনের টাকা পর্যান্ত একটীও ঘরে এলো না। রান্তায় অজ্ঞান হয়ে পড়েছিলেন হয় ত টাকা পাঁকেটে রেখেছিলেন কেহ নিয়ে নিয়েছে, না হয় পড়ে গেছে—আর বউদিদির গয়নার মধ্যে হাতে ছগাছা বালা ছিল, তাই বাঁধা দিয়ে চিকিৎসা হছে। আপনি ভদ্রলোক, ফাপনাকে আর বেনী কে ব'নবো—যা ভাল বোঝেন করুন। দে তথন আমাৰ কথা ওনে বল্লে যদি প্রসাই নেই, তবে নবাৰী ক'রে সাহেব ভাক্তার আন্তে গেলে কেন ? আমি বল্ল্য-বাবু রাগ ক'রবেন না-নবাবী ক'রে নয়, প্রাণের দায়ে এনেছিলুম—আক্রজাপনারাও ত দ্বাই আনতে বল্লেন। এই কথা জনে যে রেগে চলে গেল।

সরোজ। বৌদি। তুমি তার জন্মে ভেবোনা—আমি নিজেই যাছি— যদি সেরাপ করে থাকে, ভাল কবে বুঝিয়ে তাকে নিয়ে আস্বো। এথন নীলরতনদা' কেমন আছেন বল দেখি ?

চাঁপা। সেই এক রক্ষই—এগনও পর্যান্ত ভাল ভ্যনি, কিংবা চো**রের** পাতা ফেলেন নি। তবে ভালর মধ্যে দেখা ধাচেছ যে হিকা উঠাট। বন্ধ হয়েছে— আর শেষ রাত্রি হ'তে ঘাম হ'চেছ।

্এই কথা গুনিবামাত্র সরোক্ত্মার নীলরতনের গায়ে হাত দিয়া দেখিয়া বলিল, বৌদিদি এখনও ঘাম হচ্ছে— মাব গায়ের উত্তাপও গুর কন বোধ হয়— আজকে জরটা ছাড়িবে। আম যোগীন ডাক্তারকে ডেকে নিয়ে লাস, তুমি ঐ ঔষধ হ'তে এখন এক দাগ খাইরে দাও। আর বৌদিদি তুমি কিছু ভেবে। না, ব্দিও দেখতে পাচছ আমাদের কেউনেই, কিন্তু সেই অস্চায়েৰ সহায়, व्यनाथनाथ मीनवन्त १ वि व्याह्म । जिनिहे नीनवजनभारक माविरव स्थापन । হাা, আর একটা কথা বল্ছিলুম কি-নীলরতন্দা আমার যা ক'রেছেন মায়ের পেটের ভাইতে আজ কাল তা করে না। আমার লেখা পড়া যা কিছু তা সমন্তই ওঁর জন্মে। উনি য'দ তথন দয়া ক'রে আমায় কালকাতায় না নিয়ে যেতেন, তা হ'লে কি আমার লেথাপড়া হ'ত, নাপাল করতে পারভুম। সে ধান আমান কথনও পরিশোধ ক'রতে পারবো না—স্মার জীবন থাকতে এ কথা ভূলতেও পারবো না। ৮ পুলার ছুটীর আগের দিনে যখন ওঁর সঙ্গে দেখা করতে গেলাম, তথন ত ওঁর কোন অসুথই ছিল না, আমার দঙ্গে কত কথা কইলেন। আর কাল বাড়ী এসে যা দেখলুম, দেখেই ত আমার চকু ন্থির ১রে গেল। এখন ভগবানের কুপায় শীঘ শীঘ সেরে উঠুন, এই প্রার্থনা ক'র। মা, বাবা তারক-নাথের নিকট মানসিক করেছেন যে নালরতন্দা দেরে উঠলে 🗸 তারকেখনে গিলে বাবার ভাল ক'রে পূজে। দেবেন।

টাপা। ঠাকুরপো কত পূজ়াই ত মান্ছি—কই—কিছুতেই ত কিছু হ'চছে আছা তা হ'লে ঠাকুরপো তুমি আর দেরী ক'রো না, শিগ্গির করে ডাক্তারকে ছেকে নিয়ে এসো।

সরোজ। ইা যাছি — আর তুমি এই দশটা টাকা রেথে দাও। আমাদের ত অবস্থা ভাল নয় তা না হ'লে কেন এ সময়ে কিছু সাহায্য করি না। আমি কিছুই করতে পারলুম না, কোন রকমে এই দশটী টাকা সংগ্রহ করে এনেছি। কিছু আজকে আর একবার সাহেব ডাক্তারকে নিয়ে এলে ভাল হয়।

চাঁপা। ঠাকুরপো তুমিই এখন আমাদের একমাত্র আশা ভরসার স্থল। কাল তুমি না এসে প'ড্লে কি হ'ত ভগবান জানেন। তুমিই ও জেদ করে সাহেব ডাক্তারকে নিরে এলে তাই আনা হ'ল। এখন যা ভাল বুঝ কর। আমার ভ গামে ছাই কিছুই নেই—ছগাছা বালা ছিল তাই খ্যামস্থলরের ঠাকুরবাড়ীতে বন্ধক দিয়ে চিকিৎসা হচ্ছে। আর ও ঠাকুরপো ঘরে কিছুই নেই—২।৪ খানা থালা বাসন আছে, তুমি একবার ও পাড়ার তোমার জেঠামশায়ের কাছে শুধু হাতে কিছু ধার ক'রে আনতে পারবে না ?

সরোজ। কে বেণী জ্যাঠা—হাা, সেই ত ওধু হাতে ধার দেবার লোক। দেখা যাক, যে রকম করেই হ'ক চিকিৎসা ত ক'রতেই হবে।

চাঁপা। কি ক'রে হবে ঠাকুরপো! তবে এক কাজ কর, বালা হুগাছা তাঁর ক্ষাছেই আছে, বিক্রী করে এসো—হা ২০।৩০ টাকা পাওয়া যায়, তাইতে আর নয় ক্ষা টাকা দিয়ে সাহেব ডাক্টারকে নিয়ে এসো।

সরোজ। আজকে না হয় ওতে হ'ল, তারপর কাল কি হ'বে ? যাক, বৌদি, তুমি আর কড ভাবের, তুমি কিছু ভেবো নাএ দায়— আমার— তুমি সমস্ত ভার আমার উপর দিয়ে নিশ্চিন্ত হও যে রকম করেই হ'ক আমি চিকিৎসা করাব। ভগবান কি এমনিই ক'রবেন যে নীলয়তনদা বিনা চিকিৎসায় মায়া থাবেন—তা কথনই হবে না। তুমি কিছু মনে করেয় মা বৌদি, আজ যদি আমার মা'র অহুথ হ'ত আমি কি করতুম। আমার বাবার যে সোণার ঘড়ীটা আছে আমি সেইটা বিক্রী করিসো। পয়সা হ'লে চের ঘড়ী হবে, কিন্ত প্রাণ গেলে আর প্রাণ হবে না। আমি বলছি কি যে আজকে যে রকম করেই হ'ক, সিমসন্ সাহেবকে নিরে আসি আর পাড়ার ঐ অমৃত ডাক্তারকে ডেকে আনি। সেও ত চিকিৎসা

মন্দ করে না--আর তা ছাড়া অমৃতের শরীরে মায়া দয়া আছে, একবারের জায়গায় দশবাৰ আসবে, এমন কি যদি দরকার হয় নিজে সাঁহেব ভা**কাঞরে** বাড়ী গিছে কি ওষধ পতে হবে না হবে দে বিষয়েও পরামর্শ করে আদৰে ! তুমি কি বল ?

চাঁপা। আমি আর কি বলবো ঠাকুরপো, ভূমি যা ভাল বুম করগে-

"আছো, তবে আমি একবার অমৃতকে আগে ডেকে নিয়ে আসি" এই বলিয়া সরোজকুমার চলিয়া গেল। সরোজ চলিয়া গেলে নিস্তারিণী চাঁপাকে বলিল, বৌদি যাও, ভূমি সকাল সকাল স্নান করে এসো। কাল মহাষ্টমী গেছে, নির্জ্জনা উপবাদ করে আছ। মায়ের চরণামৃত এনে রেখেছি, খেয়ে একটু **জন** টল থাও। নিজের শরীঘটাও ত চাই—তোমার যদি আবার অস্থুও করে কে এদের দেখবে বল দিকিন। চাঁপা নিকারিণীর কথা এড়াইতে না পারিয়া পুরুত্তে মান করিতে গেল ও নিস্তারিণী ঘর পরিদার করিতে আসিল।

নিস্তারিণী নীশরভনের সংসারে অনেক দিন ধরিয়া আছে। সে নীলরভনকে স্বহন্তে মামুষ করিয়াছে। আজ নীলরতনের এরূপ অবস্থা দেখিয়া তাহারও মন অত্যন্ত থারাপ-দে কথন ভাবিতেছে তাও কি কথনও হয়, ঐ 'অনামুখো' যোগীন ভাক্তারই ব্রোগটা আরও বাড়িয়ে দিয়াছে। ও বাড়ীর দাদাবাব ত বলে গেল. আজকের অবস্থা ঢের ভাল। ধর্মন ও বাড়ীর দাদাবাবু এসে পড়েছে, ভধন আরু ভাববার কিছু নেই। আজকে গাহেব আজুনার এলেই কালকে দাদাবাবু **নিশ্চরই** উঠে ব'সবেন।" যদি ভা না হয়, এ কথা সে কিছুভেই মনে **স্থান দিতে** পারিল না। সে কথা মনে আসিলেই সে অভান্ত আন্থর হইয়া পড়িতে লাগিল। ষ্থন সে মনে মনে উক্ত প্রকার চিন্তা করিতেছিল, সেই সময় পাড়ার একটা ছোট মেনে দৌড়িয়া আসিয়া বলিল, "ওগো ভোমাদের বাড়ীতে সাছেব আস্ছে, শিগ্গির সদর দরজা বন্ধ করে দিয়ে এশে।" নিস্তারিণী ভাহার কথা ভনিষ্ক অক্সমনকভাবে বলিল, কে সাহেব ? এমন সময় কে একজন বাছির ছইছে বলিল, বাড়ীতে কে আছ বাইরে এসো, ভাক্তার সাহেব এপেছেন। নিস্তারি এই কথা শুনিয়া ভাড়াতাড়ি বাহিবে গিয়া দিবদন্ দাহেবকে দকে করিয়া ৰাইয়া আসিল।

ै সিম্পন সাহেব অনেক দিন বাংলা দেশে আসিয়া বাংলা কথা বেশ ভাল বলিভে

' ও বুঝিতে পারিতেন। তিনি গৃহ মধ্যে আসিয়াই তথার অন্য কালকেও না পেথিয়া নিস্তারিণীকে জিজ্ঞাস। করিলেন, মায়ি ! বাবুর আর কে আছে ।

নিস্তারিণী। কেউ নাই সাহেব, কেউ নাই—কেবল দ্বীশ্বর আছেন সাহেব— দেখ্ মারি তুই কিছু তর করিস্না—আনি নাহা জিজ্ঞাস। করিব তাহার জবাব দিয়া যাও।

নিস্তারিণী। সাহেব তোমায় আমার আবার ডর কি; ভূমিত আমার ছেলের মতন।

সাহেব এই কথা শুনিয়া হাত্যপূর্বক বলিলেন, হাঁ মায়ি আমি তোমার ছেলে— তোমার কিছু ভাবনা নাই—

ভাষার পর নিক্তারিণীকে ঘরের একটা জানালা খুলিরা দিতে বলিয়া সাহেব আতি মনোযোগসহকারে রোগীর রোগ পরীক্ষা করিতে লাগিলেন। ইতিমধ্যে সরোজকুমার অমৃত ডাক্তারকে সঙ্গে লইরা গৃহসংধ্য প্রবেশ করিল। সে সাহেধকে দেখিয়া অত্যন্ত বিস্ফার্থিত হইল, এবং কে ভাষাকে লইয়া আসিল জানিবার জন্ম অত্যন্ত উৎস্কলমনে নিক্তারিণীর দিকে চাহিয়া রহিল। নিক্তারিণী একমনে সাহেব কি করিতেছিলেন ভাষাই দেখিতেছিল—সরোজকুমার বে গৃহসংধ্য আসিয়াছিল সে ভাষা জানিতেও পারে নাই। সাহেব রোগীর রোগে পরীক্ষান্তে সরোজকুমারকে দেখিয়া বলিলেন, এই যে বাবু আসিয়াছে, রোগী কাল কেমন ছিল, রাত্রে বেশী ছটফট করেছিল প আর হিকা উঠছে প

' সরোজা। না হিকা উঠা বন্ধ হ'লে গেছে। শেষ রাজি হ'তে ঘাম হ'ছেছ। আর আজ যেন বড় অচেতন হলে পড়েছেন। ঐ রকম অবস্থাতেই আছেন, কোন সাড়া শব্দ নাই।

নিজারিণী। সাহেব, বাবুকে ভাল করিয়া দাও,—নিজারিণীর কথার বাধা দিয়া সাহেব বলিলেন—মায়ী গোল করিও না, বাবু সারিক্ষা ঘাইবে, কোন চিন্তা নাই। তাহার পর সরোজকুনারকে রোগীর বিষয়ে আরও ২০৪টী প্রশ্ন করিছা বলিলেন—দেও আজ বোগীব অবস্থা অনেক ভাল—এ ঔষধে দে এতটা উপকার হইবে তা আমি ভাবি নাই। আমার বোধ হয় জরটা ছাড়িয়া বাইবেঁ। কাজ-কের ঔষধের কাগজখানা/লইয়া আইস।" তোমাদের ডাক্তার কখন আসিকে পূস্বেজে। সাহেব। ঔষধের কাগজখানা ডাক্তারের কাছেই আছে, তার

বাড়ী অনেক দূরে। তাহার পর সরোজকুমার সাহেবকে নীলর্ভনের অবস্তার বিষয় জানাইয়া এবং যোগীন ডাক্তার তলালকে দেখার জন্য তাঁহার কর্ননী না পাওয়াতে রাগ করিয়া চলিয়া গিয়াছে, সে কথা বলিতেও ভূলিল না।

সাহেব সমস্ত কথা শুনিয়া বলিলেন—খোকাকে লইয়া আইস্ কামি দেখবো। চাপা ইতিমধ্যে ঘাট হইতে আদিয়া অন্তরালে থাকিয়া সমস্ত কথা ভনিতেছিল। সে গুলালকে পার্যান্থত থর হইতে আনিয়া নিস্তারিণীর ক্রোড়ে দিল। সাংক্র তুলালকে কোলে লইয়া ভাহার নাড়ী পরীক্ষা করিয়া বলিলেন—এখন জর নাই, আমি ইহার ঔষধের ব্যবস্থা কবিয়া দিতেছি। তাহার পর স্বেজকুমাবকে বলিলেন-একজন ডাক্তার না হইলে ত চলিবে না। না হয় অন্য একজন ডাক্তার লইয়া আইদ। আমি ভাহাকে সমস্ত বিষয়ে পরামর্শ দিয়া ইলিয়া বাইব। সরোজকুমার অমৃত ডাক্রারের প্রতি অঙ্গুলি নির্দেশ পূর্বক কহিল-ইনিও একজন ডাক্তার, এবং ইহাকে এই জনাই লইয়া আসিয়াছি, পাছেব **অমৃত** ভাক্তারকে রোগীর বিষয়ে পরামর্শ দিয়া সরোজকুমারের প্রতি চাহিগা বলিলেন— বাব, আমি তৌমার কথা ও নিয়া অতাস্ত তঃথিত চইলামু। তোগালের নিজের দেশের লোক যে তাহাব স্বজাতিব প্রতি এরূপ ব্যবহার করে, তাহা স্থামার ধারণা ছিল নাম , এত লেখাপড়া শিথিয়া ডাক্তার যে এরপ কার্যা করিল, তাহা অতি ত্যথের বিষয়। সরোজকুমার সাহেবের কথার বাধা দিয়া বলিল – তথু যোগীন ভাক্তার নয় সাহেব, আমাদের দেশের অনেক ভাক্তার আছেন খালারা সকলেট এক একজন যোগীন ডাক্তার। বোগীকে দেখিতে আসিয়া দে<del>থিলেন—ইয়ত</del> সে রোগী মারা গিয়াছে, তবুও তাঁহার দর্শনীর টাকা ছাড়েন না। গরীব ছংখীঃ বলিয়া কিছুমাত্র বিবেচনা করেন না। তাঁহারা মনে করেন যে, পরীব হঃধীর প্রতি দলা প্রকাশ করিলে, জাঁহাদের বাবসার ক্ষতি হইবে-তাহার পর অমৃত ভাক্তারকে নির্দেশ করিয়া বলিল, ইনি কিন্তু সে রকম লোক নম। এর শরীরে শ্রা মারা আছে।

সাহেব সেই কথা শুনিয়া অমূত ডাক্টাবকে বলিলেন,—জনে স্থী হ'লাম। দেখ বাব, আমরা লোকের যেরূপ উপকার করি, তাহা অর্থের ছারা भितिएमांश अब ना । जाडा विभिन्ना (य मकरलत निकट इडेर्डिड अर्थ भी अबी यारेरिक, रमक्रण आमा क्या डिव्डि नट्ट। याहाता गतीन, **डाहा**ता यनि कर्थ निट्ड ना भारत,

ঠাহা হইলে কি তাহাদের চিকিৎ্সা হইবে না ? এরূপ কায্য করিলে ঈশর রূষ্ট হন। আর যদি তুমি তাহাদিগের নিকট হইতে পীড়ন করিয়া লও, সেই অর্থের দ্বারা তোনার অনিষ্ট ভিন্ন ইষ্ট হইবে না। যদি তুমি রোগীম প্রতি দ্বা। প্রকাশ কর, তোমার তাহাতে কোন ক্ষতি হইবে না, অন্য দিক হইতে তাহা শীঘ্ৰ পূরণ হইয়া ঘাইবে। তুমি দয়ালু, তোমাকে আর অধিক কি বলিব, তুমি ইহাদের প্রতি একটু দয়া করিবে। আমি তোমার মঙ্গলের জন্য ঈশ্বরের নিকট প্রার্থনা করি। তাহার পর সরোজকুমারের প্রতি বলিলেন,—আমি কাল যথন আসিয়া-ছিলাম ইহাদের অবস্থার বিষয় কিছুই জানিতে পারি নাই। আজ এই ধারে আমি একটী রোগী দেখিতে ষাইতেছিলান, মনে করিলাম ইনি কেমন আছেন একবার দেখিয়া ৰাই। এখন তোমার নিকট যাহা শুনিলাম তাহাতে আমারও ইহাদের নিকট অর্থ লওয়া কোন মতে উচিত নহে। কল্য আমি তোমার দর্শনীর **डोका** याजा लडेबाছिलाम छाजा धर्म कता धार खेरमानि यात्रा नतकात बहेटत. আমার সহিত গাড়ীতে এস, আমি তোমায় সরকারী হাঁদপাতাল হইতে সে সমস্ত ৰন্দোবন্ত করিয়া দিতেছি। সরোজকুমার সাহেবের কথা শুনিয়া বলিল, সাহেব। আপনি বিজাতীয় হটয়৷ আমাদের প্রতি ষেরূপ সহামুভূতি করিলেন, তাহা দেখিয়া আমি আশ্চর্যান্বিত হইলাম। সে জন্য আপনাকে শত সহত্র ধন্তবাদ।

সাহেব দে কথা শুনিয়া বলিলেন, বাবু জাতি বিজাতি ভগবানের নিকট নাই।. ভাঁর নিকট সকলেই সমান। আমি এঁমন কি আর করিলাম, আমার কর্ত্তবা কর্মাই করিয়াছ।

সরোজ। না সাঠেব, আপনি মাত্রুষ নন - আপনি দেবতা।

সাহেব। দেবতা বলে কোন জিনিয় পৃথিবতৈ নাই। মানুষ ষ্থার্থ মানুষের মত কার্য্য করিলেই দেবতা। চল আর দেরি করিও না তোমার ঔষধের বন্দোবস্ত করিয়া দিয়া আমি রোগী দেখিতে ঘাইব। এবং বৈকালে পুনরায় আসিব। তাহার পর অমৃতের দিকে তাকাইরা বলিলেন—ডাক্তার, মনে থাকে যেন এ রোগার জীবন ভোষার হাতে।

অমৃত। সাহেব। আমাকে আর বলিতে হইবে না। আমি এতদিন স্থাপ-মার নাম কেবলমাত্র ভনিয়া আদিতেছিলাম, আত্র আপনাকে দেখিয়া জীবন সার্থক মনে করিলাম।

সাহেব অমূতের নিকট বিদায় গ্রহণ করিয়া সরোজকুমারকে দকে লইয়া চলিরা গেলেন। উভয়ে চলিয়া ষাইবার পর অমৃত ডাক্তার নিন্তারিশীকে বলিলেন, কোন ভয় নাই নীলরতনবারু সারিয়া উঠিবেন, সে জন্ম তোমরা কোন চিস্তা করিও না। ব্যন্থ কোন আবশ্ৰুক হইবে, আমাকে সংবাদ দিও আমি শুনিবাসাক ভৎক্ষণাৎ চলিয়া আদিব। এই কথা বলিয়া অমৃত বাদায় চ'লয়া গেলে চাঁপা গৃহমধ্যে প্রবেশ করিল। নিস্তারিণী চাঁপাকে দেখিয়া বলিল, বৌদিদি শুনিলে ভ ভাক্তারবারু বলে গেলেন কোন ভয় নেই। এখন চল একটু জল থাবে চল। এই বলিয়া সে রারা ঘরের দিকে গেল। টাপার তথন মূথ দিয়া কথা নিঃসরণ ছইতেছিল না-বে তথন জাগ্রত বা নিজিত কিছুই বুঝিতে পারিতেছিল না। তাহার পর জামু পাতিয়৷ উর্দ্ধনেত্রে ক্রযোড়ে বলিতে লাগিল—ভগবান! তোমার এত করুণা, তাই ভোমায় লোকে করুণাময় বলে। তুমি আজ যাহা দেখালে তা. আমি কিছুই বুঝতে পাচ্ছিনি। আমি তোমার কাছে কি চাছিব ? ভৃষি নিজে হতে আমাদের অভাব দেখে তা মোচন করে দিলে। জগদীখর। আছ কিছুই চাই না, এ বিপদ তুমিই দিয়াছ তুমিই কাটাইয়া দাও। আর বৃদ্ধি ভগৰান-তাহার পর আর মুখ দিয়া কথা বাছির হইল না, এবং নরনছয় দিয়া অঞ্ পরনুর নেগে ধাবিত হইতে লাগিল।

> ( ক্রমশঃ ) শ্রীক্ষিতীশচন্দ্র ঘোষ।

# <u> এতি</u> বিষয় প্রতিষ্ঠার উপদেশ প্রসঙ্গ।

ভগবান্ শ্রীশ্রীরামক্রক্ষদেশ বলিতেন, "সব শেরালের এক রা।" অর্থাৎ সকল
মহাপুরুষদিগের উপদেশাদি প্রায় এক —কেননা সত্য এক বই ছই নয়। ধর্ম
লইয়া আমরা যে নানাপ্রকার বাদবিস্থাদের কথা শুনিয়া থাকি, ভাহা কেবল ভৃতপ্রেতের অগড়া বাতীত শ্রন্য কিছুই নয়। মানবের স্বভাব এই যে, সকল বিষদ্ধে
ভেদবৃদ্ধি নইয়া কার্য্য করিবে, মিলন তার পক্ষে অসম্ভব বলিলেও বলা
বাইতে পারে। কিন্ত বৃদ্ধ, যীশু, চৈতন্ত, নানক ও রামক্রক্ষ প্রভৃতি দেব-মানব
বা অবতারগণের কথা মানবের সঙ্গে তুলনীয় হইতে পারে না। তাঁহাদের কথার

আমরা সাদৃশ্রই দেখিতে পাই, বৈসাদৃশ্র অভি অল; তাও কেবল দেশকালপাত্র লাইরা। থাইজনা বাঁহারা প্রকৃত ধার্মিক, তাঁহারা হিন্দু হইকেও গ্রীষ্টানকে পরিত্যাগ কবিতে পারেন, কিন্তু গ্রীষ্টকে পরিত্যাগ করেন না, বৈক্ষবকে দুর হুইতে নমস্বার করিতে পারেন, কিন্তু বিষ্ণুকে ক্ষদরে আসন দিতে কৃত্তিত নহেন, মুসলমানের নিকট হুইতে তফাতে থাকিতে পারেন, কিন্তু মহন্মদকে অন্তরে অন্তরে ভক্তি করেন। উদাহরণস্বরূপ আমরা প্রথমেই দেখিতে পাই যে, ভগবান বৃদ্ধ যেমন উপগুলুকে, প্রীটেন্স যেমন ইম্বর পুরী ও কেশ্ব ভারতীকে থবং শ্রীরামকক যেমন তোতাপুরীকে ভক্পদে বরণ করিয়াছিলেন; প্রভূ বীশুও তেমনি কান্দি বেপ্টিপ্ত (John the Baptist) কে গুরুপদে বরণ করিয়াছিলেন। ইহারা সকলে যে জগদগুরু তাহা কে অস্বীকার করিবে ? তব্র মানব সমাজে অবতার্ণ হুইয়া মানবের মধ্যে প্রচলিত গুরু-শিষা প্রথার সম্মান অন্তর্ম রাথিতে বোধ হয় জগদগুরুগণের গুরুকরণ। যাহাই হোক্, প্রভূ বীশুকে আমাদের দেবদেবীর সহিত অভিন্ন বোদে তাঁহার মধুম্য লোকহিতকারী প্রতিদ্দশমালার আলোচনাই আমাদের বর্ত্তমান প্রবন্ধের উদ্দেশ্য।

প্রভু বীণ্ড জন্ দি বেপ্টিষ্টের নিকট দীক্ষিত, হইলে আকাশবাণী হইল—
"ইনিই আমার প্রিয় পুল্ল এবং ইহাতে আমি বেশ সন্তুষ্ট।" তৎপরে
ভূতারুট ইইয়া এক অরণ্যে প্রবিশ করিলে সম্বতান বা মায়া তাঁহাকে লোভজালে
নিক্ষেপ করিবার প্রয়াস পায়। তিনি চল্লিশ দিন দিবারাত উপবাস করিবারপর যথন সাতিশয় কীর্ণ শীর্ণ এবং ক্ষ্ধারিষ্ট ইইলাছেন, তথন সম্বতান তাঁহাকে
বলে "তুমি যদি সত্য সভাই ইম্বরের পুল্ল, তবে এই পাথরথানাকে ক্টিতে
পরিণত কর দেখি? ভাহাতে যাও উত্তর করিয়লেন যে, মানব কেবল কটি
খাইয়া জীবন ধারণ করে না, সে ভগবানের কথামৃতপান করিয়াও বাঁচিয়া
খাকে। সম্বতান ইহাতে নিরস্ত ইল না। সে তাহাকে পবিত্র পেলেষ্টাইন্
(Paleatine) নগরের একটি মন্দিরচুড়ায় বসাইয়া বলিল "তুমি যদি স্ত্য
সত্য ভগবানের পুল্ল হইয়া থাক, একবার দেই চুড়া হইতে পড়িয়া যাও দেখি,
কেমন তোমায় রক্ষণ-ভারপ্রাপ্ত দেবদ্তগণ তোমায় রক্ষা করিবেন দ প্রভু মীপ্ত
এই কথা গুনিয়া অক্ষাচীনের মত লাফাইয়া পড়েন নাই। স্বয়াধারযুক্ত ত্র্বক্র

ভক্ত হইলে তাহা করিলেও করিতে পারিত, কিন্ত ভগবংসন্থান জ্বগদ্পুর জানীর শিরোমণি ঐটের হারা তাহা হইল না। তিনি অন্তরে অন্তরে বেশ করিয়া জানিতেন যে, "সমগ্র পৃথিবীর লোক যদি বলে যে ভূমি ভগবানের ছেলে নও, তাহা হইলেও আমি বিলক্ষণ জানি যে তিনি আনার এবং আমি তাঁর।" আমরা আনেক সময় শুনিরা থাকি যে, বহু লোকে আপনাকে ভক্ত ব'লয়৷ পরিচয় দিবার লালসার হয়ত জলের উপর দিরা চলিরা ঘাইলেন কিন্তা মৃতকে জাঁবিত ও জীবিতকে মারিয়৷ ফেলিলেন; কথনও হয়ত সামান্য সিন্নাইয়ের বলে লোক দেখান কত কি করিয়৷ বসিলেন এবং অনিত্য মানবের অনিত্য বশে যপ্রী হইবার জন্য নিত্য ভগবানের মঙ্গলময় ইচ্ছা ভূলিয়৷ যাইলেন। সরতানের প্রশোভনে অটল-ছনদ যাঁশু যে উত্তরটী করিলেন, তাহা সকলের অনুধানন এবং পরিপালনের বিষয়। তিনি সম্ভানকে বলিলেন, "It is written nguin, Thou shalt not tempt the Lord thy God. অর্থাৎ শাস্তে এও লেখা আছে যে, তোমার প্রভু পরমেশ্বরকে পরীক্ষা করিতে যাইও না।" মানব-জগৎ কি এই উপদেশে যথেষ্ট শিক্ষা পাইবে না ?

শ্রীশ্রীরামক্তম্ব-ভক্তবৃদ্ধ জানেন যে, ভগবান রামক্তম্ব দিয়াইকে বড়ই গুণা করিতেন এক্ট দিয়াইয়ের অসারতা প্রতিপাদন করিতে কত গল বলিতেন। এমন কি দীর্ঘকাল তপস্তান্তে ভগবান লাভ হইল না বলিয়া ধাহারা ধারালাবনের প্রতিবিরক্ত, তাঁহাদিগকে লক্ষ্য করিয়া বলিতেন যে, খানদানী চাঝা বারো বংলর অনারৃষ্টি হইলেও কৃষি পরিত্যাগ করিতে পারিবে না। তবে বারা সংখর চাষ করিতে যায়, তারা ছ'এক বংসর অনারৃষ্টি দেখিলে কৃষিকার্য্য পরিত্যাগ করে। তেমনি যাহার মধ্যে ভগবানের সত্তা আছে, সে কথন তাঁহাকে পরীক্ষা করিতে যায় না; সে জানে যে ভগবানকে বা প্রিয়ন্তনকে পরীক্ষা করা অতি নীচ মনের কার্য্য। আমরা ভনিরাছি, সেবক রামচন্দ্রের কোন কোন ভক্ত কিছুদিন সাধন ভক্তন করিয়া এতদিন কিছু দেবদর্শনাদি হইল না বলিয়া আক্ষেপ করায় তিনি বিরক্ত হইয়া বলিতেন, প্রগানকে আবার খতাতে চাও কি ? সাংসারিক ব্যক্তি হেমন সংসারের প্রত্যেক কথায়—লাভ লোকসানের হিসাব রাখিতে ভালবাসে, ভগবং বিষয়েও ভাল সেই নীচ বৃদ্ধির স্ফুর্ভি পায়। সেই শ্রেণীর বৃদ্ধির বশবর্তী হইয়া বাঁহারা জন্মাকে পরীক্ষা করিতে যান, তাহারা প্রভু বীতর

উপরোক্ত উপদেশটা ভূলিঝে না। আমরা আনক সময় অনেকের মূথে শুনিয়া নাকি. "প্রভূ় তুমি যদি সভ্য হও, মা তুমি যদি সত্য হও, আয়ার অমুক কাজ্ঞী করে দাও বা আমার ছেলে যদি পাস হয়, কি মোকদানায় জয় হয়, কি অমূক কাশ্যটী সফল হয়, তবেই জানবো যে তুমি সত্য, প্রত্যক্ষ।" এই ভাবের কথা কেবল ভগবানকে পরীক্ষা করিবার প্রবৃত্তি হইতে প্রস্তত। এই নীচ প্রবৃত্তি থাকিতে কেই কথন প্রকৃত প্রেম-ধনের অধিকাবী ইইতে পারে না। স্থতরাং ভগবান যীশুর সেই মধুময় উপদেশটীর পুনরাবৃত্তি করি, Thou shalt not tempt the Lord thy God,

শ্রীকৃষণ্টন্ত সেন গুপ্ত, বি. এ।

## এই ভিক্ষা চাই।

(5)

রামকৃষ্ণ ক্রণা-নিদান---শুনিয়াছি তুমি প্রভু, নিদয় হওনা কভ.. হংথীর কথায় দাও কান।

(2)

আাসয়াছি তাই তব হারে-যোড করি চটী হাত. করিতেছি প্রণিপাত.. নিরাশ কোরোনা, অভাগিরে।

(0)

জানি না গো ভজন পুজন--নাহি আছে বিবদল নাহি আছে গঙ্গাজন,, নাহি মম স্থগন্ধি চলন। 🍇 (8)

মানস-পূজার (ও) কিছু নাই-নাহি প্ৰেম অশুজল, নাহি ভক্তি স্থবিমল, রুপাময়, তব রুপা চাই॥ ( e )

দেখেছিত্র দয়াতে তোমার-কাকুড়গাছি গোগোদ্যান, মনোহর মনোরম,

কিবা দেখা শান্তির নির্বার # ( 6)

আত্মপর নাহি সেথা ভেদ---হাসিমুখে সক্ষেণ, রয়েছেন ভক্তগণ..

কিছতেই নাহি কোন খেদ॥ (9)

তাঁথানের দেখে মনে হর-কোথা হতে এত শক্তি. কৈ স্থনর শুদ্ধা ভক্তি..

মোরে কি দেবেনা, দ্যামৰ ॥ ( + )

দুয়া কর প্রম দুয়াল---কদে নাই শুদ্ধা ভক্তি. পূজা করি নাচি শক্তি.. আমি যে গে আছন কাঙ্গাল।

2 )

তুমি পিতা জগতের গুরু-মড়রিপু বিনাশক,

মুক্তিপথ প্রদশক, পভিতেপাবন, কল্পভক্ষ॥ (১০)

প্রার্থনার অন্ত কিছু নাই—
(যেন) ভোমারই শ্রীচরণে,
রছে মতি নিশি দিনে,,
চিরদিন এই ভিক্টা চাই॥

ভক্তপদাশ্রিতা বিনীত দেবিকা শ্রীমতী গোলাপবাদিনী দেবী।

### সনসন্থন।

ওঁ নমো নারায়ণায় বামক্তফাব নমঃ।

মহাজন! রাজেখর! তোমার চকু, তোমার কর্ণ অনস্ত, স্বর্ধতা তুমি আমার ধেমন বলাইতে ছ, তেমনি আমার ব'লতে হইবে। তে স্বর্ধজনপরিচিত রাজা। আবাল-বন্ধ-বনিতা ত্রিনোকবাসী দেবগদ্ধর্ম ফল বল্প নর সকলেই তেনুমায় জানে। গিরিশছবরে গ্যানমন প্রতেখ্যকে বিচরণশীল, সংসারে জড়িত জীব সকলেই তোমাকে জানে। তুমি স্বর্ধজনপ্রিরিত। আবার তুমি নিরাকার। আশ্চর্যা তোমার কলকোশল।

তোমায় যে দেখেছি বা জানি, এমনও বলতে পারি না, আবার জানিনা যে, এমনও ত বলিতে পা'র না। তাই বলি, তুমি, এই জানি আর না জানি, এই ছইটীর পরে যা তাই তুমি। শোকে ছঃথে তাপে যথন সংসার সরিয়া যায় তুমি যেন আনার অন্তরে অন্তরে আহবান কর। যথন আমার হাসিতে দেখ, তুমিও আমার সঙ্গে যেন হাস। এমন জাবনবন্ধু তুমি। ত্রিলোকবাসীই তোমার চরণাশ্রেরে অতিথী। তোমায় না ভালবেদে কেহই থাজিতে পারে না। তোমার বিচারে দও লইতে সকলেই ভীত, ডোমার গুণ ও মধুরতায় সকলেই মুগ্ধ। তোমার ঘারে ভীবমাত্রই আজ্বলোষ লইয়া দীন। কিছু আমরা দীন হইয়াছি তুমি দীননাথ ডোমায় পাব বলিয়া। অন্তর্গামিন ! তোমায় যদি ভয় করিব, তরে

আর কাকে ভালবাদিব প্রভূ? ভোমার কার্বা দেথিয়া আর ত সাধ পূর্ণ হয় না, এখন একবার ভোষায় দেখিব। আর্ম আমাৰ ভিত্য তেন ভোমার দেখিৰ নাথ ? তুমি আমার পূজা আমার আমি তোমার চরণাজিতা, এই ত মধুর। আমি তোমায় এত ভাকি, তুমি থাক কোথায় ? সংসারসাগরের পর-পারে কি জ্যোৎসাপুরিত কান্তমশারভাসিত অলি গুঞ্জরিত-কুন্তমরাজ্য আছে চ দেই কি ভোমার বাসস্থান ? সেই সংসারবাসনাবিভাড়িত প্রণবন্ধর্মারত অমিয়ন্ত্র্যিক কুটত্তে তোমার বাসস্থান ৪ মরি, মরি, ওঁ রামকৃষ্ণায় নম:। কিন্তু সাধন ভক্তন মন্ত্র জ্বপ একি তোমার দর্শনের মূলা হইতে পারে ? না তুমিই সব। তবে আমারঃ ব্যাকুলতা যদি তোমায় অস্থির কল্পে। আমার অশ্রু যদি তোমায় বিচলিত করে, আমি যে জানি না যে তুমি পরম দয়াল। তুমি আড়াল থেকে স্লাই দেখ। তুমি আর মাড়ালে থেকোনা। এস সাধপূর্ণ করে একবার সাকার হও, একবার সেই মধুর মোহন শ্রীরামক্বঞ্চ মৃত্তিতে দাঁড়াও। স্থামাকে কাঁদাও তাতে আমি চঃথ করি না, একবার তোমার স্বজাগ মুর্তির সম্মুথ দর্শনে সাধ পরিপূর্ণ কর প্রভূ ! আমাদের এ যে পাগলা গারদে পুরেছ প্রভু! একি সব দিয়েছ নাথ! এ ষে সক কণভঙ্গুর অস্থান্নী জিনিষ। তোমার ভোলান জিবিৰ আমায় বোঝাইয়াছে আমি ঠকিয়াছি, এখন মহাজন তোমায় একবার দেখিতে চাই।

তুমি কালালের ধন দীনের বন্ধ। দেই ভরদার ভোনার দেখিবার সাধ হইরাছে, 
তুমি আমার মত্ত করে কেন গুপ্ত রবে নাথ। এদ ভোনার নত্ত দাঁকী আঁথিতে আমার, 
আনেক ভূলাইয়াছ, ভোমার করুণা বারিতে আমার আদল আঁথি ফোটাও। 
আমার সব লও, আমার দর্শেলির লও, আমার অব ধল্প বোলা করে, ভাতে 
কতি নাই, আমার এখন সাধ মেটাও, ধরা দাও। তুমি ভোমার মারা দাসীর ছারায় 
আমার গলার ফাঁদি বেঁধে দিলে। কণ্ঠাগত প্রাণে অসারের মধ্যে অগাচিত সব 
ক্রেরে বন্ধ করিলে। আমি ও প্রাণ বিনিমরে কিছুই কিনিতে পারি নাই 
নাথ! জননীর ক্রোড়ে পাঠালে, পিভার সেছে বন্ধ করে পতির চরণে পৌছাইয়া 
দিলে, পুক্রের ছারার পরীক্ষার ফোলেল! আমি ত এ সব কিছু চাহি নাই প্রভু, 
এ 
সব অবাচিত ভোমার জার কোরে গছান। ভোমার ইচ্ছা পূর্ণ হইরাছে ভাছা 
সক্ষপ্রাণ ভাহাতে কিছুমাত্র সন্থেহ নাই, এখন কর্মতক্ষ! আমার ইচ্ছা আমার প্রাণ্ধ

ধিনিময়ের ধন "তুমি" একবার এস। মহাজন ! তোমার বাজারের চাকচিক্য বস্তুতে আর আম র রুচি নাই। জুমি এমন যা, তা, দান, আমায় কোরোনা দয়াল ! মহাদানি ! যদি দান করবে, তবে দীন, আরুল প্রার্থনা ক্ষানায়, এস ধরা দাও ! আমি তোমার বাজারের কিছু চাই না, তোমায় চাই ! তোমার পদের রেণ্ হইব, তোমাব চরণ সেবা করিব, আর তোমার অনস্ত রূপমাধুরী প্রীতিভরা প্রফুল মধুর হাত্তময় মুখ দেখিব ।

ভূমি থাতিনামা মহাজন, পরম দয়াল বিশ্বরাজা, কত লোককে কত দিয়াছ।
আমিত ফিরে নাব না, তোমায় দেখিব দেখিব করিয়া জীবন অন্ত হউক তার
পর কি তুমি তোমার নামের টানে আদ্বে না প্রভু ? তুমি অনস্তম্পর,
তোমার দর্শন ইচ্ছা কি আমার বেশা কথা ? তাত নয়, ভূমি আমার চিরপ্রিয়
চির আপনার চিরবন্ধ, তুমি আমার আমি তোমার। একবার ভূমি আমার জড়চক্
ঘোচাও আর তোমার গোলকের রূপ, রামরুঞ্জরপ আমাকে দেখাও। ভূমি
কেমন আমার সহিত রঙ্গ কর লীসাময়! সংসার পদাঘাত করিল মুথে রক্ত উঠিল,
শ্রীপ্তরু পদে আসিলাম, হরি হরি শ্রীপ্তরু বলিলেন গোবিন্দ ভঙ্গ। শ্রীপ্তরু আজ্ঞা
শিরোধার্য। তাই তোমায় ডাকিতেছি। তুমি শুরু রূপ তেরিয়া
ধর্মিরা তোমার নাম মন্ত জ্বপ করিব কি, ভূমি যে কি আকুলতা বাাকুলতা
দাও আমি যে আর থাকতে পারিনা প্রভু ! অমনি তোমায় দেখিব বড় সাধ হয়,
আমার ধান ভঙ্গ হয়। আমায় একি করিলে ?

তোমার নাম কল্লেই তোমায় দেখবার জক্ম প্রাণ যে নেচে উঠে প্রভূ! আমার মন উঠবে কি, কুঠন্থে যাব কি, মন ছুটে যেন তোমায় ধরতে উধাও হয়।

তুমিই আমার শ্রীগুরু, তুমিই ইই, তুমিই সব। তোমার অসার দান এখন যা আছে অযাচিত দ্রবো ক্ষতি প্রীতি নাই, থাকে থাক, যায় যাক, হে সর্ব্ব অব্দর। বাসনা দিয়েছ তুমিই, পূর্ব কর তুমিই। গুরু তুমিই, ইই তুমিই, বক্তা তুমিই শ্রোতা তুমিই। আমার কিছুই নাই। তুমি ফেমন রাখ তেমনিই থাকি। ব্যাকুলতা কেন দিলে নাথ ? এস ধরা দাও, ঐ বিশ্বাসী ত্রিতাপ তাপিত নরনারী আহি আহি ডাকিতেছে উদ্ধার কর! এস দাড়াও, শ্বরুণ চেনাও।

প্রাণারাধা! তোমার কতই বলিলাম, আমার ভাবের ভিতর অনেক ব্যাকু: লতা, এত ভোমারি দেওরা। আমার মঙ্গলমর স্থান্ধা, তুমিত অপ্তরে আছে, নঞ্চ! তবে এমন মাঝে মাঝে রাাকুলতা জাগাও কেন ? এ লীলা তোমারই। আমি ত কিছু জানি না প্রভূ! আজ আমার কোটী কোটী প্রণাম গ্রহণ কর। প্রাণ-ভম! বিশ্ববাদীর প্রতি প্রদন্ন হও। চিরশান্তিময় রাজা! আজ ভোমার জন্ম-ভিশিতে আপ্রিত জনগণের কোটী কোটী প্রণাম গ্রহণ কর।

ওঁ রামকৃষ্ণায় নারায়নায় নম: শাস্তি: শাস্তি: শাস্তি:

ভক্ত কিম্বরী।

### জয় রামক্রম্ভ নাম।

ৰবে অদৃষ্ট তাড়নায়, ভাবি হঃখ কল্পনায়, व्यादिश मध श्रमदत्र. জ্ঞান বৃদ্ধি হারা হয়ে, ভামতেছি দিবানিশি, কি জানি কি অবকাশে, কোথা হতে তুমি আসি. উদিল মম চিত্ত আকাশে বিবেকে ধরে, কহিলে মোরে, "কব রামক্লফ নাম সার।" তবু অবহেলে কাটাই, নামে কচি নাহি পাই. বিষাদ বাডিল আর। ক্রমে নামে কৃতি আদে তাপজালা সকলি ভাসে। পাইলাম শান্তির আশ্রর. नताज्ञारम পূर्निङ क्षत्र

যোহ অজ্ঞানতা বৃচিল, আনক্ষ্ অঞ কারণ: বিষাদ শাগর হ'তে. কে ভূলিল নিজ হাতে: চিম্বা বিবেক, মন প্রাণ, যুক্তি তর্ক বৃদ্ধি জ্ঞান, যাগ কিছু বলিভে আমার, ঢালিলাম চরবে তোমার। বিকাইলাম আপনায়। श्वशासर्ख (मथा मिरम. যা সন্দেহ বুচাইলে, শভিয়া ভোমারি করণা উচ্চালে করেছে বর্ণনা। দেব, অতি কুন্ত আমি, তুমি মম হদর স্বামী। তোমারি মুরতি ধানি,

শ্ৰীবিরাজক্রক চৌধুরী।

## গ্রীগ্রীরামক্লফ জমোৎসব।

মানস নয়নে আনি পুজিতেছি অবিরাম।

ৰিগত ২২শে ফাছন ইংরাজী ৫ই মার্চ্চ রবিবার কাঁকুড়গাছী যোগোখানে ঠাকুর শ্রীরামক্লফেব জন্মতিথি পূজা এবং ২৩শে ফান্ধন সোমবার ঠাকুরের ন্নাজভোগ কাৰ্য্য অতি স্কচাৰুদ্ধণে সম্পন্ন হইয়াছে।

विशंख २२(म काकुन हे:ब्राखी ১२हे मार्क द्विवाद (वनुष् मर्छ महा नमाद्वाद শ্রীরামকৃষ্ণ জন্মোৎসব সম্পন্ন হইরাছে। প্রতি বৎসর লোকের সংখ্যা বাড়িতেছে। বাস্থালোর শ্রীরামক্তক মঠে স্বামী বোগেশ্বরানন্দ কর্তৃক রামকৃত্ব জন্মোৎসব অতি সমারোহের সহিত সম্পন্ন হইরাছে। ভারতবর্ষের অধিকাংশ সহরে এই উৎসব দম্পদ্ন হইয়া থাকে বেমন মাল্লাজ, বোৰাই, রেসুন, এলাহারাদ, नाशभूत, कामी, उन्हायन, रविषात्र-कनथन, मूर्निशायार, ठाका, वविषान, मत्रमनियः. रेकानि ।